Vol. 61 No—I

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Sixty First Session

(February to April, 1976)

(The 20th, 23rd, 24th, 25th, 26th, 27th February, 1st, 4th, 5th, 6th, & 8th March 1976)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 238/-

N01(76)

Vol. 61 No—I

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Sixty First Session

(February to April, 1976)

(The 20th, 23rd, 24th, 25th, 26th, 27th February, 1st, 4th, 5th, 6th, & 8th March 1976)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI ANTHONY LANCELOT DAIS

Members of the Council of Ministers

Shri Siddhartha Sankar Ray, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches).

Shri Adbus Sattar, Minister-in-charge of Department of Agriculture and Community Development (excluding Rural Housing Branch), Rural Water Supply Branch of Department of Health and Family Planning, Legislative Department and Judicial Department.

Dr. Zainal Abedin, Minister-in-charge of Department of Public Undertakings Department of Cottage and Small Scale Industries, Department of Co-operation and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

Shri Mrityunjoy Banerjee, Minister-in-charge of Department of Education (excluding Youth Services and Sports Branches)

Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Department of Power and Hill Affairs Branch of Department of Development and Planning

Shri Tarun Kanti Ghosh, Minister-in-charge of Department of Commerce and Industries and Tourism Branch of Home Department and Sundarban Areas Branch of Department of Development and planning.

Shri Sankar Ghose, Minister-in-charge of Finance Department and Department of Development and Planning (excluding Jhargram Affairs, Sundarban Areas and Hill Affairs Branches).

Shri Gurupada Khan, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

Shri Sitaram Mahato, Minister-in-charge of Department of Forests and Department of Animal Husbandry and Veterinary Services (excluding Dairy Development Branch) and Department of Excise.

Dr. Gopal Das Nag, Minister-in-charge of Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Gyan Singh Sohanpal, Minister-in-charge of Transport, Jails and Parliamentary Affairs Branches of Home Department.

Shri Ajit Kumar Panja, Minister-in-charge of Department of Health (excluding Rural Water Supply Branch).

Shri Santosh Kumar Roy, Minister-in-charge of Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and the Department of Scheduled Castes and Tribes Welfare and Department of Fisheries).

Shri Bholanath Sen, Minister-in-charge of Public Works Department (excluding Archaeology Branch), Housing Department and Rural Housing Branch of Department of Community Development.

Minister of State

Shri Pradip Bhattacharyay, Minister of State for Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Ananda Mohan Biswas, Minister of State for Department of Agriculture and Community Development (excluding Rural Housing Branch), Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Wakf Branch).

Shri Prafullakanti Ghosh, Minister of State-in-charge of Department of Food and Supplies, Dairy Development Branch of Department of Animal Husbandry and Veterinary Services and Sports Branch of Department of Education.

Dr. Md. Fazle Haque, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning (excluding Jhargram Affairs, Sundarban Areas and Hill Branches), and Wakf Branch of Judicial Department.

Shri Denis Lakra, Minister of State for Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri Subrata Mukhopadhyay, Minister of State-in-charge of Department of Municipal Services, Department of Panchayats, Department of Information and Public Relations, Department of Youth Services and Archaeology Branch of Department of Public Works.

Shri Gobinda Chandra Naskar, Minister of State for Department of Health (excluding Rural Water Supply Branch and Sundarban Areas Branch of Department of Development and Planning).

Shri Ramkrishna Saraogi, Minister of State for Public Works Department (excluding Archaeology Branch), Housing Department and Rural Housing Branch of Department of Agriculture and Community Development.

Shri Atish Chandra Sinha, Minister of State for Department of Public Undertakings, Department of Cottage and Small Scale Industries and Department of Co-operation.

Deputy Ministers

Shrimati Amala Saren, Deputy Minister for Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Gajendra Gurung, Deputy Minister for Department of Commerce and Industries Department of Cottage and Small Scale Industries, Department of co-operation, Tourism Branch of Home Department and Hill Affairs Branch of Department of Development and Planning.

Shri Suniti Chattoraj, Deputy Minister for Department of Irrigation and Waterways and Department of Power.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
PRINCIPAL OFFICERS & OFFICIALS

Speaker: Shri Apurba Lal Majumdar

Deputy Speaker: Shri Haridas Mitra

SECRETARIAT

Secretary: Shri K. K. Moitra

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Bari Biswas, Shri (54-Jalangi—Murshidabad)
2. Abdur Rauf Ansari, Shri (144-Taltala—Calcutta)
3. Abdur Razzak Molla, Shri (100-Bhangar—24, Parganas)
4. Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)
5. Abedin, Dr. Zainal (30-Itahar—West Dinajpur)
6. Abu Raihan Biswas, Shri (57-Hariharpara—Murshidabad)
7. Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri (44-Sazapur—Malda)
8. Aich, Shri Triptimay (244-Hirapur—Burdwan)
9. Ali Ansar, Shri (164-Kalyanpur—Howrah)
10. Anwar Ali, Shri Sk, (158-Panchla—Howrah)
11. Baidya, Shri Paresh Chandra [91-Gosaba (S.C)—24 Parganas]
12. Bandyopadhayay, Shri Shib Sankar (66-Kaliganj—Nadia)
13. Bandyopadhayay, Shri Ajit Kumar (252-Faridpur—Burdwan)
14. Bandyopadhayay, Shri Sukumar (246-Baraboni—Burdwan)
15. Banerjee, Shri Mrityunjoy (153-Howrah Central—Howrah)
16. Banerjee, Shri Nandalal (150-Belgachia—Calcutta)
17. Banerjee, Shri Pankaj Kumar (139-Tollygunge—Calcutta)
18. Banerjee, Shri Ramdas (245-Kulti—Burdwan)
19. Bapuli, Shri Satya Ranjan (115-Patharprotima—24 Parganas)
20. Bar, Shri Ram Krishna [108- Bishnupur East (S.C)—24-Parganas]
21. Basu, Shri Ajit Kumar (173-Singur—Hooghly)
22. Basu, Shri Ajit Kumar (212-Kharagpur Local—Midnapore)
23. Basu, Shri Chittaranjan (171-Haripal—Hooghly)
24. Basu, Shri Lakshmi Kanta (138-Rashbehari Avenue—Calcutta)
25. Basu, Shri Supriya (152-Howrah North—Howrah)
26. Barui, Shri Durgadas [228-Raghunathpur (S.C)—Purulia]
27. Bera, Shri Rabindra Nath (205-Debra—Midnapore)
28. Bera, Shri Sudhir (187-Daspur—Midnapore)
29. Besra, Shri Manik Lal [232-Raipur (S.T.)—Bankura]
30. Besterwitch, Shri A. H. [13-Madarihat (S.T.)—Jalpaiguri]
31. Bhaduri, Shri Timir Baran (59-Beldanga—Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

32. Bharati, Shri Ananta Kumar [147-Beliaghata (North)—Calcutta]
33. Bhattacharjee, Shri Keshab Chandra (81-Ashokenagar—24-Parganas)
34. Bhattacharjee, Shri Sakti Kumar (77-Haringhata—Nadia)
35. Bhattacharjee, Shri Shibapada (126-Baranagar—24-Parganas)
36. Bhattacharjee, Shri Susanta (163-Bagnan—Howrah)
37. Bhattacharjee, Shri Narayan (11-Alipurduar—Jalpaiguri)
38. Bhattacharjee, Shri Harasankar (270-Bolpur—Birbhum)
39. Bhattacharjee, Shri Pradip (257-Burdwan South—Burdwan)
40. Bhowmik, Shri Kanai (190-Moyna—Midnapore)
41. Bijali, Dr. Bhupen (105-Mahestola—24-Parganas)
42. Biswas, Shri Ananda Mohan [72-Hanskhali (S.C.)—Nadia]
43. Biswas, Shri Kartick Chandra (65-Tehatta—Nadia)
44. Chaki, Shri Naresh Chandra (74-Ranaghat West—Nadia)
45. Chakraborti, Shri Biswanth (103-Behala West—24 Parganas)
46. Chakraborty, Shri Gautam (39-Harishchandrapur—Malda)
47. Chakraborty, Shri Bhabataran (240-Vishnupur—Bankura)
48. Chatterjee, Shri Debabrata (9-Kumargram—Jalpaiguri)
49. Chatterjee, Shri Gobinda (169-Uttarpara—Hooghly)
50. Chatterjee, Shri Kanti Ranjan (82-Barasat—24 Parganas)
51. Chatterjee, Shri Naba Kumar (261-Memari—Burdwan)
52. Chatterjee, Shri Tapan (124-Panihati—24-Parganas)
53. Chattoraj, Shri Suniti (274-Suri—Birbhum)
54. Chattopadhyay, Dr. Sailendra (178-Pandua—Hooghly)
55. Chattopadhyay, Shri Sukumar (259-Raina—Burdwan)
56. Chowdhury, Shri Abdul Karim (25-Chopra—West Dinajpur)
57. Das, Shri Barid Baran (129-Shyampukur—Calcutta)
58. Das, Shri Bijoy (204-Pingla—Midnapore)
59. Das, Shri Bimal (42-English Bazar—Malda)
60. Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)
61. Das, Shri Rajani [3-Cooch Behar West (S.C.)—Cooch Behar]
62. Das, Shri Sarat [227-Para (S.C)—Purulia]
63. Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapore)

64. Das Gupta, Dr. Santi Kumar (154-Howrah South — Howrah)
65. Das Mahapatra, Shri Kamakhyanandan (198-Cantai North—Midnapore)
66. Daulat Ali, Shri Shekh (110-Diamond Harbour—24-Parganas)
67. De, Shri Asamanja (73-Santipur—Nadia)
68. De, Prof. Chandra Kumar (175-Chinsurah—Hooghly)
69. Deshmukh, Shri Nitai (223-Arsa—Purulia)
70. Dey, Shri Tarapada (157-Jagatballavpur—Howrah)
71. Dhar, Shri Sachindra Kumar (143-Entally—Calcutta)
72. Dihidar, Shri Niranjan (247-Asansol—Burdwan)
73. Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (S.C.)—Midnapore]
74. Doloi, Shri Hari Sadhan [186-Ghatal (S.C.)—Midnapore]
75. Duley, Shri Krishnaprasad [207-Garbeta East (S.C.)—Midnapore]
76. Dutt, Dr. Ramendra Nath (28-Raiganj—West Dinajpur)
77. Dutta, Shri Adya Charan (52-Nabagram—Murshidabad)
78. Dutta, Shri Hemanta (200-Ramnagar—Midnapore)
79. Ekramul Haque Biswas (55-Domkal—Murshidabad)
80. Fazle Haque, Dr. Md. (4-Sitai—Cooch Behar)
81. Fulmali, Shri Lalchand [276-Mayureswar (S.C.)—Birbhum]
82. Ganguly, Shri Ajit Kumar (79-Bongaon—24-Parganas)
83. Gayen, Shri Lalit Mohan [89-Baruipur (S.C.)—24-Parganas]
84. Ghiasuddin Ahmad, Shri (68-Chapra—Nadia)
85. Ghosal, Shri Satya (185-Chandrakona—Midnapore)
86. Ghose, Shri Sankar (134-Chowringhee—Calcutta)
87. Ghosh, Shri Lalit Kumar (88-Basirhat—24-Parganas)
88. Ghosh, Shri Nitai Pada (275-Mahammad Bazar—Birbhum)
89. Ghosh, Shri Prafulla Kanti (128-Cossipur—Calcutta)
90. Ghosh, Shri Rabindra (161-Uluberia South—Howrah)
91. Ghosh, Shri Sisir Kumar (123-Khardah—24-Parganas)
92. Ghosh, Shri Tarun Kanti, (85-Habra—24-Parganas)
93. Ghosh Maulik, Shri Sunil Mohan (62-Barwan—Mushidabad)
94. Golam Mahiuddin, Shri (279-Nalhati—Birbhum)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

95. Goswami, Shri Paresh Chandra (263-Nadanghat—Burdwan)
96. Goswami, Shri Sambhu Narayan (239-Onda—Bankura)
97. Gurung, Shri Gajendra (20-Kalimpong—Darjeeling)
98. Gurung, Shri Nandalal (22-Jorebunglow—Darjeeling)
99. Gyan Singh Sohanpal Shri (211-Kharagpur—Midnapore)
100. Habibur Rahaman, Shri (48-Jangipur—Murshidabad)
101. Hajra, Shri Basudeb [182-Khanakul (S.C)—Hooghly]
102. Halder, Shri Birendra Nath [114-Mathurapur (S.C.)—24-Parganas
103. Halder, Harendra Nath [61-Khargram (S.C.)—Murshidabad]
104. Halder, Shri Kansari [99-Sonarpur (S.C.)—24-Parganas]
105. Halder, Shri Manoranjan [111-Magrahat East (S.C.)—24-Parganas
106. Hatui, Shri Ganesh (167-Jangipara—Hooghly)
107. Hazra, Shri Haran [159-Sankrail (S.C.)—Howrah]
108. Hembram, Shri Shital Chandra [220-Banduan (S.T.)—Purulia]
109. Hembram, Shri Benjamin [37-Gojol (S.T.)—Malda]
110. Hembram, Shri Patrash [35-Tapan (S.T.)—West Dinajpur]
111. Hemram, Shri Kamala Kanta (235-Chhatna—Bankura)
112. Isore, Shri Sisir Kumar [8-Tufangunj (S.C.)—Cooch Behar]
113. Jana, Shri Amalesh (196-Bhagabanpur—Midnapore)
114. Jerat Ali, Shri (46-Farakka—Murshidabad)
115. Kar, Shri Sunil (6-Cooch Behar North—Cooch Behar)
116. Karan, Shri Rabindra Nath [193-Sutahat (S.C.)—Midnapore]
117. Karar, Shri Saroj Ranjan (166-Udainarayanpur—Howrah)
118. Khan, Shri Gurupada [243-Sonamukhi (S.C.)—Bankura]
119. Khan, Nasiruddin, Shri (56-Naoda—Murshidabad)
120. Khan, Shri Samsul Alam, Shri (201-Egra—Midnapore)
121. Kolay, Shri Akshay Kumar (241-Katulpur—Bankura)
122. Lahiri, Shri Somnath (140-Dhakuria—Calcutta)
123. Lakra, Shri Denis [10-Kalchini (S.T.)—Jalpaiguri]
124. Lohar, Shri Gour Chandra [234-Indpur (S.C.)—Bankura]
125. M. Shaukat Ali, Shri (84-Deganga—24-Parganas)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

126. Mahabubul Haque, Shri (38-Kharba—Malda)
127. Mahanti, Shri Pradyot Kumar (214-Dantan—Midnapore)
128. Mahapatra, Shri Harish Chandra (217-Gopiballavpur—Midnapore)
129. Mahata, Shri Kinkar (224-Jhalda—Purulia)
130. Mahata, Shri Thakurdas (209-Salbani—Midnapore)
131. Mahato, Shri Madan Mohan (229-Kashipur—Purulia)
132. Mahato, Shri Ram Krishna (225-Jaipur—Purulia)
133. Mahato, Shri Satadal (230-Hura—Purulia)
134. Mahato, Shri Sitaram (221-Manbazar—Purulia)
135. Maiti, Shri Brajo Kishore (312-Narayangarh—Midnapore)
136. Maitra, Shri Kashi Kanta (71-Krishnanagar East—Nadia)
137. Maity, Shri Prafulla (203-Pataspur—Midnapore)
138. Majhi, Shri Rup Singh [222-Balarampur (S.T.)—Purulia]
139. Maji, Shri Saktipada [236-Gangajalghat (S.C.)—Bankura]
140. Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (S.C.)—24-Parganas]
141. Majumder, Shri Indrajit [102-Behala (East)—24-Parganas]
142. Mal, Shri Dhanapati [278-Hassan (S.C.)—Birbhum]
143. Malik, Shri Sridhar [253-Ausgram (S.C.)—Burdwan]
144. Malla, Deb, Shri Birendra Bijoy (218-Jhargram—Midnapore)
145. Mandal, Shri Arabinda (64-Karimpur—Nadia)
146. Mandal, Shri Jokhi Lal (43-Manikchak—Malda)
147. Mandal, Shri Nrisinha Kumar [49-Sagardighi (S.C.)—Murshidabad]
148. Mandal, Shri Prabhakar [268-Ketugram (S.C.)—Burdwan]
149. Mandal, Shri Prabhonjan Kumar (117-Sagore—24-Paraganas)
150. Mazumder, Shri Dinesh (101-Jadavpur—24-Parganas)
151. Md. Safiullah, Shri (168-Chanditala—Hooghly)
152. Md. Shamsuzzoha, Shri (140-Vidyasagar—Calcutta)
153. Medda, Shri Madan Mohan [184-Goghat (S.C)—Hooghly]
154. Misra, Shri Ahindra (192-Mahisadal—Midnapore)
155. Misra, Shri Chandra Nath (86-Swarupnagar—24-Parganas)
156. Misra, Shri Kashinath (238-Bankura—Bankura)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

157. Mitra, Shri Haridas (76-Chakdaha—Nadia)
158. Mitra, Shrimati Ila (148-Manicktala—Calcutta)
159. Mitra, Shrimati Mira Rani (80-Gaighata—24-Parganas)
160. Mitra, Shri Somendra Nath (145-Sealdah—Calcutta)
161. Mohammad Dedar Baksh, Shri (51-Bhagabangola—Murshidabad)
162. Mohammad Idris Ali, Shri (53-Murshidabad—Murshidabad)
163. Mohanta, Shri Bijoy Krishna [16-Mainaguri (S.C)—Jalpaiguri]
164. Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)
165. Mojumdar, Shri Jyotirmoy (267-Mongalkot—Burdwan)
166. Molla Tasmatulla, Shri (89-Hasnadab—24-Parganas)
167. Mondal, Shri Aftabuddin (165-Amta—Howrah)
168. Mondal, Shri Amarendra Nath [249-Jamuria (S.C)—Burdwan]
169. Mondal, Shri Anil Krishna [90-Hingalganj (S.C)—24-Parganas]
170. Mondal, Shri Gopal [250-Ukhra (S.C)—Burdwan]
171. Mondal, Shri Raj Kumar [160-Ulberia North (S.C)—Howrah]
172. Mondal, Shri Santosh Kumar [113-Kulpi (S.C)—24Parganas]
173. Mondal, Shri Khagendra Nath [83-Rajarhat (S.C.)—24-Parganas]
174. Moslehuddin Ahmed, Shri (32-Gangarampur—West Dinajpur)
175. Motahar Hossain, Dr. (280-Murarai—Birbhum)
176. Mukhopadhya, Shri Tarapada (119-Naihait—24-Parganas)
177. Mukherjee, Shri Bhabani Sankar (151-Bally—Howrah)
178. Mukherjee, Shri Ananda Gopal (251-Durgapur—Burdwan)
179. Mukherjee, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)
180. Mukherjee, Shri Biswanath (210-Midnapore—Midnapore)
181. Mukherjee, Shri Mahadeb (181-Pursurah—Hooghly)
182. Mukherjee, Shri Mrigendra (155-Shibpur—Howrah)
183. Mukherjee, Shri Sanat Kumar (226-Purulia—Purulia)
184. Mukherjee, Shri Sibdas (70-Krishnanagar West —Nadia)
185. Mukherjee, Shri Subrata (266-Katwa—Burdwan)
186. Mukherjee, Shri Ajoy Kumar (191-Tamluk—Midnapore)
187. Mukhopadhyaya, Shri Subrata (141-Ballygunj—Calcutta)
188. Mukhopadhyaya, Shrimati Geeta (189-Panskura East—Midnapore)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

189. Mukhopadhyaya, Shri Girija Bhusan (171-Champdani—Hooghly)
190. Mundle, Shri Sudhendu (112-Magrahat West —24-Parganas)
191. Murmu, Shri Rabindra Nath [36-Habibpur (S.T.)—Malda]
192. Nag, Dr. Gopal Das (170-Serampore—Hooghly)
193. Nahar, Shri Bijoy Singh (133-Bowbazar—Calcutta)
194. Naskar, Shri Arabinda [96-Kultali (S.C.)—24-Parganas]
195. Naskar, Shri Gobinda Chandra [95-Canning (S.C)—24-Parganas]
196. Naskar, Shri Ardhendu Sekhar [142-Beliaghata South (S.C.)—Calcutta]
197. Nurul Islam Molla, Shri (262-Kalna—Burdwan)
198. Nurunnesa Sattar, Shrimati (265-Purbasthali—Burdwan)
199. Omar Ali, Dr. (188-Panskura West —Midnapore)
200. Oraon, Shri Prem [15-Nagrakata (S.T.)—Jalpaiguri]
201. Paik, Shri Bimal [197-Khajuri (S.C.)—Midnapore]
202. Palit, Shri Pradip Kumar (125-Kamarhati—24-Parganas)
203. Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapore)
204. Panja, Shri Ajit Kumar (149-Burtala—Calcutta)
205. Parui, Shri Mohini Mohan (109-Falta—24-Parganas)
206. Patra, Shri Kashinath [179-Dhaniakhali (S.C.)—Hooghly]
207. Paul, Shri Bhawani (14-Dhupguri—Jalpaiguri)
208. Paul, Shri Sankar Das (58-Berhampore—Murshidabad)
209. Poddar, Shri Deokinandan (131-Jorasanko—Calcutta)
210. Pramanick, Shri Gangadhar [93-Haroa (S.C.)—24-Parganas]
211. Pramanick, Shri, Monoranjan [258-Khandaghosh (S.C)—Burdwan]
212. Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (S.C.)—Burdwan]
213. Quazi Abdul Gaffar, Shri (87-Baduria—24-Parganas)
214. Rai, Shri Deo Prakash (21-Darjeeling—Darjeeling)
215. Ram, Shri Ram Peyare (135-Kabitirtha—Calcutta)
216. Ray, Shri Debendra Nath [29-Kaliaganj (S.C.)—West Dinajpur]
217. Ray, Shri Siddhartha Shankar (41-Malda—Malda)
218. Roy, Shri Ananda Gopal (277-Rampurhat—Birbhum)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

219. Roy, Shri Aswini Kumar (255-Galsi—Burdwan)
220. Roy, Shri Birendra Nath [2-Mathabhanga (S.C)—Cooch Behar]
221. Roy, Shri Bireswar (34-Balurghat—West Dinajpur)
222. Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)
223. Roy, Shrimati Ila (130-Jorabagan—Calcutta)
224. Roy, Shri Jagadananda [12-Falakata (S.C)—Jalpaiguri]
225. Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (S.C)—West Dinajpur]
226. Roy, Shri Krishna Pada (156-Domjur—Howrah)
227. Roy, Shri Madhu Sudan [1-Mekliganj (S.C)—Cooch Behar]
228. Roy, Shri Mrigendra Narayan [19-Rajganj (S.C.)—Jalpaiguri]
229. Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24 Parganas)
230. Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)
231. Roy, Shri Saroj (208-Garbeta West —Midnapore)
232. Roy, Shri, Suvendu (121-Noapara—24-Parganas)
233. Roy Barman, Shri Khitibhusan (106-Budge Budge—24 Parganas)
234. Saha, Shri Dulal [269-Nanur (S.C)—Birbhum]
235. Saha, Dwija Pada [273-Rajnagar (S.C)—Birbhum]
236. Saha, Shri Nirad Kumar (97-Jaynagar—24 Parganas)
237. Saha, Shri Radha Raman (69-Nabadwip—Nadia)
238. Sahoo, Shri Prasanta Kumar (202-Mugberia—Midnapore)
239. Sajjad Hussain, Shri Haji (27-Karandighi—West Dinajpur)
240. Samanta, Shri Saradindu (195-Narghat—Midnapore)
241. Samanta, Shri Tuhin Kumar (264-Monteswar—Burdwan)
242. Santra, Shri Sanatan [242-Indus (S.C)—Bankura]
243. Saraogi, Shri Ramkrishna (132-Barabazar—Calcutta)
244. Saren, Shrimati Amala [233-Panibandh (S.T.)—Bankura]
245. Saren, Shri Dasarathi [216-Nayagram (S.T.)—Midnapore]
246. Sarkar, Shri Biren [177-Balagarh (S.C)—Hooghly]
247. Sarkar, Shri Jogesh Chandra (5-Dinhata—Cooch Behar)
248. Sarkar, Dr. Kanai Lal (136-Alipore—Calcutta)
249. Sarkar, Shri Nil Kamal [67-Nakashipara (S.C.)—Nadia]
250. Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (S.C)—Nadia]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

251. Sau, Shri Sachinandan (272-Dubrajpur—Birbhum)
252. Sautya, Shri Basudeb (116-Kakdwip—24-Parganas)
253. Sen, Dr. Anupam (18-Jalpaiguri—Jalpaiguri)
254. Sen, Shri Bholanath (254-Bhatar-Burdwan)
255. Sen, Shri Prafulla Chandra (183-Arambagh—Hooghly)
256. Sen, Shri Sisir Kumar (162-Shyampur—Howrah)
257. Sen Gupta, Shri Kumardipti (63-Bharatpur—Murshidabad)
258. Shamsuddin Ahmad, Shri (45-Kaliachak—Malda)
259. Sharafat Hussain, Shri Sheikh (26-Goalpokhar—West Dinajpur)
260. Sheth, Shri Balai Lal (180-Tarakeswar—Hooghly)
261. Shish Mohammad, Shri (47-Suti—Murshidabad)
262. Shukla, Shri Krishna Kumar (122-Titagarh—24-Parganas)
263. Singh, Shri Chhedi Lal (104-Garden Rearch—24-Parganas)
264. Singh, Shri Lal Bahadur (127-Dum Dum—24-Parganas)
265. Singh, Shri Satyanarayan (120-Bhatpara—24-Parganas)
266. Singhababu, Shri Phani Bhusan (231-Taldangra—Bankura)
267. Singha Roy, Shri Probodh Kumar (33-Kumarganj—West Dinajpur)
268. Sinha, Shri Atish Chandra (60-Kandi—Murshidabad)
269. Sinha, Shri Debendra Nath [92-Sandesh Khali (S.T.)—24-Parganas)
270. Sinha, Shri Niren Chandra (40-Ratua—Malda)
271. Sinha, Shri Nirmal Krishna (271-Labhpur—Birbhum)
272. Sinha, Shri Panchanan (94-Basanti—24-Parganas)
273. Sinha Roy, Shri Bhawani Prosad (176-Polba—Hooghly)
274. Soren, Shri Joyram [219-Binpur (S.T.)—Midnapore]
275. Tah, Shri Kashinath (256-Burdwan North—Burdwan)
276. Talukder, Shri Rathin (137-Kalighat—Calcutta)
277. Tewari, Shri Sudhangshu Shekhar (237-Barjora—Bankura)
278. Tirkey, Shri Iswar Chandra [24-Phansidewa (S.T.)—Derjeeling]
279. Toppo, Shri Antoni [17-Mal (S.T.)—Jalpaiguri]
280. Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (S.T.)—Midnapore]
281. Wilson-de Roze, Shri George Albert (218-Nominated)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 20th February, 1976 at 3-00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar), 12 Ministers, 9 Ministers of State and 182 Members.

[3-00 — 4-33 p.m.]

[Mr. Speaker received the Governor in the Entrance Hall where a procession was formed in the following order :-

Marshal

Secretary

Speaker

Governor

Secretary to the Governor

ADC

All present rose in their seats as the processsion entered the Chamber. The Governor ascended the dias by the steps on the west the National Anthem was played. The Governor then took his seat, the Speaker occupied seat to the right of the Governor and all present resumed their seats.

The Governor addressed the members of the West Bengal Legislative Assembly as follows :-

Mr. Speaker and Honourable Members,

I welcome you to this First Session of the New Year, and offer you my cordial greetings. During the present session you will be dealing with the demands for grants for the current year and a variety of other legislative business.

2. Since the last Session, we have suffered grievous loss by the death of Dhirendra Nath Sen, ex-M.L.A., Jitendra Nath Lahiri, ex-

M.L.A., Bibhuti Bhusan Das Gupta, ex-M.L.A., Bibhuti Ghosh, ex-M.L.A., Barada Prasanna Pyne, ex-M.L.A., Bijoy Krishna Bhattacharyya, ex-M.L.A., Abdul Latif, ex-M.L.A., Muhammad Khuda Baksh, ex-M.L.A., Amarendra Nath Basu, ex-M.L.A., Brajamadhab Das, ex-M.L.A., Santilata Mandal, ex-M.L.A., Chitta Ranjan Roy, ex-M.L.C., Raj Kumar Chakravarty, ex-M.L.C. and Ashutosh Lahiri, ex-M.L.A. To the bereaved familes I offer my heartfelt condolences.

3. This is the fifth year in succession that I have had the opportunity of addressing you. This may be your last year as a member of the present Assembly for ordinarily a new Assembly is due to be elected next year. This is therefore a good opportunity to travel back five years in time and take stock of the situation prevailing then. Human memory being short, it is useful to remind ourselves of the traumatic period through which West Bengal passed. My Government is of the view that the years of travail and anguish seriously retarded West Bengal's progress and that indecision and lawlessness brought the economy of the State to near collapse. After the present Government was returned to power in March, 1972 with an overwhelming majority it faced resolutely many challenges. Today West Bengal occupies a very high place amongst the States of India where the law and order situation is completely under control. Almost everywhere in West Bengal the crime figures have gone down. Last year my Government had a surplus budget for the first time since 1962—the year Dr. B. C. Roy died. When the present Government was installed, it was burdened with heavy debts; Rs. 130 crores were due to the Government of India—loans which should have been repaid by the earlier Governments; there was nearly Rs. 30 crores overdraft with the Reserve Bank of India; the Second United Front Government left West Bengal with a Rs. 53 crore deficit budget. These debts and outstanding have been fully cleared, and the huge deficit budgets for successive year turned into a surplus one last year. West Bengal has also freed herself from stagnation in the field of commerce, industry and trade and entrepreneurs in ever increasing numbers are wanting to invest in this State. All fears have disappeared and there is hope and confidence everywhere. The State has risen almost phoenix-like from the ashes to take once again a leading part in our national life and in the economic regeneration of our country.

4. In order to step up development activities and to increase the size of the Plan, my Government undertook a massive resource

mobilisation effort and achieved unprecedented success in the matter. Consequently, the aggregate size of the Annual Plans for the first three years of the Fifth Five-Year Plan would be Rs. 553 crores which figure is Rs. 32 crores more than the aggregate size of the Plans for the entire fifteen years covered by the first three Five-Year Plans. The percentage increase in the Plan size since 1972-73 has been the highest in West Bengal compared to other States. Our State would have a Plan large as Rs. 232 crores next year which would mean an increase of Rs. 61 crores in the Plan size in the course of a year only. Because of such large increase, the percentage increase in the Plan size will be the highest in West Bengal next year also. In fact, during the period of four years between 1971-72 and 1976-77, the Plan size of West Bengal would increase by Rs. 166 crores. This is a remarkable increase particularly in view of the fact that during the course of six years between 1966-67 and 1971-72, the Annual Plan size increased by only Rs. 13 crores—from Rs. 53 crores to Rs. 66 crores.

5. The vigorous drive launched to increase the Sales Tax collection has yielded singular success. Whereas in the past, Sales Tax collection generally did not increase by more than Rs. 20 crores in four years, such increase during the course of the last four years has been about Rs. 80 crores. There has been phenomenal increase in the Small Savings collection as well since the time the present Government took over. In 1972-73 by raising the net Small Savings collection from Rs. 34 crores to Rs. 60 crores, West Bengal, for the first time, secured the first position in Small Savings collection in the country. By raising the collection to Rs. 80 crores, West Bengal retained the first position in 1973-74 also, and 1974-75 by collecting Rs. 88 crores. West Bengal not only retained the first position for three successive years but also made an all-time record in the matter of Small Savings collection.

6. The year 1975 has been a momentous year in the life of our nation. In the wake of the proclamation of national emergency by the President, the Prime Minister announced the 20 point economic programme for improving the socio-economic condition of the weaker sections of our society which has ushered in an era of hard work, discipline and self confidence throughout the country, and already some remarkable progress has been made towards our goal of economic growth with social justice. I would like to take this opportunity of acquainting you briefly with the various steps taken by my Government for implementing the 20 point economic programme, and the ground we

have been able to cover during the past months in regard particularly to the measures adopted and programmes taken up to better the lot of the underprivileged and the weaker sections.

7. In conformity with the national priorities, the main thrust of our developmental effort has been in agriculture and its two primary inputs, viz., irrigation and power. The strategy is to intensify agriculture and modernise cropping operations. Multiple cropping has been introduced in larger areas and arrangements have been made for supply of certified seeds of high-yielding varieties and required quantity of fertilisers. Acreage under wheat has ben substantially expanded, and the target for the Fifth Five-Year Plan is 2.5 million acres. Irrigation base has been sizeably expanded, storage facilities are being modernised, extension network has been restructured, and reasearch work in the universities and elsewhere are being considerably strengthened. Further, as part of the 20 point economic programme, my Government is implementing on a war footing the 'Accelerated Food Production Programme' this year with an outlay of Rs. 7 crores. The primary emphasis is on quick extension of minor irrigation facilities to cover about 56,000 acres. This programme has already started providing irrigation to new areas in several districts. Through our rural electrification programmes, 5,408 shallow tubewells, 2094 deep tubewell and 650 river-lift irrigation projects have been energised up to November, 1975, besides reaching electricity to 10,247 villages, My Government attached high priority to the energisation of the minor irrigation infrastructure and is constantly in touch with the Rural Electrification Corporation of the Government of India. I am glad to be able to mention that the Teesta Barrage Project has finally been launched with an estimated outlay of Rs. 69.72 crores which when completed will bring 9.38 lakh acres under irrigation in the districts of West Dinajpur, Malda and Jalpaiguri. While the Mahananda Embankment Scheme has nearly been completed bringing hope and sustainance to the recurrently floodravaged areas of Malda, my Government remains deeply concerned about the heavy erosion of Ganga both upstream and downstream of Farakka Barrage which requires immediate and extensive protective work under Central initiative.

8. Area approach in agriculture and rural development has now found significant operational meaning through the Comprehensive Area Development Project. Already more than 30 deep tubewells have been sunk in seven project areas through the agency of West Bengal Minor Irrigation Corporation and by the end of the current financial year the

number is expected to go up to more than 142. In the coming year, the activities of the Comprehensive Area Development Corporation will be further extended through sinking of more deep tubewells and shallow tubewells in the project areas, and preparation and execution of comprehensive plans for supply of all inputs to the farmers. In the command areas of Kangsabati, DVC and Mayurakshi, plans for optimum utilisation of irrigation potential have been drawn up in select areas, and these will now be taken up for actual implementation.

9. While going all-out for increasing agricultural production, my Government is fully alive to the need of ensuring distributive justice in the rural areas. To that end, the Central sector scheme of Small Farmers Development Agencies specially designed to cater to the requirements of small and marginal farmers and agricultural labourers is being implemented with vigour. The three Small Farmers Development Agencies at Bankura, Purulia and West Dinajpur started during the Fourth Plan will be continued till the end of the current Plan. Four more S.F.D.A.s have been started this year to cover the districts of Cooch Behar, Malda, Murshidabad and Nadia, and two more will be started within the next few months in the districts of 24 Parganas and Jalpaiguri. In all 1,86,150 marginal farmers and landless labourers have directly benefited by the activities of the Agencies up to the end of December, 1975.

10. My Government has also considerably stepped up the implementation of land reform measures and provision of credit through the cooperative network in the rural areas. Since the proclamation of emergency, more than 97,000 acres of vested agricultural land has been distributed among landless cultivators and marginal farmers bringing the total of such distribution up to January, 1976 to about 5.70 lakh acres. The total number of beneficiaries from distribution of vested agricultural land is more than 8.16 lakhs of whom over 2.86 lakhs are members of the Scheduled Castes, about 1.76 lakhs are members of the Scheduled Tribes and nearly 1.31 lakhs are Muslims. By an amendment of the West Bengal Land Reforms Act, the surplus lands assigned to the landless cultivators and marginal farmers have been made inalienable except for obtaining institutional credit, so that such lands may not go out of their hands and thus frustrate the purpose of land distribution. Necessary steps are also being taken under a Central scheme for rendering assistance to the allottees of surplus lands for development and intensive cultivation of such lands.

11. The cooperative sector has maintained its high rate of progress during the year. In the six months ending December 31, 1975 crop production credit to farmers' societies went up by 77 per cent on its way to the ambitious targets of Rs. 36 crores by 30th June, 1976. Likewise the Land Development Banks could step up credit for minor irrigation by 110 per cent in pursuit of the target of Rs. 5 crores by 30th June 1976. Approximately, 60 per cent of the beneficiaries are small and marginal farmers. Both these record achievements have been possible due to the financial discipline exercised by the farmers who repaid 75 per cent of all dues including outstandings of over five years. The cooperative sector is now fully poised for a large scale expansion to serve farmers, consumers, artisans and others. Cooperative housing programmes have also registered significant progress.

12. The measures taken by my Government, recounted in the foregoing, together with favourable weather conditions have resulted in a unique buoyancy in agricultural production. The target of production of foodgrains for the current year was fixed at ninety and a half lakh tonnes including fifty-two lakh tonnes of aman rice. It is a matter of great satisfaction that the final estimates of aman rice production for the crop recently harvested is about 52 lakh tonnes. Thus the target has been achieved. This figure is an all-time record. Due to the bumper production, open market prices of rice and also of wheat all over the State have registered a sharp decline thereby providing considerable relief to the poorer sections.

13. Before I turn from the agricultural scene to the other important areas of my Government's activities, I would like to briefly touch upon the development programmes in the forests, fisheries and animal husbandry sectors, and also make mention of the progress achieved in the implementation of such elements of the 20 point programme which concern the weaker sections of the population.

14. As there are clear limitations in extending the area under forests, stress is being laid on intensive forestry for raising plantation of economic species and fuelwood, for opening up of hitherto inaccessible areas, for quicker and more economic ways of (and for developing a viable base for social forestry. Concurrently, my Government's efforts for nature conservation in West Bengal are continuing apace with modernisation of wild life management, nature education and imaginative publicity for wild life preservation. The West Bengal Forest Develop-

ment Coporation, which started functioning towards the close of 1974 with specific projects in Darjeeling and Kalimpong areas, has taken up a programme regeneration of forests with industrially useful species, construction of new roads and consolidation of roads in the forest areas. A programme of felling of mature trees and mechanised logging in areas which were so long inaccessible has been taken up. A replantation programmes in such areas is also being implemented.

15. The Fisheries Department of my Government has reoriented its activities with a view, mainly, to increase the production of fish, reduce prices thereby and generate employment amongst the rural unemployed. The number of demonstration centres on scientific fish farming will be increased from 100 in 1975-76 to 360 during 1976-77. Assistance from the International Development Research Centre, Canada, will continue through the ICAR during 1976 for the project on rural aqua-culture. There has been significant progress in the production as well as distribution of quality seeds of the Indian major crops to small fish farmers at subsidised rates. The target for 1976-77 has been fixed at 30 million fingerlings as against 20 million expected to be distributed in 1975-76. With the assistance from the National Cooperative Development Corporation, mechanised boats are being introduced for the first time through the cooperative for fishing in the coastal areas of the State. Arrangements are also being made to develop derelict and semi-derelict water areas through an integrated scheme of fish production and agriculture with financial assistance from the Cooperative Land Development Banks. To start with, such projects will be taken up in selected blocks of West Dinajpur, Murshidabad, Nadia, 24 Parganas and Midnapore. In addition to the existing agency at Burdwan, Fish Farmers' Developement Agency has since been sanctioned for West Dinajpur also. Construction work of a deep sea fishing harbour at Raichawk and a fish landing jetty at Namkhana is going on in full swing. Delivery of the first of the four Mexican trawlers for deep sea fishing in the Bay of Bengal is likely to be received by the State Fisheries Development Corporation by the end of 1976. To ensure availability of fish to consumers at reasonable prices, my Government has promulgated the West Bengal Fish Dealers' (Licensing) Order, 1975, for maintenance of adequate supplies and control over the wholesale fish markets.

16. In the field of animal husbandry, the main problem of successful implementation of the Cattle Development Programme through cross-breeding has been the dearth of quality exotic bulls. This problem is

likely to be solved very soon through the setting up of Centrally-sponsored Exotic Bull Rearing Farm for which clearance of the Central Government has already been received. Arrangements are being finalised for the import of 100 exotic bulls from Australia. It is proposed to set up Deep Freeze Semen Unit at Beldanga under Danish aid. Under the World Food Programme Project No. 618, several schemes for animal husbandry and dairy development have been taken up by my Government. The expansion work of the Central Dairy has been completed raising the handling capacity to three lakh litres of milk per day. A mother dairy is being set up at Dankuni in the district of Hooghly at an estimated capital cost of over Rs. 4 crores with handling capacity of four lakh litres of milk per day. A multipurpose dairy at Matigarah near Siliguri is expected to be commissioned in 1976. A feeder-cum-balancing dairy is being set up in the district of Murshidabad at an estimated cost of Rs. 2.35 crores with handling capacity of one lakh litres of milk daily. For organising procurement of milk in the rural areas, two milk unions, viz., the Himalayan Cooperative Milk Producers' Union in the district of Darjeeling and the Bhagirathi Cooperative Milk Producer's Union in the districts of Mushidabad and Nadia have been set up under the milk enhancement programme. Both the Unions have started channelisation of technical inputs and services including artificial insemination, veterinary and health coverage, etc., with satisfactory response from the primary producers.

17. In addition to the aceeleration of efforts in the substantive sectors of agricultural and rural development, my Government has taken specific measures to bring quick relief to the distressed areas and classes. The scheme of distribution of house-sites free to the landless labourers in the rural areas was taken up in right earnest from the beginning of July this year and completed by 2nd October in respect of all applications received for house sites prior to that date. The scheme is, however, continuing though the number of fresh applications now is small. More than 2,97,700 house-sites were distributed by the end of January, 1976. Further, legal rights have been conferred for homestead lands by virtue of "The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers and Artisans Act, 1975'. Now my Government is drawing up a crash scheme for construction of modest but reasonable durable huts for the allottees of house-sites so that for the first time ever the people belonging to the lowest economic strata of the rural society will have a shelter of their own.

18. My Government has taken firm and effective steps for the liquidation of rural indebtedness. The promulgation of the West Bengal Rural Indebtedness Act., 1975, and the West Bengal Relief of Rural Indebtedness Act, 1975, have brought substantial relief to the rural community from the debt burden of 'Mahajans'. It is estimated that the total debt relief of Rs. 35 crores will accrue to 34 lakh rural families and partial debt relief in respect of Rs. 32 crores to 21 lakhs rural families.

19. The scheme of legal aid to the poor already introduced by my Government has now become fully operational. Such aid has been made applicable to bargadars in bhagchash cases and to small farmers and others in land alienation cases. Grants are being sanctioned to the Legal Aid Committees in the districts and the Legal Aid Society, Calcutta. My Government, during the current year, has made a provision of Rs. 2.13 lakhs for such grants.

20. For the seasonally unemployed in the rural areas my Government has continued the Special Employment Programme with an enhanced outlay of Rs. 3 crores during the current year and an estimated employment potential for 30,000 persons. The schemes taken up under the Special Employment Programme are labour intensive and the material cost of the projects are generally contained within 40 per cent. of the total cost. Considering the extent of rural unemployment and underemployment, specially during the lean months, my Government decided to introduce during the current year the Rural Production Programme with an outlay of Rs. 6 crores. Droughts and other natural calamities have been recurrent in the State and have necessitated quick improvisation of rural works in the affected areas which has not often permitted optimum utilisation of funds for productive and viable ventures. My Government launched the Rural Production Programme as a well planned effort to implement employment oriented schemes in such areas of the State as have particularly remained vulnerable to natural calamities. The broad criteria for selection of schemes under the Rural Production Programme are that the schemes must be productive, employment-oriented and suitable to local needs, and such as can easily be fitted into the overall strategy of agricultural and rural development. The schemes do not normally carry material cost in excess of 30 per cent. of the total cost. It is estimated that the Rural Production Programme with an outlay of Rs. 6 crores will generate over 100 lakhs mandays of work. Schemes under the Special Employment Programme and the Rural

Production Programme are being formulated at the grass roots, and approval to the schemes is being accorded by the District Planning Committees comprising people's representatives from the local areas. The schemes are being implemented through the local people and the assets created are serving local needs. These two programmes have, thus, emerged at truly people's programmes and have enabled a purposeful beginning to be made with the concept of multilevel planning.

21. My Government has revised the minimum wages payable to agricultural labourers and has equalised wages for men and women workers. An organisation has been sanctioned under the Labour Commissioner which provides, inter alia, for posting of the Minimum Wage Inspector at each block in the State and 30 Assistant Labour Commissioners. The work of monitoring the implementation of minimum wages for agricultural labourers has already commenced.

22. My Government has prepared a sub-plan for integrated development of the tribal areas. Programmes are to be implemented in thirty-four tribal development projects covering one-third of the total tribal population. Pending finalisation of Central participation in the sub-plan, ad-hoc releases of Central assistance are being received for implementation of various schemes including irrigation and soil conservation works which have already created perceptible impact. Eight large-sized multipurpose societies organised last year have since gone into action and started arranging credit, distributing controlled cloth and executing livestock, minor irrigation and other related programmes. West Bengal Tribal Development Cooperative Corporation is being set up for quick implementation of economic programmes in the tribal areas. There is also a proposal to set up the West Bengal Scheduled Castes Development and Finance Corporation with a view to promote training programmes for developing capability in a range of traditional occupations, generate employment opportunities in various trades and crafts and encourage entrepreneurship amongst the Scheduled Castes. Reservation in job opportunities have been raised by my Government from 15 per cent to 25 per cent and from 5 per cent to 10 per cent respectively for Scheduled Castes and Scheduled Tribes. Reservation of 15 per cent and 5 per cent for Scheduled Castes and Scheduled Tribes respectively has also been introduced in vacancies to be filled up by promotion in State Government services. My Government will be introducing during the current Session a Bill to impose statutory obligation on Government

departments, public sector establishments and local bodies, etc., regarding reservation in job opportunities for the Scheduled Castes and Scheduled Tribes. Regarding distribution of surplus agricultural land and provison of house-sites, the Scheduled Castes and the Scheduled Tribes have been the principal beneficiaries. Likewise in the distribution of controlled cloth also 90 per cent of the supplies are going to the villages for the benefit of 'A' and 'B' class ration card holders who represent the weak and vulnerable sections of our rural society. Suitable steps including legislative and executive measures have been taken to protect the interest of the tribal people. A committee has been set up to review the exisitng laws for prevention of alienation of land from tribal people and to suggest further necessary measures.

23. For the development of backward areas, my Government provided specifically earmarked funds aggregating Rs. 1.20 crores during 1975-76 as additionality over the sectoral outlays converging on such areas. Boards/Committees have been formed with M.P.s, M.L.A.s and others under the chairmanship of Cabinet Ministers for the Hill Areas, Sundarban and Jhargram. The special funds are utilised to meet critical gaps in the sectoral programmes. Particular emphasis has been given in the Sundarban area for setting up growth centres with composite programmes of development. Twenty-seven such centres have already been set up. My Government has, during the year, also accelerated the pace of developmental activities in Digha, Kalyani, Haldia, and Kanksa areas of the Burdwan district. A Bill will be introduced by my Government during the current Session to make the Hill Areas Development Advisory Committee a statutory body.

24. On the industrial front there has been a pronounced imporvement in industrial relations during the year and particularly after the proclamation of emergency. A Tripartite State Apex Body with representatives from Employers, Organisation and Central Trade Unions under the chairmanship of the Labour Minister of my Government has already started reviewing the incidence of work stoppages and related issues. The wage fixing machinery in Tea Industry set up by my Government concluded two important agreements which substantially improved the economic condition of 3 lakh tea workers. In pursuance of the Equal Remuneration Ordinance, 1975, notifications have been issued for equal rights and wages for male and female workers in Cinchona and Medicinal plantations. Apprenticeship Training Scheme is working satisfactorily in the State, and of the 10,328 places located in industrial estab-

lishments for training of apprenices, placements have been 100 per cent. My Government has extended labour welfare programme to rural areas also. Though there is no bonded labour in the State, vigilance is being maintained for enforcement of the minimum wages to agricultural labourers, etc.,

26. Power position in the State has perceptibly improved. Presently, however, we have the problem of night surplus of power and marginal shortages during the evening peak. A formula to be evolved in consultation· with labour and industry for changing the working hours in industry and related establishments so that greater use is made of power in the night shift is receiving active consideration of my Government.

26. The second unit of Santaldih Power Station has been commissioned during the year bringing an additional 120 MW peotential into the distribution system. Also, during the year the work on the direct transmission line from Santaldih to Howrah has been completed. My Government is anxious to see that the third and fourth units of Santaldih Power Station, the fifth unit of Bandel Power Station and at least the first unit of Kolaghat Power Station are commissioned within the Fifth Plan period. My Government has decided to step up the work relating to the DPL sixth unit of 110 MW which has now been formally included in the Plan. In North Bengal, Hydel Schemes at Jaldhaka and Kurseong are under expansion, the proposal being to add 10 MW of power of the Jaldhaka-Kurseong system when these are completed. Attempts are being made to complete the work of Jaldhaka by 1978. Report on the Ramman Hydel Project prepared by the West Bengal State Electricity Board is before the Planning Commsion. In all, my Government has a big power programme on hand, and while substantial outlays are being accommodated in the State Plan for power development, there is crying need for Central assistance to avoid major slippages in the generation/distribution targets.

27. The various units run by the Commerce and Industries Department of my Government have recorded satisfactory progress. The improvement in the operation and management of the W.B.G. Press deserves special mention. During the year, 141 applications for licences were received, 148 letters of intent/licences were issued and 67 licences were implemented fully. Three hundred and sixty -six new companies with authorised capital of Rs. 182.72 crores were registered between

April, 1975 and November, 1975. Of the many projects taken up by the West Bengal Development Corporation, the scooter factory at Kharagpur will shortly go into production. The West Bengal Development Corporaton assisted 92 units variously under the West Bengal Incentive Scheme, 1971. The West Bengal Infrastructure Development Corporation has commenced work at Haldia, Kharagpur and Kalyani for allotment of developed land to industrial untis. The first phase of Haldia Water Supply Scheme is expected to be completed by the Corporation by early 1977. The State Mineral Development and Trading Corporation has started production of valuable minerals like rock phosphate, quartz, feldspar, dolomite, etc. The Corporation has also increased substantially its trading activities in stone ballasts and chips. The Directorate of Cinchona and Medicinal Plants is implementing a scheme of Cinchona replantation over an extended area of 250 acres. Substantial deposit of good quality coal have been discovered in Mejhia area in the district of Bankura, and my Government has sponsored a survey for opening a rail link between Raniganj and Bankura for rapid development of these coal mines.

28. In the textile sector, 14 sick nationalised mills are being looked after by a subsidiary of the National Textile Corporation Ltd. and my Government has participated in the equity and management of the subsidiary. Despite persisting slump in the textile market, the units are continuing in production and providing employment to thousands of workers. My Government has also taken over the management to Gluconate and Engel (India) Companies and is proposing to take over the Britannia Engineering Works.

29. Undertakings in the public sector have, on the whole, performed well during the year. The Durgapur Projects Ltd, Westinghouse Saxby Farmer Ltd, Agro-Industries Corporation, Durgapur Chemicals Ltd and the West Bengal Small Industries Corporation particularly could register remarkable improvement in turnover, and some units showed profit for the first time. My Government has set up Corporation for leather and ceramics development and is promoting a chemical engineering complex around Durgapur Chemicals Ltd.

30. In the cottage and small scale sector, 2,753 units were set up during the period from October, 1974, to September, 1975, generating employment for 14,075 persons. Setting up of small units in backward districts of Purulia, Nadia and Midnapore are being promoted through a

Central scheme of support of fixed capital investments. During 1975-76 a sum of Rs. 1,20,759 was distributed as subsidy to 31 small-scale units. In addition to electronics, my Government is sponsoring development of small-scale units in the non-traditional sectors like synthetic detergents, mini sugar plants, solvent extraction units, etc, These are new lines of production and my Government is actively pursuing these ventures with potential entrepreneurs, banks, financial institutions and other promotional agencies. Industrial Estate Programme is also being stepped up, and while the Kidderpore Industrial Estate and the first phase of the Malda Estate have been completed, those at Tangra and Kalyani are under construction. My Government proposes to set up seven more Industrial Estates at Haldia, Kharagpur, Dankuni, Santaldih, Asansol and Borjora.

31. With the announcement of the 20 point economic programme by the Prime Minister, steps have been taken to considerably reinforce the handloom sector. A separate Directorate for handloom and textile has been set up, and in order to develop the backward areas of North Bengal a new Divisional Office of Handloom and Textile Directorate has been sanctioned for the Northern districts. For ensuring adequate supply of yarn at reasonable prices to the weavers of the State, a spinning mill with 25,000 spindles capacity is being set up in West Dinajpur district in addition to an expansion programme of existing spindleage. Semi-automatic looms are being promoted to better the earning capacity of the weavers. My Government has taken up an integrated programme of sericulture development. West Bengal has tremendous potential for production of quality silk and the Rs. 1 crore programme of sericulture development now under implementation should not merely speed up production of silk in the State but directly benefit a large number of persons in the villages engaged in mulberry cultivation, rearing operations spinning of silk yarn and weaving of silk fabric. Lac cultivation is also being promoted through distribution of brood lac from the State Farms amongst the poor and needy cultivators free of cost.

32. In the health sector, my Government has taken vigorous steps to significantly step up health facilities. Major extension works at the Calcutta hospitals are now going on. A new 100-bedded hospital has been established at Panihati, and another 68-bedded hospital at Bhatpara. A new general hospital has been contructed in the North Bengal University Medical College campus and opened initially with 250 beds. The Siliguri Subdivisional Hospital has been annexed to this hospital to pro-

vide a total number of 500 beds required for the clinical training of the medical college students. New hospitals have been sanctioned for construction at Baranagar and Kharagpur. Land has been acquired at Naihati for the establishment of a new general hospital. Construction of 50-bedded hospital at Digha in Midnapore and Raidighi in Sundarban has been sanctioned. The Burdwan Hospital is being upgraded to serve as a teaching hospital of the Burdwan Medical College. The construction of the new Subdivisional Hospital at Ghatal and Lalbagh has been completed. New constructions have been sanctioned for the District Hospital at Jalpaiguri and the Subdivisional Hospital at Alipurduar. Constuction of new blocks has been sanctioned at Jhargram Hospital with provision of 112 additional beds including a separate block of 56 beds for female tribal patients. Seven thousand five hundred beds have been added during 1972-75 raising the number of beds in the State to 46,000. Another 400 beds are expected to be opened within March, 1976, and a further 2,100 beds are programmed for opening during the next year. Since March 1972, when the present Government took office, on an average five beds have been added to the State per day. This massive endeavour of my Government has brought about a comparatively high bed-population ratio in the State. After concerted efforts my Government has been able to establish 307 Primary Health Centres and 625 Subsidiary Health Centres with a total number of 8,825 beds. The construction of 25 Primary Health Centres and 200 Subsidiary Health Centres is in various stages of progress. Up to the year 1974-75 there was no sub-centre in the State. My Government has accorded sanction to the construction of 266 subcentres this year so far. The construction of 10 rural hospitals by upgrading the Primary Health Centres has also been taken up. In the Calcutta Metropolitan area, 30 static clinics and 12 mobile clinics are not working. A new Blood Bank has been opened at Raiganj in West Bengal district and another is expected to be opened at Kalna in Burdwan district.

33. My Government is taking earnest steps also to promote homeopathic, ayurvedic and unani systems of medicine by providing educational and clinical facilites. Preventive measures in regard particularly to small pox,. cholera, malaria, T.B. and leprosy have, during the year, been substantially strengthened by my Government through hospital facilities peripatetic services and combat teams. West Bengal has now been declared a 'Free Zone' for small pox.

34. In so far as the implementation of water supply programme is

concerned, the position on the whole is satisfactory. My Government has covered 36,769 villages by potable water supply sources. Out of 92 municipalities including two municipal corporation, 74 municipalities have now been covered with schemes of potable water supply.

35. Family Welfare Planning Programmes have continued to make steady progress in the State. Performance in respect of vasectomy, tuboctomy, IUD and conventional contraceptives registered further improvement during the year. About four and a half lakh mothers have been covered under Family Welfare Planning Programme and more than 7 lakh children brought under nutrition and health care. The Medical Termination of Pregnacny Act, 1971, implemented in West Bengal from 1972-73, has witnessed steady rise in the number of MTP acecptors.

36. Primary edcuation up to class IV is free throught out the State for all children. During the year, 1,050 new primary schools—150 schools in urban areas and 900 schools in rural areas—have been sanctioned to provide adequate coverage to the age-group 6-11 years for free primary education. Out of the latter in the rural areas 300 schools will be reserved for villages predominantly inhabited by people belonging to Scheduled Castes and Scheduled Tribes. The Education Department of my Government has been implementing a programme of supply of text books published by the Government free of cost to all students enrolled in classes I to III in approved primary schools. Text books are also distributed free of cost to all students belonging to scheduled Tribes and to 30 per cent to 50 per cent of students belonging to Scheduled Castes and other weaker sections enrolled in classes IV and V. My Government has decided that all students in class IV will get free text books from 1st January 1976. Scheduled Castes, Scheduled Tribes and girl students enrolled in class V also will continue getting existing benefits. My Government has enlarged the facilities for secondary education to cope with the demand for increase in enrolment of students in the age-group 11-14 years. Ashram-type junior high schools have been set up for promotion of education amongst the Scheduled Caste students. In respect of grants-in-aid to secondary schools and madrashs, weightage is being given to hill areas, backward areas and areas predominantly inhabited by Scheduled Castes and Scheduled Tribes.

37. The educational scene at the college and university level has shown definite signs of return to normalcy. There is now an environ-

ment of purpose and discipline, and the integrity of the examination system also has to a great extent been restored with the co-operation of the teacher and the student community.

38. My Government has started a programme of weekly supplies of rice (500 grams), wheat (1,500 grams) and sugar (250 grams) and one litre of kerosene to school and college students residing in approved hostels outside the statutory rationing area. The scheme came into operation on August 1, 1975, and so far the number of boarders and inmates covered by the programme is 42,431. My Government has also made arrangements for the supply of essential commodities to students' hostels through wholesale consumer cooperative stores. Bulk supplies of paper are being made by my Government at concessional rates to the Board of Secondary Education, Universities and private publishers for printing and publication of text books at reasonable prices. Similar supplies in bulk are also being effected so that exercise books and foolscap paper are available to the students inexpensively. The Youth Services Department of my Government is actively considering a proposal for setting up 40 school cooperatives in 40 selected blocks for sale of books and stationery to the students. A programme for opening book banks in colleges, schools and madrasahas has been taken up.

39. My Government is encouraging participation of youth for development and social service activities through Block Youth Centres and Nehru Yuva Kendras. It is proposed to increase the number of Block Youth Centres in the coming year and involve the youth in larger numbers in rural development activities.

40. My Government has continued to take keen interest for promotion of sports. The Netaji Indoor Stadium reported to be the biggest stadium of its kind in South East Asia with a seating capacity of 12,000 has now been fully air-conditioned. The cosntruction of a football stadium and a swimming stadium of International Standard at Salt Lake and Dhakuria Lake respectively will be taken up soon. In several of the districts stadium facilities have either already been provided or are under construction.

41. The programme taken up by the CMDA for development of the Calcutta Metropolitan Area has been making satisfactory progress. Water supply has been improved; more areas have been covered by underground sewer lines. A sewage treatment plant at Serampore has been completed and work on another at Howrah is progressing satisfac-

torily. A number of schemes for drainage of storm water has been completed and this has given substantial relief to the residents of Calcutta from waterlogging in the rainy season. Three bridges at Kalighat, Chetla and Ultadanga and a subway at Howrah have been completed and nearly 20 arterial roads have been widened. The construction of a flyover on the Brabourne Road and an overbridge at Ballygunge-Kasba as also the construction of the new Buckland Bridge at Howrah have made considerable progress. In the slum improvement sector, over 1,500 slums inhabited by over 12 lakh people have been improved by CMDA with provision of drinking water, paved roads, electricity and replacement of bucket latrines by sanitary privies. Work in the remaining 1,500 slums has also been taken up. Similar facilities are intended to be provided in the refugee colonies in and around Calcutta. A number of important roads, namely, the Howrah-Kona Expressway, Barrackpore-Kalyani Expressway and the Eastern Metropolitan Bypass which are now under construction will considerably strengthen the metropolitan development infrastructure. As Hon'ble Members are well aware, the Metropolitan area had a tremendous backlog of deficiencies in all sectors. For the first time, an attempt is being made not only to remove these deficiencies but also to make positive improvements taking into account the possible future growth of population in the area.

42. My Government has taken up a programme for the development of civic infrastructure and amenities in the district and other towns. During the current year, there is a provision of Rs. 34 lakhs for the purpose, and for next year the outlay is to be stepped up to Rs. 43 lakhs including Rs. 13 lakhs for setting up clusters of shops for hawkers and other small traders who have been displaced as a result of clearing operation conducted in several districts of roadside and other encroachments. The Municipal Services Department of my Government is also implementing a similar programme for the development of municipal towns. By an amendment of the Octroi Act, a portion of the Octroi collection is now being allotted to non-CMDA municipalities as well. These allocations are being utilised for improvement and maintenance of raods, water supply, markets schools and related activites in the municipal areas. My Government has implemented the recommendations of the Pay Committee regarding the pay and allowances of municipal employees as a result of which the pay scales and service conditions of the municipal employees have now been brought at par with those of the State Government employees.

43. Under the housing programme of my Government 1,730 housing units are expected to be completed during the year 1975-76. This year good progress has been made in the execution of subsidised housing scheme for plantation workers under which over 600 houses have already been completed and handed over to the plantation labours and another 200 houses have been sanctioned and are under Sconstruction. The West Bengal Housing Board has already taken up a number of housing projects under its hire-purchase housing scheme and 2,260 flats and 198 houses are under construction and the Board has already taken in hand schemes to construct over 8,000 flats and houses in a phased manner.

This year the activities of West Bengal Housing Board have been extending to other district towns. The work of setting up a satellite township at Asansol to provide a complex of residential houses, industrial units, shops and markets, schools, etc., has already commenced and a proposal to set up a satellite township at Siliguri is receiving active consideration of my Government.

44. My Government has given special importance on the programme of construction of bridges and road. The bridge over river Mundeswari in the district of Hooghly has been completed and opened to traffic this year. A programme of construction of some major bridges, namely, Krishak Setu at Sadar Ghat, Burdwan; Atreye Bridge at Balurghat in West Dinajpur; Mansai Bridge at Mathabhanga in Cooch Behar and a bridge over Haldi at Narghat, Midnapore, has been taken up. My Government hopes to complete construction of about 300 KM of roads during the current year and another 300 KM of roads during the next financial year. In addition, rural road works valued at about Rs. 300 lakhs are currently in progress.

45. In the transport sector national permits for road transport are being issued in accordance with 20 point economic programme. The State Transport Authority of West Bengal has already selected 244 candidates for issue of national permits. Concurrently, action is being taken by my Government to avoid multiplicity of check posts by amalgamating, as far as possible, the check-posts set up by different departments.

46. My Government has taken up a programme for construction of a Cabin-Chair Ropeway connecting Rimbick with Sandakpu for development of tourism in the hill areas. The ropeway would enable a mag-

nificent view of the Mt. Everest and the Kanchanjungha ranges and should attract a large number of tourists from foreign countries as also from within the country. Programmes for development of tourism in the Sundarbans are also being taken up.

47. Construction of a temporary Television Centre at Tollygunge, Calcutta, was taken up by my Government as a Plan scheme and completed during 1975. The temporary Television Centre started functioning in August, 1975. My Government organised a competitive Jatra festival in Calcutta in September, 1975, with a view to encouraging the folk culture of West Bengal. Payment of amusements tax has been exempted in the State for Jatra perfomances to encourage folk art and entertainment through Jatras.

48. My Government is implementing the additional employment programme by advancing margin money assistance to self-employment ventures sponsored mainly by the educated urban jobless. Under this programme my Government has given margin assistance of Rs. 85 lakhs in 1973-74 and Rs. 1.30 crores in 1974-75. Though the total amount of Bank loans given under this programme in West Bengal is the highest in the country, yet in view of the acute unemployment problem in the State, the Banks would have to come forward in a more development-oriented manner to ensure larger flow of credit for this programme.

49. The Government of India has set up a working group in respect of certain problems of rehabilitation of refugees in the State. We are hopeful that the working group will soon conclude its deliberations, and the long-awaited Central assistance will become available for the development of refugee colonies, rehabilitation of ex-campers, education and training of new migrants and medical facilites, etc.,

50. My Government has maintained close vigil and has taken firm and effective steps against black-marketeers, hoarders, extremists and other forces of disorder and violence. Numerous festivals including an international film festival, exhibitions, international sports event, etc., held in the State during the year ample testimony to the fact that peace and harmony are now well established. My Government has also taken steps to weed out inefficient and corrupt public servants so that there is clean and vigorous administration at all levels in the State.

51. Mr. Speaker and Hon'ble Members, I have endeavoured to

give you illustratively and in bare outline the many cares and concerns of my Government, and the directions in which we are marching forward. On all accounts, it has been an eventful year. Following the announcement of the 20 point economic programme by the Prime Minister, we have launched a concerted attack on many problems that face the peasants and the workers, the students and the youth and those who are economically weak and socially vulnerable. The initial assault has met with success, but a lot of ground is still to be covered. The situation now demands sustained co-operation—the support and assistance of all who are committeed to the 20-point programme and share fully the nation's expectations for the future.

With these words, I leave you to your deliberations and wish you all success.

[The National Anthem was then played when the Governor and all present rose in their seats. After the National Anthem was over, the Governor left the Chamber in procession in the same order as he had entered it.]

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 20th February, 1976 at 4-30 p.m.

[4-30 — 4-33 p.m.]

PRESENT

Mr. Speaker : (Shri Apurbalal Majumder) in the chair, 12 Minister, 9 Minister of State and 182 Members.

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

There was none to take Oath

Motion of Thanks.

Mr. Speaker : Honourable members, I beg to report that the Governor has been pleased to make a speech, a copy of which is laid on the Table. Motion, if any, under rule 16(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly may now be moved.

শ্রী ব্রজকিশোর মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালকে তার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সভাষণ পাঠানো হউক :- পশ্চিমবঙ্গ বিধানসভায় ২০শে ফেব্রুয়ারি ১৯৭৬ তারিখের অধিবেশনের মহামান্য রাজ্যপাল যে আশাব্যঞ্জক এক উৎকৃষ্ট ভাষণ প্রদান করিয়াছেন তারজন্য আমরা এই সভার সদস্যগণ তাহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

শ্রী ঈশ্বরচন্দ্র তিরকি : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এই প্রস্তাব সমর্থন করিতেছি।

Mr. Speaker : Honourable members, amendments to the Motion of Thanks may be sent to the Office by 2 p.m. on Saturday, the 21st February, 1976.

Adjournment

The House was then adjourned at 4-33 p.m. till 1 p.m. on Monday, the 23rd February, 1976 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 23rd February, 1976 at 1-00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 11 Ministers, 3 Ministers of State and 126 Members.

[1-00 — 1-10 p.m.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath)

OBITUARY REFERENCE

Mr. Speaker : Honourable Members, before commencing the business of the House, I recall with deep regret the passing away of a few personalities who had once adorned the benches of this August House during the recess of the House.

A renowned revolutionary of undivided Bengal and a prominent Congress leader, **Shri Brojo Madhab Das,** was elected a Member in the year 1945. Shri Das breathed his last on the 12th October, 1975. A Member of the Jugantar Party he had spent many years in jails.

Shri Ashutosh Lahiri, another illustrious son of Bengal, died on the 19th January last. During his student life Shri Lahiri came in contract with Bagha Jatin and M. N. Roy and turned himself into a revolutionary leader. During the period of his transportation to the Andamans, he came in contract with Veer Savarker and after he release from the jails he joined the Hindu Mahasabha in 1937. In 1941 he was elected a Member of the Bengal Legislative Assembly.

Smt. Santilata Mondal passed away on the 20th January last. She was actively connected with various educational and social organisations and was elected to the West Bengal Legislative Assembly in the year 1962.

May their souls rest in peace.

I would now request you, ladies and gentlemen, to rise in your seats and observe silence for two minutes as a mark of respect to the departed souls.

(The Members rose in their seats and remained silent for two minutes)

Thank you, ladies and gentlemen. Secretary will send the message of condolence to the Members of the bereaved families.

Starred Questions
(to which oral answers were given)

মাধ্যমিক শিক্ষকদের জন্য নতুন বেতনক্রম

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬) **শ্রী নিতাইপদ সরকার এবং শ্রীমতী ইলা মিত্র ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে মুখ্যমন্ত্রী ঘোষিত নতুন বেতনক্রম এখনও কার্যকর করা হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, উহার কারণ কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ

(ক) না। নতুন বেতনক্রম ১৯৭৪-৭৫ হইতে কার্যকর করার সরকারি আদেশ জারি করা হইয়াছে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

শ্রীমতী ইলা মিত্র ঃ মন্ত্রী মহাশয় কি জানেন, নতুন বেতনক্রম যেটা ঘোষণা করা হয়েছে সেই বেতনক্রম এখনও পর্যন্ত কোনও স্কুলের শিক্ষক বা শিক্ষা কর্মীরা পাননি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ আমরা টাকা বরাদ্দ করে দিয়েছি, তবে পে ফিক্সেশনের ব্যাপারে কিছু কিছু জিনিস জড়িয়ে আছে বলে অনেক স্কুলে অ্যাড হক টাকা দেওয়া হয়েছে।

শ্রীমতী ইলা মিত্র ঃ অনেক স্কুলেই সেই টাকা এখনও পর্যন্ত পৌঁছায়নি এই খবর আপনি জানেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ যেখানে ম্যানেজিং কমিটি নিয়ে কোনও গোলমাল নেই বা আইনগত কোনও প্রশ্ন নেই সেখানে টাকা পেয়েছে।

শ্রীমতী ইলা মিত্র : নতুন বেতনক্রম চালু করবার জন্য কত টাকা দেওয়া হয়েছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : ৩ কোটি ৮৩ লক্ষ ৮৭ হাজার টাকা দেওয়া হয়েছে। তবে এই ব্যাপারে প্রধান শিক্ষক এবং সহকারি শিক্ষকদের ব্যাপারে কিছু কিছু জিনিস জড়িত রয়েছে। হায়ার সেকেন্ডারি স্কুলে একটা অ্যালাউন্স আছে—টু স্ট্রিম হলে ৫০ টাকা, থ্রি স্ট্রিম হলে ৭৫ টাকা। যাইহোক, এই ব্যাপারে প্রধান শিক্ষকরা অপশন ফ্রম ফিল আপ করে দিলেই আমরা সেগুলি বুঝে সত্বর ব্যবস্থা করব।

শ্রীমতী ইলা মিত্র : মাধ্যমিক স্কুলের চতুর্থ শ্রেণীর কর্মীদের জন্য কি ব্যবস্থা করবেন জানাবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : তাদের যে রিভাইজড স্কেল দেওয়া হয়েছে সেটা তারা শিক্ষকদের সঙ্গে পাবেন। এখন তারা অ্যাড হক পাচ্ছেন।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন শিক্ষকদের পে ফিক্সেশন করবার ব্যাপারে অনেক রকম জটিলতার সৃষ্টি হয়েছে এবং আমি আশা করি পরিদর্শকরা আপনাকে সেসব কথা জানিয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এই ব্যাপারে একটা সিদ্ধান্ত করে পরিদর্শকদের সত্বর নির্দেশ দেবেন কি এবং ৩১শে মার্চের মধ্যে এই পে ফিক্সেশন কমপ্লিট করবেন কি? আমি আর একটা জিনিস জানতে চাচ্ছি। নতুন বেতনহার সম্পর্কিত সরকারি সিদ্ধান্তে বেসিক স্কুল সম্পর্কে কিছু নেই এবং সেখানকার শিক্ষা কর্মীদের সম্পর্কেও কিছু নেই। আমি জানতে চাই, বেসিক স্কুলে শিক্ষক এবং শিক্ষা কর্মীদের সম্পর্কে কি ব্যবস্থা করবেন?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : যে সমস্ত স্কুল ডেফিসিট স্কীমের মধ্যে এসেছে তাদের ক্ষেত্রে এটা হবে। তবে ডেফিসিট স্কীমের মধ্যে জুনিয়র বেসিক এবং সিনিয়র বেসিক রয়েছে কাজেই সেটা ক্লারিফাই করতে হবে।

নিয়মিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—**

(ক) পশ্চিমবঙ্গে বিশ্ববিদ্যালয়সমূহে ও মধ্যশিক্ষা পর্ষদে নির্দিষ্ট সময়ে পরীক্ষা গ্রহণ ও তিন মাসের মধ্যে ফল প্রকাশ সুনিশ্চিত করার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকলে তা কি এবং কবে থেকে চালু করা হবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :

(ক) নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী পরীক্ষা গ্রহণ এবং তাহার ফলাফল প্রকাশের জন্য

বিশ্ববিদ্যালয়গুলিকে উদ্যোগী হইতে নির্দেশনামা সংশ্লিষ্ট কর্তৃপক্ষগণের নিকট পাঠানো হইয়াছে।

মাধ্যমিক পরীক্ষা গ্রহণ এবং ফল প্রকাশ করিতেছে।

(খ) প্রশ্নটি ওঠে না।

গত আগস্ট মাসে বিশ্ববিদ্যালয়গুলির আচার্যের সহিত ইহার উপাচার্যগণের গৃহীত বৈঠকে পরীক্ষা গ্রহণ ব্যাপারে আলোচনা হইয়াছে উক্ত আলোচনার পর যে সমস্ত প্রস্তাব গ্রহণ করা হইয়াছে তাহা মোটামুটিভাবে এইরূপ ঃ—

ক) জমে যাওয়া পরীক্ষাগুলি অতিসত্বর গ্রহণ করিতে হইবে, এবং চলতি পরীক্ষাগুলি গ্রহণ ব্যাপারে নির্দিষ্ট সময়সূচি অনুসরণ করিতে হইবে।

খ) সংশ্লিষ্ট শিক্ষা বৎসরান্তে পরীক্ষা গ্রহণ সেই শিক্ষাবর্ষের মধ্যেই গ্রহণের ব্যাপারে ততপর হইতে হবে।

এই বিষয়ে উদ্যোগী হইবার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণের নিকট প্রয়োজনীয় নির্দেশনামা পাঠানো হইয়াছে।

সম্প্রতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সময়মতো পরীক্ষা গ্রহণ ও ফলপ্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করিয়া বিশ্ববিদ্যালয় সমূহের উপাচার্যগণকে চিঠি দিয়াছেন।এই ব্যাপারে বিশ্ববিদ্যালয়গুলির নিকট হইতে উপযুক্ত পরিমাণ সাড়া পাওয়া গিয়াছে। কোনও কোনও বিশ্ববিদ্যালয় (উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়) একসঙ্গে দুইটি বিভিন্ন শিক্ষাবর্ষের একই পাঠক্রম পড়াইবার ব্যবস্থা করিয়াছে।

[1-10 — 1-20 p.m.]

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন আপনার এই নির্দেশ পাওয়ার পরেও কলকাতা বিশ্ববিদ্যালয়ে বি এ, বি এস সি, বি কম ইত্যাদি পার্ট ওয়ান, পার্ট টু পরীক্ষায় জুলাই-মার্চ মাসে পরীক্ষা হয়ে গেছে এখন পর্যন্ত সেগুলির ফলাফল প্রকাশিত হয় নি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ আমরা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সলরকে নির্দেশ দিয়েছি যত সত্বর ফলাফল প্রকাশিত করবার জন্য।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যা আপনার নির্দেশ ফলাফল প্রকাশিত করবার জন্য, তা কি পালিত হচ্ছে? তাছাড়া বর্ধমান ইউনিভার্সিটির অবস্থা তো সাংঘাতিক। এ সম্বন্ধে আপনি কি ভাবছেন?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ গত আগস্ট মাসে বিশ্ববিদ্যালয়গুলির আচার্যের সহিত ইহাদের উপাচার্যগণের গৃহীত বৈঠকে পরীক্ষা গ্রহণ ব্যাপারে আলোচনা হইয়াছে উক্ত আলোচনার পর যে সমস্ত প্রস্তাব গ্রহণ করা হইয়াছে তাহা মোটামুটিভাবে এইরূপ ঃ—

(ক) জমে যাওয়া পরীক্ষাগুলি অতিসত্বর গ্রহণ করিতে হইবে, এবং চলতি পরীক্ষাগুলি গ্রহণ ব্যাপারে নির্দিষ্ট সময়সূচি অনুসরণ করিতে হইবে।

(খ) সংশ্লিষ্ট শিক্ষা বৎসরান্তে পরীক্ষা গ্রহণ সেই শিক্ষাবর্ষের মধ্যেই গ্রহণের ব্যাপারে তৎপর হইতে হইবে।

এই বিষয়ে উদ্যোগী হইবার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণের নিকট প্রয়োজনীয় নির্দেশ নামা পাঠানো হইয়াছে।

সম্প্রতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সময়মতো পরীক্ষা গ্রহণ ও ফলপ্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করিয়া বিশ্ববিদ্যালয় সমূহের উপাচার্যগণকে চিঠি দিয়াছেন। এই ব্যাপারে বিশ্ববিদ্যালয়গুলির নিকট হইতে উপযুক্ত পরিমাণ সাড়া পাওয়া গিয়াছে। কোন কোন বিশ্ববিদ্যালয় (উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়) একসঙ্গে দুটি বিভিন্ন শিক্ষাবর্ষের একই পাঠক্রম যুগপৎ পড়াইবার ব্যবস্থা করিয়াছে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্নের উত্তরে একটি বিবরণ দিলেন তাতে বললেন আশাপ্রদ সাড়া পাওয়া গিয়েছে। জুলাই-এ পরীক্ষা হয়ে গিয়েছে এখনও ফল প্রকাশিত হয়নি এটা কি আশাপ্রদ হল? কলকাতা বিশ্ববিদ্যালয় এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের যে বিশৃঙ্খলা অবস্থা চলছে তাতে কি আশাপ্রদ সাড়া পাওয়া যায়?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ সম্প্রতি কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জানিয়েছেন ১৯৭৭ সাল থেকে ঠিক সময়মতো পরীক্ষার ফল প্রকাশিত করতে পারবেন।

শ্রীমতী ইলা মিত্র ঃ আমরা জানি পরীক্ষা করা খাতা যথা সময়েই দেখেন অথচ ৬ মাস এমন কি এক বছর পর্যন্ত সময় চলে যায় পরীক্ষার ফল বেরয় না। ইউ জি সি এবং চ্যান্সেলরের নির্দেশ সত্ত্বেও তা প্রতিপালিত হচ্ছে না। এর জন্য সরকার বিশেষ ধরনের পদক্ষেপের কথা ভাবছেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর তিনি জানিয়েছেন যে একজামিনাররা খাতা দেখতে আপত্তি করেননি, কিন্তু কতকগুলি বিভিন্ন কারণের জন্য বেশি সময় লেগে যাচ্ছে।

শ্রী অশ্বিনী রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৭৭ সালে থেকে নিয়মিত পরীক্ষা নেওয়া হবে এবং ঠিকমতো সময়ে পরীক্ষার ফল প্রকাশিত হবে। কিন্তু আমি তাকে

জিজ্ঞাসা করছি যে বকেয়া পরীক্ষাগুলি কবে নেওয়া হবে এবং তার ফলও বা কবে প্রকাশিত হবে।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : ১৯৭৭ সাল থেকে কারেন্ট পরীক্ষা নেওয়া হবে এবং ফলও ঠিক সময় মতো প্রকাশিত হবে। ১৯৬৭ সাল থেকে যে জটিলতা সৃষ্টি হয়েছিল তারজন্যই সময় লেগে গেছে তবে কলকাতা বিশ্ববিদ্যালয়-এর ভাইস চ্যান্সেলর জানিয়েছেন যে বকেয়া পরীক্ষাগুলোও নেওয়া হবে।

শ্রী কানাই ভৌমিক : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি সরকার থেকে নির্দেশ কত তারিখে দিয়েছেন? এই হল আমার ১নং প্রশ্ন। ২নং প্রশ্ন হচ্ছে যে সময়মতো পরীক্ষা হওয়া সত্ত্বেও রেজাল্ট বের করতে ৮/৯ মাস দেরি হচ্ছে তার কারণ সরকার অনুসন্ধান করেছেন কি এবং করলে তার কারণগুলি কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আমরা ১৫ই সেপ্টেম্বর সমস্ত ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলরদের কাছে পাঠিয়েছি এবং তারাও অ্যাকশন নেবার কথা জানিয়েছেন।

শ্রী কানাই ভৌমিক : পরীক্ষার ফলাফল বের হতে এত দেরি হচ্ছে কেন সেই সম্পর্কে সরকার তদন্ত করেছেন কিনা এবং করলে সেই রিপোর্ট আছে কিনা?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : এর উত্তর আমি আগেই দিয়েছি। ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলররা রিপোর্ট দিয়েছেন যে কোনও জায়গায় একজামিনাররা সময়মতো খাতা দেননি তা নয়, বিভিন্ন পরীক্ষায় অনেক সময় ক্যায়স দেখা দিয়েছে, ছাত্ররা হল থেকে বেরিয়ে গিয়েছে, কোথায়ও একই সাবজেক্টের দু তিনবার করে পরীক্ষা নিতে হয়েছে, এই সমস্ত কারণে কিছু কিছু ত্রুটি বিচ্যুতি থেকে গিয়েছে কিন্তু ১৯৭৭ সাল থেকে এটা পুরোপুরি ঠিক হয়ে যাবে।

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আমরা পরীক্ষার ফল তাড়াতাড়ি বের করার জন্য ব্যবস্থা নিয়েছি তাতে ভাল সাড়া পাওয়া গিয়েছে। কার কাছ থেকে ভাল সাড়া পাওয়া গিয়েছে ১৯৬৭-৭১ সাল পর্যন্ত যারা গণ টোকাটুকিতে ছাত্রদের উৎসাহিত করেছিল তাদের কাছ থেকে সাড়া পাওয়া গিয়েছে, না শিক্ষকদের কাছ থেকে ভাল সাড়া পাওয়া গিয়েছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : ইতিমধ্যেই মধ্যশিক্ষা পর্যদ অনেকটা অ্যাকটিভ হয়েছে এবং রেগুলারাইস করেছে। রিগার্ডি ক্যালকাটা ইউনিভার্সিটি তাদের ৬/৭ মাস লেগে যাচ্ছে। তাদের যে সমস্ত অসুবিধাগুলি আছে সেগুলি আমাদের কাছে জানিয়েছে। এটা ১৯৬৭-৭১ সালের ছাত্রদের জন্য কিনা তা বলতে পারি না তবে নির্দিষ্টভাবে বলতে পারি যে পরীক্ষায় যদি ছাত্রসমাজ এবং অভিভাক সমাজ অ্যাকটিভ্ হয় তাহলে অনেক এগিয়ে যাওয়া যাবে।

শ্রী আব্দুল বারি বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করছি, এটা ফলাফল প্রকাশের ব্যাপারে নয়, প্রকাশিত ফলাফলের ব্যাপার। উচ্চতর মাধ্যমিক শিক্ষা পর্যদের ফলাফল

যা প্রকাশিত হয়েছিল তাতে যে প্রথম এবং দ্বিতীয় স্থান পেয়েছে বলে ঘোষিত হয়েছিল তারপরে রিভিউ কমিটির রিভিউ-এর পরে যে প্রথম হয়েছিল সে হয়ে গেল দ্বিতীয় আর যে দ্বিতীয় স্থান পেয়েছিল সে প্রথম হয়ে গেল। ছাত্রটির নাম সুবীর সে কি করে দ্বিতীয় স্থান পেল এবং কি করে তার নম্বর কমে গেল সেটা অনুসন্ধান করে এই হাউসকে একটু এনলাইটেন্ড করতে পারবেন?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ প্রশ্নটি যদিও এর সঙ্গে জড়িত নয় তবুও সদস্যদের অবগতির জন্য বলছি। এই রিভিউ সিস্টেমটা পশ্চিমবঙ্গে মাধ্যমিক শিক্ষা পর্ষদ করত যে সমস্ত ছাত্র ওয়ান টু টেন্থ-এর মধ্যে থাকতো তাদের খাতা আর একবার রিভিউ করা হত, তাতে নানা ভুল ত্রুটি বা নম্বর যোগে ভুল থাকায় অনেক সময় যে দ্বিতীয় স্থানে ছিল সে হয়তো তৃতীয় স্থানে চলে গেল এবং পরবর্তীকালে তার একটা রিপারকেশন হত। এটা যাতে না হয় তারজন্য আমরা নির্দেশ দিয়েছি যে ফাইনাল রেজাল্ট পাবলিকেশন হওয়ার আগে এই রিভিউ কমপ্লিট করতে হবে। যার ফলে এবারে ফলাফল বের হওয়ার মাসখানেক পরে বলা হয়েছে যে কে ফার্স্ট হয়েছে, কে সেকেন্ড হয়েছে এবং কে থার্ড হয়েছে।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বললেন যে, ১৯৭৭ সাল থেকে সব ঠিক হয়ে যাবে। আমার জিজ্ঞাসা হচ্ছে তিনি কি মনে করেন যে পরীক্ষায় এই রকম অব্যবস্থা চলতে থাকলে মন্ত্রী মহাশয়ের বহু নির্দেশ থাকলেও তা কার্যকরী হবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ আমি আগেই বলেছি যে ভাইস চ্যান্সেলর ক্যালকাটা ইউনিভার্সিটির, লিখিতভাবে জানিয়েছেন যে ১৯৭৭ সাল থেকে এই ব্যবস্থা ঠিক হয়ে যাবে, সময়মতো ফলাফল প্রকাশিত হবে। আমি মনে করি যে ছাত্রসমাজ, অভিভাবক সমাজ এবং শিক্ষক সমাজ যদি সহযোগিতা করেন তাহলে এটা হওয়া সম্ভব।

[1-20 — 1-30 p.m.]

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ গভর্নমেন্ট কি মনে করেন না পরীক্ষায় এই অব্যবস্থা থাকলে, পরীক্ষার ফল প্রকাশের যে অব্যবস্থা তা দূর করা যাবে না?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ আপনারা নিশ্চয়ই জানেন যে গভর্নমেন্ট থেকে আমরা অত্যন্ত স্ট্রিক্ট ব্যবস্থা নিয়েছি প্রত্যেকটি পরীক্ষা সেন্টারে। তাছাড়া মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে পরীক্ষা ব্যাপারে যে পদ্ধতি পরিবর্তিত হয়েছে, ইউনিভার্সিটি পরীক্ষায় ক্ষেত্রেও অনুরূপ করার ব্যাপারে আলোচনা করছি। আগেই আপনাদের বলেছি, সকলের সহযোগিতা থাকলেই হবে। গভর্নমেন্ট থেকে স্টেপ নেওয়া হবে যাতে ফল প্রকাশ তাড়াতাড়ি হয়।

শ্রী নরেশচন্দ্র চাকি ঃ পরীক্ষা নিয়মিত করার সঙ্গে অসৎ উপায়ও বন্ধ করা দরকার, এই অসদুপায় যদি চলতে থাকে পরীক্ষায় দেরি হয়, রি-একজামিন করতে হয়, এতে করে দেরি হয়, তাই পরীক্ষা নিয়মিত করার জন্য অসদুপায় বন্ধ করার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন, দয়া করে জানাবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ এ ব্যাপারে প্রত্যেকটি ইউনিভার্সিটিকে নির্দেশ দিয়েছি, বোর্ডকে নির্দেশ দিয়েছি, মধ্যশিক্ষা পর্ষদকে দিয়েছি যাতে পরীক্ষা ঠিকমতো নেওয়া হয়। এই ব্যাপারে পরীক্ষা পরিচালন ব্যাপারে যে সমস্ত শিক্ষক এবং ইনভিজিলেটার থাকেন, তাদের দায়িত্ব পালনের উপরে অনেকখানি নির্ভর করে।

শ্রী নরেশচন্দ্র চাকি ঃ এখনও পরীক্ষা হলে অসদুপায় সমানে চলছে, এই অসদুপায় কঠোর হস্তে দমন করার জন্য সরকারের কি পরিকল্পনা আছে দয়া করে জানাবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ এ ব্যাপারে আপনারা নিশ্চয়ই জানেন ডিগ্রি কোর্সের পরীক্ষার সময়ে অনেক পুলিশের সাহায্যে হয়েছে, যে সব ছাত্ররা উচ্ছৃঙ্খলা সৃষ্টি করে ভাল ছাত্রদের পরীক্ষা দিতে চায় না, এই রকম অভিযোগ যেখানেই পাওয়া গেছে, সেখানে সরকার থেকে ইউনিভার্সিটির নির্দেশ আছে অ্যাকশন নেবার জন্য এবং সরকার থেকেও অ্যাকশন নেওয়া হয়েছে।

অশিক্ষক কর্মচারিদের বেতন ও ভাতা বৃদ্ধি

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৮) **শ্রী নিতাইপদ সরকার ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়গুলির অশিক্ষক কর্মচারিদের বেতনক্রম এবং ভাতা বৃদ্ধির বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাদ, উহা কার্যকর হইবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ

(ক) পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়গুলির অশিক্ষক কর্মচারিদের নতুন বর্ধিত বেতনক্রম ১-৪-৭৫ হইতে চালু করার সরকারি আদেশ জারি করা হইয়াছে।

নতুন বেতনক্রমের সহিত তাহারা বর্তমান হারে ভাতাও পাইবেন।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী নিতাইপদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে চালু করা হয়েছে। আপনি কি মনে করেন আজ পর্যন্ত চালু যা করেছেন, তাতে সেটা একটা স্কুলের ক্ষেত্রেও প্রযোজ্য হয়েছে, বা তারা প্র্যাকটিকালি পেয়েছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ আমি আগেই বলেছি যে অ্যাড হক বেসিসে টিচিং স্টাফের জন্য টাকা দিয়েছি, তিন কোটি টাকার উপর প্রায় চার কোটি টাকার কাছাকাছি, ক্লার্কদের জন্য এবং ফোর্থ ক্লাস স্টাফের জন্যই টাকা অ্যাড হক বেসিসে দেওয়া হয়েছে, পে-ফিক্সেশন অপশন এগুলি ঠিক হয়ে গেলে পরেই তারা স্কেল পেয়ে যাবে।

শ্রী নিতাইপদ সরকার : মুখ্যমন্ত্রী যে ঘোষণা করেছিলেন সেই ঘোষণা অনুযায়ী শিক্ষকদের ক্ষেত্রে বিবেচনা করা হচ্ছে, কর্মচারিদের ক্ষেত্রেও কি ঠিক তদনুরূপ করা হবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : অশিক্ষক কর্মচারিদের যে স্কেল ছিল, মাননীয় মুখ্যমন্ত্রীর ঘোষণায় তা বর্ধিত হয়েছে, ২১০ থেকে ৩৫০ হয়েছে।

শ্রী নিতাইপদ সরকার : আপনি কি মনে করেন বর্তমান বাজারের মূল্য অনুপাতে এই বেতন তাদের বেঁচে থাকার মতো হয়েছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : সেটা অন্য প্রশ্ন। প্রাথমিক শিক্ষকদের যে বেতন হার, আর হাই স্কুলের ক্লার্কদের যে বেতন হার তা মোটামুটি একই আছে।

শ্রী অশ্বিনীকুমার রায় : আপনি বললেন যে বেতন ফিকসেশনের ক্ষেত্রে জটিলতা আছে, এই জটিলতা কি জেলা পরিদর্শক-এর হয়ে যারা কাজ করবেন তাদের যথোপযুক্ত স্টাফ না থাকার জন্যই এই কাজটা বিলম্বিত হচ্ছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : জেলা পরিদর্শকের স্টাফের সঙ্গে এই প্রশ্ন জড়িত নয়, এটা পে ফিকসেশন এবং অপশনের ব্যাপার।

প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৫ সালে পশ্চিমবঙ্গে মোট কত প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হয়েছে; এবং

(খ) কি পদ্ধতিতে এবং কিসের ভিত্তিতে এই অনুমাদন দেওয়া হয়েছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :

(ক) ১৯৭৫ সালে (জানুয়ারি হইতে ডিসেম্বর মাস পর্যন্ত) পশ্চিমবঙ্গে মোট ৫৬৯টি প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হয়েছে।

(খ) গ্রামাঞ্চলে প্রত্যেক জেলা স্কুল পর্ষদের একটি করিয়া উপদেষ্টা সমিতি আছে। এই সমিতিই অনুমোদন যোগ্য নতুন বিদ্যালয়ের দাম সুপারিশ করেন। উপদেষ্টা সমিতির সুপারিশ করেন সহ অনুমোদন যোগ্য বিদ্যালয়ের তালিকা জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাইমারি শিক্ষা অধিকর্তার নিকট পাঠাইলে শিক্ষা মন্ত্রীর অনুমোদন সাপেক্ষে শিক্ষা অধিকর্তার নির্দেশে সংশ্লিষ্ট জেলা পর্ষদের পক্ষে জেলা বিদ্যালয় পরিদর্শক বিদ্যালয়ের অনুমোদন দেন। শহরাঞ্চলে যেখানে আবশ্যিক প্রাথমিক শিক্ষা চালু করা হইয়াছে সেখানে সংশ্লিষ্ট পৌর সভাই বিদ্যালয় নির্বাচন করেন। যে সকল

পৌর এলাকায় আবশ্যিক প্রাথমিক শিক্ষা চালু করা হয় নাই সেই সকল পৌর এলাকার জন্য একটি করিয়া উপদেষ্টা সমিতি আছে। সেই সমিতিই নতুন বিদ্যালয় নির্বাচন করেন। উপরোক্ত সুপারিশের ভিত্তিতে জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাইমারি) শিক্ষা অধিকর্তার নিকট তালিকা প্রেরণ করিলে শিক্ষা অধিকর্তা শিক্ষামন্ত্রীর অনুমোদন লইয়া বিদ্যালয়ের অনুমোদন দেন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ আমার (খ) প্রশ্নটিতে আছে—কি পদ্ধতিতে, এবং কিসের ভিত্তিতে এই অনুমোদন দেওয়া হয়। মন্ত্রী মহাশয় পদ্ধতির কথাটা বলেছেন যে একটা কমিটির মাধ্যমে তাদের সুপারিশ অনুযায়ী অনুমোদন দেওয়া হয়েছে কিন্তু আমার প্রশ্নের দ্বিতীয়াংশের উত্তর তিনি conveniently দেন নাই। সেটার উত্তর দেবার জন্য তাকে অনুরোধ করছি যে কিসের ভিত্তিতে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ ডিস্ট্রিক্ট প্রাইমারি অ্যাডভাইসারি কমিটি আছে প্রত্যেক জেলায়, তাদের পক্ষ থেকে—D.I. বিজ্ঞপ্তি দেন। তারপর প্রার্থীরা আবেদন জানান—। সেই আবেদন-পত্র পাবার পর advisory কমিটির মেম্বাররা তাদের interview নেন। সেই interview হবার পর একটা প্যানেল হয় এবং প্যানেলের priority অনুযায়ী appointment হয়।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ এই ভিত্তি মানে কোন criterion, কোন মানদন্ডে এই অ্যাডভাইসারি বোর্ড সেটা পরীক্ষা করেন?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ ইন্টারভিউ যখন হয়—তখন যোগ্যতার মানদন্ডে বিচার করা হয়।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ বিদ্যালয়ের একটা মানদন্ড থাকে এ টিচার নয়—সমস্ত প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের ব্যাপারে একটা অ্যাডভাইসারি কমিটি থাকে—তারা কোন ভিত্তিতে এই অনুমোদন দেবেন তার নির্দিষ্ট কিছু আছে কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ দেওয়া আছে যেটা Schoolless village, যারা organiser teacher যারা সেটা চালাচ্ছে—যেখানে প্রাথমিক বিদ্যালয় দরকার—এই সমস্ত বিবেচনা করে অ্যাডভাইসারি কমিটি তাদের অনুমোদন দেওয়ার যোগ্য মনে করে অনুমোদন দেন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মন্ত্রী মহাশয় বলেছেন Schoolless village—যারা অনেকদিন ধরে করেছেন—তাদের দেওয়া হয়। তিনি জানাবেন কি যে যদি দেখা যায় যে কোনও স্কুল ১৯৭১ সাল থেকে এই criterion-এ পড়ে Schcolless village—দু দুবার inspection হয়েছে—, inspection সম্বন্ধে report দিয়েছেন যেখানে Scheduled Caste দের priority পাবার কথা—সেইরকম Scheduled Casted School ও অনেকদিন ধরে অনুমোদন পাচ্ছে না—লেলিনগড় প্রাথমিক বিদ্যালয়—২৪ পরগনা। Scheduled Caste 60 per cent population যেখানে দু দুবার inspection হল রিপোর্ট হল—এখনও অনুমোদন হয় নাই—কি মানদন্ডে এই স্কুলের জন্য সুপারিশ হল না?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ এই রকম অভিযোগ যাতে খুব বেশি না আসে তার জন্য ব্যবস্থা করব। এবার ১০৫০টি নতুন স্কুল দেওয়া হচ্ছে—যে গ্রামে স্কুল নাই—যেখানে তিনটি স্কুল ঠিক করবেন ডিস্ট্রিক্ট স্কুল অ্যাডভাইসারি কমিটি, আর তিনটি ঠিক করবেন ডিস্ট্রিক্ট শিডিউল্ কাস্ট, শিডিউল ট্রাইব কমিটি ; আর বাকিগুলি ঠিক করবেন ডিস্ট্রিক্ট থেকে প্ল্যানিং কমিটি যেখানে সকল শ্রেণীর এম এল এ আছেন। আপনি যে অভিযোগ করলেন সে সম্বন্ধে যথাযথ তদন্ত করে দেখে ব্যবস্থা অবলম্বন করব।

[1-30 — 1-40 p.m.]

শ্রী আব্দুল বারি বিশ্বাস ঃ মন্ত্রী মহাশয় কি জানাবেন শিডিউলড কাস্ট এবং শিডিউলড ট্রাইবস কমিটির কাছে যে ৩শোর মতো স্কুল আপনি পাঠিয়েছেন তার কি কোনও নির্বাচনের ভিত্তি আপনি এখান থেকে দিয়েছেন যে শিডিউলড কাস্ট এবং শিডিউলড ট্রাইবস এলাকার কত পারসেন্ট ছেলেমেয়ে তাদের কভার হতে হবে এবং শিডিউলড কাস্ট স্কুলগুলোর মাস্টার মশাইয়েরা শিডিউলড কাস্ট থাকবে কিনা— এই বিষয়ে কোনও নির্দেশনামা পাঠিয়েছেন কি, যদি না পাঠিয়ে থাকেন তাহলে তার কারণ কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ এগুলি মোটামুটিভাবে আমাদের যে শিডিউলড কাস্ট এবং শিডিউলড ট্রাইবস কমিটি আছে তারা বিবেচনা করে দেখেন। শিডিউলড কাস্ট এলাকার সব শিক্ষককেই শিডিউলড কাস্ট হতে হবে এমন কোনও মানে নেই। সেখানে অন্য কাস্টের লোকও চাকরি পেতে পারেন। কিন্তু শিডিউলড কাস্ট থাকলে অগ্রাধিকার পাবে।

শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী ঃ অনেকগুলো স্কুলের সম্বন্ধে রিপোর্ট আসা সত্ত্বেও অনুমোদন পায়নি। বাঁকড়া জেলার ৩০টি স্কুল আছে তার সমস্ত রিপোর্ট আসা সত্ত্বেও তারা অনুমোদন পায়নি। এই সম্বন্ধে আলোকপাত করবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ এই বছর ৫৬৯ প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন হয়েছে। ডিস্ট্রিক্ট স্কুলবোর্ড বা অ্যাডভাইসারি কমিটি তারা যে অনুমোদন করে পাঠিয়েছে, সঙ্গেসঙ্গে আমাদের যে সাব কমিটি আছে, সেগুলো বিচার-বিবেচনা করে দিয়েছেন। যেখানে আসতে দেরি হয়েছে সেখানে দেরি হচ্ছে।

শ্রী নরেশচন্দ্র চাকি ঃ মন্ত্রী মহাশয় বলেছেন ডিস্ট্রিক্ট স্কুলবোর্ড অথবা স্কুল বোর্ডের অ্যাডভাইসারি কমিটি তারা যে তালিকা পাঠিয়ে দেন সেগুলোই সাধারণত অনুমোদন করা হয়। কোনও কোনও ক্ষেত্রে স্কুল বোর্ড যে সিলেকশন করে পাঠিয়েছেন এখনও অনুমোদন করা হয়নি এই হচ্ছে নম্বর ওয়ান। নম্বর টু যেসব স্কুলে দেওয়ার জন্য শিক্ষকের নাম পাঠানো হয়েছে এই ডি পি আই অফিস থেকে পরিবর্তন করা হয়েছে—এর কারণ কি জানাবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ এই রকম অভিযোগ আমাদের কাছে আসেনি। এটা যদি সত্যি হয় তাহলে খুব মর্মান্তিক। ডি পি আই অফিসে ডি আই অফিস বা অ্যাডভাইসারি কমিটি

থেকে যে তালিকা পাঠিয়েছেন আমরা জানত তার কোনও পরিবর্তন করিনি।

শ্রী মহম্মদ দেদার বক্স : মন্ত্রী মহাশয় বলেছেন স্কুলের মঞ্জুরি হয় বিশেষ করে সরকারি বিপোর্টের উপর ভিত্তি করে। সরকারি তরফে ডি আই রিপোর্ট করেন, তিনি ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইনস্পেকটার বা ওই রকম কোনও অফিসারের রিপোর্টের উপর ভিত্তি করে। কিন্তু আমরা দেখলাম কয়েকটি স্কুল কয়েকবার পরিদর্শন করেছেন কিন্তু সাব কমিটিতে বসে দেখলাম সব রিপোর্ট আসে নি। সেগুলোর ভিত্তি সিনিওরিটির ভিত্তিতে করা হয়েছে। মন্ত্রী মহাশয় বলেছেন ডি পি আই অফিসে যে রিপোর্ট আসে নি সেই স্কুলগুলো পায়নি। এইগুলো পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত করে সময়মতো মঞ্জুরি দেওয়ার ব্যবস্থা করবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : সাধারণত এস আই বা ডেপুটি এ আই এর রিপোর্ট যেটা ইন্সপেকশন রিপোর্ট সেটা ডি আইয়ের কাছে আসে। সদস্যর যদি নির্দিষ্ট অভিযোগ থাকে তাহলে নিশ্চয় ব্যবস্থা করব।

শ্রী নির্মলকৃষ্ণ সিনহা : ১৯৭৩ সালের আগস্ট মাসে আমি যখন অ্যাডভাইসারি কমিটির মেম্বার ছিলাম তখন সাঁইথিয়ার পাথরঘাটা আদিবাসী প্রাইমারি স্কুলের কেসটা পাঠানো হয়েছিল, কিন্তু হয়নি— এটার সম্পর্কে কি ব্যবস্থা করছেন?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : অ্যাডভাইসারি কমিটি যদি নির্দিষ্ট কোটার মধ্যে পাঠিয়ে থাকেন নিশ্চয় সেটার অনুমোদন দেওয়া উচিত ছিল। যদি কোনও কারণে না পেয়ে থাকে আপনি লিখিতভাবে জানাবেন নিশ্চয় দেখব।

শ্রী গণেশচন্দ্র হাটুই : মন্ত্রী মহাশয় বললেন জেলায় যে কোটা দিয়েছেন তাকে তিন ভাগে ভাগ করেছেন—শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইব অ্যাডভাইসারি কমিটি ওদের জন্য একটা দিয়েছেন, আর ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি একটা দিয়েছেন। এখন শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসের ব্যাপারটা নির্বাচনের জন্য একটা ক্রাইটেরিয়া দিয়েছেন যে স্কুলগুলি লেস ভিলেজ হতে হবে। এখন ধরুন একটা পল্লীর মধ্যে ট্রাইব্যাল এরিয়া আছে, সেখানে শিডিউল্ড কাস্ট আছে ডিসটেন্স হয়ত এক মাইল হবে—আমার প্রশ্নই হচ্ছে সেই স্কুলগুলিকে দেওয়া যাবে কিনা?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আদিবাসী এবং তফসিলি অধ্যুষিত এলাকায় যেখানে প্রাথমিক বিদ্যালয় আছে সেখানে কোনও ক্যাটিগোরি নেই, সেগুলিকে বিবেচনা করা হচ্ছে।

শ্রী গণেশচন্দ্র হাটুই : স্কুলগুলিকে লেস ভিলেজ হতে হবে। এখন দূরত্ব যদি এক মাইলের কম হয় তাহলে সেই স্কুলগুলিকে কি দেওয়া যাবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আদিবাসী অধ্যুষিত এলাকায় হলে দেওয়া হবে।

শ্রী শিশিরকুমার ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয় একটি প্রশ্নের জবাবে বললেন যদি এই জাতীয় ঘটনা ঘটে তাহলে দৃষ্টি আকর্ষণ করবেন। ১৯৭৩ সালে ডেপুটি মিনিস্টার ছিলেন

শ্রীমতী অমলা সোরেন, ১৯৭৪ সালে তিনি ছিলেন, ১৯৭৫ সালেও তিনি ছিলেন, এটা আমার [illegible] বলে এই বিষয়ে আমি তার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। দুবার স্কুল পরিদর্শক এনকোয়ারি করেছেন এবং ভাল রিপোর্ট দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত লেনিনগড় স্কুলটির রেকগনিশন হয় নি—এর পর কোথায় গেলে স্কুলটির রেকগনিশন হতে পারে সেটা বলতে পারবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : এমন অনেক অবস্থা দেখা যায় যেমন ২৪ পরগনা জেলায় স্কুল দেওয়া হবে ১০০, অথচ ইন্সপেকটেড হয়েছে ৭০০। এখন আমরা ৭০০ স্কুলকেই তো আর রেকগনিশন দিতে পারব না। এখন এই ৭০০ ইন্সপেকটেড স্কুলের মধ্যে ডিস্ট্রিক্ট অ্যাডভাইসারি কমিটি যে ১০০ স্কুলকে লিস্ট করে প্রায়রিটি দিয়ে পাঠান আমরা সেগুলিকে অনুমোদন দিই।

শ্রী পুরঞ্জয় প্রামাণিক : তফসিলি আদিবাসী বিদ্যালয়গুলি নির্বাচন করবার ভার তফসিলি এবং অদিবাসী কমিটির উপর অর্পণ করা হয়েছে এবং তাতে ৮ দফা কনডিশন ঠিক করে দেওয়া হয়েছে যে কোন্ কোন্ আদিবাসী তফসিলি স্কুলকে কিভাবে মঞ্জুর করা হয়েছে—এটা কি ঠিক?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : তফসিলি ও আদিবাসী স্কুলগুলির ব্যাপারে একটি কমিটি আছে, তাতে স্পেশাল অফিসার আছেন, শিডিউল্ড কাস্ট অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস.এম এলএ যারা আছেন তারা প্রত্যেকেই সেই কমিটির মেম্বার প্লাস শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবস অ্যাশোসিয়েশনের সভ্য যারা আছেন তারাও এর মেম্বার এবং অন্যান্য কিছু কিছু যারা মেম্বার আছেন তাদের কাছে লিস্ট পাঠিয়ে দেওয়া হয়েছে। তারা এই ব্যাপারে তাদের নিজের জেলায় যে সমস্ত আদিবাসী তফসিলি এলাকায় প্রাইমারি স্কুল নেই সেই বাবদে তারা যে কোটা পেয়েছেন সেই কোটার মধ্যে সংখ্যা সীমিত রেখে তদন্ত করে প্রায়রিটি বেসিসে লিস্ট আমাদের কাছে পাঠাবেন—সেগুলি আমরা অনুমোদন দেব।

শ্রী পুরঞ্জয় প্রামাণিক : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সমস্ত বিদ্যালয় শতকরা ৫০ ভাগ আদিবাসী তফসিলি ছাত্র-ছাত্রী নেই সেই সব বিদ্যালয়কে আদিবাসী তফসিলি বিদ্যালয় হিসাবে পরিগণিত করা হচ্ছে কিনা?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : এই রকম অভিযোগ আসে নি। আমি আগেই বললাম প্রত্যেকটি জেলায় আদিবাসী তফসিলি অ্যাডভাইসারি কমিটি আছে তারা আমাদের কাছে লিস্ট পাঠাবেন—যদি দেখা যায় আপনি যে কথা বললেন—নির্দিষ্ট এলাকা নেই অথচ তফসিলি স্কুল দেবার পরিকল্পনা চলছে, সেই রকম রিপোর্ট আমাদের কাছে এলে আমরা নিশ্চয় ব্যবস্থা নেব।

শ্রী সত্যরঞ্জন বাপুলি : মন্ত্রী মহাশয় বলেছেন অ্যাডভাইসারি কমিটি তারপরে বোর্ড থেকে পাঠালে আমরা সেটা করে দিই। আমি কোনও একটা সঠিক রুলস মন্ত্রী মহাশয়ের

কাছ থেকে জানতে চাইছি—অ্যাডভাইসারি কমিটি অ্যাডভাইস দেয় যেটা পাঠানো হয় ডি পি আই-এর কাছে সেটা হচ্ছে বাই দি বোর্ড এবং তারপরে স্ক্রিনিং কমিটি, ক্যাবিনেট সাব-কমিটির কাছ থেকে স্ক্রুটিনি হয়ে তবে ঠিক করা হয়। মাননীয় মন্ত্রী মহাশয় যে তথ্য দিলেন যে শুধু অ্যাডভাইসারি কমিটি দিলে এবং বোর্ড থেকে পাঠালে আমরা করে দিই, এটা কি ঠিক কথা—রুলস্‌টা কি সেটা আপনি হাউসে বলুন।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আমরা অ্যাডভাইসারি কমিটির কাছে একটা কোটা দিই এবং আমরা ৪০টি কোটা ২৪ পরগনা জেলার জন্য দিয়েছি এবং এই ৪০টাই অনুমোদন পাবে এবং ৪১টি দিলে একটি বাতিল হয়ে যাবে এবং পার ৪০ স্টুডেন্ট একটি টিচার—যদি দেখা যায় ৫ জন টিচারের নাম দিয়েছেন সেখানে আমরা দিতে পারব না। আমরা যে নির্দেশ দিয়েছি সেই নির্দেশ অনুযায়ী সব কিছু লিস্টের মধ্যে ঠিক থাকলে অনুমোদন দিই।

[1-40 — 1-50 p.m.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি যেটা জানতে চেয়েছিলাম সেটার উত্তর হল না। উনি যে পদ্ধতির কথা হাউসের কাছে রাখলেন সেটা পদ্ধতি নয়। আমি জানেত চেয়েছিলাম পদ্ধতিটা এই রকমভাবে করেন কিনা। আমরা জানি কিভাবে হয়। কিন্তু উনি হাউসে অন্য কথা বলেছেন। সেটারই ক্লারিফিকেশন আমি চেয়েছিলাম।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : এটা ঠিক কথা নয়। অ্যাডভাইসারি কমিটি যে তালিকা আমাদের কাছে পাঠান তাতে আমরা মাননীয় শিক্ষামন্ত্রীর অনুমোদন নিই। আমাদের যে ক্যাবিনেট সাব-কমিটি আছে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তার চেয়ারম্যান, তিনি সেই অনুমোদন দেন। আমি বলেছি কোটা যদি বেশি থাকে, ছাত্র অনুপাতে যদি বেশি হয় তাহলে সেখানে আমরা নিশ্চয় স্ক্রুটিনি করে বাদ দিই।

শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস এরিয়াতে প্রাইমারি স্কুল করার জন্য একটি কমিটি আছে। আমি যতদূর জানি তাতে বলতে পারি মাত্র গত ডিসেম্বর মাসে আমরা এই ধরনের চিঠি পেয়েছি। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কবে তিনি এই নির্দেশ পাঠিয়েছেন।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : এই কমিটি আমরা করিনি, শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস ওয়েলফেয়ার দপ্তর থেকেই এই কমিটি করা হয়েছে। এই কমিটি অনেকদিন আগে থেকেই আছে। কমিটির কাছে আমরা স্কুলের কোটাটা পাঠিয়ে দিই।

শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে : কমিটি একটা ছিল সেটা আমরা জানি কিন্তু তার জন্য ফাংশন ছিল, প্রাইমারি স্কুলের ব্যাপারটা ছিল না। আমার জিজ্ঞাস্য, এটা কি সম্প্রতি হয়েছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস ওয়েলফেয়ার কমিটি শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস এলাকায় প্রাইমারি স্কুল দেবে এই পদ্ধতিটা এ বছর

থেকেই গ্রহণ করা হয়েছে।

শ্রী আব্দুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তরে সন্তুষ্ট হতে পারি নি বলেই আবার আমাকে ক্লারিফিকেশন চাইবার জন্য দাঁড়াতে হয়েছে। আমি একটি জেলা স্কুলবোর্ডের ভাইস-চেয়ারম্যান, আমি নিজের চোখে দেখেছি, যেখানে ১০০ পারসেন্ট শিডিউল কাস্ট এবং যেখানে আংশিক কিম্বা ফুললি শিক্ষকরা শিডিউল কাস্ট সেখানে শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস ওয়েলফেয়ার কমিটির কাছে সেই স্কুলের নাম প্লেস করা হয়নি। স্যার, শুধু আদিবাসী স্কুল বললেই হয় না, সেখানে আদিবাসী থাকার দরকার আছে। আমার জিজ্ঞাস্য, আপনার দপ্তর থেকে এই রকম সুনির্দিষ্ট নির্দেশ যাবে কিনা যে, যেখানে ৭০/৮০/৯০ ভাগ লোক শিডিউল কাস্ট বা শিডিউল ট্রাইবস সেখানে স্কুল করা হোক এবং ছেলেরা যারা শিক্ষকতা করবে তাদের অন্ততপক্ষে শিডিউল কাস্ট বা শিডিউল ট্রাইবস হতে হবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আপাতত প্রত্যেক ডিস্ট্রিক্ট অ্যাডভাইসারি কমিটিকে বলে দিয়েছি যে আদিবাসী এবং তফসিলি জাতি অধ্যুষিত এলাকায় আপনার জেলায় এই কটা কোটা পাওনা হয়েছে, আপনারা অনুমোদন দেবার ব্যবস্থা করুন। তবে যদি সেই রকম প্রশ্ন দেখা দেয় এবং অ্যাডভাইসারি কমিটি আমাদের জানায় তাহলে আমরা নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করব।

শ্রী আব্দুল বারি বিশ্বাস : দেয়ার মাস্ট বি রুলস, দেয়ার মাস্ট বি এ পলিসি। তাদের যদি উন্নতি করতে হয় তাহলে নির্বাচিত এলাকায় স্কুল করা দরকার এবং সেই সমস্ত স্কুলে যারা শিক্ষকতা করবে তারা শিডিউল কাস্ট বা শিডিউল ট্রাইবস বা আদিবাসী হওয়া দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় এই সুনির্দিষ্ট নিয়ম থাকা উচিত কি না জানাবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : ডিস্ট্রিক্ট ওয়াইজ যে অ্যাডভাইসারি কমিটি আছে তারা যদি বলে যে আপনারা যে ক্লারিফিকেশন দিয়েছেন বা যে রুলসের কথা বলছেন তাতে আমাদের অসুবিধা হচ্ছে আমরা ক্লিয়ার ক্লারিফিকেশন চাই বা এত পারসেন্ট চাই তাহলে আমরা নিশ্চয় সেটা দেখবো। আমরা আপাতত বলে দিয়েছি যে তফসিল জাতি বা উপজাতি অধ্যুষিত এলাকায় দেবেন। এই ক্ষেত্রে যদি কোনও অসুবিধা হয় এবং সেই কমিটি যদি আমাদের জানায় তাহলে নিশ্চয় আমরা সেটা দেখব।

Shri A.H. Besterwitch : The Hon'ble Minister has repeatedly said that there is Scheduled Castes and Scheduled Tribes Advisory Committee in every district. Hon'ble Chief Minister is here and I like to bring it to his notice too. It is a fact that a portion of schools has been allotted to this Advisory Committee. Is the Hon'ble Minister aware that the Scheduled Castes and Scheduled Tribes Committee in the district sits once in a year ?

Shri Gobinda Chandra Naskar : It is not my duty to dictate the

Committee anything. I have not yet received any information as you have said.

Shri A. H. Besterwitch : You have allotted certain schools to the Advisory Committee and it sits once a year. How is it possible for that Advisory Committee to recommend schools as per your clarification ?

Shri Gobindra Chandra Naskar : The Scheduled Castes and Scheduled Tribes Advisory Committee meets once a year—I think, it is not true.

Mr. Speakar : No matter of arguing. Once or twice—there is no bar, there is no rule.

Shri Siddartha Shankar Ray : In the Indoor Stadium the Wrestling Championship competition is already on. Mr. Besterwitch may go there and if he wants the Minister I will send him to have a fight.

Mr. Speaker : Once, twice thrice or four times the meeting can be held. But there is no subject matter or no agenda they do not call any meeting. On any particular subject matter they can call a meeting. This is the difficulty. Now let us come to starred question. No.1 and No. 4 again. The starred question No. 1 is of Shri Kashinath Misra who is not here. If the Hon'ble Minister agrees he can read the answer.

Shri Gobindra Chandra Naskar : I am ready to read it.

Mr. Speaker : Then the Starred Question No. 1 may be put up.

দ্বাদশ ক্লাস চালু করার ব্যবস্থা

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী কাশীনাথ মিশ্র :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারি কতগুলি উচ্চমাধ্যমিক স্কুলকে ইন্টারমিডিয়েট কলেজ-এর আওতায় আনার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ; এবং

(খ) দ্বাদশ ক্লাস চালু করার জন্য আজ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :

(ক) আপাতত প্রায় ১০০০ স্কুল ও কলেজ দ্বিবার্ষিক উচ্চতর মাধ্যমিক শিক্ষা প্রবর্তনের পরিকল্পনা আছে। জেলাওয়ারি সংখ্যা এখনও নির্দিষ্ট করা হয় নাই।

(খ) দ্বিবার্ষিক উচ্চ মাধ্যমিক শিক্ষা রূপায়ণের জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ঃ—

১) সাধারণ শাখা ও বৃত্তিমূলক শাখার পাঠক্রম নির্ধারিত হইয়াছে।

২) দ্বিবার্ষিক উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রবর্তনের জন্য রাজ্যব্যাপী পরিদর্শন কার্য চলিতেছে।

৩) পাঠ্যপুস্তক বিশেষত বিভিন্ন শাখার পাঠ্য সেকশন প্রণয়নের কার্য গ্রহণ করা হইয়াছে।

৪) পাঠ্যক্রম, পাঠ্যসূচি এবং শিক্ষাপ্রতিষ্ঠান বিষয়ক নিয়মাবলী প্রণয়ন করা হইয়াছে।

৫) রাজ্যের বিভিন্ন স্থানে বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বহু তথ্যানুসন্ধানী সভা অনুষ্ঠিত হইয়াছে।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ উনি বললেন যে কতকগুলি উচ্চ মাধ্যমিক স্কুলকে ইন্টার মিডিয়েট কলেজের আওতায় আনা হবে, সে সম্পর্কে এখনও পরিদর্শনের কাজ চলছে। কিন্তু এই সম্পর্কে খবরের কাগজে নানা রকম তথ্য আগেই বেরিয়েছে সেগুলি সবটাই সরকারের অনুমোদিত কিনা জানি না। তাতে পরিচালনা ব্যবস্থা কি হবে অর্থাৎ এই যে দ্বাদশবর্ষ স্কুল হবে তাতে এই ইউনিটগুলোর পরিচালনা ব্যবস্থা কি হবে, মাদার ইন্সটিটিউশনের সঙ্গে তার কি সংযোগ থাকবে, ম্যানেজিং কমিটি একটা থাকবে না দুটো হবে, টাকা পয়সার ব্যবস্থা কি হবে, শিক্ষক কারা হবে ইত্যাদি নানা রকম তথ্য খবরের কাগজে বেরিয়েছে এবং এটা নিয়ে শিক্ষানুরাগীমহলে একটা প্রচন্ড বিভ্রান্তি এবং চিন্তা আছে। সেই সম্পর্কে কোনও সুস্পষ্ট সিদ্ধান্ত গভর্নমেন্ট এখনও করে নতুন পর্ষদকে বা কাউন্সিলকে জানিয়েছেন কিনা?

[1-50 — 2-00 p.m.]

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ পশ্চিমবঙ্গ উচ্চতর মাধ্যমিক শিক্ষা সংসদ আগের বছর তৈরি হয়েছে এবং তারা ঠিক করেন। আপাতত সিদ্ধান্ত নেওয়া যা হয়েছে তাতে ঠিক হয়েছে সেপারেট ম্যানেজিং কমিটি এবং পৃথক টিচিং স্টাফ এইগুলো দেখাতে হবে। এইগুলো যেখানে প্রথমে না পাওয়া যাবে সেখানে অ্যাডহক কমিটি করে নতুন শিক্ষা প্রতিষ্ঠানগুলো চালু করবে।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ এই কথাটা যে কতখানি ভুল সেটা আপনি বুঝবেন একটা হাইস্কুল বা হায়ার সেকেন্ডারি স্কুল ছিল, সেখানে কি নিজেদের ম্যানেজিং কমিটিই অ্যাডহক কমিটি দেখাবে, তার ফান্ডও সেপারেট করে দেখাবে? যার ফলে একটা ক্রাইসিস দেখা দিয়েছে, যারা ডিজার্ভিং ভাল স্কুল তারা আসতে চাইছে না কিন্তু বাজে স্কুলগুলো দরখাস্ত করে বসে আছে, এর কি হবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : রিজার্ভ ফান্ড রাখতে হবে এবং দরখাস্তকারী স্কুলের যে ম্যানেজিং কমিটি আছে তাদেরকেই একটা সেপারেট অ্যাডহক কমিটি করে দেখাতে হবে। এবং দরখাস্ত করার কথা যা বললেন দরখাস্ত পড়েনি, এটা ঠিক নয়, এই পর্যন্ত ১৬৬৭টি দরখাস্ত পড়েছে।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : ব্যাপার হচ্ছে, আমি জিজ্ঞাসা করতে চাইছি, কমিটি তৈরি করে দিচ্ছে কে? কিছু ইন্সটিটিউশন দরখাস্ত করছে তার যে বর্তমান ম্যানেজিং কমিটি, সেটাই কি অ্যাডহক কমিটি তৈরি করে দিচ্ছে না, একটা সেপারেট কমিটি করে দেখানো হচ্ছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : যে সব হায়ার সেকেন্ডারি স্কুল দরখাস্ত করেছে ১২ ক্লাস করার জন্য, তাদের যে ম্যানেজিং কমিটি রয়েছে তারাই করে দিচ্ছে যদিও সেটা আমাদের অনুমোদন সাপেক্ষ।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : যাদের নতুন ইন্সটিটিউশন, তারা না হয় আট হাজার টাকা দেখিয়ে দিল। কিন্তু বর্তমানে হায়ার সেকেন্ডারি স্কুলগুলোর টাকার অবস্থা কি সেটা সরকারের কাছে দিবালোকের মতো স্পষ্ট, দে আর অলরেডি অ্যাফিলিয়েটেড স্কুলস উইথ দি গভর্নমেন্ট সুতরাং সেই আট হাজার টাকা কিভাবে সংগ্রহ করা হবে, সেটা জানাবেন?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : তাদের কি ফান্ড আছে না আছে সেটা অন্য আলোচ্য বিষয় কিন্তু নতুন ১২ ক্লাস করার জন্য সেপারেট আট হাজার টাকা দেখাতে হবে।

শ্রী গণেশচন্দ্র হাটুই : আপনি বললেন যাদের একাদশ শ্রেণী আছে, তারা যদি ১২ ক্লাস খুলতে চায় সেখানে একটা সেপারেট অ্যাডহক কমিটি হবে এবং তার ফান্ড আলাদা থাকবে। কিন্তু সেই স্কুলের বিজ্ঞান বিভাগের ল্যাবরেটরিতে যে কেমিস্ট্রি, বায়লজি, ফিজিক্স পড়ানো হয়—সেখানেই তো ১২ ক্লাসের ছাত্রদের পড়ানোর ব্যবস্থা করতে হবে, কারণ সেই স্কুলে তো আলাদা করে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়লজি ল্যাবরেটারি করা সম্ভব নয়, যার ফলে এই দুটোর মধ্যে যদি সংঘর্ষ বাধে তাহলে কি বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে ব্যাহত হবে না?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : প্রথমটা একটু অ্যাডজাস্ট করে নিতে হবে এবং পরে সেপারেট ল্যাবরেটারি করে নিতে হবে।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : স্পনসর্ড কমিটিই কি একজিসটিং কমিটিগুলো? এটা বলুন।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আমি বললাম, বর্তমানে কিছু হায়ার সেকেন্ডারি স্কুলে যে কর্মকর্তারা আছেন, তারা যদি ১২ ক্লাসে যায়, তবে তারা অ্যাডহক কমিটি তৈরি করে দেবে, তবে সেটা আমাদের অনুমোদন সাপেক্ষ।

শ্রী শীশ মহম্মদ : কোনও বিশেষ জায়গায় একটা কলেজ আছে এবং সেই কলেজে কমার্স ও হিউম্যানিটিস আছে, আবার সেখানে স্কুলও আছে এবং সেই স্কুলে সাইন্স, হিউম্যানিটিস এবং কমার্স আছে। সেখানে তারা উভয়েই দরখাস্ত করেছে, স্কুলও দরখাস্ত করেছে, কলেজও

দরখাস্ত করেছে দ্বাদশ ক্লাসের জন্য, সেখানে কে পাবার উপযুক্ত হবে, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আমরা যে ১০০০ শিক্ষা প্রতিষ্ঠান কে অনুমোদন দিচ্ছি তার মধ্যে ৮৫০টি হবে স্কুল এবং ১৫০টি হবে কলেজ। যদি দেখা যায় পাশাপাশি কলেজ এবং স্কুল উভয়েই চাইছে, তাহলে সেখানে এ বিষয়ে যে কনডিশন করবে সেই পাবে।

শ্রী শীশ মহম্মদ : আমি বলছি পাশাপাশি স্কুল এবং কলেজ দুটোই আছে। কিন্তু স্কুলে সাইন্স, হিউম্যানিটিস এবং কমার্স তিনটি বিভাগই আছে, আর কলেজ হিউম্যানিটিস এবং কমার্স, এই দুটো আছে, সেখানে টুয়েলভ ক্লাসের মঞ্জুরি পাবার কে যোগ্য হবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আমাদের প্রতিটি জেলায় ৬ জনকে নিয়ে ইনস্পেকটিং টিম করা হয়েছে, তারা দুটোকে দেখে যাকে যোগ্য মনে করবেন সেই পাবে।

শ্রী শীশ মহম্মদ : এখানে আমি আপনার মতামত চাইছি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : আমার ব্যক্তিগত কোনও মতামত নেই।

প্রাথমিক শিক্ষা আইন অনুসারে জেলা স্কুল বোর্ড গঠন

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৭) **শ্রী নিতাইপদ সরকার :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রাথমিক শিক্ষা আইন অনুসারে জেলা স্কুল বোর্ডগুলি গঠনে সরকার উদ্যোগী হইতেছেন ; এবং

(খ) সত্য হইলে কবে নাগাদ উক্ত আইনানুসারে জেলা স্কুল বোর্ডগুলি পুনর্গঠিত হইবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :

(ক) হ্যাঁ। ১৯৭৩ সালের নতুন প্রাথমিক শিক্ষা আইনে "জেলা স্কুল বোর্ডের" স্থলে "জেলা প্রাথমিক বিদ্যালয় কাউন্সিল" গঠিত হইবে।

(খ) নতুন আইনানুসারে জেলা প্রাথমিক বিদ্যালয় কাউন্সিল গঠন সংক্রান্ত নিয়মাবলী চূড়ান্ত হইলে কাউন্সিল গঠনে উদ্যোগ নেওয়া হইবে।

শ্রী নিতাইপদ সরকার : আপনি কি জানেন যে ৭৩ এবং ৭৪ সালে ১৯৭২ সালে গঠিত যে অ্যাডভাইসারি কমিটি ছিল তাকে আবার পুনর্গঠন করা হয়েছে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : এটা আপনার প্রশ্নের সঙ্গে জড়িত নয়, তবে যেখানে ২ বছর বা ৩ বছরের টার্ম শেষ হয়েছে, সেখানে নতুন করে চেঞ্জ করা হচ্ছে?

শ্রী নিতাইপদ সরকার : যখন পরিবর্তন করা হচ্ছে তখন নতুন আইন অনুসারে করা হচ্ছে কি?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : নতুন আইন এখনও প্রয়োগ করা হয়নি।

শ্রী নিতাইপদ সরকার : নতুন আইন কত দিনের মধ্যে প্রয়োগ করা হবে?

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : ড্রাফ্‌ট পাবলিকেশন হয়ে গেছে, ৭টি রুলের মধ্যে ৪টির ফাইনাল পাবলিকেশন হয়ে গেছে, আর তিনটে বাকি আছে। আমরা আশা করছি ১৫ই মার্চের মধ্যে কমপ্লিট হয়ে যাবে তারপর আমরা ডিস্ট্রিক্টের ডি আই কে জানিয়ে দেব, তিনি ১৯৭৩ সালের নতুন প্রাথমিক শিক্ষা আইন অনুযায়ী জেলা প্রাথমিক বিদ্যালয় কাউন্সিল গঠনের কাজ আরম্ভ করবেন।

শ্রী নিতাইপদ সরকার : এটা ৭৬ সালের মধ্যে হবার সম্ভাবনা আছে কি?

Starred Questions

(to which written answers were laid on the Table)

নতুন দ্বিবার্ষিক পাঠক্রম

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪) **শ্রী কাশীনাথ মিশ্র :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে নতুন দ্বিবার্ষিক পাঠক্রম চালু করার জন্য সিলেবাস নির্মাণের কাজ কবে নাগাদ শেষ হইবে ; এবং

(খ) উক্ত সিলেবাস রচনার দায়িত্ব কোন্ কোন্ শিক্ষাবিদ্‌কে দেওয়া হইয়াছে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ হইতে প্রাপ্ত সংবাদে জানা যায় যে, সাধারণ শাখার সিলেবাস ছাপানো হইতেছে। আশা করা যায়, আগামী মার্চ মাসের প্রথম সপ্তাহে উক্ত ছাপানো সিলেবাস প্রকাশিত হইবে। বৃত্তিমূলক শাখার সিলেবাস তৈয়ারির কাজ সমাপ্ত প্রায়। আগস্ট-এপ্রিল মাসে উক্ত সিলেবাস ছাপা হইয়া বাহির হইবার সম্ভাবনা আছে।

(খ) প্রতি বিষয়ের সিলেবাস রচনার দায়িত্ব প্রতি বিষয়ের জন্য অভিজ্ঞ শিক্ষাবিদ্‌সহ সাতজন সদস্য শাখা গঠিত কমিটির উপর ন্যস্ত ছিল। সাধারণ শিক্ষার জন্য ৪৭টি এবং বৃত্তিমূলক শিক্ষার জন্য ৯টি বিভিন্ন কমিটি গঠিত হইয়াছিল।

ADJOURNMENT MOTIONS

Mr. Speaker : I have received four notices of adjournment motions

from the following membrs on the subjects of—

1) Strike situation at the Bata Shoe Co. from Shri A. H. Besterwitch

2) Closure of mills and factories as well as lay off in the state from Shri Biswanath Mukherjee and Shrimati Ila Mitra.

3) Lay off of 200 workers in Titagarh Jute Mill from Shri Kanai Bhowmik, Shri Girija Bhusan Mukhopadhyaya and Shri Sisir Kumar Ghosh.

4) Retrenchment of 64 workers on 13-2-76 at the Gestetner Duplicators (Private) Ltd. from Shrimati Geeta Mukhopadhyaya, Shri Biswanath Chakrabarti and Shri Niranjan Dihidar.

RULING FROM CHAIR

As a matter of parliamentary practice it is well settled that an adjournment motion to be admissible must have essential elements the most important of which is that they must relate to a matter of such recent occurrence and urgency that a discussion brooks no delay. The House cannot be asked to postpone its normal business on each and every occasion. It is this reason that has led the Indian Parliamentary practice to evolve other forms of parliamentary devices to add to the arsenal of a legislator.

The system of calling attention which is absolutely of Indian origin is one device which gives opportunity to the members to draw attention of the Government to matters of urgent public importance. I consider that the matters raised by the honourable members in their adjourment motions, though relate to questions of urgent public importance, are not, however, of such an emergent nature as to require an immediate postponement of the other business of the House. Besides, according to the recent Indian parliamentary practice a matter is not considered urgent from the point of view of a adjournment motion if an opportunity of its discussion will arise in the ordinary course of business within a reasonably short time. In this particular case every member shall have an opportunity to discuss the matter referred to in the adjournment motions during the discussion of the Governor's Address which will begin immediately. On all these considerations I refuse my consent or withhold my

consent to the raising of the adjournment motions. The members may now read the text of the motions.

I call upon Shri A. H. Besterwitch.

শ্রী বিশ্বনাথ মুখার্জি : স্যার, আপনি আমাদের পড়ার সুযোগ যা দিয়েছেন তা আমরা নেব। কিন্তু আমি যে বিষয়ের কথা বললেন, আমরা আপনাকে নজির দেখাচ্ছি আমাদের West Bengal Assembly-র Proceedings থেকে। ১৯৬৪ সালে হাওড়া মিউনিসিপ্যালিটির স্ট্রাইক-এর ব্যাপারে কাশীকান্ত মৈত্র মহাশয় যা অ্যাডজর্নমেন্ট মোশন দিয়েছিলেন তখন ডেপুটি স্পিকার আশুবাবু চেয়ারে ছিলেন। তিনি যদিও অ্যাডজর্নমেন্ট মোশন অ্যালাউ করেননি। কিন্তু তিনি কাশীবাবু, কানাই ভট্টাচার্য ইত্যাদিকে বক্তৃতা করতে দিয়েছিলেন এবং বিজয় সিং নাহার তার উত্তর ও দিয়েছিলেন। এর পরও আরও কয়েকজন বক্তৃতা করার পর ডেপুটি স্পিকার বলেন এবার আমরা বিজনেস-এ যাচ্ছি। ১৯৬৬ সালে, ১৯৬৪ সালে ঠিক বাজেট সেশন-এ এইরকম অ্যাডজর্নমেন্ট মোশন আনা হয়েছিল। ১৯৬৬ সালে অ্যাডজর্নমেন্ট মোশন আনা হয়েছিল বসিরহাটের ফায়ারিং সম্বন্ধে এবং তাতে আপনিও অংশগ্রহণ করেছিলেন। সেই অ্যাডজর্নমেন্ট মোশন ছিল ডাঃ নারায়ণ রায়ের নামে। তখনও আশুবাবু চেয়ারে ছিলেন। এটা নিয়ে অনেক তর্কাতর্কি হয়। এটা আশুবাবু অ্যালাউ করলে নারায়ণ চৌবে এটা মুভ করেন এবং পরের দিন এটা আলোচনা হয়। দুই নম্বর ডাঃ জয়নাল আবেদিন ১৯৭০ সালে এইরকম একটা আনেন এটা আমাদের Proceedings আছে। নারকেলডাঙ্গার ব্যাপার নিয়ে এই অ্যাডজর্নমেন্ট মোশনে এসেছিল। এটা নিয়ে এক/দেড় ঘণ্টা তর্কাতর্কি হয়। এখনকার মুখ্যমন্ত্রী তখন বিরোধীদলের নেতা হিসাবে বক্তৃতা করেছিলেন। তখনকার স্পিকার ঠিক এই কথাই বলেন এটা কন্টিনিউড বিষয় নয় বলে অ্যালাউড নয়? ওরা বলেন যে এটা কালকের ঘটনা। আমার এটাও ২০ তারিখের বিষয়। যেদিন সেশন আরম্ভ হয়েছে কিন্তু সেদিন বক্তৃতা করা যায় না বলে আজ দিয়েছি। ওরা বলেন কন্টিনিউড বিষয় কাল হয়েছে এবং এখনকার মুখ্যমন্ত্রী তখন বিরোধীদলের নেতা হিসাবে স্পিকারকে খুব তিরস্কার করেন এবং সকলে তখন বলতে আরম্ভ করেন। তারপর ডাঃ জয়নাল আবেদিন বললেন কেন আমাকে বলতে দেওয়া হবে না এবং এ নিয়ে তার সঙ্গে যতীন চক্রবর্তী-র সঙ্গে অনেক তর্কাতর্কি হল। এইরকম আমার কাছে লিস্ট আছে। ১৯৭০ সালে এই জিনিস হয় এবং এখন যারা সরকারের মধ্যে আছেন তারা অনেকে বিরোধীদলের ছিলেন এবং এখনকার মুখ্যমন্ত্রী তখন বিরোধীদের নেতা ছিলেন। তাদের যুক্তিগুলি পড়ছিলাম, খুব জোরালো যুক্তি, সেই যুক্তি তারা দিয়েছিলেন। ১৯৬৪ সালে ডেপুটি স্পিকার আশুবাবু চেয়ারে ছিলেন, তিনি অ্যালাউ করলেন না, মোশনের উপর বক্তৃতা করতে দিলেন। ১৯৬৬ সালে অনেক তর্কাতর্কির পর, কেশব বাবু তখন স্পিকার, তিনি অ্যালাও করলেন এবং পরের দিন সেই মোশন মুভড হল এবং মুভড হয়ে ২ ঘণ্টা ডিসকাশন হল। ১৯৭৫ সালে স্পিকার অ্যালাও করেননি, কিন্তু দেড় ঘণ্টা জোর তর্কাতর্কি হয়েছে। আমার কাছে সেই বিবরণ আছে, তাতে যে জোরালো যুক্তি দিয়ে ছিলেন তাতে বলেছিলেন কন্টিনিউইং এর উপর বা নতুন একটা ঘটনার উপর জেনারেল ডিসকাশনে, ডিবেটে বলতে পারবে। নিশ্চয়ই আলোচনা হবে, একটা বিশেষ বিষয়ে ২ ঘণ্টা

আলোচনাকে ডিউ ইমপর্ট্যান্স দেওয়া উচিত। যে সমস্যার কথা তুলেছি, আমার এই অ্যাডজর্নমেন্ট মোশনের ব্যাপারে আমি আশা করব চিফ মিনিস্টার এবং হাউস একমত হবেন সব পক্ষ, বিরোধী পক্ষ এবং সবাই একটা কনসেন্ট্রেটেড ডিসকাশন ফর টু আওয়ার্স-এর ব্যাপারে সেম সেন্টিমেন্ট এক্সপ্রেসড করবেন। যে ভয়ঙ্কর ঘটনা চলছে এর উপর হাউস উদ্বেগ প্রকাশ করছে সেটার একটা স্যালুটারি এফেক্ট আমদের এখানকার কারখানার মালিকদের উপর হবে যারা ক্লোজার, লক-আউট, লে-অফ রিট্রেনচ করে আমদের প্রোডাকশন বানচাল করছে, আমাদের এখানকার ইকনমিকে সাবাতোজ করছে।

চিফ মিনিস্টার এতে রাজি হবেন। এটা এমন একটা বিষয় যে বিষয়ের উপর একটা পৃথকভাবে ২ ঘণ্টা ডিসকাশন হওয়া উচিত হাউস অ্যাডজর্ন করে। উই ওয়ান্ট টু আওয়ার্স ডিসকাশন। ১৯৬৪ সালে আপনি বলেছিলেন মিনিস্টার স্টেটমেন্ট করলে হবে না, ডিসকাশন করতে দিতে হবে এবং অ্যাডজর্নমেন্ট মোশন অ্যালাও করতে হবে, স্পিকার আপনার যুক্তি মেনে নিয়ে ছিলেন এবং মেনে নিয়ে বলেছিলেন অনেকগুলির ভেতর একটা অ্যালাও করছি। পরের দিন হাউস অ্যাডজর্ন হয়ে ২ ঘণ্টা ডিসকাশন হল। আমি অনেক দিনের সভ্য নই, ১৯৬৬ সাল থেকে সভ্য আছি, আমি যে নজির দেখেছি তাতে বর্তমান চিফ মিনিস্টার এবং আপনি বর্তমান স্পিকার, আপনারা দুজনে যে যুক্তিগুলি দিয়েছিলেন সেগুলি আমার খুব হৃদয়গ্রাহী হয়েছে। স্পিকার কেশববাবু যেমন ২৬ জন উঠে দাঁড়াতে রাজি হয়েছিলেন, চিফ মিনিস্টার যে যুক্তিগুলি দিয়েছিলেন তেমনি আজকে দাঁড়িয়ে বলুন যে ঠিক আছে, এটা একটা কমন ইস্যু এটা গভর্নমেন্টের বিরুদ্ধে নয়, এটা আমাদের এখানকার ইকনমিক সিচুয়েশনের উপর একটা ডিজাসটারের বিষয় এবং স্পিকার মহাশয় বলুন যে আমার কোনও আপত্তি নেই, অ্যাডজর্নমেন্ট মোশনের উপর ২ ঘণ্টা ডিসকাশন হোক এবং হাউস ইউনানিমাসলি সেনটিমেন্ট এক্সপ্রেস করুক। সেজন্য আপনাকে রিকনসিডার করতে বলছি এবং চিফ মিনিস্টারকে অনুরোধ করছি তিনি আপনার কাজটা সহজ করে দিতে পারেন। আজকে যদি না হয় কালকে এটা করতে দিতে পারেন। ৭০ হাজার লোক এফেক্টেড হয়ে রয়েছে ক্লোজার, লক-আউট, লে-অফ, রিট্রেঞ্চমেন্টের জন্য, আবার ফারদার থ্রেট করছে জুট মিলস যে আমরা ২০ পারসেন্ট লুম বন্ধ করে দেব। ১৪টা জুট মিলের মালিক বলছে যে আমরা ১৪টা মিল বন্ধ করে দেব।

[2-10 — 2-20 p.m.]

জয় ইঞ্জিনিয়ারিং ফার্ম বলছে আমরা রিট্রেঞ্চ করব এবং তাদের কন্টিনিউয়াস থ্রেট চলছে। কাজেই এই অবস্থায় আমরা যদি হাউসে সকলে একত্রিত হয়ে একটা ডিসিসন নেই তাহলে আমার মনে হয় তাতে বাংলাদেশের উপকার হবে। আমার অ্যাডজর্নমেন্ট মোশন আমি দিয়েছি ২০ তারিখে যেদিন আমাদের হাউস প্রথম বসেছে। টিটাগড় জুট মিল রিট্রেঞ্চ করেছে এবং সেকথা চিফ মিনিস্টার জানেন লেবার মিনিস্টার জানেন। আমাদের চিফ মিনিস্টার জানেন, লেবার মিস্টার জানেন অ্যাপেক্স বডির মিটিং-এ ডিসিসন হয়েছিল কেউ ছাঁটাই করবে না, কিন্তু আমরা দেখছি এখনও তারা ছাঁটাই করছে, সব কিছু করছে। ভারত সরকার

এই ব্যাপারে আইন পাস করেছেন এবং তাতে রাষ্ট্রপতির অ্যাসেন্ট হয়েছে। ভারত সরকার এই ব্যাপারে রুলস তৈরি করেছেন এবং সমস্ত স্টেট গভর্নমেন্টকে বলেছেন তোমরাও রুলস তৈরি কর। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখছি তারা এই সমস্ত জিনিস করছে, ইউন্যানিমাস ডিসিসনকে ডিফাই করছে। আমি মনে করি গভর্নমেন্টের তরফ থেকে তাদের বলা উচিত তোমরা ছাঁটাই, লে-অফ করতে পারবে না, আমরা বোর্ড করব, তোমরা তোমাদের যুক্তি তর্ক দাও এবং গভর্নমেন্ট তার উপর ডিসিশন নেবে। গভর্নমেন্ট যদি এটা করে এবং হাউস থেকে আমরা সকলে একত্রিত হয়ে এই সেন্টিমেন্ট এক্সপ্রেস করি যেটা আমি বলছি তাহলে দেখবেন সমস্ত কিছু বন্ধ হয়ে যাবে এবং গভর্নমেন্টও এদের কন্ট্রোল করতে পারবে। এখন যেটা চলছে সেটা কন্ট্রোলের বাইরে রয়েছে। কাজেই বলছি আপনি আপনার রুলিং পুনর্বিবেচনা করুন এবং চিফ মিনিস্টার রাজি হন। এর উপর আগামীকাল দুঘণ্টা আলোচনা হোক এই রুলিং আপনি দিন এই অনুরোধ আমি আপনার কাছে রাখছি। ১৯৯৬ সালে এরকম হয়েছিল যেদিন অ্যাডজর্নমেন্ট মোশন এসেছে তার পরের দিন সেটা আলোচনা হয়েছে।

RULING FROM CHAIR

Mr. Speaker : Mr. Mukherjee, I have allowed you to clarify your position and you have elaborately clarified the situation. But may I draw your attention to the fact that every fact has its own perspective ? When a firing takes place, as in 1964, it is generally visited by great public commotion leading to emergent situation of great dimension, and the then Speaker or the Deputy Speaker might have considered it a sufficient ground for allowing adjournment motion. But under the present practices in Lok Sabha and other legislative Bodies of India a certain position has been taken and you know there has been a consensus amongst the Speakers all over India under the leadership of Lok Sabha Speaker it has almost been decided that we will not allow any Adjournment Motion when the Members speak on the subject immediately after a few minutes or a few hours.

শ্রী বিশ্বনাথ মুখার্জি : স্যার, শুধু বলবার জন্যই কি অ্যাডজর্নমেন্ট মোশন আনা হয়, জেনারেল ডিবেটের সময়, রাজ্যপালের ভাষণের উপর আমরা ১০/১৫/২০টি সাবজেক্টের ওপর বক্তৃতা করব, কিন্তু অ্যাডজর্নমেন্ট মোশনের একটা পাবলিক ইমপর্টেন্স আছে।

Mr. Speaker : But in the present cases, adjournment motions relate to certain chronic economic factors. Of course we are deeply concerned with chronic economic factors and the Government is also deeply concerned with the matter. It neither arises out of a sudden situation but a continuing one nor its remedy can be suggested by an immediate corrective measure. Both the reasons for the dislocation in the industrial sector have deep-rooted causes and its remedy also lies

in long-term programme. So the adjournment motions can hardly give the adequate opportunity for its effective discussion, and the discussion on Governor's Address will give an elaborate opportunity for mentioning these matters. You will be the first speaker in the discussion on Governor's Address and you will get ample opportunity to elaborately discuss these things. I think the Hon'ble Ministers also must come forward to reply on the particular points what will be raised.

শ্রী বিশ্বনাথ মুখার্জি : আপনি বললেন, সেটা ঠিক কিন্তু ক্রনিক ব্যাপার হলে অ্যাডজর্নমেন্ট মোশন অ্যালাউ করা উচিত। যার ওপর ইমিডিয়েট রেমেডি হতে পারে, তার জন্য কেন দেবেন না?

Mr. Speaker : You will have elaborate opportunity to discus the matter, if necessary, for hours together, and you can find remedy in Hon'ble Minister's reply. So what is the benefit of duplicating one thing and discussing a matter twice or thrice? If you would not have got that opportunity, the matter would have stood on a different footing.

Now I call upon Shri A. H. Besterwitch to read his adjournment motion.

Shri A. H. Besterwitch : This Assembly do now adjourn its business to discuss a definite matter or urgent public importance and of recent occurence viz. situation arising out of indefinite strike by the workers of the factory of Bata Shoe Co. Ltd. since February 18 as a result of uncompromising attitude of the management on the issue of bonus.

Mr. Speaker : Now I call upon Shri Biswanath Mukherjee.

Shri Biswanath Mukherjee : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely :-

> Recent acute hardship of workers in West Bengal on account of unilateral and arbitrary closure of a number of mills and factories as well as large-scale lay off and retrenchment of workers and the employees in the State of West Bengal by the capitalists, particularly the monopolists, in defiance of the decisions of the national and State Apex bodies, such as by the National Tobacco Company, Texmaco, Hind Motors, Wellington Jute Mills etc., more recently by Gestetner.

Duplicators (P) Ltd. on 13-2-76 and lay off by Titagarh Jute Mills (No. 1) on 20-2-76 and further threat by them to reduce production and resort to lay off and retrenchment such as by the India Jute Mills Association, Jay Engineering works, Empire Jute Mills etc., in order to reap super profits, terrorise workers and exploit them more brutally by increasing workload and reducing wages etc., resulting in a very grave situation of sabotage of industrial production and increase in unemployment, distress and discontent amongst workers and employees who readily responded to the patriotic call for increased production and implementation of 20 point programme.

[2-20 — 2-30 p.m.]

And in such a grave situation the failure on the part of the Government to combat such anti-working class and anti-national policy of employers and to impose discipline on such employers by forcing them to abide by the decision of the Apex bodies to which the Government also is a party, failure of the Government to force them to withdraw such closures, lockouts, retrenchments, lay offs, etc., and then come to discussion table.

Shri Kanai Bhowmick : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance on recent occurrence, viz, lay off of more than 200 workers by employer of Titagarh Jute Mill No. 1 on 20-2-76 in gross defiance of the recent amendment to the Industrial Disputes Act.,

Shrimati Geeta Mukhopadhyaya : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, Retrenchment of 64 workers on 15-2-76 by the employers of Gestetner Duplicators (P) Ltd/, a multinational Company, in gross defiance of the recent amendment to the Industrial Disputes Act.

Calling Attention to matters of urgent Public Importance

Mr. Speaker : I have received 7 notices of Calling Attention on various subjects

1. Examination in work education in new ten class Secondary Course from : Shri Md. Dedar Baksh

2. The accident in New Kenda Colliery on 21-2-76 from	:	Shri Md. Dedar Baksh
3. Destruction of coconut plants with two and a half lakhs of rupees in Sundarbans areas from	:	Shri Md. Dedar Baksh and other.
4. Auction sale of forest products of Sundarbans from	:	Shri Md. Dedar Baksh
5. Strike for an indefinite period resorted to by the workers of the Bata Shoe Company from 18-2-76	:	Shri A.H. Besterwitch and other.
6. The serious flood situation prevailing in the district of Murshidabad. from	:	Shri A.H. Besterwitch and other.
7. Non-payment of pay for the month of January 1976 to the Primary teachers. from	:	Shri Sambhu Narayan Goswami.

out of which I have selected the notice of Shri Mohammad Dedar Baksh and others on the subjects of destruction of cocoanut plants planted at a cost of Rs. 2.5 lakhs in Sundarban areas. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On the 26th, Sir,

POINT OF ORDER

Shri A. H. Besterwitch : On a point of order, Sir. I wish to draw your attention to the Bulletin Part II of February 11, 1976, No. 1133 Language of Amendment. It is written, "Members are requested to kindly note that textual amendments to Motions, Resolutions or Bill should be submitted in the same language as that of the original motions, resolutions or Bills." In this connection, my point of order is, supposing a motion or a resolution or a Bill comes in any other language than Bengali or English, how many members of the House will

be able to give their amendments in proper grammatical way? I think, this is rather curtailing the privileges of the members of this House. Further, the Governor's address was in English, but the resolution was in Bengali and it was seconded by Shri Iswar Chandra Tirkey in Hindi. I think, it is a 'Jagakhichuri'. In which Language we are going to submit the amendment whether in English or Bengali or Hindi ? I think, for this reason the members should be allowed to submit the amendments according to the language they prefer. But here I find that the privileges of the members are curtailed. I request you, Sir, to consider this language of amendment so that it will become a precedent.

For instance, if a member gives a resolution in Nepali, then how many of us are able to give the amendments in Nepali, or if a member gives a resolution in Hindi or Santhali, how many of us can give the amendments in Hindi or Santhali ? That is why, I request you very kindly to see that this language issue is taken into account this is my point of order. I think, the resolution etc., relating to the Governor's address becomes null and viod because the same was in English but the resolution was in Bengali and it was seconded in Hindi by honourable member Shri Iswar Chandra Tirkey. There are three languages in that and still you want the amendments are to be submitted in the same language. In which language we are to give the amendments ? So, I request you that there should be correct thing in the Bulletin.

RULING FROM THE CHAIR

Mr. Speaker : Mr Besterwitch, it is not curtailing the privilege of a member, but it is enlarging the privilege of the honourable members. On the address given by the Governor there was a motion of thanks that was given in Bengali language. But the address itself was in English. Any other language may be used in bringing any other resolution or Bill in the House. Now the Bengali version Bills can also be introduced in the House. What we have said is that when the original resolution or the original Bill is in a particular language the amendments must be tabled in that particular language. If that is not done then how can you correlate it. Say, a Bill is introduced in English and someone says, "I do not follow English so I am going to introduce the amendment in Bengal." How do you correlate these two? So, the language in which the resolution or a Bill or a motion come before the House the amendments or other motions must come in that particular language. If there is any difficulty and if the honourable members can empower this

Secretariat then we can help them in translating their amendments or motions in that particular language. We are always here to assist or to help the honourable members to bring the amendment in that particular language. If there is a resolution in Nepali language I can ask the honourable member to give his version in Bengali for translation of the resolution or amendment in that particular language. That will help the honourable members. If any honourable member wants to move his amendment in Nepali language he can get help from my office in translating it from English or Bengali in Nepali language. Our office is here to help you. Before the amendment is in order I must look into it whether it correlates the original resolution or the motion itself. It is only to help the honourable members. It is enlarging the privileges of members that has been inserted in the Bulletin. There is no misgiving. If there is any difficulty you can get help from our Secretariat.

[2-30 — 2-40 p.m.]

Shri A. H. Besterwitch : If that be the case, people who do not understand Bengali cannot give any amendment.

Mr. Speaker : He may come to the office and I will give him all possible help for translating his amendment.

Shri A. H. Besterwitch : No. Sir, there cannot be any such hard and fast rule.

MENTION CASES

শ্রী মহঃ দেদার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষামন্ত্রী গোবিন্দবাবু এতক্ষণ ছিলেন, এখন তিনি এখানে উপস্থিত নাই যদিও তবু আমি আপনার মাধ্যমে তার দৃষ্টি আকর্ষণ করছি—আমরা খবরের কাজে দেখেছি দশম শ্রেণীর বিদ্যালয়ের জন্য নতুন সিলেবাস হয়েছে—সেই সিলেবাস অনুযায়ী কর্ম-শিক্ষা, শারীর শিক্ষা ও সমাজ সেবা বিষয় পরীক্ষা নেওয়া হবে। এই পরীক্ষা আগামী ২৪শে ফেব্রুয়ারি থেকে আরম্ভ হবার কথা। কাগজে দেখেছি—কাল পর্যন্ত খবর নিয়েছি যে বিভিন্ন বিদ্যালয়ে কালকাতা এবং মফস্বলে—এখন পর্যন্ত কোনও নির্দেশ পৌছায়নি। কাজেই এই যে মধ্যশিক্ষা পর্ষদের গাফিলতি—এই রকমভাবে পরীক্ষা ব্যাপারে গোলমাল হচ্ছে—প্রশ্নোত্তর কালে মন্ত্রী মহাশয় বললেন অভিভাবক ও ছাত্রছাত্রীদের এ সম্পর্কে অ্যালার্ট হতে হবে। আমি তখন অতিরিক্ত প্রশ্ন করবার সুযোগে এ ব্যাপারে যাইনি যে, তিনি এর দ্বারা কি মিন্‌স করেছেন ; এখন মন্ত্রী মহাশয় এসে গেছেন। তাকে বলব এটা কেন হচ্ছে? মাধ্যমিক পর্ষদ কেন এই রকম ব্যবস্থা করছেন? মানসিক দিক থেকে ছাত্রছাত্রীদের যদি আগে থেকে প্রস্তুত না হতে পারে,

তাহলে কেমন করে তারা ভাল ফল করবে? যেকানে স্কুল কর্তৃপক্ষ অভিভাবক, ছাত্রছাত্রী সকলে কি রকম একটা উদ্বেগের মধ্যে দিন কাটাচ্ছেন। এই যে অবস্থা চলছে, এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে পার্ট বিবৃতি দাবি করছি—যাতে সত্ত্বর এর একটা সুরাহা হতে পারে।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমার এলাকায় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়গণের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিশেষভাবে অবগত আছেন যে আমার এলাকা বিগত কয়েক বছর ধরে নদী ভাঙ্গনে বিধ্বস্ত এবং সেই সঙ্গে জনসাধারণের ও কষ্টের সীমা নাই—দিনের পর দিন তাদের জমি ভাঙনে ভেঙ্গে যাচ্ছে "আর সরকার যেভাবে ব্যবস্থা করবার চেষ্টা করছেন, কতদূর কি করছেন না করছেন তা সরকারই জানেন। কিন্তু গভর্নরের বক্তব্য শুনেছি—সে সম্বন্ধে কোনও কথা নাই, সরকার ও সুনিশ্চিতভাবে অনিশ্চয়তার মধ্যে আছে। আমার এলাকার মধ্য দিয়ে ফিডার ক্যানেল যাবার ফলে অনেক দিন ধরে বহু চাষের জমি জলমগ্ন হয়ে যাচ্ছে,—ফসল হচ্ছে না। ফলে কৃষকরা সেখানে ঋণগ্রস্ত হচ্ছে। এ বছর তাদের কাছ থেকে সরকারি ঋণ আদায়ের ব্যাপারে সরকার খুবই কড়াকড়ি ও বাড়াবাড়ি করছেন। সরকারি ঋণ তারা নিশ্চয়ই পরিশোধ করবে। তবে আমার এলাকার ঋণ আদায়ের ব্যাপারে সরকার যেন কড়াকড়ি কার্যকর শিথিল করেন—। একাদিকে তারা গৃহহারা অন্য দিকে ফ্লাড-এ বিধ্বস্ত। আমার অনুরোধ সরকার একটা বছরে জন্য ঋণ আদায় রিল্যাক্স করুন। আমরা ঋণ দিতে প্রস্তুত।

শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে—একটা জরুরি বিষয়ের প্রতি সমগ্র মন্ত্রিসভার—বিশেষ করে শিল্পবাণিজ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আপনি খবরের কাগজে নিশ্চয়ই দেখেছেন বাঁকুড়া জেলায় প্রচুর পরিমাণে উৎকৃষ্ট ধরনের কয়লা পাওয়া গেছে। বাঁকুড়া চিরদিনই একটা অনগ্রসর জেলা। গ্রামাঞ্চলে দীর্ঘদিন ধরে শিল্পস্থাপনের জন্য আমরা বার বার সরকারকে বলে এসেছি। অথচ কিছুই হয় নাই। আজকের দিনে জ্বালানী কয়লার গ্রামের লোক উৎকৃষ্ট গোবর সারকে ঘুটে করে জ্বালানী হিসাবে ব্যবহার করছে। কোলাঘাটে যে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হয়েছে— সেখানে এখন প্রচুর পরিমাণ কয়লার প্রয়োজন। আমাদের দাবি যে মেইজা থেকে বাঁকুড়া পর্যন্ত একটা রেলওয়ে লাইন করে এবং তার সঙ্গে সঙ্গে রাণীগঞ্জের যোগাযোগ করে যত তাড়াতাড়ি মেজা থেকে কয়লা তোলার জন্য যাতে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি হয় তার জন্য মুখ্যমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বাঁকুড়া জেলার লোকে এই বাঁকুড়া অনগ্রসর এবং শিল্পে অনুন্নত একথা বলে এসেছি। আজকে যে সুযোগ পেয়েছি বিশেষ করে আজকে ২০ দফা অর্থনৈতিক প্রস্তাব আমাদের মাননীয় প্রধানমন্ত্রী যেটা ঘোষণা করেছেন তাতে এই কাজকে অগ্রাধিকার দেওয়া উচিত। আমাদের বাঁকুড়া এবং পুরুলিয়া জেলাতে শতকরা ৯০ জন মানুষ অভাবগ্রস্ত। বহু শ্রমিক এবং বহু বেকার এই কয়লাখনি থেকে জীবিকা নির্বাহ করতে পারবে এবং তাতে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক বুনিয়াদ নতুনভাবে সৃষ্টি হবে। তাই আমি দাবি করছি

বাঁকুড়া জনগণের প্রতিনিধি হিসাবে আবেদন রাখছি, আজকে বাঁকুড়াতে যে কয়লা পাওয়া গিয়েছে সেটা উত্তোলনের জন্য যেন ব্যবস্থা করেন। এই সম্পর্কে একটা স্টেটমেন্টও দাবি করছি। এই যে কয়লা গিয়েছে এখানে রেল সংযোগের জন্য কি ব্যবস্থা করছেন? কেন্দ্রীয় সরকারের কাছে কি এই ব্যাপারে মুভমেন্ট করেছেন? স্টেট গভর্নমেন্ট কি করেছেন। এই ব্যাপারে মাননীয় শিল্পমন্ত্রীর কাছে একটা স্টেটমেন্ট দাবি করছি।

[2-40 — 2-50 p.m.]

শ্রী অজিতকুমার গাঙ্গুলি : স্পিকার স্যার, আপনার কাছে একটা গুরুতর ব্যাপার উপস্থিত করছি। আমাদের প্রধানমন্ত্রী তার ২০ দফা কর্মসূচির মধ্যে বাস্তুহীনদের বাস্তু দেবার কথা বলেছেন। আর আজকে এমার্জেন্সির সুযোগ নিয়ে পুলিশ এবং রেলওয়ে কর্মচারিরা হাইকোর্টের টেম্পোরারি ইনজাংশন থাকা সত্ত্বেও একশো তিনটি পরিবারকে গৃহহীন করে দিল বনগাঁয়—এটা একটা অদ্ভুত ব্যাপার। এটা যে কখনও হতে পারে, এই যে সমস্যা, এটা কেউ কখনও ভাবতে পারেনি। কিন্তু এটা ঘটছে। আমরা জানি এই এমার্জেন্সি গলাকাটা এমার্জেন্সি নয়। এই বার যে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল সেটা ঘোষণা করা হয়েছিল অন্য দৃষ্টিভঙ্গি নিয়ে, সেটা হয়েছিল সাধারণ মানুষদের প্রতিক্রিয়াশীলদের হাত থেকে বাঁচাতে। যারা জাতীয় স্বার্থের বিরুদ্ধে, তাদের বিরুদ্ধে একটা অভিযান চালাতে হবে। কিন্তু ঘটাচ্ছে কি? আমি স্যার, আপনার কাছে কাগজটা এনেছি অনারেবল জাস্টিস এ কে মুখার্জির ঘরে আশঙ্কা করে মামলা করেছিলেন। তিনি অ্যাড ইনটিরিম ইনজাংশন দিয়েছিলেন। একটা ইনজাংশনের কপি সেটা জেনারেল ম্যানেজারের কাছে পাঠানো হয়েছিল, বোধ হয় ডিভিশন্যাল সুপারিন্টেনডেন্টের কাছেও পাঠাতে পারে তবে আমি বলতে পারছি না। এদের কাছে পাঠানো হয়েছিল। এগুলো অ্যাডভোকেট তিনি জেলা ম্যাজিস্ট্রেট সাবডিভিসন্যাল ম্যাজিস্ট্রেট তাদের কাছেও পাঠিয়েছেন। তা সত্ত্বেও দেখছি পুলিশ গিয়ে এই ১৩০টি পরিবারকে গৃহচ্যুত করেছে। সেটা যদি দেখেন তাহলে চোখে জল রাখা যাবে না। এরা বড় লোক নয়, এরা দীনমজুর। এদের মেয়েরা ছোট ছোট ছেলেরা কাজ করে। এরা দীর্ঘ ১০/১৫ বছর ধরে আছে। তারা এখানে স্থায়ীভাবে থাকতে চায় না। তারা গভর্নমেন্টকে বলেছিল আমাদের যে জমি ভেস্ট করেছে বা পাশাপাশি কিছু জমি দেওয়া হোক। কিন্তু দেওয়া হয়নি। তারা ভেবেছিল যতদিন না জমি দেওয়া হয় ততদিন তারা থাকতে পারবে। কিন্তু আজকে তাদের বাড়িঘর দোরই শুধু মাটির সঙ্গে মিশিয়ে দেয়নি, পুলিশ সেখানে লঙ্কা গাছ, কলাগাছও কেটে দিয়েছে। আমি সেই কলার একটা নিয়ে এসেছি। এটা করে কি সরকারকে তারা সাহায্য করেছে—এটা ভাবতে হবে যে যে পুলিশ কর্তৃপক্ষ ইনজাংশনকে অবহেলা করে তাদের কেন কনটেমট অফ কোর্ট হবেনা? কেন তাদের শাস্তি হবেনা। এই যে ১৩০টা পরিবারকে গৃহচ্যুত করেছে, মুখ্যমন্ত্রী তিনি স্বরাষ্ট্র দপ্তরের দায়িত্বে আছেন, তিনি পুলিশ কর্তৃপক্ষের কাছে জানবেন কেন সাধারণ গৃহস্থদের গৃহচ্যুত করার ঝুঁকি নিয়েছেন? কেন তা সম্ভব হবে না এবং অবিলম্বে ইনজাংশন করে তাদের থাকতে দেওয়া হোক এবং তাদের ঘর করে দেওয়ার ব্যবস্থা করা হোক এবং সরকারীভাবে আমরা জমি খুঁজছি জমি পেলে অন্য জায়গায় ঘর করে দেবার ব্যবস্থা হোক,

যদি তারা আনঅথরাইজড অকুপাই করে থাকে আমি আপনার কাছে ইনজাংশন অর্ডারের কপি এবং কি পরিমাণ তাদের ক্ষতি করেছে তার নিদর্শন তুলে ধরছি।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দুটি নাবালক শিশুর মৃত্যুকে কেন্দ্র করে সেচমন্ত্রীর নির্দেশ মতো এই জরুরি অবস্থাকে সামনে রেখে ইরিগেশন দপ্তর পুলিশের সাহায্য নিয়ে উলুবেড়িয়া থানার মেদিনীপুর ক্যানেলের ধারে যে ঘটনা ঘটেছে সেটা আমি আপনার মাধ্যমে হাউসের কাছে তুলে ধরছি। সেই ক্যানেলের ধারে দিন-মজুররা ছোট ছোট খড়ের কুঁড়ে ঘর তৈরি করে বাস করছিল। সরকারি কোনও নোটিশ দেওয়া হয়নি, অথচ তাদের ঘরগুলি ভেঙ্গে দেওয়া হয়েছে। ২৭/১/৭৬ তারিখে ভরতচন্দ্র দাস, পিতা সূর্য দাস এবং ১৯/১/৭৬ সেখ গোলাম রসুল, পিতা শেখ জব্বার আলি মারা গেছে এবং সেচ দপ্তরের কোনও নোটিশ নেই, তাদের উপর জোর করে অন্যায়ভাবে জরুরি অবস্থাকে সামনে রেখে নানা রকম অত্যাচার করা হয়েছে। যারা মারা গেছে তাদের পরিবারবর্গকে নিয়ে আমি জেলাশাসকের কাছে স্মারকলিপি দিয়েছি। যারা গরিব মানুষ যাদের বাসস্থান দেবার কোনও ব্যবস্থা নেই, জায়গা দিতে পারা যাচ্ছে না তাদের উপর এই রকমভাবে অত্যাচার করা হয়েছে, যার ফলে দুজন শিশু মারা গেছে—তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই অবস্থাটির তদন্ত করে সরকার থেকে তাদের জমি দিয়ে থাকবার মতো ঘর করে দেবার ব্যবস্থা করা হোক।

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার অতীত কবি কৃত্তিবাসের বাসস্থানের দুরবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন কবি কৃত্তিবাস প্রথম বাংলা সাহিত্য রচনা করেছেন। বাংলা সাহিত্য সৃষ্টিতে যারা ব্রতী হয়েছিলেন তাদের মধ্যে তিনি প্রথম বাঙালির জীবন বেদ, বাঙালি সমাজের দর্পন রামায়ণ মহাকাব্য রচনা করেছেন। কিন্তু দুঃখের বিষয় যে ফুলিয়ার ভাগীরথী তীরে যে বাড়িতে বসে তিনি এই মহাকাব্য রচনা করলেন সেই বাড়িটি সংরক্ষণের ব্যবস্থা আজ পর্যন্ত করা হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৮৯৩ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদের পক্ষে রবীন্দ্রনাথ ঠাকুর আবেদন করেছিলেন বাঙালির কাছে যে কবি কৃত্তিবাসের স্মৃতি রক্ষার ব্যবস্থা করা হোক এবং রবীন্দ্রনাথের এই আবেদনে সাড়া দিয়ে কবি নবীনচন্দ্র সেন যখন নদীয়ার জেলাশাসক হয়ে এলেন তখন তিনি রানাঘাট থেকে সামান্য চাঁদা তুলে ছোট স্মৃতি স্তম্ভ বসানোর এবং আবেদন করলেন উত্তরকালে আমাদের দেশে এমন সব নাগরিক আসবে যে দিন স্মৃতি স্তম্ভ তৈরির ব্যবস্থা করা হবে। নবীনচন্দ্র সেনের আবেদনের পরে বহুদিন চলে গেছে, ভারতবর্ষ ২৭ বছর স্বাধীন হয়েছে কিন্তু দুঃখের বিষয় প্রতি বছর মাঘ মাসের সংক্রান্তির দিনে কৃত্তিবাসের জন্মদিন উদযাপনের জন্য যখন যাই তখন আমাদের লজ্জায় মাথা ছোট হয়ে যায় যে সেখানে বিন্দুমাত্র স্মৃতি রক্ষার ব্যবস্থা নেই। এই নবীন সেন এস ডি ও হিসাবে যেটা বসিয়েছিলেন সেটারও রক্ষাণাবেক্ষণের ব্যবস্থা নেই। এটা আমাদের জাতীয় লজ্জা বাংলা সাহিত্যের লজ্জা এবং বাঙালি হিসাবে আমাদের লজ্জার কথা। আজকে আমি তাই মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে দাবি করছি অবিলম্বে কৃত্তিবাসের মর্যাদা রক্ষা করার জন্য সরকার এগিয়ে এসে যা যা

করণীয় তা করুন।

শ্রী জ্যোতির্ময় মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত জরুরি বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি যে বিষয়টি নিয়ে বলছি তার একটুখানি একটু আগেই প্রশ্নোত্তরের সময় এসেছিল। স্যার, আপনার নিশ্চয় মনে আছে যে ১৯৭৫ সালের বাজেট অধিবেশনের সময় এই বিধানসভায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও মাধ্যমিক বিদ্যালয়ের অশিক্ষক কর্মচারিদের নতুন বেতন কাঠামোর কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ঘোষণা করেছিলেন। স্যার, সেই ঘোষণায় পর পশ্চিমবঙ্গের সমস্ত শিক্ষক সমাজের মধ্যে একটা অসন্তোষ দেখা দিয়েছিল এবং তার ফলে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিরা শিক্ষা মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়েছিলেন এবং অনুরূপভাবে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিরাও মাননীয় মুখ্যমন্ত্রী ও শিক্ষা মন্ত্রীর কাছ তাদের বক্তব্য রেখেছিলেন। তারপর স্যার, শিক্ষা দপ্তর এ বিষয়ে আরও চিন্তা ভাবনা করেন এবং ঐ একই বাজেট অধিবেশনে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সমস্ত ভুলত্রুটি সংশোধন করে নতুন করে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের এবং অশিক্ষক কর্মচারিদের বেতন কাঠামো ঘোষণা করেন। কিন্তু স্যার, আজকে আমার যেটা বক্তব্য সেটা হচ্ছে, তারপর একটা বছর কেটে গেলেও সমস্ত ভুলত্রুটি সংশোধন করে আজ পর্যন্ত এদের বেতন কাঠামোর পুনর্বিন্যাস করা হল না। স্যার, একটু আগেই এই শিক্ষক সমাজের প্রতি দোষারোপ করে বলা হচ্ছিল ঠিক সময় কেন ফল বের হয়না ইত্যাদি কিন্তু আজকে আমি বিনীতভাবে এদের কথা চিন্তা করতে বলব। স্যার, এই শিক্ষক সমাজ যাদের উপর জাতীর মেরুদন্ড সবল করার ভার রয়েছে সেই হতাশগ্রস্ত বিক্ষুব্ধ, দারিদ্র্য পীড়িত শিক্ষকদের আজকেও আমরা তাদের প্রাপ্য টাকা পয়সা দিতে পারলাম না। আজকে এমার্জেন্সি শুধুমাত্র কলকারখানার শ্রমিকদের জন্য নয়, কৃষিতে নিযুক্ত শ্রমিকদের জন্য নয় আজকের এই এমার্জেন্সি ঐ রাইটার্স বিল্ডিং-এর শিক্ষা দপ্তরে নিযুক্ত অন্যান্য কর্মীভাইদের জন্যও।

শ্রী আব্দুলবারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা জরুরি বিষয় আপনার নজরে আনতে চাচ্ছি। এটা সারা পশ্চিমবাংলার এক অংশের একটা বিরাট সমস্যা হয়ে দেখা দিয়েছে। দেশে অভ্যন্তরীণ জরুরি অব্যবস্থা চলছে এবং ২০ দফা কর্মসূচির মাধ্যমে দেশের অর্থনীতিকে উন্নতির পথে এগিয়ে নিয়ে যাবার জন্য কর্মযজ্ঞ শুরু হয়েছে। ভূমিহীন ক্ষেতমজুর, বর্গাচাষী, প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, যারা শতকরা ৬৩ ভাগ লোক গ্রামবাংলায় বাস করে তাদের শতকার ৭৫ ভাগ মানুষ আজকে পশ্চিমবাংলার কৃষির উপর নির্ভরশীল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই খেয়াল আছে, আপনি গত ১৭ তারিখে মুর্শিদাবাদ জেলায় গিয়েছিলেন আমার সৌভাগ্য হয়েছিল আপনার সঙ্গে যাবার। গতকালও সৌভাগ্য হয়েছিল আমাদের রাজ্য কৃষিমন্ত্রী আব্দুল সাত্তার সাহেবের সঙ্গে থাকার। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখলাম যে অব্যবস্থা চাষীর ৯ কোটি টাকা, ঋণ মকুব হয়েছিল, কোন্ সাল পর্যন্ত মকুব হয়েছিল তা কিছু বলা হচ্ছে না এমনভাবে ঋণের নোটিশ হয়েছে। আজকে যে চাষীদের বাঁচাবার জন্য লিগ্যাল aid committee-র মাধ্যমে সাহায্য করা হচ্ছে, যে চাষীদের বাঁচাবার

জন্য বাস্তুভিটা দেওয়া হচ্ছে, যে চাষীদের বাঁচাবার জন্য আজকে স্যালো টিউবওয়েল ডিপ-টিউবওয়েল পাঠানো হয়েছে, যে চাষীদের বাঁচাবার জন্য ভূমিহীনদের জমি দেওয়া হচ্ছে সেই চাষীকে আজকে বলদ বিক্রয় করতে হচ্ছে, সেই চাষীকে আজকে বাসন বিক্রয় করতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলি না যে যাদের কাজ থেকে প্রকৃত ঋণ পাওয়া যাবে সেই ঋণ অনাদায় থাকে। আমি সরকারের কাছে দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কৃষি মন্ত্রী মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব যে গ্রামবাংলার সেই সমস্ত চাষীকে বাঁচাতে গেলে অন্ততপক্ষে যে সমস্ত গম উৎপাদিত এলাকা সেই সমস্ত এলাকায় যতক্ষণ পর্যন্ত গম না উঠছে ততক্ষণ পর্যন্ত এই প্রকারের অত্যাচার করে ঋণ আদায় বন্ধ করা হোক। এই দাবি ন্যায্য কিনা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিবেচনা করে দেখবেন। সরকার বিবেচনা করে দেখবেন। এতে অনেক চাষীর আশীর্বাদ পাবেন আমাদের সরকার। আমাদের দেশের মানুষের আশীর্বাদ পাবেন। এই আশীর্বাদ কামনা করে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে অনতিবিলম্বে এই সার্কুলার দেওয়া হোক যে চৈত্র মাসের আগে যেন এই ঋণ বন্ধ করা হয়।

LAYING OF ORDINANCES

The Jadavpur University (Amendment) Ordinance, 1975

Shri Abdus Sattar : With your permission, Sir, I beg to lay the Jadavpur University (Amendment) Ordinance, 1975 (West Bengal Ordinance No.XX of 1975), under Article 213(2) of the Constitution of India.

The Gangasagar Mela Ordinance, 1975

Dr. Zainal Abedin : With your permission, Sir, I beg to lay the Gangasagar Mela Ordinance, 1975 (West Bengal Ordinance No.XXI of 1975), under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Municipal Employees (Compulsory Retirement) Ordinance, 1975

Shri Subrata Mukhopadhyaya : Sir, I beg to lay the West Bengal Municipal Employees (Compulsory Retirement) Ordinance 1975 (West Bengal Ordinance No.XXII of 1975), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal National Volunteer Force (Amendment) Ordinance, 1975

Dr. Motahar Hossain : Sir, I beg to lay the West Bengal Na-

tional Volunteer Force (Amendment) Ordinance, 1975 (West Bengal Ordinance No. XXIII of 1975), under Article 213(2)(a) of the Constitution of India.

The Oriental Gas Company (Amendment) Ordinance, 1975

Shri Tarun Kanti Ghosh : Sir, I beg to lay the Oriental Gas Company (Amendment) Ordinance, 1975 (West Bengal Ordinance No. XXIV of 1975), under Artcle 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Government Premises (Tenancy Regulation) Ordinance, 1976

Shri Abdus Sattar : With your permission, Sir, I beg to lay the West Bengal Government Premises (Tenancy Regulation) Ordinance, 1976 (West Bengal Ordinance No. 1 of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal University Laws (Amendment) Ordinance 1976

Shri Abdus Sattar : With your permission, Sir, I beg to lay the West Bengal Government University Laws (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. II of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Land Reforms(Amendment) Ordinance, 1976

Shri Gurupada Khan : Sir, I beg to lay the West Bengal Government Land Reforms (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. III of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Restoration of Alienated Land (Amendment) Ordinance, 1976

Shri Gurupada Khan : Sir, I beg to lay the West Bengal Government Restoration of Alienated Land (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. IV of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Universities (Control of Expenditure) Ordinance 1976

Shri Abdus Sattar : With your permission, Sir, I beg to lay the

West Bengal Government Universities (Control of Expenditure) Ordinance, 1976 (West Bengal Ordinance No. V of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Employment Scheme Loans (Recovery) Ordinance, 1976

Shri Sankar Ghose : Sir, I beg to lay the West Bengal Government Employment Scheme Loans (Recovery) Ordinance, 1976 (West Bengal Ordinance No. VI of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Ordinance, 1976

Dr. Zainal Abedin : Sir, with your permission, I beg to lay the West Bengal Government Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. VII of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The Lowis Jubilee Sanitorium (Taking Over of Management) Ordinance, 1976

Shri Tarun Kanti Ghosh : Sir, I beg to lay the West Bengal Government Lowis Jubilee Sanitorium (Taking Over of Managment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. VIII of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Prevention of Defacement of Property Ordinance, 1976

Dr. Motahar Hossain : Sir, I beg to lay the West Bengal Government Prevention of Defacement of Property Ordinance, 1976 (West Bengal Ordinance No. IX of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

LAYING OF RULES

The West Bengal Panchayat (constitution) Rules, 1976

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to lay the West Bengal Panchayat (Constitution) Rules, 1976.

Amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to lay the amendment

to the West Bengal Panchayat (Constitution) Rules, 1974.

Amendments to the West Bengal Zilla Parishad (Leave and Retirement of Staff) Rules, 1973

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to lay the amendment to the West Bengal Zilla Parishad (Leave and Retirement of Staff) Rules, 1973.

Amendments to the West Bengal Panchayat Rules, 1958

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to lay the amendment to the West Bengal Panchayat Rules, 1958

[3-00 — 3-40 p.m.](including adjournment)

LAYING OF REPORTS, PAPERS etc.

Annual Report on the working and affairs of the West Bengal Saxby Farmer Limited for the years 1972-73 and 1973-74

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the West Bengal Saxby Farmer Limited for the years 1972-73 and 1973-74

Annual Report on the woking and affairs of the West Bengal Small Industries Corporation Limited for the year 1973-74

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the West Bengal Small Industries Corporation Limited for the year 1973-74

Annual Report on the working and affairs of the Durgapur Projects Limited for the year 1974-75

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the Durgapur Projects Limited for the year 1974-75.

The Report of the Commision of Inquiry on the affairs of the West Bengal Khadi and Village Industries Board for the period from 1st April, 1960 to 31st March, 1969 and from

1st April, 1969 to 31st March, 1971 along with the *memorandum of action proposed to be taken on the findings/recommendation of the Inquiry Commission.*

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Report of the Commision of Inquiry on the affairs of the West Bengal Khadi and Village Industries Board for the period from 1st April, 1960 to 31st March, 1969 and from 1st April, 1969 to 31st March, 1971 along with the memorandum of action proposed to be taken on the findings/recommendation of the Inquiry Commission.

Annual Report on the working and affairs of the Durgapur Chemicals Limited for the year 1974-75

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the Durgapur Chemicals Limited for the year 1974-75.

Notification No. 282/1/WB/75, dated the 26th December, 1975 issued by the Election Commission of India.

Dr. Motahar Hossain : Sir, I beg to lay the notification No. 282/1/WB/75, dated the 26th December, 1975 issued by the Election Commission of India under section 11 of the Delimitation Act, 1972, containing certain corrections in the Delimitation Commission's Order No. 45 of 30th June, 1975, in respect of the State of West Bengal.

BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : In accordance with the provision of rule 284 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly for the Business Advisory Committee :

(1) Shri Gyan Singh Sohanpal

(2) Shrimati Ila Mitra

(3) Shri Ajit Kumar Basu (Hooghly)

(4) Shri A. H. Besterwitch

(5) Shri Abdul Bari Biswas

(6) Shri Pradyot Kumar Mahanti

(7) Shri Nandalal Banerjee, and

(8) Shri Manoranjan Pramanik.

PANEL OF CHAIRMEN

I also announce the panel of Chiarmen for the current session as follows :-

(1) Shri Ajoy Mukhopadhayay

(2) Shri Ananda Gopal Mukherjee

(3) Shri Somnath Lahiri

(4) Shri Abdul Rauf Ansari

(5) Shri Ardhendu Sekhar Naskar

(6) Shri A. H. Besterwitch

(At this stage the House was adjouned for 30 minutes)

(After Adjournment)

[3-40 — 3-50 p.m.]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

Mr. Speaker : Shri Brajakishore Maiti has already moved a motion of thanks on the 20th February, 1976. I now call upon Shri Biswanath Mukherjee to initiate discussion.

শ্রী বিশ্বনাথ মুখার্জি : স্যার, রাজ্যপালের ভাষণের ভেতরে এমন অনেক প্রসঙ্গ আছে যেগুলি বাজেটের সময় আবার আলোচনা হবে। অর্থাৎ আবার অর্থমন্ত্রী আনবেন এবং তখন বিস্তৃত আলোচনা হবে। আমি কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয়ে আমার দলের বক্তব্য রাখতে চাই। ১১ মাসের অবস্থা এবং সরকারি কার্যকলাপের উপর ভাষণ দিয়েছেন রাজ্যপাল। এর ভেতরে ৭ মাস ছিল বা এখনও চলছে জরুরি পরিস্থিতি। অথচ রাজ্যপালের ভাষণে একমাত্র ৬নং প্যারাগ্রাফে একটু পরোক্ষ মেনশন ছাড়া জরুরি পরিস্থিতি সম্বন্ধে কোনও আলোচনা নেই। আমরা জানি জরুরি পরিস্থিতি উদ্ভব হয়েছিল কি জন্য? সাম্রাজ্যবাদের পৃষ্ঠপোষকতায় আমাদের দেশে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল কতকগুলি বিরোধীদল তারা সংসদীয় গণতন্ত্রকে বানচাল করে জবরদস্তি ক্ষমতা দখল করার জন্য একটা চক্রান্ত করছিল। তাদের চক্রান্ত সফল হলে সাম্রাজ্যবাদের অনুগত চরম প্রতিক্রিয়াশীল রাজত্ব কায়েম হতে পারত। আগে চিলি এবং পর্তুগালে, বাংলাদেশের ঘটনা থেকে জানি বিপদ কতটা হয়েছিল এবং আমাদের স্বাধীনতা গণতন্ত্র ও প্রগতির উপর বিপদ কতটা আসছিল। আমি ও বিষয়ে বিশদ আলোচনা করতে চাই না। পৃথিবীর সর্বাধিক প্রচারিত আমেরিকান সাম্রাজ্যবাদীয় পত্রিকা টাইমস অথবা নিউজ উইক অথবা পশ্চিম ইউরোপের বিভিন্ন পত্রপত্রিকা সম্বন্ধে যারা খবর রাখেন তারা জানেন

না তারা দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলদের পৃষ্ঠপোষকতা করছিলেন এবং সেসব তারা গোপন রাখেন। পশ্চিম ইউরোপের জার্মান এবং অন্যান্য দেশের সংবাদপত্র সেই জিনিস করেছে। এখানে যারা করছেন তাদের ব্যাপারও আপনারা জানেন বোধ হয় আমি উল্লেখ করেছিলাম। আমার ঠিক মনে নেই ২৬শে জুন যেদিন জরুরি পরিস্থিতি ঘোষিত হয় তার আগের দিন ২৫শে জুন তারিখে মোরারজি দেশাই জনসভা থেকে ফিরে এসে কয়েকজন ইটালিয়ান সংবাদপত্রের রিপোর্টারকে ইন্টারভিউ দিয়েছিলেন, সেই ইন্টারভিউ ইটালিয়ান সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল। হাঙ্গেরিতে তার ইংরাজি অনুবাদ বেরোয়, সেটা আমরা দেখেছি। তিনি এতদূর অগ্রসর হয়েছিলেন যে আমরা ৭ দিনের মধ্যে ইন্দিরাকে নামিয়ে ফেলছি একথা বলেছিলেন। তিনি উল্লেখ করেছিলেন যে আমার কাছে একজন শিখ ভদ্রলোক এসে বললেন যে ইন্দিরাকে আমি গুলি করে মারব, আমি বললাম যে আমি অহিংসক, গুলি করে মারা আমি পছন্দ করি না। তিনি বললেন যে আপনি অনুমতি দিন, আমি নিশ্চয়ই গুলি করে মারব। তারপর তিনি মন্তব্য করেছেন দেশে এমন একটা অবস্থা হয়েছে যে যদি কেউ ইন্দিরাকে মেরে ফেলে আমি কি করব, তারা নির্বাচনের জন্য অপেক্ষা করবে না, সুপ্রিম কোর্টের রায়ের জন্য অপেক্ষা করবে না এবং আপনারা জানেন জনসংঘের যে হাতিয়ার আর, এস এস সেই শক্তিকে সমবেত করেছিলেন এবং সংসদীয় গণতন্ত্রকে উল্টিয়ে দিয়ে পিছনের দরজা দিয়ে ঢোকার চেষ্টা করেছিলেন। সংসদীয় গণতন্ত্রের এই রকম একটা অবস্থা চলছিল। এটা ঠিক যে সাময়িকভাবে একটা চক্রান্ত হয়েছিল, কিন্তু সাম্রাজ্যবাদের চাপ কি বন্ধ হয়েছিল? শেষ পর্যন্ত ফোর্ড সাহেবের উক্তি কি প্রচন্ড চাপের সৃষ্টি করেছিল। ওয়ার্ল্ড ব্যাঙ্কের যে বক্তব্য আমাদের সম্বন্ধে যেটা ২০শে অক্টোবর ইকনমিক টাইমস-এ প্রকাশিত হয়েছে, তাতেও তারা আমাদের কাছে বলেছে যে তোমাদের ভারী শিল্পের কাজ নেই, তোমরা এক্সপোর্টের ব্যবস্থা কর, আমাদের কাছ থেকে ঋণ পাওয়ার জন্য ব্যবস্থা কর। মার্কিন এবং ভারতের আর্থনৈতিক সহযোগিতার জন্য যে কমিটি তার ভেতর আমেরিকার কোটিপতিদের পক্ষে যে সাহেব এসেছিলেন তিনি কিরকম অপমানজনক উক্তি করে গেছেন সেটা সকলেই সংবাদপত্রে দেখেছেন। আমরা বুঝি কি আমাদের ইন্টারেস্ট মাল্টিন্যাশনাল কোম্পানিকে স্বাধীনতা দেওয়া উচিত, এই কথা বলে গেছেন। অর্থনৈতিক ক্ষেত্রে শুধু নয়, যদি সাময়িক দিক থেকে দেখি তাহলে দেখব এই জরুরি অবস্থায় বাংলাদেশে কি ঘটনা ঘটছে তা আপনারা জানেন। বাংলাদেশের গভর্নমেন্ট দু-একটা ব্যাপারে আমাদের সঙ্গে কথাবার্তা চালাচ্ছে, ব্যবসা-বাণিজ্য করতে চাইছে। কিন্তু মার্কিন গভর্নমেন্ট বাংলাদেশ গভর্নমেন্টের সঙ্গে, পাকিস্তানের সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতা করছে এবং পাকিস্তানকে মার্কিন সাম্রাজ্যবাদ আবার সশস্ত্র করছে। শুধু বাংলাদেশ এবং পাকিস্তান নয়, নতুন ঘটনা হচ্ছে পারস্য উপসাগরে মার্কিন গভর্নমেন্ট শত শত হাজার হাজার কোটি টাকার অস্ত্র সরবরাহ করছে আশে পাশের কতকগুলি রাষ্ট্রকে এবং আবার সেই পুরাতন মিডিল ইস্ট অ্যালায়েন্স সেন্টো তাকে পুনরুজ্জীবিত করবার চেষ্টা করছে। ফলে পাকিস্তান, ইরান, তুরস্ক আবার অস্ত্র জড় করবে। দিয়াগো-গার্সিয়ায়, পাকিস্তানের একটা বন্দরে আমেরিকা একটা বেস তৈরি করবে বলে দিয়েছে।

সুতরাং বিভিন্ন দিক থেকে তারা ভারতবর্ষকে ঘিরে রাখছে এবং অর্থনৈতিক দিক থেকে

একটা চাপ সৃষ্টি করছে এবং সেই সঙ্গে উপদেশ দিচ্ছে তোমরা অর্থনৈতিক স্বাধীনতা বন্ধ কর এবং নয়া উপনিবেশবাদ মেনে নাও। কাজেই দেখা যাচ্ছে আমাদের উপর সাম্রাজ্যবাদীদের একটা প্রেসার রয়েছে। কিন্তু এর কারণ কি? এর কারণ হচ্ছে গত দু বছর ধরে পশ্চিমী সাম্রাজ্যবাদীদের দেশে যে অর্থনৈতিক সঙ্কট চলছে সেটা থেকে রেহাই পাবার জন্য তারা আমাদের মতো দেশের উপর একটা চাপ সৃষ্টি করতে চাচ্ছে। কাজেই এই ব্যাপারে শুধু আমাদের দেশের সঙ্গেই নয়, সারা দুনিয়ার সঙ্গে তাদের বিরোধ সৃষ্টি হচ্ছে। আপনারা খবরের কাগজে দেখতে পাবেন তৃতীয় দুনিয়ার সঙ্গে সাম্রজ্যবাদীদের বিরোধ চলছে। আপনারা আরও দেখতে পাবেন এই তৃতীয় দুনিয়ার এমন কি যারা সাম্রাজ্যবাদী ঘেঁষা লোক আছে আজকে তারাও সকলে একসঙ্গে মিলে সাম্রাজ্যবাদীদেব এই চাপকে প্রতিরোধ করবার কথা ভাবছে। আজকে অর্থনৈতিক দিক থেকে এবং অর্থনেতিক ভিত্তিতে চাপ এসেছে এবং সাম্রাজ্যবাদীরা তাদের মাল্টি ন্যাশনাল কোম্পানিকে এক্সপ্যান্ড করবার সুযোগ খুঁজছে। তাদের সঙ্গে আমাদের এই বিরোধ যে আরও তীব্রতর হচ্ছে সেকথা প্রধানমন্ত্রী চন্ডীগড়ে স্বীকার করেছেন এবং এই ব্যাপারে তিনি খুব কড়া কথা বলেছেন। তার এই উক্তির জন্য আমেরিকান গভর্নমেন্ট অফিসিয়ালি প্রতিবাদ করেছেন। তারা প্রতিবাদ করলেও আমরা জানি এইসব চক্রান্ত চলছে এবং এটাও আমরা জানি কিভাবে একটা দেশের গভর্নমেন্টকে উল্টে পাল্টে দেবার চেষ্টা চলছে। তাদের এই চাপের ব্যাকগ্রাউন্ডে আমাদের মনে রাখতে হবে গত ২৫শে জুনের ঘটনা। আমরা এটা জানি সাম্রাজ্যবাদীদের পৃষ্ঠপোষকতা ছাড়া ফ্যাসিস্টরা কখনও তাদের হাতে ক্ষমতা রাখতে পারেনি। কাজেই মূল নায়ক যে সাম্রাজ্যবাদীরা সেকথা আমাদের মনে রাখা দরকার। তবে আমাদের দেশের ব্যাপারে একটা জিনিস আমরা দেখেছি যে এবারে সৈনিকদের সামলে রাখা গেছে। সশস্ত্র বাহিনীর কোনও অংশ তাদের এই চক্রান্ত নামেনি। ভেতরে ভেতরে কারুর সঙ্গে সহযোগিতা ছিল কিনা আমরা জানি না, কিন্তু একথা ঠিক সশস্ত্র বাহিনীর কোনও অংশ এই চক্রান্ত নামেনি এবং তার ফলে এই সঙ্কট থেকে উত্তীর্ণ হওয়া গেছে। কিন্তু আমার কথা হচ্ছে আমাদের উপর সাম্রাজ্যবাদীদের এরকম চাপ যদি থাকে তাহলে ভবিষ্যতে যে এরকম ধরনের চক্রান্ত আবার হবে না সেকথা কে বলতে পারে। অনেক দেশে দেখা গেছে একটা চক্রান্ত ব্যর্থ হবার পর আবার সেখানে চক্রান্ত হয়েছে। আমরা জানি এটা একটা কন্টিনিউং প্রেসার। আমার বক্তব্য হচ্ছে এরকম চাপ যদি থাকে তাহলে সেখানে আমাদের কর্তব্য কি? ভবিষ্যতে যদি এরকম ঘটনা হয় তাহলে আমাদের প্রধান কর্তব্য হচ্ছে জনসাধারণকে সজাগ করা, তাদের উদ্বুদ্ধ করা, তাদের সংহত করা। বাংলাদেশ আমাদের বন্ধু রাষ্ট্র, সেখানে যে ঘটনা ঘটল তাতে দেখেছি আর্মড ফোর্সের একটা অংশ ছিল সরকারের সঙ্গে এবং আর একটা অংশ ছিল সরকারের বিরুদ্ধে, কিন্তু জনসাধারণ সেখানে ঐক্যবদ্ধ ছিল না, সংঘবদ্ধ ছিল না বলে আমরা দেখলাম সেখানে কোনও প্রতিরোধ হল না। আমাদের এখানে আর্মড ফোর্স এল না এটা ভাল কথা, তারা প্যাট্রিওটিজম দেখিয়েছেন। কিন্তু সাম্রাজ্যবাদীদের যখন চক্রান্ত রয়েছে এবং তাদের সঙ্গে যখন প্রতিক্রিয়াশীলদের যোগাযোগ রয়েছে এবং জনসাধারণের মধ্যে যখন ব্যাপক বিক্ষোভ রয়েছে তখন আমাদের মনে রাখা দরকার যে জনসাধারণকে সজাগ রাখতে হবে, তাদের সংঘবদ্ধ করতে হবে।

ভবিষ্যতে যদি এরকম গুরুতর চক্রান্ত আবার হয় তারজন্য জনসাধারণকে সজাগ রাখতে হবে, তাদের সুসংহত করতে হবে এটা আমাদের প্রধান কর্তব্য এবং সেকথা আমাদের নিশ্চয়ই মনে রাখা উচিত।

[3-50 — 4-00 p.m.]

এই দিক থেকে আমি বলছি, এই যে ২০ দফা কর্মসূচি ঘোষণা করা হয়েছিল সেটা এই উদ্দেশ্য নিয়ে কিন্তু এমার্জেন্সির পর অ্যারেস্ট করা হল, জেলে পোরা হল—তাহলেই ফুরিয়ে গেল? তাহলে এই ২০ দফার দরকার কি ছিল? এরজন্য করা হয়েছিল, শুধু সাপ্রেস করার জন্য নয়। কিন্তু জনসাধারণ হচ্ছে শেষ মালিক। এমার্জেন্সির মধ্য দিয়ে তাদের স্বার্থ কি রক্ষা করা হচ্ছে? তারা যাতে প্রতিক্রিয়াশীলদের খপ্পরে না পড়ে, তারা যাতে কনস্পিরেসির জালের মধ্যে ইনডাইরেক্টলি জড়িয়ে না পড়ে তার জন্যই এই কর্মসূচি ঘোষণা করা হয়েছিল। এই কর্মসূচি প্রধানত সীমাবদ্ধ গ্রামের দরিদ্র জনসাধারণের মধ্যে এবং গ্রামের কায়েমি স্বার্থের উপর যাতে আঘাত করা যায় সেই উদ্দেশ্যই ছিল। আমি ২০ দফার কর্মসূচি সম্বন্ধে পরে বিস্তৃত আলোচনা করব কিন্তু এখানে আমি দুঃখের সঙ্গে একটা কথা বলছি—মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন তাকে সামনে রেখে একথা বলছি যে এই ২০ দফা কর্মসূচি রূপায়িত হয়েছে বা না হয়েছে তার চেয়ে বড় কথা যে আজকে গভর্নমেন্ট নির্ভর করছে কার উপর নির্ভর করছে আমলা পুলিশের উপর। আজকে পশ্চিমবাংলার জেলায় জেলায় যে দরিদ্র জনসাধারণ গরিব চাষী ক্ষেত মজুর গরিব কুটিরশিল্পী ছোট চাষী ইত্যাদি যারা আছে যাদের সাহায্যের জন্য এই ২০ দফা কর্মসূচি হচ্ছে তাদের মধ্যে কতটুকু উৎসাহ উদ্দীপনা সৃষ্টি করা হয়েছে, তাদের সলিডারিটি এর পেছনে কতটুকু অর্গানাইজ করা হয়েছে, তাদের সাহায্যে কতটুকু ক্যারি আউট করা হচ্ছে? শুধু তাই নয়, এর ভেতর দিয়ে এদের সংঘবদ্ধ করা শক্তি হিসাবে দাঁড় করানো এবং এদের মধ্যে একটা আশার সৃষ্টি করার উদ্দেশ্য ছিল। তারা ভেবেছিল বোধহয় এবার কিছু হবে কিন্তু ক্রমশ সেই আশা তিরোহিত হচ্ছে। আমলা পুলিশের হাতে পড়ে গ্রামের কায়েমি স্বার্থের যোগসাজসে এর বেশির ভাগই বানচাল হয়ে যাচ্ছে। গ্রামের জনসাধারণ, তাদের চেতনা বাড়ানো, তাদের সংহতি বাড়ানো, তাদের সংগঠন বাড়ানো সেটা এর ভেতর দিয়ে হচ্ছে না। কিন্তু সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার শিল্পক্ষেত্র—যে জন্য আমরা অ্যাডজর্নমেন্ট মোশন এনেছিলাম, তার ওপর আলোচনা হল না, কিন্তু কথাটা হচ্ছে খুবই গুরুতর। আমাদের পশ্চিমবাংলা শুধু মাত্র একটা কৃষি রাজ্য নয়, শুধু মাত্র কৃষি ভিত্তিক রাজ্য নয়। ইংরাজ আমল থেকে মহারাষ্ট্রের বোম্বে এবং পশ্চিমবাংলার কলকাতা শিল্পের ঘাটি ছিল, বিদেশী সাম্রাজ্যবাদের ঘাটি ছিল। বড় বড় একচেটিয়া দেশি, বিদেশী পুঁজিপতি এখানে ছিল। এখন তারা কি করছে? আমি কথাটা তুলছি কেন, কারণ এটা একটা গুরুতর ব্যাপার বলে আমি মনে করি। দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল চক্রান্ত বলুন আর ফ্যাসিস্ট চক্রান্ত বলুন আর সাম্রাজ্যবাদী চক্রান্তেই বলুন, ব্যাপারটা একটা দলের বা লোকের ব্যাপার নয়। এই যদি আমরা আমাদের জীবনের অভিজ্ঞতায় না বুঝতে পারি তাহলে আর কি বলব? আমি ছেলেবেলায় যখন ১৯৩২-৩৩ সালে জার্মানিতে ফ্যাসিইজম-এর অভ্যুদয় হল তখন থেকে পড়াশুনা করে যা বুঝেছি, তার পর থেকে আজ পর্যন্ত যত দেশে যা

হয়েছে আমি দেখেছি যে এর পিছনে একটা সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ভিত্তি রয়েছে। সেই ভিত্তিটা কি? আমি এখানে একটা ছোট্ট উদাহরণ দিচ্ছি। চিলি-তে কি হল? চিলি-তে মিলিটারি কুপ-ডি-এট হল, এই যে মিলিটারি জনতা এসে নির্বাচিত রাষ্ট্রপতিকে গুলি করে মারল, হাজার হাজার দেশ কর্মীদের শুধু নয়, কমিউনিস্টদের শুধু নয়, যারা নিরপেক্ষ জাতীয়তাবাদী মধ্যবিত্ত শ্রেণীর দল, এমন কি ধর্মযাজক, যারা এতে আপত্তি জানিয়েছিল, তাদের গ্রেপ্তার করে, হাজার হাজার লোককে জেলে পুরে তাদের ওপর জঘন্য অত্যাচার করেছিল। আমরা জানি জাতিসংঘে এই নিয়ে এনকোয়ারি বসেছে, কিন্তু তাদের যেতে দেয়নি। ইন্টার ন্যাশনাল দিক থেকে যে সমস্ত ঘটনা প্রকাশিত হয়েছে, আপনারা সকলেই জানেন যে জঘন্য ফ্যাসিস্ট সরকার সেখানে কিভাবে কায়েম হয়েছে।

সেখানকার বড় বড় ল্যাটিফুন্ডিস্ট, যারা বড় বড় জমির মালিক এবং সেখানকার বিজনেসম্যান এবং সর্বাগ্রে সেখানকার মাল্টিন্যাশনাল কর্পোরেশন, বিশেষ করে চিলির তামার খনির মালিক, সমস্ত মার্কিন কোম্পানি এবং অন্যান্য বড় বড় কোম্পানি তারা এই জিনিসটাকে সমর্থন করছে। তাই চিলির ফ্যাসিস্ট গভর্নমেন্ট এসেই জমি সম্বন্ধে যে আইন হয়েছিল, ল্যাটিফুন্ডিস্টদের কাছ থেকে জমি নিয়ে চাষীদের মধ্যে বন্টন করা হয়েছিল, সেই সব জমি আবার ল্যাটিফুন্ডিস্টদের ফিরিয়ে দেওয়া হয়েছে, আইন নাকচ করে দেওয়া হয়েছে সেই জমি ফিরিয়ে দিয়ে। মাল্টিন্যাশনাল কর্পোরেশন, যে সমস্ত বড় বড় কোম্পানি যেগুলি জাতীয়করণ করা হয়েছিল সেইগুলি আবার তাদের ফিরিয়ে দেওয়া হয়েছে। সুতরাং এটা আমরা বুঝি, এটা আমরা দেখছি এবং একই ঘটনা বাংলাদেশেও ঘটতে দেখেছি। শেখ সাহেব যতটুকু জাতীয়করণ করলেন এরা সব নাকচ করে দিচ্ছে। পাকিস্তানের একচেটিয়া বড় বড় পুঁজিপতি তাদের যে সমস্ত কোম্পানি ছিল সেই কোম্পানিগুলি আবার তাদের ফিরিয়ে দেওয়া হচ্ছে এবং স্থানীয়ভাবে এই সমস্ত ব্যবস্থা করা হচ্ছে। পৃথিবীর সব দেশেই দেখবেন যে এই সাম্রাজ্যবাদ যাদের উপর ভরসা করে ঢোকে সেইসমস্ত গণতন্ত্র বিরোধী শক্তি, তাদের একটা সামাজিক ভিত্তি আছে এবং সেই সামাজিক ভিত্তি হচ্ছে বড় বড় জমির মালিক ও বড় বড় ব্যবসায়ীরা। আমাদের দেশে যারা বড় বড় ব্যবসার মালিক, একচেটিয়া পুঁজিপতি, তাদের ভূমিকা দেখুন তারা কি করছে। এই যে আমাদের দেশে মানুষের বিক্ষোভ, এই যে ব্যাপক বেকার সমস্যা, এই দারিদ্র, যাকে ব্যবহার করল এই দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল বিরোধী দলরা সেই বিক্ষোভ তারাই সৃষ্টি করেছে। একচেটিয়া পুঁজিপতিরা এই ২৯ বছরের ভিতর দ্রুত শিল্পের বিস্তার না করিয়ে ১৯৭২ সাল থেকে ৭৫ সাল পর্যন্ত জিনিসপত্রের অগ্নিমূল্য দাম করে দিয়ে বেকারে দেশ ছেয়ে ফেলে দিয়ে মানুষের এই বিক্ষোভকে আবার তারা ব্যবহার করছে এবং এই বিক্ষোভকে ব্যবহার করে তারা তাদের অ্যাজিটেশন করছে। তখনি একচেটিয়া পুঁজিপতিরা কি ভূমিকা নিয়েছে? তাদের সমস্ত খবরের কাগজ এদেরকে উৎসাহিত করেছে দারুণ পাবলিসিটি দিয়ে, দারুণ উপরে তুলে ধরেছে। বিরোধী দল তো আরও অনেকে করছে, বামপন্থীরাও তো বিরোধী দল করেছে, কিন্তু একচেটিয়া পুঁজিপতি বিড়লাদের কাগজ, ডালমিয়াদের কাগজ, গোয়েঙ্কাদের কাগজ, তারা কি বামপন্থীদের উপরে তুলে ধরেছে? তারা তুলে ধরেছে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল দলগুলি ডবল কলাম, ট্রিবিল কলাম পাবলিসিটি দিয়ে। এবার

ওদের ভূমিকাটা দেখুন, ওরা সেই সঙ্গে এমন সুচতুর ভূমিকা নিয়েছে, ওরা সেই সঙ্গে একদিকে ওদেরকে উৎসাহিত করছে চালাও, চালাও, চালাও আবার সঙ্গে সঙ্গে শ্রীমতী ইন্দিরা গান্ধীকে গিয়ে বলছে আমাদের আস্থা ও সহানুভূতি আপনার উপর আছে। আমি একটা কথা উল্লেখ করতে চাই, যেমন আমি বিদেশি পত্রিকার কথা উল্লেখ করলাম আমাদের স্বদেশ পত্রিকার ভিতরে একটি পত্রিকার কথা উল্লেখ করতে চাই, ইস্টার্ন ইকনমিস্ট।

[4-00 — 4-10 p.m.]

আপনারা জানেন ইস্টার্ন ইকনমিস্ট পত্রিকার মালিক হচ্ছে বিড়লারা, কে কে বিড়লা, বিড়লা, কোম্পানি তারা এর মালিক এবং আমাদের ভারতবর্ষে অর্থনৈতিক পত্রিকা হিসাবে বহুল প্রচারিত। আমি হঠাৎ একটা চান্স পেয়েছিলাম জরুরি অবস্থার পর দিল্লিতে একটা মিটিং-এ গিয়েছিলাম। সেখানে দেখি যে ২৭শে জুন তারিখের ইস্টার্ন ইকনমিস্ট, যেটা বাজারে এসেছে ২৬ জুন এবং বোধহয় ছাপা হয়েছে ২৫শে জুন, তার ফ্রন্ট পেজে একটা কার্টুন, আমাদের প্রধানমন্ত্রীর একটা কার্টুন। তিনি একজন ইউরোপীয় যুবতীর মতো খুব লম্বা হাইহিল জুতো পরে, স্ল্যাক পরে তিনি একটা হাত উঁচু করে দাঁড়িয়ে আছেন, হাতে একটা ভ্যানিটি ব্যাগ নিয়ে নৃত্য করছেন আর নিচে সমস্ত মোটা মোটা খদ্দর পরা তারা সব নিচু হয়ে আছে তারা পায়ের কাছে এবং তার সম্পাদকীয় প্রবন্ধ পড়ে আমি অবাক হয়ে গিয়েছিলাম। সম্পাদকীয় প্রবন্ধ বলছে এবং তাতে আমাদের মুখ্যমন্ত্রীর কথাও উল্লেখ আছে, অনেককে প্রশ্ন করছে যে তোমরা বিজনেসম্যান তোমরা কেন ইন্দিরা গান্ধীকে সাপোর্ট করছ। তা আমরা তার উত্তরে বলি যে, এখন ভারতবর্ষে আমাদের ব্যবসা করবার জন্য যে অবস্থাটা দরকার তাহল স্টেবিলিটি অ্যানড ইনটিগ্রিটি, সেটা কংগ্রেসই রাখতে পারে এবং কংগ্রেসকে এক করে রাখতে পারে শ্রীমতী ইন্দিরা গান্ধী কিন্তু এই যে সমর্থন তা বরাবর দিচ্ছি তা নয়। এটা পরিষ্কার বলেছে, মুখ্যমন্ত্রীর নাম করে বলেছে কলকাতায় তিনি এসেছেন, সেখানে বড় বড় ব্যবসাদারদের সমর্থন ভিক্ষা করেছেন, সেজনাই আমরা দিচ্ছি তার কারণ হচ্ছে এই কংগ্রেসের ভিতর যদি অন্য কোনও নেতা এই ভূমিকা নিয়ে অগ্রসর হয়ে আসে, তাকেও আমরা সাপোর্ট করতে পারি, কংগ্রেসের বাইরেও যদি কোনও নেতা এই ভূমিকা নিয়ে আসে ভবিষ্যতে তাকেও আমরা সমর্থন করব। এটা হয়েছে জরুরি অবস্থা ঘোষিত হওয়ার পর ২৭শে জুন তারিখে আমাদের যে একচেটিয়া পুঁজিপতি তাদের এই ভূমিকা জানবেন। সমর্থন করলেই যে সমর্থন করেছেন তা নয়, তাদের উদ্দেশ্য সিদ্ধির জন্য সমর্থন করবে, এবং যতক্ষণ তারা সুযোগ পাবে ততক্ষণই সমর্থন করবে, তা না হলে তারা পেছন থেকে ছোরা নিয়ে তাড়া করবে।

শ্রী জয়নাল আবেদিন : কাগজটার নাম কি?

শ্রী বিশ্বনাথ মুখার্জি : ইস্টার্ন ইকনমিস্ট বিড়লাদের কাগজ। ২৭শে জুন তারিখের ছাপানো, কিন্তু বাজারে এসেছে তার আগের দিন ২৬শে জুনে, বোধ হয় তার আগের দিন ২৫শে তারিখে সেটা ছাপিয়েছে। ২৬শে জুন এমার্জেন্সি ডিক্লেয়ারড হয়েছে, টুয়েন্টি সেভেন্থ

বাজারে ছাড়ল। আমি সেটা পড়েছি, পড়ে অবাক হয়ে গেছি। কিন্তু অবাক হওয়ার কিছু নাই। তাদের ভূমিকা সম্বন্ধে খুব সাবধান থাকা দরকার। এমার্জেন্সির প্রথম দিকে তারা অনেকটা ঘাবড়ে গেছিল, কয়েক দিন পরেই তারা অন্য মূর্তি ধরল। প্রোডাকশন বাড়বার যে সুযোগগুলি আছে সেগুলি তারা নিল। জুট মিল ওনারাসরা এক্সপোর্ট-এর উপর কনসেসন নিয়ে নিল, ডিউটির উপর সুযোগ নিল। কিন্তু তাতে প্রোডাকশন কি বেড়েছে? জুট মিল ওনার্সরা থ্রেট দিয়েছে—তিন মাসের মধ্যে ২০ থেকে ২৫ পারসেন্ট লুম সীল করে দেবে। সঙ্গে সঙ্গে শ্রমিক ছাঁটাই হচ্ছে। ১৪টি মিল ডিক্লেয়ার করল আমরা মিল বন্ধ করে দেব। এই সব ঘটনা ঘটছে আরও ঘটনা আমি দেব। কিন্তু এই যে পুঁজিপতি এদের ভূমিকা কি? ভূমিকা হচ্ছে প্রফিট, সুপার প্রফিট এবং এই সুপার প্রফিটের জন্য তাদের যা যা করা দরকার তাই তারা করবে। প্রোডাকশন কার্টেল করছে, ক্লোজার করছে, লক আউট করছে লে আউট করছে, রিট্রেঞ্চ করছে, এমার্জেন্সির সুযোগ নিয়ে ওয়ার্কারদের উপর প্রেসার দিচ্ছে, ওয়ার্ক লোড বাড়াচ্ছে—চারটা ফ্রেমে কাজ কর নইলে মাইনে কমিয়ে দেব, কিম্বা মাইনে দেব না। এই সমস্ত আক্রমণ করছে। পশ্চিমবাংলার অবস্থা সবচেয়ে গুরুতর হয়েছে। আমি অবাক হয়ে গেলাম রাজ্যপালের ভাষণ সমস্ত ক্যাবিনেট বসে পাস করেছে। আজকে কে না জানে? সারা পৃথিবীর লোক এটা জানে, আমেরিকা যান শুনবেন একথা, ইউরোপে যান শুনবেন একথা। পশ্চিমবাংলায় যেভাবে ক্লোজার করছে, যেভাবে লক আউট করছে, লে-অফ করছে, যেভাবে রিট্রেঞ্চ করছে এবং করে পশ্চিমবাংলার যে শিল্প অর্থনীতিকে যেভাবে ডিস্রাপ্ট করে দিচ্ছে, ডিঅর্গানাইজ করে দিচ্ছে ফলে শ্রমিকদের মধ্যে ব্যাপক বিক্ষোভ সৃষ্টি হচ্ছে, এটা কে না জানে? কিন্তু রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার অর্থনীতির এত বড় ঘটনার উল্লেখ পর্যন্ত করলেন না, সেই আমার অভিযোগ। আমার অভিযোগ কিছু কিছু আমি আমার অ্যাডজর্নমেন্ট মোশনে উল্লেখ করেছিলাম, আমার অনেক বন্ধু উল্লেখ করবেন, হয়ত কংগ্রেস বেঞ্চ থেকেও অনেকে উল্লেখ করবেন, এমন কি লেবার মিনিস্টারকে জিজ্ঞাসা করলে তিনিও উল্লেখ করবেন। প্রথম দেখিয়েছে হিন্দমোটর, বলেছে আমার লোকসান হচ্ছে। তাতে আমাদের গভর্নমেন্ট চেষ্টা করেছিলেন কিভাবে সাহায্য করা যায়। তাদের সাহায্য করা হল, তা সত্ত্বেও এক দু হাজার করে লে-অফ চালিয়ে যাচ্ছে। গভর্নমেন্টের কাছ থেকে যতরকম কনসেশন নেবার তারা নিলে এবং নেবার পরে তাদের লে অফ ছাঁটাই ইত্যাদিও চালিয়ে যাচ্ছে। তারপর দেখুন টেক্সম্যাকো তারা দেড় হাজার শ্রমিক ছাঁটাই করল, এক হাজার কন্ট্রাক্ট লেবার ছাঁটাই করছে।

তারপর দেড় হাজার শ্রমিকদের বিনা বেতনে ছুটি করে দিচ্ছে। এই তো হচ্ছে। ধরুন আপনাদের গভর্নমেন্টের তরফ থেকে এখনকার অ্যাপেক্স বডিতে যে ফিগার রাখা হয়েছিল ২৪/১২/৭৫ তারিখে ৯টা ধর্মঘটে ১৭০৬ জন শ্রমিক ইনভলভ, লক-আউটে ক্লোজার শুধু ৫৬২২৯ জন শ্রমিক জড়িত। লে অফে হয়েছে ১৪৩২ জন, দু একটা হয়ত মীমাংসা হয়েছে। তাছাড়াও লে-অফ হয়েছে রিট্রেঞ্চমেন্ট হয়েছে এই সমস্ত মিলিয়ে ৭০ হাজারের বেশি হয়েছে। তারপর বিবৃতি চলছে। Gestetner Multi-national Company Duplicator Company—ইহুদি মালিক লন্ডনে তার হেড অফিস—শত শত কোটি কোটি টাকার ব্যবসা

দুনিয়া জুড়ে—তারা কি করছে? ভাল লাভ করছে, তাদের ব্যালান্স শিট দেখেছি—সেই লাভ করা সত্ত্বেও তারা শ্রমিক ছাঁটাই-এর নোটিশ দিয়েছে। ১৩ তারিখে আমার মোশনে উল্লেখ করেছি ১৩ লক্ষ টাকা ক্যাপিটাল ইনভেস্ট করেছে—২ কোটি ৫১ লক্ষ ৪৯ হাজার টাকা। সামগ্রিকভাবে কোম্পানির এটা নেটওরর্থ—৫৭ লক্ষ টাকা মুনাফা লাস্ট ইয়ার তাদের ট্রেডিং প্রফিট হয়েছে ৫৭ লক্ষ, তারা কেন রিট্রেঞ্চ করছে? তারা পশ্চিমবঙ্গ সরকারকে না বলে এখান থেকে তাদের কারখানা তুলে নিয়ে গেছে। এ নিয়ে দিল্লিতে সেন্ট্রালে কল্যাণ রায় প্রশ্ন করেছিলেন—তার জবাবে মন্ত্রী বলেছিলেন হ্যাঁ, এর ইনফর্মাল আলোচনার স্বীকার করেছেন—নাসিকে তারা কারখানা গড়ছে। অলরেডি ৪০ লক্ষ টাকার যন্ত্রপাতি তারা সরিয়ে নিয়েছে। মুখ্যমন্ত্রী বলেছেন, রাজ্যপাল তার ভাষণে বলছেন ল অ্যান্ড অর্ডার স্থাপিত হয়েছে। তবু এখান থেকে ফ্লাইট দি ক্যাপিটাল হচ্ছে কেন? ব্যবসায়ী কি আশ্বস্ত হয়েছে?

[4-10 — 4-20 p.m.]

তাছাড়া ন্যাশনাল টোব্যাকো কোম্পানিতে কত লোক কাজ করছে। আড়াই হাজারের মধ্যে বারোশো জনকে তারা ছাঁটাই করল এই এমার্জেন্সি চালু হবার চার মাসের মধ্যে এইসব কান্ড হচ্ছে—এমার্জেন্সির মধ্যে। আর এখন লেবার মিনিস্টার বলছেন— যারা আমাদের কাছ থেকে টাকা পয়সা নিয়ে চলে গেছেন—তাদের কথা স্বতন্ত্র—কিন্তু বাকি যারা ছাঁটাই হয়ে গেছে—এইরকম যদি রোজই হতে থাকে রোটেশন্যাল লে অফ উইদাউট কমপেনসেসন—তারা বলছে—আইন মানবো না—এমার্জেন্সিকে তারা ইউজ করছে তাদের সেলফ ইন্টারেস্ট- -এ। ওয়ার্কারদের স্বার্থ দেখবার দরকার নাই। হোল নেশনের-কি ক্ষতি হল তা দেখার দরকার নাই। এমার্জেন্সিকে বিগ ক্যাপিটাল, বড় পুঁজি ব্যবহার করছে, তাদের ক্ষুদ্র সঙ্কীর্ণ স্বার্থ চরিতার্থ করবার জন্য। যা কিছু আইন কানুন—সরকারের আছে—তা কি করে বাদ দেওয়া যায় ফাঁকি দেওয়া যায়। তার চেষ্টা তারা করছে। উইদাউট কমপেনসেশন শ্রমিক ছাঁটাই করছে। রোটেশন্যাল লে অফ করছে টিটাগড়ে একটা কারখানায় ২০ তারিখে আড়াইশো কর্মীকে লে অফ করেছে। এক একটা কোম্পানি এক এক রকম বাহানা করছে। ডবল কাজ চালাও, ৪ গুন কাজ চালাও, ওয়ার্ক লোড বাড়াও, ইনটেনসিভলি এক্সপ্লয়েট করছে, যা খুশি তাই করছে। আমি শুধু বলতে চাই আমাদের পশ্চিমবাংলায় এরা একটা সঙ্কট সৃষ্টি করেছে এবং সরকার সে বিষয়ে কী নীতি নিচ্ছেন। এটা ঠিক অ্যাপেক্স বডিতে ইউন্যানিমাস রেজুলেশন পাস করেছে। সেখানে গভর্নমেন্ট একটা পার্টি, এই ক্যাপিটালিস্টরা একটা পার্টি, বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংস্থা যেমন আই এন টি ইউ সি, এবং এ আই টি ইউ সিও আছে। সেই অ্যাপেক্স বডিতে প্রস্তাব নেওয়া হয়েছে ৩১শে ডিসেম্বর মধ্যে এইগুলো সলভ্ করা হবে এবং ৩১শে ডিসেম্বরের পরে ইউনিলেটারাল এক তরফা এইটা হবে না। আমি উদাহরণ দিয়েছি ৩১শে ডিসেম্বরের মধ্যে সব করে নি। ৩১শে ডিসেম্বরই একটা কোম্পানি করেছে। ১৩ই ফেব্রুয়ারি, ২০শে ফেব্রুয়ারির উদাহরণ দিয়েছি। সেখানে গভর্নমেন্ট কি করবে? আমি একটা কথা বিনীতভাবে বলতে চাই যুক্তফ্রন্টের সময় আইন-শৃঙ্খলা পরিস্থিতি ছিল না তাই নাকি বলা হয় এখান থেকে মূলধন গিয়েছে। যদিও পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকারের শ্রম

বিভাগের যে রিভিউ বের করেছেন সেই সেই রিভিউতে দেখা যায় ঘেরাওয়ের জন্য মাত্র একটা ক্লোজার হয়েছিল। অসংখ্য ক্লোজারের মধ্যে আমার কাছে তথ্য আছে কতগুলো ক্লোজার হয়েছিল, কতগুলো ম্যানডেস লস্ট হয়েছিল। বাকি সব বিভিন্ন অজুহাত দিয়েছে। কতগুলো তথ্য যার সঙ্গে শ্রমিক অসন্তোষ নেই। মাত্র ২২ মাস যুক্তফ্রন্ট সরকার ছিল। বাকি সময়ে যেসব প্রাইভেট শিল্প এগুলো কি করল? পশ্চিমবাংলাতে যেখানে জনসংখ্যার চাপ বেশি, যেখানে শিক্ষিত এবং অশিক্ষিত এত বেশি বেকার, সেখানে শিল্পের কি উন্নতি তারা করেছে। আপনারা সরকার থেকে কিছু চাকরি দিয়েছেন, কিন্তু কত দিতে পারেন? কত বেকার, ১৫ লক্ষ, ২০ লক্ষ, কেউ বলেন ৩০ লক্ষ। গভর্নমেন্ট কত চাকরি দেবেন? এমপ্লয়মেন্ট দিতে গেলে ইন্ডাস্ট্রির র‍্যাপিড এক্সপ্যানসন চাই। একটু-আধটু সামান্য এক্সপ্যানসন হলে হবে না, আমাদের ব্যাক লগ পূরণ করতে হবে। আমাদের জনসংখ্যার যে চাপ হচ্ছে সেটা বাড়াতে হবে। এরা কি করেছে? এই ২৭ বছরে এরা কতটা শিল্প বাড়িয়েছে, কতটা মুনাফা করেছে। মুনাফা বাড়াবার কথা বিস্তৃতভাবে বাজেট আলোচনার সময় রাখব। এখন ছোট ছোট দু-একটা উদাহরণ রাখছি। এই মাল্টি ন্যাশনাল কর্পোরেশন সাংহাইয়ের ব্যাঙ্ক, আগের বছর ১৯৭৫ সালের ৩১শে ডিসেম্বর মধ্যে যে হিসাব দিয়েছে তাতে এদের মুনাফা ছিল ২৭ কোটি ৮৩ লক্ষ হংকং ডলার। আর এই বছরে হয়েছে ৩১ কোটি ২৩ লক্ষ ১৪ হাজার ১৫৯ হংকং ডলার। এটা পাবলিশ হয়েছে স্টেটসম্যানে। এই সাংহাই ব্যাঙ্ক এটা বিদেশি। ইন্ডিয়ান অক্সিজেন লিমিটেড এদের অবস্থাটা কি? আগের বছরে প্রফিট ছিল ১ কোটি ৬৭ লক্ষ টাকা এই বছর করেছে ১ কোটি ৯৫ লক্ষ টাকা। এই রকম অনেক তথ্য দিতে পারি। এটা পাবলিশড ফিগার। কি অজুহাত, কি যুক্তিতে মুনাফা ক্রমাগত বাড়াচ্ছে। প্রোডাকশন কমাবে, ছাঁটাই করবে—খালি প্রফিট, প্রফিট, প্রফিট, সুপার প্রফিট। আমাদের মতো দেশ যারা ব্যাকওয়ার্ড, পশ্চাদপদ, ইংরাজদের অধীনে দীর্ঘকাল পিছিয়ে ছিলাম, আমাদের মতো দেশে, এত বড় বড় ভাস্ট কান্ট্রিতে যেখানে ৬০ কোটি মানুষকে অন্ন দিতে হবে।

৬০ কোটি মানুষকে শিক্ষা দিতে হবে, স্বাস্থ্যের সুযোগ দিতে হবে এবং এদের ভিতর কর্মক্ষম মানুষদের কাজ দিতে হবে এই রকম একটা দেশে ক্যাপিটালিস্টদের উপর নির্ভর করে ইন্ডাস্ট্রিয়ালাইজেশন এই মোহ যদি কারও থাকে—গত ২৯ বছরে সেই মোহ চলে যাবার কথা। আমরা ভাবছি এই আমাদের অসুবিধা, প্রবলেম, এই প্রবলেমগুলি যদি কোনও রকম কনসেশন দিয়ে দিই তাহলে ওরা বোধ হয় আমাদের দেশে শিল্পায়ন করে দেবে। ২৯ বছর ধরে দেখা যাচ্ছে ওরা কনসেশন নিয়ে যাচ্ছে, প্রফিট বাড়িয়ে যাচ্ছে কিন্তু শিল্পায়ন চলছে শম্বুক গতিতে, যেখান দ্রুততালে শিল্পায়ন না হলে আমাদের মতো দেশে বেকারদের কাজ দিতে পারব না, র‍্যাপিড ডেভেলপমেন্ট সম্ভব নয়, সেটা আপনারা করতে অপারগ করছেন না। সুতরাং এই যেখানে অবস্থা সেখানে আমাদের বুঝবার সময় এসে গেছে। আমি ছোট মাঝারি শিল্পপতিদের কথা বলছি না, এই বড় বড় একচেটিয়া পুঁজিদের যদি আপনি কব্জা না করেন এবং শুধু কব্জা নয় এই শ্রমজীবী মানুষদের ভিতর উৎসাহ উদ্দীপনা সৃষ্টি করতে তাদের হাতে কিছু নিয়ন্ত্রণ কর্তব্যভার তুলে দেবার যদি চেষ্টা না করেন, যেটা সমাজবাদের পথ, তাহলে কিছুই হবে না। সেই পথ ছাড়া আমাদের দেশে শিল্পায়ন সম্ভব

হবেনা, হতে পারে না। পৃথিবীতে এমন একটি পশ্চাদপদ দেশ আপনারা দেখেছেন যে দেশ স্বাধীন হবার পরে সমাজবাদের পথ ছাড়া অন্য কোনও পুঁজিবাদের পথে তাদের এই প্রবলেম সলভ করতে পারছে? পৃথিবীতে এই রকম কোনও দেশ নেই। **(ভয়েস ঃ ডাঃ জয়নাল আবেদিন ঃ জাপান, ওয়েস্ট জার্মানী কি করেছে?)** জাপান পশ্চাদপদ দেশ নয়। জাপান ১৯০৫ সালে যুদ্ধ করে রাশিয়াকে হারিয়ে দিয়েছিল। পুঁজিবাদী দেশ আমেরিকার ইস্পাত উৎপাদনে জাপানের পরেই স্থান, সোভিয়েত রাশিয়া প্রথম। পশ্চাদপদ পরাধীন দেশের ভিতর যারা স্বাধীন হয়েছে তাদের একজনও কেউ এই পথে অগ্রসর হতে পারেনি। সুতরাং আমি আপনাদের এদিক থেকে বলছি শুধু কিছু ওয়ার্কার ছাঁটাই হচ্ছে তা নয়, ক্লোজার, লে-অফ, বন্ধ করে দিচ্ছে তা নয়—আমি আপনাদের বেসিক্যালি বলছি মৌলিকভাবে চিন্তা করা উচিত গভর্নমেন্টের পলিসি টুওয়ার্ডস দিজ পিপল এই একচেটিয়া পুঁজিপতিদের প্রতি কি নীতি হবে। শফট্ পেডালিং, তাদের নানা রকম সুযোগ সুবিধা দেব, তারা খুশিমতো আক্রমণ করে চলে যাবে? আমি আগেই বলেছি এদের খুব ট্রেচারাস রোল এরা পলিটিক্সের ক্ষেত্রে মাল্টি ন্যাশনালদের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত এবং রাজনৈতিক ক্ষেত্রে প্রতিক্রিয়াশীলদের সমর্থন করল এবং অর্থনীতির ক্ষেত্রে শুধু নিজেদের লাভ ছাড়া কিছুই বোঝে না—কাজেই এইঅবস্থায় শ্রমিকরা আপনাদের দু'হাত তুলে সমর্থন করল, এমার্জেন্সির পরেও তাদের কোনও একটা জায়গায় আপনারা টেনে নিয়ে যেতে পারলেন না—যে শ্রমিকরা আপনাদের পেট্রিয়টিক সাপোর্ট করল আজকে তারাই ভিক্টিমাইজড হবে? আপনারা বোনাস অর্ডিন্যান্সের সুযোগ নিয়ে বোনাস তুলে দিলেন।

এরপরে প্রাইভেট কোম্পানি খুশিমতো ক্লোজার, লে-অফ, রিট্রেঞ্চমেন্ট করে দেবে মাইনে কমিয়ে দেবে, আমরা কিছু করতে পারব না, এ হতে পারে না। ওরা এই শ্রমিকদের মধ্যে যে ব্যাপকভাবে বিক্ষোভ সৃষ্টি করছে এটা শুধু ওদের পক্ষেই ক্ষতিকারক নয়, সারা দেশের পক্ষেও ক্ষতিকারক। তাই আমি গভর্নমেন্টের কাছে অনুরোধ করব দিল্লিতে আপনারদের যে আইন পাস হয়েছে এবং এখানেও অ্যাপেক্স বডি করে দেবেন এবং যে আইন হয়েছে সেটা চালু করুন, অনুশাসন পর্ব—ডিসিপ্লিন কি শুধু ওয়ার্কার্সদের জন্য, ডিসিপ্লিন কি মালিকদের জন্য নয়? এই জিনিস যদি চলতে থাকে তাহলে কি ইমপ্রেশন ক্রিয়েটেড হবে ওয়ার্কার্সদের মধ্যে? আমাদের জন্য বলছেন ডিসিপ্লিন, ওদের জন্য ডিসিপ্লিন নয় কেন? অতএব আঁমি আপনাদের অনুরোধ করব অবিলম্বে এই সেশন চলতে চলতে আপনারা এই সমস্ত মালিকদের সরকারের তরফ থেকে জানিয়ে দিন যে তোমরা ক্লোজার, লক-আউট, লে-অফ, রিট্রেঞ্চমেন্ট আপনারা উইথড্র কর এর দবকার আছে। গভর্নমেন্টের কাছে আসার জন্য একটা বোর্ড তৈরি করুন এবং সেখানে আপনাদের আইন অনুসারে মালিকরা তাদের কেস প্লিড করুক, আর এমপ্লয়িরা তাদের কেস প্লিড করুক, গভর্নমেন্ট সেখানে ডিসিসন নিক। আপনারা নিজেদের হাতে কন্ট্রোল নিয়ে আসুন—এই জিনিস চলতে পারে না। আপনাদের আইন আপনারা কার্যকর করুন, আপনাদের অ্যাপেক্স বডির সিদ্ধান্ত আপনারা কার্যকর করুন এবং পশ্চিমবাংলায় এই যে সঙ্কট চলছে সেই সঙ্কটের হাত থেকে এখানকার শ্রমিকদের এখানকার অর্থনীতিতে আপনারা বাঁচান।

[4-20 — 4-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শ্রমিকদের কথা বললাম কারণ তারা শিল্পের সঙ্গে জড়িত। এরপর আমি যে সমস্যাটির কথা বলব তাতে দেশের সব সাধারণ মানুষ জড়িত—সেটা হচ্ছে খাদ্য সমস্যা। স্যার, আমি শুধু নয়, খবরের কাগজের লোকরাও দেখলাম সবাই অবাক হয়েছেন এই দেখে যে রাজ্যপালের ভাষণে খাদ্যনীতি নিয়ে কোনও আলোচনা নেই। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি, তিনি দয়া করে রাজ্যপালের ভাষণের বইটির পাতাগুলি খুলে একটু দেখবেন। সেখানে খাদ্য সম্বন্ধে শুধু এইটুকু বলা হয়েছে যে এটা কৃষির সঙ্গে যুক্ত। আমাদের কৃষির উন্নয়ন হয়েছে এবং খাদ্যের উৎপাদনও বেড়েছে এবং সেটা বেড়েছে কিছুটা আমাদের চেষ্টায় এবং কিছুটা প্রকৃতির দয়ায়—এসব কথা লেখা আছে। বলা হয়েছে, আমাদের আমন চাল হয়েছে ৫২ লক্ষ টন—রেকর্ড প্রোডাকশন। এটা তো গেল প্রোডাকশনের কথা কিন্তু ফুড পলিসি সম্বন্ধে কোনও আলোচনা নেই। কেন নেই আমি জানি না। এখন এই যে ফুড প্রোডাকশন ভাল হয়েছে এ সম্বন্ধে আপনারা নিজেরাই স্বীকার করেছেন এটা হয়েছে পার্টলি ডিউ টু ইয়োর এর্ফোর্টস অ্যান্ড পার্টলি ডিউ টু ফেবারেবল ওয়েদার। আমাদের পশ্চিমবাংলায় সেচের আওতার মধ্যে এখন কত জমি আছে? সেচমন্ত্রী এখানে বসে আছেন।

(ডাঃ জয়নাল আবেদিন ঃ ৩৪ পারসেন্ট।)

৩৪ পারসেন্ট জমিও যদি সেচের আওতায় থাকে, এটা যদি অতিরঞ্জিত হয় এবং যদি এটা মেনেও নেওয়া যায় তাহলে দেখা যাচ্ছে মাত্র ১/৩ভাগ জমি সেচের আওতায় আছে। বাকিটা নেই। এখন প্রকৃতি আমাদের কারুর চাকরানি নয়। তা ছাড়া আরও বড় বড় যেটা সেটা হচ্ছে, আমাদের সেচ ব্যবস্থা মেজর পোরসন বৃষ্টির উপর নির্ভরশীল। **(এ ভয়েস ঃ কি করে?)** গ্রাউন্ড ওয়াটার যেটা আমরা তুলছি তাছাড়া মেজর পোরসন হচ্ছে ফ্লো ইরিগেশন। সেই ফ্লো ইরিগেশন নর্থ বেঙ্গল-এ যদি করতে পারেন তাহলে সেটাতে হিমালয়ের জল পাবেন কিন্তু বাদ বাকি যা কিছু ফ্লো ইরিগেশন আছে—ডি ভি সি, কংসাবতী, ময়ূরাক্ষী সবই বৃষ্টির জলের উপর নির্ভরশীল। তবে এখন এসব কথা বলছি বলে আপনারা মনে করবেন না আমি এখন সেচ ব্যবস্থার সমালোচনা করছি, আপনারা ভুল বুঝবেন না, এসব কথার মাধ্যমে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, আমাদের কৃষি এখনও বহুলাংশে প্রকৃতির দয়ার উপর নির্ভরশীল।

(ডাঃ জয়নাল আবেদিন ঃ রাশিয়ার অবস্থা কি?)

রাশিয়াও প্রকৃতির উপর নির্ভরশীল। সেইজন্য তারা প্রকিওরমেন্ট করছে, স্টক করছে। রাশিয়া যদি এতদিন বাদে মনে করে যে খারাপ ওয়েদার হয়ে গেলে সর্বনাশ হয়ে যাবে এবং তা মনে করে যেখানে তারা স্টক করছে সেখানে আপনারা এত ভাল প্রোডাকশন পেয়ে কি করছেন? আজকে এই সুযোগে গভর্নমেন্টের কি উচিত ছিল না বা কর্তব্য ছিল না একটা ভাল স্টক করার?

(ডাঃ জয়নাল আবেদিন : ইন্ডিয়া গভর্নমেন্ট তো করছে।)

ডাঃ জয়নাল আবেদিন, আপনাকে আমি অনুরোধ করছি আপনি আমাকে ডিসটার্ব করবেন না। আমি আপনাদের আক্রমণ করবার জন্য বলছি না। আমার কথাটা আপনারা দয়া করে শুনবেন। আমি কয়েকটি ইস্যু গভর্নমেন্টের আইনসভার সদস্যদের এবং পাবলিকের সকলের বিবেচনার জন্য রাখছি. এগুলি মনোযোগ দিয়ে শোনার মতো ধৈর্য মন্ত্রী মহাশয়ের থাকা উচিত। আমি বলছি, আপনারা করেছেন ৩ লক্ষ টন প্রকিওরমেন্ট টার্গেট। এর আগে করেছিলেন ৫ লক্ষ টন এবং সেটা কমিয়ে এবারে করছেন ৩ লক্ষ টন। ৫২ লক্ষ টন যেখানে আমাদের প্রোডাকশন সেখানে আপনাদের টার্গেট হচ্ছে ৩ লক্ষ টন। এখন আমাদের মার্কেটেবল সারপ্লাস কত? এর আগে যে এনকোয়ারি হয়েছিল তাতে বলা হয়েছিল ৩৬ পারসেন্ট চালের ক্ষেত্রে, আজকাল সেটা আও বেড়ে গিয়েছে কারণ কমার্সিয়ালাইজেশন আরও বেশি হয়েছে। কিন্তু ৩৬ পারসেন্টও যদি ধরি তাহলে ৫২ লক্ষ টনের মার্কেটেবল সারপ্লাস কত হয়? সে জায়গায় আপনারা মাত্র ৩ লক্ষ টন সংগ্রহ করবেন বলছেন।

এখন এই সংক্রান্ত অনেক প্রশ্ন আছে, যেগুলো আমি আলোচনা করব বাজেটের সময়। কিন্তু আমি এখন বলতে চাইছি, এইভাবে কি এটা উচিত হচ্ছে, সুসময় যখন এল, সেই সময় সঞ্চয় করার প্রয়োজন যাতে দুঃসময়ে অসুবিধায় না পড়তে হয়। এটা কংগ্রেস, কমিউনিস্ট, ওদের হাতের মধ্যে নয় এর ফল কি হবে? তার ফল হচ্ছে কলকাতার এলাকার রেশনে আরও বেশি চাল বাড়াতে পারতেন, এবং ওখানে গ্রামাঞ্চল থেকে যে দু-তিন লক্ষ টন স্মাগলড্ হয়ে আসে সেটা বন্ধ হয়ে যেত। সেটা বন্ধ হলে মফস্বলে চালের দাম যেটা বেড়ে যায়, সেটা সস্তা দরে বাজার থেকে সেখানকার লোকেরা কেনবার সুযোগ পেত। সুতরাং এই যে প্রকিওরমেন্ট করব না, এই নীতির ফল খুব খারাপ হচ্ছে। আমার কাছে ফিগার আছে, এই গভর্নমেন্টের আমলে প্রকিওরমেন্ট অনেক কম হয়েছে। ১৯৭২-৭৩ সালে প্রকিওরমেন্ট হয়েছে ১ লক্ষ ৩৯ হাজার, ১৯৭৩-৭৪ সালে ১ লক্ষ ৪৬ হাজার। আপনার যুক্তফ্রন্ট বলুন, তার আগের গভর্নমেন্ট বলুন বা রাষ্ট্রপতির শাসন বলুন— ৪ লক্ষ ৩৬ হাজার টন, ৩ লক্ষ ৯৯ হাজার টন—সুতরাং আগের তুলনায় আপনাদের প্রকিওরমেন্ট অনেক কমেছে। যদি এগ্রিকালচারাল প্রগ্রেসের ইমপ্রুভমেন্ট হয়ে থাকে তাহলে প্রকিওরমেন্ট হচ্ছে না কেন? এটা কি একটা পলিসি? যদি পলিসি না হয়ে থাকে তাহলে এটা সংশোধন করা উচিত। কৃষক বলতে আমি ক্ষেত মজুর বলছি না, আমি ভূমিহীনদের কথা বলছি না, যারা ক্ষুদ্র চাষী, বেশির ভাগ চাষীই বর্গাতি চাষী, তাদের অবস্থা কি হচ্ছে, শিল্পোৎপাদনের দাম কি বেড়েছে—বিড়লা ফাইনান্সিয়াল টাইমসে তার স্ট্যাটিস্টিক্স দিয়েছে, সেই স্ট্যাটিস্টিক্স বেরিয়েছে। কিন্তু কৃষি জাত পণ্য বড় বড় জোতদাররা হোর্ডিং করে রেখে বেশি দামে বিক্রি করুক সেটা আমরা চাই না কিন্তু প্রান্তিক ছোট চাষী তার ফসলের ন্যায্য দাম পাক সেটা আমরা চাই। আজকে ডিজেলের দাম কত বেড়েছে, ইলেক্ট্রিসিটির দাম কত বেড়েছে, বিভিন্ন দিক থেকে দেখুন, সেচমন্ত্রী কত সেচ কর ধার্য করেছেন, কত সেচ কর বৃদ্ধি হল, সারের দাম বাড়ল, ডিজেলের দাম বাড়ল, সব দিক থেকে চাষীদের উপর চাপ পড়ল, কিন্তু আমার যে প্রোডাকশন,

তার দাম কি হল—চোখের সামনে আলুর দাম দেখুন, ৪০ টাকা কুইন্টাল, খুব ভাল রেট নয়। আমি বর্ধমানের কথা বলছি, গড়বেতার কথা বলছি যেখানে আলু হয় সেখানে ৩০/৩৫ টাকায় খুব ভাল আলু পাওয়া যাচ্ছে। আমরা কলকাতার বাজারে পাচ্ছি ৬০ থেকে ৭০ পয়সা কিলো। প্রফিটের মাত্রা দেখুন, ৬০ থেকে ৭০ ভাগ এখন বিক্রি হচ্ছে ৩৫ থেকে ৪০ টাকা কুইন্টাল, পরে সেটা গিয়ে দাঁড়াবে এক টাকা, ১ টাকা ২০ পয়সাতে। এখনই কোল্ড স্টোরেজ থেকে বেরোবার আগে এই অবস্থা। আপনারা পাট চাষীদের কি পাটের জন্য ন্যায্য দাম তাদের দিতে পেরেছেন, কংগ্রেসের মন্ত্রীরা এই বিষয়ে অনেক হৈ চৈ করেছেন, সমালোচনা হয়েছে, কত কান্ড হয়েছে, কিন্তু পাটের ন্যায্য দাম তারা পায়নি। তামাকে ন্যায্য দাম চাষীরা পাচ্ছে না। অথচ তাদের উপর চাপ দেওয়া হচ্ছে। আমি সেদিন খাদ্যমন্ত্রীকে অ্যাসাইডে বলছিলাম, আপনাদের এই রকম কোনও হুকুম আছে নাকি, যেটা লেভি ধার্য করবেন, লেভিয়েবল ছাড়াও ভল্যান্টারি লেভি আদায় করা হবে। যারা লেভিয়েবল নয়, তাদের উপর জবরদস্ত আদায় করা হচ্ছে ভল্যান্টারি লেভি।

[4-30 — 4-40 p.m.]

এই সব নানান দিকের চাপের ফলে তারা অস্থির হয়ে পড়েছে। ২০ দফা কর্মসূচি সম্বন্ধে বলি। কিছু কিছু ফিগারস আমরা পেয়েছি। কিন্তু ভূমি রাজস্ব মন্ত্রী জানেন যে ভূমিসংস্কার করার ক্ষেত্রেএখনও বহু জোতদার তাদের জমি লুকিয়ে রেখেছে। বহু জোতদার তাদের জমিতে মেছোভেড়ি করে রেখেছে এবং বহু জোতদার আমলা পুলিশের সহযোগিতায় আপনার ২০ দফা কর্মসূচিকে বানচাল করছে। যে চাষী তাদের ধরিয়ে দিচ্ছে বা ধরিয়ে দেবার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা রুজু করা হচ্ছে এবং তাদের উপর অত্যাচার করা হচ্ছে এবং এই ধরনের ঘটনা যে ঘটছে সেটা আপনি নিশ্চয়ই জানেন। আর ঘুসের বহর আপনি নিশ্চয়ই জানেন। গভর্নমেন্ট জমি দেবে বিনা পয়সায় আর সে ঘুস নেবে। আপনি তাকে একটা বাতি দেবেন আর সে ঘুষ নেবে। সব বিষয়ে এই রকম কান্ড চলছে। ক্ষেত মজুরদের সম্পর্কে আমি বলেছিলাম সেই ইমপ্লিমেনটেশন কমিটির মিটিংয়ে যে ফসল কাটবার সময় ইন্সপেক্টর অ্যাপয়নেটেড হবে না? সেখানে বলা হল ফসল কাটবার পরে ইন্সপেক্টর অ্যাপয়নটেড হবে। কিন্তু বলুনতো ৬ টাকা ৬৩ পয়সা মজুরি যেটা ন্যূনতম মজুরি সেখানে এর গ্যারান্টি কোথায় রয়েছে? ক্ষেত মজুর চাষের সময় যেখানে কাজের চাপ আসে, কাজ হয় সেখান কিছুটা পায়, বাকি সময় তারা কি পায়? কর্মসংস্থানের কথা যা বলা হয়েছে আমি তাতেও বলি গভর্নমেন্ট যে কাজ দিচ্ছে তাতেও ন্যূনতম মজুরি দিচ্ছে না। সেচমন্ত্রীও দেন না, পূর্তমন্ত্রী দেননা এবং আমাদের জঙ্গলমন্ত্রীও দেন না। ন্যূনতম মজুরি গভর্নমেন্টও দেন না। এই হচ্ছে। ন্যূনতম মজুরির অবস্থা। আর ২০ দফা কর্মসূচির ভিতরে একটা বড় জিনিস বলেছেন যে আপনারা কৃষকদের ঋণ মুক্ত করছেন। এই আইনটা যখন পাস হয়েছে তখন অর্থমন্ত্রীকে বলেছিলাম যে এক হেক্টর পর্যন্ত অসেচ জমি সম্পর্কে আপনি একটা ব্যবস্থা করুন। যদিও সেই ব্যবস্থা কার্যকর করতে হলে ব্যাঙ্ক থেকে এরা ঋণ না পেলে এরা মহাজনের হাত থেকে মুক্তি পাবে না। কিন্তু এক হেক্টর থেকে ২ হেক্টর জমির যারা মালিক এবং এক হেক্টর যাদের সেচ জমি আছে—ধরুন এক বিঘা যার সেচ জমি আছে তাকে কি

আপনি ঋণ থেকে মুক্ত করবার কোনও সুযোগ দিয়েছেন? রাজ্যপালের ভাষণে আছে যে তারা কত ৩৪ কোটি টাকা না কত টাকার সুযোগ পাবে। আমি আপনাকে বলছি, আপনি যে আইন করেছেন সেটা দয়া করে সংশোধন করুন। আপনি কি আইন করেছেন সেটা হয়ত অনেকের মনে নেই। আপনি আইন করেছেন যেটা যে অসেচ জমি যদি এক হেক্টরের কমও হয় আর অসেচ জমি যদি এক হেক্টর থেকে ২ হেক্টর হয় তাহলে তারা কি সুযোগ পাবে? না, তাদের আগের বছরের যে প্রোডাকশনটা তার যে গ্রস ভ্যালু সেই গ্রস ভ্যালুর ২০ পারসেন্টের সেভেন টাইমস অর্থাৎ ১৪০ পারসেন্ট। আমাকে বলুন কোনও চাষী মহাজনের কাছ থেকে গ্রস ভ্যালু অব হিজ প্রোডাক্ট ১৪০ পাবে? আপনার শতকরা ৫/১০ চাষী পাবে না। সুতরাং যে আইন করেছেন, সেই আইনে এক হেক্টর পর্যন্ত অসেচ জমি কিছুটা উপকার পাবে কিন্তু এক হেক্টর পর্যন্ত সেচ জমির কোনও সুবিধা হবে না এবং ২ হেক্টর পর্যন্ত অসেচ জমির চাষীরও কোনও উপকার হবে না। কাজেই আপনি দয়া করে এটা সংশোধন করবেন। তাছাড়া ব্যাঙ্ককে বাধ্য করান তারা যাতে এগিয়ে আসে। তা নাহলে মহাজনের হাত থেকে ওরা বেরিয়ে আসতে পারবে না। আর একটা কথা আমি এই সূত্রে বলি। আমি শুনছিলাম কংগ্রেসের কোনও মাননীয় সদস্য বলছিলেন এবং সকলেই বলবেন যে আজকে সরকারি ঋণ আদায়ের যে চাপ পড়েছে—মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে শুনবেন, আমরা সই করে দরখাস্ত পেশ করছি আগামীকাল—সরকারি ঋণ একটা ভয়ঙ্কর প্রেসার। ব্যাপারটা কি হচ্ছে? ব্যাপার হচ্ছে অনেক রকম ঋণ গত ৪/৫ বছর পর্যন্ত আদায় করা হয়নি। সমস্ত বাকি বকেয়া আদায় করার জন্য লালচিঠি গেছে এবং ক্রোক হচ্ছে, অস্থাবর ক্রোক হচ্ছে। সার্টিফিকেট হচ্ছে এবং ক্রোক হচ্ছে আর লোক ছটফট করছে এবং ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত দ্রব্যমূল্য বৃদ্ধি হয়ে গেছে। কিছু কিছু জায়গায় ফসলহানী হচ্ছে, বন্যার জন্য, খরার জন্য, এবং আপনি আদায় করলেন না। কিন্তু তারপর আপনি বলছেন যে, এবছর ফসল ভাল হয়েছে সুতরাং সব এক সঙ্গে দিতে হবে। তাদের যদি সব এক সঙ্গে দিতে হয় তাহলে নাক দিয়ে মুখ দিয়ে বেরিয়ে যাবে, তারা তা পারছে না। সুতরাং আমি আপনার কাছে অনুরোধ করব কংগ্রেস কমিউনিস্ট নির্বিশেষে সমস্ত দরিদ্র এবং ছোট চাষীদের এই অবস্থা বিবেচনা করে যে, যারা নিতান্ত দরিদ্র তাদের ছোট ছোট ঋণ আপনি ছেড়ে দিন এবং যারা দরিদ্র চাষী, মাঝারি চাষী তারা তাদের ঋণ পরিশোধ করবে, কিন্তু সুদ বাদ দিয়ে এবং আসলটা কিস্তি বন্দি করে দিন। কিস্তি বন্দির নিয়ম কোনও দেশে নেই? আপনারা ক্যাপিটালিস্টদের ব্যাপারে করেননি? যারা কালো টাকা করেছে, যারা কর ফাঁকি দিয়েছে তাদের ক্ষেত্রে করেননি? কার ক্ষেত্রে করেন নি? আর আজকে যদি দরিদ্র কৃষক সমাজের এটা দাবি হয় যে, সুদ হচ্ছে আসলের সমান অথবা সুদ হচ্ছে আসলের চেয়ে বেশি সেখানে সুদ ছেড়ে দিয়ে আসল কিস্তি বন্দি করে দিন। তাহলে কি সেটা অপরাধ হবে? কোনও অপরাধ হবে না। আমি সেই জন্য আপনাদের কাছে অনুরোধ করছি, এটা আমাদের আবেদন, আমরা সমস্ত এম এল এ-রা আপনার কাছে অনুরোধ করব যে, ছোট চাষী ছট-ফট করছে, তারা নিশ্চিন্ত হবে তাদের সুদ বাদ দিয়ে আপনি আসলটা কিস্তিবন্দি করে দিন। এটা যদি আপনি করে দেন তাহলে দরিদ্র চাষীরা হাঁফ ছেড়ে বাঁচবে। আমি জানি আজকে চাষীরা

আবার মহাজনের কাছে যাচ্ছে, তাদের কাছ থেকে ধার করে নিয়ে এসে আপনাদের ধার শোধ করছে। আপনি তাদের ঋণ মুক্ত করতে চাইছেন, অথচ সে আপনার ঋণ শোধ করবার জন্য আবার তাদের কাছে ঋণ করছে। কারণ আপনার পুলিশ পেয়াদা আছে, আপনি তার ওপর হামলা করতে পারেন। আমি আপনাকে আর একটা বিষয়ে একটু বলতে চাই। অনেক জায়গায় শুনছি বলা হচ্ছে কমিউনিস্ট পার্টি ঋণ আদায় করতে দিচ্ছে না, এবারে কমিউনিস্ট পার্টির মাজা ভেঙ্গে দেব, সি আর পি পুলিশ দিয়ে হামলা করব। আমাদের কনস্টিটিউয়েন্সিতে পুলিশ পোস্টিং করা হচ্ছে। আমি জানি অজয় মুখার্জির কনস্টিটিউয়েন্সিতে সেখানে এই জিনিস হয়েছে এবং সেখানে অনেককে অ্যারেস্ট করা হয়েছে। আবার একথা বলা হচ্ছে যে, সি আই পি নিয়ে গিয়ে কমিউনিস্ট পার্টির লোকেদের মাজা ভেঙ্গে দেব এমার্জেন্সির সুযোগ নিয়ে। এতে কমিউনিস্ট পার্টির মাজা ভাঙ্গা হবে? না, চাষীর মাজা ভাঙ্গা হবে? আবার সুদ ১০ পারসেন্ট হবে বলে মুখে উস্কানি দিচ্ছে। আমার সময় কম, তা নাহলে আমি এই জাতীয় অনেক ঘটনার কথা বলতে পারতাম। আমি জানি গত বছর ঋণের অর্ধেক পরিশোধ করেছে, রশিদ রয়েছে, সই করা রশিদ, সেখানে আবার পুরো ঋণ শোধ করবার দাবি করা হচ্ছে। ১০০ টাকা ঋণ করেছিল, নোটিশ পেয়ে অর্ধেক সুদ সমেত শোধ করে এল, আবার সেখানে এবছর ১০০ টাকার নোটিশ হল। যে গ্রুপ লোন তাও আবার ইনক্লুড করা হচ্ছে। আমি বড় বড় ঋণের কথা বলছি না, যারা হাজার টাকা ঋণ করেছে, তারা নিশ্চয়ই শোধ করবে। কিন্তু যারা ছোট ছোট ঋণ করেছে ৫০ টাকা, ১০০ টাকা, ২০০ টাকা তাদের ক্ষেত্রে আপনি ছাড় দিন, আর প্রান্তিক চাষী, ক্ষুদ্রচাষী, তাদের ক্ষেত্রে আপনি কিস্তিবন্দি করে দিন সুদ বাদ দিয়ে। এটা করলেই চাষীর যথেষ্ট উপকার হবে। আর যদি আপনি পুলিশ নিয়ে সি আর পি নিয়ে মারপিট করে.অত্যাচার করতে চান তাহলে আপনি জানবেন যে কংগ্রেস বা কমিউনিস্ট বলে নয় এর ফলে চাষীই এর বিরুদ্ধে বিক্ষোভ দেখাবে। আপনারা ঘুস ও দুর্নীতির কথা বলেছেন এবং এমার্জেন্সি পিরিয়ডে সকলকে ডিসিপ্লিন করবেন এবং তার জন্য কিছু কিছু লোক ধরছেন। কিন্তু আপনি ভাল করে খোঁজ নিন তাহলে দেখবেন যাদের হাতে ক্ষমতা আছে তাদের ঘুস দেওয়া বেড়েছে কিনা!

[4-40 — 4-50 p.m.]

কিছু কিছু পলিটিক্যাল অ্যাটাক হচ্ছে। পুলিশ, জোতদারের কথায় বা মালিকদের কথায় অ্যারেস্ট করছে এবং এই রকম কিছু কিছু মিসাও করেছে। আমি জানি ফলস্ ডাকাতির কেসে জড়িয়ে দিয়ে মিসা করা হচ্ছে। যার বাড়িতে ডাকাতি হয়েছে বলছে, সে বলছে না, আমার বাড়িতে ডাকতি হয়নি, তবুও তাকে মিসা করা হচ্ছে, এই রকম ঘটনা আমি গভর্নমেন্টের নজরে এনেছি, কর্তৃপক্ষের নজরে এনেছে। কিন্তু এরকম পলিটিক্যাল মিসা ছাড়াও খুব ব্যাপক ভাবে নন-পলিটিক্যাল মিসার থ্রেট দিয়ে ঘুস নেওয়া হচ্ছে। একটা উদাহরণ দেখুন, আমাকে ইলিয়াস বলল যে, ডায়মন্ডহার্বারের রাস্তা দিয়ে ট্রাক আসছে, কতগুলি চাষী বলল, আমাদের তরি-তরকারি আমরা কলকাতায় নিয়ে যাব, আমরা পয়সা দেব আমাদের তুলে নাও। তুলে নিল। তারপর পোস্টে আটকাল এবং দেখা গেল তাদের

তরি-তরকারির সঙ্গে হয়ত কিছু চাল আছে, সঙ্গে সঙ্গে তাদের ধরে বলল ৮০০ টাকা ঘুষ দাও, তারা বলল আমরা অর্ধেক দিচ্ছি। বলল না তা হবে না। তারা ভাবল চাল নিয়ে আসছি এই রকম বে-আইনি ভাবে, এতে ৪/৮কি ২০ দিনের জেল হবে। কিন্তু মিসা হয়ে গেল। মিসার অপপ্রয়োগ তাতে দারোগা পর্যন্ত মিসা করছে। আমরা এস পি-র সঙ্গে কথা বলেছি, কিন্তু কোনও সদুত্তর পাইনি। তারা কি সমস্ত কেস তদন্ত করে পাঠান রাইটার্স বিল্ডিং থেকে কি সমস্ত কেসের অবজেকটিভ এনকোয়ারি করতে পারেন? সুতরাং আমরা দেখছি এখান থেকে সই হয়ে যাচ্ছে। এইরকম একটা ভয়ঙ্কর অবস্থা হচ্ছে। মুখ্যমন্ত্রীকে বলব একটা কেস যদি এরকম ভাবে পান যে ঘুষ খেয়ে বা পারসোনাল ভেনডেলটার জন্য করছে তাহলে কী ব্যবস্থা করবেন? পশ্চিম দিনাজপুর ইসলামপুরে একটা দারোগা চাঁদা চেয়েছিল ভদ্রলোক দেননি বলে একটা ফল্‌স ডাকাতি মামলায় তাকে জড়িয়ে মিসা করে দিয়েছেন। এই রকম ২/১টি কেস ধরে যদি পানিশ করে দেন, জালিয়াতি, জোচ্চুরি করার জন্য যদি পানিশ করে দেন তাহলে এরকম আর হবে না। এমার্জেন্সি মানে ওসি, পুলিশ অফিসার ব্যুরোক্রেসি পাওয়ার জনসাধারণ চিন্তা করছে প্রধানমন্ত্রী এমার্জেন্সি করেছিলেন, গণতন্ত্র, স্বাধীনতা রক্ষা করার জন্য আমাদের ভাল করার জন্য। কিন্তু-এর বিরোধী যে কাজ হয়েছে তারজন্য কি ইমপ্রেশন ক্রিয়েট হচ্ছে। সুতরাং এসব জিনিস তুচ্ছ করে দেখা উচিত নয়? আমি আপনাকে এরজন্য নিন্দা করছি না—আপনাকে এসব দিকে দৃষ্টি আকর্ষণ করছি। অজিতদা বলছিলেন ঘরবাড়ি ভাঙ্গা সম্বন্ধে বেআইনিভাবে দখল করে আছে, অতএব দুমদাম ভাঙ, এবং কালকের মধ্যে যদি না ভাঙে তাহলে তোমাদের ঘন্টায় ৬৫ টাকা দিতে হবে। এটা কি এমার্জেন্সির বাবা! এমার্জেন্সি কি সাধারণ মানুষকে সাসপেন্ড করার জন্য? আমি এসব দেখে অবাক হয়ে গেলাম যাদের পয়সা আছে তারা মজুর নিয়ে এসে ভাঙছে এবং যাদের পয়সা নেই তারা নিজেরাই ভাঙছে। তারা কোথায় বসবে তা আগে ঠিক করা উচিত। কিন্তু এখন পর্যন্ত বেশির ভাগ জায়গায় তাদের পুনর্বসতি হয়নি। পুনর্বসতি একটা ব্যবস্থা করে একটা জায়গা ঠিক করে তাদের উঠে যাবার নোটিশ দিন এবং তারপর না গেলে ২৪ ঘন্টার নোটিশে তাদের ঘর ভেঙে দিন। কিন্তু এর জন্য কি হচ্ছে? যে অফিসার ভাঙছে তার বিরুদ্ধে কোনও বিক্ষোভ নয়, বিক্ষোভ হচ্ছে আপনাদের ঐ দিল্লির বিরুদ্ধে। আপনারা এটা কেন হতে দিচ্ছেন? রাজ্যপাল তার ভাষণ বলার মতো একটা পয়েন্ট বলেছেন এবং সেটা হচ্ছে আমরা প্ল্যান-এর খরচ অনেক বাড়িয়েছে এবং আগের তুলনায় অনেক বাড়িয়েছি।

[4-50 — 5-00 p.m.]

আপনারা মাথাপিছু প্ল্যানিং খরচ বাড়িয়েছেন আনন্দের কথা, কিন্তু আমি আপনাকে বলি, আপনাদের নিজেদের অভিজ্ঞতা থেকে জানেন, যেসব রাজ্যে প্ল্যানিং খরচ বেড়েছে সেখানে প্রবলেম এত ভাস্ট যে প্ল্যানিং খরচ বাড়লেও প্রবেলম সলভ হচ্ছে না। সরকার আপনারাও আছেন, আমরাও আছি। ত্রিবান্দমে আমাদের মিটিং ছিল, সেখানে গিয়েছিলাম, দেখলাম কেরল গভর্নমেন্ট এবারে বাজেটে পরিকল্পনা ব্যয় বাড়িয়েছে। এবারে বাজেটের তারা ১১১ কোটি ৫০ লক্ষ টাকা ধরেছে, আপনাদের ২৩২ কোটি টাকা। ১৯৭১ সালে কেরলের

পপুলেশন, আমাদের পপুলেশন এবং ১৯৭৬ সালের আমাদের সম্ভাব্য পপুলেশন এবং কেরলের সম্ভাব্য পপুলেশন হিসাব করে দেখলাম ; তাতে দেখলাম কেরলের পপুলেশন ২ কোটি ১৩ লক্ষ ৪৭ হাজার ছিল, আমাদের ছিল ৪ কোটি ৪৩ লক্ষ ১২ হাজার, বর্তমান জনসংখ্যা কেরলের ২ কোটি ৩২ লক্ষ, আমাদের প্রায় ৫ কোটি; পরিকল্পনা খাতে যে ব্যয় হয়েছে তাকে জনসংখ্যা দিয়ে ভাগ করে দেখেছি কেরলে মাথা পিছু পড়ছে ৪৭.৯৭ পয়সা, আমাদের পড়ছে ৪৬.০৩ পয়সা। নিশ্চয়ই আমাদের খারাপ নয়, কেরলের কাছাকাছি আছে। কিন্তু একটা জিনিস বোঝা দরকার কেরল কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা ৬ খেপে ৬ খেপ দিয়েছে যদিও শিল্পের দিক থেকে তারা আমাদের চেয়ে অনেক ব্যাকওয়ার্ড, আমাদের চেয়ে তাদের রিসোর্স অনেক কম। সেই একটি রাজ্য মাথা প্রতি ৪১ টাকা প্ল্যান এক্সপেন্ডিচার করছে, আপনি মাথা পিছু ৪৬ টাকা করছেন। কিন্তু কেরলে প্রবলেম সলভড হয়ে যাচ্ছে। আমি ওদের মিনিস্টারের সঙ্গে আলোচনা করেছি, কোনও কমপ্লেসেন্সি দেখায়নি। কিন্তু এই যে ভাস্ট প্রবলেম এর কিনারা কোথায়? আপনারা যা করেছেন আমি সমর্থন করছি, কিন্তু শুধু অনুরোধ করছি যে আপনারা কমপ্লাসেন্ট হবেন না দয়া করে। শেষে একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি সেটা হচ্ছে মহার্ঘভাতার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কম্প্যারিজনে আমরা ৬ খেপ পিছনে। একটা, দুটো তিনটে বুঝি কিন্তু ৬টা খেপ পিছনে পড়ে আছি। এতে এমন একটা অবস্থা দাঁড়িয়েছে যে কেন্দ্রীয় সরকারের গ্রেড ফোরের যা মাইনে সেটা এখানকার গ্রেড থ্রির চেয়ে বেশি। আমি আশা করছি এবারে হয়ত সরকারি কর্মচারিদের কিছু ডিয়ারনেস বাড়াবেন। মহারাষ্ট্র, পাঞ্জাব, কেরল পরিকল্পনা খরচ বাড়িয়েও যদি কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দিতে পারে তাহলে আপনারা দিতে পারবেন না কেন? এটা সম্বন্ধে একটু বিবেচনা করুন। আমি শেষ কথা যেটা বলব সেটা হচ্ছে রাজনীতির কথা। চন্ডীগড়ে আপনারা প্রস্তাব পাস করেছেন এবং সেখানে প্রধানমন্ত্রী যে বক্তৃতা করেছেন তাতে তিনি বলেছেন, অনেকে বলছে আমরা দক্ষিণে ঘেষছি। এটা ঠিক কথা নয়, আমরা লেফটঅফ সেন্টার নিয়ে আছি। আপনাদের প্রস্তাবে কি আছে সেটা আমি পড়ে শোনাচ্ছি। Congress notes with deeper appreciation that in tiding over our recent vexations problems democratic and progressive force both at home and abroad have offered their warm and open help. We value this support and welcome their continued co-operation. ধন্যবাদ। কিন্তু আমরা নানা রকম কথা শুনছি। স্যার, জয়প্রকাশ নারায়ণ অথবা জনসংঘ যদি আমাদের উপর চটে যায় তাহলে সেটা আমরা বুঝি, তাদের রাগ করবার কারণ আছে। কিন্তু শাসক দলের পক্ষ থেকে এদিক ওদিক শুনি—অর্থাৎ কমিউনিস্ট পার্টি বিশ্বাসঘাতক, তাদের আমরা দেখে নেব, তাদের মাজা ভেঙ্গে দেব তখন মনে মনে ভাবি প্রস্তাব একরকম এবং বক্তব্য অন্য রকম। আমাদের মুখ্যমন্ত্রী নিজে ওয়ার্কিং কমিটির মেম্বার এবং তিনি বোধহয় ড্রাফটিং কমিটিতেও ছিলেন। কিন্তু আমরা নানা রকম কথা শুনছি কমিউনিস্ট পার্টি বিশ্বাসঘাতক ইত্যাদি, ইত্যাদি। আমরা জানি আমাদের যারা অপরপক্ষ তারা আমাদের বলছেন, তোমরা কংগ্রেসের দালাল। আমরা তাদের বলেছি, আমরা যা করেছি বেশ করেছি, আমরা যা করেছি তা দেশের স্বার্থে এবং জনতার স্বার্থে করেছি। আপনারা ১৯৬৯ সালের কথা ভাবুন—ভি ভি গিরির ইলেকশন। তখন শুধু আমরা নয়, সি পি এম সহ সমস্ত লেফট পার্টি

যদি পশ্চিমবাংলায় তাকে ভোট না দিতেন তাহলে তিনি জিততে পারতেন না এবং তিনি যদি না জিততেন তাহলে অবস্থা কি হত সেটা একবার ভেবে দেখুন। ইন্দিরাজি প্রধানমন্ত্রী থাকতেন কি থাকতেন না, আপনাদের গভর্নমেন্ট থাকত কি উল্টে যেত সেটা কথা নয়, যারা পাওয়ারে আসতেন তাদের পলিসি কি ছিল, তাদের ঝোঁক ছিল, তাদের লাইন কি ছিল, তাদের কনটেক্সট কি ছিল সেটা ভেবে দেখুন। তারপর ১৯৭১ সালের কথা। ১৯৬৯ সালে কংগ্রেস স্পিলিট হয়ে গেল এবং দিল্লিতে আপনাদের গভর্নমেন্ট মাইনরিটি হয়ে গেল। তখন ভাবুন তো এই বামপন্থী দলের সাপোর্টে আপনাদের গভর্নমেন্ট থাকতে পেরেছিল কিনা?! তারপর ভাবুন এই এমার্জেন্সি যেটাও আপনারা সামলে গেলেন। আপনারা মনে রাখবেন আমরা যে পলিটিক্যাল ক্যাম্পেন করেছি সেটা কংগ্রেসকে বাঁচাবার জন্য নয়। অবশ্য দক্ষিণপন্থীরা এবং সি পি এম আমাদের বলছে তোমরা কংগ্রেসকে বাঁচাবার জন্য এটা করছে। কিন্তু আমরা বলি আমরা দেশকে বাঁচাবার জন্য, আমাদের পার্টিকে বাঁচাবার জন্য, জনতাকে বাঁচাবার জন্য, ওয়ার্কিং ক্লাশকে বাঁচাবার জন্য আমরা এটা করেছি। যারা পাওয়ারে আসত তারা এলে কি হত, তারা কি করত সেটা বাংলাদেশে দেখা গেছে, চিলিতে দেখা গেছে। আমরা বিনীতভাবে স্বীকার করি আমাদের একলা ক্ষমতা নেই আমরা ইমপিরিয়ালিজমকে রেজিস্ট করি, আমাদের একলার ক্ষমতা নেই আমরা ফ্যাসিস্টদের রেজিস্ট করি। স্যার, ১৯৬৯ সাল থেকে আজ পর্যন্ত এটাই প্রমাণিত হয়েছে যে, কোনও ক্রিটিকাল মোমেন্টে একা কারুর ক্ষমতা নেই একে প্রতিরোধ করবে। আমাদের কমিউনিস্ট পার্টির পলিসি হল, আমরা সাম্রাজ্যবাদ বিরোধী। আমরা ফ্যাসিস্ট শক্তির বিরোধী, আমরা প্রতিক্রিয়াশীল শক্তির বিরোধী। আমরা চাই সমস্ত প্রগতিশীল শক্তি বিশ্বব্যাপী এক হোক, সকলে ঐক্যবদ্ধ হোক এবং সেই ঐক্য জনতার স্বার্থে হোক। সেই ঐক্য সাধারণ খেটে খাওয়া মানুষের সেই ঐক্য জনতার স্যালিয়েন সাপোর্টে নয়, জনতার অ্যাকটিভ সাপোর্টে, তার অর্গানাইজড সাপোর্টে হোক, পেট্রিয়েট ইউনিটি স্থাপিত হোক। যে সমস্ত শক্তি প্রতিক্রিয়াশীলদের পিছনে আছে, সেই সামাজিক অবস্থানগুলিকে আঘাত করা হোক তাদের বন্ধ করে রাখা হোক। আপনি স্যার স্বীকার করবেন যে আমরা অ্যান্টি ফ্যাসিস্ট কনফারেন্স করেছিলাম, তাতে এরাও যোগ দিয়েছিলেন, এদের প্রেসিডেন্ট যোগ দিয়েছেন, অল ইন্ডিয়া কংগ্রেসের প্রেসিডেন্ট যোগ দিয়েছিলেন, বহু মিনিস্টার যোগ দিয়েছিলেন এবং চিফ মিনিস্টারও যোগ দিয়েছিলেন, সেই ইনিসিয়েটিভ আমরা নিয়েছিলাম দলের স্বার্থে, জাতির স্বার্থে। আজও আমরা যে পজিশন নিয়ে আছি, দলের স্বার্থে নিশ্চয়ই জাতির স্বার্থেও। যারা সুবিধাবাদী তারা আমাদের পার্টির থেকে অন্য দিকে ভিড়ে গেছে, সেই কজনকে বাদ দিয়ে সমস্ত ডেমোক্রাটদের নিয়ে, সে কংগ্রেস ম্যানই হোক আর কমিউনিস্টই হোক আমরা চেষ্টা করেছি। আমি এখানে বলতে চাই তারা শুধু আমাদের ওপরে আঘাত হানবো না, সি পি এমকেও বাদ দেবে না। আমরা জানি মাননীয়া প্রধানমন্ত্রী চন্ডীগড়ে একথা বলেছিলেন যে ওরা পাওয়ারে এলে আমাদের শুধু জেলে দিত না, গলা কাটত। সুতরাং আমরা যা করেছি দেশের স্বার্থে করেছি, জনতার স্বার্থে করেছি, পার্টির স্বার্থে করেছি, দয়া করে এই কথাটা বুঝবেন আর দয়া করে আমাদের ভয় দেখাবেন না, তাচ্ছিল্য করবেন না, ঘৃণা করবেন না, নিন্দা করবেন না, অ্যাপ্রিসিয়েট করবেন। এটুকু জেনে রাখবেন যে কমিউনিস্ট

পার্টি একটা বৃহত্তর স্বার্থে একটা নীতি অনুসরণ করছে, আজ পর্যন্ত তাকে কেউ ভয় দেখিয়ে ক্ষান্ত করতে পারেনি, দমন করতে পারেনি, জেলে পুরেও নয়, ফাঁসি দিয়েও নয়। সুতরাং আমাদের কথা পরিষ্কাভাবে রাখলাম এবং এই অনুরোধ করব রাজ্যপালের ভাষণে যে আত্মসন্তুষ্টির মনোভাব যে, যা করেছি সব ভাল করেছি, চমৎকার করেছি, এটা ঠিক নয়। নিশ্চয়ই যা ভাল করেছেন তার জন্য বাহবা নেবেন, কিন্তু যে ত্রুটিবিচ্যুতি, যে দুর্বলতা রয়ে গেল, মানুষের মধ্যে যে বিক্ষোভ যে অনাচার, যা কিছু চলছে সেটা চোখ দিয়ে দেখে তার যদি প্রতিকার করবার চেষ্টা করেন তাহলে বাংলাদেশের ভবিষাত উজ্জ্বল হবে, তা না হলে বাংলাদেশের কপালে অনেক দুঃখ আছে।

[5-00 — 5-10 p.m.]

শ্রী আব্দুল বারি বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল যে ভাষণ ২০ তারিখে পবিত্র বিধানসভায় রেখেছেন সেই ভাষণকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি আপনার সামনে দুই চারটা কথা রাখবার চেষ্টা করব। মাননীয় বিরোধীপক্ষের নেতা একদিনের সেচমন্ত্রী পশ্চিমবাংলার কমিউনিস্ট পার্টির নেতা তিনি যে বক্তব্য রাখলেন তাকে স্বাভাবিক ভাবে আমরা আশা করেছিলাম তার বক্তব্যে গঠনমূলক সমালোচনা থাকলেও তিনি এমন পথনির্দেশ দেবেন যাতে আমাদের সরকার উপকৃত হবে, সাধারণ মানুষ উপকৃত হবে এবং সঙ্গে সঙ্গে সাধারণ মানুষ তাদের ভবিষ্যতের স্ট্যান্ড পয়েন্ট সম্বন্ধে অবহিত হবে না। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে তার বক্তব্যের মধ্যে দিয়ে রাজনৈতিক আলোচনা বাদ দিলে বাকি যে অর্থনৈতিক আলোচনা করেছে সেই আলোচনার মধ্যে দিয়ে এমন কোনও গঠনমূলক সাজেশন বা উপেদশ দিতে পারেননি যে উপদেশ গ্রহণ করলে পশ্চিমবাংলার ৪ কোটি ৪৪ লক্ষ লোকের সামগ্রিক উপকার হতে পারবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা ভারতবর্ষের যদি রাজনীতির দিকে তাকাই, আপনার নিশ্চয়ই খেয়াল আছে ১৯৬৯ সালের আগে ১৯৬৭ সালের পরে এবং ১৯৬৯ সাল থেকে ৭২ সাল অবধি এই কয়েক বৎসরে পশ্চিমবাংলার রাজনীতির যেভাবে ধূমায়িত করে সামাজিক উন্নতির পথকে যেভাবে অবরুদ্ধ করা হয়েছিল, অপর দিকে আইন শৃঙ্খলাকে চুরমার করে ভেঙ্গে দেবার চেষ্টা হচ্ছিল, গণতন্ত্রের মূল যে উৎস সেই উৎসকে ভেঙ্গে চুরমার করে দেবার চেষ্টা হয়েছে আজকে ভারতীয় কমিউনিস্ট পার্টির নেতা, তদানীন্তন মন্ত্রিসভার শরিক হয়ে একথা তিনি অস্বীকার করতে পারেন না। তাই ১৯৭২ সালে ভারতবর্ষে শ্রীমতী ইন্দিরা গান্ধী রাজ্যে রাজ্যে গিয়ে মানুষকে ডাক দিলেন তখন রাজ্যে রাজ্যে কেন্দ্রে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকারের গদিতে অধিষ্ঠিত হলেন। আজকে ইন্দিরা গান্ধী ভারতবর্ষের কর্ণধার হয়ে ভারতবর্ষের মানুষের সামনে রাজনৈতিক স্থিতিশীলতা ও যে স্বাধীনতা আমরা অর্জন করেছি তা বজায় রাখার জন্য সামগ্রিকভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই এই ধারণার বাইরে নয় যে জয়প্রকাশ নায়ারণের নেতৃত্বে গোটা ভারতবর্ষের সি পি এম, জনসংঘ, আদি কংগ্রেস, স্বতন্ত্র দল এবং ভারতীয় ক্রান্তি দল যে মনোভাব, যে পরিস্থিতি সৃষ্টি করার জন্য চেষ্টা করছিলেন সেই পরিস্থিতি সৃষ্টি হলে আজকে ভারতবর্ষের গণতন্ত্র সমাধিতে পরিণত হত এবং এই যে সমাজতন্ত্রের রূপরেখা করা হচ্ছে তা আজকে বে অব বেঙ্গলে গিয়ে পৌছে যেত এবং

আমাদের ধর্ম নিরপেক্ষতার যে নীতি তা নিশ্চিতভাবে খর্ব হত। আজকে এই তিনটি মূল বস্তুকে ভারতবর্ষের মাটিতে প্রতিষ্ঠিত করবার জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধী ভারতবর্ষের রাজনৈতিক অবস্থায় স্থিতিশীলতা আনবার জন্য, মানুষের স্বার্থে গণতন্ত্রকে এই মাটিতে প্রতিষ্ঠা করবার উদ্দেশ্যই ভারতবর্ষে আভ্যন্তরীণ জরুরি অবস্থা ঘোষণা করেন এবং এটা ঘোষিত হওয়ার পরেও তিনি খান্ত থাকেন নি তিনি ২০ দফা অর্থনৈতিক কর্মসূচি আজকে মানুষের সামনে এনে দিয়েছেন। এই ২০ দফা কর্মসূচির বিশ্লেষণ হওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যদি একথা না বলি তাহলে বাস্তবকে অস্বীকার করা হবে। বাংলাদেশে যে ঘটনা ঘটে গেল, মুজিবের সপরিবারে মৃত্যু হল ভারতবর্ষের অভ্যন্তরেও এই ঘটনা ঘটতে পারত—হয়ত বললে ভুল করা হবে। আমাদের বাইরের ষড়যন্ত্র এবং ভিতরের ষড়যন্ত্র একযোগে এই ভারতবর্ষের মাটিতে সেই রকম ক্রিয়াকান্ড ঘটাবার জন্য অপচেষ্টা চালিয়ে যাচ্ছিল। এই সন্ত্রাসের রাজত্বের হাত থেকে তিনি আজকে সারা ভারতবর্ষের ৬৮ কোটি মানুষকে অব্যাহতি দিয়েছেন। তিনি আজকে জাতির ত্রাতা, গণতন্ত্রকে পুনঃ প্রতিষ্ঠা করবার মালিক। তিনি দাঁড়িয়ে সমাজতন্ত্রকে প্রতিষ্ঠা করবার জন্য যে নির্দেশ না দিলেন আমি আশা করেছিলাম যে উনি নিশ্চয়ই তুলে ধরবেন, তুলে ধরেছেন ঠিকই কিন্তু বলিষ্ঠভাবে তুলে ধরেন নাই, আমাদের স্ট্যান্ড পয়েন্টকে যেভাবে সমর্থন করবেন বলে আশা করেছিলাম তা করেননি।

যদি রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে বক্তৃতা করেন তাহলে কিছু কিছু দুর্বলতা থাকবেই এবং তা নিয়ে তিনি তার রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করতে পারেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যদি আমরা একথা অস্বীকার করি তাহলে নিশ্চয়ই ভুল করা হবে, আজকে পশ্চিমবঙ্গের মানুষের কত রকম সমস্যা আছে কিন্তু এই পশ্চিমবঙ্গে ৩৩৫টি ব্লক আছে। ভারতবর্ষের কমিউনিস্ট পার্টির আর এস পি-র সদস্যরা এখানে দাঁড়িয়ে সঠিকভাবে বলুন যে আজকে পশ্চিমবাংলায় এমন কি কোনও ব্লক আছে যেখানে একটা প্রাইমারি হেলথ সেন্টার খোলা হয়নি, আজকে কি একথা তারা অস্বীকার করতে পারেন যে প্রতি পাঁচজন মানুষ পিছু একটা করে বেড করা হয়েছে। আপনারা এটা অস্বীকার করতে পারেন? অস্বীকার করতে পারবেন না। আপনারা জানেন একদিন মাথা পিছু এই রাজ্যে ব্যয় করা হত ১০ টাকা করে। আজকে ব্যয় করা হবে ৫২ টাকা করে। (এখানে লাল আলো জ্বলে উঠে) আমার প্রথম বক্তৃতা এবারে, আমাকে একটু সময় দেবেন উপাধ্যক্ষ মহাশয়, আমি জানি না আপনি কোথা থেকে সময় পাবেন, কেন না এভাবে বক্তৃতা করলে তাদের বক্তৃতার উত্তর দেওয়া যাবে না। যাই হোক আমায় দয়া করে একটু সময় দিন। আমাদের বিদ্যুৎ মন্ত্রী আছেন, আজকে বিদ্যুতের কথা বলি। ১৯৭২ সালে কত গ্রামে বিদ্যুৎ গেছল, কত মৌজার বৈদ্যুতিকরণ হয়েছিল? আজকে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ গেছে। যে সমস্ত শ্যালো টিউবওয়েল হয়েছে, রিভার পাম্প হয়েছে, ডিপ টিউবওয়েল হয়েছে তার শতকরা ৯০টিতে এই মরশুমে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। আজকে লোডশেডিং-এর কথা এই রাজ্যে ভাবতে পারা যায় না। কোথায় সেই লোড শেডিং? একদিন এখানে লোডশেডিং-এর ব্যাপার ছিল, কিন্তু আজকে মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে লোডশেডিং আর ঘটেনা। আব্দুস সাত্তার সাহেব বসে আছেন, আমি তার দপ্তর সম্বন্ধে দুই একটি কথা নিবেদন করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে পূর্বে ৪৩

লক্ষ মেট্রিক টন আমন উৎপন্ন হত। গত বছর উৎপাদন হয়েছে ৪৮ লক্ষ মেট্রিক টন, এবং এবারে লক্ষ্য মাত্রা হচ্ছে ৫২ লক্ষ মেট্রিক টন। ১৯৭২ সালে যেখানে গমের উৎপাদন হত ৩৫ হাজার মেট্রিক টন, গত আর্থিক বছরে সেখানে হয়েছে ৮ লক্ষ মেট্রিক টন এবারে লক্ষ্য মাত্রা সেখানে ১২ লক্ষ মেট্রিক টন। ভারতীয় কমিউনিস্ট পার্টির লোকেরা জেনে রাখুন এই যে ৬.৬৫ টাকা মজুরি এটা অমনি হয়নি।

গ্রামে এই যে ফসল হয়েছে তার ফলন এত বেশি হয়েছে যে সেটা ট্রিপল ফলন হয়েছে এবং সেই পথই আর্থিক বিকাশের সূচনা এনে দিয়েছে। ঐ পক্ষের যারা তারা কেবল হতাশার কথা বলে যাচ্ছেন এই গোল ঘরে বসে এই কক্ষের সুযোগ নিয়ে এবং একথা বলে ৪ কোটি ৪৪ লক্ষ লোককে বিভ্রান্ত করার চেষ্টা করছেন, যেন আমাদের কোনও ভবিষ্যত নেই, পশ্চিমবাংলার মানুষকে অসত্য কথা বলে, কিছু সত্য গোপন করে তারা বিপথে পরিচালিত করার চেষ্টা করছেন। আজকে যে জরুরি অবস্থা চলেছে তাতে আমাদের সামনে ২০ দফা কর্মসূচি রয়েছে, এই অধিকার নিয়ে তারা মানুষকে বিপথে পরিচালিত করতে চেষ্টা করছেন। আপনারা ভাল কথা বলুন, উন্নতির কথা বলুন, পশ্চিমবাংলার মানুষের সামনে যে সুযোগ এসেছে সেই সুযোগ আমাদের গ্রহণ করতে হবে।

Mr. Deputy Speaker : Mr. Biswas, you are not the only member who will speak. There are other speakers also. So, please take your seat.

শ্রী আব্দুল বারি বিশ্বাস : আমি স্যার একটু বলেই শেষ করছি। আমি এবার কৃষি বিভাগ সম্বন্ধে দুই একটি কথা বলব।

Mr. Deputy Speaker : Mr. Biswas, please take your seat. Now I call upon Shri Naresh Chandra Chaki to speak.

শ্রী আব্দুল বারি বিশ্বাস : যাই হোক মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাই আমাকে বক্তৃতা দিতে এটুকু সময় দিবার জন্য। রাজ্যপাল মহোদয় তার ভাষণে পশ্চিমবাংলার মানুষের যে উন্নতি হয়েছে তার উল্লেখ করার জন্য আমি তাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 — 5-20 p.m.]

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালকে ধন্যবাদ দিয়ে যে প্রস্তাব এখানে এসেছে, সেই প্রস্তাব সমর্থন করে দুই একটি কথা আমি নিবেদন করতে চাই। মাননীয় বিরোধী দলের নেতা অনেকক্ষণ ধরে ভাল বক্তৃতা রেখেছেন। তার কথার মধ্যে যুক্তি নাই, সারবত্তা নাই একথা আমি বলতে চাইছি না। অনেক সঠিক তথ্য তিনি নিশ্চয়ই পরিবেশন করেছেন। তবে শুধু হতাশার চিত্র দিয়েছেন। প্রতিকারের জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকার রাজ্যে রাজ্যে যে ব্যবস্থা গ্রহণ করেছেন, পাশাপাশি যদি সেগুলিও বলতেন,

তাহলে নিশ্চয়ই আমি আরও খুশি হতাম। আমি একটা উদাহরণ দিতে চাই। শ্রমিকদের উপর কিছু কিছু মিল মালিক অত্যাচার করছে, সে কাহিনী তিনি এখানে বর্ণনা করেছেন। আমি ট্রেড ইউনিয়ন করি, তার সঙ্গে আমি একমত। কোথাও নিশ্চয়ই হয়েছে, মিল মালিকরা জরুরি অবস্থার সুযোগ নিয়ে কোথাও কোথাও শ্রমিকদের বেআইনিভাবে ছাঁটাই করছে লে-অফ করে চলেছে। কিন্তু একথা ঠিক—ওদের সঙ্গে আমাদের পার্থক্য হলে—ওরা যুক্তফ্রন্টের সময় মিল মালিক—জোতদারদের অত্যাচারে ভূমিহীন কৃষক, কারখানার শ্রমিক দীর্ঘদিন ফেলেছিল। এখন তারা দেখেছেন ইন্দিরা গান্ধীর সরকার এই বার অত্যাচার নীরবে মাথা পেতে নিচ্ছে না। শ্রমিকদের উপর অত্যাচার হচ্ছে বলে তাদের স্বার্থ রক্ষা করবার জন্য সম্প্রতি কয়েকটি আইন চালু করা হয়েছে। যদি ক্লোজার হয় তাহলে নাইনটি ডেজ নোটিশ দিতে হবে, আর লে অফ বা ছাঁটাই হলেও অনুরূপ ৭ দিনের নোটিশ আগে থেকে দিতে হবে। আর সেই নোটিশ ন্যায়ভিত্তিক কিনা সেটা বিবেচনা করে দেখবেন অ্যাপেক্স বডি তারা সম্মতি দিলে পর এই লে অফ, ক্লোজার বা ছাঁটাই হতে পারবে। তবে একথা বিশ্বনাথবাবুর বলা উচিত ছিল দরকার ছিল যে আমরা কৃষকদের পাশে আছি, শ্রমিকদের পাশে আছি। এবং তার পাশাপাশি তার এ কথা ও বলা দরকার ছিল যে যুক্তফ্রন্ট সরকার যা করে নাই—ইন্দিরা গান্ধীর সরকার তাই করেছে। এই labour participation in the management এই যে শ্রমিক স্বার্থে আইন—পার্টিসিপেশন ইন দি ম্যানেজমেন্ট এতে করে একটা বিপ্লব ঘটবে—একথা নিশ্চয় করে বলা যায়। আমরা শ্রমিকদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে এই আইন করেছি—শ্রমিকদের যথেষ্ট সুযোগ সুবিধা ব্যবস্থা করেছি—এই কথাগুলি যদি তিনি বলতেন— তাহলে খুব খুশি হতাম। তিনি আমলাতন্ত্রের চক্রান্তের কথা বলেছেন—তা স্বীকার করি। এই আমলাতন্ত্রের একটা বিরাট অংশ তাদের সঙ্গে হাত মিলিয়ে এই চক্রান্ত করেছে—একথা অতি সত্য। কিন্তু ব্যাথার কথা, বেদনার কথা—এই কর্মচারিদের দীর্ঘসূত্রতার কথা বলেই তিনি তাদের মাইনে বাড়ানোর কথা বলেছেন। একই সঙ্গে একথা বলা চলে না। দুধও খাব, তামাকুও খাব—এক সঙ্গে এটা চলে না। একটা বিশেষ পদ্ধতি নিতে হবে। যা বলবেন স্পষ্ট করে বলতে হবে। একটা অনুরোধ আমি বিরোধী দলের সদস্যদের কাছে রাখতে চাইছি এই যে কংগ্রেস সরকারের ২০ দফা কর্মসূচি যা—শোষিত বঞ্চিত ও লাঞ্ছিত মানুষের কাছে একটা মুক্তির স্বাদ নিয়ে এসেছে। স্বাধীনতার দীর্ঘ ২৭ বছর পর শ্রমিক কৃষক ও গরিব মানুষের কাছে কোনও সরকার কোনও মন্ত্রী, প্রধানমন্ত্রী এই মুক্তির স্বাদ এনে দিয়েছেন? ইন্দিরা গান্ধী দিয়েছেন। এই ২০ দফা কর্মসূচি ঘোষণা করার পরে সাধারণ মানুষের যথেষ্ট উন্নতি হয়েছে—দুলক্ষ ৭৩ হাজার বাস্তুহীন মানুষ—বাড়ি করার জন্য বাস্তুজমি পেয়েছে। ৮ লক্ষের উপর ভূমিহীন চাষী—আজকে চাষের জমি পেয়েছে। এই ২ লক্ষ ৭৩ হাজার বাস্তুহীন মানুষ আজ বাড়ি তৈরি করবার জমি পেয়েছে বটে, কিন্তু বহুক্ষেত্রে—সেই জমির দখল এখনও তারা পায়নি। বাস্তুহীন ও তাদের বাড়ি করবার ক্ষমতা নাই। সুতরাং তাদের বাড়ির জমি দিলেই হবেনা। প্রত্যেককে সেই জমির দখল দিতে হবে এবং বাড়ি তৈরিরও সবরকম ব্যবস্থা করে দিতে হবে—"জয়ন্তী গ্রাম" তৈরির মতো তার দায়িত্ব সরকারকে নিতে হবে। তাহলে এই পরিকল্পনা স্বার্থক হবে। আপনি জানেন স্যার, এই জরুরি অবস্থা

ঘোষণা করবার পরে দেশের ভাল উন্নতি হয়েছে—ডিসিপ্লিন ফিরে আসবে। কিন্তু আবার যেখানে শিথিলতাও আসতে আরম্ভ করেছে, এই আমলাতন্ত্রের একটা শ্রেণীর কাছে জরুরি অবস্থা মানে—তাদের স্বাধীনতা তাদের খুশিমতো কাজ করবার ক্ষমতা। তারা কারও কথা মানে না, মন্ত্রীদেরও তারা গ্রাহ্য করল না। এই প্রবণতা ফিরে আসছে, আজকে এই প্রবণতা সর্বশক্তি দিয়ে রুখতে হবে, শিথিলতাকেও রুখতে হবে। আমরা যদি একটা পরিকল্পনা পরিচ্ছন্ন প্রশাসন কায়েম না করতে পারি, তাহলে এই ধরনের কোনও কর্মসূচি কার্যে রূপায়িত হবে না।

আজকে মাননীয় রাজ্যপালের ভাষণকে কেন্দ্র করে বক্তব্য বলতে যাচ্ছি। আমি একটা সময় বললাম। আর একটা হচ্ছে হস্তচালিত তাঁতের বাজার আমলাতন্ত্রের কাছে আসতে প্রশ্ন হচ্ছে—ইন্দিরা গান্ধীর ক্যাটাগোরিকাল অর্ডার থাকা সত্বেও এবং স্টেট গভর্নমেন্ট-এর ক্যাটাগোরিক্যাল অর্ডার থাকা সত্বেও পশ্চিমবঙ্গের তাঁতীরা তার এক দফাও রূপায়তি করবার সুযোগ পায়নি। তারা কেন আজকে সাবসিডি পাচ্ছে না—একথা নিশ্চয় আমি জিজ্ঞাসা করব। এইভাবে আরও দু-একটা উদাহরণ দিতে পারি। আমি বলতে পারি ২০ দফা গরিবের রক্ষা কবচ। স্বীকার করি It is a land mark of the history of the movement and development of the workers of the country কিন্তু ২০ দফা কার্যে পরিণত হচ্ছে না। কেন হচ্ছে না, কোথায় হচ্ছে না, এটা খতিয়ে দেখতে হবে। এটা যাতে হয় সেজন্য involvement of all classes of people করতে হবে। আজকে আমলাদের একচ্ছত্র আধিপত্য, সমস্ত ক্ষমতা নিয়ে থাকবে তাহলে হবে না। পিপলস রিপ্রেজেনটেটিভ এবং সবচেয়ে বড় কথা যেসব মানুষের জন্য এটা করা হয়েছে সেই সব মানুষকে নিতে হবে, ইনভলভ্ করতে হবে। যাদের জন্য এটা করা হয়েছে তাদের নিতে হবে। আমি একটা আদিবাসী গ্রামে গেলাম, আপনি অবাক হয়ে যাবেন শুনলে, বি ডি ও অফিস জে এল আর ও অফিস থেকে বলছে এটা আপনার কেন্দ্র মুকুন্দপুরের পাশে এই জমিগুলো বিলি হয়ে গিয়েছে। তোমরা পেয়েছো। তারা বলল, না বাবু এটা বিপিনবাবুর জমি, তিনি কালকে এসেছিলেন বললেন তোমরা এখান থেকে চলে যাও। জে এল আর ও অফিসে গিয়ে দেখবেন তাদের বাস্তু জমি বিলি হয়ে গিয়েছে, তাদের পাট্টা হয়ে গিয়েছে। আর বিপিনবাবু বলেছেন তোমরা শীঘ্র উঠে যাও। আমি তাদের বলেছি আপনাদের উঠতে হবে না। এই জমি আপনারা পাবেন। এই যে প্রয়াস হচ্ছে, ইনটেলিজেন্টলি, ডিপ্লোমাটিক্যালি ২০ দফা কর্মসূচিকে বানচাল করার চেষ্টা হচ্ছে এর সম্পর্কে সজাগ থাকতে হবে। আমি ধন্যবাদ সূচক প্রস্তাবকে সমর্থন করে সরকারের কাছে নিবেদন করব সজাগ হোন, সতর্ক হোন। তা না হলে ২৮শে জুন বার বার ফিরে ফিরে আসবে। ২৫শে জুন আবার আসবে। আবার আমাদের জীবনমরণের সমস্যা হয়ে আসবে। ভারতের শোষিত, নিপীড়িতরা আবার অন্ধকারে ফিরে যাবে, তারা সূর্যের আলো দেখতে পাবে না। এই সজাগ এবং সতর্ক হবার আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20 — 5-30 p.m.]

শ্রী রবীন্দ্রনাথ বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করি। আমরা জানি আমাদের সরকার সাম্রাজবাদ, ফ্যাসিবাদ, একচেটিয়া পুঁজির বিরুদ্ধে অবিরত সংগ্রাম করে চলেছে এবং এইজন্য আইনের বিভিন্ন রকম সংশোধন আনা হয়েছে। দেশে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে এবং প্রধানমন্ত্রী ২০ দফা কর্মসূচি দেশের সামনে দিয়েছেন। তার কারণ একচেটিয়া পুঁজিপতি, সাম্রাজবাদী প্রতিক্রিয়াশীল চক্রের বিরুদ্ধে দেশের সমগ্র জনসাধারণকে নিয়ে লড়াই করতে হবে—এইজন্যই ২০ দফা কর্মসূচি এবং এই ২০ দফা কর্মসূচিকে রূপায়ণের জন্য পুনরুদ্দমে কাজ শুরু হয়ে গিয়েছে। আমাদের বিরোধী দলের নেতা, যিনি অত্যন্ত অভিজ্ঞ রাজনীতিতে যিনি অত্যন্ত পটু, দেশের পরিস্থিতি যিনি সম্যক উপলব্ধি করেন এই ২০ দফা কর্মসূচি রূপায়ণের যে কাজ শুরু হয়েছে সেকথা বলেন নি। যাতে গরিব লোক সুবিধা পায় সেজন্য ২০ দফা কর্মসূচি দেওয়া হয়েছে। তাদের মধ্যে জাগরণ কিভাবে আসবে সেটা আমাদের ভেবে দেখতে হবে। আমার এই প্রসঙ্গে একটা গল্প মনে পড়েছে:

এক বৃদ্ধার অভ্যাস ছিল বারে বারে তার অভাবের কথা বলা। বৃদ্ধার সামনে এক সাধু এসে বললেন তোমার কি চাই? বৃদ্ধা প্রথমে সোনার কথা বলল। আবার পরের দিন সাধু এসে বললেন কি চাই? তখন সে সম্পত্তির কথা বলল। পরের দিন আবার সাধু এসে বললেন কী চাই? তখন সে আরও জিনিসপত্রের কথা বলল। এইভাবে দিনের পর দিন সে সাধুর কাছে তার অভাবের কথা বলল। একদিন সে আর কিছু খুঁজে পাচ্ছে না—এমন সময় সে বলল আমার একটি সুঁচ চাই। সেই রকম আজকে আমাদের এত কর্মকান্ডের সৃষ্টি হয়েছে—আমি একটি উদাহরণ দিয়ে বলব মাননীয়া সদস্যা গীতাদির এলাকায়, আমি ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির মেম্বার হিসাবে জানি ৮ থেকে ১০ লক্ষ টাকার কাজ করা হচ্ছে এবং ঐ কেন্দ্রে ৮ থেকে ১০ লক্ষ টাকার কাজ করার ফলে কাজের লোক পাওয়া যাচ্ছে না এবং এই রকম প্রত্যেকটি কেন্দ্রে বিরাট কর্মকেন্দ্র সৃষ্টি করা হচ্ছে, যারা কর্মহীন মানুষ তাদের কাজ দেওয়া হচ্ছে, বেকার যুবকদের কাজ করার কথা বলা হচ্ছে। আমরা কৃষিক্ষেত্রে বিপ্লবের ব্যাপারে অনেক দূর এগিয়ে নিয়ে যেতে পেরেছি। আমরা সি এ ডি পি প্রকল্প দেখতে পাচ্ছি। আমার এলাকায় এই প্রকল্পের মাধ্যমে দেখতে পাচ্ছি এক বছরে ৩৫টি ডিপ টিউবওয়েল পোঁতা হয়েছে। আমি হিসাব করে দেখছিলাম এতে প্রায় ৭০ লক্ষ টাকা খরচ হয়েছে এবং সমস্ত স্যালো টিউবওয়েলগুলিতে বিদ্যুৎ দেওয়া হয়েছে। অনেক দূরের গ্রামে যেখানে রাস্তাঘাট হয়নি সেখানে আলো জ্বলছে, বিদ্যুৎ দিয়ে জল তোলা হচ্ছে। এটা কি দেশের উন্নতি নয়? কিন্তু এই কথা আমরা বিরোধীদলের অভিজ্ঞ নেতার কাছ থেকে শুনতে পেলাম না। আমাদের দেশ একটা দ্রুত অগ্রগতির পথে এগিয়ে চলেছে। দেশের অগ্রগতির পথে উৎসাহ সঞ্চার করার কোনও বক্তব্য আমি তাদের কাছ থেকে শুনতে পেলাম না। আমাদের যেখানে ৪২ কোটি মেট্রিক টন আমন ধান হত সেখান থেকে বাড়িয়ে ৫২ কোটি করতে আজকে সক্ষম হয়েছি। আলোর পিছনে যেমন অন্ধকার থাকে তেমনি এই সাফল্যের পিছনেও আমরা একটা আশঙ্কা দেখতে পাচ্ছি—সেটা হচ্ছে এই, আমরা গ্রামে গিয়ে দেখতে

পাই যারা ছোট চাষী, প্রান্তিক চাষী, বর্গা চাষী, যারা ভাগচাষ করে খায় ধানের যা মূল্য, বিভিন্ন রকম জিনিসপত্রের দাম বাড়ার ফলে প্রোডাকশন কস্ট যেভাবে বেড়ে গেছে তাতে এই কস্ট নির্ধারণ করে কিন্তু মূল্য ঠিক করা হয়নি—তাতে হয়ত এই উৎপাদন উৎসাহ উদ্দীপনা কিছুটা কমে যেতে পারে। সেইজন্য আমরা গ্রামবাংলা থেকে যারা এসেছি তারা সতর্ক করে দিতে চাই যে কেন্দ্রীয় সরকারের যে কৃষি মূল্য নির্ধারণ কমিশন আছে তারা ধানের মূল্য, কৃষির মূল্য নির্ধারণ করেন—সেই রকম পশ্চিমবঙ্গ সরকার আমাদের এখানে একটি কমিশন তৈরি করুন এবং এই বিধানসভায় কৃষি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি আছেন তাদের এই কমিশনের সদস্য নির্বাচিত করুন তারা ধান উৎপাদন বা শস্য উৎপাদনের যে খরচ সেই খরচের সঙ্গে সঙ্গতি রেখে কি রকম মূল্য নির্ধারণ করলে চাষীরা উৎপাদনে আরও বেশি উৎসাহ পাবে সেটা ঠিক করবেন। আমার আরও অনেক কিছু বলার ছিল সময় অভাবে বলা গেল না। এই কথা বলে আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-40 p.m.]

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আমি প্রস্তাবকে সমর্থন করছি। আমি এই প্রসঙ্গে কিছু বলতে চাই। ভাষণে ৪২ নং প্যারায় দেখলাম সর্বভারতীয় নীতি হিসাবে রাস্তার পাশের দোকান ঘরগুলি, হকার্সদের সরিয়ে দেওয়া হয়েছে অনেকগুলি জেলায়—তার কারণ রাস্তা চওড়া করতে হবে—সত্যিই এটা করার দরকার আছে। কিন্তু এতে একটা অসুবিধা হচ্ছে কি অন্য প্রদেশে যে রকম আছে উত্তরপ্রদেশ, বিহার উড়িষ্যা ওদের ওখানে রিফিউজি সমস্যা নেই। পূর্ববাংলা থেকে যারা রিফিউজি হয়ে আমাদের এখানে এসেছিল তাদের অনেকে ছোট ছোট দোকান করে আজকে সংসার চালাচ্ছে। হঠাৎ এদের ঘর ভেঙ্গে দিলে এদের পক্ষে বেঁচে থাকা কঠিন হবে এবং রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটবে। যেসব জায়গায় ভাঙ্গা হয়েছে তার মধ্যে আমি মালদহ জেলার কথা বলতে পারি সেখানে সেখানকার মন্ত্রী মহাশয় তিনটি মার্কেট করে দিচ্ছেন যার দুটি আন্ডার কনস্ট্রাকশন। সেই সব জায়গায় যারা রিফিউজি বা হকার বা যারা স্টল করে বসেছিল তাদের নিয়ে গিয়ে রিহ্যাবিলিটেট করে তারপর ভেঙ্গে দেওয়া হয়েছে। কাজেই সেখানে কোনও সমস্যা হয়নি। কিন্তু আমরা পশ্চিম দিনাজপুরের লোকেরা আমরা খুব চিন্তিত হয়ে পড়েছি। যদি এই ভাবে তাদের ঘর ভেঙ্গে দেওয়া হয় তাহলে বহু লোক না খেতে পেয়ে মরবে। অতএব স্যার, আমার প্রস্তাব, সরকার থেকে দু চার বিঘা জমি নিয়ে সেখানে একটা টাইম দিয়ে তাদের যদি বলা হয় তোমরা তোমাদের দোকানঘর সেখানে সরিয়ে নিয়ে যাও তাহলে ভাল হয়। সেই টাইমের মধ্যে যদি সে দোকান সরিয়ে না নেয় তাহলে বুলডোজার দিয়ে ভেঙ্গে দিলে আমার মনে হয় কেউ আপত্তি করবে না। স্যার, এই দোকানগুলিই হচ্ছে তাদের একমাত্র উপার্জনের পথ। পাকিস্তান থেকে যখন তারা এখানে আসে তখন আর কোনও সুযোগ তারা পায় নি, সরকার থেকেও আমরা তাদের রিহ্যাবিলিটেট করাতে পারিনি। সেইজন্য স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বিনীতভাবে বলব, ৬ মাস পরে যদি মার্কেট হয় তাহলে তার মধ্যে তারা তাদের পুঁজি ভেঙ্গে ফেলবে এবং আমরা তাদের রিহ্যাবিলিটেট করাতে পারব না, কাজেই

মার্কেট করার আগে তাদের একটা জমি দিয়ে বলা হোক, তোমরা ঐ জমিতে দোকান সরিয়ে নাও এবং তারপর ভাঙ্গা হোক। তারপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ২৩ নং প্যারাতে ব্যাকওয়ার্ড এরিয়ার কথা বলা হয়েছে। সেখানে ছিল এরিয়া, সুন্দরবন এবং ঝাড়গ্রামের কথা বলা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, পশ্চিম দিনাজপুর জেলাকেও ব্যাকওয়ার্ড এরিয়া বলে ধরা হোক। তার কারণ হচ্ছে, এই জেলা ২০০ মাইল লম্বা আর তার মধ্যে মাত্র ৩০ মাইল রেললাইন আছে। এই জেলাতে কোনও খনিজ পদার্থ নেই, বন নেই, স্পেশাল ফ্রুটস নেই। তাছাড়া এই জেলাতে স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ করার জন্য কোনও র মেটিরিয়ালস পাওয়া যায় না। সেইজন্য আমার প্রস্তাব হল, এই জেলাকে ভবিষ্যতে ব্যাকওয়ার্ড এরিয়া বলে যেন গণ্য করা হয়। তবে এই প্রসঙ্গে একটি ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি সেটা হচ্ছে, এই জেলাতে আগে ধানকল ছাড়া আর কোনও ইন্ডাস্ট্রিজ ছিল না কিন্তু এখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় এই জেলাতে একটি স্পিনিং মিল হয়েছে। এরজন্য স্যার, আমরা খুব আনন্দিত এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে এর জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। স্যার, এই জেলাতে যখন এটি ছাড়া আর কোনও ইন্ডাস্ট্রিজ নেই এবং হবার সম্ভাবনাও নেই তখন এই ইন্ডাস্ট্রিতে যাতে স্থানীয় বেকার ছেলেরা চাকরির সুযোগ পায় এই প্রসঙ্গে সে অনুরোধও মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানিয়ে রাখলাম। তারপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে দেখলাম ৯৭ হাজার একর জমি ভূমিহীন কৃষকদের মধ্যে দেওয়া হয়েছে। স্যার, এই প্রসঙ্গে আমার বক্তব্য হল ইতিমধ্যেই অনেক লোক পাট্টা পেয়েছে সত্য কথা কিন্তু জমির দখল পায়নি। স্যার, যুক্তফ্রন্টের আমলে লাল ঝান্ডা গলায় দিয়ে এবং অ্যান্টিসোশাল এলিমেন্টসদের সঙ্গে নিয়ে এই সব জমি অনেক জোতদার এবং পার্টির লোকেরা দখল করে। আজকে কাগজে কলমে এই সব জমি অত্যন্ত গরিব যারা তাদের দেওয়া হয়েছে সত্য কিন্তু এই গরিব লোকদের ক্ষমতা নেই এই সমস্ত জমি দখল নেওয়ার। আমার কাছে এই রকম অনেক গরিব লোক এসেছে যারা বলেছে তারা দখল পাচ্ছে না। আমরাও স্যার, লোকাল অথরিটিকে বলে এর কোনও প্রতিকার করতে পারিনি। এই ক্ষেত্রে আমার অনুরোধ একটা কিছু ব্যবস্থা করুন এবং থানায় ডিরেকশন দিন যাতে যারা জমি পেয়েছে তারা সেই জমি ভোগদখল করতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল ফিস ডিলারস লাইসেন্সিং অর্ডার বলে একটা আইন ১৯৭৫ সালে হয়েছে। এটা শুধু কলকাতায় অ্যাপ্লিকেবল হয়েছে। কারণ মফস্বলের কোনও মিউনিসিপ্যাল টাউনে এর কোনও রিফ্লেকশন দেখছি না। এরা সব মাছের বাজারে যার যা খুশি হোলসেলে বিক্রয় করছে, রিটেলে বিক্রয় করছে। এমনও দেখেছি যে ৮ টাকা করে কিনে ১২ টাকায় বিক্রয় করছে। প্রতিবাদ করার কেউ নেই এবং প্রতিবাদ করলে কোনও লাভ হয় না। জনসাধারণও এই ব্যাপারে কিছু জানে না যে তারা কি দরে কেনে এবং কি দরে বিক্রয় করছে। আমার মনে হয় এটা নিয়ে প্রত্যেক সাব-ডিভিসনে, ডিস্ট্রিক্টে একটা ব্যবস্থা অফিসারদের মাধ্যমে করতে হবে যাতে তারা এই সুযোগ না পায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সময় শেষ হয়ে গেছে আমি শুধু একটি বিষয়ে বলে আমার বক্তব্য শেষ করব। আমাদের ১৯৭১ সালের আগে পশ্চিমবাংলায় কোনও সাব-ডিভিসন-এ ব্লাড ব্যাঙ্ক ছিল না। আমি ধন্যবাদ

দিচ্ছি আমাদের এই বর্তমান সরকারকে যে সাব-ডিভিসন টাউনে ব্লাড ব্যাঙ্ক এক্সটেন্ড করা হয়েছে। রায়গঞ্জে এবং কালনায় এটা হয়েছে। এটা খুব ভাইটাল জিনিস কাজেই প্রত্যেক সাব-ডিভিসন টাউনে এটা এক্সটেন্ড করবেন এই অনুরোধ করছি। এই কথা বলে আবার ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি জয়হিন্দ।

শ্রী গণেশচন্দ্র হাটুই : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল ২০ তারিখে যে আশাব্যঞ্জক এবং উৎকৃষ্ট ভাষণ দিয়েছেন তাকে আমি পরিপূর্ণ ভাবে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যদি রাজ্যপালের ভাষণটা পড়ে দেখেন তাহলে দেখবেন যে এর মধ্যে সরকারের কৃতিত্ব নিহিত আছে। আমাদের সরকার ১৯৭২ সালে আসার আগে যে সরকার ছিল তারা ৩০ কোটি টাকার ওভারড্রাফট রেখে গিয়েছিল। এই সরকারকে সেই ঋণ পরিশোধ করতে হয়েছে। দ্বিতীয় যুক্তফ্রন্টের আমলে যে সরকার ছিল তারা ৫৩ কোটি টাকার ঘাটতি বাজেট রেখে গিয়েছিল এবং তাদের উত্তরাধিকারী হিসাবে সেটাকেও আমরা গ্রহণ করেছি এবং সেটাকে কেন্দ্রের কাছে পরিশোধ করতে হয়েছে। আমাদের উপর ১৩০ কোটি টাকার লায়েবিলিটিজ ছিল সেটাকে আমাদের পরিশোধ করতে হয়েছে এবং পরিশোধ করে আমরা গত বছর বাজেটে উদ্বৃত্ত দেখাতে পেরেছি। আমাদের সরকার আসার পরে যে পঙ্গু রাজনীতি ছিল সেটাকে চাঙ্গা করে উন্নয়নের পথে পদক্ষেপ হিসাবে এগিয়ে যেতে পেরেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন যে গত ৩টি পঞ্চবার্ষিক পরিকল্পনা হয়েছে অর্থাৎ ১৫ বছরের মধ্যে যে টাকা উন্নয়ন খাতে খরচ করা হয়েছে সেই পরিমাণ টাকার চেয়ে ৩৬ কোটি টাকা বেশি খরচ আমরা করতে পেরেছি। এই পঞ্চবার্ষিক পরিকল্পনা মাত্র ৩ বছরের। তার কাজ এখনও কিছু বাকি আছে। সেখানে ২৩২ কোটি টাকা ধরা আছে। যদি এই টাকা ঠিকমতো উন্নয়ন খাতে ব্যয় করতে পারি তাহলে পশ্চিমবাংলার চেহারা অনেক পরিবর্তন হবে। এটা ঠিক যে আজকে জরুরি অবস্থা জারি করা হয়েছে। জরুরি অবস্থা প্রবর্তনের কারণ কি? আমাদের বিরোধী দলের নেতা মাননীয় সদস্য বিশ্বনাথবাবু বলেছেন এবং তার সঙ্গে আমি একমত। দেশের বাইরে পশ্চিমবাংলায় সাম্রাজ্যবাদী চক্র এবং অভ্যন্তরীণ প্রতিক্রিয়াশীল চক্র ভারতবর্ষে অরাজকতা সৃষ্টি করে ভারতের স্বাধীনতা বিপন্ন করে তুলছিল। সেই অবস্থাতে দেশকে বাঁচাবার জন্য জরুরি অবস্থা প্রবর্তন করতে হয়েছে এবং সেটা আমি সমর্থন করছি। এই জরুরি অবস্থা প্রবর্তনের পরে পশ্চিমবঙ্গের অবস্থার উন্নতি হয়েছে কিনা, বিভিন্ন ক্ষেত্রে উন্নতি হয়েছে কিনা সেটা যদি খোঁজ নেন তাহলে দেখা যাবে যে উন্নতি হয়েছে। আমরা গত বছরের আগের বছর দেখেছি, সরকারি সংস্থা যেগুলো আছে গভর্নমেন্ট আন্ডার টেকিং ডিপার্টমেন্ট প্রশ্নোত্তরে আমরা জানতে পেরেছি লোকসানের পরিমাণ, সেখানে লাভের কোনও অঙ্ক দেখা যায়নি। আজকে জরুরি অবস্থা বলবৎ হবার পরে সেই লোকসানের বহর কমে গেছে এবং আজকে তা লাভের দিকে এগোচ্ছে আমরা দেখতে পাচ্ছি। এটা শিল্পের একটা শুভ লক্ষণ। এর সঙ্গে সঙ্গে আমাদের ভাবতে হবে যে সমস্ত বেসরকারি সংস্থা আছে, তাদের ক্ষেত্রে শুধু লোকসান হচ্ছে, লে অফ, ছাঁটাই বন্ধ ক্লোজার হচ্ছে, এইগুলো সরকারকে বিবেচনা করে দেখতে হবে। একটা দিকে যখন আমরা উন্নতির লক্ষ্যণ দেখতে পাচ্ছি, উৎপাদন বাড়ছে—দুর্গাপুর স্টিল ফ্যাক্টরিতে কি পরিমাণ উৎপাদন বেড়েছে, উৎপাদন বাড়ছে

মানে শ্রমিকরা কাজ করছে। শ্রমিকরা যদি কাজ করে, লোকসানের অঙ্ক থেকে আজকে লাভের অঙ্ক দাঁড়াচ্ছে। অথচ বেসরকারি শিল্পে লোকসান হচ্ছে, এইভাবে সরকারের কাছ থেকে তারা কনসেশন নিচ্ছেন, লে অফ হয়ে যাচ্ছে, এইগুলো সরকারকে বিবেচনা করে দেখতে অনুরোধ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই, গরিব মানুষদের জন্য এই সরকার ২০ দফা কর্মসূচির মাধ্যমে ভূমিহীনদের জমি দিয়েছেন, এবং বাস্তুহীনদের জমি দেওয়া হয়েছে এবং গ্রামের মধ্যে বর্গাদার যারা আছে, তাদের উপর একটা অত্যাচার হয়, তাদের উপর মামলা হয়, পুলিশি অত্যাচার হয়, তাদের কথা আমরা এখানে বার বার বলেছি কিন্তু কোনও প্রতিকারের ব্যবস্থা হয়নি, এত বছর ধরে এত সরকার এসেছে কেউ কিছু করেনি। এই সরকার প্রথম বর্গাদারদের সাহায্য করার জন্য লিগ্যাল এইড কমিটি ফর্ম করেছে এবং তার জন্য দু লক্ষ ১৩ হাজার টাকা বরাদ্দ করেছে যাতে তারা আদালতের আশ্রয় নিতে পারে। এই বলে রাজ্যপালের ভাষণকে আবার আন্তরিক ভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 p.m.]

শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাচ্ছি বর্তমানে পশ্চিমবাংলার সমস্ত স্তরে একটা কর্ম কান্ড চলেছে। বাংলা গঠনের একটা পরিষ্কার দিক দর্শন এর মধ্যে রয়েছে। বাণিজ্য, ব্যবসার ক্ষেত্রে যে নৈরাজ্য ছিল তা দূর হয়েছে, আইন শৃঙ্খলার উন্নতি হয়েছে, সর্বোপরি একটা কথা বলতে চাই যে জরুরি অবস্থার পরে আমরা দেখতে পাচ্ছি—কালোবাজারি, মুনাফাখোর যাদের স্থান হওয়া উচিত চোর ডাকাতের সঙ্গে, যারা বুক ফুলিয়ে সমাজে ঘুরে বেড়াতো, তাদের আজকে স্থান হয়েছে সমাজবিরোধীদের পাশে। আজকে মানুষের মনে একটা আস্থা ফিরে এসেছে। সাধারণ মানুষ আজকে বুঝতে পেরেছে কালোবাজারি, মুনাফাখোররা চোর, ডাকাত, দাঙ্গাবাজ এক শ্রেণীর মানুষ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম তিন বছরে যে টাকা লগ্নি হয়েছে, অর্থাৎ ১২৫৩ কোটি টাকা। অর্থাৎ তিন বছরে এই টাকা বিনিয়োগ হয়েছে। আগামী দিনে সম্পদ সৃষ্টি হবে এই আশা করছি। সেচের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি প্রায় ৫৬ হাজার একর জমিতে ক্ষুদ্র সেচের সুবিধা দ্রুত সম্প্রসারণের উপর প্রাথমিক গুরুত্ব দেওয়া হয়েছে। ৫ হাজার ৪০৮টি অগভীর নলকূপ, দু হাজার ১৪টি গভীর নলকূপ এবং ৬৫০টি রিভার লিফট এর ব্যবস্থা করা হয়েছে এবং তার মাধ্যমে সেচ ব্যবস্থা চালু হয়েছে। তিস্তা বাঁধের কাজ আরম্ভ হয়েছে এবং মহানন্দা বাঁধের কাজ শেষ হতে চলেছে। তবে একটা কথা না বলে পারছি না, আমরা দীর্ঘদিন ধরে এই সরকারের কাছে দ্বারকেশ্বর সেচ প্রকল্পের কথা বলে আসছি, এতে বাঁকুড়া জেলার শালতোড়া, ছাতনা, গঙ্গাজলঘাটি, বাঁকুড়ার কিছু ওন্দা প্রভৃতি এলাকায় উপকৃত হবে। বাঁকুড়ায় সেচের পরিকল্পনা খুব বেশি নেই, আমরা দীর্ঘদিন ধরে সেচের কথা বলে আসছি কিন্তু এখনও সেটা হল না। তিস্তা বাঁধ প্রকল্পের কাজ আরম্ভ হয়েছে, মহানন্দা বাঁধের কাজ শেষ হতে চলেছে। কিন্তু দ্বারকেশ্বর সেচ প্রকল্প ও আপার কংসাবতী বাঁকুড়া জেলার অত্যন্ত প্রয়োজনীয় ইরিগেশন প্রোজেক্ট, কিন্তু এ বিষয়ে রাজ্যপালের ভাষণের মধ্যে কোনও উল্লেখ নাই এবং তার এখনও

কি অবস্থা তাও আমরা জানতে পারি নি। তাই আমি এ বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে অনুরোধ করব যে, এগুলির মাধ্যমে বাঁকুড়া জেলার সেচের দিকে দৃষ্টি দেওয়া হোক। ভূমি সংস্কারের ব্যাপারে আমি নিশ্চয়ই দু-একটি কথা বলব। ভূমি সংস্কারের ব্যাপারে একটা বিরাট বৈপ্লবিক পরিবর্তন এসেছে, আমরা দেখছি ৫ লক্ষ ৭০ হাজার একর জমি বন্টন করা হয়েছে ৮.১৬ লক্ষ মানুষের কাছে। ছোট চাষীদের মহাজনের অত্যাচারের হাত থেকে বাঁচানোর জন্য ঋণ মকুবের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু তবুও আমি এই কথা বলব যে, ছোট ছোট চাষীদের জমি দেওয়া হয়েছে ঠিকই, কিন্তু তাদের অর্থের বন্দোবস্ত করা দরকার, তাই গ্রামীণ ব্যাঙ্ক স্থাপনের খুব বেশি প্রয়োজন। আমি আপনার মাধ্যমে তাই ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব যে, গ্রামীণ ব্যাঙ্ক এর মাধ্যমে কৃষকদের ঋণ দেওয়ার ব্যবস্থা করা হোক এবং কো-অপারেটিভ ফার্মিং-এর ব্যবস্থা করা হোক। কো-অপারেটিভ ফার্মিং করে এই কৃষকদের ঋণ দেওয়া হোক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খেত মজুরদের ন্যূনতম ৬ টাকা ৬৩ পয়সা বেতন করা হয়েছে। কিন্তু আমি জানি ক্ষেত-মজুরদের কোনও সংগঠন নেই, যার ফলে তাদের স্বার্থ রক্ষা করার জন্য কেউ নেই। এখানে লেবার মিনিস্টার নেই, তবুও আমি আপনার মাধ্যমে তার কাছে জানাচ্ছি যে, আমরা শিল্প ক্ষেত্রের শ্রমিকদের যেভাবে ইউনাইটেড করেছি সেইভাবে ক্ষেত-মজুরদের ইউনাইটেড করতে পারিনি। তাই সরকারের দৃষ্টিভঙ্গি হবে এদের ইউনাইটেড করার ব্যবস্থা করা। আজকে ক্ষেত-মজুররা যাতে তাদের ন্যায্য মজুরি পায় তার জন্য সেদিকে সরকারকেই লক্ষ্য রাখতে হবে। বর্গাদারদের ক্ষেত্রে সরকারি আইন বর্গাদারদের অধিকার সংরক্ষিত করেছে, কিন্তু কার্য ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি এবিষয়ে পুলিশ এবং জে এল আর ও-কে দায়িত্ব দেওয়া হয়েছে এবং এর ফলে আমরা দেখতে পাচ্ছি অধিকাংশ বর্গাদার তার জমিতে চাষ করেও ফসল ঠিকমতো পাচ্ছে না। জোতদার তার ধান কেটে নিয়ে যাচ্ছে, আবার পুলিশের কাছে নালিশও করছে এবং শান্তিভঙ্গের আশঙ্কায় পুলিশ সেখানে ১৪৪ ধারা জারি করছে। এর ফলে বর্গাদার প্রোটেকশন পাচ্ছে না। জোতদার কোর্টে কেস করার ফলে কোর্ট থেকে রিসিভার নিয়োগ করা হচ্ছে। এর পর দেখা যাচ্ছে সেই দরিদ্র বর্গাদার আর তার ফসল পাচ্ছে না। তাই সরকারি মেশিনারি মানসিকতা, দৃষ্টিভঙ্গি যদি ইন ফেভার অফ বর্গাদারস করতে না পারা যায় তাহলে এই আইন কিছুতেই কার্যকর হবে না। আর একটা কথা, চা শিল্পের শ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণ করা হয়েছে। কিন্তু বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণের কোনও সঠিক ব্যবস্থা সরকার থেকে নেওয়া হচ্ছে না। পশ্চিমবঙ্গের প্রায় ৪০ হাজার বিড়ি শ্রমিক আছে। বাঁকুড়া এবং মুর্শিদাবাদের বিড়ি শ্রমিকরা বহু আন্দোলন করে ৬ টাকা ৪০ পয়সা পাবার ব্যবস্থা করেছে, কিন্তু তাদের আইনের কোনও প্রোটেকশন দেওয়া হচ্ছে না। অন্য শ্রমিকদের জন্য আইনের প্রোটেকশন আছে। তাই আমি বলছি বিড়ি শ্রমিকের আইনের প্রোটেকশন দেওয়া দরকার। শিল্পের ব্যাপারে বারবারই বলছি যে বাঁকুড়া জেলা শিল্পে অনুন্নত জেলা। এই জেলায় শিল্প স্থাপনের কথা আমরা বলছি এবং আমরা শুনেছিলাম এখানে নাইলন ইত্যাদি শিল্প স্থাপিত হবে। কিন্তু সে বিষয়ের ডিস্ট্রিক্ট সেল সম্বন্ধে রাজ্যপালের ভাষণের মধ্যে কিছুই দেখতে পাচ্ছি না। আজকে মেটিয়াতে উচ্চমানের কয়লা পাওয়া গিয়েছে, ১৮০ লক্ষ মেট্রিক টন, এটা উদ্ধার করতে

পারলে বাঁকুড়া এবং আশ-পাশের জেলার কয়লার অভাব মিটে যাবে। রেললাইন স্থাপন করে কোলাঘাটে এই কয়লা নিয়ে যাওয়া সম্ভব হবে, কারণ আমাদের প্রস্তাব আছে কোলাঘাটে তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার। তারপর আমার শেষ কথা হচ্ছে স্পেশাল এমপ্লয়মেন্ট এবং অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট-এর যে ব্যবস্থা করা হচ্ছে তাতে ১০% সরকারি সাবসিডি এবং ৯০% ব্যাঙ্ক ফাইনান্স। কিন্তু ব্যাঙ্ক ফাইনান্সের ব্যাপারটা অত্যন্ত রিভিউ, এটাকে ফ্লেকসিবল করতে হবে। তা নাহলে অনেকেই লোন পাচ্ছে না। এই কয়টি কথা বলে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[5-50 — 6-00 p.m.]

শ্রী শঙ্কর ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল তার ভাষণে পশ্চিমবাংলা পুনরুজ্জীবনের যে ছবি তুলে ধরেছেন এবং আগামীদিনে আমাদের কর্মসূচি যে ইঙ্গিত তিনি দিয়েছেন তাতে তাকে বিধানসভায় সদস্যরা সকলেই সমর্থন করেছেন ; কেবলমাত্র বিরোধী দলের নেতা কিছু নিরাশার কথা বলেছেন। তিনি বলেছেন রাজ্যপালের ভাষণে জরুরি অবস্থা সম্বন্ধে আলোচনা কম, কি একেবারে নেই। জরুরি অবস্থা সম্বন্ধে এই বিধানসভায় আমরা আলোচনা করেছিলাম এবং সর্ববাদী সম্মতি ক্রমে এসে স্বাগত জানিয়েছিলাম। ভারতবর্ষের গণতন্ত্রের উপরে যে আক্রমণ এসেছিল কায়েমি স্বার্থ থেকে। প্রতিক্রিয়াশীল শক্তি থেকে এবং আক্রমণ ১৯৭১ সালে মহাজোটের নামে এসেছিল, যে আক্রমণ দলহীন গণতন্ত্রের নামে এসেছিল, যে আক্রমণ সর্বাত্মক বিপ্লবের নামে এসেছিল তাকে রুখবার জন্য এই ঘোষণা। এই জাতীয় কার্যবাদী আমাদের বিরদ্ধে এই হাউস আগে তার বক্তব্য রেখেছে। ইন্দিরা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষের গণতন্ত্র যখন সক্রিয় হয়ে উঠেছিল, গণতন্ত্র পরিবর্তনের হাতিয়ার হিসেবে দেখা দিল তখন কায়েমি স্বার্থের মানুষ, প্রতিক্রিয়াশীল মানুষ এবং কিছু হতাশ রাজনীতিবিদ তারা ভারতবর্ষে এই পরিবর্তনটা বানচাল করার জন্য আন্দোলন শুরু করেছিলেন। যে সংবিধান পরিবর্তন আনে এবং যে সংবিধান পরিবর্তনের হাতিয়ার তাকে পরিবর্তন করা যায় এবং যাকে পরিবর্তন করা হয়েছে সেই গতিশীল সংবিধান ও গণতন্ত্রের উপরে আক্রমণ এসেছিল। এর সঙ্গে যুক্ত হয়েছিল কেবল দেশি কিছু কায়েমি স্বার্থের মানুষ নয়, কিছু বিদেশি শক্তি যারা চায় না ভারতবর্ষ স্বাধীন পররাষ্ট্র নীতি অনুসরণ করুক, ভারতবর্ষ বড় ও সমৃদ্ধিশালী হোক তারাও এর বিকল্প চক্রান্ত করেছিল। অর্থাৎ তারা একটা পলিটিক্স অফ ডিস্টেবিলাইজেশন করার চেষ্টা করেছিল। বাংলাদেশের ঘটনা আমরা দেখেছি। সুতরাং ভারতবর্ষের গণতন্ত্র রক্ষা করার জন্য সংবিধানকে আরও জোরদার করার জন্য জনসাধারণের আশা আকাঙ্খাকে রূপ দেবার জন্য এই জরুরি অবস্থা ঘোষণা করা হয়। এর মানে এই নয় যে, কেবল যারা বিভেদপন্থী, যারা হিংসার রাজনীতি করেছিল তাদের বিরুদ্ধে এই ঘোষণা। সুতরাং জরুরি অবস্থা ঘোষণার সঙ্গে সঙ্গে ২০ দফা কর্মসূচি ঘোষণা করা হয়েছিল। কারণ এই ২০ দফা কর্মসূচি ভারতবর্ষের অর্থনৈতিক রূপান্তর ও বিপ্লব আনবে এবং এর ফলে দেশের মানুষের মনে এক নবচেতনা এসেছে, একটা নতুন আশার সঞ্চার হয়েছে। বিরোধীদল নেতা কিছু নিরাশার কথা বলেছেন। কিন্তু সমস্ত ক্ষেত্রে একটা পরিবর্তন এসেছে। পশ্চিমবাংলার

কথা যদি কেবলমাত্র বলি তাহলে বলব পশ্চিমবাংলায় পরিবর্তনের মধ্যে পশ্চিমবাংলার স্টেট ইনকাম ১৯৭৩ সালে যেটা ছিল ৪ হাজার ২৬২ কোটি টাকা সেটা ১৯৭৪ সালে বেড়ে ৫ হাজার ১১৭ কোটি টাকা হয়েছে অর্থাৎ ১ বছরে পশ্চিমবাংলায় রাজ্য আয় ৮৫০ কোটি টাকা বেড়েছে। পশ্চিমবাংলায় রাজ্য আয় ১৯৭৩ সালে অর্থাৎ এই সরকারের দ্বিতীয় বৎসরে ১৬.৬১ বেড়েছিল।

আর ১৯৭৪-৭৫ সালে তার আগের বছরের তুলনায় সেটা বেড়েছে ১৯.৯ পারসেন্ট। ১৯৭৩-৭৪ সালে ১৬ পারসেন্ট বেড়েছে, ১৯৭৪-৭৫ সালে ১৯ পারসেন্ট বেড়েছে। পশ্চিমবঙ্গে পার ক্যাপিটা ইনকাম ১৯৭৩-৭৪ সালে বেড়ে হয়েছিল ৯০৯ টাকা এক বছরে। ১৯৭৪-৭৫ সালে ৯০৯ টাকা থেকে ১ হাজার ৬৫ টাকা হয়েছে। এক বছরে ১৫৬ টাকা গড় পড়তা আয় পশ্চিমবঙ্গের বেড়েছে। জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে যে কথা বলছিলাম সেটা হচ্ছে রাজনৈতিক অস্থিরতা যারা সৃষ্টি করতে চায় তাদের বিরুদ্ধে জরুরি অবস্থা একটা নেগেটিভ রেগুলেটরি কন্ট্রোল। কিন্তু তার পজিটিভ ইকনমিক দিক যেটা সেটা হচ্ছে ২০ দফা কর্মসূচি। ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য একটা বিরাট প্রচেষ্টা পশ্চিমবঙ্গের হয়েছে। এই প্রচেষ্টা যে সাফল্য অর্জন করেছে সেই সাফল্য অর্জন করতে পারত না যদি জনসাধারণের সহযোগিতা আমরা না নিতাম। বিরোধী দলের নেতা বলেছেন পাবলিক ইনভলভমেন্টের কথা। পিপলস ইন্‌ভলভমেন্ট যদি না হত তাহলে কয়েক মাসের ভেতর যারা বাস্তুহীন তাদের ২ লক্ষ ৫৭ হাজার ৭শো বাস্তু জমি দেওয়া সম্ভব হত না কেবলমাত্র আমলাতন্ত্রের মাধ্যমে। যদি পিপলস ইন্‌ভলভমেন্ট না হত, যদি স্টেট লেভেল কমিটি না হত, যদি গ্রামে গঞ্জে সভা সমিতি করে ২০ দফা কর্মসূচির কথা না বলা হত তাহলে ২ লক্ষ ৫৭ হাজার ৭ শো মানুষকে বাস্তু জমি দেওয়া সম্ভব হত না। জরুরি অবস্থা ঘোষণা করার পর আমাদের হাতে জমি বন্টনের জন্য ৯৬ হাজার ৪শো কত একর জমি ছিল। প্রত্যেকটি জমি যারা ভূমিহীন তাদের ভেতর বন্টন করা সম্ভব হয়েছে সরকারি ব্যবস্থার মাধ্যমে এবং জনসাধারণের সাহায্যে আমাদের এই ভূমি সংস্কার আইনের গোড়ার দিকে আমরা যেটা বন্টন করেছি সেটা হচ্ছে ৬ লক্ষ ১০ হাজার একর জমি। ৮লক্ষ ১৬ হাজার মানুষ আছে, তার ভেতর ৬ লক্ষের বেশি জমি দেওয়া হয়েছে। তফসিলি জাতির ২ লক্ষ ৮৬ হাজার মানুষকে দেওয়া হয়েছে এবং তফসিলি সম্প্রদায়ের ১ লক্ষ ৭৬ হাজারকে দেওয়া হয়েছে। যারা দরিদ্র, অর্থনৈতিক দিক থেকে যারা পিছিয়ে আছে তাদের আমরা জমি দিয়েছি এবং তফসিলি জাতি এবং তফসিলি সম্প্রদায়ের মানুষকে আমরা ৫০ ভাগ জমি দিয়েছি। বিরোধী দলের নেতা একটা কথা স্বীকার করেছেন যে, গ্রামীণ যে দরিদ্র মানুষ তাদের জন্য বিশেষ করে আমাদের এই ২০ দফা কর্মসূচি নেওয়া হয়েছে। গ্রামীণ যারা দরিদ্র মানুষ, যারা মহাজনী ঋণের দায়ে জর্জরিত, সেই ৩৪ লক্ষ গ্রামীণ পরিবার এই যে গ্রামীণ ঋণ মকুব আইন পাস হয়েছে তাতে ৩৫ কোটি টাকা সম্পূর্ণ মকুব পাবে এবং আরও ২১ লক্ষ গ্রামীণ পরিবার ৩২ কোটি টাকা আংশিক মকুব পাবে। তার মানে ৫৫ লক্ষ গ্রামীণ পরিবার ৬৭ কোটি টাকা মকুব পাবে। বিরোধী দলের নেতা একটা কথা বলেছেন যারা আংশিক মকুব পাচ্ছে তাদের নাকি প্রত্যেককে তার আয়ের ২০ ভাগ ৭ বছর অর্থাৎ ২০×৭= ১৪০ পারসেন্ট দিতে হবে, একথা সম্পূর্ণ

ভুল। আমরা মহাজনী ঋণ মকুব আইন যেটা পাস করেছি এবং সেটা সংশোধনের পর যেটা গৃহীত হয়েছে তাতে বলা হয়েছে ২০ পারসেন্টের বেশি তাদের দিতে হবে না—হয়ত ৫ বা ১০ পারসেন্ট তাদের দিতে হবে এবং বলা হয়েছে ৭ বছরের বেশি ইনস্টলমেন্ট আসবে না। কিন্তু তার মানে এটা নয় যে, ২০কে ৭ দিয়ে গুণ করে ১৪০ পারসেন্ট তাদের দিতে হবে। এটা সম্পূর্ণ ভুল ধারণা। তারপর, আমাদের ২০ দফা কর্মসূচি সম্বন্ধে বিরোধীদলের নেতা বলেছেন এতে মানুষের মনে আশা আসেনি। কিন্তু গ্রামাঞ্চলে যেখানে বাস্তু জমির পাট্টা বন্টন করা হয়েছে সেখানে যেসব জনসভা হচ্ছে সেখানে যদি যান তাহলে দেখবেন কি আশা, কি পরিবর্তন মানুষের মধ্যে এসেছে। আমাদের এই ২০ দফা কর্মসূচির মধ্যে আর একটা জিনিস আছে ৪০ হাজারের বেশি ছাত্র যারা হোস্টেলে থাকে তারা বিধিবদ্ধ রেশনিং এলাকায় যে দামে রেশন দেওয়া হয় সেই দামে তারাও পাচ্ছে। আমাদের বিরোধীদলের নেতা বাইরের শক্তি, সাম্রাজবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রামের কথা বলেছেন। সাম্রাজ্যবাদী শক্তির সঙ্গে সংগ্রাম করতে গেলে আমাদের অর্থনৈতিক ভিত শক্ত করতে হবে। এটা নাহলে আমরা যতই বক্তৃতা করি না কেন আমরা সাম্রাজ্যবাদী শক্তির সঙ্গে, বাইরের শক্তির সঙ্গে বা ডিস্টেবিলাইজেশনের যে ফোর্স রয়েছে তাদের বিরুদ্ধে সংগ্রাম করতে পারব না। আমরা আমাদের ২০ দফা কর্মসূচির মাধ্যমে যেটা করতে চাই সেটা হচ্ছে যারা ভূমিহীন, যারা বাস্তুহীন, যারা ইকনমিক্যালি দুর্বল তাদের শক্তি বাড়াবে এবং যারা অর্থনৈতিক দিক থেকে সবল তাদের শক্তি কমাব। এই ২০ দফা কর্মসূচি এবং জরুরি অবস্থায় আমরা বলেছি উৎপাদনের উপর আমরা জোর দেব। আমাদের সমাজতন্ত্র দারিদ্র্যের বন্টন নয়। আমাদের সমাজতন্ত্রে দুর্গাপুর ইস্পাত কারখানা আর সিক ইউনিট থাকবে না। এই কারখানা সরকার নিয়েছে এবং সেখানে এখন উৎপাদন বেড়েছে। আমরা দেখেছি জরুরি অবস্থা ঘোষণা করার পর এই উৎপাদন বেড়েছে। সমাজতন্ত্রের একটা দিক হচ্ছে বন্টনের দিক এবং শোষণের বিরুদ্ধে সংগ্রাম এবং আর একটা দিক হচ্ছে উৎপাদন বৃদ্ধি। দুর্গাপুর ইস্পাত কারখানা সিক ইউনিট ছিল, সেখানে এমার্জেন্সির আগে উৎপাদন বাড়ছিল না, সেখানে সমাজতন্ত্রের বিরুদ্ধে আন্দোলন ছিল। কাজেই দেখছি উৎপাদনের দিকে আমাদের জোর দিতে হবে এবং সেটা হলেই সমাজতন্ত্র আসবে।

[6-00 — 6-10 p.m.]

বিরোধীদলের নেতা বলেছেন রাজ্যপালের ভাষণে লক আউট, রিট্রেঞ্চমেন্ট এসব কথা বিশেষ কিছু নেই। মাননীয় মহাশয়, এই লক আউট, রিট্রেঞ্চমেন্ট সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার সর্বপ্রথমে চিন্তা করেছিল। পশ্চিমবঙ্গ সরকার সর্বপ্রথম এই ব্যাপারে আইন এনেছিল এবং বলে ছিল লক আউট, রিট্রেঞ্চমেন্ট যদি হয় তাহলে সেটা বন্ধ করতে হবে এবং এইভাবে আমাদের অর্থনীতি সবল করতে হবে। আর একটা যেটা আইনের দিক কেন্দ্রীয় সরকার এখন যে আইন সেই আইন পাস করার ৮ মাস আগে আইন পাস করেছিলাম যে লক আউট রিট্রেঞ্চমেন্ট ক্লোজার এই সমস্ত করতে গেলে রাজ্য সরকারের অনুমতি ছাড়া করা যাবে না। সুতরাং আজকে জরুরি অবস্থার পরে উৎপাদন বৃদ্ধির জন্য যা করা হচ্ছে সেটা জাতির স্বার্থে। উৎপাদন বৃদ্ধির জন্য শ্রমিকশ্রেণী সপ ফ্লোর লেভেলে এবং প্রোডাকশন বৃদ্ধির লেভেলে

অংশ গ্রহণ করবে যাতে উৎপাদন বাড়ে এই একটা দিক। আবার যাতে মালিক পক্ষ অবৈধভাবে মুনাফার খাতিরে কেবল রিট্রেঞ্চমেন্ট, ক্লোজার লক আউট না করতে পারেন তার জন্য পশ্চিমবঙ্গ সরকার বারে বারে বলেছেন এবং সেজন্য আইন এনেছেন। আগেকার দুই যুক্তফ্রন্ট সরকার ১৯৬৭ এবং ১৯৬৯ সালে রিট্রেঞ্চমেন্ট বন্ধ করার জন্য কোনও আইন আনেন নি—সেজন্য ঐ ৩ বছরে রিট্রেঞ্চমেন্ট হয়েছিল ২০ হাজার ২৯৫, আর ১৯৭৩ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত রিট্রেঞ্চমেন্ট হয়েছে ৯ হাজার ৭৭৯ জন্য একেবারে অর্ধেক কিন্তু আমরা রাজ্য সরকারের তরফ থেকে দেখি যাতে অবৈধভাবে রিট্রেঞ্চমেন্ট, ক্লোজার না হয় এবং সেজন্য আমরা অনেক পরিচালনাভার নিয়ে নিয়েছি। তাছাড়া অমাদের যে ক্ষমতা ছিল এবং এই অবস্থা দেখে আমরা স্থির বিশ্বাসে উপনীত হয়েছিলাম যে আইনের পরিবর্তন দরকার। মালিকপক্ষের হাতে এক তরফা ক্ষমতা থাকতে পারে না। যখন তখন কারখানা বন্ধ করে দেবে লোক ছাঁটাই করে দেবে, লে অফের নোটিশ দেবে এটা হতে পারে না, কারণ আমাদের বিশ্বাস উৎপাদন না বাড়লে দারিদ্র্য দূর হবে না, সমাজতন্ত্র আসবে না, তাই আমরা আইনের খসড়া দিয়েছিলাম, কেন্দ্রীয় সরকার সেটা পাস করে দিয়েছে—ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট ১৯৭৬, সেটা আইন ১লা মার্চ থেকে কার্যকর হচ্ছে। বিরোধীদলের নেতা বলেছেন সেখানে নাকি লেঅফ এবং রিট্রেঞ্চমেন্টের কথা নেই। কিন্তু এই আইন কার্যকর হলে এর ভেতরে রয়েছে লে অফ, রিট্রেঞ্চমেন্ট সেকশন ২৫এ বলা আছে লে অফ অথরিটির পার্মিশন ছাড়া কেবল মালিকপক্ষ করতে পারবে না এবং লে অফ করার আগে যদি কোনও লে অফ যেটা আগে হয়েছে, যদি অথরিটি দেখে সেটা অবৈধ, যুক্তিযুক্ত নয় তবে ধরে নিতে হবে লে অফের জন্য যা কিছু শ্রমিকের প্রাপ্য তা দিতে হবে। এবং পুরানো টাকা রেট্রোসপেকটিভ এফেক্টে তাদের দিতে হবে। রিট্রেঞ্চমেন্ট সম্বন্ধে আইনে বন্দোবস্ত আছে যে রিট্রেঞ্চমেন্ট করতে হলে এর আগে ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টে যে ব্যবস্থা ছিল এক মাসের নোটিশ দিলে রিট্রেঞ্চমেন্ট করতে পারত এখন সেটা পরিবর্তন করে বলা হয়েছে তিন মাসের নোটিশ দিতে হবে। তিন মাসের নোটিশ ছাড়াও রাজ্য সরকারের অথরিটির পার্মিশন নিতে হবে। পার্মিশন ছাড়া রিট্রেঞ্চমেন্ট করতে পারবে না। এখন পুরানো আইন অনুযায়ী যদি কেউ নোটিশ দিয়ে থাকে এই আইন আসার পরে তাকে আবার অ্যাপ্লিকেশন করতে হবে অথরিটির কাছে, অথরিটি যদি অনুমতি না দেয় তবে রিট্রেঞ্চমেন্ট করতে পারবে না, আর ক্লোজার সম্বন্ধে এমন বন্দোবস্ত আছে আগে যেমন ৭দিনের নোটিশ দিয়ে ক্লোজার করতে পারত, আমরা যে আইনের খসড়া দিয়েছিলাম কেন্দ্রীয় সরকার তা গ্রহণ করেছে। সেটাতে বলা হয়েছে ৯০ দিন, তিন মাসের নোটিশ দিতে হবে, তিন মাসের নোটিশ ছাড়া ক্লোজার করতে পারবে না, আবার নোটিশ দিলেই চলবে না, নোটিশের পরে ফ্রেস পার্মিশনের ব্যবস্থা রয়েছে। লে অফ রিট্রেঞ্চমেন্ট, ক্লোজার প্রত্যেকটির জন্য নোটিশের প্রয়োজন এবং তার সময়সীমাও বাড়ানো হয়েছে এবং অথরিটির পার্মিশন নিতে হবে। তা ছাড়া যেটা বন্ধ হয়ে গেছে সেটার কি হবে—যে কারখানা বন্ধ হয়ে গেছে তার জন্য এই আইনে বন্দোবস্ত করা হল—সরকার যদি মনে করেন অবৈধভাবে যুক্তিহীন ভাবে বন্ধ করা হয়েছে তবে সেটাকে খোলার জন্য ডিরেকশন ফর রিস্টার্টিং সেকশন ২৫বি তে যেটা চালু হয়েছে সেটা করতে পারেন। সুতরাং এই সরকার

শ্রমিকশ্রেণীর স্বার্থ রক্ষা করছে না এটা ঠিক নয়। এই সরকার অ্যাপেক্স বডি গঠন করেছিল ২০ দফা কর্মসূচি হবার পরে। অ্যাপেক্স বডিতে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে এই সরকার সপ ফ্লোর লেভেলে এবং প্রোডাকশন প্রোগ্রাম যাতে শ্রমিক শ্রেণী অংশ গ্রহণ করতে পারে। ২০ দফা কর্মসূচিকে রূপায়ণ করার জন্য সরকার প্রস্তাব নিয়েছিল কিন্তু তার চেয়ে যেটা বড় প্রয়োজন আইনের স্যাংশন, আইনের একটা বাধ্যবাধকতা থাকা উচিত যেটা কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন তাতে এই সব সমস্যার সমাধান হবে। বিরোধী দলের নেতা বলেছেন উন্নয়ন সম্বন্ধে উন্নয়ন হয়েছে, প্ল্যান বেড়েছে সেটা খুব নিরানন্দভাবে তিনি বললেন এবং বলে বললেন যে ২২ মাস যুক্তফ্রন্ট সরকার ছিল তার আগে কি হয়েছিল ২২ মাসে যদি ক্যান্সার হয় ২২ মাস পরেও ক্যান্সার হলে কি অবস্থা হয় তা আমরা অনুমান করতে পারি। কিন্তু আমাদের কি পরিবর্তন হয়েছে সেটা আমরা বলতে পারি। তিনি কেরালা সরকারের কথা বলেছেন, কেরালা সরকারের প্ল্যানের কথা বলেছেন। কেরালা সরকারের প্ল্যানের কথা যখন বলেছেন তখন সেই পরিসংখ্যান তো নিশ্চয়ই দেখা উচিত। কেরালা সরকারের প্ল্যান কি ছিল, ১৯৭১-৭২ সালে কেরালা সরকারের প্ল্যান কি ছিল ৬০ কোটি টাকা, আমাদের কত ছিল ১৯৭১-৭২ সালে, ৬৬ কোটি টাকা। তাহলে ৬০ কোটি টাকা যদি কেরালা সরকারের থাকে আর আমাদের প্ল্যানে যদি ৬৬ কোটি টাকা থাকে যা বেড়ে ২৩২ কোটি টাকা হল তাহলে আমাদের সাড়ে তিন গুণ বেড়েছে। সাড়ে তিন গুণ বাড়লে কেরালা সরকারের ৬০ কোটি টাকার প্ল্যানে কত হওয়া উচিত। ২১০ কোটি টাকা হওয়া উচিত। কেরালা সরকারের কথা বিরোধী দলের নেতা বলেছেন, তার প্ল্যানের আয়তন কত হয়েছে? ২১০ যেখানে হওয়া উচিত ছিল সেখানে ১১২ কোটি টাকা তার আগামী বৎসরের প্ল্যানের আয়তন হয়েছে। কেরলা সরকারের কথা আমাদের দেখানো ভাল কিন্তু সেই সঙ্গে তার পরিসংখ্যানগুলি আরও পরিষ্কারভাবে দেখানো উচিত। কেরালায় যে প্ল্যানের অবস্থা, চার বৎসরে দু গুণের কম বেড়েছে ১১২ কোটি সেই দৃষ্টান্ত আমরা অনুসরণ করতে চাই না কারণ আমরা চার বৎসরে সাড়ে তিন গুণ প্ল্যানের আয়তন বাড়িয়েছি এবং এটা পশ্চিমবঙ্গের মানুষ করেছে। বিরোধী দলের নেতা তিনি নিরাশ এবং হতাশ হয়ে বললেন এমার্জেন্সির কথা। এমার্জেন্সিকে স্বাগত জানাতে হলে অনেকগুলি জিনিস করতে হয়। এমার্জেন্সির মূল কথা হচ্ছে যে পরিবর্তন আনতে হবে এবং এমার্জেন্সির যে বিরোধী শক্তি ফ্যাসিইজিমের হাতিয়ার হচ্ছে হতাশা, ফ্যাসিইজিমের হাতিয়ার হচ্ছে নিরাশা, ফ্যাসিইজিমের হাতিয়ার হচ্ছে নেতিবাচক মনোভাব।

[6-10 — 6-20 p.m.]

কিন্তু গণতন্ত্রের অগ্রগতির হাতিয়ার হচ্ছে আশা, বিশ্বাস, নিরলস প্রয়াস এবং সেই আশা, বিশ্বাস, গঠনমূলক মনোভাব যদি না থাকে তবে সেই প্ল্যানের আয়তন ঐ দুই গুণের কমই হবে, সাড়ে তিন গুণ হবে না। আমরা প্ল্যানের যে আয়তন বাড়িয়েছি, প্ল্যান সারা ভারতে ১৯৭১-৭২ সাল থেকে তার পারসেন্টেজ অব ইনক্রিজ কোনও রাজ্যে কত হয়েছে, সেটা পরিসংখ্যানের ব্যাপার, এখানে ফ্যাক্ট যেটা আছে তার থেকেই প্রমাণ হবে। আমাদের প্ল্যানের যে ইনক্রিজ হয়েছে সেটা ওয়েস্ট বেঙ্গলে ১৯৭১-৭২ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল

পর্যন্ত আমরা ২৩২ কোটি টাকার প্ল্যান করেছি। তাতে ইনক্রিজ হচ্ছে ৩৫১ পারসেন্ট। এটা সর্বভারতীয় হায়েস্ট রেকর্ড। মহারাষ্ট্রে কত বেড়েছে এই ৪ বছরে? মহারাষ্ট্রে বেড়েছে ২৫৬ পারসেন্ট। ১০০ পারসেন্ট কম। গুজরাটে কত বেড়েছে? ২০১ পারসেন্ট, ১৫০ পারসেন্ট কম। তামিলনাড়ুতে কত বেড়েছে? ২২১ পারসেন্ট, ১৩০ পারসেন্ট কম। সুতরাং আমরা কেরালাকে দেখি বা অন্যান্য স্টেটকে দেখি—পাঞ্জাবের কথা বলছিলেন, পাঞ্জাবে ২৭৭ পারসেন্ট বেড়েছে। ৩০০ উপর আর কারও নেই। আমাদের বিশ্বনাথবাবু, বিরোধী দলের নেতা, প্ল্যান সম্বন্ধে যে কথা বলেছেন, দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের প্ল্যানের কথা আমরা স্মরণ করতে পারি। তিনি প্ল্যানটা যে বেড়েছে তার জন্য বেশি গুরুত্ব দেননা কারণ তার সময় প্ল্যানের অবস্থা কি ছিল? প্রথম যুক্তফ্রন্ট আমলের সময় প্ল্যানের আয়তন ছিল ৬৯ কোটি টাকা, আর আদতে খরচ হয়েছিল ৫১ কোটি টাকা। ১৮ কোটি টাকা কম খরচ হয়েছিল। দ্বিতীয় যুক্ত ফ্রন্ট আমলে প্ল্যানের আয়তন ছিল ৫৫ কোটি টাকা কিন্তু তারা খরচ করতে পেরেছিলন মাত্র ৪৫ কোটি টাকা। এই টাকা তারা সংগ্রহ করেছিলেন। প্রথম যুক্তফ্রন্ট ১৮ কোটি টাকা এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার ১০ কোটি টাকা তাদের প্ল্যান থেকে কম খরচ করতে পেরেছিলেন। পরিকল্পনার আয়তন বাড়াতে পারলে আমরা উন্নয়ন বাড়াতে পারব। বিদ্যুৎ খরচ বাড়াতে হবে, যেখানে ১৯৬৯-৭০ সালে ১১ কোটি টাকা ছিল, সেখানে বাড়িয়ে ১৯৭৩-৭৪ সালে আমরা ৬৯ কোটি টাকা করেছি। আমরা কৃষির আধুনিকীকরণ, শিল্পের প্রসার, শিক্ষার সম্প্রসারণ এবং স্বাস্থ্য কেন্দ্রের বিকাশ যদি চাই, তাহলে এই পরিকল্পনার আয়তন বাড়াতে হবে, সম্পদ সংগ্রহ করতে হবে। তানাহলে আমরা পরিবর্তন আনতে পারব না। বিরোধী দলের নেতা খাদ্যোৎপাদন সম্বন্ধে যুক্তি দিতে গিয়ে বলেছেন—

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমরা দেখছি যে কনফিডেন্সে ওরা এত উদ্দীপীত হয়ে আছেন যে, হাউস কোরাম নেই।

শ্রী শঙ্কর ঘোষ : আপনাদেরও তো নেই।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : প্রপোরশনেটলি অনেক বেশি আছে। হাউসে কোরাম নেই কিন্তু আমরা প্রপোরশনেটলি অনেক বেশি আছি।

শ্রী শঙ্কর ঘোষ : আমাদের বিরোধী দলের নেতা এক সময়ে ইরিগেশন মিনিস্টার ছিলেন। সুতরাং সেচ সম্বন্ধে বলতে গিয়ে তিনি আমাদের খাদ্য উৎপাদন সম্বন্ধে বলেছেন। খাদ্যের উৎপাদন এক বছরে ১৯৭৩-৭৪ সালের তুলনায় ১৯৭৪-৭৫ সালে এক মিলিয়ন টন (১০ লক্ষ টন) বেড়েছে। যেখানে অতীতে দশ বৎসরে—কি যুক্তফ্রন্টের আমলে কি তার আগে এক বৎসরে ১০ লক্ষ টন কখনও বাড়ত না, সেখানে প্ল্যানের আয়তন বৃদ্ধিতে, সেচের এলাকা বৃদ্ধিতে খাদ্য উৎপাদন বেড়েছে ১৯৭৩-৭৪ সালের তুলনায় ১৯৭৪-৭৫ সালে ১০ লক্ষ টন। শ্রী বিশ্বনাথ বাবু সেচ মন্ত্রী ছিলেন, তিনি সেচের কথা একটু বেশি বললেন, কিন্তু তাকে আমি স্মরণ করিয়ে দিই তার আমলে সেচের জন্য গভীর নলকূপ কতটা হয়েছিল? একেবারে হয় নি তা নয়, গভীর নলকূপ ১৯৬৯-৭০ সালে ছিল ২৩টি। ১৯৭৩-

'৭৪ সালে এক বছরে সেটা বেড়ে হল ২৬০৩টি—দশগুণের বেশি হয়েছে এক বছরে। আর রিভার লিফট ইরিগেশন কি হয়েছিল? রিভার লিফট ১২৫টি হয়েছিল। আর আমাদের আমলে ১৯৭৩-৭৪ সালে এক বৎসরে হয়েছে ৮০৪টি, ছয় সাত গুণের বেশি। আর শ্যালো টিউবওয়েল ৫৮০টি ছিল, ১৯৭৩-৭৪ সালে বেড়ে হয়েছে ১৮৯৪৫টি। পাম্প সেট ও খাদ্য উৎপাদন সম্বন্ধে তিনি বলেছেন। তিনি বলেছেন কোনও বাফার স্টক কি তৈরি হয়েছিল? স্টক হলে তবে বাফার স্টক তৈরির প্রশ্ন উঠে। স্টক না থাকলে বাফার স্টক তৈরি হবে কোথা থেকে? বিশ্বনাথ বাবু সেচমন্ত্রী ছিলেন, তাই সেচ সম্বন্ধে তার একটু বেশি অভিজ্ঞতা আছে। ১৯৪৭-৪৮ থেকে আমাদের সেচের এলাকা ৯ লক্ষ হেক্টর বেশি বেড়েছে গত ২৪ বছরে। আমাদের দু বছরে ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪—৭ লক্ষ হেক্টর সেচের এলাকা বেড়েছে—সম্প্রসারিত হয়েছে। আমাদের যেখানে সেচের এলাকা ১৬ লক্ষ হেক্টর ছিল, সেটা বেড়ে হয়েছে ২৩ লক্ষ হেক্টর। অতীতের ২৪ বছরে ৮ কি ৯ লক্ষ হেক্টর বেড়েছে।

তারপর আমাদের বিরোধীদলের নেতা—বাফার স্টকের কথা বলেছেন। স্টকের ব্যবস্থা আগে করা দরকার—তারপর বাফার হবে। এবার প্রোকিওরমেন্ট এর লক্ষ্য মাত্রা ৩ লক্ষ টন করা হয়েছে। আমরা চেষ্টা করছি সেই লক্ষ্যে উত্তীর্ণ হবার। ইতিমধ্যে দু লক্ষ টন প্রোকিওরমেন্ট হয়েছে। তিনি এই প্রোকিওরমেন্ট প্রাইস বাড়ানোর কথা বলেছেন। অবশ্য অতীতে তিনি এই প্রোকিওরমেন্ট প্রাইস বাড়ানোর বিরুদ্ধে বলেছিলেন, এই প্রোকিওরমেন্ট প্রাইস বাড়ালে, তার সাথে সাপোর্ট প্রাইসও বাড়াতে হবে। ধরুন প্রোকিওরমেন্ট প্রাইস না বলে সাপোর্ট প্রাইস এর কথা বলি। তার কথা আমাদের বিরোধীদলের নেতা বলেছেন খুব ভাল। এই সাপোর্ট প্রাইস বাড়ালে ইস্যু প্রাইস ও বাড়াতে হবে। আমাদের রেশনে যে চালটা ডিস্ট্রিবিউটেড হবে, তার ইস্যু প্রাইসটা বাড়াতে হবে। সুতরাং একটা কথা বলতে হবে যে— সাপোর্ট প্রাইস বাড়ালে পর, তার ইস্যু প্রাইস বাড়াবার সময়—তাতে আশাকরি আপনাদের সহযোগিতা পাব।

আর বিরোধীদলের নেতা যে দৃষ্টিভঙ্গি নিয়ে বলেছেন—আজকের আমাদের জরুরি অবস্থা ঘোষণা করবার পরে আমরা আশা করব যে যে কাজটা হয়েছে, যে কাজটা পুর হয়নি যে কাজটা না দেখে—আমরা যদি চোখ বুজে বসে থাকি তাহলে সে কাজ হবে না। পশ্চিমবঙ্গের উন্নয়ন হয়েছে, তা সাধারণ মানুষের সহযোগিতা ছাড়া হতে পারতো না। তাদের সহযোগিতা আমরা পুরমাত্রায় পেয়েছি। এজন্য তাদের ধন্যবাদ জানাই। খাদ্যোৎপাদনও বেড়েছে—তাদেরই সহযোগিতায়—এজন্য তাদের ধন্যবাদ জানাই। আজকের ১০ হাজার গ্রাম বিদ্যুৎ গিয়েছে। এজন্যও তাদের ধন্যবাদ জানাই। প্রতিদিন ৫টা করে হাসপাতালের শয্যা সংখ্যা বাড়ছে—সেজন্যও তাদের ধন্যবাদ জানাই। ৪৮ লক্ষ টন থেকে ৫২ লক্ষ টন আমাদের আমন প্রোডাকশন হয়েছে একটা রেকর্ড হয়েছে। এজন্যও পশ্চিমবাংলার প্রত্যেকটা মানুষের আবদান আছে। তাদের ধন্যবাদ জানাই সেজন্য। কিন্তু আমাদের বিরোধীদলের নেতা যে সব কারণে হতাশা প্রকাশ করেছেন। তার সঙ্গে আমরা একমত হতে পারলাম। এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-20 — 6-30 p.m.]

শ্রী অজিতকুমার পাঁজা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে ভারত সরকার আমাদের পশ্চিমবাংলার হাসপাতাল বি সি রায় পোলিও, পোলিও ক্লিনিক ও হসপিটাল ফর ক্রিপলড চিলড্রেনকে ন্যাশনাল অ্যাওয়ার্ড দেবার কথা ঘোষণা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রতি বছর এই ন্যাশনাল অ্যাওয়ার্ড দেওয়া হয় এবং এটা ১৯৭০ সাল থেকে শুরু হয়েছে ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ চিলড্রেনদের পুনর্বাসনের জন্য, রিহ্যাবিলিটেশনের জন্য ভালো ব্যবস্থা করায় এই বছর পশ্চিমবাংলার এই হাসপাতালটি ন্যাশনাল অ্যাওয়ার্ড পাওয়ার উপযুক্ত বলে ঘোষিত হয়েছে সারা ভারতে তারা ৬টি এমপ্লয়ারের সঙ্গে কারণ এই বছর এই সরকার আসার পর আমাদের এই হাসপাতালের যারা রুগি সম্পূর্ণ ভাল হননি, কিন্তু কাজ করবার মতো উপযুক্ত তাদের মধ্যে আমরা ৩০ জনকে এই হাসপাতালে জেনারেল ডিউটি অ্যাটেনডেন্ট, স্টোরকিপার, রেকর্ডকিপার, ক্লার্ক—এই সব পোস্টে নিয়োগ করেছি এবং আনন্দের কথা, আমাদের যাদের হাত পা ভাল আছে, তাদের চেয়ে এক বছর কাজ করে এরা দেখিয়ে দিয়েছে তারা কত বেশি ভাল কাজ করতে পারে এবং কত সুন্দরভাবে তারা তাদের দায়িত্ব পালন করতে পারে। এটা একটা পুরানো হাসপাতাল যেটা শ্রী জওহরলাল নেহরু ১৯৫৪ সালের ৩রা নভেম্বর এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন। অধুনা ১৬ই মার্চ ১৯৭৫ সালে আমরা নতুন দুশো বেড নিয়ে শুরু করেছি এবং সেখানে আধুনিক কায়দায় পোলিও রুগীর চিকিৎসার ব্যবস্থা করেছি। এর মধ্যে সবচেয়ে বড় কথা, ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ ছেলেদের ফিজিওথেরাপির জন্য বিদেশ থেকে অনেক যন্ত্র আনতে হত। আমাদের এক্সপার্ট ডাক্তারবাবুরা মাথা খাটিয়ে একটা জিনিস বার করেছেন। আমরা কবিগুরু রবীন্দ্রনাথের নাচগান, কবি নজরুলের নাচগানের মধ্য দিয়ে এই ফিজিওথেরাপির কাজ করতে পারি কিনা। অত্যন্ত আনন্দের কথা বড় বড় মেশিন যা করতে পারে নি, এইগুলো শুরু করবার পর, নাচগান করবার পর আমাদের ছেলেমেয়েরা অঙ্গ-প্রতঙ্গ সঞ্চালন করতে পারছে এবং খুব ভালভবেই মেডিক্যাল এক্সপার্টরা জানিয়েছেন মেডিক্যাল থেরাপি মেশিন করতে পারে না, এই কাজ সেটা অনেকটা এগিয়ে আনতে পারে। এই খবর গতকাল রাত্রে আমরা পাই, আজকে কনফারমেশন নিউদিল্লি থেকে পেয়েছি এবং সেটা পাবার পর এই খবর হাউসে জানাচ্ছি।

শ্রী মহম্মদ দেদার বক্স : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর আনীত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে আন্তরিক পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্যে রাখছি। শ্রদ্ধেয় নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে প্রগতিশীল কংগ্রেস সরকার সংগ্রাম করছে একদিকে দেশ থেকে দারিদ্র দূর করার এবং অন্যদিকে সমাজে যে দুর্বল শ্রেণী তারা যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে তার ব্যবস্থা করার জন্য। আমরা দেশ থেকে দারিদ্র্য দূর করার প্রচেষ্টা চালিয়েছি। বিশেষ করে কৃষিক্ষেত্রে উৎপাদন বাড়িয়েছি। যেখানে একটা ফসল হত, সেখানে তিনটা ফসল হচ্ছে। সেচের বিস্তারিত লাভ ঘটিয়ে এবং রিভার লিফট গভীর অগভীর নলকূপ ইত্যাদির মাধ্যমে আগে যে এলাকা সেচের এলাকা সেচের আওতায় এসেছিল এখন তার থেকে অনেক বেশি এলাকা এসেছে এবং সেখানে বিদ্যুৎ বিভাগ থেকে যথেষ্ট

সাহায্য করা হয়েছে এবং আধুনিকতম বৈজ্ঞানিক প্রথায় চাষের ব্যবস্থা করে কৃষি উৎপাদন বাড়িয়েছি এবং তার ফলে খাদ্য সমস্যা অনেকাংশে কমের দিকে চলেছে এবং আইন শৃঙ্খলা তার ভিত্তিতে উন্নতি ঘটেছে এবং সমবায় বিভাগ থেকে বিভিন্ন সংস্থার মাধ্যমে কৃষক প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীদের ঋণ দেওয়াও হচ্ছে এবং কৃষি বিভাগকে ওয়ার্ল্ড ব্যাঙ্ক, এস এফ ডি এ বিভিন্ন প্রকার ঋণ দিয়ে এগিয়ে নিয়ে যাচ্ছে। কৃষিক্ষেত্রে আজকে একটা সবুজ বিপ্লব ঘটেছে এবং বিশেষ করে পশ্চিমবাংলায় গম বিপ্লব যেটা ঘটেছে তাতে আশা করা যায় খাদ্যাভাব আরও বেশ কিছুটা কমে যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দারিদ্র্য শ্রেণীর অর্থনৈতিক কাঠামোকে মজবুত করার জন্য সরকার যে ব্যবস্থা নিয়েছেন সেগুলি হচ্ছে গ্রামীণ মহাজনী ঋণ মকুব করেছেন এবং ভূমিহীনদের ভূমি দেওয়া হয়েছে, বাস্তহীনদের বাস্ত দেবার ব্যবস্থা করা হয়েছে শুধু বাস্ত দিয়েই সরকার ক্ষান্ত হন নি তারা যাতে বাড়ি করতে পারে তার ব্যবস্থা করা হয়েছে, সমাজ থেকে পণ প্রথা বন্ধ করা হয়েছে, অপরের জমিতে যে ভূমিহীন লোক বাস করত তাকে সেই বসত থেকে উচ্ছেদ বন্ধ করা হয়েছে এবং লিগ্যাল এড কমিটির ব্যবস্থা করা হয়েছে যাতে ২৪০০ টাকা পর্যন্ত আয়ের লোকেরা সাহায্য পেতে পারে—এইভাবে বিভিন্ন দিক দিয়ে সমাজের দরিদ্র শ্রেণীকে দাঁড় করানোর চেষ্টা হয়েছে। কারণ, গ্রামের অর্থনৈতিক কাঠামো মজবুত করতে না পারলে লোক বাঁচতে পারে না। গ্রামে শতকরা ৭০ জন লোক দারিদ্রসীমার নিচে বাস করে। এই সকল বিভিন্ন প্রচেষ্টার মাধ্যমে তাদের উন্নতি করার চেষ্টা হচ্ছে। স্বাস্থ্যের যথেষ্ট উন্নতি হয়েছে এবং বিশেষ করে আদিবাসী অনুন্নত শ্রেণীর জন্য চাকরির ব্যবস্থা যেটা সংরক্ষিত ছিল সেটাকে আইনের মাধ্যমে আরও কঠোরতর করার ব্যবস্থা করা হয়েছে যাতে তারা অনুন্নত না থাকে—তারা সমাজে মানুষের মতো যাতে বাস করতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গ্রামাঞ্চলের বেকারের ব্যাপারে যে কথা বলা হয়েছে সেটা কেবল মরশুমি—আধা বেকারি, পূর্ণ বেকারি সমস্যা সমাধানের চেষ্টা চলেছে। শিল্প ক্ষেত্রে আমাদের আরও উন্নতি করতে হবে। কারণ আজকে সমাজে যে বেকারত্বের চাপ মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত আছেন আমি তাকে বলব এ সম্বন্ধে আপনি সুস্পষ্ট নীতি নির্ধারণ করুন যাতে করে এই বেকারত্ব দূর হতে পারে। আজকে বি এ, এম এ পাশ করে যুবকরা চাকরি না পেয়ে পথে পথে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। তাদের স্থায়ীভাবে যদি কর্মসংস্থান করতে হয় তাহলে দেশে শিল্প কারখানা আরও গড়ে তুলতে হবে, তা নাহলে দেশ বেকারত্ব থেকে রেহাই পাবে না। তাই আমি এই সম্পর্কে আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যেমনভাবে দারিদ্র্য দূর করার চেষ্টা চলছে ঠিক তেমনি ভাবে যদি বেকারত্ব দূর করার চেষ্টা না করা হয় তাহলে অবস্থা যে কোথায় গিয়ে দাঁড়াবে সেটা বলা মুশকিল। তাই কি করে বেকারত্ব দূর করা যাবে সেই রকম একটা নীতি নির্ধারণ করার কথা চিন্তা করুন, তা নাহলে এই বেকার যুবকরা খালি রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াবে আর খারাপ কাজ করার চিন্তা করবে। আমাদের কুটির শিল্পে হয়ত কিছুটা উন্নতি ঘটেছে। কারণ তাঁত শিল্পে যথেষ্ট সাহায্য দেওয়া হয়েছে যাতে করে তাঁতীরা জীবিকা নির্বাহ করতে পারে এবং ভূমি সংস্কারের ক্ষেত্রে দেখা যাচ্ছে এই এমার্জেন্সির মাধ্যমে ৯৭ হাজার একর জমি দেওয়া হয়েছে এবং ২ লক্ষ ৯৭

হাজার ৭০০ বাস্তুহীন ব্যক্তিকে বাস্তু জমি দেওয়া হয়েছে এবং পর্যটন ক্ষেত্র ও আরও অন্যান্য ক্ষেত্রে আমাদের উন্নতি করা দরকার। আমি দক্ষিণ ভারত ঘুরে দেখে এসেছি। সেখানকার পর্যটন বিভাগ যথেষ্ট টাকা আয় করে, কিন্তু আমাদের পশ্চিমবাংলার পর্যটন বিভাগের যে অবস্থা দেখছি তাতে করে পর্যটন বিভাগকে আরও উন্নতর করে তুলতে বেশ কিছু টাকা এই বিভাগ থেকে আসতে পারে—এই বিভাগে ইনকাম যদি আরও বাড়ে তাহলে দেশের শ্রীবৃদ্ধি হবে, দেশের অর্থনীতি চাঙ্গা হয়ে উঠবে—পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আপনি এই দিকটার কথা একটু গভীরভাবে চিন্তা করুন। এই কথা বলে এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে আমি সমর্থন ও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-30 — 6-40 p.m.]

শ্রী লালচাঁদ ফুলমালি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণ পড়ে দেখলাম তাতে অনেক কথাই আছে এবং তারমধ্যে সবচেয়ে বড় কথা যেটা সেটা হচ্ছে, আমাদের এই পশ্চিমবঙ্গ সরকার গ্রামের ক্ষেতমজুরদের জন্য ন্যূনতম যে মজুরি আইন করেছেন সেই আইন যাতে কার্যকর হয় তার জন্য তীক্ষ্ণ দৃষ্টি রেখেছেন। স্যার, সারা পশ্চিমবাংলায় মোট জনসংখ্যার শতকরা ৪০ ভাগ এই মানুষ যারা বিভিন্ন শহরে এবং গ্রামে বাস করছে সেই মানুষদের পেছনে ফেলে রেখে কখনই আমাদের অগ্রগতি হতে পারেনা, কোনও দেশের পক্ষেই অগ্রগতি সম্ভব নয়। তাই স্যার, অনেক ভাবনা চিন্তার পর, অনেক দাবি দাওয়ার পর এবং বিস্তর লড়াই করে আমরা একমত হয়ে ন্যূনতম ৬.৬৩ টাকা মজুরি ক্ষেতমজুরদের জন্য করে এই বিধানসভায় আইন পাস করেছিলাম। কিন্তু স্যার, গ্রামের ক্ষেতমজুররা সেই মজুরি পাচ্ছে কি? না, তারা তা পাচ্ছে না। কোথাও দু টাকা, কোথাও তিন টাকা মজুরি নিয়ে আজকে ক্ষেতমজুররা বেঁচে আছে। স্যার, যেখানে আজকে এক কিলো চালের দাম দু টাকা, একটা কাপড়ের দাম ১৪/১৫ টাকা, একটা ট্যাবলেটের দাম ৪/৬ আনা সেখানে ক্ষেতমজুরদের এই সামান্য দু/তিন টাকা মজুরি নিয়ে বেঁচে থাকতে হচ্ছে। স্যার, এই সমস্ত মানুষ যারা দেশের মেরুদন্ড, যারা গ্রাম এবং শহরের কোটি কোটি লোকের জন্য খাদ্য উৎপাদন করছে সেই মানুষদের কথা আজকে না ভেবে খালি বড় বড় কথাই বলা হচ্ছে। বলা হচ্ছে, আমরা গণতান্ত্রিক সমাজবাদের পথে এগিয়ে যাচ্ছি। এই কি স্যার, সমাজতন্ত্রের নমুনা? এইভাবে কখনই সমাজতন্ত্র আসতে পারে না। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার ২০ দফা কর্মসূচিকে সার্থক করার জন্য গ্রাম এবং শহরের বাস্তুহীনদের দেবার পরিকল্পনা নিয়ে কিছু কিছু বাস্তু জমি কাগজে কলমে কিছু লোককে দিয়েছেন এটা সত্য। কিন্তু স্যার, এই বাস্তুহীনরা তাদের কোথায় বাস্তুজমি দেওয়া হল তা আজ পর্যন্ত জানেন না। আজকে তারা ঐ এক টুকরো কাগজ ছাড়া আর কিছুই পায়নি। স্যার, আমার বীরভূম জেলার ময়ূরেশ্বরের কথা বলতে পারি সেখানে একজন বাস্তুহীনও তারা জায়গাটা দেখতে পাইনি এবং সরকারি প্রশাসন যন্ত্রও তাদের তা দেখিয়ে দেয়নি বা একটি বাড়িও তৈরি হয়নি। খালি স্যার, ঐ সরকারি প্রচার যন্ত্রের মাধ্যমে প্রচারই হচ্ছে। স্যার, আমরা কমিউনিস্ট পার্টির লোকরা, আমরাও ঐ ২০ দফা কর্মসূচিকে রূপায়ণের জন্য লড়াই করছি।

আমরা লড়াই করছি গরিব এবং সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে। স্যার, আজকে আমাদের লড়াই চলছে ঐ প্রতিক্রিয়াশীলদের বিরুদ্ধে?

দক্ষিণপন্থীদের বিরুদ্ধে, ঐ [illegible] বিরুদ্ধে। এ লড়াই আজকে আমরা কমিউনিস্ট পার্টি থেকে চা[illegible]য় যাচ্ছি। আজকে ঐ ২০ দফা কর্মসূচি রূপায়ণ করার মধ্যে দিয়ে আমরা দেখতে চাই গ্রামের ঐ দরিদ্র মানুষগুলি যেন বাঁচতে পারে। কিন্তু স্যার, অপর পক্ষে আমরা দেখতে পাচ্ছি সরকারি নির্দেশ থাকা সত্ত্বেও এবং আইন থাকা সত্ত্বেও বর্গাদারের পোঁতা ধান কেটে নিয়ে চলে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জরুরি অবস্থার সময় এই রকম কৃষকের পোঁতা ধান, পাকা ফসল কেটে নিয়ে যায়, সরকারি প্রশাসনকে জানালেও কোনও ফল হয় না। আজকে ২০ দফা কর্মসূচিকে ব্যর্থ করার জন্য যারা ষড়যন্ত্র করছে তাদের বিরুদ্ধে সরকারি প্রশাসন কোনও ব্যবস্থা নেয় না। আমি তার দুটো নমুনা আপনার কাছে দিয়ে আমার বক্তব্য শেষ করব। মুক্তিপদ বায়েন, বর্গাদার, গ্রাম বেগুনিয়া, সে ১০ বিঘা জমি চাষ করেছিল। তার ৫ বিঘার পাকা ধান জোতদার গৌরপাল কেটে নিয়ে যায়। এই ব্যাপারে জে এল আর ও-কে এবং এস ডি ও-কে জানান হয়েছিল কিন্তু সেই গরিব বর্গাদার তার ধান পেল না। তারপর পঞ্চানন দাস, বর্গাদার, গ্রাম গঙ্গারামপুর, সে ১০ বিঘা জমি চাষ করেছিল, তার ধান জোতদার হরিতারণ মন্ডল, গ্রাম কোটাশুর, মৌরসী থানা, জোর করে কেটে নিয়ে যায়। এই ব্যাপারে জে এল আর ও-কে এবং এস ডি ও-কে জানানো হয়েছিল কিন্তু কোনও ফল হয়নি সেই কৃষক আজও তার ধান পেল না। এইভাবে কি আজকে ২০ দফা কর্মসূচি রূপায়ণ করা যাবে? আমি আপনার মাধ্যমে আবেদন করব যাতে ক্ষেতমজুররা তাদের ন্যূনতম মজুরি পায় এবং বর্গাদার এবং গরিব কৃষক তাদের প্রতি যেন সুবিচার করা হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

1ST REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 1st report of the Business Advisory Committee which at its meeting held on this the 23rd day of February, 1976 in my Chamber, considered the question of allocation of dates and time for the disposal of legislative and other business and recommended as follows :-

Tuesday, 24-2-1976	Discussion on Governor's Address	—4 hours
Wednesday, 25-2-1976	Discussion on Governor's Address	—4 hours
Thursday, 26-2-1976	Discussion on Governor's Address	—4 hours
Friday, 27-2-1976	(i) The West Bengal Restoration of Alienated (Amendment) Bill, 1976 (Introduction, Consideration and Passing)	—1 hour.

(ii) The West Bengal Land Reforms (Amendment) Bill, 1976 (Introduction, Consideration and Passing) —1 hour.

(iii) The West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1976 (Introduction, Consideration and Passing) —1 hour.

(iv) The West Bengal Municipal Employees' (Compulsory Retirement) Bill, 1976 (Introduction, Consideration and Passing) —1 hour

Monday, 1-3-1976 Presentation of the Budget Estimates for 1976-77

The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the 1st Report of the Business Advisory Committee, presented this day, be argeed to by the House.

The motion was then put and agreed to.

[6-40 — 6-54 p.m.]

শ্রী মহম্মদ সফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় মহামান্য রাজ্যপাল যে মনোজ্ঞ ভাষণ রেখেছেন তাকে আমি সমর্থন করছি, এবং সমর্থন করে দু-একটি কথা এখানে বলতে চাই। পশ্চিমবাংলার যুক্তফ্রন্টের সময়ে বিগত দিনগুলিতে সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত হয়েছিল ২টি ডিপার্টমেন্ট। সেটা হচ্ছে শিক্ষা এবং পুলিশ। গত তিন চার বছরের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যাবে যে শিক্ষা ব্যবস্থা কিভাবে দিনের পর দিন উন্নতির পথে গেছে এবং আজকে নতুন পাঠ্যক্রম চালু হয়েছে। সেই সঙ্গে সঙ্গে শিক্ষার মান, মর্যাদা এবং শিক্ষাকে জাতীয়তার ভিত্তিতে গড়ে তোলার প্রয়োগ দেখা গেছে। তারপর কথা হচ্ছে, আমরা নিজেরা দেখেছি এবং এই সরকার আসার অব্যবহিত পূর্বে যে পুলিশ ডিপার্টমেন্ট বিশেষ করে আইন এবং শৃঙ্খলার যে কি অবস্থা ছিল পশ্চিমবাংলার মানুষকে তা নতুন করে বলে দিতে হবে না। এই কথা সত্য যে যুক্তফ্রন্টের সময় এবং যুক্তফ্রন্টের পরবর্তী কালে ১৯৭১ সালে মানুষের জীবনের কোনও নিরাপত্তা ছিল না। মানুষ যে নির্বিঘ্নে বাড়ি ফিরে আসতে পারবে তার কোনও স্থিরতা ছিল না। আমরা সরকারে আসার পরে একটা জিনিসের অগ্রগতি লক্ষ্য করলাম, সেটা হচ্ছে আইন ও শৃঙ্খলার বিষয়। ১৯৭৬ সালের প্রারম্ভে আমরা দেখতে পাচ্ছি আইন শৃঙ্খলার শুধু আমাদের নিয়ন্ত্রণে নয়, আজকে পশ্চিমবাংলার জনসাধারণ স্বস্তির নিশ্বাস ফেলছে। রাজ্যপালের ভাষণের প্রত্যেকটি অনুচ্ছেদে আমাদের সরকারের কার্যকলাপের আমাদের

সরকারের অগ্রগতির ইতিহাস রচিত হয়েছে, এবং সেটা যদি আমরা অস্বীকার করি তাহলে সত্যের অপলাপ করা হবে। আজকে সমস্ত বিষয়ে, সমস্ত ডিপার্টমেন্টের কার্যকলাপ যদি পর্যালোচনা করি তাহলে দেখতে পাব, পশ্চিমবাংলায় যে একটা নৈরাজ্য ছিল, পশ্চিমবাংলায় যে একটা হতাশা ছিল, পশ্চিমবাংলায় যে একটা বেদনা এবং অন্ধকার ভাবাচ্ছন্ন ছিল, সেটা কেটে গিয়ে একটা স্থায়ী শান্তি এবং স্বস্তির নিশ্বাস মানুষ ফেলতে পেরেছে। এই বিষয়ে আমি দু-একটা উদাহরণ দিলেই বুঝতে পারবেন। প্রথমে কুটির এবং ক্ষুদ্র শিল্পের কথাই ধরুন। আমরা জানি কুটির এবং ক্ষুদ্রশিল্পের মন্ত্রী মহাশয়কে কি নাজেহালই করেছি, বিশেষ করে তাঁতীদের প্রসঙ্গ নিয়ে। আমরা আজকে আনন্দের সঙ্গে বলতে পারি এই ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন বলে স্বয়ংশাসিত সংস্থা গঠন করা হয়েছে, এই সংস্থার উদ্দেশ্য ছিল তাঁতীদের ন্যায্য দামে সুতা সরবরাহ এবং তাঁতীরা যে সমস্ত মাল উৎপাদন করবে, সেইগুলো ন্যায্য দামে এই কর্পোরেশন কিনে নেবে এই কাজ সুষ্ঠু ভাবে হওয়ার ফলে ১৯৭৫ সালে ৮৮ হাজার টাকা গ্রস প্রফিট করেছে। তারা এক ধরনের কাপড় প্রোডাকশন করেছে, সেই কাপড় জনতা কাপড় নামে পরিচিত। প্রধানমন্ত্রীর অর্থ নৈতিক কর্মসূচি অনুযায়ী দেশের মানুষ কি সস্তা দরে কাপড় তৈরি করে দিতে পেরেছে। এই বছর আমরা ১৪/১৫ লক্ষ টাকার অর্ডার পেয়েছি, এই অর্ডার বিদেশ থেকে এসেছে, আমরা বিদেশে রপ্তানি করতে পারব। ওয়েস্ট দিনাজপুরে যে স্পিনিং মিল গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তার জন্য জমি ক্রয় করা হয়েছে এবং মেশিনারির জন্য অর্ডার দেওয়া হয়েছে, ২৫ পারসেন্ট মেশিনারি এসে গেলেই কাজ আরম্ভ হয়ে যাবে, ওয়েস্ট দিনাজপুরে গিয়ে আমরা নিজেরা দেখে এসেছি। সেখানে শিডিউলড কাস্ট এবং দরিদ্র শ্রেণীর অনুন্নত শ্রেণীর মানুষের বাস, তারা সেখানে কাজ পাবে। এর পরে ফিশারিজ ডিপার্টমেন্ট সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আমরা অনেক সময় এই বিধানসভায় মাছ সম্বন্ধে অনেক কথা বলেছি। আজকেও আমি বলছি, মাছ আমাদের নিত্য প্রয়োজনীয় জিনিস, মাছ না হলে বাঙালির চলে না। কিন্তু মাছ চাষের যে কতটা অগ্রগতি হয়েছে তা আমরা জানি না এবং এই ব্যাপারে প্রচারের অভাব রয়েছে। পোনা মাছের উন্নত চারা উৎপাদন এবং সেইগুলি ছোটখাট মৎস্য চাষীদের সাহায্যক প্রাপ্ত হারে বিলি করার কাজে লক্ষ্যণীয় অগ্রগতি হয়েছে। যে সমস্ত মাছ সল্ট ওয়াটারে ব্রিড করে, সেইগুলো মিস্টি জলে আমরা ব্রিড করাতে পেরেছি এবং সেই সব পোনা এবং ডিম আমরা বনড লেভেলে মৎস্য চাষীদের মধ্যে বিতরণ করছি। এটাকে যদি আমরা জনপ্রিয় করতে চাই তাহলে এর ব্যাপক প্রচার করতে হবে। এর ব্যাপক প্রচার যদি আমরা করতে পারি তাহলে আমার মনে হয় পশ্চিমবাংলার মাছের আকাল আস্তে আস্তে ঘুচে যাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপর আমি যেটা বলব সেটা হচ্ছে বাণিজ্য দপ্তরের কথা। কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিস-এর কথা আমরা বহু দিন বলেছি, গতবার বিধানসভায় আমরা দাবি রেখেছিলাম যে, হলদিয়া জাহাজ কারখানা করতে হবে, পেট্রো-কেমিক্যাল ইন্ডাস্ট্রি করতে হবে। জাহাজ কারখানার বিষয়ে আমরা এখনও পর্যন্ত কিছুই জানতে পারিনি। তবে পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রি যে হবে এবং পশ্চিমবঙ্গে এর জন্য যে অভূতপূর্ব সাড়া পাওয়া গিয়েছে সে বিষয়ে

আমরা জানি। আমি আশা করব বিভাগীয় মন্ত্রী মহাশয় এবিষয়ে সচেষ্ট হয়ে আমাদের এই দাবিটা পূরণ করবেন। এছাড়া কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের অধীনে আর একটা বিষয় আছে সিঙ্কোনা চাষ। সিঙ্কোনা চাষের আজকে গুরুত্ব আছে এই জন্য যে, যেভাবে মশা বাড়ছে এবং ম্যালেরিয়া বাড়ছে তাতে যদি আমরা সিঙ্কোনার চাষ না করি, কুইনাইন যদি প্রস্তুত না করি তাহলে আমাদের অবস্থা খুব শোচনীয় হবে। শুধু তাই নয়, সিঙ্কোনা আমাদের যা আছে তাতে আমরা কুইনাইনসালফেট পশ্চিমবঙ্গের বাইরে রপ্তানি করে প্রচুর টাকা পেতে পারি। সেজন্য সিঙ্কোনা ডাইরেক্টারেট-এর আন্ডারে যে ২৫০ একর জমি হয়েছে সেখানে আরও বেশি সিঙ্কোনার কালটিভেশন করা প্রয়োজন। সিঙ্কোনা ছাড়া আরও কিছু মেডিসিন্যাল প্ল্যান্ট যথা চিরতা, সর্পগন্ধা লেবুঘাস এবং অন্যান্য মেডিসিন্যাল প্ল্যান্ট প্রভৃতির চাষ করতে পারলে আমরা অর্থনৈতিক দিক থেকে উন্নতি লাভ করতে পারব।

এছাড়া ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশন বলে আমাদের একটা সংস্থা গঠন করা হয়েছে। এই কর্পোরেশন যখন প্রথম গঠন করা হয় তখন এর উদ্দেশ্য ছিল বনজ সম্পদের এক্সপ্লয়টেশন, বনজ সম্পদের সদ্ব্যবহার। ফরেস্ট ডিপার্টমেন্টের অধীনে আমাদের একটা অর্কিড কালচার সেন্টার আছে, 'তাকদা'। এরা অর্কিড রপ্তানি করে বিদেশের বাজার থেকে প্রচুর বৈদেশিক মুদ্রা আমদানি করছে।

কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি কি কৃষি ক্ষেত্রে, কি শিল্প ক্ষেত্রে, কি ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে, কি বৃহৎ শিল্পের ক্ষেত্রে, কি ছোট কুটির শিল্পের ক্ষেত্রে, বিভিন্ন দিকে যে অগ্রগতি হচ্ছে সেই অগ্রগতির ইতিহাস রাজ্যপালের ভাষণের প্রতিটি ছত্রে ফুটে উঠেছে, কাজেই এই ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রেম ওরান ঃ মাননীয় স্পিকার স্যার, রাজ্যপালের ভাষণের মধ্যে অনেক কিছু লেখা আছে। কিন্তু আমাদের উত্তরবঙ্গের জলপাইগুড়ি, দার্জিলিং ইত্যাদি এলাকায় যে চা বাগিচা আছে সে সম্বন্ধে সরকারের কোনও নজর নেই। এই জন্য আজকে দিনের পর দিন চা বাগানগুলি খারাপ হয়ে যাচ্ছে। আর সঙ্গে সঙ্গে শ্রমিকরাও বেকার হয়ে যাচ্ছে। আজকে অনেকক্ষণ ধরে আলোচনা হল, অনেকে অনেক বলেছেন। আমাদের বিধানসভার সদস্যরা ক্ষেতমজুরদের ৬ টাকা ৬৩ পয়সা মজুরি হওয়ার সম্বন্ধেও কথা বলেছেন। ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরি হয়েছে ৬ টাকা ৬৩ পয়সা। আর সরকারের চা বাগানের দিকে নজর নেই, তাই সেখানে মজুরি হচ্ছে ৩ টাকা ৮০ পয়সা। আজকে শঙ্করবাবু বললেন যে লক-আউট ইত্যাদির বিরুদ্ধে আমরা ব্যবস্থা গ্রহণ করছি। কিন্তু চা বাগানের আজকে কি অবস্থা? ৩০/৩৫টি চা বাগানের মালিকরা বাগান ছেড়ে চলে গেল, কিন্তু এখন পর্যন্ত আমরা একটি ক্ষেত্রেও দেখতে পেলাম না যে সরকার ঐ চা বাগানকে বাঁচাবার জন্য নিজের হাতে নিয়েছেন। আমাদের উত্তরবঙ্গ সম্বন্ধে সরকারের কোনও চিন্তা ভাবনা নেই। উত্তরবঙ্গে যে ৭/৮টি জেলা রয়েছে সেখানে কোনও নতুন পরিকল্পনা সরকারের নেই। অনেক আলোচনা হয়েছে যে, জলপাইগুড়ি, মালদহ, কুচবিহার ইত্যাদি জেলাতে অনেক নতুন নতুন ইন্ডাস্ট্রি হবে। কিন্তু উত্তরবঙ্গের কোথাও একটিও নতুন ইন্ডাস্ট্রি হয়নি। সেখানে যে বন্যা হয়, হিমালয় থেকে জল

নেমে এসে দিনের পর দিন সেখানকার হাজার হাজার বিঘা জমি নষ্ট করে দিচ্ছে, অথচ মাস্টার প্ল্যানের কথা অনেক দিন থেকেই বলা হচ্ছে, কিন্তু মাস্টার প্ল্যানের কোনও কিছুই হচ্ছে না। মাঝে মাঝে ৩/৪জন মিনিস্টার জলপাইগুড়ি ঘুরে আসছেন, কিন্তু কিছুই হচ্ছে না। জলপাইগুড়িতে দিনের পর দিন কৃষক উচ্ছেদ হয়ে যাচ্ছে। সেখানকার শ্রমিকরা বেকার হয়ে যাচ্ছে। মালদহে ফরাক্কা হয়েছে, কিন্তু তার উপরে ৪০/৫০ হাজার কৃষক অনাহারে থাকছে। সেখানে কোনও জল নেই। এ সম্বন্ধে কিন্তু কোনও ভাবনা চিন্তা নেই। বালুরঘাটের জন্য যারা দাবি করেছিল তারা মারা গেছে। রেলওয়ের জন্য তারা দাবি করেছিল কি সেসব সম্বন্ধে কিছু হচ্ছে না। জলপাইগুড়ি নাগরাকাটা থেকে রেল তোলা হয়ে গেছে। তারপর ২০ দফা কর্মসূচি সম্বন্ধে কিছু বলব। শুধু কর্মসূচির কথা বললে হবে না কাজ করতে হবে। আজ চা বাগান ও তার শ্রমিকদের অবস্থা কি হচ্ছে? সেখানে মালিকরা চা বাগান বিক্রি করে দিচ্ছে এবং সেগুলি সব সিক গার্ডেন হয়ে যাচ্ছে। এই থেকে কি বিদেশি মুদ্রা আসছে না? মানাশী, রূপালি ইত্যাদি সমস্ত চা বাগান সম্বন্ধে শ্রমিকরা দিনের পর দিন নানা দাবি করছে কিন্তু কিছু হচ্ছে না। পার্লামেন্টের মেম্বাররা ইনস্পেকশন করে গেলেন, কিন্তু তাও কিছু হল না। সেখানে গাছ কতদিন তাদের শ্রমিকরা বাঁচাবে। চা বাগান আর বাঁচানো নয়। সর্বশেষে নর্থবেঙ্গল ভাগ করে দিন এই দাবি আমি করছি।

Adjournment

The House was then adjourned at 6-54 p.m. till 1 p.m. on Tuesday, the 24th February 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 24th February, 1976 at 1-00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 137 Members.

[1-00 — 1-10 p.m.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made on Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath)

Starred Questions
(to which oral answers were given)

লেভি

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *৪) **শ্রী কাশীনাথ মিশ্র :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান কৃষি বৎসরে, ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত, জেলাওয়ারি কত পরিমাণ লেভির ধান ও চাল আদায় হইয়াছে;

(খ) ইহার মধ্যে—

(১) ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া,

(২) ডি পি এজেন্ট,

(৩) সমবায় সমিতিগুলি এবং

(৪) চালকলগুলি,

জেলাওয়ারি কত পরিমাণ ধান ও চাল আদায় করিয়াছে; এবং

(গ) ১৯৭৪-৭৫ ও ১৯৭৫-৭৬ সালে জানুয়ারি মাস পর্যন্ত দেয় লেভি দেন নাই এমন ব্যক্তির জেলাওয়ারি সংখ্যা কত?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ

(ক) বর্তমান খরিফ বৎসরে (যাহা ১-১১-৭৫ তারিখ হইতে শুরু হইয়াছে) ৩১শে জানুয়ারি, ১৯৭৫ পর্যন্ত লেভি বাবদ চালের হিসাব মোট সংগ্রহের পরিমাণ হইল ১,১১,২৪১ মেট্রিক টন। ইহার মধ্যে উৎপাদক লেভি বাবদ হইয়াছে ৪৪,৩০৪ মেট্রিক টন ও চালকলের উপর লেভির মাধ্যমে আদায় হইয়াছে ৬৬,৯৩৭ মেট্রিক টন। এই আদায়ের জেলাওয়ারি হিসাব হইল—

(চালের হিসাবে মেট্রিক টন)

জেলা	উৎপাদক লেভি	চালকল লেভি
১। বর্ধমান	৬,৪৩০	১৯,০৫৯
২। বীরভূম	৭,৫৪১	১৯,৪৫২
৩। বাঁকুড়া	৩,৯৭৫	৬,৮০০
৪। পুরুলিয়া	১,৩৮৭	৫০০
৫। মেদিনীপুর	৮,৬৮৬	৮,৪০৩
৬। হুগলি	৮৩৭	১০৩২
৭। হাওড়া	৩২	—
৮। ২৪-পরগনা	৮৮৬	৮০৩
৯। নদীয়া	২০২	—
১০। মুর্শিদাবাদ	২,৫৬১	১,২০৩
১১। মালদহ	২৬৯	—
১২। পশ্চিম দিনাজপুর	৪,৭২৭	৭,৬১৬
১৩। কুচবিহার	২,৪৯৭	৩৫
১৪। জলপাইগুড়ি	৩,৯৫০	১,৮৩৪
১৫। দার্জিলিং	৩১৪	২৩০
মোট	৪৪,৩০৪	৬৬,৯৩৭

ইহা ছাড়াও ৩১-১-৭৬ তারিখে চালকলগুলির কাছে তাহাদের মজুত ধানের উপর লেভি বাবদ ৩৬,২৬৪ মেট্রিক টন চাল প্রাপ্য ছিল।

(খ) চালকলগুলি কি পরিমাণ চাল ৩১-১-৭৬ তারিখ পর্যন্ত লেভি বাবদ আদায় দিয়াছে তাহার জেলাওয়ারি হিসাব (ক) অংশের উত্তরে বর্ণিত হইয়াছে। এই চাল ফুড কর্পোরেশনের মাধ্যমে কেনা হইয়াছে। সমবায় সমিতিগুলি অন্যান্য ডি পি এজেন্ট-এর মতো কাজ করে। ফুড কর্পোরেশনের কয়েকটি নিজস্ব ক্রয়কেন্দ্র আছে।

এই সব ক্রয় কেন্দ্র মারফৎ এবং এজেন্ট মারফৎ উৎপাদক লেভি বাবদ যারা ৩১-১-৭৬ তারিখ পর্যন্ত ফুড কর্পোরেশন রাজ্য সরকারের এজেন্ট হিসাবে আদায় করিয়াছেন তাহার জেলাওয়ারি হিসাব হইল।

	জেলা	ক্রয়কেন্দ্র মারফৎ		এজেন্ট মারফৎ			
				সমবায় সমিতির		অন্যান্য	
		চাল	ধান	চাল	ধান	চাল	ধান
১।	বর্ধমান	”	”	”	৭৯০	”	৮৯৫৩
২।	বীরভূম	”	”	”	১,০২১	”	১০,৪০৫
৩।	বাঁকুড়া	”	”	”	১৭৩	”	৫৮৫০
৪।	পুরুলিয়া	”	”	”	৫১	”	২০৫১
৫।	মেদিনীপুর	”	১৩০	”	৮৯৬	”	১২,১৩৪
৬।	হুগলি	”	”	”	১৫৯	”	১১০৯
৭।	হাওড়া	”	”	”	—	”	৪৯
৮।	২৪-পরগনা	”	২৪	”	৪৭	১	১২৭১
৯।	নদীয়া	”	”	”	৯৬	”	২১০
১০।	মুর্শিদাবাদ	”	”	”	৩০৫	”	৩৫৭৫
১১।	মালদহ	”	”	”	৫	”	৪০২
১২।	পশ্চিমদিনাজপুর	”	”	”	২৮০	”	৬৮৮২
১৩।	কুচবিহার	”	”	”	৭৮	”	৩৭০৫
১৪।	জলপাইগুড়ি	”	”	”	৫৪৯	”	৫৪৩১
১৫।	দার্জিলিং	”	”	”	১	”	৪৭৪
		—	১৫৪	—	৪,৪৭১	১	৬২,৫০১

(গ) গত বৎসর অর্থাৎ ১৯৭৪-৭৫ খরিফ বৎসরে উৎপাদকের উপর ধার্য লেভি আদায় দিবার শেষ দিন প্রথমে নির্দিষ্ট করা হইয়াছিল ৩১-১-৭৫ তারিখে, পরে উহা ২৬-২-৭৫ তারিখ পর্যন্ত পিছাইয়া দেওয়া হইয়াছে।

বর্তমান খরিফ বৎসরে উৎপাদক লেভি আদায় দিবার শেষ দিন ধার্য হইয়াছে ২৯-২-৭৬ তারিখ। শেষ দিন উত্তীর্ণ না হইলে অথবা আপিল ইত্যাদি বিবেচনাধীন থাকিলে লেভি আদায় না দেওয়া দন্ডনীয় অপরাধ নহে। অতএব কোন কোন ব্যক্তি ১৯৭৫ এবং ১৯৭৬ সালের জানুয়ারি মধ্যে লেভি আদায় দেন নাই তাহার

হিসাব খাদ্য ও সরবরাহ বিভাগ সংগ্রহ করেন নাই।

১৯৭৪-৭৫ খরিফ বৎসরে মোট ২,২৭,২৮৯ জন উৎপাদকের নাম চূড়ান্ত লেভি আদায় তালিকায় ছিল। গত বৎসর মে মাসে যে তথ্য সংগ্রহ করা হয়, তাহাতে দেখা যায় বিভিন্ন জেলায় মোট ৫৬,৮১৬ জন উৎপাদক আংশিকভাবে ধার্য লেভি দিয়েছেন এবং মোট ৩৪,১৪৯ জন তাহাদের ধার্য লেভি একেবারেই দেন নাই। ইহাদের মধ্যে কিছু সংখ্যক উৎপাদক লেভি আদেশের বিরুদ্ধে মামলা দায়ের করেন এবং কোর্টের অন্তর্বর্তী স্থগিত আদেশ পান।

Mr. Speaker : Mr. Ghosh, I find that the answer is a lengthy one covering three pages. I think the honourable member has seen the answer on the Table and he may now put his supplementaries.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি চলতি বছরে আমাদের সংগ্রহের টার্গেট কত?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : ৩ লক্ষ মেট্রিক টন কমপক্ষে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি কত বরাদ্দ চালকলগুলির উপর আছে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : বরাদ্দ হিসাবে কোনও কিছু ধরা হয়নি, তবে চালকল থেকে একটা বড় অংশ পাব এটুকু বলা যায়।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি তিনি তার লক্ষ্যমাত্রায় পৌছাবেন কিনা?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : নিশ্চয়ই পৌছাব। এখন পর্যন্ত টোটাল ফিগার যেটা পাওয়া গেছে ২০শে ফেব্রুয়ারি পর্যন্ত সেটা হচ্ছে ২ লক্ষ ১১ হাজার মেট্রিক টন।

শ্রী সত্যরঞ্জন বাপুলি : কো-অপারেটিভ রাইস মিল এফ সি আইকে ফিফটি পারসেন্ট দেবে এবং সরকারকে ফিফটি পারসেন্ট দেবে এই নিয়ম আছে। কিন্তু মন্ত্রী মহাশয় জানেন কি, যেহেতু কো-অপারেটিভ রাইস মিল অসৎ উপায় অবলম্বন করে না সেহেতু এফ সি আই-র অফিসাররা তাদের বিপদে ফেলছে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এ রকম কোনও রিপোর্ট নেই।

শ্রী গণেশচন্দ্র হাটুই : মন্ত্রী মহাশয় জানেন কি, সমবায় সমিতিগুলির ডি পি এজেন্ট আছে, কিন্তু অধিকাংশ সমবায় সমিতি লেভির ধান কিনতে রাজি না হওয়ায় অসুবিধা হচ্ছে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এ রকম কোনও রিপোর্ট নেই।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : মন্ত্রী মহাশয়, জানেন কি যেসব জায়গায় ধার্য লেভি আদায় হয়নি সেসব জায়গায় স্বেচ্ছামূলক লেভি আদায়ের নামে একটা উৎপীড়ন চলছে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এ রকম কোনও তথ্য সরকারের কাছে নেই।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : যদি এরকম কোনও তথ্য সরকারের কাছে গিয়ে পৌঁছায় তাহলে মন্ত্রী মহাশয় তার প্রতি নজর দেবেন কি?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এ রকম তথ্য পেলে সরকার নিশ্চয়ই সুবিচার করবেন।

শ্রী শরৎচন্দ্র দাস : এটা কি সত্য যে, মিল মালিকদের ফিফটি পারসেন্ট লেভি দেবার পর বাকি ফিফটি পারসেন্ট তাদের অবাধে বিক্রি করবার অধিকার দেওয়া হয়েছে অথচ চাষীদের লেভি পরিশোধ করবার পর যদি তাদের উদ্বৃত্ত থাকে তাহলে তাদের সেটা বিক্রি করবার অধিকার দেওয়া হয়না এবং তার ফলে তাদের অসুবিধা হচ্ছে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এ রকম কোনও আবেদনপত্র যদি সরকারের কাছে এসে পৌঁছায় তাহলে সরকার নিশ্চয়ই সুবিচার করবেন।

শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী : মন্ত্রী মহাশয় জানেন কি, অনেক এলাকাতে ডি পি এজেন্ট না থাকার জন্য লেভির ধান দিতে অসুবিধা হচ্ছে? আমার প্রশ্ন হচ্ছে এ সম্বন্ধে সরকারের বিকল্প ব্যবস্থা কিছু হয়েছে কি?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : যাতে ডি পি এজেন্ট সব জায়গাতে থাকে সেইজন্য আমি বারবার সব মিটিং-এ নিজে গিয়ে বলেছি। এই ব্যাপারে ডি এম-দের কাছে চিঠি গেছে এবং বিভিন্ন জেলার এম এল এ-দের কাছে অনুরোধ গেছে যদি এ রকম অসুবিধা দেখা দেয় তাহলে তারা সেটা ফুড মিনিস্টারের কাছে জানাবে।

শ্রী মহম্মদ সফিউল্লা : মন্ত্রী মহাশয় জানাবেন কি, গত বছর সরকারি নির্ধারিত দামের নিচে যেসব জায়গায় ধানের দাম নেমে গিয়েছিল সেইসব জায়গায় থেকে ধান চাল সংগ্রহ করা হয়েছে কিনা?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এ রকম খবর আমি পেয়েছিলাম এবং সঙ্গে সঙ্গে ডি এম-এর কাছে লোক পাঠাবার নির্দেশ দিয়েছিলাম। কিন্তু আমাদের নির্ধারিত দামের তলায় বিক্রি হচ্ছে এ রকম রিপোর্ট তিনি দেননি।

শ্রী শীশ মহম্মদ : ১৯৭৩ সালে যখন লেভি ধরা হল তখন সেই লেভি আদায় বন্ধ করবার জন্য সঙ্গে সঙ্গে হাইকোর্ট থেকে ইনজাংশন জারি করা হল। ১৯৭৪-৭৫ সালেও এ রকম ঘটনা ঘটল। লেভি দেবার যোগ্য লোক অথচ ইনজাংশনের সুযোগ নিয়ে লেভি দিচ্ছেনা এবং রাজ্য সরকারকে ফাঁকি দিচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে লেভি আদায়ের ব্যাপারে তারা যাতে ইনজাংশন জারি করবার সুযোগ না পায় তার জন্য সরকার কোনও ব্যবস্থা অবলম্বন করবেন কি?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এটা আমার বিষয়ের বাইরে। তবে আমি জানি এটা নিয়ে কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই চিন্তা করছেন।

National Programme for use of underground water

*12. (Admitted question No. *56.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the steps taken for implementation of the National Programme for use of underground water in the State; and

(b) the area proposed to be brought under irrigation in West Bengal under the programme?

[1-10 — 1-20 p.m.]

Shri Abdus Sattar :

(a) An accelerated food production programme has been undertaken in this State to sink inter alia, 625 dug wells, 4166 shallow tubewells with pumpsets and 700 deep-tubewells during the current financial year.

(b) 55,900 acres.

শ্রী রজনীকান্ত দলুই : মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন অ্যাকসিলারেটেড ফুড প্রোডাকশন প্রোগ্রামে ৬২৫টা ডাগওয়েল, ১৬৬টা স্যালো টিউবওয়েল এবং ২৫টি ডিপ টিউবওয়েল করা হয়েছে কারেন্ট ফাইনান্সিয়াল ইয়ারে আমার প্রশ্ন মেদিনীপুর জেলাতে কতগুলি ডাগওয়েল, কতগুলি ডিপ টিউবওয়েল কতগুলি স্যালো টিউবওয়েল করা হয়েছে জানাবেন কি?

শ্রী আব্দুস সাত্তার : আপনার প্রশ্ন ছিল ফর ইউজ অব অন্ডারগ্রাউন্ড ওয়াটার, তবুও আমি জানাচ্ছি মেদিনীপুরে ডিপ টিউবওয়েল হয়েছে ২০টা আউট অব ৭০, ৫০ ফ্রম দি রিভাইজড করেছি, ৫টা বাড়িয়েছি, স্যালো টিউবওয়ল মেদিনীপুর ইস্টে ৪০০ আর ওয়েস্টে ২০০, আর ডাগওয়েল মেদিনীপুরের ওয়েস্টে—নীল আর ইস্টে ১৫০।

শ্রী রজনীকান্ত দলুই : সার্ফেস ওয়াটার প্রোগ্রামে টোটালি পশ্চিমবঙ্গে কত স্যালো টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েল দিয়েছেন এই ফিনান্সিয়াল ইয়ারে?

শ্রী আব্দুস সাত্তার : টোটাল হচ্ছে ৫০০ আর ডাগওয়েল ৬২৫, স্যালো টিউবওয়েল ৪১৬৬—সো ফার ইরিগেশন ইজ কনসার্নড আর এক্সপেকটেড স্যালো টিউবওয়েল ৯০০০ ধরে, অনেক জায়গায় ৭,৫০০ টাকায় হচ্ছে, আমাদের এক্স স্যালো টিউবওয়েল ৪৮০০-র মতো এবং আমরা এক্সপেকটেড অ্যাচিভমেন্ট বাই মার্চ টু বি কমপ্লিটেড ৪৮০০।

শ্রী রজনীকান্ত দলুই : আগামী আর্থিক বছরে এই ধরনের প্রোগ্রামের কথা চিন্তা করছেন কি?

শ্রী আব্দুস সাত্তার : আগামী বছরে অ্যাকসিলারেটেড ফুড প্রোডাকশন প্রোগ্রামে কি হবে না হবে এখনও কিছু ঠিক করা হয়নি।

শ্রী গণেশচন্দ্র হাটুই : এই অ্যাকসিলারেটেড ফুড প্রোগ্রাম অনুযায়ী ৫০টি ডিপ টিউবওয়েল অনুমোদন করেছেন। এই ৫০টির মধ্যে ২০ টি মেদিনীপুরে দিয়েছেন, অবশিষ্ট যেগুলি আছে তা কোন জেলায় কত দিয়েছেন? হুগলি জেলায় কয়টি দিয়েছেন মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি?

শ্রী আব্দুস সাত্তার : হুগলি জেলায় কোন ডিপ টিউবওয়েল দেওয়া হয়নি।

শ্রী গণেশচন্দ্র হাটুই : না দেওয়ার কারণ কি?

শ্রী আব্দুস সাত্তার : কারণ এমন কিছু নেই, সিচুয়েশন, এরিয়া ইত্যাদি সব বিচার বিবেচনা করে দেওয়া হয়।

শ্রী ভবানীপ্রসাদ সিংহরায় : গ্রাউন্ডওয়াটার ডিপোজিশন আছে কিনা তার সার্ভে কি হয়েছে?

শ্রী আব্দুস সাত্তার : সার্ভে আগেই হয়ে গিয়েছে, তবুও আবার নতুন করে আরম্ভ করেছি।

শ্রী ভবানীপ্রসাদ সিংহরায় : এই ব্যাপারে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড থেকে কোনও সাহায্য নেওয়া হয়েছে কিনা?

Mr. Speaker : That does not arise out of this question you have completely deviated from the orginal question.

শ্রী ভবানীপ্রসাদ সিংহরায় : স্যার, এখানে বলা আছে the steps taken for implementation of the National Programme for use of underground water in the state. এবারের ক্যাপিটাল ও অ্যানুয়াল নাম্বার, ১৯৭৫ তাতে হোল ইন্ডিয়ার গ্রাউন্ড ওয়াটার কি আছে না আছে তার বিস্তৃত বিবরণ আছে। আমাদের একটা অভিযোগ হচ্ছে পার্টিকুলারলি স্যালো টিউবওয়েলের ক্ষেত্রে গ্রাউন্ড ওয়াটার মাটির তলায় যদি না থাকে তাহলে সেখানে স্যালো টিউবওয়েল পুঁতে কোনও কাজ হবে না। আমাদের জেলায় এই রকম কনফিউশন হয়েছে। তাই আমি জানতে চাই মন্ত্রী মহাশয়ের কাছ থেকে যে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড-এর কোনও অ্যাসিস্ট্যান্স নিয়েছেন কিনা, সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড যে সার্ভে করেছে সেই সার্ভে আপ টু ডেট হয়েছে কিনা, এবং সেই সার্ভে অনুযায়ী স্টেট গভর্নমেন্ট চলছেন কিনা?

শ্রী আব্দুস সাত্তার ঃ নোটিশ দেবেন।

শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে ঃ স্যার, এখানে কাজ করতে গিয়ে নানা অসুবিধায় পড়তে হয়। সরকার থেকে ডিস্ট্রিক্ট অফিসারদের নির্দেশ দেওয়া হয়েছে যে ইলেক্ট্রিসিটি অ্যাভেলেবেল না হলে এটা করতে পারছেন না। তাহলে ইরিগেশনের যেখানে নেসেসিটি আছে সেখানে অ্যাভেলেবিলিটি অব ইলেক্ট্রিসিটির জন্য কাজ হচ্ছে না?

শ্রী আব্দুস সাত্তার ঃ আমরা যে সমস্ত স্যালো টিউবওয়েল করছি মোটামুটি আমাদের ডাইরেকশন দেওয়া আছে যে যেখানে রুরাল ইলেক্ট্রিফিকেশন স্কীম নেওয়া হয়েছে সেই মৌজার মধ্যে যদি হয় তাহলে কানেকশন দেওয়া হবে এবং তা সাড়ে সাতশো ফুটের মধ্যে হওয়া উচিত। তবে আমরা কিছু স্যালো টিউবওয়েল একজাক্ট নাম্বার বলতে পারছি না, নট একসিডিং সেভেন হান্ড্রেড কিন্তু আর ই র বাইরে কানেকশন দিতে গেলে এক একটি স্যালো টিউবওয়েলে ৬ হাজার টাকা করে লাগে।

মিঃ স্পিকার ঃ হাউস জানতে চাচ্ছে আর ই এস এবং আর ই সি-তে বিভিন্ন এলাকায় কি ভিত্তিতে করা হচ্ছে। কারণ এখানে অভিযোগ উঠেছে অনেক এলাকায় অনেক ব্লকে আর ই সি মাত্র দুটি হয়েছে ইরিগেশন ফেসিলিটি থাকা সত্ত্বেও আবার কোনও কোনও জায়গায় ৫০টি মৌজায়ই করা হয়েছে। এই স্কীমের মধ্যে সমতা আনার জন্য কি করা হচ্ছে?

শ্রী আব্দুস সাত্তার ঃ মাননীয় স্পিকার মহাশয়, এই স্কীম নেবার আগে আর ই কোন কোন এলাকায় হবে সেটা স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডকে পাঠিয়েছিলাম। এ ব্যাপারটা আমার জুরিসডিকশনের বাইরে। আমরা যেটা করেছি তাতে আর. ই না হলে খরচ অত্যন্ত বেশি হবে এবং প্রতি স্কীমে ৬ হাজার টাকা খরচ হবে একটা স্যালো টিউবওয়েল করতে। এর উপর পাওয়ার মিনিস্টার দিতে পারেন।

[1-20 — 1-30 p.m.]

মিঃ স্পিকার ঃ আর ই স্কীমের জন্য ৭৫০ ফুটের বাইরে হলে নেওয়া হচ্ছে না, সেজন্য অনেক প্রশ্ন উঠেছে আজ সেখানে, আপনার একটা দপ্তর, আর একটা দপ্তর ইলেক্ট্রিক দপ্তর, আপনি সেই দপ্তরকে বাধ্য করুন যাতে ইরিগেশন হতে পারে। আর এক একটা ব্লক-এর কথা বলতে পারি যেমন আমার বাগদা, সেখানে স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল মাত্র তিনটি মৌজায় আছে, এ নিয়ে অনেক গ্রিভান্স আছে, এটা কিসের ভিত্তিতে হয়েছে? অনেকে বলছেন আমার কনসিটিটিউয়েন্সির দু-তিনটি মৌজায় হয়েছে, এই জিনিসটা একটু ক্লারিফাই করুন।

শ্রী শচীনন্দন সাউ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় এটা দয়া করে জানাবেন কি যে আর ই সি যে সমস্ত এলাকা আছে সেখানেও স্যালো এবং ডিপ টিউবওয়েল হয়নি, অথচ সেই এলাকা আর ই সি এলাকা বলে ডিক্লেয়ারড হয়েছে?

শ্রী আব্দুস সাত্তার ঃ সেটাতো অন্য প্রশ্নে চলে গেলেন।

মিঃ স্পিকার ঃ কিসের ভিত্তিতে এই আর ই সি মৌজা ঠিক করা হয়েছে, সেটাই মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি।

শ্রী জ্যোতির্ময় মজুমদার ঃ এটা ব্যক্তিগত স্বার্থে না রাজনৈতিক স্বার্থে নেওয়া হয়েছে জানাবেন কি?

শ্রী আব্দুস সাত্তার ঃ এই আর ই সি-এর ব্যাপার আমার নয়, আমার বিভাগের ব্যাপার নয়, কেন এই প্রশ্ন করলেন উনি বুঝতে পারছি না। আমি রাজনৈতিক স্বার্থে কি করেছি, এই প্রশ্ন উঠল কোথা থেকে?

মিঃ স্পিকার ঃ এটা আপনাকে বলেন, এটা এমনি জেনারেলভাবে বলেছেন, ডোন্ট টেক ইট সিরিয়াসলি।

শ্রী কেশব ভট্টাচার্য ঃ দু হাজার ফিট পর্যন্ত হয়েছে, যখন চিঠি এল তখন জানা গেল ৭৫০ ফুট পর্যন্ত হয়েছে। এইবার কিন্তু মন্ত্রী এলাকায় ছিলন না, সেখানে কাজ হয়ে গেছে।

শ্রী আব্দুস সাত্তার ঃ উনি না জেনেই এ কথা বলছেন, যেহেতু আমি মুর্শিদাবাদ থেকে আসছি, মুর্শিদাবাদের কোনও এলাকা আর ই-এর বাইরে নেই, আর ই-এর বাইরের এলাকায় যাইনি, জলপাইগুড়ি, কুচবিহার কোথাও আর ই-এর বাইরে নেই, না জেনেশুনে তিনি বলছেন, আপনি আমার দপ্তরে আসুন দেখুন, প্রত্যেক জায়গায় হিসাব নিয়ে কোথায় কি হয়েছে। যেখানে সম্ভব হয়েছে সেখানেই আমরা দিচ্ছি, ২৪ পরগনায় নিজে মিটিং করেছি ৭৫০ ফিটের মধ্যে হবে, আর ই-এর মধ্যে নেই অথচ কি করে নেওয়া যায় সেটা আমরা চেষ্টা করছি, পাওয়ার মিনিস্টারের সঙ্গে কথা বলেছি। নদীয়া, মুর্শিদাবাদ, মালদার কোথাও আর ই-এর বাইরে হয়নি। তিনি না জেনেই বলেছেন যে আর ই-এর বাইরে নেওয়া হয়েছে।

মিঃ স্পিকার ঃ মন্ত্রী মহাশয় এ জিনিসটা একটু ক্লারিফাই করুন। Please don't make mess of it. এই আর ই হয়েছে যেখানে ডিপ টিউবওয়েল যেখানে থেকে সাড়ে সাতশো ফুট দূরত্বের মধ্যে না হলে। যেখানে কোনও ডিপ টিউবওয়েল হবে না। এই যে রুলস আপনাদের রয়েছে এটা কবে থেকে ইমপ্লিমেন্টেড হচ্ছে?

শ্রী এ বি এ গনিখান চৌধুরি ঃ এই আ... ...ন এইটুকু বলা চলে Cardinal principle of R. E. is whether in that area there is agricultural prospect or not including deep tubewell, shallow tubewell etc. এখন যদি agricultural prospect না থাকে তাহলে আর ই থেকে স্যাংশন হয় না। ওরা মোটামুটি একটি আন্ডার গ্রাউন্ড সার্ভে করে—জিনিসটা স্যাংশন করে। আমরা ২০টা ডিপ টিউবওয়েল দেব, ৫০টা স্যালো টিউবওয়েল দেব and so on so forth—সেইভাবে এই আর ই কাজ হয়। এই আর ই প্রিন্সিপল হচ্ছে গ্রামের ইলেক্ট্রিসিটি নিয়ে যেতে হবে। এর আসল কথা ফান্ডামেন্টাল

কথা হল—যেখানে কোনও এগ্রিকালচারাল প্রসপেক্ট আছে কি না? দ্যাটস অল।

মিঃ স্পিকার : এই যে আর ই সাড়ে সাতশো ফুটের বাইরে যদি থাকে, তাহলে সেখানে ডিপ টিউবওয়েল হবে না। from the high tension line এই রুলস বা পলিসি কবে থেকে চালু হয়েছে—অ্যাকসেপ্টেড হয়েছে?

শ্রী এ বি এ গনিখান চৌধুরি : বর্তমানে প্ল্যান বা পলিসি যেটা, আমাদের নন-প্ল্যান ফান্ডে টাকা নাই। এই আর ই কাজ করতে হলে টাকার প্রয়োজন। এই টাকা আমরা রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন কর্পোরেশন থেকে পাই নতুন যেখানে যেখানে আর ই কাজ হবে। এই আর ই কর্পোরেশন যেখানে যেখানে স্কীম অ্যাপয়েন্টেড করছে, আমরা সেখানে সেখানে এটা নিয়ে যাচ্ছি। মিঃ স্পিকার স্যার, অ্যাজ ইউ নো আমরা বর্তমান ফাইনান্সিয়াল ইয়ারে আর ই কর্পোরেশন থেকে এরজন্য ৮ কোটি টাকা পেয়েছিলাম।

মিঃ স্পিকার : আপনাদের এই রুলস কবে থেকে ইমপ্লিমেন্টেড হল যে সাড়ে সাতশো ফুটের মধ্যে না হলে হবে না?

শ্রী এ বি এ গনিখান চৌধুরি : ঐ নন-প্ল্যান ফান্ডের টাকা তারা বন্ধ করে দিয়েছে সামটাইমস ইন ১৯৭৩।

মিঃ স্পিকার : এর আগে ১৯৭৩ সালে যেখানে ইলেক্ট্রিক হাই টেনশন লাইন ছিল না, যেখানে ঐ পয়েন্ট তেকে ৩ বা ৪ মাইল দূরে ডিপ টিউবওয়েল হয়েছে। আমরা জানি। যেমন ধরুন উত্তর ২৪ পরগনা সেখানে স্যালো টিউবওয়েল এর অনেক স্কোপ আছে, যেখানে আর ই-র মধ্যে কোন কোন ব্লকের মাত্র ৩/৪টা মৌজা পড়েছে, অথচ আর ই-এর সুযোগ থাকা সত্ত্বেও অন্যান্য মৌজা সেই ইরিগেশনের আন্ডারগ্রাউন্ড ওয়াটার তারা ইউজ করতে পারছে না। এনিয়ে সেখানে দারুণ বিক্ষোভ।

শ্রী এ বি এ গনিখান চৌধুরি : that is not a Correct thing. কোনও একটি গ্রামে ৪টা কি ৫টা পোল গিয়েছে—সেটা বড় কথা নয়। যদি ৪/৫টা পোল সেখানে গিয়ে থাকে, যেটা আর ই এরিয়া মধ্যে যদি থাকে, তাহলে যতগুলি স্যালো টিউবওয়েল দরকার। সেখানে সেখানে লাইন আমরা নিয়ে যাব। There is no problem. It depends on the Co-ordination of two departments of agricultural and the department of power & এটা এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট ডিসাইড করে, ওরা কোথায় কোথায় স্যালো টিউবওয়েল দেবে, আমাদের কাছ থেকে ভেটিং করে নেয় মাত্র। যেটা আর ই এলাকা যেখানে স্যালো টিউবওয়েল হয়। আমরা নিশ্চয়ই পাওয়ার সেখানে দেব—where there is no difficulty.

শ্রী জ্যোতির্ময় মজুমদার : আমি স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি—তিনি জানাবেন কি এই রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের মূল উদ্দেশ্য কি এবং সেই উদ্দেশ্যে গ্রামাঞ্চলে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন হচ্ছে কিনা?

(নো রিপ্লাই)

কেন্দ্রীয় সরকার কর্তৃক খাদ্যশস্য সরবরাহ

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩) **শ্রী নরেশচন্দ্র চাকী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৫ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে কোন কোন খাদ্যশস্য কত পরিমাণ সরবরাহ করেছেন ; এবং

(খ) উক্ত সময়ের মধ্যে কেন্দ্রের কাছে এই রাজ্যের চাহিদার পরিমাণ কত ছিল?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ

(ক) এবং (খ) ১৯৭৫ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত রাজ্য সরকার কেন্দ্রের নিকট যে পরিমাণ খাদ্যশস্য চাহিয়াছিলেন এবং কেন্দ্র সরকার যে পরিমাণ বরাদ্দ ও সরবরাহ করিয়াছিলেন, তাহা হইল ঃ—

১। রাজ্য সরকারের চাহিদার পরিমাণ	
চাল	২,৬৪,০০০ টন
গম	১৪,৯৩,০০০ টন
মোটা দানাশস্য	১০,০০০ টন
২। কেন্দ্রের বরাদ্দের পরিমাণ	
চাল	২,০০,০০০ টন
গম	
সরকারি বণ্টন ব্যবস্থার জন্য	৯,২৬,০০০ টন
ময়দা কলের জন্য	২,৫৫,৯২০ টন
মোটা দানাশস্য	১২,০০০ টন
৩। কেন্দ্রের প্রকৃত সরবরাহের পরিমাণ	
চাল	১,৮১,৭০০ টন
গম	
সরকারি বণ্টন ব্যবস্থার জন্য	৮,৩৪,৯০০ টন
ময়দা কল যাহা তুলিয়াছেন	২,০৯,৯৯৮ টন
মোটা দানাশস্য	১০,০০০ টন

[1-30 — 1-40 p.m.]

শ্রী নরেশচন্দ্র চাকী : মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি স্ট্যাটাটুরি রেশনে আমা মোট কত চাল এবং গম লাগে, চা বাগানে কত লাগে এবং মডিফায়েড রেশনে কত লা

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এটার সঠিক কোনও উত্তর দেওয়া যায় না। কারণ বে বিভিন্ন সময়ে বিভিন্নভাবে স্যাংশন করেন এবং তার স্যাংশনের উপর এটা নির্ভর করতে হ যেমন আজকে কেন্দ্র ২০ হাজার টন চাল দিচ্ছে এবং এটা হওয়ার ফলে স্ট্যাটুটরি রেশ এরিয়াতে ৫শো গ্রাম করে দিতে পারছি। আমাদের ৯৫ হাজার টন করে গম দিচ্ছে, যারফ আমরা স্ট্যাটুটরি রেশনিং-এ করে গম দিতে পারছি। আপনি যদি কোনও সময়েও ব বলেন এবং নোটিশ দেন তাহলে এর উত্তর দিতে পারি।

শ্রী নরেশচন্দ্র চাকী : স্ট্যাটুটরি রেশনিং এরিয়াকে কভার করতে কত চাল এবং প্রয়োজন?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : প্রশ্ন তো তা নেই। প্রশ্ন আছে রাজ্য সরকার কি চেয়েছে তার উত্তর দিয়েছি, প্রশ্ন আছে, কেন্দ্রীয় সরকার আমাদের কাছে কতটা পাঠিয়েছেন তার উত্তর দিয়েছি।

শ্রী নরেশচন্দ্র চাকী : আমার সাপ্লিমেন্টারি প্রশ্ন হচ্ছে, স্ট্যাটুটরি রেশনিং এরিয়ার জ আপনি চাইলেন কম দিল। এই কম দেওয়ার কারণ কি? স্ট্যাটুটরি রেশনিংয়ের ব্যাপা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে, কেন কেন্দ্র বাকিটা দেবে না? সেটা পাবার ব্যাপারে কি ি ব্যবস্থা করেছেন?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : কেন্দ্রীয় সরকার এইটুকু ব্যবস্থা নেবে যে স্ট্যাটুটরি রেশনি এরিয়াতে তারা যা দিতে বলবে সেইটা দেবে। তার কম দিলে চেঁচাতে পারি। কিন্তু কোন কোনও সময় কেন্দ্রীয় সরকার বলেন ৫ শো গ্রাম করে চাল দিতে। তাই দেওয়া হয়। কি সর্বমোট ২ হাজার গ্রাম দেন। কোনও সময় সব মিলিয়ে ১৭৫০ দেন, কোনও সময় ১৫০ দিতে বলেন। আজকের দিনে আমরা ২ হাজার গ্রাম দিতে পারছি।

শ্রী নিরঞ্জন ডিহিদার : যদিও এই প্রশ্নের সঙ্গে এটা ঘনিষ্ঠভাবে জড়িত নয়, তবু এই প্রশ্নটা রাখছি। কয়লাখনি কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করেছেন কয়লাখনি অঞ্চলগুলি স্ট্যাটুটরি রেশনিংয়ের আওতায় পড়ে না। কিন্তু সেগুলি অধিগ্রহণের ফলে সেখানে খাওয়াবা দায়িত্ব বর্তেছে। এই রকম অবস্থায় স্ট্যাটাটুরি রেশনিং এলাকায় এগুলোকে অন্তর্ভুক্ত করা জন্য আপনি চেষ্টা করেছেন কিনা এবং না করলে করবেন কিনা এবং কেন্দ্রীয় সরকারে এই ব্যাপারে দায়িত্ব নেবার জন্য আপনি চেষ্টা করছেন কিনা?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি খুব পার্টিনেন্ট কোয়েশ্চেন করেছেন আমার মতে আমরা এটা সম্বন্ধে খুব সজাগ আছি। শুধু কেন্দ্রীয় সরকারের কাছে এ

কয়লাখনির যারা কর্মী তারা যাতে স্ট্যাটুটরি রেশনিং-এর আওতায় আসে এবং তাদের জন্য আলাদাভাবে যাতে স্যাংশন দেওয়া হয় এই কথা শুধু চিঠি দিয়ে নয়, আমি যদি ২০ বার দিল্লি গিয়ে থাকি তার মধ্যে ১০ বার মন্ত্রীর সঙ্গে দেখা করে বোঝাবার চেষ্টা করেছি। কেন্দ্রীয় মন্ত্রী কলকাতায় এসেছেন আমাদের পুরো ক্যাবিনেটের সামনে মিট করেছেন। সেখানে আমি খাদ্যমন্ত্রী হিসাবে যেকথা সদস্যরা উল্লেখ করলেন, সেই কথা বার বার উল্লেখ করেছি। তিনি বলেছেন পয়সা দিতে পারব, কিন্তু চাল দিতে আমি পারছি না।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি রেশনে চাল এবং গম দেবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ ছাড়া অন্যান্য প্রদেশ থেকে চাল এবং গম কেনা হচ্ছে কিনা বা সরবরাহ করা হচ্ছে কিনা?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : আজকে যে নীতি ঘোষণা হয়েছিল তাতে এগ্রিকালচার মিনিস্টার জানিয়েছিলেন যে কেন্দ্র থেকে যে চাল বা গম দেওয়া হবে তাছাড়া এক ফোঁটা চাল বা গম আমরা কোনও প্রদেশ থেকে কিনতে পারব না। সম্প্রতিকালে কেন্দ্রীয় মন্ত্রী তিনি আমাকে জানিয়েছেন যে হরিয়ানা বা পঞ্জাব থেকে, ইউ পি থেকে আমরা কিছু চাল কিনতে পারব এবং এই চাল কেনার জন্য আমাদের অফিসার চলে গেছেন সেখানে থেকে স্যামপেল পাঠিয়েছিলেন। আমি আবার মন্ত্রিসভার কাছে এবং বিশেষ করে মুখ্যমন্ত্রীর কাছে এই সম্বন্ধে জানিয়েছি যে আমরা কিনব কি কিনব না দরের সঙ্গে আমাদের ঠিক মিলছে না।

দুবরাজপুর জলসরবরাহ প্রকল্প

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪২০) **শ্রী শচীনন্দন সাউ :** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার দুবরাজপুর জল সরবরাহ প্রকল্পের কাজ কোন সময়ে আরম্ভ হইয়াছে ;

(খ) বর্তমানে ইহা কী অবস্থায় আছে ; এবং

(গ) উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী আব্দুস সাত্তার :

(ক) ১৯৭৩ সালের এপ্রিল মাসে।

(খ) নদীগর্ভের নলকূপগুলি যা থেকে জল সরবরাহ করা হবে এখনও বসানো হয়নি। ফলে, নলকূপ থেকে উচ্চ জলাধারে জল নিয়ে যাবার জন্য রাইজিং মেন (Rising Main) পাতা এখনও বাকি আছে। উপরোক্ত কাজ ছাড়া আর সব কাজ শেষ হয়েছে।

(গ) ১৯৭৬ সালের জুলাই মাস নাগাদ

খাদ্য সংগ্রহ

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫) **শ্রী নরেশচন্দ্র চাকী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে খাদ্য বৎসরে (১) খাদ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা কত নির্দিষ্ট হইয়াছে ও (২) ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত কত পরিমাণ খাদ্যশস্য সংগৃহীত হইয়াছে ; এবং

(খ) লক্ষ্যমাত্রায় পৌঁছানোর জন্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ

(ক) (১) চালের হিসাবে তিন লক্ষ টন।

(২) চালের হিসাবে এক লক্ষ পঁচাশি হাজার ছয় শত চার টন। প্রসঙ্গত বলা যায় যে গত বৎসর এই দিনে মোট সংগ্রহ পরিমাণ ছিল ১,৫৪,৮৩৬ টন। অর্থাৎ বৎসরে অপেক্ষা ৩০,৭৭৮ টন কম।

(খ) লক্ষ্যমাত্রায় পৌঁছানোর জন্য যে যে ব্যবস্থাগুলি নেওয়া হইয়াছে সেইগুলি হইল ঃ—

(১) চালকলগুলির নিজস্ব ধান হইতে উৎপন্ন চালের উপর শতকরা ৫০ ভাগ লেভি।

(২) সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একরের বেশি জোতের মালিকদের উপর স্তর-ভিত্তিক লেভি।

(৩) ফুড কর্পোরেশনের ডি পি এজেন্ট এবং নিজস্ব ক্রয়কেন্দ্র মারফৎ খোলা বাজার হইতে স্বেচ্ছায় সংগ্রহ মূল্যে বিক্রিত ধান ও চাল ক্রয়। এবং

(৪) উদ্বৃত্ত ধান ও চাল রিকুইজিশনিং আইনের বলে অধিগ্রহণ। .

(৫) উদ্বৃত্ত জেলা এলাকাগুলি কর্ডন করা।

[1-40 — 1-50 p.m.]

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ গতবারে লেভির যে টার্গেট ছিল তার অনেক কম কালেকশন হয়েছিল। এবারে প্রোডাকশন বেশি হওয়া সত্ত্বেও গতবারের চেয়ে টার্গেট কম কেন এবং হারভেস্টিং পিরিয়ড শেষ হয়ে যাবার পরেও এই যে বলছেন এ অবধি এক লক্ষ কত হাজার টন কালেকশন হয়েছে, এত কম কালেকশন হবার কারণ কি?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : প্রথমত বলি, গত তিন বছরে ৫ লক্ষ এক হাজার টন বা ৫ লক্ষ টন লক্ষ্যমাত্রা ধার্য হওয়া সত্ত্বেও দেখা গিয়েছিল ১ লক্ষ ৬৮ হাজার টন এবং পরবর্তীকালে ২ লক্ষ ২৪ হাজার টন আদায় হয়েছিল। তাই প্রাগমেটিক হবার জন্য এবারে আমরা ৩ লক্ষ টন ধরেছি। যদিও আমরা আশা করি ৩ লক্ষ টনের অনেক উপরে যাব। ২০শে ফেব্রুয়ারি পর্যন্ত আমরা ২ লক্ষ ১০ হাজার টন ইন টার্মস অলরেডি প্রকিওর করেছি। প্রোডিউসারস লেভি যেখানে ২ লক্ষ ২৩ হাজার টন তার ৯৮ পারসেন্ট উঠবে বলে আমরা ধরেছি। সেটার মাত্র ৪৭.১ এখন পর্যন্ত হয়েছে। ফেব্রুয়ারি মাসের শেষে বা মার্চ মাসের ১৫ তারিখের মধ্যে আমার ধারণা আমরা লক্ষ্যমাত্রায় পৌঁছাব বা লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাব।

শ্রী নরেশচন্দ্র চাকী : ঘাটতি জেলাগুলিতে যে প্রোকিওরমেন্ট টার্গেট করা হয়েছিল তা পূর্ণ হলেও বাড়তি জেলাগুলির জন্য যে টার্গেট ঠিক করা হয়েছিল তা থেকে তারা অনেক নিচে আছে, এ খবর সত্য কি?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মহাশয় যে প্রশ্ন করেছেন তার উত্তরে আমি বলতে চাই যে, বর্ধমানে আমরা অলরেডি ৫৪.৫ পারসেন্ট পৌঁছে গিয়েছি, বীরভূমে ৬২.১, বাঁকুড়াতে ৫২.১, পুরুলিয়াতে ৭৮.৫ এবং মেদিনীপুরে ৫৩.১ পারসেন্টে পৌঁছে গিয়েছি। তাছাড়া নদীয়া, কুচবিহার এবং দার্জিলিং জেলার কথা যদি উল্লেখ করার সুযোগ পাই তাহলে বলব সেখানে সেন্ট পারসেন্টে আমরা এর মধ্যে পৌঁছে গিয়েছি।

শ্রী নরেশচন্দ্র চাকী : তাহলে দেখা যাচ্ছে নদীয়া প্রভৃতি ঘাটতি জেলাতে টার্গেট যা ছিল তা ফুলফিল্ড হয়েছে কিন্তু বাকিগুলিতে কোথাও ৫৪ থেকে ৫৫ পারসেন্ট মাত্র হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এর কারণ কি?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে আমাদের প্রোকিওরমেন্ট প্যাটার্ন একদম পাল্টে গিয়েছে। এগ্রিকালচার ইয়ার ১লা নভেম্বর থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত। আগে আমন ধানটাই মূল ধান ছিল। ১৯৬৭ সালের দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখব বোরো ধান ২৪ হাজার টন হত, আর এবারে বোরো ধান হচ্ছে এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট-এর যেটা এক্সপেকটেড টার্গেট, যেটা তারা আমাদের জানিয়েছেন সেটা হচ্ছে ১২ লক্ষ টন, আউস ধানের এক্সপেকটেড টার্গেট হচ্ছে ১১ লক্ষ টন। তাছাড়া গমের সম্ভাবনাও ১২ লক্ষ টন। এটা সবে ফেব্রুয়ারি মাস, আমাদের ৩১শে অক্টোবর পর্যন্ত ক্যালেন্ডার ইয়ার।

শ্রী নরেশচন্দ্র চাকী : স্যার, ব্যাপারটা গুলিয়ে যাচ্ছে। মেন টার্গেট হল আমন রূপকে কেন্দ্র করে সেখানে দেখা যাচ্ছে ঘাটতি জেলার যেটা টার্গেট আমন রূপই তারা সেন্ট পারসেন্ট ফুলফিল করে দিল, কিন্তু বাকি জেলাগুলিতে হল না। আমার জিজ্ঞাসা বাকি জেলাগুলিতে কেন হল না?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় সদস্যের জ্ঞাতার্থে আবার বলছি যে ক্যালেন্ডার ইয়ারটা ফেব্রুয়ারিতে শেষ হয়ে গেছে। ক্যালেন্ডার ইয়ারটা করা হয়েছে ১লা নভেম্বর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত। দয়া করে এটা বোঝবার চেষ্টা করবেন। যতক্ষণ না ৩১শে অক্টোবর চলে যাচ্ছে তার কি ঘাটতি হল, কি হল না তা জানবার অধিকার আমাদের কারও নেই।

শ্রী নরেশচন্দ্র চাকী : আমরা ঘাটতি জেলার এম এল এরা গ্রামে গ্রামে ঘুরে চাষীদের হাতে পায়ে ধরে টার্গেট ফুলফিল করে দিয়েছি এবং তারপরে এ কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রীকে জানাচ্ছি যে আমরা ঘাটতি জেলার এম এল এরা আগামী বছর অক্টোবরকে টার্গেট রেখে সেইভাবে কালেকশন করার চেষ্টা করব। তখন যেন কোনও অভিযোগ না ওঠে এই কথা আপনার মাধ্যমে বলে রাখছি।

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার উত্তরটা দেওয়া দরকার। নদীয়ায় ১০০ পারসেন্ট হয়েছে। লেভি ধরা হয়েছে টোটাল ১ হাজার। মাননীয় সদস্যের জ্ঞাতার্থে জানাচ্ছি এটা আপনার জানা উচিত। আপনি যে ডিস্ট্রিক্ট থেকে রিপ্রেজেন্ট করেন, আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে আপনার ডিস্ট্রিক্ট থেকে আদায়ের মাত্রা হয়েছিল ১ হাজার টন এবং এক হাজার টন করে দিয়েছেন। আর বর্ধমান-এ করা হয়েছে ৮০ হাজার টন। সুতরাং বর্ধমানে যদি ৫০ পারসেন্ট হয় তাহলে আপনি এক হাজার দিলেন সেটা কি আপনি বিবেচনা করবেন না?

শ্রী আব্দুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে এবারে আমাদের যে ধান উৎপাদন হয়েছে সেটা কি গত বছর আগের বছরের তুলনায় বেশি এবং গত বছরের তুলনায় এ বছরে বেশি হবে বলে মনে করছি এবং ৪৮ লক্ষ টন গত আর্থিক বছরে হয়েছে। এবারে ৫২ লক্ষ টন হবে। এর মধ্যে আমাদের প্রোকিওরমেন্টের ব্যাপারে যে লক্ষ্যমাত্রা করা হয়েছে সেটা হচ্ছে ৩ লক্ষ টনের কিছু বেশি। মাননীয় মন্ত্রী মহাশয় কি স্থির সিদ্ধান্ত নিয়ে আছেন যে আপনি যদি ৩ লক্ষ টন চাল সংগ্রহ করতে পারেন তাহলে পশ্চিমবাংলার মানুষের সামনে সাধারণ যে দাম পশ্চিমবাংলায় তা বৃদ্ধি ঘটবে না?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যকে শুধু গত বছরের চিত্র তুলে ধরব। আপনারা এবং আমরা সকলেই জানেন যে আগস্ট, সেপ্টেম্বর এবং অক্টোবরকে লীন পিরিয়ড বলে। এই সময়ে আজকে যদি ২০ বছরের ইতিহাস দেখি তাহলে দেখব যে যখন ৪ আনা সের চালের দাম ছিল তখন ৪ আনায় এক পয়সা দাম হত। কিন্তু ১৯৭৫ সালে প্রথমে দেখা গেল যে এই লীন পিরিয়ডে চালের দাম এক টাকা পর্যন্ত ফল করেছে এবং কেন্দ্রীয় এগ্রিকালচার মিনিস্টার অকপটে আমদের এগ্রিকালচার মিনিস্টারকে এবং আমার সামনে এ কথা বলেছেন যে পশ্চিমবাংলা যে নজির দেখিয়েছে, এ নজির সারা ভারতবর্ষ দেখায়নি।

শ্রী আব্দুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার উত্তর হল না। উনি বিকল্প

উত্তর দিয়ে এড়িয়ে গেলেন। আমার প্রশ্নটা খুব ক্যাটাগোরিকালি ছিল। আমি জিজ্ঞাসা করেছিলাম যে আপনি ৩ লক্ষ টন ধার্য করেছেন। এই ৩ লক্ষ টন যদি আপনি আদায় করতে পারেন তাহলে স্বাভাবিক যে মূল্যমান বাজারে থাকা উচিত সেই মূল্যমান রাখতে পারবেন বলে মনে করেন কিনা?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ ৩ লক্ষ টন চাল যেটা আমরা সংগ্রহ করছি সেটা আমাদের পশ্চিমবাংলার দুর্গত এবং অতি গরিব দরিদ্র্যের জন্য, আর আপনার চালের সাধারণ মান নিশ্চয়ই গত বছর তার আগের বছরের তুলনায় অনেক কম।

[1-50 — 2-00 p.m.]

শ্রী মহঃ সফিউল্লা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এবারে বাম্পার ক্রপ হয়েছে এবং লক্ষ্য মাত্রা যা ধার্য করা হয়েছে, সংগ্রহ যা হচ্ছে সেটা উৎসাহজনক। আপনি কি এই হাউসকে অ্যাসিয়োরেন্স দিতে পারেন, এই সমস্ত চাল, এম আর, এবং এস আর শপের মাধ্যমে সবগুলো বিতরণ করা হবে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন সেই প্রশ্নের আমি একটু বাড়িয়ে উত্তর দেব। আমরা যবে থেকে সরকারে এসেছি একটা কথা গ্রামাঞ্চলের মানুষের কাছে বলেছি যে ডিস্ট্রিক্ট থেকে যত ধান সংগ্রহ হবে, তার যে চাল হবে সেই চালটা সম্পূর্ণভাবে বণ্টন হবে, শুধু সেই ডিস্ট্রিক্টে। শুধু যে ডিস্ট্রিক্ট ডেফিসিট ডিস্ট্রিক্ট সেখানে সারপ্লাস ডিস্ট্রিক্ট থেকে চাল এনে বণ্টন করা হবে। কিন্তু এম আর, এস আর এলাকাতে সেই চাল বণ্টন হবে না।

শ্রী রজনীকান্ত দলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি এই খবর রাখেন চালকল মালিকরা প্রচুর ধান কিনে গুদামে রেখেছে, কিন্তু এখনও সেখানে থেকে লিফট করার ব্যবস্থা হয়নি, যার ফলে তারা ধান কেনা বন্ধ করে দিয়েছে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় সদস্য যে কথা বললেন সেটা সম্পূর্ণ সত্য। আমরা এফ সি আই-এর উপর সম্পূর্ণভাবে চাপ সৃষ্টি করেছি যাতে করে এই গোডাউন খুঁজে বার করা যায় এবং যে সমস্ত চালকলগুলোর গোডাউন আজকে ভর্তি হয়ে আছে তার থেকে যাতে চাল সরিয়ে নিয়ে যাওয়া যায় তার ব্যবস্থা করা। এবং সেই ব্যবস্থা হয়ে গেছে এবং এখন চালকলগুলো ঠিক এই ধরনের কমপ্লেন করছে না।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ গত বছর ঠিক এই ধরনের কথা সাধারণ মানুষের কাছে দেওয়া হয়েছিল এবং তার জন্য সমস্ত এম এল এরা প্রকিওরমেন্টে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করেছিলেন। আমাদের এলাকার কো-অপারেটিভ রাইস মিলের ১০ হাজার টন যা সংগ্রহ হয়েছিল, তখন বলা হয়েছিল যে এই সমস্ত ধান এই এলাকাতেই দেওয়া হবে। কিন্তু দুঃখের বিষয় সেই সমস্ত ধান নিয়ে যাওয়া হয়েছে এবং সেখানকার লোকেদের দেওয়া হয়নি। এফ সি আইকে যখন বলা হল যে এই ধান তো স্থানীয় জনসাধারণের মধ্যে দেওয়া

হবে, আপনারা আপনাদের গোডাউনে নিয়ে যাচ্ছেন কেন, তখন এফ সি আই থেকে বলা হল যে এই ধরনের কোনও খবর আমাদের কাছে নেই। সুতরাং আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি, গতবারের মতো এবারেও যেন সেটা রিপিট না হয় সেই বিষয়ে যেন দৃষ্টি রাখেন।

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় সদস্যকে আমি বলব, তিনি সরকারের নিজস্ব দপ্তরের কাছে না গিয়ে এফ সি আই-এর কাছে গেছেন। তাদের কাছে যাবার কোনও দরকার হয় না। আশা করি পরিবর্তীকালে কোনও কিছু খোঁজ নেবার দরকার হলে বা এই রকম পরিস্থিতি এলে তিনি তাঁর সরকারের কাছে আসবেন।

শ্রী সত্যরঞ্জন বাপুলি : কো-অপারেটিভ রাইস মিল যে ধান কেনে সেটা এফ সি আই তাদের কাছ থেকে নিয়ে নেয়, এফ সি আই, সমস্ত রাইস মিলের ধান পার্চেজ করে। গত বছর ডি এম-এর কাছে বিষয়টা বলা হয়েছিল এই প্রকিওরমেন্টের ধানের ডিস্ট্রিবিউশনের ব্যাপারে, ফুড ডিপার্টমেন্টকে ও বলা হয়েছিল। শুধু এফ সি আইকেই বলা হয় নি As because F.C.I consume 50% of the rice mills purchases. সুতরাং সেই ক্ষেত্রে এদের দেওয়া হয়েছে। সরকারকে বলা হয়নি এই কথা ঠিক নয়। মন্ত্রী মহাশয় বোধ হয় আমার কথাটা ঠিকভাবে শোনেননি। এদের বলা হয়েছিল, কারণ এফ সি আই-এর মাধ্যমে সমস্ত ধান চাল কেনা হয়।

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এফ সি আই হচ্ছে ফুড ডিপার্টমেন্টের পার্চেজিং এজেন্ট। এফ সি আইকে ফুড ডিপার্টমেন্ট নির্দেশ দেয়, সেই নির্দেশ অনুসারে তারা বিভিন্ন জায়গায় ধান তোলে। চাল কোথায় যাবে না যাবে এটা বলার মালিক এফ সি আই-এর নয়, ফুড ডিপার্টমেন্টের।

শ্রী পুরঞ্জয় প্রামাণিক : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তার খাদ্য দপ্তরের কাজের প্রশংসা কেন্দ্রীয় সরকার করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই প্রশংসার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে কেন স্থান পেল না?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : এর উত্তর আমি দিতে পারব না।

শ্রী মহঃ দেদার বক্স : আব্দুল বারি মহাশয় মন্ত্রী মহাশয়কে যে কথা জিজ্ঞাসা করলেন যে ৩ লক্ষ টন সংগ্রহ মাত্রা যা ধার্য করা হয়েছে, তা সংগ্রহ হলে দেশের মানুষকে অ্যাসিয়োরেন্স দিতে কি তিনি পারবেন যে চাল সস্তা দরে পাওয়া যাবে। আমি বলছি ৩ লক্ষ টনের বেশি সংগ্রহ হলেও চালের মূল্য ঠিক থাকবে না। আমার মনে হয় আসল গলদ যেটা সেটা হচ্ছে উদ্বৃত্ত চাল পাচার হয়ে বাইরে চলে যায়, সেই পাচার বন্ধ করবেন কি না, এটা তিনি দেখবেন কি না, সেটা মন্ত্রী মহাশয়ের কাছে থেকে শুনতে চাই।

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবার আমি মাননীয় সদস্যের কাছে নিবেদন করব যে, মূল্য বৃদ্ধি হয়নি গত বছর মূল্য বৃদ্ধি হয়নি। গত বছর লীন পিরিয়ড

১ টাকা দাম কম ছিল, সাধারণত লীন পিরিয়ডে যে দাম হয় তার চেয়ে। সুতরাং আজকে যদি অনাবৃষ্টি বা অতিবৃষ্টি হয়ে আমাদের দেশের খাদ্যশস্যের ক্ষতি না হয় তাহলে দাম কমবে, বাড়বে না।

শ্রী কৃষ্ণপদ দুলে ঃ আমি আমাদের গ্রামাঞ্চলে দেখছি যেটা ধার্য করা হয়েছে সেই লেভিটা আদায় করার সঙ্গে সঙ্গে আবার ভলান্টারি কালেকশন চলছে, তাতে দেখা যাচ্ছে মার্জিনাল চাষী, স্মল প্রোডিউসারদের ওপর চাপ দেওয়া হচ্ছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, ব্লক অফিসার বা অন্য কাউকে এই ধরনের কালেকশনের জন্য কোনও নির্দেশ দিয়েছেন কি?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ ওনার প্রশ্নটা আমি ঠিক বুঝতে পারলাম না।

মিঃ স্পিকার ঃ ভলান্টারি কালেকশনের জন্য, লেভি ছাড়া ভলান্টারি কালেকশনের জন্য ইভেন মার্জিনাল প্রোডিউসারদের কাছ থেকে কালেকশনের জন্য ফুড ডিপার্টমেন্ট থেকে কোনও নির্দেশ গিয়েছে কি?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ এই প্রশ্ন শোনার জন্য দুঃখিত। এই ধরনের নির্দেশ সরকার দিতে পারে না।

শ্রী কৃষ্ণ দুলে ঃ ছোট ছোট চাষীদের কাছ থেকে এইটা আদায় করা হচ্ছে, প্রতি অঞ্চলেই এটা হচ্ছে, গড়বেতা, শালবনি, কেশপুর প্রভৃতি অঞ্চলে এটা আদায় করা হয়েছে।

মিঃ স্পিকার ঃ উনি বললেন কোনও নির্দেশ ফুড ডিপার্টমেন্টের তরফ থেকে দেওয়া হয়নি। তবে আপনার যদি এই রকম কোনও ঘটনার কথা জানা থাকে তাহলে আপনি সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করুন।

শ্রীমতী ইলা মিত্র ঃ তাহলে কার নির্দেশে এই ভল্যান্টারি কালেকশন হচ্ছে, ছোট ছোট চাষীদের বাড়ি গিয়ে আদায় করা হচ্ছে। বড় কৃষকদের কাছে গেলে আপত্তি নেই, কিন্তু ছোট ছোট কৃষকদের কাছ থেকে জোর করে এটা আদায় করা হচ্ছে, আমাদের সদস্য এটাই বললেন এবং এটা কার নির্দেশে আদায় করা হচ্ছে?

শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যার কাছে আমি বিনীতভাবে নিবেদন করব যে, তিনি একজন ভেরি রেসপনসিবল এম এল এ এই রকম যদি কোনও ঘটনা কোথাও ঘটে থাকে সরকারের মুখ চেয়ে, দেশের মুখ চেয়ে মন্ত্রীকে জানানো দরকার এবং মন্ত্রীর সামনে বসে এর সমাধান করা দরকার। আমি আপনাকে জানাচ্ছি যে, আমার কাছে আজ পর্যন্ত একটিও এই ধরনের চিঠি আসেনি। চিঠি পেলে এর জন্য যা উপযুক্ত ব্যবস্থা নেওয়া দরকার সরকার তা নিশ্চয়ই নিত, নিশ্চয়ই নিত।

Mr. Speaker : Question hour is over.

Starred Questions
(to which written answers were laid on the Table)

ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার অধীনস্থ চালকল

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১) **শ্রী ফণীভূষণ সিংহবাবু :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার অধীনস্থ চাল কলটি বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) এই চাল কলটি এখনও চালু না হওয়ার কারণ কি ; এবং

(গ) উক্ত চালকলটি চালু না হওয়ার জন্য রাজ্য সরকারকে কত টাকা ক্ষতিপূরণ দিতে হইতেছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) এখনও চালু হয় নাই।

(খ) এই চালকলটিতে আতপ চাল তৈরি করিবার যন্ত্রপাতি স্থাপন করা আছে, কিন্তু এখন পর্যন্ত সিদ্ধ চাল তৈরি করিবার ব্যবস্থা নাই। পশ্চিমবঙ্গের অধিবাসীগণ আতপ চাল অপেক্ষা সিদ্ধ চাল পছন্দ করেন এবং রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারকে পশ্চিমবঙ্গে সিদ্ধ চাল সরবরাহের জন্য সর্বদাই চাপ দিয়া থাকেন। সেইহেতু অভ্যন্তরীণ সংগ্রহের ধান হইতে ঐ কলটিতে আতপ চাল তৈরি করিবার অনুমতি ফুড কর্পোরেশনকে দেওয়া হয় নাই। এই কারণেই বাঁকুড়ায় অবস্থিত চাল কলটি অদ্যাবধি চালু হয় নাই।

(গ) চালকলটি ফুড কর্পোরেশনের নিজ ব্যয়ে স্থাপিত। ইহা চালু না করার দায়িত্ব এবং তজ্জনিত ক্ষতি ফুড কর্পোরেশনকেই বহন করিতে হইবে। রাজ্য সরকারের কোনও আর্থিক দায়িত্ব নাই।

খাদ্য সংগ্রহ ও জেলা কর্ডনিং

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭২) **শ্রী ফণীভূষণ সিংহবাবু :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৫-৭৬ সালে পশ্চিমবঙ্গে জেলা কর্ডনিং বাবদ কত টাকা ব্যয় করা হইয়াছে ; এবং

(খ) ১৯৭৪-৭৫ সালে সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ না হইবার কারণ কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ১৯৭৫-৭৬ আর্থিক বৎসর এখনও শেষ হয় নাই, সেইজন্য প্রকৃত খরচের হিসাব আপাতত দেওয়া সম্ভবপর নহে। তবে এ বাবদে ১৯৭৫-৭৬ আর্থিক বৎসরে দুই কোটি পনের লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হইয়াছে।

(খ) সরকারের সংগ্রহ মূল্য এবং খোলা বাজারে ধানচালের মূল্যের মধ্যে অত্যাধিক ব্যবধান, সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার একটি প্রধান কারণ। তাহা ছাড়া ১৯৭৪-৭৫ সালে খরিফ বৎসরের জন্য সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির করার সময় হাসকিং মিলগুলির উপর লেভি হইতে এক লক্ষ টন চাল পাওয়া যাইবে অনুমান করা হইয়াছিল। কিন্তু কলকাতা হাইকোর্ট কর্তৃক সংশ্লিষ্ট আইনটি সংবিধান বিরোধী বলিয়া ঘোষিত হওয়ায় এই লেভি কার্যকর করা সম্ভব হয় নাই। ইহা ছাড়া, উৎপাদকদের কাছ হইতে লেভি আদায়ও আশানুরূপ হয় নাই। গত বৎসর সওয়া দুই লক্ষের মতো উৎপাদকের উপর প্রায় দুই লক্ষ চব্বিশ হাজার টন ধান লেভি ধার্য করা হইয়াছিল। কিন্তু আদায় হয় মাত্র এক লক্ষ পনের হাজার টনের মতো ধান। লেভি আদেশ ও লেভি তালিকা ত্রুটিপূর্ণ এই অভিযোগ হাইকোর্টে অনেক মামলা হয় এবং মহামান্য হাইকোর্টও অনেকক্ষেত্রে অন্তর্বর্তী স্থগিতাদেশ দেন।

CALLING ATTENTION

Mr. Speaker : I have received 25 notices of Calling Attention on various subjects, viz., :-

1.	Lay-off of 200 workers in Titagarh Jute Mill no. 1 on 20-2-76 from	: Shri Sisir Ghosh and others
2.	Lock-out in Bata Shoe Company from	: Shri Nitaipada Sarkar
3.	Garbage clearence in Mechuabazar (Barabazar area) from	: Shri Md. Safiulla and others.
4.	Checking of Mini Bus accidents in Calcutta from	: Shri Md. Safiulla and others.
5.	Dismisal of C.S.T.C officers from	: Shri Md. Safiulla and others.
6.	Anthrax epidemic within Jaldapara wild life Sanctuary from	: Shri Md. Safiulla and others.
7.	Racket in tickets for World Championship Wrestling Competition in	

	Calcutta from	: Shri Md. Safiulla and others.
8.	Gas and oil from the garbages from	: Shri Md. Safiulla and others.
9.	Dacoit-police encounter at certain places at Deulti from	: Shri Md. Safiulla and others.
10.	Schemes from producing fuel from the refuse from	: Shri Md. Safiulla and others.
11.	Refusal of taxi-drivers to go on hire from	: Shri Md. Safiulla and others.
12.	Employment of Homeopaths in rural Hospitals from	: Shri Kashinath Misra and others.
13.	Fake primary Schools in West Bengal from	: Shri Kashinath Misra and others.
14.	Regular theft in Santaldihi Thermal Plant from	: Shri Sarat Ch. Das and others.
15.	Non-payment of salaries for the month of January, 1976 to the primary school teachers of south 24-parganas from	: Shri Sambhu Narayan Goswami.
16.	Suicide committeed by a Head Clerk of an office of the D.I. of Schools from	: Shri Sambhu Narayan Goswami.
17.	Depredations in the trains in the Sealdah Division by anti-social elements from	: Shri Md. Dedar Baksh and others.
18.	Spread of Malaria in rural Bengal due to mosquito meance from	: Shri Kashinath Misra and others.

19.	Inactive Telephone lines in Howrah Section from	: Shri Kashinath Misra and others.
20.	New syllabus for the Secondary students from	: Shri Kashinath Misra and others.
21.	Colliery operation in Bankura district from	: Shri Kashinath Misra and others.
22.	Supply of adulterated mastard oil from	: Shri Kashinath Misra and others.
23.	Master Plan for the fishermen of West Bengal from	: Shri Kashinath Misra and others.
24.	Accident in New Kenda Colliery resulting in one death on 21-2-76 from	: Shri Md. Dedar Baksh and others.
25.	Epidemic fever in Raipur P.S. of Bankura district resulting in six deaths. from	: Shri Sambhu Naryan Goswami and others.

Out of these notices I have selected the notice of Shri Netaipada Sarkar on the subject of lock-out in Bata Shoe Company.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On the 27th, Sir.

MENTION CASES

Mr. Speaker : I request honourable members to be brief and to confine themselves to the main points only. If they try to dwell upon their points, then I will call other names and on the next occasion I am afraid I will not be able to call their names. Shri Biswanath Chakrabarti.

[2-00 — 2-10 p.m.]

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ স্যার, আমি একটা মর্মন্তুদ ব্যাপারের প্রতি আপনার মাধ্যা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ট্যাংরা হাউসিং এস্টেটের একটা ফ্ল্যাটে একটা প্রাইমারি স্কু আরম্ভ করেছিলেন সেখানকার কিছু লোকেরা এবং সেখানকার নিম্নমধ্যবিত্ত ও বস্তির দরি ছেলেমেয়েরা সেখানে পড়তে আসত। ১০ বছর ধরে সেই স্কুল চলছে এবং ১৯৭৪ সা সরকার তাকে স্বীকৃতি দেন। এছাড়া সেখানে দুধ ও টিফিন দেওয়া হত। ২০শে ফেব্রুয়া পুলিশ এসে বাচ্চাদের দুপুর রোদে তাদের স্কুল থেকে বার করে দিল যা তাদের মায়েরা জা না। বকেয়া ভাড়া আদায়ের জন্য পুলিশ এটা করে। অন্য লোকের নামে হয়ত সেই ফ্ল্য ছিল যেখানে এই স্কুল হত। আমি জিজ্ঞাস করি আইন মানুষের জন্য। আইন মানুষকে শাস করবে না মানুষ আইন শাষণ করবে? দুটি ছোট ফ্ল্যাটে এই প্রাইমারি স্কুল ছিল যারা সা রেকগনাইজ করেন সেই স্কুলের ছেলেরা তাদের মায়েদের অবর্তমানে পুলিশ কি নিষ্ঠুরভা তাদের রাস্তায় দুপুর রোদে বার করে দিল। এরজন্য স্কুল কমিটিকে নোটিশ দেওয়া যে পারত। যে ফ্ল্যাটের মালিক তাকে বলা যেতে পারত যে তুমি ভাড়া দাও। কিন্তু এটা f হল? আমি শিক্ষক হিসাবে বিক্ষোভ জানাচ্ছি এবং এর প্রতিকারের আবেদন জানাচ্ছি।

শ্রী বিজয়কৃষ্ণ মহান্তি ঃ স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি একটি বিষয়ে আকর্ষ করছি এবং সেটা হচ্ছে জলপাইগুড়ি জেলা স্কুল বোর্ডের কার্যকলাপের প্রতি। ১৯৭৫ সালে শিক্ষা বিভাগের একটা সারকুলার অনুযায়ী ৫০ ভাগ ট্রেনডের ৫০ ভাগ আনট্রেনড শিক্ষ নিয়ে একটা প্যানেল আছে। সেই এলাকায় জনসংখ্যা অনুপাতে তফসিলি ও তফসি আদিবাসীর আসন সেই অনুপাতে সংরক্ষিত রাখা হবে। কিন্তু দুঃখের কথা কোনও নী সেখানে রক্ষা করা হচ্ছে না এবং সব নীতিকে অবজ্ঞা করে ট্রেনডের এবং আনট্রেনডে শিক্ষককে প্যানেল শুরু করা হয়েছে। এবং প্রতিবাদ করে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক কিছু হয় নি। সেজন্য আপনার মাধ্যমে পুনরায় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সত্য ঘোষাল ঃ স্যার, আমি যেটা উল্লেখ করছি সেটা সম্বন্ধে মুখ্যমন্ত্রী কা বলেছেন এটা তিনি দেখবেন। তথাপি কাল অর্থমন্ত্রী পিপল ইনভলভমেন্ট এর কথা বলা আমি এটা বলছি। মেদিনীপুরে তমলুকে এ ডি এম এল আর ও লোন আদায় তদারকি জন্য জে এল আর ও অফিসে এলে সেখানে কংগ্রেস পার্টির লোকেরা তার কাছে এক ডেপুটেশনও নিয়েছিলেন তিনি তাদের কথা শোনার আগে বললেন আমি এম এল এ এম পি নই, আমার সঙ্গে কথা বলতে হলে সাবধানে কথা বলবেন এবং জে এল আ ও-কে বললেন রাজনীতি করানেওয়ালা লোকেদের ঢুকতে দেবেন না। তিনি এও বললে এইরকম জুলুম চলবে এবং জেলখানায় নিয়ে যাওয়া হবে। অর্থমন্ত্রী যে বলেছিলেন পিপল ইনভলভমেন্ট ভালভাবে হচ্ছে সেখানে এটা ইনভলভমেন্ট কিনা সেটা বলার জন্য আ বলছি। যাইহোক মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন এর তদন্ত তিনি করবেন, তবুও আপনা মাধ্যমে আবার বিষয়টা প্রেস করছি এবং তদন্ত করার জন্য দাবি করছি।

শ্রী কৃষ্ণপদ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা জরুরি বিষয়ের প্রতি শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে হাওড়ার অন্যতম বৃহৎ শিল্প প্রতিষ্ঠান ন্যাশনাল আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি, এখন যেটা গভর্নমেন্টের আই আর সি কর্তৃক পরিচালনাধীন আছে, সেই কর্তৃপক্ষের কাছ থেকে একটা নোটিশ দেওয়া হয়েছে যে ১৬ই এপ্রিল ১৯৭৬ তারিখ থেকে এই কোম্পানি ক্লোজার করা হবে। স্যার, আপনি জানেন যে বর্তমানে নিস্কো কোম্পানিতে প্রায় ২ হাজার শ্রমিক কর্মচারী কাজ করেন এবং এদের আর্থিক সঙ্গতি নেই এ অজুহাতে এত বড় শিল্প প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার চেষ্টা চলছে। যদি এটা সত্যই ক্লোজার করে দেওয়া হয় তাহলে হাওড়া জেলার ২ হাজার মানুষ এবং তাদের পরিবারবর্গ একটা অসহনীয় অবস্থায় মধ্যে পড়বে। আমি এই ব্যাপারে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গণেশচন্দ্র হাটুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। হুগলি এবং বর্ধমান জেলায় বোরো চাষ হয়এবং এ বছর ১ লক্ষ ৫০ হাজার জমিতে বোরো চাষ হয়েছে এবং ডি ভি সির-র জলাধার থেকে যে জল পাওয়া যাবে তাতে ১ লক্ষ ৫০ হাজার জমি চাষ হবে। তেনুঘাট থেকে যে জল দেওয়ার কথা আছে সেই জল পাওয়া যাবে কিনা সেটা আজ পর্যন্ত স্থির হয়নি। সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, বিহার সরকারের সঙ্গে কথাবার্তা বলে, তাড়াতাড়ি তেনুঘাট থেকে জল পাওয়া যাবে কিনা সে সম্বন্ধে একটা সিদ্ধান্ত নিন, তা না হলে দারুন অসুবিধার মধ্যে পড়তে হবে। ইতিমধ্যে জাঙ্গিপাড়া থানায় ৩ হাজার জমিতে বোরো চাষ হয়েছে, সবুজ ধান হয়েছে, কিন্তু সেখানে জল দেওয়া হবে না বলা হচ্ছে ডি ভি সি-র জলাধার থেকে। ডি ভি সি-র জলাধারে যে জল আছে সেই জল বর্ধমানে চাষের কাজে লেগে যাচ্ছে, হুগলিতে সেই জল আসছে না। যাতে করে হুগলির জাঙ্গিপাড়া থানায় জল দেওয়া যায় সেজন্য আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

শ্রী শিশিরকুমার সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার বিশেষ করে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে গ্রামীণ এলাকায় পানীয় জল সরবরাহে যে দুরবস্থা দেখা দিয়েছে এই সম্পর্কে এর আগে অনেকবার হাওড়ার পক্ষ থেকে তার কাছে আমরা বিশেষভাবে জানিয়েছি যে প্রতি অঞ্চলে অন্তত ১৫/২০টি খারাপ হয়ে যাওয়া টিউবওয়েল পড়ে রয়েছে যেগুলি ইমিডিয়েট রিসিংকিং না করার ফলে একটা গ্রামের লোককে ২/৩টি গ্রাম পেরিয়ে জল আনতে হচ্ছে। মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ অবিলম্বে প্রতিটি গ্রীষ্ম পড়ার সঙ্গে সঙ্গে খারাপ হয়ে যাওয়া ১৫/২০টি টিউবওয়েল রিসিংকিং-এর ব্যবস্থা করুন এই আবেদন জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এখানে একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখছি। গত ২৬শে জানুয়ারি প্রজাতন্ত্র দিবস থেকে বাঁকুড়া জেলায় যে ২০ হাজার বিড়ি শ্রমিক আছে তাদের একটা ন্যূনতম মজুরি ৬.৪০ টাকা হিসাবে দেওয়া হচ্ছে। এটা খুব গৌরবের বিষয়। আমাদের প্রধানমন্ত্রী ঘোষিত যে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচি আছে তার

মধ্যে ন্যূনতম মজুরি অন্যতম। আজ বাঁকুড়াতে সেটা চালু করা হয়েছে, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবঙ্গে যে বিড়ি শ্রমিক আছে তাদের সংখ্যা কম নয়, বেশ কয়েক লক্ষ হবে, আজকে যদি নূন্যতম মজুরি সমহারে যেটা সরকার কর্তৃক ঘোষিত এবং স্বীকৃত, প্রত্যেকটি জায়গায় না দেওয়া হয় তাহলে বাঁকুড়ার ক্ষেত্রে এটা রাখা সম্ভব হবে না। এই সন্দেহ প্রকাশ করছে প্রশাসনিক দিক থেকে এবং বিভিন্ন রাজনৈতিক দলও সেই কথা চিন্তা করছেন। সেজন্য সরকার ঘোষিত যে ন্যূনতম মজুরি যেটা বাঁকুড়ার ২০ হাজার বিড়ি শ্রমিকদের দেওয়া হয় এবং যাতে ফ্যাক্টরি অ্যাক্ট চালু করা হয় সেই বিষয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এবং মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10 — 2-20 p.m.]

ডাঃ একরামুল হক বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ের প্রতি মন্ত্রিসভার বিশেষ করে খাদ্যমন্ত্রী এবং সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বিষয়টির প্রতিবিধান দাবি করছি। আমাদের মুর্শিদাবাদ জেলায় সর্বত্র এবং বিশেষ করে বাগড়ি অঞ্চলে বর্তমানে গমের দাম ১ টাকা ২৫ পয়সা, ১ টাকা ৩০ পয়সা চলছে অথচ রেশনে যে গম দেওয়া হয় তার দাম হচ্ছে ১ টাকা ৪০ পয়সা। আমাদের মুর্শিদাবাদ জেলায় এবারে ব্যাপক গমের চাষ হয়েছে এবং সেই গম যখন বাজারে আসতে আরম্ভ করবে তখন হয়ত এর বাজার বেড়ে যাবে। কাজেই আমি সমবায় মন্ত্রীর কাছে অনুরোধ করছি আমাদের জেলায় যে থানা মার্কেটিং সোসাইটি আছে এবং কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে তাদের মাধ্যমে এই গম ন্যায্যমূল্যে কিনে বাফার স্টক করে যদি পরবর্তীকালে সেই গম খেটে খাওয়া মানুষকে বিক্রি করবার ব্যবস্থা করেন তাহলে খুব ভাল হয়।

শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি গত ২১-২-৭৬ তারিখে রাত্রি সাড়ে আটটার সময় একজন অসুস্থ রোগীকে নিয়ে পি জি হাসপাতালে যাবার জন্য প্রস্তুত হই। আমি এসে দেখলাম একটি ট্যাক্সি নিকটে দাঁড়িয়ে আছে এবং তাকে যেতে বলায় সে ন্যায্য ভাড়ার উপর আর উপরি টাকা দাবি করে। এই ট্যাক্সির নম্বর হচ্ছে ডবলিউ বি টি ৪৪৫৭। আমি তখন সেই ট্যাক্সিটি না নিয়ে অন্য একটা ট্যাক্সি করে রোগীকে নিয়ে চলে যাই। গত ২০ তারিখে ঠিক এই রকম একটা অভিযোগ ছিল এবং এই ব্যাপারে পুলিশ সার্জেন্টকে রিপোর্ট করা হয়। স্যার, আপনি যদি হাওড়া স্টেশনে যান তাহলে দেখবেন পুলিশের নাকের ডগায় ট্যাক্সিওয়ালারা বসে আছে অথচ যেতে বললে তারা যাবে না। এই সাংঘাতিক অবস্থা চলছে এবং এতে মফস্বলের লোকদের খুবই অসুবিধা হচ্ছে। এর আগে আর একজন মাননীয় সদস্য এই ব্যাপার নিয়ে হাউসে অভিযোগ করেছিলেন কিন্তু তাতে কোনও ব্যবস্থা হয়নি। আমি আবার পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি অবিলম্বে এই ব্যাপারে একটা সুষ্ঠু ব্যবস্থা করুন যাতে এই ট্যাক্সির ব্যাপার নিয়ে মফস্বলের লোকদের এবং যারা রোগী নিয়ে আসে তাদের কোনও অসুবিধা আর না হয়। আমি সাধরণ মানুষের স্বার্থে আপনার মাধ্যমে এই বক্তব্য রাখলাম। আমি আশাকরি এই ব্যাপারে একটা সুষ্ঠু ব্যবস্থা হবে এবং

মানুষ ট্যাক্সিতে উঠে বাঁচবে।

শ্রী মহম্মদ দেদার বক্স : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কৃষিমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের পশ্চিমবাংলায় কৃষি বিপ্লব চলছে এবং বিশেষ করে গম বিপ্লব চলছে। এবারে আমাদের গম খুব ভাল হয়েছে, কিন্তু দুঃখের বিষয় সেই গমে পোকা লেগেছে। আমার এলাকায় চাষীরা বলছে গম একদিকে পোকায় নষ্ট করছে এবং অন্যদিকে ইঁদুরে নষ্ট করছে। শুধু তাই নয়, আর একটা অসুবিধা দেখা দিয়েছে এবং সেটা হচ্ছে যারা প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী তাদের রেন্ট, ট্যাক্স ইত্যাদি দিতে হবে থার্টি ফার্স্ট মার্চের মধ্যে। এতে চাষীদের খুব অসুবিধা হবে। সেইজন্য আমি কৃষিমন্ত্রীর কাছে আবেদন করছি গমের ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করুন এবং অন্যদিকে ওই রেন্ট, ট্যাক্স ইত্যাদি দেবার ব্যাপারে আগামী চৈত্র মাস পর্যন্ত সময় দিন। এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুকুমার ব্যানার্জি : স্যার, মনিপুর রাজ্যে বর্মা সীমান্তের কাছে মহান নায়ক নেতাজি সুভাষচন্দ্রের স্মৃতির উদ্দেশ্যে একটি সুন্দর স্মৃতিশৌধ নির্মাণ করা হয়েছে। সেখানে প্রথম তলায় আছে একটি সুদৃশ্য লাইব্রেরি ও উপরে আছে নেতাজি সংগ্রহশালা। বিরাট একটি প্রতিষ্ঠান। সেই প্রতিষ্ঠান তৈরি করার জন্য আজাদ হিন্দ স্মারক কমিটি সারা ভারতবাসীর কাছে সাহায্য চেয়ে পাঠিয়েছিল। কারণ স্বাধীনতা সংগ্রামে মনিপুর রাজ্যের মৈয়াং-এ নেতাজি পরিচালিত মুক্তিবাহিনী ঐ জায়গায় প্রথম জাতীয় পতাকা উত্তোলন করেন। সেখানে এই মহান কাজের জন্য পাঞ্জাব দিয়েছে ২ লক্ষ টাকা, ভারতবর্ষের বহু জায়গা থেকে বহু অর্থদান করা হয়েছে। প্রধানমন্ত্রী তার তহবিল থেকে ৫০ হাজার টাকা দিয়েছেন। কিন্তু এই স্মৃতিসৌধে অর্থ যোগান তালিকা আছে তাতে পশ্চিমবাংলার স্থান শূন্য। এই স্মারকসৌধ নির্মাণ করার জন্য যারা আহ্বান করিয়াছিলেন তাদের মধ্যে ইন্দিরা গান্ধী, ভি ভি গিরি, কামরাজ ছিলেন। কিন্তু এতে সাড়া দেয় নি একটি মাত্র রাজ্য পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বলা হয়েছিল ২ লক্ষ টাকা দেওয়া হবে। কিন্তু এখন পর্যন্ত একটা পয়সাও দেওয়া হয়নি। আমরা সম্প্রতি মনিপুরে গিয়েছিলাম। সেখানকার ট্রাস্টি বোর্ডে যারা আছেন তারা আবেদন করলেন আপনারা যখন পশ্চিমবঙ্গে যাবেন তখন সরকারের কাছে গিয়ে বলবেন এই টাকা যদি আমরা পাই তাহলে আমাদের কাজ আরও ভাল হবে। তারা বললেন তারা ২৩শে জানুয়ারি কলকাতা এসেছিলেন তাদের অনুষ্ঠান ছিল এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু দেখা তাদের হয়নি। অবশ্য একটি ব্রোঞ্জ মূর্তি এখান থেকে দেওয়া হয়েছিল। কিন্তু প্রতিশ্রুত অর্থ দেওয়া হয়নি। পশ্চিমবাংলা থেকে যারাই সেই মৈয়াং-এ যান তাদের কাছে সেখানকার মানুষ আবেদন করেন আপনারা দয়া করে পশ্চিমবঙ্গ সরকারের কাছে গিয়ে বলবেন তারা যেন আমাদের অর্থ সাহায্য করেন। নেতাজির নামে সকলেই শ্রদ্ধায় মাথা নত করেন। নেতাজির নিজস্ব প্রদেশ, যেখান থেকে তার রাজনৈতিক জীবন আরম্ভ করেন, যেখান থেকে তিনি অন্তর্ধান করেন সেখান থেকে কিছু করা যায় না বলে দুঃখ হয়। নেতাজি, স্বামীজি, রবীন্দ্রনাথ, চিত্তরঞ্জন-এর নামে মাথা নত করেন না এমন বোধ হয় কেউ

নেই। কিন্তু দুঃখের কথা সেই ২ লক্ষ টাকা যা দেওয়ার কথা ছিল তা এখনও দেওয়া হয়নি। আশা করি পশ্চিমবঙ্গ সরকার অবিলম্বে এই টাকা দিয়ে মহানায়ক নেতাজির প্রতি শ্রদ্ধা জানাবেন। এই আবেদন জানিয়ে আমি শেষ করছি।

শ্রী পুরঞ্জয় প্রামাণিক : স্যার, যেখানে পরাধনী ভারতের প্রথম জাতীয় পতাকা উত্তোলন করা হয়েছিল সেই পবিত্র স্থানে আমি গিয়েছিলাম। কিন্তু দুঃখের বিষয় পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে একটি ব্রোঞ্জ-এর মূর্তি ছাড়া স্বীকৃত যে টাকা দেওয়ার কথা ছিল তা আজও দেওয়া হয়নি। তারা এ বিষয়ে বহু আবেদন নিবেদন করেছেন, কিন্তু কোনও কিছুই হয়নি। সরকার বহু অর্থ ব্যয় করে তারা যদি এই পবিত্র স্থানের জন্য অর্থ দেন তাহলে কল্যাণ হবে। আমি মনে করি এই অর্থ দেওয়া একটা পবিত্র কর্তব্য।

(Several members rose to speak.)

Mr. Speaker : Please take your seat. I do feel your sentiments. I now call upon Shri Shish Mohammad to speak.

[2-20 — 2-30 p.m.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি : স্যার, আমি এই কমিটির চেয়ারম্যান ছিলাম। তারা আমার কাছে এই বিষয় নিয়ে অনুরোধ করেছিল। এখানে অনেক মন্ত্রী, সিনিয়র মন্ত্রীরা আছেন, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ মিনিস্টার আছেন, তারা এ সম্বন্ধে অন্তত কিছু বলুন।

Mr. Speaker : You have already drawn the attention of the House. Senior Ministers present here have taken note of it and, I believe, they will give their anxious consideration in the matter. No purpose will be served by taking the time of the House in this fashion.

শ্রী রথীন তালুকদার : স্যার, এটা অত্যন্ত লজ্জার কথা, দুঃখের কথা যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে দেরি করা হচ্ছে। আমাদের প্রধান মন্ত্রী বারবার বলছেন যে সময় সীমার মধ্যে কাজ করতে হবে। অনুগ্রহ্ করে একটা সময়সীমা ঠিক করে দেন যে অমুক দিনের ভিতরে আমাদের প্রতিশ্রুত অর্থ পাঠিয়ে দেব।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ মর্মান্তিক ঘটনা যা গতকাল কলকাতার বুকের উপর ঘটেছে তা আপনার মাধ্যমে হাউসের সামনে রাখতে চাই এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল শিক্ষকদের বেতনের বিষয় নিয়ে বিভিন্ন সদস্যরা বিভিন্ন প্রশ্ন রেখেছিলেন যে শিক্ষকদের বেতন রেগুলারলি দেওয়া হচ্ছে কি। বিশেষ করে প্রাইমারি স্কুলের শিক্ষকদের। এই প্রাইমারি স্কুলের শিক্ষক যারা সামান্য বেতন পায় তাদের যদি ১লা তারিখে বেতন দেওয়া হয় তাহলে তারা বেঁচে থাকতে পারে। কিন্তু আমরা বিগত ২৭ বৎসর ধরে দেখতে পাচ্ছি যে এই রকম কোনও নজির আজ পর্যন্ত সৃষ্টি হয়নি যে ১লা তারিখে তাদের বেতন দেবার ব্যবস্থা হয়েছে। বাদেমশর প্রাইমারি

স্কুলের হেড টিচার, শ্রী জ্যোতিষচন্দ্র দে ২৩/২ তারিখে ১২টা ৪০ মিনিটের সময় তাকে হাসপাতালে মারা যেতে হয়। শনিবারেও তিনি বিদ্যালয়ে এসেছিলেন এবং ক্ষুধার জ্বালায় তিনি ছটফট করতে থাকেন এবং সেখান থেকে তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তিনি জানুয়ারি মাসের বেতন পাননি, ফেব্রুয়ারি মাসের তো কথাই নেই, ডিসেম্বরের মাইনে সেই মাসের শেষদিকে পেয়েছিলেন। এই শিক্ষককে আদর্শ বলে গত ১৯৭৫ সালের সেপ্টেম্বর মাসে উল্লেখ করা হয়েছিল। অত্যন্ত দুঃখের কথা যে বারবার তাদের কথা বলা সত্ত্বেও তাদের দুঃখ দুর্দশা লাঘব করবার কোনও চেষ্টা হয়নি। তারা যেহেতু ভদ্রলোক, যেহেতু শিক্ষক, তাই তারা সেভাবে তাদের দাবি জানাতে পারে না। এর ফলে সরকার তাদের প্রতি অবেহলা করে আসছেন। তাদের পরিবারে ৭ জন লোক ছিল, তার মধ্যে একজন চলে গেল, বাকি রইলো স্ত্রী ও পাঁচ পুত্র কন্যা।

মাননীয় অধ্যক্ষ মহশয়, এই যে অনাহারে অর্ধাহরে বেচারা মারা গেল, মাসের পর মাস না খেতে পেয়ে মারা গেল গতকাল, আমি আপনার মাধ্যমে তার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে এই যে পশ্চিমবঙ্গে নৈরাজ্য চলে, সরকার শিক্ষকদের সম্বন্ধে চিন্তা না করেন, তাহলে শিক্ষকরা দাঁড়াবে কোথায়? আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, তিনি এই শিক্ষককূল সম্বন্ধে যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করুন এবং যে পরিবারের মারা গেছে, সেই যতীশচন্দ্র দে-র পরিবারের সাহায্যে এগিয়ে যান।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ বিষয়ে। ১৯৬৯ সালে পশ্চিমবঙ্গ সরকার মৎস্যজীবী সম্প্রদায়কে যে লোন দিয়েছিলেন, সেই লোন আদায়ের ব্যাপারে, আজকে সরকার তাদের উপর নোটিশ জারি করছেন, সার্টিফিকেট ইস্যু করছেন এবং সেই নোটিশ আজকে তাদের ঘরে ঘরে পৌছে যাচ্ছে। শুধু নোটিশ নয়, সার্টিফিকেটও ইস্যু করা হচ্ছে। এই মৎস্যজীবী সম্প্রদায় তফসিলিভুক্ত সম্প্রদায়। দীর্ঘ কয়েক বছর ধরে নদী নালা এবং গঙ্গায় কোনও মাছ না থাকায় তাদের অবস্থা অত্যন্ত সঙ্গীন হয়ে উঠেছে। তাদের জাল বিক্রি হয়ে গেছে, নৌকা বিক্রি হয়ে গেছে, এমন কি তাদের ঘটিবাটি বিক্রি হয়ে গেছে। আজকে জরুরি অবস্থা সামনে রেখে, আমাদের সরকারি কর্মচারিরা তাদের বাড়ি বাড়ি গিয়ে লোন আদায়ের নোটিশ এবং সার্টিফিকেট নিয়ে গিয়ে তাদের উপর অত্যাচার চালাচ্ছে। লোনের টাকা দিতে পারছে না বলে তাদের কাছ থেকে ৫/১০টাকা ঘুস নিচ্ছে এই আশ্বাস দিয়ে যে তাদের কাছ থেকে লোনের টাকা চাওয়া হবে না। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এই বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আকর্ষণ করছি এবং তাদের পক্ষ থেকে মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে তাদের মাছ না পাওয়া পর্যন্ত এই যে নোটিশ এবং লোনের টাকা আদায় সেটা বন্ধ করে রাখা হোক। নদীতে যদি মাছ হয়, গঙ্গায় যদি মাছ হয়, নিশ্চয়ই এই মৎস্যজীবী তাদের লোনের টাকা সুদ সমেত দিয়ে দেবে। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই যে মৎস্যজীবীদের উপর যাতে জোর করা না হয়, তাদের উপর এই নোটিশ দেওয়া এবং সার্টিফিকেট ইস্যু বন্ধ করার নির্দেশ দিন, যাতে তাদের উপর কোনও অত্যাচার না হয়, তার জন্য তাদের সময় দিন। আপনি নিশ্চয়ই

এই মৎস্যজীবী এলাকায় সভাসমিতি করেছেন, তাদের কি দুরবস্থা আপনি জানেন। বিশেষ করে হুগলি নদীর পারে, দামোদর নদীর পারে যে সমস্ত মৎস্যজীবী সম্প্রদায় আছে, দীর্ঘদিন ধরে তারা মাছ না পাওয়ায় তাদের অবস্থা অত্যন্ত কঠিন হয়েছে। তাদের উপর যে অত্যাচার চলেছে, তাদের জাল নিয়ে নেওয়া হচ্ছে, নৌকা নিয়ে নিচ্ছে, তাদের ফ্যামিলির লোকেরা রাস্তায় রাস্তায় ভিক্ষা করতে বেরিয়েছে। গঙ্গায় মাছ নাই, এই বিরাট সম্প্রদায় যে মাছ ধরত সে মাছ ধরতে না পারায় গ্রামের মানুষ মাছ খেতে পায় না, এই মৎস্যজীবী সম্প্রদায়ের উপর যাতে কোনও রকম অত্যাচার না হয়, আপনার মৎস্য বিভাগ কোনও রকম অত্যাচার না করে, নোটিশ জারি না করে সার্টিফিকেট ইস্যু না করে, তাদের যাতে সময় দেওয়া হয়, তারজন্য ব্যবস্থা নেবার জন্য আমি এই বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

[2-30 — 2-40 p.m.]

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, the address of the Governor on the 20-2-76 creates only dismay among the 70% of the people who are below starvation level. They can hardly have 2 meals a day. The rosy picture which is given by the Governor is matched with the election propaganda and nothing else more. The vast unemployment problem of the educated youths, not only in cities and towns but also in the rural areas, is never taken into consideration. The Governor actually keeps silent on the impact of increasing unemployment problem which is due to lay-off, strikes, etc., majority of which are from the employer side lay-off, closure, retrenchment. Whatever weapons they have got in their hands they are using them. Government takes no action even there is no mention in the Governor's address. Including these things, Governor has failed to express anything in his speech regarding food. It is a very peculiar thing that the Government who have gone through the speech and it is the decision of the Cabinet have left out Shri Prafulla Kanti Ghosh altogether. The poor fellow is lame no doubt and they have made him more lame. What is the target of procurement ? He has mixed it up with the Agriculture Department. We want to know the exact picture of what happened last year. Why the target of 5 lakh tons failed when they are always singing alleluia regarding bumper crop ? Even this year, they say the Agriculture Department says that the production will be over 54 lakh tons. Then what is the target of procurement ? It is only 3 lakh tons. From the papers I have got it, but there is nothing expressed in the Governor's address. When we will come to the food problem I will discuss this if I am here. The Government has handed over the whole thing to the

'mill-maliks'.

50% percent, they have taken but they never get this 50 per cent. But where are all these foodgrains going ? Are they going down the drain when you say that there is bumper crop ?

Again, Sir, there is no mention in the speech of the Governor regarding the closed and sick industries and tea gardens. Regarding these tea garden, they are crying from Delhi and high housetops that they are going to take over the sick and closure gardens. Even in this House many a time this question was raised and the government said that they were going to take over the sick and closed gardens, but in the speech there is no mention of that. Nearly thousands of labourers are starving but as yet the government has not taken any action to see to their welfare. I have heard that they cannot take over due to certain Central rules and the Central Government are going to amend those rules. Two years have passed but up till now the rules have not been changed and the government are just as they were and the labourers are starving.

Again, Sir, it is unfortunate that there is a lot of things said about the scheduled castes and scheduled tribes in the speech but is that only paper or in practice ? We heard a lot of things in the papers but in practice what they have done ? I have heard that there is going to be sub-blocks of tribals and that huge amount of money is being spent by the Central Government. But nothing is mentioned in the Governor's speech as to where is spent and how it is spent.

Regarding education, you will recall, Sir, that repeatedly on the floor of the House I have said that if you want the upliftment of scheduled castes and scheduled tribes, education is the foremost factor. But where is it ?

There are free primary schools, books are freely granted no money is required for books, they are all free but from my personal experience I find that it is only on paper and no books are being supplied. In my own district I have seen that a few Bengali books are given. They say that they will distribute books in the language of the tribal children but I have seen only a few Bengali books and the Hindi books they have got to purchase. Similarly about the education grants, what is the picture ? These boys are getting some grants or stipends, I believe, but when are they getting them ? After the end of the year. And in between they

have got to pay development frees, sports frees, library fees and various other fees. From where are they going to get the money to pay these fees ? And if they do not pay these fees, they are turned out of the school. Even for grants, if the government does not pay the grants in time, the boys are turned out of their school.

[2-40 — 2-50 p.m.]

Sir, I wish the Minister for Tribal Afairs and the Chief Minister were here, who are very much interested in tribal education —this is the rosy picture of what they say, they are doing. Many of the tribal boys who have read up to class VII or class, VIII, have gone back home and are sitting there without any scope of further education, though there are brilliant students among them. Similarly, with regard to books, money is sent though the Tribal Department. The money is not enough and there is a percentage according to which some get 10 per cent, some get 20 per cent or 30 per cent. With all these things do you still say, that with this education the Scheduled Castes and Scheduled Tribes are thriving ? Leave alone the Scheduled Castes and Scheduled Tribes. What about the education of the general massess ? Where do we stand ? I think we have come to the 9th place in India and, if proper statistices are taken we are at the 11th place. So, this is where West Bengal's education has come. You call it a rosy picture of education what Bengal thinks today. India will think tomorrow. It has become just the reverse what India thinks today, Bengal will think tomorrow.

Sir, regarding employment of the Scheduled Castes and Scheduled Tribes, law was framed under which the backlog was to be completed. Leave alone the backlog of 35 per, cent. Sir, has any department to fulfil the quota of 15 per cent and 5 per cent ? No department has done that. What about the Police Department ? Leave alone the higher categories, they do not have any Scheduled Caste or Scheduled Tribe employee even in Grade IV. Even in the Tribal Welfare Department itself there is no Scheduled Caste or Scheduled Tribes employee even in Grade IV, on the basis of 15 per cent, and 5 per cent, quota, So, Sir, this is what they call a rosy picture. An educated boy belonging to Scheduled Caste or Scheduled Tribe community cannot go up to the higher level because there are men senior to him in the cadre. And he will never get any promotion. I know, Sir, I think you too know, there are all sorts of redtapism, favouritism and nepotism going on regarding

the Scheduled Caste and Scheduled Tribe employees in every department. Will the Hon'ble Ministers please look into these affairs and see why such things are happening ?

Now, Sir, I come to land distribution. Our Land Revenue Minister is here. In this field also a rosy picture has been drawn, i.e. about land distribution amongst the Tribal community, or you can say, the Scheduled Castes and Scheduled Tribes. Sir, is this distribution to the Scheduled Castes and Scheduled Tribes being done in a proper way ?

A list for the scheduled caste and scheduled tribe is being made. Here you proclaim that you have distributed so many lands to scheduled caste and scheduled tribe people. But actually have they got possession of that land as yet ? Up till now in Jalpaiguri district, perhaps my friends will know it, not a single scheduled caste and scheduled tribe people has got the possession of any land I have written certain things to the Chief Minister as well as the Minister-in-charge of Land and Land Revenue Department. It is said that advisory committee is distributing or sanctioning thousands and thousands of acres of land for various scheduled caste and scheduled tribe communities but up till now the land has not been distributed particularly in Jalpaiguri district. The name is there. The rosy picture is there. Now, I would like to mention another important thing regarding what the Governor has said here in connection with surplus budget of last year. Sir, this Government is professing about 'Democratic Socialism'. Well, 'Democratic Socialism' is a theory of perfection. I come to 'welfare State'. What we see about the 'Welfare State' ? If this Government at least thinks on the welfare state system, them the question of boasting regarding surplus budget does not arise. It is a shameful thing. How can a welfare state boast of having a surplus budget ? A welfare state looks for the welfare of the people and it spends more. Automatically it will be a deficit budget but if you do not pay the teachers, if you do not do any work and if all the money is kept in your hand, magically it becomes a surplus budget. They often refer to the performance of the second U.F. Govt. because the new members are not aware of all the facts. In 1970 the U.F. Govt. did not pass any Budget for West Bengal. Hon'ble Ajoy Kumar Mukherjee resigned in 1970 and the Budget was passed by the Central Government. After that another Government was formed under the leadership of Hon'ble Ajoy Kumar Mukherjee. That budget was deficit budget and that Government also resigned. So. the U.F. Government cannot be blamed for this. And how things happened in

1971 ? Hon'ble Chief Minister Shri Siddhartha Shankar Ray come here in West Bengal as the Minister-in-charge of West Bengal and the money was all with him. He came here as an advisor. So, where was the case of a deficit budget ? Where was the question of a deficit or an overdraft of Rs. 30 crores ? Or, is it that they took over a bankrupt government in 1971 ? But during 1971-72 there was no U.F. Government. It is a nice thing to blame the U.F. Government.

[2-50 — 3-00 p.m.]

I am hearing this from 1973 but none of my friends here who were Minister in the U.F. Government have the guts to express anything to fight for the right cause ; they are neither on this side nor on that side. Now, let me tell this Government that whatever the U.F. Government or any other Government had done you must not speak on that, you must speak about yourself. From 1972 to 1974 what have you done ? It is no use speaking about failures of other Government. You say that lot of maney you have spent. But what is the valuation of rupee now compared to the valuation of 1962 when late Dr. Bidhan Chandra Roy was there ? You might have spent a lot of money but what is the valuation of a rupee now ? If the valuation or a rupee then was 16 annas or say 16 paise today it is 1 paise. You have got to compare these things before saying that you are spending lot or money compared to what was spent 3/4 years before. Because then the value of a rupee was more than what it is today. This is my point, Sir, and therefore I cannot support the speech of the Governor. As I have said previously it is all **jaga khichuri**, and it is more or less an election propaganda which this Government has made the head of the State to do on their behalf. Thank you, Sir,

শ্রী সত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বেস্টার উইচ সাহেব যে বক্তৃতা দিলেন তার আমি কয়েকটি কথা বুঝেছি। তবে গতকাল বিরোধীদলের নেতা বিশ্বনাথ মুখার্জি যে বক্তৃতা দিয়েছিলেন সেগুলি আমি ভাল করে অনুধাবন করেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলব। বিরোধীদলের নেতা বা বিগত যুক্তফ্রন্টের আমলে রাজ্যপালের ভাষণের বইগুলি আমি এনেছি এবং মনোযোগ সহকারে পাঠ করেছি। মাননীয় বেস্টার উইচ সাহেব আছেন, তার ভাল লাগবে। রাজ্যপালের ভাষণে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব জায়গায় আশ্বাসবাণী—আমাদের সরকার এই করবে আশা রাখী, আমাদের সরকার এই করবে বিশ্বাস করি এই সমস্ত দিয়ে রাজ্যপালের ভাষণ সমাপ্ত হয়েছে। অবশ্য ওরা বেশিদিন রাজত্ব করতে পারেনি এবং নিজেরা মারামারি করে রাজ্যপালকে ঠিকমতো ভাষণ করতে দেননি। অবশ্য

এতে রাজ্যপালের কোনও দোষ নেই। তখন বিরোধীদল যুক্তফ্রন্ট গঠন করেছিল এবং তা আবার ভেঙ্গেও ফেলেছিল। আজকে আমাদের নেতা আমাদের নির্দেশ দিয়েছেন যে আমাদের সরকার যে সমস্ত কাজ করেছেন নিশ্চয়ই আমরা বলব এবং গঠনমূলক সমালোচনা করব। বিরোধীদলের নেতারা যেন না ভাবেন যে যেহেতু আমরা সরকারে আছি বলে প্রশংসা গাইব। তবে মাননীয় বেস্টার উইচের মতো সমালোচনা করব না যে ৫০ শতাংশ ধান বেড়ে গেছে অথচ প্রোকিওরমেন্ট লক্ষ্যমাত্রা কমে গেছে। এর কোনও যুক্তি আছে বলে মনে হচ্ছে না। যাই হোক মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার লোক এর কাছে এই রাজ্যপালের ভাষণ অত্যন্ত আনন্দদায়ক। মাত্র কয়েকটি পাতায় সব কিছু স্পষ্টভাবে লেখা হয়েছে।

আমার মনে হয় যদি এই ভাষণটা চারগুণ পাতায় লেখা হত তাহলে রাজ্যপালের ভাষণ ঠিকমতো হত। কারণ প্রত্যেকটি ক্ষেত্রে রাজ্যপালের ভাষণ অত্যন্ত সঠিকভাবে, অত্যন্ত সংকীর্ণভাবে সীমাবদ্ধ রেখে করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রথমে বাজেটের কথা বলতে গেলে, আজকে একটা কথাই বলতে হয় এক বছরে পশ্চিমবঙ্গ সরকারের আয় হয়েছে ৮৫০ কোটি টাকা এবং পার ক্যাপিটা ইনকাম বেড়ে হয়েছে ১৯৪ টাকা। এটা যদি বাজেটের প্রথম অঙ্ক হিসাবে ধরে নেওয়া যায় তাহলে পশ্চিমবাংলার প্রগতির কথা নিশ্চয়ই সন্দেহহীন অবস্থায় বলা যেতে পারে যে সব ক্ষেত্রেই উন্নতি হয়েছে। আজকে সরকার যেটা করেছেন সেটা নিশ্চয়ই বলার অধিকার আমাদের আছে। আজকে আমি প্রথমে স্বাস্থ্য দপ্তর সম্পর্কে বলি। আপনারা জানেন প্রত্যেকটি জায়গায়, প্রত্যেকটি ব্লকে দুটি সাবসিডিয়ারি এবং একটি করে প্রাইমারি হেলথ সেন্টার হয়েছে এবং পশ্চিমবাংলার প্রত্যেক জায়গায় একটা করে সাবডিভিসনাল হাসপাতাল হয়েছে। সুতরাং এই কয়েক বছরের মধ্যে যে একটা যুগান্তকারী পরিবর্তন হয়েছে স্বাস্থ্য দপ্তরের সেটা আর পশ্চিমবাংলার জনসাধারণকে বুঝিয়ে করার দরকার হয়না। এই হেলথ সেন্টার এবং হাসপাতাল বেড়ে যাওয়ার ফলে ডাক্তারের এর সংখ্যা পরিশ্চমবাংলায় বেড়ে গেছে, সব চেয়ে বড় কথা আজকের স্বাস্থ্য দপ্তর সম্পূর্ণভাবে গ্রামমুখী স্বাস্থ্য দপ্তরে পরিণত হয়েছে। রাজ্যপালের ভাষণে যা দেখানো হয়েছে সেটা হচ্ছে গ্রামমুখী চিকিৎসা ব্যবস্থা, এবং সেই গ্রামমুখী চিকিৎসা ব্যবস্থার জন্য সবচেয়ে বেশি টাকা দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায়ের ক্ষেত্রে আমি বলি, আজকে প্রত্যেক জায়গায় সমবায় ব্যাঙ্কগুলো থেকে লং টার্ম শর্ট টার্ম লোনের ব্যবস্থা করা হয়েছে এবং টাকার পরিমাণও বাড়ানো হয়েছে, আজকে কনজিমার্স কো-অপারেটিভ বিভিন্ন জায়গায় পৌঁছে দেওয়া হয়েছে, আজকে প্রত্যেক স্কুল-কলেজে স্টুডেন্টস কো-অপারেটিভ তৈরি করা হয়েছে। আজকে সব জায়গায় সমবায়ের মাধ্যমে কুটির শিল্প এবং ছোট শিল্পের অগ্রগতি হচ্ছে যা মাননীয় প্রত্যেক সদস্যেরই জানা উচিত। আজকে পশ্চিমবাংলায় সমবায়ের একটা গুরুত্বপূর্ণ স্থান আছে। আমরা সমাজতন্ত্রের কথা বলি, শোষণ-মুক্ত সমাজ গঠন করতে গেলে প্রথমে গ্রামের সমবায়ই হবে প্রধান হাতিয়ার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখন ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট সম্পর্কে কিছু বলি যে সমস্ত ভূমি বন্টন হয়েছে এটার একটা উদাহরণ দিচ্ছি, কয়েকদিন আগে একজন জে এল আর ও-র সঙ্গে কথা হচ্ছিল, তিনি বললেন এই বছর তার ব্লকে মিউটেশন কেস হয়েছে ২ হাজার ৩৭৬, কিন্তু গত বছর হয়েছিল মাত্র

২০টা। সুতরাং জরুরি অবস্থা চালু হবার পরে ভূমিহীনদের ভূমি বন্টনের কাজ সুন্দরভাবে এগিয়ে চলেছে। এবার একটু রাস্তাঘাটের কথা বলি, পশ্চিমবাংলার সমস্ত জায়গাতেই রাস্তাঘাট তৈরি হয়েছে, এবং রাস্তাঘাট যে তৈরি হয়েছে, তার একটা উদাহরণ দিচ্ছি। আমরা জানি এত বছর স্বাধীনতা পাবার পরও সুন্দরবনের কোনও রাস্তাঘাট হয়নি। কিন্তু বর্তমান সরকার এই সুন্দরবন এলাকায় ১৫ মাইল রাস্তা তৈরি করেছে। আমি জানি আজকে পশ্চিমবাংলার এই উন্নয়নের কথা যদি আজকে না বলি তাহলে আমরা আমাদের কর্তব্য থেকে বিচ্যুত হব। আমাদের সরকার যা করেছে। নিশ্চয়ই তা জোর গলায় বলার অধিকার আমাদের আছে।

[3-00 — 3-10 p.m.]

সেই থেকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ওখানে কোনওদিন দ্বিতীয় ফসল হত না। এবারে আমাদের ওখানে ১২০০ একর জমিতে দ্বিতীয় ফসল হয়েছে। সেখানে কৃষি দপ্তরের বিভিন্ন কাজ হয়েছে, সেচ দপ্তরের কাজ হয়েছে। আমরা শুধু কাজের কথাই বলছি না, শিক্ষার কথাও বলছি। শিক্ষা দপ্তরের কাজ হয়েছে, তবুও বলতে হচ্ছে যে, শিক্ষা দপ্তরের কাজ কিছুটা ব্যাহত হচ্ছে সেটাও আমরা জানি। এখানে শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয় আছেন আমি তার কাছে এটা রাখছি, তিনি এ বিষয়ে একটু খবর রাখুন। সমস্ত দপ্তরের উন্নতি হয়েছে। শিক্ষা দপ্তরের কাজ অনেক বেশি, সেইগুলো কিছু কিছু জায়গায় ত্রুটি-বিচ্যুতি হচ্ছে, সেগুলি বন্ধ করে সুষ্ঠুভাবে আরও বেশি উন্নতি করা দরকার। আমাদের উন্নতির জন্য স্বাস্থ্যের দরকার, খাদ্যের দরকার, শিক্ষার দরকার। এই তিন দরকারকে পরিচ্ছন্নভাবে পেতে হলে সমবায়ের দরকার। সমবায়-এর উন্নতি হয়েছে বলেই এগুলি এগিয়ে যাচ্ছে, এটা আমাদের গর্ব। আমরা দেখতে পাচ্ছি এক বছরে সরকারের আয় বেড়েছে, মানুষের পার ক্যাপিটা ইনকাম বেড়েছে। তাহলে নিশ্চয়ই এই সরকার অন্তত সঠিক পথে চলছে এবং এই সরকার নিশ্চয়ই পশ্চিমবাংলার মানুষের অর্থনৈতিক উন্নতি ঘটিয়ে পরিচ্ছন্ন জীবনের দিকে তাদের নিয়ে যাচ্ছেন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী ইলা মিত্র : মাননীয় স্পিকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় যে, মাননীয় রাজ্যপালের ভাষণে নিম্নোক্ত বিষয়সমূহের কোনও উল্লেখ নাই :—

(১) সমগ্র দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরুদ্ধে সাম্রাজ্যবাদীদের বিশেষ করে মার্কিন সাম্রাজ্যবাদের নয়া ঔপনিবেশিক চক্রান্ত এবং তাদের সহযোগী অভ্যন্তরীণ দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার গণতন্ত্রবিরোধী চক্রান্ত ;

(২) রাজ্যের অভ্যন্তরে দক্ষিণপন্থী প্রতিক্রিয়া সামাজিক ভিত্তির বিরুদ্ধে সংগ্রাম ও তার জন্য জনসমাবেশে সরকারের ব্যর্থতা ;

(৩) জরুরি অবস্থায় ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য দেশপ্রেমিক জনতা বিশেষ

করে গ্রামীণ জনগণকে উৎসাহিত করে সক্রিয়ভাবে অংশগ্রহণ করানোতে সরকারের ব্যর্থতা ;

(৪) ২০ দফা কর্মসূচির সার্থক-রূপায়ণের জন্য সম্পূর্ণভাবে আমলাদের উপর নির্ভরতা ;

(৫) জরুরি অবস্থার অপব্যবহারের বিরুদ্ধে সরকারের নীরবতা ;

(৬) পৌর কর্মীদের ৫০ বৎসর পূর্ণ হলে জরুরি অবস্থায় সুযোগে তাদের খুশিমতো বাধ্যতামূলক অবসর গ্রহণে বাধ্য করার জন্য পৌর কর্তৃপক্ষকে অবাধ ক্ষমতা দেওয়া ;

(৭) জরুরি অবস্থায় সম্পত্তির বিকৃতিসাধন নিবারণের অজুহাত দিয়ে দীর্ঘদিনের সংগ্রামে অর্জিত গণতান্ত্রিক অধিকার হরণ ;

(৮) ১৯৭৪-৭৫ সালে খাদ্য সংগ্রহের ক্ষেত্রে সরকারের চরম ব্যর্থতা ও জোতদার মিলমালিকদের কাছে আত্মসমর্পণ ;

(৯) ১৯৭৫-৭৬ সালের খরিফ মরশুমে প্রচুর ফল হওয়া সত্ত্বেও খাদ্যসংগ্রহের লক্ষ্যমাত্রা মাত্র ৩ লক্ষ টন নির্ধারণ করে কায়েমি স্বার্থকে খুশি রাখা ;

(১০) সমগ্র রাজ্য জুড়ে জরুরি অবস্থার অপব্যবহার করে শ্রমিক-কর্মচারিদের উপর মালিকপক্ষের আক্রমণের সময় সরকারের নীরব দর্শকের ভূমিকা পালন ;

(১১) অন্যায়ভাবে লক-আউট, ক্লোজার, ছাঁটাই, স্বাস্থ্যপরীক্ষার অজুহাতে বাধ্যতামূলক অবসরগ্রহণ করানো সত্ত্বেও প্রতিবিধানে সরকারের ব্যর্থতা ;

(১২) রাজ্যের বিভিন্ন কলকারখানায় হাজার হাজার শ্রমিক-কর্মচারীকে লে-অফ করে এমন কি লে-অফ-এর দরুন প্রাপ্য টাকা দিতে মালিক শ্রেণীর অস্বীকৃতির ব্যাপারে সরকারের নীরবতা ;

(১৩) ১৯৭৫ সালের ৩১এ ডিসেম্বরের মধ্যে রাজ্যের সমস্ত লক-আউট, লে-অফ, ক্লোজার ছাঁটাই ও ধর্মঘট প্রত্যাহার করা হবে এই মর্মে রাজ্য অ্যাপেক্স বডির সর্বসম্মত সিদ্ধান্ত কার্যকর করতে সরকারের ব্যর্থতা ;

(১৪) শ্রমিক-কর্মচারী প্রভিডেন্ট ফান্ড ও ই এস আই স্কীমে মালিকদের দেয় টাকা এমনকি শ্রমিক-কর্মচারিদের কাছ থেকে কেটে নেওয়া লক্ষ লক্ষ টাকা জমা না দেওয়া সত্ত্বেও মালিকদের উপযুক্ত শাস্তি না দেওয়া ;

(১৫) রাজ্যের বেকার সমস্যার ভয়াবহ বৃদ্ধি ও তার প্রতিকারের জন্য কোনও সার্বিক পরিকল্পনা ;

(১৬) জরুরি অবস্থার মধ্যে মিসার ব্যাপক অপপ্রয়োগ ;

(১৭) রাজ্যের প্রশাসনে ও পুলিশের মধ্যে ঘুস, দুর্নীতি বৃদ্ধি ;

(১৮) ন্যূনতম মজুরি আইন কার্যকর করতে ব্যর্থতা ;

(১৯) ২০ দফা কর্মসূচি রূপায়ণের আন্দোলনকে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত করছে যে অসংখ্য পুলিসি মিথ্যা মামলা সেগুলি রোধ করতে সরকারের ব্যর্থতা ;

(২০) জোতদার-আমলা-পুলিশের আক্রমণের হাত থেকে ক্ষেতমজুর ও ভাগচাষীদের রক্ষা করতে সরকারের ব্যর্থতা ;

(২১) অভাবী জমি বিক্রয় আইন কার্যকর করতে সরকারের ব্যর্থতা ;

(২২) গৃহহীনদের গৃহ দেবার জন্য উপযুক্ত জমি দখল দিতে ও গৃহনির্মাণে সাহায্য করতে সরকারের ব্যর্থতা ;

(২৩) পাট, আলু প্রভৃতি অর্থকরী ফসলের ন্যায্য দর পেতে কৃষকদের উপযুক্ত সাহায্য করতে সরকারের ব্যর্থতা ;

(২৪) উৎপাদনের জন্য ও মহাজনদের কবল থেকে দরিদ্র ও মাঝারি কৃষককে জাতীয়কৃত ব্যাঙ্ক থেকে উপযুক্ত ঋণ পাইয়ে দিতে সরকারের ব্যর্থতা ;

(২৫) সেচকর বৃদ্ধি, লেভি-বহির্ভূত গরিব চাষীদের উপর 'স্বেচ্ছা লেভির' নামে জবরদস্তি ধান আদায় বর্ধিত খাজনা এমন কি বহু সেচ বিহীন জমিতেও তিন গুণ সেচকর আদায় প্রভৃতি নানাবিধ চাপের মধ্যে কয়েক বছরের বাকি বকেয়া সমস্ত সরকারি ঋণ চক্রবৃদ্ধি হারে সুদ সহ এককালীন আদায়ের জন্য দরিদ্র ও ক্ষুদ্র কৃষকদের উপর জুলুম রোধে সরকারি ব্যর্থতা ;

(২৬) খাদ্যশস্য ব্যতীত অপরাপর নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র ন্যায্যমূল্যে সরবরাহ নিশ্চিত করায় সরকারের ব্যর্থতা ;

(২৭) অর্থলোভে উদ্বৃত্ত জমি ফাঁকি দেবার ও ভাগচাষী উচ্ছেদের ধানচাষের জমিকে ব্যাপকভাবে বেআইনি মেছোঘেরিতে পরিণত করে সেচ ও জলনিকাশি ব্যবস্থাকে বিপর্যস্ত করার এবং ভাগচাষী ও পার্শ্ববর্তী ক্ষুদ্র রায়ত চাষীদের বিপন্ন করার জোতদারি চক্রান্ত ব্যর্থ করতে সরকারের ব্যর্থতা ;

(২৮) বৃহৎ ব্যবসায়ী ও মহাজনের কবল থেকে ক্ষুদ্র কুটির শিল্পীদের রক্ষা করতে সরকারের ব্যর্থতা ;

(২৯) বর্তমানে শিক্ষা সঙ্কট দূরীকরণে সরকারের ব্যর্থতা ;

(৩০) বর্তমানে শ্রেণীভিত্তিক বাছাই শিক্ষা ব্যবস্থা দূর করা ও তার বদলে গণতান্ত্রিক বৈজ্ঞানিক, জনগণমুখী শিক্ষাব্যবস্থা প্রবর্তন সরকারের ব্যর্থতা ;

(৩১) শিক্ষার জাতীয়করণ ও গণতন্ত্রীকরণে সরকারের ব্যর্থতা ;

(৩২) শিক্ষাক্ষেত্রে নয়া-ঔপনিবেশিক অনুপ্রবেশের বিরুদ্ধে সংগ্রামে সরকারের ব্যর্থতা ;

(৩৩) শিক্ষাক্ষেত্রে নির্দিষ্ট সময়ে পরীক্ষা গ্রহণ ও ফলপ্রকাশ নিশ্চিত করায় সরকারের ব্যর্থতা ;

(৩৪) জীবিকা নির্বাহের জন্য কোনও বিকল্প ব্যবস্থা না করেই দুঃস্থ হকারদের এবং বিভিন্ন গ্রাম ও শহরে জবর-দখল হঠানোর নামে অপ্রয়োজনীয় সরকারি ও পৌর জমি থেকে নির্বিচারে ব্যাপক উচ্ছেদ রোধে সরকারি ব্যর্থতা ;

(৩৫) ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য বহু ক্ষেত্রে রাজ্য সরকারি কর্মচারিরা সরকারের সহায়তায় সক্রিয়ভাবে এগিয়ে এলেও সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিতে সরকারের ব্যর্থতা ; এবং

(৩৬) আন্তর্জার্তিক নারীবর্ষের পটভূমিকায় জাতীয় উন্নয়নে নারীর উপযুক্ত ভূমিকা গ্রহণের জন্য মেয়েদের শিক্ষা ও জীবিকা অর্জনের ব্যাপকভাবে সুযোগ দানে সরকারের ব্যর্থতা।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মন্ত্রিসভার পক্ষ থেকে রাজ্যপাল তার বক্তব্য উপস্থিত করেছেন। আজকে ১৯৭৬ সালে যখন আমরা এই সভায় দাঁড়িয়ে আলোচনা করছি আমাদের পক্ষে এটা একটা খুবই আনন্দের দিন যে এই সময়ে আমাদের দেশের সমস্ত গণতান্ত্রিক মানুষ, সাম্রাজ্যবাদ বিরোধী ভূমিকা গ্রহণ করেছে, এই ধরনের সাম্রাজ্যবাদ বিরোধী ভূমিকা স্বাধীনতালাভের পর থেকে দেশের অগণিত জনসাধারণ কখনও গ্রহণ করেন নি। আজকে সাম্রাজ্যবাদের পক্ষে বলার একটিও লোক নেই। সম্প্রতি চন্ডীগড়ে শ্রীমতী ইন্দিরা গান্ধী যে বক্তব্য রেখেছেন, আমরাও বারবার সেই কথাই বলছি যে, আমাদের দেশের সংহতি, আমাদের দেশের সার্বভৌমত্ব, আমাদের দেশের স্বাধীনতার সামনে আজকে ভেতরের এবং বাইরের প্রতিক্রিয়া এমন বিপদ সৃষ্টি করেছে যা স্বাধীনতার পরবর্তীকালে আর কখনও হয়নি।

[3-40 — 3-50 p.m.]

এই কথাগুলি শ্রীমতী গান্ধী এই ৮ মাস কালীন জরুরি অবস্থার মধ্যে বার বার মানুষকে সতর্ক করে দিয়েছেন। আজ ভারতবর্ষের অগণিত মানুষের মধ্যে এই চেতনা অত্যন্ত প্রকটভাবে এসেছে যে সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে সংগ্রাম না করে আমাদের দেশের স্বাধীনতা রক্ষা করা যায় না, স্বাধীন অর্থনীতি গড়া যায় না। সেজন্য আমি শুরু করছি এই কথা বলে যে আজ অত্যন্ত আনন্দের দিন যে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে ভারতবর্ষের বেশির ভাগ মানুষ এসে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রীও এই কথা চন্ডীগড়ে বলেছেন এবং সেই স্পিরিট আমরা রাজ্যপালের

ভাষণে আশা করেছিলাম। পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় গভর্নমেন্ট বা ইন্দিরা গান্ধী থেকে আলাদা কিছু নয়। সেজন্য ইন্দিরা গান্ধী যে কথা বলেছেন সেই স্পিরিট যদি রাজ্যপালের ভাষণের শুরুতে থাকতো তাহলে মনে করতাম রাজ্যপালের ভাষণে একটা বাস্তব বক্তব্য মন্ত্রিসভার পক্ষ থেকে উপস্থিত করা হয়েছে। রাজ্যপালের ভাষণে আর একটা জিনিস লক্ষ্য করলাম প্রথম থেকে শেষ পর্যন্ত একটা প্রচন্ড কমপ্লাসিয়েন্সি সমস্ত কিছু ভাল চলছে কোথাও কোনও ছিদ্র নেই। সমস্ত ভাল হোক এটা আমরা সকলেই চাই। কিন্তু একটা হুঁসিয়ারি বার বার জরুরিকালীন অবস্থায় ইন্দিরা গান্ধী দিচ্ছেন যে একটা বিপদ সামনে আছে এবং একটা বিপক্ষ শক্তির সঙ্গে সংগ্রাম না করে আমরা বর্তমান অবস্থায় দাঁড়াতে পারি না কিন্তু সে রকম কোনও উদ্বেগ রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে না পেয়ে আমরা দুঃখিত। ২৬শে জুনের ১ ঘণ্টা আগেও কেউ কি বুঝতে পেরেছিলেন যে এই রকম একটা দারুণ বিপর্যয় হতে চলেছে? যদি অ্যালার্ট না থাকা যেত তাহলে কি মহা বিপর্যয় না ঘটে যেত। এ বিষয়ে কারুর কোনও মত পার্থক্য নেই। কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে আত্মসন্তুষ্টি এক কথায় বলব আত্মপ্রতারণার ভাব যেভাবে উপস্থিত করা হয়েছে সেটা ভাল হয়নি। আজ নানা কারণে আমরা সবাই উদ্বিগ্ন আছি। ১৯৭২ সালের এবং তারও আগের পুরানো কতকগুলি রাজ্যপালের ভাষণ পড়লাম। কিন্তু এ রকম ধরনের কমপ্লাসিয়েন্সির ভাব কোনও সময় দেখি নি এ বিষয়ে ডাঃ জয়নাল আবেদিনও জানেন। এমন কি গত ফেব্রুয়ারি মাসে রাজ্যপালের যে ভাষণ সেখানে কিন্তু জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে, মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে এবং রেশন ব্যবস্থা ভেঙ্গে যাবে এরকম একটা উদ্বেগ ছিল এবং ১৯৭৪ সালে রাজ্যপালের ভাষণের শেষদিকের কিছু কিছু যে অর্থনৈতিক অসুবিধা আছে সেই অর্থনেতিক অসুবিধার সুযোগ নিয়ে অনেক মানুষ বিশৃঙ্খলার চেষ্টা করছে আমাদের দেশে তার জন্য একটা হুঁশিয়ারি পর্যন্ত দেওয়া আছে। রাজ্যপালের ভাষণে এখন যে বক্তব্য উপস্থিত করা হল তাতে এটা কিন্তু দেখতে পেলাম না। দেখতে পেলে খুশি হতাম এবং যথাযোগ্য বক্তব্য রেখেছেন এটা মনে করতাম। এটা আমরা সকলেই জানি যে বিদেশি সাম্রাজ্যবাদ বিশেষ করে মার্কিন সাম্রাজ্যবাদের সহযোগিতায় আমাদের দেশের দক্ষিণপন্থী প্রতিক্রিয়া এবং প্রতিবিপ্লবী শক্তিগুলি একযোগে আমাদের দেশের স্বাধীনতা, সার্বভৌমত্বকে ধ্বংস করার যে চক্রান্ত করেছিল তার বিরুদ্ধে জরুরি অবস্থা ঘোষণা এবং অর্থনৈতিক ক্ষেত্রে ২০ দফা কর্মসূচি ঘোষণার মধ্য দিয়ে আমাদের দেশের সামনে যে অনুকূল পরিস্থিতির সৃষ্টি হয়েছে সেই অনুকূল পরিস্থিতিতে ৮ মাস কালীন যে জরুরি অবস্থা আমাদের দেশে চলছে তাতে রাজনৈতিক ক্ষেত্রে জরুরি অবস্থা ঘোষণা, অর্থনৈতিক ক্ষেত্রে ২০ দফা কর্মসূচি ঘোষণার মধ্যে দিয়ে আমরা কি কি সাফল্য লাভ করলাম এবং এই জরুরি অবস্থা ঘোষণার মধ্য দিয়ে আমাদের কি কি ত্রুটি ঘটেছে এগুলি যদি খোলাখুলি আলোচনা করি তবে রাজ্যপালের ভাষণ সম্পূর্ণ ভাষণ হবে বলে আমি মনে করি। একথা আমরা সকলেই জানি, যে কথা বারে বারে হাউসে আলোচিত হয়েছে, যে জরুরি অবস্থা ঘোষণার আগে বিদেশি সাম্রাজ্যবাদের সঙ্গে যোগসজাসে আমাদের দেশের প্রতি বিপ্লবী দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার শক্তিগুলি আমাদের পার্লামেন্টারি সংসদীয় গণতান্ত্রিক কাঠামোর সমস্ত অধিকারকে এবং স্বাধীনতাকে তাদের নিজেদের কাজে লাগিয়ে আমাদের

গণতান্ত্রিক কাঠামো এবং ধর্মনিরপেক্ষ রাষ্ট্রকে ধ্বংস করার কাজে লিপ্ত ছিল এবং প্রতি বিপ্লবী শক্তিগুলি চরমভাবে ক্ষমতা দখল করার জন্য যখন মরিয়া হয়ে উঠেছিল সেই সময় আমাদের সরকার এবং প্রধানমন্ত্রী যেভাবে আঘাত করে সাময়িকভাবে তাদের পর্যুদস্ত করেছে সেটা ন্যায় সঙ্গত হয়েছে সেটা আমরা আগেই বলেছি। তা যদি না করা হত তাহলে অত্যন্ত অন্যায় কাজ করা হত, আমাদের দেশের অবস্থা অত্যন্ত খারাপ হয়ে যেত। কারণ আমাদের চোখের সামনে চিলির ঘটনা জানি, পরবর্তীকালে বাংলাদেশের ঘটনা জানি। সেজন্য জরুরি অবস্থাকে আমরা সমর্থন জানিয়েছি। আজকে সমস্ত কিছু আলোচনার আগে বিশ্বপরিস্থিতিতে কি ঘটেছে সেটা যদি বুঝতে না পারি তাহলে আমাদের এই আলোচনাগুলি সঠিকভাবে হবে না। আজকে যখন এই চেতনা সকলের মধ্যে এসেছে যে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করে পরাজিত না করে কৃষকের জমি যেমন রক্ষা করা যায় না, তেমনি আন্তর্জাতিক ক্ষেত্রে যে ঘটনা ঘটছে সেগুলিকে মূল্যায়ন না করে আমাদের দেশের পরিস্থিতির মূল্যায়ন করা যায় না।

একথা আমরা সকলেই জানি যে তৃতীয় দুনিয়ার যে সমস্ত দেশগুলি রয়েছে, তাদের বর্তমানে সরকার সাম্রাজ্যবাদী বিরোধী ভূমিকা গ্রহণ করেছে, গোষ্ঠী নিরপেক্ষ নীতি গ্রহণ করছে। এবং সমাজতান্ত্রিক দেশের সঙ্গে বিশেষ করে সোভিয়েত রাশিয়ার সঙ্গে সহযোগিতা করে তাদের স্বয়ম্ভর অর্থনীতি গড়ে তোলার চেষ্টা করছে। আশ্চর্যের বিষয় হচ্ছে যে এই সমস্ত দেশগুলির উপর আমেরিকান সাম্রাজ্যবাদের আক্রমণ শুরু হয়েছে নতুন কায়দায় এবং ডি-স্ট্যাবিলাইজেশনের নীতি তারা গ্রহণ করেছে। অর্থাৎ সমস্ত কিছু লন্ডভন্ড করে দিয়ে তাদের স্বাধীন অর্থনীতি গড়ে তোলার যে ইচ্ছা সেটা নষ্ট করে দাও। আজকে দেখা যাচ্ছে আমেরিকা নিজেদের দেশে তীব্রতম অর্থনৈতিক এবং রাজনৈতিক সঙ্কটে জর্জরিত। একদিকে ইন্দোচিনের কাছে পরাজিত হয়ে, আরব দেশগুলির কাছে পরাজিত হয়ে বরং ল্যাটিন আমেরিকা পশ্চিম ইউরোপ এবং আফ্রিকাতে গণতান্ত্রিক ও বিপ্লবী আন্দোলন জোরদার হওয়ায় তারা এখন নয়া উপনিবেশবাদী আক্রমণকে তীব্র করে তুলেছে দক্ষিণ এশিয়ায় এবং তার মধ্যে প্রধান হল ভারতবর্ষ। তারা পাকিস্তানকে অর্থ সাহায্য দিচ্ছে, এটা আপনারা সকলেই জানেন, আপনারা জানেন তারা আমাদের ভারত মহাসাগরে দিয়াগো গার্সিয়ায় পারমানবিক ঘাঁটি স্থাপন করেছে এবং পারস্য উপসাগরীয় রাষ্ট্রগুলিকে ব্যাপকভাবে অস্ত্র সরবরাহ করছে। শুধু তাই নয়, সি আই এ এবং মার্কিন বহুজাতিক কর্পোরেশনগুলির তৎপরতা বৃদ্ধি পেয়েছে কৃষিক্ষেত্রে, স্কুল কলেজের ক্ষেত্রে কিভাবে সি আই এর অনুপ্রবেশ ঘটছে সেটা আপনারা সকলেই জানেন। কাজেই এই অবস্থাতে আমাদের এখানে যে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে এবং দ্রুততার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটা নিশ্চয়ই ন্যায় সঙ্গত। আজকে আমাদের সামনে সব চেয়ে বড় যে টাস্ক, সেটা হচ্ছে ডি-স্ট্যাবিলাইজেশনের যে নীতি মার্কিন সাম্রাজ্যবাদ গ্রহণ করেছে, তার বিরুদ্ধে দাঁড়িয়ে সমস্ত গণতান্ত্রিক এবং দেশপ্রেমিক মানুষকে ঐক্যবদ্ধ করা ও সংগ্রাম করা। আমি মনে করি আমাদের অর্থনৈতিক কর্মসূচিকে এগিয়ে নিতে যাওয়া এই দুটি কাজ আজকের একমাত্র দেশপ্রেমিক দায়িত্ব হিসাবে আমাদের উপর এসে পড়েছে। আট মাসের মধ্যে সব চেয়ে বড় ঘটনা গত ডিসেম্বর মাসে পাটনায় আন্তর্জাতিক ফ্যাসিবিরোধী সম্মেলন। আমি খুব খুশি হতাম যদি রাজ্যপালের ভাষণে এর উল্লেখ থাকত। ঐ ফ্যাসিবিরোধ

সম্মেলনে অস্থিতিশীল শক্তিকে পরাজিত করাবার জন্য সমস্ত গণতান্ত্রিক শক্তি কংগ্রেস সি পি আই এবং অন্যান্য গণতান্ত্রিক মানুষ ঐক্যবদ্ধভাবে এগিয়ে যাবে সম্মেলনে এই ইচ্ছাই ব্যক্ত হয়েছিল। আমরা প্রধান মন্ত্রীর ২০ দফা কর্মসূচি যোগ্যতার সঙ্গে কার্যকর করব এবং জরুরি অবস্থায় মহান দেশপ্রেমিকের দায়িত্ব পালন করবার জন্য আমরা সর্বশক্তি নিয়োগ করব। একদিকে কায়েমি স্বার্থকে পরাজিত করে একটা জাতিকে নতুনভাবে গড়ে তোলার জন্যও নির্ভীক বা প্রচন্ড কর্মদ্যোগের প্রয়োজন। আমাদের দেশে যারা গরিব মানুষ খেটে খাওয়া মানুষ তারা জয়প্রকাশের ও দক্ষিণপন্থী শক্তিসমূহের বিরুদ্ধে প্রধানমন্ত্রী ও সরকারকে সমর্থন জানিয়ে আমাদের সঙ্গে সংগ্রাম করছে এই কথা আপনার সকলেই জানেন। এই আট মাস ধরে যে জরুরি অবস্থা চলছে এই সময়ে আমার কার্যাবিলি পর্যালোচনা দরকার।

[3-50 — 4-00 p.m.]

আজ মার্কিন সাম্রাজ্যবাদ অভ্যন্তরীণ সঙ্কট প্রচন্ডভাবে শুরু হয়েছে, ভিয়েতনাম থেকে পরাজয় বরণ করে নতুন করে তারা অ্যাঙ্গোলার উপর ঝাঁপিয়ে পড়েছে অ্যাঙ্গোলার নিজের স্বাধীনতার জন্য অর্থনৈতিক স্বাধীনতার জন্য যে সংগ্রাম করছিল সেখানে মার্কিন সাম্রাজ্যবাদ মরিয়া হয়ে ঝাঁপিয়ে পড়েছিল সমস্ত গণতান্ত্রিক শক্তি বিশেষ করে সোভিয়েত ইউনিয়ন এবং কিউবা অ্যাঙ্গোলার পাশে দাঁড়িয়ে মূল্যবান সাহায্য দিয়ে এই যে সাম্রাজ্যবাদী চক্রান্ত আফ্রিকা মহাদেশে দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষীদের চক্রান্ত ব্যর্থ করেছে এই প্রসঙ্গে বলতে চাই যে অ্যাঙ্গোলার এম পি এল এর সরকারকে ভারত সরকার স্বীকৃতি দিয়ে যে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছেন তাকে অভিনন্দন জানাই এবং এই স্বীকৃতির মধ্য দিয়ে ভারতের সঙ্গে প্রগতিশীল আফ্রিকার রাষ্ট্রগুলি এবং তার জনগণের সাম্রাজ্যবাদী বিরোধী বন্ধনকে শক্তিশালী করেছে। বিশ্বধনতন্ত্রের গভীর সঙ্কট, সাম্রাজ্যবাদ ও তৃতীয় দুনিয়ার দেশগুলির বিরোধিতা সোভিয়েত ইউনিয়ন এবং সমাজতান্ত্রিক দেশগুলি বিশেষ করে সমাজতান্ত্রিক ব্যবস্থা সাফল্য ও অগ্রগতি এই পরিপ্রেক্ষিতে আমাদের দেশের ঘটনাগুলি বিচার করতে হবে। এই সময়ে সবচেয়ে বড় ঘটনা পাটনাতে আমরা সমস্ত গণতান্ত্রিক মানুষ বিশেষ করে কংগ্রেস এবং সি পি আই এবং অন্যান্য গণতান্ত্রিক মানুষ তারা ২০ দফা কর্মসূচিকে অবিলম্বে কার্যকর করবার জন্য প্রস্তাব গ্রহণ করেছিলেন এবং এই কথা বার বার সেই সম্মেলনে বলা হয়েছে যদি দক্ষিণপন্থী প্রতিক্রিয়া ও ফ্যাসিবাদের সামাজিক এবং অর্থনৈতিক ভিত্তিকে দুর্বল করে দেওয়া যায় এবং জনসাধারণের দুঃখ-কষ্ট যদি কিছুটা লাঘব করা যায় তাহলে এই সমস্ত শক্তিগুলি গণতান্ত্রিক অগ্রগতির পক্ষে সক্রিয় অংশ গ্রহণ করবে এবং প্রতিক্রিয়াশীলদের বিরুদ্ধে সংগ্রাম, কাজেই এই রকম একটা পরিপ্রেক্ষিতে আট মাসের কার্যকলাপ আমরা এখানে আলোচনা করব। আমি যে কথা দিয়ে শুরু করেছিলাম প্রধানমন্ত্রীর চন্ডীগড়ে যে ঘোষণা তা কেন পশ্চিমবাংলার মন্ত্রিসভার ভাষণের মধ্যে থাকল না? চন্ডীগড়ে শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রতিক্রিয়ার বিপদ সম্পর্কে যে বক্তব্য রেখেছিলেন মার্কিন সরকারের পক্ষ থেকে সরকারিভাবে এই প্রথম তার প্রতিবাদ করা হল এবং তা সত্ত্বেও প্রধানমন্ত্রী মাদ্রাজেও বিশাখাপত্তনমে তার সেই বক্তব্যের পুনরাবৃত্তি করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথাগুলি এই কারণে বলছি কারণ

আমাদের কার্যাবলীর পর্যালোচনা করতে হবে। লোকসভার নির্বাচন স্থগিত রাখা হয়েছে কারণ আমরা সকলেই গুরুত্ব দিয়ে ভেবে ছিলাম যে ২০ দফা কর্মসূচি রূপায়িত করতে হবে, কাজেই এক প্রাইয়োরিটি দিতে হবে। এই আট মাসে আমি নিশ্চয়ই বলব অনেক ভাল ভাল আইন অর্ডিন্যান্স পাস হয়েছে এবং রাজ্যপালের ভাষণে তার একটা পরিপূর্ণ চিত্র আছে। একে আমরা কেউই অস্বীকার করি না। কিন্তু সঙ্গে সঙ্গে এই জরুরি অবস্থার ব্যবহারের মধ্য দিয়ে যে সমস্ত অসুবিধার সৃষ্টি হচ্ছে যেভাবে গরিব মানুষগুলো হয়রান হচ্ছে পাশাপাশি সেই ছবি রাজ্যপালের ভাষণে নেই। সত্যিকারের ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য সরকার সমস্ত জনগণকে এগিয়ে নিয়ে যেতে চাইছেন তারও কোনও ইঙ্গিত নেই। রাজ্যপালের ভাষণে তিনি বলেছেন শিল্পে শান্তি নতুন নতুন কর্মসংস্থানের জন্য নতুন নতুন সুযোগ সৃষ্টি করা হয়েছে। কিন্তু মাননীয় স্পিকার মহাশয়, আপনাকে জিজ্ঞাসা করতে পারি কি তার চেয়ে ছাঁটাই লে-অফ, ক্লোজার, কর্মচ্যুত শ্রমিকের সংখ্যা কি বেশি নয়? কাল যখন আমাদের বিশ্বনাথদা বক্তৃতা করেছিলেন তখন শ্রীশঙ্কর ঘোষ তার উত্তর দিচ্ছিলেন যে যুক্তফ্রন্টের আমলে ২০ হাজার ছাঁটাই হয়েছিল এখন ৯ হাজার হয়েছে। একথা ঠিক নয়। উনি হিসাব টিসাব রাখেন না। কারণ পশ্চিমবঙ্গের শ্রম বিভাগ ডাঃ নাগের কাছে ১১ই ফেব্রুয়ারি পর্যন্ত যে হিসাব দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি অনেক লোক ছাঁটাই হয়েছে ২০টি ক্ষেত্রে লক-আউট, ৩২টি ক্ষেত্রে ক্লোজার।

১১৬১৫টি লক-আউটে এবং ক্লোজারে ৪০৬টি শ্রমিক কর্মচ্যুত হয়েছে। ১৩টি ক্ষেত্রে ধর্মঘটের দরুন ২৮৯০ শ্রমিক কর্মচ্যুত হয়েছে। তাছাড়া যে সমস্ত কলকারখানাগুলি স্থায়ীভাবে বন্ধ হয়ে গিয়েছে তাতে প্রায় ২০ হাজার শ্রমিক বেকার হয়েছে। রাজ্যপালের ভাষণে এই কথাগুলি রাখলে খুশি হতাম। বিশ্বনাথদা যে কথা বলেছেন তার আমি পুনরাবৃত্তি করতে চাই না। শ্রমিক আইনে নতুন নতুনভাবে শ্রমিকদের উপর চাপ সৃষ্টি করা হচ্ছে সেই, কিন্তু মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার কোনও আইন আজও হয়নি। এই ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য যে কাজ হওয়া উচিত ছিল তা অত্যন্ত শ্লথগতিতে হচ্ছে বলে আমি মনে করি। রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলায় কি কাজ হচ্ছে, কি কাজ বাকি আছে তার যদি একটা তালিকা আমাদের সামনে উপস্থিত করা হত তাহলে ভাবা হত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও একটা কথা আমি বলতে চাই এই ২০ দফা কর্মসূচিকে রূপ দেবার জন্য সমস্ত প্রগতিশীল শক্তিগুলিকে সংহত করে চলার কথা যা আমরা বিধানসভায় সকলে মিলে বলেছিলাম, এই ধরনের কোনও কথার উল্লেখ এর মধ্যে নেই। তাহলে ২০ দফা কর্মসূচি রূপায়ণ কি করে হবে? আবার অন্যদিকে দেখুন এই জরুরি অবস্থার কিভাবে গরিব মানুষ হয়রান হচ্ছে। পথি-পার্শে যে সমস্ত বস্তি ও দোকানগুলি ছিল তা ভেঙ্গে দেওয়া হচ্ছে। আমাদের রাস্তাকে, শহরকে সুন্দর করা দরকার, রাস্তা যাতে অবরোধ না হয় সেগুলি দেখা দরকার। কিন্তু কখনই এরকম ঘটনা ঘটেনি যে তাদের বিকল্প ব্যবস্থা না করে ঘর-বাড়িগুলি ভেঙ্গে দেওয়া হয়েছে। এই জরুরি অবস্থার মধ্যে দুই লক্ষ পরিবার দীর্ঘ নিশ্বাস ফেলতে ফেলতে, চোখের জল ফেলতে ফেলতে উঠে গেল। মালদা শহরে বিভিন্ন জায়গায় স্টেশনের ধারে ২৪ পরগনা ও সমস্ত জেলার বহু জায়গা থেকে দুই লক্ষ পরিবার উঠে গিয়েছে। এ

খবর আপনি জানেন এবং এ খবর আপনার দপ্তরে পৌঁছে গিয়েছে। এর মধ্যে কতজন যে আত্মহত্যা করেছে এই গ্লানি থেকে বাঁচবার জন্য। কাজেই এই জরুরি অবস্থায় যেমন এই ২০ দফা কর্মসূচি রূপায়ণ করা অত্যন্ত প্রয়োজন তেমনি এদের বিকল্প বাসস্থান দেবার কথা ভাবাও জরুরি ছিল এবং আমি আশা করি রাজ্যপালের ভাষণের মধ্যে তা যুক্ত হবে এবং অবিলম্বে এদের বিকল্প বাসস্থান দেবার ব্যবস্থা হবে। আরও আমরা লক্ষ্য করলাম যে অর্থনৈতিক ক্ষেত্রে এই আট মাস জরুরি অবস্থায় অনেক ভাল ভাল আইন পাস হয়েছে। যেমন হয়েছে কৃষি সংস্কার আইন, ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরির আইন সংশোধন লে-অফ ছাঁটাই ক্লোজার নিয়ন্ত্রণ আইন বার্মাশেল অধিগ্রহণ এইগুলি ভাল কাজ হয়েছে তা অস্বীকার করি না, তার পাশে পাশে শ্রমিকদের কাছ থেকে বোনাস ছিনিয়ে নেওয়া হল এই রকম ঘটনা স্বাধীনতার [illegible] আর কখনও ঘটেনি। যেভাবে শ্রমিকদের বোনাস ছিনিয়ে নেওয়া হল এবং অর্ডিন্যান্স জারি করা হল তার প্রকৃত অর্থ তাদের মজুরি হ্রাস। শ্রমিকরা যখন জরুরি অবস্থা সমর্থন করে ২০ দফা কর্মসূচিকে কার্যকর করার জন্য দেশের উৎপাদন বৃদ্ধির কাজে নিজেদের নিয়োগ করেছে ঠিক সেই সময় তাদের ন্যায্য পাওনা থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে।

[4-00 — 4-10 p.m.]

বিশেষ করে আমি একটা কথা বলতে চাই এই যে আপনারা জানেন যে ৮.৩৩ পারসেন্ট যে বোনাস তারা গত বছর পেয়েছিল সেই বোনাস এবারেও মালিকরা দিতেন। অনেক কংগ্রেস সদস্যও জানেন যে কল কারখানার মালিকরা অনেকে চেক পর্যন্ত লিখে ফেলেছিলেন ৮.৩৩ পারসেন্ট এই বোনাস দিতে হবে বলে। এই সময় সরকার-এর এই পদক্ষেপ ভুল হয়েছে এবং এটা করা উচিত হয়নি। অবিলম্বে এটা সংশোধন করা হোক এবং রাজ্যপালের ভাষণের সঙ্গে যুক্ত করা হোক। আরও আমরা দেখছি পশ্চিমবাংলার যে সমস্ত বেশির ভাগ গ্রামের এবং শহরের লোক যে শিল্পের সঙ্গে যুক্ত বিশেষ করে চটশিল্প, সেই চটকল মালিকদের সরকার কন্সেশন দিচ্ছেন। কিন্তু তারপরেও মালিকরা শ্রমিকদের উপর প্রচন্ড আঘাত হানছে। কেন্দ্র থেকে একটা তদন্ত কমিটি নিযুক্ত করা হয়েছে। আপনি জানেন শুধু চটকল কারখানার মালিকরাই নয়, সমস্ত বড় বড় শিল্প প্রতিষ্ঠান এবং তাদের মালিকরা এই জরুরি অবস্থার সুযোগ নিয়েছে এবং সরকারকে নির্বাক দেখে, তারা প্রচেষ্টা চালাচ্ছে শ্রমিকদের উপর আঘাত হানার। এটা সম্বন্ধে সরকারের অবহিত হওয়া দরকার।

কৃষিক্ষেত্রে কৃষি পণ্যসামগ্রীর দর—পাট, ধান এবং আলু এই সমস্ত ফসলের ব্যাপারে কৃষকরা কিভাবে মার খাচ্ছে সকলেই জানেন। তাছাড়া পশ্চিমবাংলায় অভূতপূর্ব ঘটনা এই যে পশ্চিমবাংলার একমাত্র বড় চালকলের যেখানে মালিকদের খোলা বাজারে চাল কেনার এবং মুনাফা করার অধিকার স্বীকৃত হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে। আমি আর একটা কথা বলতে চাই, আজকে দেশে এত ফলন হয়েছে, কিন্তু তা সত্ত্বেও সপ্তাহে মাত্র হাফ কে. জি. করে চাল রেশনে দেওয়া হচ্ছে এবং অত্যন্ত অখাদ্য চাল দেওয়া হচ্ছে। কৃষি উৎপাদনের ক্ষেত্রে রাজ্যপাল খুব সন্তোষ প্রকাশ করেছেন যে ৫২ লক্ষ টন ধানচাল সংগ্রহ

হয়েছে। কিন্তু তা সত্ত্বেও সংগ্রহের যে কোটা, কতটা সংগ্রহ করবেন, এ সম্বন্ধে রাজ্যপাল তার ভাষণে কিছু বলেন নি। তাও আমরা লক্ষ্য করলাম।

আমি আর একটা পয়েন্ট বলেই শেষ করব। সেটা হচ্ছে আন্তর্জাতিক নারীবর্ষ এখনও চলছে, সেকথা সকলেই জানেন। আন্তর্জাতিক নারীবর্ষের পটভূমিকায় জাতীয় উন্নয়নের নারীদের উপযুক্ত ভূমিকা গ্রহণের জন্য শিক্ষা, জীবিকার ক্ষেত্রে নারীদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা উচিত, তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। আমরা জানি আইনগত সুবিধা আমাদের মেয়েরা অনেক অর্জন করেছেন, তারা নির্বাচনে ভোট দিতে পারেন, নির্বাচিত হতে পারেন, বিবাহ-বিচ্ছেদ, পণপ্রথা, বিধবা-বিবাহ ইত্যাদি ব্যাপারে প্রগতিশীল অনেক আইন রচিত হয়েছে। কিন্তু এর জন্য অনেক লড়াই লড়তে হয়েছে। কিন্তু এর প্রকৃত তাৎপর্য তখনি ফুটে উঠে যখন প্রচন্ড সামাজিক দৃষ্টিভঙ্গি গড়ে উঠবে। অর্থনীতির বিকাশের জন্য যেমন ইনফ্রাস্ট্রাকচার দরকার, তেমনি নারী মুক্তিকে বিকশিত করার জন্য সামাজিক পরিবেশের এই ইনফ্রাস্ট্রাকচার রাষ্ট্রকে গড়ে তুলতে হবে। আজকের প্রগতিশীল রাষ্ট্র কেবল শুধু কর গ্রহণ ও বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশকে রক্ষা করে না, কল্যাণময়ী রাষ্ট্রের কল্যাণ-পরশ আজ সর্বত্র কর্মসংস্থানে, বিদ্যালয়ে সমাজে সংসারে।

আমাদের রাষ্ট্রকে আমাদের সরকারকে মা ও তার সন্তানদের রক্ষার ব্যবস্থা করবার জন্য আরও সুদৃঢ় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সামাজিক উৎপাদনমুখী শ্রমে, সরকারি কাজকর্মে ও রাষ্ট্র পরিচালনায় মেয়েদের ঠিক ঠিক উৎসাহ দিতে পারলে নারীমুক্তির এই ইনফ্রাস্ট্রাকচার তৈরি হতে পারে। সেই সম্পর্কে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।

আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। আজকের এই যে পরিস্থিতি তাতে ফ্যাসিবাদী দক্ষিণপন্থী শক্তিগুলির কাজকর্ম কিন্তু শেষ হয়ে যায়নি, সাময়িকভাবেও স্তিমিত হয়ে যায়নি। তাদের কার্যকলাপ দিনদিন বৃদ্ধি পাচ্ছে, যেমন ইস্তাহার বিলি, প্রাচীর লিখন কোনও কোনও ক্ষেত্রে তারা সত্যাগ্রহ পর্যন্ত করছে। আর এস এস আনন্দমার্গ, জনসংঘের কার্যাবলি প্রকাশ্যে চলছে। তারা নতুনভাবে তাদের শক্তি সংগ্রহ করছে, নতুন নতুন এলাকায় তাদের কর্মক্ষেত্র প্রসারিত করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ কথা আপনার জানা দরকার, এই পরিস্থিতি আমরা মনে করি আজ ভারতবর্ষের বেশির ভাগ প্রগতিশীল মানুষ ও ভারতবর্ষের সরকার আজ যে সাম্রাজ্যবাদ বিরোধী ভূমিকা গ্রহণ করেছেন এবং তার ফলে যে অনুকূল পরিবেশ সৃষ্টি হয়েছে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচিকে রূপায়ণের ক্ষেত্রে। আসুন আজকে কংগ্রেস কমিউনিস্ট সমস্ত প্রগতিশীল মানুষ ঐক্যবদ্ধ হয়ে আমাদের স্বাধীনতা রক্ষার জন্য, আমাদের স্বাধীন অর্থনীতি গড়ে তোলার জন্য সংগ্রাম করি।

রাজ্যপালের ভাষণের মধ্যে যুক্ত করার জন্য আমি আমার সংশোধনী উপস্থিত করলাম। আশাকরি রাজ্যপাল এগুলিকে গ্রহণ করবেন।

শ্রী কৃষ্ণপদ রায় : মাননীয় স্পিকার স্যার, আমার আগে মাননীয়া ইলা মিত্র মহোদয়ার বক্তব্যের প্রথম দিকে বক্তৃতা শোনবার পরে মনে হচ্ছিল আমাদের সরকার পক্ষের বক্তৃতা

আর রাখবার আর প্রয়োজন নাই। শেষদিকে ও কয়েকটি ব্যাপারে তিনি বললেন। তাতে উনি যেটুকু সময় নিয়েছিল তার প্রায় সবটুকু সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বক্তব্য রেখেছেন এবং সমাজতন্ত্রের কথা বলেছেন আর শেষকালে একটু গোলমাল করে ফেললেন। আমরা ও সাম্রাজ্যবাদ ও সমাজবাদ সাধারণভাবে যা বুঝি তিনিও নিশ্চয়ই তা বোঝেন। অথচ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে অনেক চিৎকার করলেন, বক্তব্য রাখলেন রাজনৈতিক পার্টি ও রাজনৈতিক মিছিলের জন্য। অন্য দিকে আমার বোনাসের কথাও তুললেন। সমাজবাদ ও বোনাস এক সঙ্গে করা যায় না। আমরা যা ভেবেছি, তিনিও তা মানছেন। তিনি শ্রীমতী ইন্দিরা গান্ধীকে আমাদের চেয়েও তাদের নেত্রী বলে স্বীকার করছেন। তার জন্য আমরা খুশি ও আনন্দিত। আমরা বিশ্বাস করি ভারতবর্ষ আজকে পৃথিবীতে তৃতীয় বিশ্বের একমাত্র শক্তি যারা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রকাশ্যে মতামত ঘোষণা করছে, তাদের নেতৃত্ব করছে। আমাদের প্রিয় নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী—আমি একটা রাজনৈতিক বক্তব্যের মধ্য দিয়ে সময় নষ্ট করতে চাচ্ছি না। পশ্চিমবাংলার বর্তমান বিধানসভায় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তার জন্য ধন্যবাদসূচক প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমাদের বেস্টার উইচ সাহেব—তার বক্তব্যে উল্লেখ করলেন—কোথায় কি কাজ হয়েছে, সেটা নাকি রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই। ঐ বইতে তিনি সে সব কিছু দেখতে পান নাই। আমার মনে হয় বার্ধক্যহেতু—তিনি তার দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেছেন। কোন শহরে কোন ব্লকে কি কি উন্নয়নমূলক কাজ হয়েছে—লিস্ট না দিলে নাকি বোঝা যায় না। সারা দেশে যে অগ্রগতির কাজ চলেছে তিনি সেটা ইচ্ছে করে দেখতে চাচ্ছেন না বা দেখবার চেষ্টাও করছেন না। আমরা জানি পশ্চিমবঙ্গের মানুষ বিশ্বাস করে এই সরকার পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কল্যাণের জন্য যে প্রয়াস চালিয়ে যাচ্ছেন—যেভাবে দেশকে অগ্রগতির পথে নিয়ে যাচ্ছেন—তার সামান্যতম অংশ রাজ্যপালের ভাষণের মধ্যে স্থান পেয়েছে।

[4-10 — 4-20 p.m.]

বিশদভাবে ঐটুকু পুস্তিকার মধ্যে তা রাখা সম্ভবপর নয়। প্রত্যেকটি বিভাগের যেভাবে উন্নয়নমূলক কাজকর্ম চলেছে, বিগত কয়েক বছরের মধ্যে তার কোনও নজির কেউ খুঁজে পাবেন না—কিভাবে সরকারি দৃষ্টিভঙ্গি ও প্রচেষ্টা তারা কাজে লাগাচ্ছেন। আমরা জানি আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচি তাকে বাস্তবায়িত করার জন্য পশ্চিমবঙ্গ সরকার বিভিন্নভাবে সক্রিয় আছেন এবং আমাদের বিভিন্ন অঞ্চলে, ব্লকে, আমাদের কেন্দ্রে সরকারি সাহায্য এবং সরকারি সহযোগিতায় সেই কর্মকাণ্ডের চেষ্টা করছি। আজকে ভূমিহীনদের ভূমি দিয়ে, বাস্তুহীনদের বাস্তু দিয়ে কিম্বা স্বাস্থ্য দপ্তর অত্যন্ত গ্রামাঞ্চলে সাবসিডিয়ারি হেলথ সেন্টার করে, হেলথ সেন্টারগুলির উন্নয়ন করে, নতুন করে হাসপাতাল করে, শিক্ষা বিভাগ প্রাথমিক বিদ্যালয় স্থাপন করে, সমবায় সমিতি স্থাপন করে, অথবা কৃষিকাজের উন্নতির জন্য সেচ ব্যবস্থার উন্নয়ন করে, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণ করে চলেছেন এবং এটা ধারাবাহিকভাবে চলছে সেটা বলতে পারি এবং সামগ্রিকভাবে পশ্চিমবাংলার উন্নয়ন এবং সামগ্রিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য আজকে আমাদের যে প্রয়াস বিরোধী পক্ষ

যাদের অস্তিত্ব সামান্যই তারা স্বীকার না করলেও এটা পশ্চিমবাংলার মানুষ বিশ্বাস করে। আমরা বিশ্বাস করি এই সরকার পশ্চিমবঙ্গকে প্রগতির পথে নিয়ে যাচ্ছে এবং সেই চলা অব্যাহত থাকবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণের যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি : মাননীয় রাজ্যপাল মহোদয়, পশ্চিমবঙ্গের রাজ্যপাল এই বাজেট অধিবেশনের উদ্বোধন করে যে ভাষণ রেখেছেন সেই ভাষণটি নাকি আশাব্যঞ্জক, সেই ভাষণটি নাকি উৎকৃষ্ট ধরনের—এইভাবে একটি সরকারি পক্ষ থেকে প্রস্তাব বিধানসভায় আলোচিত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং আজকে ভারতবর্ষের প্রতিটি মানুষ জানে আজকে ভারতবর্ষের মানুষ কি অবস্থায় দিন কাটাচ্ছেন। ২৮ বছর ভারতবর্ষ স্বাধীন হওয়ার পর, এর আগে আমরা দেখেছি, শুনেছি ভারতবর্ষে তিন তিনবার জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল। কিন্তু ২৬শে জুন ১৯৭৫ সালে যে জরুরি অবস্থা ঘোষণা করা হল স্বাধীন ভারতবর্ষের ইতিহাসে এর কোনও নজির নেই। বহিঃশত্রুর আক্রমণ থেকে বাঁচাবার জন্য এমার্জেন্সি করা হয়েছে, এবার গৃহশত্রুর আক্রমণ থেকে বাঁচবার জন্য এমার্জেন্সি করা হয়েছে বলে ঘোষণা করা হয়েছে ২৬শে জুন। ভাল কথা ভারতবর্ষকে বাঁচাতে হলে, ভারতবর্ষের লোকের কল্যাণ করতে হলে, ইন্দিরাজির ভাষায় ভারতবর্ষের অখন্ডতা রক্ষা করতে, গণতন্ত্র, সমাজতন্ত্র, সমাজবাদ প্রতিষ্ঠা করতে হলে যদি এমার্জেন্সি আনার প্রয়োজন হয় নিশ্চয় এমার্জেন্সি আনতে হবে। কিন্তু এমার্জেন্সি ঘোষিত হওয়ার পর যে প্রথম বাজেট অধিবেশন আজকে হল যার ভাষণ রাজ্যপাল দিলেন সেই ভাষণের মধ্যে কি আমরা আশা করতে পারি না ২৬শে জুনের পর আজ পর্যন্ত এমার্জেন্সির পর আমাদের কি কি উন্নতি হল তার একটা হিসাব? ২৬শে জুনের আগের অবস্থা এবং ২৬শে জুনের পরের অবস্থার একটা তুলনামূলক অবস্থা নিশ্চয় আমরা রাজ্যপালের ভাষণে আশা করতে পারি। কিন্তু সেই তুলনামূলক অবস্থা এতে নেই। তবুও নাকি এই ভাষণ আশাব্যঞ্জক, উৎকৃষ্ট ধরনের। ১৯৭২ সালের সিদ্ধার্থ রায়ের মন্ত্রিসভা শপথ গ্রহণের পর শুনেছিলাম গরিবি হটাবেন, ১৯৭৩ সালে শুনলাম দুর্নীতি দূর করবেন, ১৯৭৪ সালে শুনলাম বেকারি দূর করবেন, ১৯৭৫ সালে শুনলাম সমাজতন্ত্র আসছে, বেশি দূরে নেই, দোরগোড়ায় এসে হাজির। আজকে রাজ্যপালের ভাষণে আশা করেছিলাম কতটা গরিবি হটালেন, কতটা দুর্নীতি দূর করলেন, কতটা বেকারি দূর করলেন, এমার্জেন্সি আসার পর কতটা বেশি লোকের চাকরি হল, এসব থাকবে এই পশ্চিমবাংলায় এই সব সম্বন্ধে কি হয়েছে তা থাকবে এই ভাষণে। এমার্জেন্সি হল বাক স্বাধীনতা হরণ করা হল, ব্যক্তি স্বাধীনতা হরণ করা হল, ভারতবর্ষে যে ভারতবর্ষ ফান্ডমেন্টাল রাইটসের জন্য গর্বিত তাকে সাসপেন্ড করা হল, স্ক্রাপ করা হবে কিনা জানি না। কি লাভ হল? শ্রীমতী ইন্দিরা গান্ধীর পরলোকগত স্বামী শ্রী ফিরোজ গান্ধী ১০ বছর ভারতবর্ষ স্বাধীন হওয়ার পর সংগ্রাম করে লোকসভার এবং বিধানসভার কার্যাবলী কাগজে বেরোবার যে দাবি আদায় করেছিলেন তা হরণ করলেন তারই পত্নী। গতকাল বিরোধী দলের নেতা বলে আখ্যাত, জানিনা বিরোধী দলের নেতা বিশ্বনাথ মুখার্জি বক্তব্য দিলেন কিন্তু তা কাগজে বেরোলো না—তিনি দেড় ঘণ্টা বক্তৃতা দেওয়া সত্ত্বেও। শুধু শঙ্কর ঘোষের বক্তৃতা বেরোলো।

আর রাখবার আর প্রয়োজন নাই। শেষদিকে ও কয়েকটি ব্যাপারে তিনি বললেন। তাতে উনি যেটুকু সময় নিয়েছিল তার প্রায় সবটুকু সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বক্তব্য রেখেছেন এবং সমাজতন্ত্রের কথা বলেছেন আর শেষকালে একটু গোলমাল করে ফেললেন। আমরা ও সাম্রাজ্যবাদ ও সমাজবাদ সাধারণভাবে যা বুঝি তিনিও নিশ্চয়ই তা বোঝেন। অথচ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে অনেক চিৎকার করলেন, বক্তব্য রাখলেন রাজনৈতিক পার্টি ও রাজনৈতিক মিছিলের জন্য। অন্য দিকে আমার বোনাসের কথাও তুললেন। সমাজবাদ ও বোনাস এক সঙ্গে করা যায় না। আমরা যা ভেবেছি, তিনিও তা মানছেন। তিনি শ্রীমতী ইন্দিরা গান্ধীকে আমাদের চেয়েও তাদের নেত্রী বলে স্বীকার করছেন। তার জন্য আমরা খুশি ও আনন্দিত। আমরা বিশ্বাস করি ভারতবর্ষ আজকে পৃথিবীতে তৃতীয় বিশ্বের একমাত্র শক্তি যারা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রকাশ্যে মতামত ঘোষণা করছে, তাদের নেতৃত্ব করছে। আমাদের প্রিয় নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী—আমি একটা রাজনৈতিক বক্তব্যের মধ্য দিয়ে সময় নষ্ট করতে চাচ্ছি না। পশ্চিমবাংলার বর্তমান বিধানসভায় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তার জন্য ধন্যবাদসূচক প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমাদের বেস্টার উইচ সাহেব—তার বক্তব্যে উল্লেখ করলেন—কোথায় কি কাজ হয়েছে, সেটা নাকি রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই। ঐ বইতে তিনি সে সব কিছু দেখতে পান নাই। আমার মনে হয় বার্ধক্যহেতু—তিনি তার দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেছেন। কোন শহরে কোন ব্লকে কি কি উন্নয়নমূলক কাজ হয়েছে—লিস্ট না দিলে নাকি বোঝা যায় না। সারা দেশে যে অগ্রগতির কাজ চলেছে তিনি সেটা ইচ্ছে করে দেখতে চাচ্ছেন না বা দেখবার চেষ্টাও করছেন না। আমরা জানি পশ্চিমবঙ্গের মানুষ বিশ্বাস করে এই সরকার পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কল্যাণের জন্য যে প্রয়াস চালিয়ে যাচ্ছেন—যেভাবে দেশকে অগ্রগতির পথে নিয়ে যাচ্ছেন—তার সামান্যতম অংশ রাজ্যপালের ভাষণের মধ্যে স্থান পেয়েছে।

[4-10 — 4-20 p.m.]

বিশদভাবে ঐটুকু পুস্তিকার মধ্যে তা রাখা সম্ভবপর নয়। প্রত্যেকটি বিভাগের যেভাবে উন্নয়নমূলক কাজকর্ম চলেছে, বিগত কয়েক বছরের মধ্যে তার কোনও নজির কেউ খুঁজে পাবেন না—কিভাবে সরকারি দৃষ্টিভঙ্গি ও প্রচেষ্টা তারা কাজে লাগাচ্ছেন। আমরা জানি আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচি তাকে বাস্তবায়িত করার জন্য পশ্চিমবঙ্গ সরকার বিভিন্নভাবে সক্রিয় আছেন এবং আমাদের বিভিন্ন অঞ্চলে, ব্লকে, আমাদের কেন্দ্রে সরকারি সাহায্য এবং সরকারি সহযোগিতায় সেই কর্মকাণ্ডের চেষ্টা করছি। আজকে ভূমিহীনদের ভূমি দিয়ে, বাস্তুহীনদের বাস্তু দিয়ে কিম্বা স্বাস্থ্য দপ্তর অত্যন্ত গ্রামাঞ্চলে সাবসিডিয়ারি হেলথ সেন্টার করে, হেলথ সেন্টারগুলির উন্নয়ন করে, নতুন করে হাসপাতাল করে, শিক্ষা বিভাগ প্রাথমিক বিদ্যালয় স্থাপন করে, সমবায় সমিতি স্থাপন করে, অথবা কৃষিকাজের উন্নতির জন্য সেচ ব্যবস্থার উন্নয়ন করে, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণ করে চলেছেন এবং এটা ধারাবাহিকভাবে চলছে সেটা বলতে পারি এবং সামগ্রিকভাবে পশ্চিমবাংলার উন্নয়ন এবং সামগ্রিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য আজকে আমাদের যে প্রয়াস বিরোধী পক্ষ

মাহিনা বাড়াবার জন্য কিছু টাকা দিয়েছি। কিন্তু স্যার, সেই টাকা এ পর্যন্ত শিক্ষকদের হাতে পৌঁছাল কি? ১৯৭২ সালে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই বিধানসভায় দাঁড়িয়ে শিক্ষকদের ভাতা ইত্যাদি বাড়াবার কথা বলেছিলেন। আজকে এই ১৯৭৬ সালে বাজেট অধিবেশনে দাঁড়িয়ে এই সরকার কি বলতে পারেন সেই ঘোষিত টাকা শিক্ষকদের হাতে পৌঁছেছে কিনা? না সে টাকা এখনও তাদের হাতে যায় নি। এমনই একটি সার্কুলার দেওয়া হয়েছে যা গোলকধাঁধায় ভরা এবং তা এমনই ইনকনসিস্টেন্ট যে ফিকসেসন করতে করতে আরও ৫ বছর লেগে যেতে পারে। কাজেই একটি পয়সাও তারা পেল না। যাই হোক, টাকা না হয় দেওয়া হল, কিন্তু শিক্ষা ব্যবস্থার উন্নতি কি হল? আজকে আমার মেদিনীপুর জেলার মন্ত্রী জ্ঞান সিং সোহনপাল মহাশয় এখানে আছেন, তিনি জানেন, সেই মেদিনীপুর জেলা যার জনসংখ্যা ৫২ থেকে ৫৫ লক্ষ এবং স্কুলের সংখ্যায় ২৪ পরগনাকে বাদ দিলে প্রথম সেই মেদিনীপুর জেলার প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা দেখছেন একজন ডি আই অব স্কুল। তার কোনও এ ডি আই নেই, এ আই নেই, এস আই নেই, লেখাপড়া হচ্ছে কিনা তা দেখবার জন্য একটা স্কুল ভিজিট করা হয় না, এই হচ্ছে অবস্থা। স্যার, আজকে আমার জিজ্ঞাস্য, আমাদের পশ্চিমবাংলায় কি শিক্ষিত লোকের অভাব—এম এ পাশ ডক্টোরেট বা বি এ বি টি লোকের অভাব যে পরিদর্শক নিয়োগ করার ব্যবস্থা হয় না? এই ভাবে আমাদের শিক্ষা ব্যবস্থা চলছে আর আমাদের সরকার বড় বড় কথা বলছেন। স্যার, এই প্রসঙ্গে বলি, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে ডেপুটি মিনিস্টার, স্টেট মিনিস্টাররা পর্যন্ত দেখি শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের জন্য চোখের জল ফেলে ফেলে একেবারে ভাসিয়ে দিচ্ছেন। কিন্তু কি তাদের টাকা দিচ্ছেন শিক্ষার জন্য? মেয়েদের শিক্ষা ব্যবস্থার জন্য টিউশন ফি গ্রান্ট আর স্টাইপেন্ড। স্যার, স্টাইপেন্ড কথাটি সুন্দর কিন্তু তা পায় কটা লোক? ১৯৬৭ সালে আগে যে সমস্ত শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস এরিয়ায় হোস্টেল তৈরি হয়েছিল এবং বৃত্তি দেওয়া হচ্ছিল আজকে সেই সমস্ত হোস্টেল শূন্য হতে বসেছে। স্টাইপেন্ড ঠিক সময় দেওয়া হয়না, দেওয়া হলেও কোথাও অর্ধেক, কোথাও একের তিন ভাগ কোথাও একের চার ভাগ এইভাবে দেওয়া হচ্ছে। এই সম্পর্কে আপনি যান বলতে শিডিউল্ড কাস্ট ওয়েলফেয়ার বোর্ডে সেখানে আপনাকে বলা হবে, সরকার দেয়নি। স্যার, সেখানে এক কথা বলা হচ্ছে আর এই বিধানসভায় দাঁড়িয়ে এরা বলছেন শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের অঢেল টাকা দেওয়া হচ্ছে, তার কারণ তারা অনুন্নত, তারা পেছনে পড়ে আছে ইত্যাদি। স্যার, আমি বলব, আজকে এই সমস্ত বড় বড় কথা বলে লাভ নেই বা সুন্দর সুন্দর কথা বই-তে ছাপিয়েও কোনও লাভ নেই, যদি সত্যিকারের তাদের উন্নতি করতে হয় তাহলে কোথায় গলদ বা কেন তারা টাকা পাচ্ছে না তা খুঁজে বের করতে হবে। স্যার, রাজ্যপালের ভাষণে এসব কথা থাকা উচিত ছিল বলেই আমি মনে করি এবং আমি মনে করি তাদের ভাষণে থাকা উচিত ছিল যে, আমার কাছে খবর এসেছে যে উপজাতি সম্প্রদায়ের লোকরা ঠিক সময় টাকা পাচ্ছে না কেন তারা তা পাচ্ছে .না সেটা খুঁজে বের করতে হবে এবং তা করবার জন্য আমি আমার সরকারকে নির্দেশ দিয়েছি। সে সব কিছু নেই। পাওয়ার মিনিস্টার এখানে নেই। Power has reached 10,244 villages. My humble submission is that pole has reached 10,244 villages but

not the power. ১০ হাজার গ্রামে কতকগুলি কাঠ পোঁতা হয়েছে আর তার টাঙিয়ে দেওয়া হয়েছে যে তারে গ্রামের লোকেরা কাপড় শুকাচ্ছে। আর আপনারা রাজ্যপালের ভাষণে বাহবা নিচ্ছেন, পাওয়ার হ্যাজ রিচড ১০,২৪৪ ভিলেজেস সেই ভাষণ নাকি আশাব্যঞ্জক, সেই ভাষণ নাকি উৎকৃষ্ট ধরনের। আজকে ইলেক্ট্রিসিটির জন্য শুধু গ্রামের লোক নয়, গ্রামের লোকের প্রতিনিধি হয়ে যারা এসেছেন তারা প্রশ্নোত্তরকালে মাথা কুড়ছেন মন্ত্রীর কাছে যে ইলেক্ট্রিসিটি দাও। শিক্ষা বলুন, কৃষি বলুন, শিল্প বলুন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্য বলুন, সব কিছু নির্ভর করছে পাওয়ারের উপর। পাওয়ার-এর কথা বলছেন যে ১০ হাজার গ্রামে ইলেক্ট্রিসিটি পৌঁছে দেব কিন্তু ৫ হাজার গ্রামে পৌঁছেছে কিনা সন্দেহ। কাজেই বাহবা পাবার কিছু নেই। বড় বড় কথা বলা হচ্ছে যে আমরা কি করেছি, না, নেতাজি ইন্ডোর স্টেডিয়াম করেছি, ১২ হাজার লোক বসে খেলা দেখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও আপনি চিকিৎসাশাস্ত্র অধ্যায়ন করেন নি, তবুও আপনি জানেন যে শুধু মুখে যদি রক্ত সঞ্চারিত হয় তাকে স্বাস্থ্যবান শরীর বলা যায় না। কলকাতায় ১২ হাজার লোক বসে খেলা দেখল আর পশ্চিমবাংলার ৩ লক্ষ ক্রীড়ামোদি যুবক তারা কোথায় খেলবে তাদের খেলার জন্য মাঠ দিয়েছেন? এখানে নেতাজি স্টেডিয়াম করে বড় বড় কথা বলা হচ্ছে যে ১২ হাজার লোক বসে খেলা দেখছেন। টালিগঞ্জে টিভি বসিয়েছেন। কটা লোক টিভি দেখবে? পশ্চিমবাংলার কটা লোকের টিভি কেনবার পয়সা আছে? টিভি দেখাতো দূরের কথা টি বিতে মানুষ মরতে বসেছে। আর টিভি দেখবে কারা? টালিগঞ্জে টিভি সেন্টার করছি বলে রাজ্যপালের ভাষণে রেখে দিয়েছি। জমি বন্টন ২০ দফা প্রোগ্রামে দিয়েছেন। এই পাট্টার কথা বলতে গিয়ে একথা বলব যে, কয়টা লোক পাট্টা পেল সেটা বড় কথা নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা আপনার কাছে নিবেদন করতে চাই সেটা হচ্ছে, এই পাট্টা কটা লোক কাজে লাগাতে পেরেছে? বাস্তুজমি দিলাম। সেটা শ্মশানে দেই আর ভাগাড়ে দেই সেটা দিয়ে বাস্তু তৈরি হোক বা না হোক লিখে দিলাম কাগজ কলমে। বাড়ি তৈরি করবার জন্য টাকা ১৯৭৫-৭৬ সালের আর্থিক বছরের মধ্যে কি পেয়েছে, মার্চ মাসের মধ্যে একটা লোকের কাছেও পৌঁছাবে না। কত সালের বাজেটে সেটা পৌঁছাবে সেটাও বলা যাচ্ছ না। আমরা কিনা ভূমিহীনদের এবং বাস্তুহীনদের জমি দিচ্ছি বড় বড় কথা বলে লাভ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি এম ডি এ বড় বড় কাজ করছে। যারা কলকাতায় থাকেন আমরাও কলকাতায় আছি দেখি যদি লোডশেডিং হয়ে যায় pitholes, potholes are nothing but death holes মানুষ পড়ে মরবে। বৃষ্টিতে সি এম ডি এ এমন কাজ করে চলেছে, যে রাস্তাঘাটে চলা যায়না, মানুষ চলতে পারে না, বাস ট্রাক চলে যাতে মানুষকে স্টানডেড হয়ে থাকতে হয়। আজকে সি এম ডি এ সেই কাজ নিয়ে, পাওয়ার এই কাজ নিয়ে, এডুকেশন এই জিনিস নিয়ে হাউসিং প্রবলেম নাকি সলভ করবেন? ৪০ হাজার টাকার বাড়ি করেছেন, সর্বনিম্ন দাম। এই সর্বনিম্ন দাম ৪০ হাজার টাকায় কয়টা মানুষ কিনবে পশ্চিমবাংলায় দরিদ্র সম্প্রদায়? একটা বাড়িও বিক্রি হচ্ছে না। বাড়িগুলি তৈরি হয়ে ভেঙ্গে পড়ে যাচ্ছে, আর আপনি হাউসিং প্রবলেম সলভ করছেন এই সব বড় বড় কথা বলা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এসব কথা বলে পশ্চিমবাংলার মানুষের উন্নতি করা যাবে না। মানুষকে ধোঁকা দেওয়া যাবে মাত্র কিছুদিনের

জন্য। আজকে এমার্জেন্সি করা হয়েছে। ভাল করা হয়েছে কি মন্দ করা হয়েছে তা ওরা বলবেন। মাননীয়া ইলা মিত্র মহাশয়া বললেন যে ভারতবর্ষ শেষ হয়ে যেত যদি এমার্জেন্সি ডিক্লেয়ারড না হত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় দাঁড়িয়ে একথা বলতে চাই, এমার্জেন্সি যদি বেশিদিন থাকে ভারতবর্ষের বুকে, ভারতবর্ষের মানুষ যদি স্বাধীনভাবে চলাফেরা করতে না পারে, ভারতবর্ষের মানুষ যদি স্বাধীনভাবে মত প্রকাশ করতে না পারে, ভারতবর্ষের বিচার ব্যবস্থায় যদি নিরপেক্ষতা ফিরে না আসে ভারতবর্ষের মানুষকে যদি বেশি দিন কণ্ঠরোধ করে রাখা হয় তাহলে ভারতবর্ষ আগ্নেয়গিরি তৈরি করা হবে সেই আগ্নেয়গিরির অগ্নুৎপাতে আমরা সবাই ভস্মীভূত হব। মনসদ থাকবে না, কোনও দেশে কোনও মানুষকে এই রকমভাবে মুখচোখ বন্ধ করে রাখা যায় না বেশিদিন। তা আমার থেকে আপনি খুব ভাল করেই জানেন, অধ্যক্ষ মহাশয়, অভিজ্ঞ রাজনীতিবিদ হিসাবে। Emergency is the last resort to maintain regime of Smt. Ghandi, I should say.

[4-30 — 4-40 p.m.]

অতএব আজকে সেই জরুরি অবস্থা বেশি দিন চালিয়ে, যেমন ২৬শে জুনের পর থেকে কোনও উন্নতি লক্ষ্য করা যায়নি, সেই রকম এমার্জেন্সি বেশি দিন রেখে কোনও উন্নতি করা যাবে না। উন্নতি এইভাবে হতে পারে না। এমার্জেন্সি হবার পর কেরোসিন তেলের দাম কমলো কি? গ্রামের লোক যে মডিফায়েড রেশন পায় তার কোটা বাড়ল কি? কলকাতার লোকেরা যে গন্ধ চাল পায়, সেটা বন্ধ হল কি? বলা হয়েছে গ্রামের ছাত্রছাত্রীরা যাতে পড়াশুনা করতে পারে তার জন্য ৪০টি ব্লকে কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে কেরোসিন তেল এবং কাগজ দেওয়া হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের পশ্চিমবাংলায় ৩০৫টি ব্লক রয়েছে, তার মধ্যে মাত্র ৪০টি ব্লকে দেওয়া হবে, এই কথা বলে বাহাদুরি নিচ্ছেন। যদি তিনি ২১৭টি ব্লকে দেওয়া হবে বলতেন তাহলে বুঝতাম তিনি ২১৭ ব্লকে দিতে পেরেছেন বাকিগুলোতে দিতে পারেন নি। অতএব এই ভাষণের মধ্যে কতগুলো মামুলি কথা ছাড়া আর কিছু নেই। সুতরাং রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক যে প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রদ্যোৎ মহান্তি মহাশয় এতক্ষণ তার বক্তব্য রাখছিলেন এবং তার বক্তব্যের মধ্যে আগাগোড়াই হতাশার সুর আমি অনুমান করতে পারছিলাম। বিশেষ করে তিনি যে দলের সভ্য, সেই দল জনগণের থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে গেছে এবং জনসাধারণের সঙ্গে কোনও যোগাযোগ নেই, ডাস্টবিন তাদের স্থান হয়েছে। তাই আমি লক্ষ্য করতে পারছি তার বক্তব্যের মধ্যে দিয়ে একটা হতাশার সুর। তিনি বলছেন যে এই জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে দেশের নাকি কোনও উন্নতি হয়নি বা জরুরি অবস্থার কোনও প্রয়োজন নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অনুমান করতে পারেন ২৬শে জুনের আগে সারা ভারতবর্ষে একটা কি অবস্থার সৃষ্টি হয়েছিল এবং আইন শৃঙ্খলা কোথায় গিয়েছিল, একটা বিরাট নৈরাজ্য সৃষ্টি হয়েছিল, সেই অবস্থার পরিপ্রেক্ষিতে এই জরুরি অবস্থার প্রয়োজন ছিল এটা সারা ভারতবর্ষের প্রতিটি মানুষ নিশ্চয়ই অনুমান

করতে পারেন। সেই সঙ্গে সঙ্গে বলব আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর এই ২০ দফা কর্মসূচিকে রূপায়ণের জন্য উৎপাদন মাত্রা অনেক অংশে বেড়ে গেছে। শিল্প এবং কৃষি ক্ষেত্রে উৎপাদন মাত্রা নিশ্চয়ই অনেক গুণ বেড়েছে। আমাদের রাজ্য পশ্চিমবাংলার আয় আনুমানিক ৮৫৫ কোটি টাকা বেড়েছে, এটা এই জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতেই হয়েছে। মাননীয় সদস্য প্রদ্যোৎ মহান্তি মহাশয় নিশ্চয়ই এইগুলো বুঝতে পারেন নি, বা বুঝে দেখবার তিনি চেষ্টা করছেন না। তাই তার বক্তব্যের মধ্যে একটা হাতাশার সুর প্রকাশ পেয়েছে। আমরা দেখতে পাচ্ছি এই জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে নিশ্চয়ই মুদ্রাস্ফীতির চাপ অনেক অংশে কমেছে, তার ফল আমরা দেখতে পাই জিনিসপত্রের দাম অনেক কম হয়েছে। এবং সবুজ বিপ্লব অনেক অংশে সব দিক থেকে স্বার্থক হয়েছে, এটা নিশ্চয়ই স্বীকার করতে বাধ্য। আমন ধান গত বছর ৪৮ লক্ষ টন উৎপাদন হয়েছিল, সেই জায়গায় এই বছর উৎপাদন হয়েছে ৫২ লক্ষ টন। আজকে এই জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে এই অর্থনৈতিক প্রগতির জন্য যে অর্থনৈতিক কর্মসূচি নেওয়া হয়েছে তার একমাত্র লক্ষ্য হচ্ছে দারিদ্র দূর করা। শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন এই জরুরি অবস্থা ওয়ার এগেনস্ট পভার্টি, দারিদ্র্যের বিরুদ্ধে আমাদের সংগ্রাম।

আজকে বিদ্যুৎ সবুজ বিপ্লবের জন্য, সেচের সুবিধার জন্য, বিভিন্ন পারপাসের জন্য বিভিন্ন গ্রামে নিয়ে যাওয়া হচ্ছে। কিন্তু প্রকৃতপক্ষে মুষ্টিমেয় কতকগুলি গ্রাম এলাকাই এর দ্বারা উপকৃত হচ্ছে। সমস্ত গ্রাম এলাকা এর দ্বারা উপকৃত হচ্ছে না। তাই যে সব এলাকা অবহেলিত রয়েছে সেসব এলাকার দিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি মন্ত্রী সভাকে অনুরোধ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কৃষিজাত ফসলের উৎপাদন এত বেড়েছে যে এর ফলে গ্রামাঞ্চলের এক শ্রেণীর লোকের হাতে অর্থ পড়ছে। এর ফলে চাষী বঞ্চিত হচ্ছে। আজকে উৎপাদন বেড়েছে, কিন্তু সুষ্ঠ বন্টন হচ্ছে না। প্রপার ডিস্ট্রিবিউশনের ওপর নজর দেওয়া দরকার। আজকে শিল্পের ক্ষেত্রে যেসব শ্রমিকরা আছে তারা অর্গানাইসড, তারা সংঘবদ্ধ। সেই কারণে আজকে তাদের দাবি অনুযায়ী আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী পরিষ্কারভাবে ঘোষণা করেছেন যে লে অফ করা চলবে না, ক্লোজার করা চলবে না, করতে হলে এর জন্য ৩ মাসের নোটিশ দিতে হবে এবং সরকারের অনুমতি নিতে হবে। কিন্তু আমি বলছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গ্রাম বাংলায় যে সমস্ত কৃষি শ্রমিকরা আছে, দিন মজুররা আছে তাদের জোতদাররা, জমির মালিকরা বঞ্চিত করছে। তাদের স্বার্থ রক্ষা করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের কোনও আইন আমরা দেখতে পাচ্ছি না। সরকারের পক্ষ থেকে কৃষি মজুরদের মজুরি নির্ধারণ করা হয়েছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে আমরা কী দেখছি? সেই কারণে সরকারের সে বিষয়ে অধিক নজর দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করি। শিল্প শ্রমিকদের দাবি পরিপূরণ হচ্ছে এবং তাদের স্বার্থে, তাদের মঙ্গলের জন্য আইন প্রয়োগ করা হচ্ছে, এটা অত্যন্ত সুখের কথা। কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমরা দাবি করছি গরিব মুসলমান এবং তফসিলি সম্প্রদায়ের দিন-মজুরদের উন্নতির জন্য, তাদের স্বার্থ রক্ষার জন্য চিন্তা করার দরকার আছে। জয় হিন্দ।

[4-40 — 4-50 p.m.]

শ্রী ভূপালচন্দ্র পান্ডা : মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয় যে বক্তৃতা দিয়েছেন এবং তার ওপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবের যথার্থতা সম্পর্কে দু-একটি কথা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করবার জন্য বলছি। প্রথম কথা হল খাদ্যমন্ত্রী ১লা নভেম্বর থেকে ২১শে অক্টোবর পর্যন্ত যে ক্যালেন্ডার ইয়ার প্রশ্নোত্তরের সময়ে বলেছেন যে, এই এক বছর যে টাইম এর মধ্যেই খাদ্য সংগ্রহের সময়কাল পরিব্যাপ্ত। ডেপুটি স্পিকার, স্যার, আপনি জানেন এই যদি তার চিন্তাধারা হয় তাহলে তার হাতে খাদ্য দপ্তর থাকে কিনা, এটা একটা প্রশ্নের বিষয় হয়ে দাঁড়িয়েছে। অর্থাৎ কোন সময় খাদ্য সংগ্রহ করা হবে যে সময় অতিক্রান্ত সেই সময়ে খাদ্য সংগ্রহ করা যদি না হয়ে থাকে তাহলে আর খাদ্য পাওয়া যায় না, একথা বাংলাদেশের মানুষ দিনের পর দিন তাদের জীবনের অভিজ্ঞতা দিয়ে বুঝছে যাই হোক একটা কথা বলা হয়েছে যে, বাম্পার ক্রপ হয়েছে, প্রচুর ফসল হয়েছে। গতকাল মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বললেন যে এক বছরে ১০ লক্ষ টন ফসলের উৎপাদন বেড়েছে, এটা একটা যুগান্তকারী ঘটনা। কিন্তু স্যার, কয়েক বছরের তথ্যের ভেতর দিয়ে দেখাতে পারি যে আমাদের দেশে যেখানে ২৭ থেকে ৩৪ হচ্ছে সেচ এলাকা, তারমানে এখনও ২/৩ অংশ কৃষি জমিতে কোনও সেচের ব্যবস্থা নেই। সে জায়গায় যে ফসল হয় সেই ফসল প্রধানত প্রকৃতি নির্ভর এবং প্রকৃতির খামখেয়ালি চেহারা আমরা কয়েক বছরের ফসলের উৎপাদনের ইতিহাস দেখলেই বুঝতে পারব। আমাদের খাদ্যমন্ত্রীর দপ্তর বলছে যে ১৯৬৫ সালে ৫১ লক্ষ টন খাদ্য উৎপাদন হয়েছিল। সেটা পরের বছর কমে গেল, হল ৪৬ লক্ষ টন, আর তার পরের বছর কমে ৪২ লক্ষ ৫৪ হাজার টন হয়েছিল। ৭০ সালে এসে আবার সেটা উঠেছিল ৫০ লক্ষ ৮৯ হাজার টনে। পরবর্তীকালে নেমে গেল, ৭১ সালে ৪৬ লক্ষ ৩৬ হাজার টনে সেটা নেমে গেল, ৭২ সালে সেটা আরও নেমে হল ৪৬ লক্ষ ৮ হাজার টন। পরবর্তীকালে আবার সেটা কিছু উঠল, কিন্তু শেষ পর্যন্ত সেটা ৭৫ সালে নেমে গিয়েছিল ৪২ হাজার টনে এবং সেটা আবার ৭৬ সালে বেড়ে দাঁড়াল ৫২ লক্ষ টনে। অর্থাৎ কয়েক বছর অন্তর অন্তর একবার প্রাকৃতিক সুযোগের ভেতর দিয়ে ফসল কিছু বেড়ে যায় আবার পরবর্তীকালে তা হয়না। এই রকম খামখেয়ালির ক্ষেত্রে আমাদের খাদ্য সংগ্রহ ও বণ্টন সম্পর্কে একটা ভাল ব্যবস্থা ছাড়া এটা হতে পারে না। সেজন্য অবস্থা হয়েছে যে দেখবেন ১৯৬৭-৬৮ সালে ১১/১২ লক্ষ টন বাহিরে থেকে আনতে হত সেখানে এটা বাড়তে বাড়তে ২৫/২২ লক্ষ টন বাহিরে থেকে আমদানি না করলে আমাদের কোনও কিছু চলতে পারে না। এর থেকে কি শিক্ষা গ্রহণ করার কিছু নেই গ্রামাঞ্চলে যেখানে স্থায়ী রেশন ব্যবস্থা নেই অনাহার ছাড়া কি কিছু নেই? তাই মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি প্রাকৃতিক খামখেয়ালির উপর নির্ভর না করে এ বছর যখন ফসল ভাল হয়েছিল তখন এ বছর সংগ্রহ ব্যবস্থা খুব ভালভাবে করা উচিত ছিল। সরকার যখন বাজারে নামেন তখন যারা গরিব মানুষ তারা যাতে সরকারি দাম পেতে পারে তার ব্যবস্থা করা উচিত। কিন্তু এই সকল সরকারি নির্বাচিত দাম পাওয়া যায় না। তারা ঋণে জর্জরিত তারা যা দাম পায় তাতেই বিক্রি করে। বর্তমান সরকার এবার স্থির করেছেন ৩ লক্ষ টন কিনবেন। প্রশ্নোত্তরের

সময়ে খাদ্যমন্ত্রীকে অনেকে জিজ্ঞাসা করেন যে সারা বছর কি খাদ্যের প্রাইস লেভেল এই ভাবে রাখতে পারবেন? তিনি বলছেন আশা করছি। কিন্তু এই আশার গ্যারান্টি কোথায়। সেদিক থেকে বলব আপনারা এখনও খাদ্য সংগ্রহের উপর বিশেষ জোর দিন এবং তা যদি না করেন তাহলে লীন মাসে আপনার কিছুই দিতে পারবেন না। আজকের মন্ত্রী মহাশয়ের কর্মচারিবৃন্দ গ্রামাঞ্চল স্বেচ্ছাদানের নামে একটা জুলুম করছেন এবং তিনি বলছেন আমার কাছে খবর এলে আমি ব্যবস্থা গ্রহণ করব। কিন্তু আমরা জানি এই স্বেচ্ছাদানের ভেতর দিয়ে যারা বড় উদ্বৃত্তচাষী তাদের কাছ থেকে সংগ্রহের ব্যবস্থা করে ছোট ছোট জমির মালিকের কাছ থেকে আদায় করে তারা প্রোকিওরমেন্ট করছে। শুধু তাই নয় আপনাদের দৌরাত্ম আরও এই দিক থেকে হচ্ছে। এই কারণের জন্য আমদানি নির্ভর এর কেন্দ্রের কাছে হাত পাতার ব্যবস্থা থেকে বাংলার মানুষকে বাঁচাবার জন্য ভাল ফসল যে বছর হয়েছে সে বছর ভালভাবে সংগ্রহের ব্যবস্থা করুন। এদিকে আমি তাদের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যপালের ভাষণের মধ্যে এই বিষয়ে গুরুত্ব ঠিক সেইভাবে প্রকাশিত হয়নি, এই কারণে আমি সেটা সমর্থন করতে পারছি না। দ্বিতীয়ত সরকার মহাজনী ঋণ মকুবের জন্য যে আইন করেছেন সেটা খুব ভাল কাজ করেছেন। গতকাল অর্থমন্ত্রী মহাশয় বলেছেন এই আইনের মধ্য দিয়ে 'পূর্ণ রিলিফ' পাবে প্রায় ৩৪ লক্ষ লোক এবং 'আংশিক রিলিফ' পাবে ২১ লক্ষ লোক। এই ব্যবস্থা মহাজনী ঋণ মকুব আইনের ভেতর রয়েছে। কিন্তু বর্তমানে মানুষের কাছে কোনটা সবচেয়ে বড় আজকে মহাজনী ঋণের চেয়ে তাদের কাছে যে অবস্থা সৃষ্টি হয়েছে সেটা হচ্ছে সরকারি যে ঋণ যেটা বিগত ৫/৭ বছর ধরে কৃষকরা নিয়েছে অভাবের দায়ে, সেই ঋণের জন্য সরকারি কর্মচারিরা যেভাবে গ্রামে গিয়ে হামলা শুরু করেছেন সেটা খুব অসহনীয় ব্যাপার এবং খুব অত্যাশ্চর্য ব্যাপার মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই আপনাদের লক্ষ্য যখন বলছেন দরিদ্র মানুষকে ঋণ মুক্ত করা এবং যে কারণে মহাজনী ঋণ মকুব আইন এনেছেন, তখন আপনাদের সেই উদ্দেশ্য সার্থক হতে পারে যদি কি মহাজনী, কি সরকারি সব ঋণ থেকে তাকে মুক্ত করেন। আপনারা জানেন এই গরিব অংশ বিগত ৩/৪ বছরের মধ্যে প্রকৃতির খামখেয়ালির উপর নির্ভর করে যে অর্থ সরকারের কাছ থেকে নিয়ে কৃষিতে নিয়োগ করেছিল সেই অর্থ তাদের মার খেয়ে গেছে। সরকারি ঋণ নিয়ে তারা কৃষিতে নিয়োগ করেছিল কিন্তু তাদের উৎপাদন মার খেয়ে গেল অতিরিক্ত বৃষ্টি এবং যথা সময়ে বৃষ্টির অভাব এই দুইয়ের ধাক্কায়, এটা মন্ত্রিসভা জানেন। কাজেই মন্ত্রিসভা আজকে তাদের কাছে কি করে বলতে পারেন যে তোমরা ঋণ নিয়েছ, ঋণ শোধ দেবে না কেন? ঋণ নিলে নিশ্চয়ই ঋণ শোধ করা উচিত এটা আমরা সমর্থন করি। কিন্তু দেখতে হবে সেই ঋণ নিয়ে কৃষকরা কৃষিতে লাগিয়েছে কিনা। যদি সে ফসলহানির জন্য সেই ঋণ শোধ করতে না পারে তাহলে তার জন্য দায়ী কে? সেজন্য বলছি যারা গরিব চাষী, প্রান্তিক চাষী এবং নিম্ন মধ্যবিত্ত চাষী যারা ঋণ নিয়েছে তাদের সুদ ছেড়ে দিয়ে কিস্তিতে আসল নিয়ে তাদের ঋণ মকুবের ব্যবস্থা করা হোক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনে আশ্চর্য হবেন আজকে গ্রামাঞ্চলের কৃষক যারা দুস্থ, যাদের জন্য মহাজনী ঋণ মকুব আইন পাস হয়েছে, সেই কৃষকরা যখন সরকারের কাছে দরখাস্ত করছে

যে আমার ২/৩ বছর ধরে এইভাবে ফসলহানি ঘটেছে, সেজন্য আমার আগে যে ঋণ নেওয়া ছিল সেটা আমি দিতে পারছি না, সুতরাং আমাকে সময় দেওয়া হোক বা আমার ঋণ মকুব করে দেওয়া হোক তখন তাদের সেই দরখাস্ত সরকারি কর্মচারিরা নিতে অস্বীকার করছে। কংগ্রেস পার্টি, আমাদের পার্টির লোকেরা গিয়ে যখন দরখাস্ত নেওয়া উচিত বলে সরকারের কাছে আবেদন করছে তখন তাদের বলা হচ্ছে তোমাদের মিসায় গ্রেপ্তার করে জেলে পাঠানো হবে, তাদের উপর ৭১৬ ধারা প্রয়োগ করা হবে বলে বলা হচ্ছে। আজকে ট্রাঙ্কলে জানতে পারলাম গতকাল কাঁথি থানার ৩ নম্বর ব্লকে কাঞ্চেশ্বর গ্রামে ১৫ জন কৃষককে এইভাবে গ্রেপ্তার করা হয়েছে। এইভাবে অনেক মানুষের বিরুদ্ধে, অনেক কৃষকের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা বেরিয়েছে। এইভাবে যদি জুলুম চলতে থাকে তাহলে এর নাম কি পিপলস ইনভলভমেন্ট ফর দি ডেভেলপমেন্ট অব দি কান্ট্রি? পিপলস করবেন তাকে ঋণ মুক্ত করবার জন্য, তাকে কৃষি উৎপাদনের উৎসাহিত করবার জন্য। কিন্তু ৭/৮ বছরের ঋণ, যার আসল যা ছিল তার চেয়ে তার সুদ ডবল কিম্বা তার চেয়েও বেশি হয়ে গেছে, সেই ঋণ আদায়ের জন্য যদি এইভাবে জুলুম চলতে থাকে তাহলে মানুষকে আপনারা অহেতুক নির্যাতন

[4-50 — 5-00 p.m.]

এবং লাঞ্ছনার মধ্যে ফেললেন। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যাতে তিনি এ বিষয়ে গুরুত্ব দিয়ে এই দরিদ্র কৃষকদের প্রকৃত ঋণ থেকে মুক্তি দেবার ব্যবস্থা করেন। মহাজনদের উপর চালিয়ে দিয়ে যদি বলেন, দেখুন কি রকম ঋণ মুক্ত করেছি তাহলে ঠিক কাজ করা হবে না। আমাদের স্মরণীয় ব্যক্তিরা বলেছেন এবং সেটা প্রবচন হিসেবে রয়েছে—"আপনি আচরি ধর্ম অপরে শিখাও"। কাজেই আপনারা সে কথা অনুসরণ করে দরিদ্র মানুষদের প্রকৃতভাবে ঋণ মুক্ত করুন। গতকাল আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন আমরা ৯৭ হাজার একরজমি ১ লক্ষ ৭৭ হাজার কৃষকের মধ্যে বিলি বন্টন করেছি এবং বাস্তভূমিও কিছু লোককে দিয়েছি। তিনি দিয়েছেন তার জন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। স্যার, এই যে বাস্তুহীনকে বাস্তু দিয়েছেন, জমি দিয়েছেন বলছেন, আসলে এটা এখন পর্যন্ত কাগজপত্রে রয়েছে। আমি জিজ্ঞাসা করছি আসলে তার আজ পর্যন্ত সেই বাস্তু ভিটা কি পেয়েছে বা তাদের কাছে সেগুলো মাপ করে দেবার ব্যবস্থা হয়েছে? শুধু তাই নয়, সরকার থেকে তাদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তাদের ১৫০ টাকা 'গৃহ নির্মাণ ঋণ' দেওয়া হবে। দুঃখের বিষয় সেই 'গৃহ নির্মাণ ঋণ' আজ পর্যন্ত লাল ফিতার বন্ধনে পড়ে রয়েছে, সেটা তাদের কাছে গিয়ে পৌঁছায়নি। গতকাল আমাদের কমিউনিস্ট ব্লকের নেতা বিশ্বনাথবাবু বলেছিলেন পিপলস ইনভলভমেন্ট না করে, পিপলকে উৎসাহিত না করে আপনারা ডেভেলপমেন্ট ওয়ার্ক করতে পারবেন না। স্যার, কেরালাতে কংগ্রেস এবং কমিউনিস্ট পার্টির মিলিত সরকার রয়েছে আপনি জানেন। সেখানে তারা ১ লক্ষ বাড়ি তোলার পরিকল্পনা করে ১৮ হাজার একর জমির দখল নিয়েছে। তার নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিটি পঞ্চায়েতে ১০০টি বাড়ি নির্মাণ করবার পরিকল্পনা নিয়েছে এবং ইতিমধ্যে তারা ৫০ হাজার বাড়ি নির্মাণ করেছে এবং আমাদের প্রধানমন্ত্রী সেই বাস্তুহীনদের হাতে চাবি তুলে দিয়েছে। সেখানে আরও ২০

হাজার গৃহ নির্মাণ করা হচ্ছে। সেই গৃহনির্মাণের ব্যাপারে যাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছিল সেটা তারা কিভাবে করেছে দেখুন। তারা সরকারি নির্বাচিত কমিটির উপর দায়িত্ব দিয়েছে, তারা সাইট ঠিক করেছে লোকেশন ঠিক করেছে এবং কাকে কাকে দেওয়া হবে তার একটা তালিকা তারা করেছে। এর নাম হচ্ছে পিপলস ইনভলভমেন্ট। পিপলস ইনভলভমেন্ট মানে এই নয় যে, কাগজপত্রে হিসেব করে দেখিয়ে দেওয়া বা বি ডি ও, জে এল আর ও বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের ছেড়ে দেওয়া। গতকাল আমাদের অর্থমন্ত্রী বলেছিলেন আমাদের আয় বৃদ্ধি হয়েছে এবং মাথাপিছু আয় নাকি ১ বছরে ১৫৬ টাকা বেড়ে গেছে। মন্ত্রী মহাশয়কে আমি একটা কথা বুঝতে অনুরোধ করছি। বিড়লার আয়, মন্ত্রী মহাশয়দের আয় এবং তাদের পিওনদের বেতন সব মিলিয়ে যদি গড় আয় দেখান তাহলে কিন্তু জিনিসটি ঠিকভাবে দেখানো হবে না। মন্ত্রীর দু হাজার টাকা মাইনে এবং তার পিওনের মাইনে ২০০ টাকা কাজেই দুটোকে যোগ করে আপনি মাথা পিছু গড় আয় ১১০০ টাকা দেখান তাহলে ঠিক জিনিস দেখানো হবে না। এ রকম ধরনের কথা বলে মন্ত্রী মহাশয় শুধু বিভ্রান্তির সৃষ্টি করছেন আমি আশা করি আপনারা দরিদ্র কৃষক এবং প্রান্তিক কৃষকদের ঋণ মুক্তির জন্য দ্রুত ব্যবস্থা অবলম্বন করবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 p.m.]

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয়ের উৎকৃষ্ট ভাষণের প্রত্যুত্তরে যে ধন্যবাদসূচক প্রস্তাব উপস্থাপিত হয়েছে, তার আলোচনাকালে নিয়ম হিসাবে বিরোধীপক্ষের কিছু কিছু বন্ধু সদস্যগণ সংশোধনী প্রস্তাব এনেছেন। আপনি দেখেছেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কালকে এবং আজকের আলোচনায় মূলত তাদের উপস্থাপিত সংশোধনী প্রস্তাবগুলি ভিত্তি করে নয়। আপনি দেখেছেন কালকের আলোচনার আন্তর্জাতিক এবং ফ্যাসিবাদী সাম্রাজ্যবাদী শক্তিগুলিকে বর্ণনা করতে গিয়ে রাজ্য বিধানসভার অধিবেশনে আমরা দেখলাম এক দিকে দিয়াগোগার্সিকা থেকে আরম্ভ করে পারস্য উপসাগর এবং পশ্চিম এশিয়ার সমস্ত কিছু আলোচনা করে গেলেন। সম্ভবত সদস্যরা ভুলে গেছেন এটা পার্লামেন্ট নয়, মূলত বিধানসভার আলোচনা, এবং পররাজ্য এবং পররাষ্ট্র নীতি ভারত সরকারের এক্তিয়ার। তবুও এক্তিয়ার আছে এমার্জেন্সিতেও যদিও অনেকে বিধানসভায় নেই, আলোচনা তারা করতে পারেন। স্যার, এই অলোচনায় একদিকে যে সব ফ্যাসিবাদী বিভেদকামী প্রতিক্রিয়াশীল শক্তিগুলির নিন্দা এবং বিরোধিতা করা হয়েছে তাকে যেমন আমরা সমর্থন করি, আবার এর পর অতিরিক্ত গুরুত্ব আরোপ করে আজকে জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে অর্থনৈতিক কর্মসূচির যে সাফল্য তাকে লঘু করার যে প্রয়াস করেছেন মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা সেটা আমরা সমর্থন করি না। রাজ্যপালের ভাষণ মূলত চলতি বছরে যে যে সাফল্য অর্জিত হয়েছে তার একটা সংক্ষিপ্ত বয়ান এবং আগামী বছরে কি কি সম্ভাবনা আছে সাফল্য অর্জনের তারই ইঙ্গিত বহন করে। আমাদের আলোচনা মূলত এই পরিসরেই হওয়া বাঞ্ছনীয়। আপনি জানেন যে এই জরুরি অবস্থার একই সঙ্গে অর্থনৈতিক কার্যক্রম সাধারণ মানুষের সামনে উপস্থাপিত করা হয়েছে এবং সারা জাতিকে এনটায়ার নেশনকে এই

জরুরি অবস্থায় অর্থনৈতিক কর্মযজ্ঞ সামিল করতে আমরা পেরেছি, আজকে জরুরি অবস্থার তাৎপর্য সেখানে আপনি স্যার, দেখেছেন মাননীয় প্রধানমন্ত্রী মহাশয়ের ২০ দফা প্রোগ্রাম রয়েছে এবং এই প্রোগ্রামের মূলত লক্ষ্য দরিদ্র শ্রেণীর দুর্বল শ্রেণীর মানুষের অর্থনৈতিক পরিবর্তন করবার জন্য। অর্থনৈতিক অবস্থার উন্নতি করবার জন্য এই ২০ পয়েন্ট প্রোগ্রাম রূপায়ণ করবার চেষ্টা হচ্ছে সারা ভারতবর্ষের সমগ্র রাজ্যে এবং কেন্দ্রে। সমগ্র জাতির মধ্যে প্রতিক্রিয়াশীল শক্তি একটা হতাশা এবং সন্ত্রাসের মনোভাব সৃষ্টি করেছিল, আজকে বিভিন্ন শক্তিগোষ্ঠী যে তান্ডব সৃষ্টি করার চেষ্টা করেছিল নিয়মানুবর্তিতাকে আঘাত করে। আজকে সেই সময়ানুবর্তিতাকে এবং নিয়মানুবর্তিতাকে পুনরুদ্ধারের চেষ্টা করা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বলতে আপত্তি নাই এরাও স্বীকার করবেন বহুলাংশে তা সফল হয়েছে। আজকে জাতি সে বিষয়ে গর্ব করতে পারে। আজকে ডিসিপ্লিন এসেছে সমগ্র জাতির ক্রিয়াকান্ডে এটা আপনি নিশ্চয়ই দেখেছেন। আজকে ভারতবর্ষে ডিসিপ্লিন এসেছে। আজকে মানুষের মধ্যে একটা চেতনা এসেছে। জাতির কল্যাণ সাধনে আমাদের যে কর্তব্য যার যেখানে পরিধি যার যেখানে কর্মক্ষেত্র তাকে সেই কাজ করে যেতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের যে বয়ান সেটা তুলনাহীন ২৮ বৎসরে এই বিধানসভার রাজ্যপালের যে ভাষণ তার সঙ্গে। কারণ তুলনামূলকভাবে মেটিরিয়ালিস্টিকভাবে আমরা ১৯৭১-৭২ সালের পরে এই সরকার যে লক্ষ্য স্থির করেছিল বিভিন্ন কার্যক্রম রূপায়ণের এবং যে সফলতা লাভ করেছে, যে সার্থকতা এসেছে আজকে তুলনাহীন এই ২৮ বৎসরের ইতিহাসে। সুতরাং এই ভাষণ যারা নিষ্প্রাণ মনে করেন আমি তাদের বলব নিজেদের একবার চিকিৎসকদের কাছে পরীক্ষা করাতে। যে তাদের প্রাণ আছে কিনা।

আজকে সেইজন্য তাদের অনুরোধ করব যে খতিয়ান দেওয়া আছে বিভিন্ন ক্ষেত্রে সেই খতিয়ান আর একবার দেখে নিতে যে কি অসম্ভব কাজ করা হয়েছে। বললেন ১০ হাজার গ্রামে বিদ্যুৎ যায়নি শুধু তার গিয়েছে। তাহলেও সাফল্য বলতে হবে কারণ তারা জানেন যে কান টানলে মাথা আসে, এই বিদ্যুৎ তারই সব বিদ্যুৎ বহন করে বিষয়বস্তুগুলি কি কিছু নয়? কিন্তু বর্ষীয়ান এবং প্রবীণা সদস্যা শ্রীমতী ইলা মিত্র এই রাজ্যপালের ভাষণে কমপ্লেসেন্সি দেখলেন। এটা বড় অবিচার করেছেন বলে আমি মনে করি। তার সারা বক্তব্য আমার খুব ভালই লাগছিল, আমি তাকে প্যারা ৫১ এ নিয়ে যেতে চাই Mr. Speaker and Hon'ble members, I have endeavoured to give you illustratively and in bare outline the many cares and concerns of my Government. এটা কি প্রমাণ করে আমরা কমপ্লেসেন্সি পোষণ করছি? and the directions in which we are marching forward. On all accounts, it has been an eventful year আজকে যদি কিছুমাত্র হাতাশা শ্রীমতী মিত্রের মনে এসে থাকে আমি তাকে আর একবার অনুরোধ করব—হয়তো শেষের প্যারাটা উনি পড়েন নি, এটা পড়ে আর একবার তিনি যদি পরামর্শ করেন তাহলে অন্তত এই ধারণা আসবে না। আমাদের লিমিটেশন সম্বন্ধে আমরা যে রকম সচেতন, ইকুয়ালি আমাদের দায়িত্ব সম্বন্ধে আমরা সচেতন। শুধু এইটুকু ভুল করিনি যে সাফল্য পশ্চিমবঙ্গবাসীদের সহযোগিতায় এই সরকার অর্জন করতে পেরেছে, সমস্ত শ্রেণীর

মানুষকে যে কর্মযজ্ঞে সামিল করতে পেরেছি এই স্বীকৃতি আমরা অস্বীকার করিনি বলেই যদি আত্মসন্তুষ্টির ভাব ফুটে উঠে আমাদের করার কিছু নেই। তবে নিজেদের দৃষ্টি এবং বিভ্রান্তিকে যদি সংশোধন করি তাহলে বোধ হয় বেশি বিচার করা হবে, বেশি উপলব্ধি করা হবে আজকে এই সরকারের লক্ষ্য এবং আদর্শ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের আলোচনা আমি শুনেছি যে বিষয়ের উপর আলোচনা হয়েছে তা মূলত লেবার মিনিস্টারের দপ্তরের উপরে। আমার দপ্তরের উপর কিছু কিছু বক্তব্য রাখা হয়েছে বলে আমি উত্তর দিতে চাই। শ্রীমতী মিত্র তুলেছেন যে বোনাস অ্যাক্ট কেন করা হল। আমি তাকে পাল্টা জিজ্ঞাসা করি এমন কোনও দেশ আছে, এমন কোনও রাজ্য আছে যেখানে একটা লুজিং কনসার্নকে তার নিজের অস্তিত্ব বিকিয়ে দিয়ে বোনাস বিতরণের পরামর্শ দেওয়া হয় অর্থনীতির কোন সংজ্ঞায় একথা বলে? আজকে ভারতবর্ষ পৃথিবীর মধ্যে গর্ববোধ করতে পারে যে তারা ইনফ্লেশনকে চেক করতে পেরেছে। আমি বাইরে কিছু কিছু দেশে গিয়েছিলাম ভারত সম্বন্ধে তাদের শ্রদ্ধা দেখেছি। সেই শ্রদ্ধার মূল কারণ ভারতবর্ষ আজকে ওদের পরামর্শ ছাড়াই আনবিক শক্তির মান যে রকম একদিকে অন্য দিকে বৈষয়িক ক্ষেত্রে ইনফ্লেশন চেক করতে পেরেছ। আজকে পৃথিবীর কোনও দেশ, ওদের সমাজতান্ত্রিক দেশ পর্যন্ত ইনফ্লেশনকে কন্ট্রোল করতে পারেনি, পন্য এক্সপোর্টের ক্ষেত্রে সে কথা প্রযোজ্য। আজকে বলতে পারেন শ্রীমতী ইলা মিত্র যে কোথায় কোনও ইকনমির নিয়মে যেটা আজকে লুজিং কনসার্ন সেই লুজিং কনসার্নকে বোনাস ইনফ্লেটেড রেটে দেবে? আমাদের এখানে মূলত পাবলিক সেক্টারের উপর জোর দিচ্ছি যাতে পাবলিক সেক্টরগুলি কমান্ডিং হাইট অব দি ইকনমি নেয়। পালবিক সেক্টারগুলি সম্বন্ধে মানুষের ধারণা উঁচু করতে হবে, পাবলিক সেক্টারগুলিকে তার পারফর্মেন্সের দিক দিয়ে বিচার করতে হবে।

আজকে পারফরম্যান্সের নিরিখে বিচার না করে শুধুমাত্র দাবির নিরিখে বিচার করা যায়, তাহলে অর্থনীতিক ভারসাম্য রক্ষা করা যায় না। ইনফ্লেশন চেক করা যায় না। বার্থ রাইট পাওয়া যায় না, এটা হল ঐতিহাসিক সত্য। সেজন্য আমার মনে হয় শ্রমিক দরদি বিশ্বনাথবাবু কাল বললেন সরকারি কর্মচারিদের সম্বন্ধে কোনও কথা সরকার বলেন নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমাজকে, সরকারকে এবং সবাইকে একটা সিদ্ধান্ত নিতে হবে। যারা কিছু পাচ্ছে আজকে তাদের পাওনা বৃদ্ধি করে দেওয়া, না কি যারা বঞ্চিত, দরিদ্র তাদের কিছু পাইয়ে দেওয়া। আজকে সবাই এক বাক্যে স্বীকার করেছেন এবং এ কথা বলতে আরম্ভ করেছেন দারিদ্র সীমার নিচে যে মানুষ আছে, যারা ভয়াবহ বেকারিতে আছে তাদের সঙ্গে শেয়ার করে নিতে হবে এবং যারা বঞ্চিত, যারা বেকার, যারা আজকে কর্মসংস্থানের অপেক্ষায় রয়েছে তাদের কিছু দিতে হবে। যাদের কর্মসংস্থান হয়েছে, যারা কিছু পাচ্ছে তাদের পাওনা না বাড়িয়ে সমাজে আর একটা ইনফ্লেশন না করে তুলনামূলকভাবে উৎপাদনের সঙ্গে যদি ওয়েজ বৃদ্ধি না হয়, তাহলে সমাজে ইনফ্লেশন চেক করা যায় না। আজকে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা গর্ব করতে পারে। আজকে প্রাইস রাইজ চেক করা সম্ভবপর হয়েছে, আজকে পৃথিবীতে কোন দেশ আছে যে প্রাইস রাইজ চেক করতে পেরেছে? কোনও দেশ পারেনি, ইনফ্লেশন চেক করতে পারেনি, কন্ট্রোল করতে পারেনি। আজকে ইনফ্লেশন শুধু

জিরোতে নয়, ইন সার্টেন স্টেজে ইনফ্লেশন মাইনাস করে দেওয়া হয়েছে। আজকে এটা স্বীকৃতি পাওয়া দরকার, এবং এর জন্য যে অর্থনৈতিক কার্যক্রম গ্রহণ করা দরকার সেটা ভারত সরকার এবং রাজ্য সরকার এর সঙ্গে গ্রহণ করেছে বলেই পিপলস-এর সহযোগিতায় এটা সম্ভবপর হয়েছে। আমাদের উস্কানি দিয়ে লাভ নাই, কাউকে প্রলুব্ধ করেও লাভ নাই। কিন্তু আজকে এটা স্বীকার করতে হবে যে আমাদের মতো দরিদ্র মানুষের অধ্যুষিত দেশে ইনফ্লেশন চেক করতে না পারলে, শুধু মজুরি বৃদ্ধি করে মানুষকে সুখে শান্তিতে বসবাস করতে দিতে পারি না। সেজন্য আজকে একই সঙ্গে আহ্বান দিয়েছেন আমাদের প্রধানমন্ত্রী এই সঙ্গে প্রোডাকশন বাড়াও বোথ ইন দি ফিল্ডস অ্যান্ড ইন দি ফার্মার। তাই আজকে কর্মযজ্ঞ শুরু হয়েছে যে প্রোডাকশন বাড়াও। যে ইকনমিক্সে বিশেষত ইন্ডাস্ট্রির ক্ষেত্রে দেখা গেছে, কাল টেক্সম্যাকো-র কথা বলেছেন, লেবার মিনিস্টার মহাশয় এসে গেছেন, তিনি ভাল করতে পারবেন, জুটের কথা বলেন, হিন্দ মোটরে কথাই বলেন, আমার ক্ষেত্রে ক্ষুদ্র শিল্প কিছু লাইসেন্স পেয়েছে স্মল স্কেল এন্ট্রাপ্রেনিওরস, আমি তাদের কথা জানি আজকে তাদের টেলিভিশন বাজারে বিক্রি হচ্ছে না, মোটর গাড়ি যতটা বিক্রি হওয়ার কথা তা হচ্ছে না। আজকে ওয়াগন শিল্পে যে বরাদ্দ কেন্দ্র থেকে আসার কথা তা কেন্দ্রীয় রেল দপ্তর থেকে আসছে না। তাই অটোম্যাটিকালি রিসেসন আসছে। আপনারা আজকে কটা ইন্ডাস্ট্রিকে বাধ্য করতে পারেন। তবুও আমরা দেখছি ভারত সরকার ওয়ার্কারদের এবং লেবারারদের ইন্টারেস্ট প্রটেক্ট করার জন্য ইন্ডাস্ট্রিয়েল ডিসপিউটস অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৭৬ আজকে রাজ্যসভায় এবং লোকসভায় গ্রহণ করেছেন। এই বিল এক কথায় পাস করা গেছে এবং এটা সম্ভব হয়েছে এই বিল ইতিমধ্যে হয় রাষ্ট্রপতির অনুমোদিত হয়েছে অথবা মঞ্জুরি অনুমোদনের অপেক্ষায় আছে। আজকে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছিল যাতে সর্বত্র শ্রমিক স্বার্থ সংরক্ষিত হয়। আজকে যতগুলি আইন শ্রমিক-স্বার্থে হয়েছে, এই রকম প্রগতিশীল আইন শ্রমিক স্বার্থে আর কোনও রাজ্য গ্রহণ করতে পারেনি এবং ভারত সরকারের কাছে আমাদের সরকার যে সুপারিশ করেছিল তা গৃহীত হয়েছে। শ্রমিক-স্বার্থ রক্ষা করার জন্য যেখানে ৩০০-এর উপর লেবারার কাজ করে সেই সব আন্ডারটেকিং-এর উপর এটা স্ট্যাটুটারি অ্যাপ্লিকেবল করা হয়েছে যে তারা নিজের ইচ্ছামতো লে-অফ, ক্লোজার করতে পারবে না। আজকে এই যে বিধি নিষেধ এটা রক্ষিত হচ্ছে। কিন্তু কোথাও কোথাও রিসেসন রয়েছে, তার প্রতিকার করতে হলে প্রোডাকশন ভাল করতে হবে। আমার মতে আজকে রিসেসনই হোক কিম্বা ইনফ্লেশনই হোক এর আল্টিমেট অ্যান্সার হচ্ছে প্রোডাকশন, এই প্রোডাকশন ছাড়া একদিকে রিসেসন এবং অন্যদিকে ইনফ্লেশনের জবাব দেওয়া যায় না। আজকে সেজন্য সমগ্র সমাজকে শ্রমিক সমাজই হোক কৃষক সমাজই হোক সবাইকে উদ্বুদ্ধ করতে হবে প্রোডাকশনের জন্য। আজকে এই প্রোডাকশন বাড়াবার জন্য কমিউনিস্ট বন্ধুদের এবং বিরোধী বন্ধুদের সরকারের সঙ্গে সহযোগিতা করার জন্য রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতা করার জন্য আহ্বান জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা উৎপাদন করেও, আয় বাড়িয়েও, জাতীয় আয় বাড়িয়েও, স্টেটের আয় বাড়িয়েও পরিকল্পনা কলেবর বৃদ্ধি করেও সুখ শান্তিগুলি বিতরণ করতে পারছি না, সবগুলো নিম্নতম প্রয়োজন মেটাতে পারছি না।

[5-10 — 5-20 p.m.]

সব কিছু প্রয়োজন মেটাতে পারছি না। আর একটা অসুবিধা আর একটা প্রবলেম বা সমস্যা সমাজে রয়ে গেছে। সেই সমস্যা হল জনসংখ্যা বৃদ্ধির সমস্যা আজকের আর একথা অস্বীকার করা চলবে না। আপনি জানেন এই খানে বসে আলোচনা হয়েছে—এইখানে ভারত সরকার এবং রাজ্য সরকারগুলি একাত্মভাবে আজকের যদি একদিকের যেমন উৎপাদন বৃদ্ধি ও বণ্টন ব্যবস্থা সুষমভাবে প্রয়োগ করে—এবং অন্যদিকে আমরা যদি জনসংখ্যা নিয়ন্ত্রণ করতে না পারি তাহলে আমরা পরিকল্পনা যতই সফল করার যত লক্ষ্যেই উপনীত হই না কেন, আজকে সব বেনিফিটগুলি ডাইলিউট হয়ে যাবে। আমরা ডেভেলপমেন্ট মেথড বানাব বটে, তা আমরা কোনও কালে ডেভেলপ করতে পারব না। আপনি একবার জনসংখ্যার দিকে দেখুন গত ২৫ বছরে—কতখানি বৃদ্ধি হয়েছে। আজকে সর্বক্ষেত্রে আমাদের উৎপাদন ডাবল করতে সম্ভবপর হয় নাই। তাই পিপলকে সঙ্গে নিয়ে আমাদের উদ্যম নিতে হবে এর মধ্যে আমাদের পিপলকে ইনভলভ করতে হবে। আজকে মহারাষ্ট্র সরকার সেই দিকে চিন্তা করছে। আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারকেও সেটা চিন্তা করতে হবে। এই জনসংখ্যা যদি আমরা কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে না পারি, তাহলে আমাদের সমস্ত কর্মোদ্যোগ, সমগ্র উন্নয়নের পরিকল্পনা আশানুরূপ ফল দিতে পারবে না। সেইজন্য একই সঙ্গে জন্মনিয়ন্ত্রণ পরিবার নিয়ন্ত্রণের পরিকল্পনা, পরিবার কল্যাণ পরিকল্পনা যে কর্মসূচি তা রূপায়িত করবার জন্য আজকের সবাই একযোগে কর্মযজ্ঞ শুরু করতে হবে। তা নইলে চিরকাল আমরা এই সমস্যার সম্মুখীন থাকব, সমস্যার উর্ধ্বে উঠতে পারব না, সমস্যার সমাধান করতে পারব না।

আজকে সর্বত্র উন্নয়ন হয়েছে—এ কথা সবাইকে স্বীকার করতে হবে। সেই উন্নয়ন কোথাও মন্থর গতিতে, কোথাও বা ক্ষিপ্রগতিতে উন্নয়ন হয়েছে। কিন্তু তার সত্ত্বেও আজকে যে সব ডিলিউট হয়ে যাচ্ছে কেন? ডিলিউট হয়ে যাচ্ছে, পুরো ইউরোপিয়ান দেশে কিম্বা আরও কোনও কোনও দেশে জনসংখ্যা হ্রাস কি এই রেটে হয়েছে। না, ইনফ্ল্যাট হয়েছে, যেটা এই পশ্চিমবঙ্গে হয়েছে বেড়েছে? আজকে তবু এখানে আইন-শৃঙ্খলা বিকৃত হয় নাই। অন্য দিকে আজকে সকলের একটা উৎসাহ উদ্দীপনা অর্থনৈতিক কার্যসূচি রূপায়ণের জন্য একটা সার্বিক প্রচেষ্টা চলেছে। আজকে শুধু অর্থনৈতিক কার্যসূচি রূপায়ণ নয়, আজকে শিক্ষার প্রসার শুধু নয়, আমাদের একই সঙ্গে পরিবার কল্যাণ পরিকল্পনাগুলিও দেখতে হবে। আজকে আন্তর্জাতিক নারীবর্ষে আমাদের মাননীয়া মহিলা সদস্যারা এখানে রয়েছেন, তারা চিন্তা করছেন যে আজকে আন্তর্জাতিক নারীবর্ষ আমরা কিছু পেলাম না। অন্তত প্রথমে এই বিধানসভার একটা এমার্জেন্সি সেশন করে যারা দেশে আমরা এই যওগাৎ দিতে পেরেছি, dowry প্রথম সমাজের একটা বিষ প্রথা—সমাজের একটা বিষবৃক্ষের আমরা মূল উৎপাদন করতে পেরেছি। আজকে মর্যাদার প্রশ্ন প্রথম, তারপর সঙ্গতি। আজকে সেই মর্যাদা প্রথম এই বিধানসভা রক্ষা করেছেন। এই বিধানসভা মর্যাদা রক্ষার প্রতিশ্রুতি দিয়েছেন। আজকে সে কথা অন্তত আমাদের মহিলা সদস্যরা স্বীকার করবেন। আজকে এই বৈষম্য আছে সমাজের

বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন প্রস্তুতি রয়েছে, বিভিন্ন স্তরে রয়েছে। আজকে এক এক জায়গায়—মহিলারা যে একভাবে সম্মানিত হন, এক একভাবে ট্রিয়েড হন, তা সবাই জানেন। কিন্তু এই সরকার এই আন্তর্জাতিক নারীবর্ষকে উপলক্ষ্য করে যে সমস্ত ইভিলস হচ্ছে সমজে সেই ইভিলসগুলো এরাডিকেট করবার চেষ্টা করেছেন এবং এরাডিকেট করবার জন্য প্রয়াস চালাচ্ছেন, এইদিকে দিয়ে অন্তত আমাদের এই রাজ্য সরকার অগ্রনী ভূমিকা নিয়েছেন। এ স্বীকৃতি নিশ্চয়ই আমাদের রাজ্য সরকারকে অন্তত তারা দেবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহশয়, আজকে আমাদের দেশে মূলত যে সমস্যা সেই সমস্যা হচ্ছে দারিদ্রে সমস্যা, বেকারির সমস্যা। আমাদের মতো একটা দরিদ্র মানুষদের দেশে এই সমস্যার মোকাবিলা যদি করতে হয়, তাহলে সাত্তার সাহেবের হিসাবমতো ইন দি ফার্ম এমপ্লয়মেন্ট আর বোধ হয় সম্ভবপর নয়, ইনটেনসিফিকেশন অব কালটিভেশন এবং মাল্টি ক্রপিং ইনট্রোডিউস করে ও বোধ করি কৃষি ও আর অধিক লোকের কর্ম সংস্থান সম্ভবপর নয়। সেই জন্য স্বভাবত আমাদের যেতে হবে, প্রদ্যোৎবাবু উল্লেখ করেছিলেন, শিল্পায়নের দিকে।

আমাদের মতো গরিব দেশ বড় শিল্পায়নের উদ্যোগ নিতে আসবে না। কারণ এগুলির জন্য ক্যাপিটাল ইনভেস্টমেন্ট এর প্রশ্নে রয়েছে। আমাদের মতো দেশে যেখানে মানুষ সারপ্লাস অধিকাংশ মানুষ যেখানে আজকে কর্মপ্রার্থী যেখানে আমাদের অসম মূলধন নিয়োগ করে ছোট ছোট কুটির শিল্পের উদ্যোগ নিতে হবে এবং আমাদের রাজ্যে যে ন্যাচারাল রিসোর্সেস রয়েছে—সেই প্রাকৃতিক সম্পদকে সদ্ব্যবহার করে দেশের দারিদ্র্য এবং বেকারির জ্বালা নিবারণ করতে চেষ্টা করতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে কম বেশি ৪ কোটি ৮০ লক্ষই বলুন বা ৫ কোটিই বলুন, এত লোক বাস করে। ১৯৭১ সালের লোক গণনায় ছিল ৪ কোটি ৪৪ লক্ষ মানুষের বাস। আর এর শতকরা ৮০ ভাগ মানুষ যদি মৎস্যাশ্রয়ী হয়, তাহলে আমাদের অনেক মাছের প্রয়োজন হয়, কম বেশি সাড়ে আট লক্ষ টন, মাছের প্রয়োজন হয়। আমাদের মাছ আবার তিনটি সোর্সস আছে। একটা হচ্ছে এক্সটার্নাল এক্সপোর্ট ফ্রম আদার স্টেস অ্যান্ড আদার কান্ট্রিজ। দ্বিতীয় হচ্চে ইনল্যান্ড ওয়াটার এরিয়ার এর মধ্যে এই ইনল্যান্ড ওয়াটার এরিয়ার মধ্যে মাত্র ২০% ইনল্যান্ড ওয়াটার এরিয়ার আমরা এক্সপ্লয়েট করতে পেরেছি, বাকি ৮০% রিমেন্স টু বি এক্সপ্লয়েটেড ইয়েট। আর তৃতীয় হচ্ছে আমাদের বিস্তৃত সমুদ্র। এই সমুদ্রে আমরা এখনও তেমন হাত ঠেকাইনি, একবার কিছুটা এক্সপ্লরার করে হাত তুলে নিতে হয়েছে।

এদিকে আমাদের শিক্ষিত বেকার সমাজ, অন্যদিকে অফুরন্ত প্রাকৃতিক সম্পদ এবং সম্ভার। যদি দুটো জিনিসকে ট্যালি করানো যায়, যোগসূত্র স্থাপন করানো যায় তাহলে একদিকে ভোগ্যবস্তু এবং পুষ্টিকর প্রোটিন সামগ্রী আমদানি করা সম্ভবপর হবে, আর অন্যদিকে এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান করা সম্ভবপর হবে। আমি ব্যক্তিগতভাবে মাননীয় সদস্যদের চিঠি লিখে, ব্যক্তিগতভাবে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে এই কথা বলি যে

মেকানাইজড ওয়েতে ফিশিং এবং কমপোজিট ফিসিকালচার বিজ্ঞানের আশীর্বাদে এখানে একটা অ্যাকমপ্লিসমেন্ট করা সম্ভবপর, আজকে ব্যারাকপুর সায়েনটিফিক রিসার্চে যে মৎস্য চাষ প্রণালী আবিষ্কৃত হয়েছে তার সুষ্ঠু প্রয়োগ করে ইনল্যান্ড ওয়াটার রিক্রেম করে এবং কোস্টাল এরিয়ায় প্যাকেজ ওয়াটার ফিশিং ফার্ম করে আমরা একদিকে যেমন মৎস্য সমস্যার সামাধান করতে পারি তেমনি অন্যদিকে শিক্ষিত বেকার ছেলেদের কর্ম সংস্থান সম্ভবপর হতে পারে। কিন্তু সেই উদ্যোগ কোথায়? আমরা সেই উদ্যোগের জন্য এত আহ্বান জানিয়েও সাড়া অপেক্ষাকৃত কম পেয়েছি। সেইজন্য আমি আবার এই হাউসের মাধ্যমে আহ্বান জানাতে চাই যে এই একটি ক্ষেত্র আছে যেখানে ন্যাচারাল রিসোর্সের অব ওয়েস্ট বেঙ্গল আরও ইউনিক, ওয়েস্ট বেঙ্গলের যে প্রবলেম রয়েছে সেই প্রবলেম এই একটি ক্ষেত্রে সলভ করা সম্ভবপর ইনটেনসিভ ফিসিকালচার প্রবর্তন করে, কমপোজিট ফিসিকালচার প্রবর্তন করে, কোস্টাল ফিশিং প্রবর্তন করে আমরা আর্টিফিসিয়াল ফিজিং সাপোর্ট দিয়ে যদি এটা করি তাহলে সম্ভবপর। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৯৭১-৭২ সাল থেকে যে উদ্যোগ শুরু করেছিলাম তাতে আমরা গ্রামের দিকে গুরুত্ব দেওয়ার চেষ্টা করেছিলাম। ফলে হয়েছে ডিউরিং অক্টোবর ১৯৭১-৭২ টু জানুয়ারি ১৯৭৬ আন্ডার ১৬ পয়েন্ট প্রোগ্রাম আমরা কমবেশি ১১ হাজার

[5-20 — 5-30 p.m.]

ইলেভন থাউজেন্ড অ্যান্ড odd centres have been set up providing employment to about 65 thousand of persons আজকে যে বেকারি রয়েছে তার তুলনায় হয়ত বেশি কিছু করতে পারব না। কিন্তু ক্ষুদ্র শিল্পের মাধ্যমে ৬৪/৬৫ হাজার মানুষের কর্মসংস্থান ৩/৪ বছরে করা খুব একটা সহজ প্রক্রিয়া নয়। আজকে সেই উদ্যোগ কোথায়? আমাদের এই গরিব দেশে যেখানে ক্যাপিটাল সীমিত শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৪টি ব্যাঙ্ক ন্যাশনালাইজড করেছেন, বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউশন্স সেট আপ করেছে এবং এদের মোটিভেশন কমপ্লিট এই ক্ষেত্রে আমরা যদি কর্ম সংস্থান দিতে যাই তাহলে বেকারদের উদ্দীপ্ত করতে হবে ছোট শিল্পে, যেখানে সত্যিকারে কর্ম সংস্থানের সুযোগ আছে। আমি বার বার চেষ্টা করে দেখছি আমাদের যে আশানুরূপ সাহায্য এবং সহযোগিতা আসার কথা ব্যাঙ্কের কাছ থেকে, তা কিন্তু আসেনি। তবে সব ব্যাঙ্ক নয়, কোনও কোনও ব্যাঙ্ক খানিকটা রক্ষণশীল। এই ব্যাঙ্কগুলির রক্ষণশীল মনোভাবের জন্য এগিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না, একদিকে তাদের কনজারভেটিভ অ্যাটিচিউট, সিকিউরিটি অব ইনডেবটেডনেস, আর অন্যদিকে আমাদের ছেলেদের বিভিন্ন ট্রেড প্রেফারেন্স আমাদের ন্যাচারাল রিসোর্স, ন্যাশনাল ক্যাপিটাল যা আছে তার পূর্ণ সদ্ব্যবহার করার জন্য সব জায়গায় সমানভাবে আমরা কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারছি কিনা। আমি মনে করি আমাদের মতো দেশে বেকার সমস্যা একটা ভয়াবহ সমস্যা, দারিদ্র সমস্যাও নিশ্চয় আছে। এর মাঝে একটু আগে আমি যে উদ্যোগের কথা বললাম অর্থাৎ ক্ষুদ্র ও কুটির শিল্পে যদি উদ্যোগ নিই তাহলে সমাজের এই ভয়াবহ বেকারি কিছুটা দূর করতে পারব। এর জন্য আমাদের শিক্ষা ব্যবস্থা রূপান্তরিত হওয়া প্রয়োজন। ওয়ার্ক এডুকেশন চালু হওয়া দরকার। অত্যন্ত আনন্দের কথা যে শিক্ষা ব্যবস্থার ওয়ার্ক এডুকেশন প্রবর্তন করা হচ্ছে

এবং বিভিন্ন অ্যাকাডেমিক ইনস্টিটিউশনে দেখছি ওয়ার্ক এডুকেশন, ভোকেশনাল এডুকেশন চালু হচ্ছে। আমরা যদি এটার সমন্বয় করতে পারি, একদিকে এই প্রকল্পগুলি আর অন্যদিকে ব্যাঙ্কের উদার মনোভাব এবং আমাদের শিক্ষায় যদি কারিগরি শিক্ষা প্রবর্তন করা সম্ভব হয় তাহলে এই বেকার সমস্যাকে আক্রমণ করা সম্ভবপর, তা না হলে কিন্তু আমাদের এই সমস্যা সমস্যাই থেকে যাবে, সম্পূর্ণ সমস্যার সমাধান করতে পারব না। আমাদের লক্ষ্য সমাজবাদ, কিন্তু তা ফোর রানারস হিসাবে আমাদের সমাজে আমরা দেখছি ১৯০৪ সাল থেকে অর্থাৎ এই শতাব্দির গোড়ার দিক থেকে সমবায়ের উদ্যোগ চলছে। পূর্বাঞ্চলের অনেক রাজ্য বাংলা, বিহার, উড়িষ্যা, আসাম প্রভৃতি রাজ্যগুলি অনেক পেছিয়ে গেছে এবং আরও নতুন যে রাজ্যগুলি হয়েছে সমবায়ের মানচিত্রে তারা খানিকটা পিছিয়ে আছে। এই সমবায়ে যে অনুদান সাহায্য এবং উৎসাহ দেয় কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার তাতে এই সবগুলি দেওয়া সত্ত্বেও আমরা অ্যাডভান্সড সমবায় স্টেটগুলির সমকক্ষ হতে পারছি না। আজকে সমবায়ের লিমিট কিন্তু স্কাই ইজ দি লিমিট, আজকে ক্রেডিটের ক্ষেত্রেই হোক, হাউসিং-এর ক্ষেত্রেই হোক, কনজিউমার্সের ক্ষেত্রেই হোক বা প্রসেসিং-এর ক্ষেত্রেই হোক, এক একটিতে এক একজন নেতৃত্ব দিয়ে যদি আমরা সবমায়ের বিভিন্ন শাখাকে উদ্দীপ্ত করে তুলতে পারি, আজকে ক্রেডিট সেক্টরে যে সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে, তাহলে সমবায়ের সর্ব ক্ষেত্রে সেই সাফল্যগুলি অর্জন করতে পারি। কে না জানে যে আমাদের হাউসিং প্রবলেম আছে, আরবান হাউসিং প্রবলেম ইজ অ্যাকিউট হিয়ার ইন দিস সিটি, এই হাউসিং প্রবলেম সম্বন্ধে আমি ব্যক্তিগতভাবে মাননীয় বিধানসভার সদস্যদের কাছে আবেদন করেছিলাম, এক একজন মাননীয় সদস্য যদি হাউসিং কো-অপারেটিভ সোসাইটির উদ্যোগ নেন তাহলে আমরা এল আই সি-র কাছ থেকে অপেক্ষাকৃত ব্যাঙ্কের থেকেও কম সুদে টাকা পেতে পারি। অ্যাপেক্স রিফাইন্যান্স সোসাইটির মারফত সেই টাকা প্রাইমারি সোসাইটিগুলিকে দিয়ে আমরা আবাসন সমস্যার খানিকটা সমাধান করতে পারি। কিন্তু সেই উদ্যোগ কোথায়? সেই উদ্যোগ এক সরকার-এর চেষ্টায় হতে পারে না, কেবল সরকার পরিচালনা করে সমবায়ের উন্নতি করতে পারে না, সমবায়কে পিপলস মুভমেন্ট হতে হবে, সাধারণ মানুষের মুভমেন্ট হতে হবে, তা নাহলে সমবায়কে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে না। কি হাউসিং-এর ক্ষেত্রে হোক, কি কনজিউমার-এর ক্ষেত্রেই হোক, যেখানে যেখানে কনজিউমার সোসাইটিগুলি ভালভাবে অপারেট করছে সেখানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করা সম্ভবপর হয়েছে, ইকুইটেবল ডিস্ট্রিবিউশন অব দি স্কোয়ার্স কমোডিটিজ সম্ভবপর হয়েছে এই সমবায়ের মাধ্যমে যেকোনও দুর্লভ দ্রব্যসামগ্রী ন্যায্যমূল্যে ক্রেতা সাধারণের কাছে পৌছে দেওয়া সম্ভবপর। সেই উদ্যোগ সৃষ্টি করার জন্য আমি সবাইকে আহ্বান জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ভারত সরকার যে পাঁচটি এসেনসিয়াল কমোডিটিজ ন্যায্যমূল্যে গরিব জনসাধারণের কাছে বিতরণ করতে চান কাপড় তার মধ্যে অন্যতম। আমরা দেখেছি ক্রেডিট সোসাইটিগুলি টেক্সটাইল লাইসেন্স দিয়ে গ্রামাঞ্চলে কন্ট্রোল কাপড় ক্লথ ন্যায্য দামে সাধারণ মানুষের কাছে পৌছে দিতে পেরেছে। আজকে একটা পপুলার স্কীমে এবং পপুলার ডিস্ট্রিবিউশনে সবার সহযোগিতা দরকার। সেই জাতীয় উদ্যোগ গড়ে তোলা দরকার যাতে করে এসেনশিয়াল কমোডিটিজ ন্যায্য মূল্যে বিভিন্ন ক্ষেত্রে সমবায়ের

মাধ্যমে সাপ্লাই দিতে পারি, আমরা যাতে এগুলিকে সমবায়ের মধ্যে ইনভলভ করতে পারি সেটা দেখতে হবে। আমাদের এখানে মিক্সড ইকনমি চলছে, যদিও আমাদের আলটিমেট লক্ষ্য সোসালিজম সমাজতন্ত্র এবং সেই লক্ষ্যেই আমরা উপনীত হতে চাই, সমগ্র সমাজকে সমাজবাদে রূপান্তরিত করতে চাই, সমস্ত জিনিস পাবলিক সেক্টরে আসার কথা।

কিন্তু প্রাইভেট সেক্টরে অস্তিত্বও স্বীকার করে নেওয়া হয়েছে। আমাদের এখানে মিক্সড ইকনমি প্রবর্তিত আছে। এই মিক্সড ইকনমি যদি প্রবর্তিত থাকে তাহলে সমবায়ে একদিকে প্রাইভেট সেক্টর, আর অন্যদিকে পাবলিক সেক্টর, এই দুয়ের মাঝে তৃতীয় ফোর্স থার্ড ইকনমিক ফোর্স হিসাবে পিপলকে ইনভলভ করতে হবে। তা যদি না হয়। আজকে সঠিক নেতৃত্ব যদি না হয় তাহলে কিন্তু পিপলকে ইনভলভ করা যায় না। সেই জন্য সমবায় আইন আমরা সংশোধন করেছিলাম, আজকে সেটা ফলপ্রসু হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সমবায়ের খতিয়ান নেওয়ার অতখানি সময় আমার হাতে নেই, তাসত্ত্বেও আমি এই অল্প সময়ের মধ্যে টাইম টু টাইম হিসাব আপনাকে দেওয়ার চেষ্টা করছি। শর্ট টার্ম ক্রেডিটে ১৯৭১-৭২ সালে যেখানে ৪ কোটি ১৪ লক্ষ ছিল সেখান থেকে আমরা ২০ কোটি ২৬ লক্ষে পৌঁছে দিতে পেরেছি। আমরা একটা শুধু কেন নিলাম, অনেকগুলি উদ্যোগ কেন নিলাম না এই প্রশ্ন উঠেছে—জুট চাষীদের ন্যায্য মূল্য, দেওয়ার কথা ওরা বলেছেন। সেই উদ্যোগ ওদের আমলে কেন নিতে পারেন নি? আমরা উদ্যোগ নেওয়ার চেষ্টা করেছি এবং সমবায়ের সর্বক্ষেত্রের যদি উল্লেখ করি তাহলে আমরা দেখতে পাব সেদিন যে রিকভারি ছিল লেস দ্যান ২০ পারসেন্ট আজকে অ্যাবাভ ৭৫ পারসেন্টে পৌঁছানো সম্ভব হয়েছে।

ক্রেডিট স্ট্রাকচার হচ্ছে একটা সার্কুলেশন। হার্টে যদি রক্ত ফেরত না যায় তাহলে আর্টারি দিয়ে রক্ত চলাচল করতে পারে না। কাজেই যদি এই সার্কুলেশনের উৎসকেই বন্ধ করে দেওয়া হয়, যে কথা ভুপালবাবু এবং আরও কেউ কেউ বললেন যে ঋণ আদায় বন্ধ করতে হবে, তাহলে সেটা ভয়ঙ্কর কথা হয়ে দাঁড়ায়। সরকারের টাকা পাবলিকের টাকা। যদি ঋণ আদায় না হয় তাহলে ঋণ আবার দেওয়া যাবে কি করে? ঋণের যে হাঁসটা সোনার ডিম দেয় সেই হাঁসটাই যদি মরে যায় তাহলে সোনার ডিম কেন সাধারণ ডিমও পাওয়া যাবে না। এই বিচার বিবেচনা সকলের আছে বলেই আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয় দু-একজন সদস্য বন্ধুর কথা আমার কাছে অনেকটা কন্ট্রাডিকটরি মনে হয়েছে। একদিকে এরা বলছেন তোমরা প্রোকিওরমেন্ট টার্গেট তিন লক্ষ কেন করেছ, এবারে এত বাম্পার ক্রপ হয়েছে ইত্যাদি, আবার অন্য দিকে কথা বলছেন। স্যার, আপনি জানেন, এটা ফ্যাক্ট যে এখনও পর্যন্ত টার্গেট পৌঁছানো যায় নি, খাদ্যমন্ত্রী বলেছেন ৩১শে অক্টোবর পর্যন্ত আমাদের প্রোকিওরমেন্ট ইয়ার, আমরা চেষ্টা করছি কিন্তু যেখানে আছে তার সন্ধান যদি পাওয়া যায়, রাজ্যপালের ভাষণে সেকথা আমরা বলেছি, যারা মজুত করে আর্টিফিসিয়াল ক্রাইসিস তৈরি করবার চেষ্টা করছে সেখানে যদি আমরা ডি-হোর্ডিং-এর চেষ্টা করি, সেখানে যদি পারসুয়েসান করে আমরা প্রোকিওর করার চেষ্টা করি এবং তাতে যদি এরা বিরোধিতা করে এবং অন্যদিকে যদি বলে টার্গেট উঁচু কর তাহলে নিশ্চয় সেটা কন্ট্রাডিকটরি মনে হয়। এই

কন্ট্রাডিকশন বন্ধ করতে হবে, বক্তৃতা এবং কাজে এটা বন্ধ করতে হবে। যে সব বন্ধু এই কন্ট্রাডিক্টরি কথাবার্তা বলেন আমি তাদের সাবধান করে দিয়ে বলতে চাই যে আপনারা প্রোকিওরমেন্ট নিয়ে অন্তত কোনও খেলা খেলবেন না। স্যার, একদিকে এরা প্রোকিওরমেন্টের উদ্যোগ করলে বলেন ভয়ানক নিপীড়ন হচ্ছে আবার টার্গেট কম করলে বলেন কেন এত কম টার্গেট করা হচ্ছে। আমি স্যার, এদের জিজ্ঞাসা করি, দুমুখো নীতি কবে আপনারা ত্যাগ করবেন? অনেকগুলো খারাপ অভ্যাস, কুৎসিত অভ্যাস আপনারা ছেড়ে দিয়েছেন কিন্তু এই দুমুখো নীতিটা আপনারা ছাড়তে পারেন নি। এ দুটো পাশাপাশি চলতে পারে না। প্রোকিওরমেন্টের টার্গেট বাড়ালে পারসুয়েসান এবং ভলেনটারি প্রোকিওরমেন্টের উদ্যোগ নিতেই হবে, ডি-হোর্ডিং করতেই হবে। তারপর স্যার, এরা মূল্য বেশি দেবার কথা বলছেন। স্যার, এরা একদিকে শহরবাসীকে বলবেন আপনাদের খাবারের দাম বাড়ানো চলবে না, আবার অপর দিকে গ্রামবাসীকে বলবেন তোমাদের অত্যন্ত কম দিচ্ছে, স্যার, এটা একটা ভয়ঙ্কর কথা, এটা একটা ষড়যন্ত্রের সামিল, এই অপচেষ্টা বন্ধ করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দিয়াগো গারসিয়া থেকে আরম্ভ করে অনেক বিষয় নিয়ে অনেক কথা হল আমি শুধু বলব, ভারতবর্ষ সকলের সঙ্গেই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে চায়। স্যার, আমার হাতে একটি বই এসেছে অ্যানটনি স্যামসনের সভারেন স্টেট—রাশিয়ার কথা শ্রীমতী মিত্র অনেক বলে গেলেন। একটা কন্ট্রাডিকশন নজরে এল বলেই আমি একথাগুলি তুলে ধরছি। আমাদের নিশ্চয় বন্ধু রাষ্ট্র, আমি সেটা অস্বীকার করছি না। কিন্তু সর্বত্রই একটা রাষ্ট্রের কথা বলে যাওয়া হবে সেটাও নিশ্চয় বাঞ্ছনীয় নয়। ভারতবর্ষ সকলের সঙ্গেই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রাখতে চায়, যারা আমাদের সঙ্গে অসৎ ব্যবহার করবে ভারত সরকার নিশ্চয় তার পাল্টা ব্যবস্থা নেবে। কিন্তু স্যার, রাশিয়ার কথা এরা এত বেশি বলেন যে শুনতে শুনতে আমার বিচলিত হয়ে পড়ি। মাঝে মাঝে সম্পর্কটা দালালের পর্যায়ে এসে পড়ে। আমি তাই মাননীয় বন্ধুদের বলব, এই জাতীয় প্রবক্তা এটা যদি বর্জন করা যায় তাহলে ভাল হয়। বিশেষ একটা রাষ্ট্রের জন্য বিশেষ প্রবক্তা এটা বর্জন করা দরকার। স্যার, ইন্দিরা গান্ধীর চন্ডীগড়ের বক্তৃতার কথা বলা হয়েছে। ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী সেদিন সেকথা বলেছিলেন, ঠিক কথা। তিনি বলেছিলেন, কেউ আমাকে বলে দক্ষিণে গিয়েছি, কেউ বলে বামে গিয়েছি। কিন্তু আমি বলি আমি দক্ষিণ, বাম বিশ্বাস করি না, ভারতবর্ষ চলবে ভারতবর্ষের পথে, ভারতীয় দর্শনের পথে ভারতের মানুষের প্রয়োজনে। আজকে স্যার, সেকথা কেউ বললেন না, খালি নিজেদের সুবিধার জন্য শ্রীমতী গান্ধীর ভাষণের বিশেষ বিশেষ কথাগুলি বললেন। কিন্তু তার যে মূল বক্তব্য ভারতবর্ষ চলবে ভারতীয় ঐতিহ্যের পথে, ভারতবর্ষ চলবে যে পথে গেলে সে তার সমস্যাগুলি সমাধান করতে পারে সেই পথে সেকথাগুলি কেউ বললেন না। আমি স্যার, তাই এদের বলব বিকৃত কোনও উদ্ধৃতি নয়, আধা উদ্ধৃতি নয় পুরো উদ্ধৃতি দিন। শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষ বিশ্বসভায় যে মর্যাদার আসন পেয়েছে, আজকে তার নেতৃত্বে যে অর্থনৈতিক অগ্রগতি করা সম্ভব হয়েছে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে যে আসন ভারত লাভ করেছে তাতে নিশ্চয় কোথাও কোথাও ডাঙ্গে সাহেব কিম্বা সি পি আই সহযোগিতা করেছে।

[5-30 — 5-40 p.m.]

আবার কোথাও কোথাও অসহযোগ দেখা যায়। আমরা এখানে বিধানসভা দেখেছি যে ওরা এসেছিলেন আমাদের সঙ্গে ডেমোক্রেটিক কোয়ালিশন গঠন করে। বিধানসভায় ঢুকে ডেমোক্রাটিক কোয়ালিশন তারা ছিন্ন করেছেন। কিন্তু আজকে বক্তৃতার সুর শুনে মনে হয় কংগ্রেসের ডেমোক্রাটিক কোয়ালিশন ছিন্ন করে ওরা ভাল কাজ করেন নি। ওরা দু-একটা ক্ষেত্রে বিশেষ স্থান করে নিতে চান। সমালোচনার রন্ধ্র পথ এবং সমালোচনার দু-একটা ক্ষেত্র সৃষ্টি করে রাখতে চান, যেন কংগ্রেসকে ইচ্ছামতো সমালোচনা করা চলে তাদের সুবিধা মতো। অর্থাৎ একটা কৌশলের রাজনীতি। আমি বন্ধুদের অনুরোধ করব এই কৌশলের রাজনীতির বন্ধ করুন এবং খোলা মত নিয়ে এগিয়ে আসুন। আজকে অর্থনৈতিক কার্যক্রমকে অমরা সমর্থন করব। আজকে যে অর্থনৈতিক গ্রহণ করা হয়েছে সেই কার্যক্রমকে যদি সমর্থন করা যায় তাহলে আজকে বোনাস আইন বিরোধিতা করা চলে না সেই সত্যটা আপনাদের জানিয়ে দিতে চাই। যেকথা আমি বলছিলাম স্যার, আপনি দেখবেন যে, এই বই-এর ১২ চ্যাপ্টারে আছে ইন্টারন্যাশনাল Telegraphs and Telephones when I.T.T. was so passionately devoting itself to blocking and bringing down a Marxist Government in Chile, it was at the very same time eagerly negotiating with the communists in Moscow, to open up the huge potential new market, as the cold war thausend. This story is revealing, not only of I.T.T.'s Contradictions but as an example of the new scale of industrial deplomacy. আজকে ওরা যে কথা বলার চেষ্টা করেছেন, এটাই আমি বলতে চাচ্ছি যে সাম্রাজ্যবাদ আছে। এই সাম্রাজ্যবাদকে আমরা দেখেছি যে বিভিন্ন গোষ্ঠী স্বীকার হয়ে থাকে। বিভিন্ন গোষ্ঠী এই সাম্রাজ্যবাদের বিভিন্ন কার্যের অংশ গ্রহণ করে। আমি সেজন্য আজকে বলছি বিশেষ করে কোনও রাষ্ট্রের প্রবক্তা না হয়ে আমাদের ভারতবর্ষের প্রবক্তা হন, ভারতবর্ষের নীতিকে সমর্থন করুন, আমাদের অর্থনৈতিক কার্যক্রমকে সমর্থন করুন। জরুরি অবস্থাকে সমর্থন করেছেন। জরুরি অবস্থায় যে সাফল্যলাভ করা সম্ভব হয়েছে তার স্বীকৃতি দিন। আমরা মনে করি সাধারণ মানুষের কাছে জরুরি অবস্থা আজকে মুক্তি হিসাবে এসেছে। এটা কোনও চাপ বা বাধা হিসাবে আসেনি। প্রদ্যোৎ মহান্তি যে কথা বললেন যে তিনি নাকি কিছুই দেখতে পাচ্ছেন না। আদতে তিনি তার দলকে দেখতে পাচ্ছেন না বলে বলছেন কোথাও কিছু নেই। বাংলার মাটিতে তার দল নেই বলে, ভারতবর্ষের মাটিতে তার দল নেই বলে তিনি সব জায়গায় বলছেন কিছু নেই, কোথাও নেই। আজকে সেই না, নেতিবাচক হতাশা তাকে পেয়ে বসেছে। আমি তাকে বলব যে সংগঠন কংগ্রেস দিয়ে হবে না ঐ রাজনীতি আজকে ভুল রাজনীতি। দেশের মানুষ ঐ রাজনীতি পরিত্যাগ করেছেন, বর্জন করেছেন। আজকে মাদ্রাজকে ফলো যদি করতে পারেন তাহলে এগিয়ে আসুন। আর তা না হলে আপনারা আজকে জনতার কাছে যেভাবে ধীকৃত, নিন্দিত, বর্জিত, আপনাদের পথ আরও কঠিন করে তুলবেন যদি আপনারা এখনও জাতীয় স্রোতে, জাতীয় কর্মকাণ্ডে সংযুক্ত না হতে পারেন। অন্য দিকে বেস্টার উইচ সাহেব কি বললেন আমি ঠিক বুঝলাম না। তবে শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবসের কথা বোধ হয় বলবার চেষ্টা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, আপনি জানেন, এই সরকার পিছিয়ে পড়া তফসিল সম্প্রদায় এবং তফসিলি উপজাতি ভাইবোনদের জন্য যে উদ্যোগ নিয়েছে তাদের অর্থনৈতিক বিকাশের জন্য, তাদের শিক্ষা সম্প্রসারণের জন্য এবং তাদের মধ্যে নাগরিক কল্যাণ জনিত যে উপকরণগুলি প্রয়োজন তার বিস্তারের জন্য অতীতের আর কোনও সরকার কিন্তু এই উদ্যোগগুলি নেননি। আজ আনন্দবাবু যদি থাকতেন তাহলে তিনি ভাল বলতে পারতেন কারণ তিনি তার ভারপ্রাপ্ত মন্ত্রী। আমরা দেখেছি যে তফসিলি উপজাতি ভায়েদের জন্যই হোক এবং তফসিল ভায়েদের জন্যই হোক পৃথক ক্রেডিট স্ট্রাকচার করে, পৃথক ইন্টারপেনিউরিয়াল স্ট্রাকচার করে তাদের বিশেষ সুবিধা এবং বিশেষ উৎসাহ দেবার চেষ্টা করেছেন। আজকে সব নেই একথা বললেই চলবে না। আজকে চা শিল্পের কথা তিনি বলেছেন। আমরা যদি জানি যে চা শিল্পে সঙ্কট আছে। কোনও কোনও বাগান রুগ্ন আছে, বন্ধ আছে, কোথাও কোথাও কো-অপারেটিভ উদ্যোগে পরিচালনার সুযোগ আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিষয়টি কেন্দ্রের এক্তিয়ারে। চা শিল্পে, আজকে সব বিষয়ে চিন্তা-ভাবনা চলছে যে কি প্রকারে এই শিল্পকে সুস্থ করা যায়, উদ্ধার করা যায়, চা শিল্পকে পুনরায় সুস্থ করা যায়। আজকে চা শিল্পের শ্রমিক বন্ধুরা আছেন, তাদের মজুরির কথা বলা হয়েছে।

ইকুয়াল ওয়ার্কের জন্য ইকুয়াল ওয়েজ, সমস্ত শ্রমিক তারা এই দাবি করতে পারে এবং এই নিয়ে চিন্তা ভাবনা চলছে। এই সরকার শ্রমিক, কৃষকদের স্বার্থে সরকার এই সরকার দুস্থ, দুর্বল শ্রেণীর মানুষের উন্নয়নের জন্য চেষ্টা চালিয়ে যাবে। আমি আশা করব, যদি কোথাও কোনও বিভ্রান্তি থাকে সেই বিভ্রান্তি মুক্ত হওয়া দরকার। পশ্চিমবাংলা সমেত সারা ভারতবর্ষে যে কর্মযজ্ঞ চলছে, একটা যে গুণগত তারতম্য ঘটেছে অতীতের পরিকল্পনার সঙ্গে সেটা সকলকে স্বীকার করতে হবে। আমাদের পরিকল্পনা এবং উন্নয়নের জন্য যে শুধু বেশি টাকা পয়সা বরাদ্দ হয়েছে তাই নয়, সমাজের মধ্যে একটা গুণগত পরিবর্তন ঘটেছে। সকলেই এই মৌলিক দাবিগুলো যাতে পূরণ করতে পারি সেই জন্য সকলকে সহযোগিতা করার জন্য আবেদন জানিয়ে, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব ব্রজকিশোর বাবু এনেছেন, তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন জানাচ্ছি। আজকে মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে দু-চারটি কথা এখানে বলব। আমি অন্তত রাজ্যপালের ভাষণ যতটুকু উপলব্ধি করেছি, গত চার বছরে আমরা যদি বাজেট অধিবেশনে মাননীয় রাজ্যপালের ভাষণকে দেখি এবং তার পরিপ্রেক্ষিতে আমাদের কাছে যে প্রতিশ্রুতি, যে সকল জনহিতকর কাজ এর কথা বলা হয়েছিল, সেইগুলো আজকে কতখানি বাস্তবে রূপায়িত হয়েছে, সেটা এই ভাষণের মধ্যে প্রকাশ পায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি লক্ষ্য করেছি একদিকে কৃষির উন্নতি হয়েছে, যাকে বলে আমরা স্বয়ং সম্পূর্ণ হতে চলেছি। আর একদিকে আমাদের যেটা প্রয়োজন, যে

কথা এই বিধানসভাতে বিরোধীদলের সদস্যরা যুক্তফ্রন্ট সরকারের সদস্যরা বার বার বলেছিলেন যে ভূমিহীন কৃষকদের ভূমি দিতে হবে, গৃহহীন মানুষদের গৃহ্ দিতে হবে, আজকে তার কিছুটা রূপান্তর এর মধ্যে দেখতে পাচ্ছি। অনেকে হয়তো এটাকে বলবেন যে বাস্তবে রূপান্তরিত হয়নি, কিন্তু এটার জন্য যে একটা পথ তৈরি করা হয়েছে এবং একটা যে প্রচেষ্টা চলেছে, এটাকে আমরা অস্বীকার করতে পারি না। যে কথা যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীরা বলে গিয়েছিলেন, আজকে সেটাকে এই সরকার বাস্তবে রূপ দেবার যে প্রচেষ্টা করেছেন সেটা আজকে স্বীকার করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সেই জন্য ভূমি সংস্কারের কথা এর মধ্যে দেখতে পাই। আমরা এর মধ্যে শিক্ষার কথাও দেখতে পাই। যে কথা আমরা কয়েক বছর আগেও বলেছি যে, শিক্ষার মান নিঃশেষ হতে চলেছে। কিন্তু এই ভাষণের মধ্যে বলা হয়েছে আমাদের শিক্ষার মান উন্নতির দিকে যাচ্ছে। যে সকল বিভিন্ন অসুবিধাগুলি ছিল সেগুলি দূর করা সম্ভব হচ্ছে এবং শিক্ষার উন্নতি হচ্ছে, এটাকে অস্বীকার করা যায় না। তারপর আমাদের মাননীয় সদস্যরা বললেন যে আমাদের স্বাস্থ্য বিভাগের অনেক উন্নতি হয়েছে। এটাকেও আমরা অস্বীকার করতে পারি না, কারণ আমরা দেখতে পাচ্ছি গ্রাম থেকে গ্রামান্তরে স্বাস্থ্য কেন্দ্র প্রতিষ্ঠিত হচ্ছে এবং সেখানে জনসাধারণের চিকিৎসার সুব্যবস্থাও করা হচ্ছে। বিভিন্ন গ্রামে সাবসিডিয়ারি হেলথ সেন্টার খোলা হচ্ছে এবং আরও কয়েক শত সাবসিডিয়ারি হেলথ সেন্টার খোলার প্রস্তাব নেওয়া হয়েছে। এর ফলে স্বাস্থ্য বিভাগের যে উন্নতি হয়েছে এটাকে আমরা অস্বীকার করতে পারি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর সঙ্গে আমি পরিবার পরিকল্পনার কথাও বলব। এটা আজকে সারা ভারতব্যাপী চিন্তা, সেই ভারতব্যাপী চিন্তাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য পশ্চিমবাংলার প্রচেষ্টার কথা মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে তুলে ধরা হয়েছে, এটাকে আমরা উড়িয়ে দিতে পারি না, অস্বীকার করতে পারি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর সঙ্গে আমি বলতে পারি সমবায় দপ্তরের কথা, সমবায় আন্দোলনের কথা গান্ধীজি বলেছিলেন, আমারা আমাদের গ্রামীণ উন্নয়ন করতে পারব না যদি না সমবায়ের উন্নতি করতে পারি এবং সমবায়ের উন্নতি ছাড়া গ্রামের উন্নতি সম্ভব নয়। সেই প্রচেষ্টা আজকে পশ্চিমবাংলার সরকারের কাজের মধ্যে দিয়ে দেখতে পাওয়া যাচ্ছে। সমবায়ের মাধ্যমে আমাদের পশ্চিমবাংলার কৃষক, শ্রমিক, ও অন্যান্য সাধারণ মানুষের যে সমস্ত নিত্য প্রয়োজনীয় ব্যবহার্য দ্রব্য সেগুলি বণ্টনেরও ব্যবস্থা করা হচ্ছে। এই সকল ব্যাপারে আজকে সমবায় দপ্তর অগ্রণী ভূমিকা গ্রহণ করেছেন, এটাকে আমরা অস্বীকার করতে পারি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ এখনও যায়নি সত্য, কিন্তু তার প্রচেষ্টা চালানো যে হচ্ছে, এটাকে অস্বীকার করতে পারি না। আমি একজন গ্রামের ছেলে, আমার এলাকা কয়েকটি ব্লক এবং মৌজা নিয়ে, সেখানে আমরা দেখতে পাচ্ছি বিদ্যুৎ পৌঁছিয়ে গিয়েছে, আমরা সেখানে কোনও দিন আলো জ্বলবে বা চাষের কাজে বিদ্যুৎ পাওয়া যাবে তা আশা করিনি। কিন্তু আজকে সেটা হয়েছে। আজকে হয়ত এখনও কিছু কাজ অসম্পূর্ণ হয়ে রয়েছে, কিছু কাজ করা যায়নি, সমস্যা থেকে যাচ্ছে, হয়ত কোনও কাজের মধ্যে গাফিলতি দেখা যাচ্ছে। কিন্তু আমাদের সরকার কোনও সময় বলেননি যে যেটা আমাদের সরকারের সামনে তুলে ধরা চলবে না। আমরা সেটা বলছি এবং আমরা স্বীকার

মহাশয়, আপনি জানেন, এই সরকার পিছিয়ে পড়া তফসিল সম্প্রদায় এবং তফসিলি উপজাতি ভাইবোনদের জন্য যে উদ্যোগ নিয়েছে তাদের অর্থনৈতিক বিকাশের জন্য, তাদের শিক্ষা সম্প্রসারণের জন্য এবং তাদের মধ্যে নাগরিক কল্যাণ জনিত যে উপকরণগুলি প্রয়োজন তার বিস্তারের জন্য অতীতের আর কোনও সরকার কিন্তু এই উদ্যোগগুলি নেননি। আজ আনন্দবাবু যদি থাকতেন তাহলে তিনি ভাল বলতে পারতেন কারণ তিনি তার ভারপ্রাপ্ত মন্ত্রী। আমরা দেখেছি যে তফসিলি উপজাতি ভায়েদের জন্যই হোক এবং তফসিল ভায়েদের জন্যই হোক পৃথক ক্রেডিট স্ট্রাকচার করে, পৃথক ইন্টারপেনিউরিয়াল স্ট্রাকচার করে তাদের বিশেষ সুবিধা এবং বিশেষ উৎসাহ দেবার চেষ্টা করেছেন। আজকে সব নেই একথা বললেই চলবে না। আজকে চা শিল্পের কথা তিনি বলেছেন। আমরা যদি জানি যে চা শিল্পে সঙ্কট আছে। কোনও কোনও বাগান রুগ্ন আছে, বন্ধ আছে, কোথাও কোথাও কো-অপারেটিভ উদ্যোগে পরিচালনার সুযোগ আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিষয়টি কেন্দ্রের এক্তিয়ারে। চা শিল্পে, আজকে সব বিষয়ে চিন্তা-ভাবনা চলছে যে কি প্রকারে এই শিল্পকে সুস্থ করা যায়, উদ্ধার করা যায়, চা শিল্পকে পুনরায় সুস্থ করা যায়। আজকে চা শিল্পের শ্রমিক বন্ধুরা আছেন, তাদের মজুরির কথা বলা হয়েছে।

ইকুয়াল ওয়ার্কের জন্য ইকুয়াল ওয়েজ, সমস্ত শ্রমিক তারা এই দাবি করতে পারে এবং এই নিয়ে চিন্তা ভাবনা চলছে। এই সরকার শ্রমিক, কৃষকদের স্বার্থে সরকার এই সরকার দুস্থ, দুর্বল শ্রেণীর মানুষের উন্নয়নের জন্য চেষ্টা চালিয়ে যাবে। আমি আশা করব, যদি কোথাও কোনও বিভ্রান্তি থাকে সেই বিভ্রান্তি মুক্ত হওয়া দরকার। পশ্চিমবাংলা সমেত সারা ভারতবর্ষে যে কর্মযজ্ঞ চলছে, একটা যে গুণগত তারতম্য ঘটেছে অতীতের পরিকল্পনার সঙ্গে সেটা সকলকে স্বীকার করতে হবে। আমাদের পরিকল্পনা এবং উন্নয়নের জন্য যে শুধু বেশি টাকা পয়সা বরাদ্দ হয়েছে তাই নয়, সমাজের মধ্যে একটা গুণগত পরিবর্তন ঘটেছে। সকলেই এই মৌলিক দাবিগুলো যাতে পূরণ করতে পারি সেই জন্য সকলকে সহযোগিতা করার জন্য আবেদন জানিয়ে, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব ব্রজকিশোর বাবু এনেছেন, তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন জানাচ্ছি। আজকে মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে দু-চারটি কথা এখানে বলব। আমি অন্তত রাজ্যপালের ভাষণ যতটুকু উপলব্ধি করেছি, গত চার বছরে আমরা যদি বাজেট অধিবেশনে মাননীয় রাজ্যপালের ভাষণকে দেখি এবং তার পরিপ্রেক্ষিতে আমাদের কাছে যে প্রতিশ্রুতি, যে সকল জনহিতকর কাজ এর কথা বলা হয়েছিল, সেইগুলো আজকে কতখানি বাস্তবে রূপায়িত হয়েছে, সেটা এই ভাষণের মধ্যে প্রকাশ পায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি লক্ষ্য করেছি একদিকে কৃষির উন্নতি হয়েছে, যাকে বলে আমরা স্বয়ং সম্পূর্ণ হতে চলেছি। আর একদিকে আমাদের যেটা প্রয়োজন, যে

যেতে অনেক সুবিধা হয়। পরিবহন ক্ষেত্রে আমরা দেখেছি বাসে মানুষ টেপাটেপি করে যাচ্ছে। মা-বোনেদের নিয়ে যাওয়া যায় না। আজ তাই যতসংখ্যক বাস আছে তার যদি দ্বিগুণ করা যায় তাহলে বেকার সমস্যা সমাধান হতে পারে এবং মানুষ ভালভাবে যেতে পারে। দাক্ষিণাত্য দেখেছি প্রত্যেকটি বাস সিট বাই সিট আছে। এখানে তাই করা যায়। রাস্তায় ধারে ধারে আগাছা পায়খানা করার জন্য শেড তৈরি করা এর ব্যবস্থা করা যেতে পারে। এই রকম সামান্য সামান্য জিনিসের দিকে দৃষ্টি দেওয়া সরকারের উচিত। কলকাতায় এসব আছে। কিন্তু গ্রামবাংলায় প্রত্যেকটি বাস স্ট্যান্ড-এর কাছে ও জিনিস করা উচিত। ইন্দিরা গান্ধী গ্রামবাংলার দিকে খুব বেশি দৃষ্টি দিতে বলেছেন। রাজ্যপালের ভাষণে আদিবাসী উন্নয়নের কথা বলা হয়েছে। গ্রামবাংলায় মৎস্য চাষ, এগ্রিচালচারের ব্যাপারে উন্নয়নের কথা বলা হয়েছে। এই সামান্য ছোট ছোট কাজগুলিকে আমরা রূপায়িত করতে পারি যেগুলি গ্রামবাংলার মানুষ চায় মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে নিশ্চিত করে বলা যায় যে জরুরি অবস্থার জন্য আমাদের দেশের শান্তি আছে। যারা এক্ষুণি বলেছেন যে জরুরি অবস্থার অবসান ঘটানো দরকার তাদের আমি বলতে চাই যে জরুরি অবস্থা ছাত্রদের পড়াশুনার দিকে মন নিয়ে এসেছে, বিশৃঙ্খলা স্তব্ধ করে দিয়েছে, জাতীয় সংহতির দিক থেকে দেশকে শৃঙ্খলার দিকে এগিয়ে নিয়ে গেছে। কাজেই জরুরি অবস্থার প্রয়োজন আছে। ২০ দফা কর্মসূচিকে বাস্তবায়িত করার ক্ষেত্রে প্রশাসনকে সজাগ করে তুলতে হবে, প্রশাসনিক অপদার্থতা, দুর্নীতি দূর করতে হবে। মন্ত্রিসভার সদস্যদের কাছে অনুরোধ করব সরকারি কর্মচারিদের কাজের দিকে তারা যেন যথাযথ নজর রাখেন। এই কথা বলে মহামান্য রাজ্যপাল নতুন বাংলা গড়ার দিকে যে নতুন ইঙ্গিত দিয়েছেন তাকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশগ্রহন করার আগে মাননীয় সদস্য প্রদ্যুৎ মহান্তি যে কথা বলেছেন তার কিছু জবাব আমাকে দিতে হবে। আমি আশা করেছিলাম মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব তার জবাব দেবেন, কিন্তু তিনি তা দেননি। তিনি একটা কথা বলেছেন যে ২৬ তারিখে এমার্জেন্সি ডিক্লেয়ার করার পর কি কি উন্নতি হয়েছে তিনি তা জানেন না। কি কি উন্নতি হয়েছে তিনি তা না জানতে পারেন, তবে বাংলাদেশে হয়নি ভারতবর্ষ এটা নিশ্চিত এটা তিনি দেখেছেন। তিনি আর একটা কথা বলেছেন যে সি পি আই কংগ্রেস ভেঙ্গেছে। কতটা দেউলিয়া রাজনীতি থাকলে তবে একথা ভাবা যেতে পারে যে একটা পার্টি আর একটা পার্টিকে ভেঙ্গেছে। তিনি যদি একটু পিছনে যান তাহলে দেখতে পাবেন ১৯৭১ সালে যখন তারা স্লোগান দিয়েছিলেন ডিন্যাশনালাইজেশনের, যখন কিনা আমাদের দেশে সবেমাত্র রাষ্ট্রীয় ক্ষেত্রে শিল্প গড়ে উঠছিল, যখন ইন্ডাস্ট্রিয়াল টার্মে একটা টিথিং ট্রাবল চলছিল, তখন লোকসভাতে চিৎকার করে তারা ডি-ন্যাশনালাইজেশনের স্লোগান নিয়ে এলেন এবং তারা বললেন ইন্দিরা গান্ধী হঠাও। তখন ইন্দিরা গান্ধী বললেন वे कहते हैं इन्दिरा हटाओ मैं कहती हुं गरीवी हटाओ।

এই একটা মাত্র কথা হিমালয় থেকে কন্যাকুমারিকা পর্যন্ত সমস্ত মানুষের মধ্যে একটা

অস্বাভাবিক অভূতপূর্ব উদ্দীপনা নিয়ে এসেছিল। সেই অভাবনীয় উদ্দীপনা কংগ্রেসকে গদিতে বসিয়েছে, ইন্দিরাকে সমর্থন জানিয়েছে এবং তার ফলশ্রুতি হিসাবে পশ্চিমবঙ্গেও কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত হয়েছিল, একথা সত্য এবং বাস্তব, একথা তিনি জানেন। জনতার বিরুদ্ধে শ্লোগান দিয়ে জনতার মধ্যে কখনও থাকা যায় না। সুতরাং সি পি আই কংগ্রেসকে ভাঙ্গেনি, বরং কংগ্রেস থেকে তারা বেরিয়ে গেছে তাদের বস্তা পচা জনবিরোধী নীতির জন্য, একথা তাদের স্বীকার করতে হবে। এবারে আমার বন্ধু জয়নাল আবেদিনের কথা বলব। তাকে আমি বন্ধু বলি, কারণ তিনি আমাদের খুব গালাগালি দেন। স্যার, বাল্মিকী একদিন তস্কর ছিলেন, কিন্তু তিনি মরা মরা বলতে বলতে রাম রাম বলে একদিন মহামুণি হয়েছিলেন। তেমনি একদিন হয়ত বা জয়নাল আবেদিন সাহেবের পরিবর্তন ঘটতে পারে। তিনি বোনাস সম্পর্কে কতকগুলি তথ্য দিয়েছেন। তিনি জানেন না। অথচ তিনি বলেছেন যে আমি শ্রম আন্দোলন সম্পর্কে জানি না। অথচ তাঁর বলা যে একটা স্বভাব সেটা তিনি ছাড়েননি। তিনি জানেন না যে বোনাস এসেছিল ডেফার্ট ওয়েজ হিসাবে। তখনকার দিনে যখন এই বোনাস নিয়ে আলোচনা হয় তখন কয়েকটা ট্রাইব্যুনালের রায় ছিল, কয়েকটি ক্ষেত্রে বলা হয়েছিল যে ন্যূনতম কতকগুলি সুবিধা যদি না দেয় তাহলে ইন্ডাস্ট্রিগুলি-They will not exist and they have no right to exist.

বোনাস এসেছিল ডেফারড ওয়েজ হিসেবে। বোনাস দেবার অর্ডিন্যান্স যখন হল তখন আমরা রাইটার্স বিল্ডিংস-এ ছিলাম, আই এন টি ইউ সিও ছিল। আমরা দেখেছি তখন মালিকদের কি আনন্দ। তারা বলছিলেন আমরা তো ১২ পারসেন্ট ১৪ পারসেন্ট, ১৭ পারসেন্ট দিতে যাচ্ছিলাম। আমরা এসব কথা শুনে লজ্জায় মাথা নিচু করে চলে এলাম। আমরা এই এমার্জেন্সিকে স্বাগত জানিয়েছি। প্রদ্যুৎবাবুরা চেয়েছিলেন ভারতবর্ষের মধ্যে একটা অস্থির অবস্থা সৃষ্টি করে দাও, ভারতবর্ষের গতিকে তলিয়ে দাও। তারা চেয়েছিলেন ভারতবর্ষের অভ্যন্তরের মালিক পুঁজিপতিদের সাহায্য নিয়ে ভারতবর্ষে অন্য রকম গণতন্ত্র আনব। সেই গণতন্ত্র যদি আসত তাহলে সেটা হত একচেটিয়া পুঁজিপুতিদের গণতন্ত্র, সেই গণতন্ত্র হত প্রতিক্রিয়াশীলদের গণতন্ত্র, সেটা জনসাধারণের গণতন্ত্র হত না। সেই জন্যই আমরা এমার্জেন্সিকে সমর্থন করেছিলাম এবং এখনও করি। এমার্জেন্সিকে সমর্থন করবার মধ্যে দিয়ে দেশকে এগিয়ে নিতে হবে এবং যে সমস্ত শক্তি বারবার প্রতিক্রিয়াশীলদের মাথা তোলার ব্যাপারে সাহায্য করছে বা প্রতিক্রিয়াশীলদের যে মূল্য রয়েছে তাকে ছিন্ন করবার ব্যাপারে যারা বাধা দিচ্ছে সেদিকে আমাদের সজাগ দৃষ্টি রাখতে হবে এবং সেক্ষেত্রে আমরা চাই জনসাধারণ অংশগ্রহণ করুক। আজকে আমরা দেখছি পাবলিক সেক্টর ইন্ডাস্ট্রিতে উৎপাদন বেড়েছে, তাদের ইনকাম বেড়েছে। গতকালের খবর দুর্গাপুর স্টিল প্ল্যান্ট যেখানে লোকসান হচ্ছিল সেখানে তাদের রেকর্ড প্রোডাকশন হয়েছে। কাজেই দেখা যাচ্ছে পাবলিক সেক্টর ইন্ডাস্ট্রিগুলোতে রেকর্ড প্রোডাকশন হচ্ছে, তাদের লাভ হচ্ছে। জয়নাল আবেদিন সাহেব যে ইন্ডাস্ট্রিগুলো দেখেন সেখানেও লাভ হচ্ছে। এই সমস্ত জিনিস এই এমার্জেন্সির মধ্যে হয়েছে। তবে আর একটা জিনিস দেখছি আমাদের দেশের মধ্যে যে সমস্ত পুঁজিপতিরা রয়েছে, যারা এই এমার্জেন্সিতে খুশি নন, যারা এই অর্থনৈতিক সঙ্কটের বোঝা সাধারণ মানুষের উপর চাপিয়ে দিয়ে তাদের

লাভের অঙ্ককে বাড়িয়ে নিতে চান তারা এই এমার্জেন্সিকে কাজে লাগাবার চেষ্টা করছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন কিভাবে বিভিন্ন জায়গায় কলকারখানা বন্ধ করতে তারা আরম্ভ করেছেন। আজকেই খবর এসেছে টিটাগড় জুটমিলে তারা ডাবল মেশিন লাগাবার জন্য পুরানো শ্রমিকদের বার করে দিয়ে নতুন শ্রমিক সেখানে আনছে। তারা চটকলে ৫০ হাজার শ্রমিককে ছাঁটাই করবার জন্য পরিকল্পনা নিয়েছে। শুধু এখানেই নয়, টি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে দেখছি ৫০টি চা বাগান বন্ধ করবার পরিকল্পনা চলছে অর্থাৎ সেখানে ৬০ হাজার কর্মীকে বরখাস্ত করবার পরিকল্পনা চলছে। আমাদের এখানে মনে রাখতে হবে তারা সিক ইন্ডাস্ট্রি হিসেবে সরকারের কাছ থেকে সাহায্য পান, সরকারি ব্যাঙ্কগুলো থেকে তারা ঋণ পান। একজনের হয়ত ৪ কোটি টাকা পেড আপ ক্যাপিটাল কিন্তু দেখা গেল তিনি ১২ কোটি টাকা সরকারের কাছ থেকে ঋণ নিয়েছেন। স্যার, আশ্চর্যের বিষয় এরাই আবার কারখানা বন্ধ করতে চাচ্ছেন।

[6-00 — 6-10 p.m.]

স্যার, আমি এটা বলতে চাই যে এই ঘটনাগুলি তারা করে চলেছে, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে আজ পর্যন্ত লেবার আনরেস্টে ২৫ হাজার ওয়ার্কার জড়িত। আমাদের ওখানে অ্যাপেক্স কমিটি তৈরি হয়েছে টুয়েন্টি ফার্স্ট ডিসেম্বরে, এবং সেখানে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে তারা ইউনিলেটারেলি বন্ধ করবেন না। এটা চুক্তি হয়েছিল কিন্তু তারপরেও কারখানা বন্ধ হয়েছে। আমাদের নেতা বিশ্বনাথবাবু বলেছেন এবং আমাদের উপনেতা মাননীয় ইলা মিত্র এ সম্পর্কে বলেছেন। কিন্তু আমার প্রশ্ন যে আপনারা দেখেছিলেন যে শ্রমিকরা কিভাবে আপনাদের সহযোগিতা করেছিল। মাননীয় প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ন্যাশনাল অ্যাপেক্স কমিটির বক্তৃতায় বলেছিলেন যে শ্রমিকদের পূর্ণ সহযোগিতা আমরা পেয়েছি। কিন্তু ইন্ডিয়া অক্সিজেনের ওয়ার্কাররা যখন হরতাল করেছিল তখন তাদের ডি আই আর এ অ্যারেস্ট করেছেন। কিন্তু যখন অ্যাপেক্স কমিটিতে সর্ববাদী সিদ্ধান্ত গ্রহণ করার পরেও যখন ন্যাশনাল টোব্যাকোতে ১২০০ কর্মীকে ছাঁটাই করা হল, তখন তাদের বিরুদ্ধে কি ডি আই আর কি মিসা প্রয়োগ করতে পারলেন? তা যদি করতেন তাহলে দেখতেন শ্রমিকরা আপনাদের পেছনে আসত, শ্রমিকরা আপনাদের মাথায় তুলে নিত। তখন তারা বলত দিস ইজ দি এমার্জেন্সি ফর হুইচ ইউ স্টুড, এই সব করেননি বলেই যারা আপনাদের সমালোচক তাদের বিরুদ্ধে আপনারা কথা বলেন। আর যারা সত্যি সত্যি দেশের বিপদ ডেকে আনতে চায় তাদের বিরুদ্ধে আপনারা নীরব। যারা সত্যিকারে দেশকে বিদেশি আক্রমণ থেকে বাঁচাতে যায়, তাদের আপনারা দুর্বল করে রাখছেন।

তারপর বোনাস অর্ডিন্যান্সের কথা বলি। বোনাস অর্ডিন্যান্স করে আপনারা শ্রমিকদের মন ভেঙ্গে দিলেন। যেখানে শ্রমিকরা ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও করে সেখানে তাদের মন ভেঙ্গে দিলেন এই বোনাস অর্ডিন্যান্স জারি করে। যদি কংগ্রেস সদস্যরা এটা না বুঝেন তাহলে আমি বলব এরা জেগে ঘুমুচ্ছেন। এটা বিরোধিতার প্রশ্ন নয়, এটা বরং সহযোগিতার প্রশ্ন, চোখ কান খোলা রেখে যে ত্রুটি বিচ্যুতিগুলো তুলে ধরা হয় তারই নাম সহযোগিতা।

অন্ধের মতো সহযোগিতা নয়, তাতে ভুল পথে নিয়ে যাওয়া হয়। মাননীয় স্পিকার মহাশয় আমি আর দুই-একটি কথা বলব। এটা আমার কথা নয়। শীতকালীন অধিবেশনের শ্রমমন্ত্রী যে বক্তব্য রেখেছিলেন ২৬শে জুন এমার্জেন্সি জারি করা হয়েছে তাতে তিনি যে তথ্য দিয়েছিলেন যে জুলাই মাসে ৪৮ হাজার লোককে লে-অফ করা হয়েছে। আগস্ট মাসে ৬০ হাজার লোককে লে-অফ করা হয়েছে, সেপ্টেম্বর মসে ৩৭ হাজার লোককে লে-অফ করা হয়েছে, অক্টোবর মাসে ২৭ হাজার লোককে লে-অফ করা হয়েছে। এই যে হাজার হাজার মানুষ আজকে ক্লোজারের মুখে, বলুন স্যার, এর পর সহযোগিতার কথা কি বলা যায়? আমরা জানি উৎপাদন বেড়েছে। তাদের কারা এই ক্লোজারগুলি করেছে? এই সব মালিকদের বিরুদ্ধে যদি ব্যবস্থা গ্রহণ করতে না পারেন তাহলে পশ্চিমবঙ্গে ইন্ডাস্ট্রির ক্ষেত্রে শিল্পের ক্ষেত্রে চরম নৈরাজ্য সৃষ্টি হবে। আজকে প্রাইভেট ক্যাপিটেল বা ব্যক্তিগত মালিকানা তারা আপ্রাণ চেষ্টা করছে আপনাদের টাকা নিয়ে তারা শ্রমিক জনসাধারণের জীবন নিয়ে খেলা করছে। এই কারখানাগুলি সরকার নিজের হাতে তুলে নিতে পারেন না? সরকার এইগুলিকে নিজের হাতে তুলে নিতে পারেন না? যে চটকলগুলি ২০০ কোটি টাকা মুনাফা করল সেই চটকলগুলি কি ন্যাশনালাইজ করা সম্ভব নয়? করা যেতে পারে। আপনারা ন্যাশনালাইজড করুন তাহলে দেখা যাবে যে সেখানে উৎপাদন বাড়ছে। কয়লাখনি ন্যাশনালাইজ করার পরে সেখানে উৎপাদন বেড়েছে। আজ যদি ন্যাশনালাইজ করা না হত, আজকে যখন পেট্রোলের দাম বাড়ছে, মবিল অয়েলের দাম বাড়ছে, তখন এই কয়লাখনি শিল্পকে চালু রেখেছে। সুতাকল, চা বাগান ইত্যাদি এইগুলিকে কি ন্যাশনালাইজড করা যায় না। যেগুলি একটার পর একটা বন্ধ করে দিচ্ছে সেইগুলি ন্যাশনালাইজড করা যায় এবং আমাদের দেশের শ্রমিকরা ন্যাশনালাইজ করার পর তারা কাজ করে দেখিয়ে দিয়েছে যে কেমন করে ন্যাশনালাইজড ইন্ডাস্ট্রিতে কাজ করতে হয়, কিভাবে মুনাফাজনক করে গড়ে তোলা যায়। সুতরাং সেইভাবে করলে দেখা যেত কিন্তু আমাদের সরকার সেদিকে যেতে ভয় পায়। তারা মালিকদের তোষণ করে চলেছেন তাদের পুলিশ দিয়ে এবং এর পরিণাম যে কি ভয়াবহ হতে পারে তা কল্পনা করা যায় না। আমি আমার কথা বলছি না, কংগ্রেস সদস্য পঙ্কজ বাবুই বলেছেন যে শ্রমিকদের উপর পুলিশ লেলিয়ে দেওয়া হয়েছে, পুলিশ তাদের গ্রেপ্তার করছে, তাদের ঘর থেকে টেনে বের করে আনছে, তাদের আসবাবপত্র ভেঙ্গে চুরমার করে দিচ্ছে। এই সব বক্তৃতা করে তারপর তিনি বলছেন, এরপর দেখা যাবে শ্রমিকরা একদিন ফেটে পড়বে, দেখা যাবে গুলি করে কয়েক জন খুন করেছে, এই শ্রমিক অসন্তোষকে দমন করা যাবে না। এটা তার কথা আমার কথা নয়। জয়নাল সাহেব যদি থাকতেন তাহলে তিনি এর উপর কি বলতেন তা আমি জানি না, আমি বললে হয়তো অন্য কথা বলতেন। গত অধিবেশনে তিনি এই বক্তৃতা দিয়েছিলেন ৩/১২/৭৫ তারিখে, এমার্জেন্সি ডিক্লারেশনের পর। সুতরাং আমি জিজ্ঞাসা করি কেন এই পথে কেন মালিকদের আপনারা এইভাবে দেশের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলতে দিচ্ছেন? কেন আপনারা তাদের বিরুদ্ধে অ্যাকশন নিচ্ছেন না? গেস্টেটনার কোম্পানির কথা তুলেছিলাম যে তোমরা পশ্চিমবাংলায় কারখানা চালিয়ে এখানে তুমি মুনাফা করলে এবং এই টাকা নিয়ে গিয়ে তোমরা নাসিকে কারখানা করছ? তারা যদি এখানে কারখানা না খোলে

তাহলে তার বিরুদ্ধে কোনও রকম অ্যাকশন নেওয়া যায় না? তার বিরুদ্ধে কোনও রকম প্রোটেকশন নেওয়া সম্ভব নয় আপনাদের পক্ষে? তাদের আপনারা পুষ্ট করছেন, মালিক তোষণ নীতি নিচ্ছেন? আপনাদের সহযোগিতা নিয়ে তারা এই সব করছে। দুঃখ হয় যে আপনাদের সহযোগিতা অথবা মিনিস্টারদের সহযোগিতা না থাকতে পারে কিন্তু আপনাদের পুলিশ এবং গুন্ডা দিয়ে তারা পশ্চিমবঙ্গের বহু পুরানো পুরানো সংগঠনগুলিকে ভেঙ্গে তছনচ করে দিয়েছে, তাদের বারগেনিং ক্যাপাসিটি সম্পূর্ণ শেষ করে দিয়েছে। মালিকরা তারা শ্রমিকদের ছাঁটাই করছে। তাদের কোনও নোটিশ দেওয়া হয় না তারা কয়েকজন গুন্ডা রেখে দিয়েছে এবং শ্রমিকদের হয়তো ৫০ জনকে বলে দেওয়া হল যে কাল থেকে তোমরা কারখানায় যাবে না, যেতে চাইলে তাদের গুন্ডা দিয়ে ভয় দেখানো হয় এবং বাধা দেওয়া হয় এবং তারপর তাদের বলা হয় যে তোমাদের লং টাইম অ্যাবসেন্সের জন্য চাকরি গেল।

এই পদ্ধতিতে তারা একটার পর একটা এই কাজ করে চলেছে এবং গোটা জায়গায় প্রাইভেট ক্যাপিটালিস্টদের দ্বারা পরিচালিত কারখানায় এই রকম অরাজকতা, এই ধরনের অব্যবস্থা, এই ধরনের জুলুম এবং এই ধরনের অত্যাচার চলছে। আমি বুঝতাম যে এই সরকার এই বিরাট বেকার সমস্যাকে দূর করার জন্য তাদের তোষণ করছেন কারণ এই কলকাতা শহর একদিন মিছিল নগরী বলে পরিচিত ছিল। এখানে কারখানা করতে কেউ চাইতো না, ভয় পেয়ে তারা বাইরে চলে গিয়েছিল। হয়তো তারা ভেবেছিলেন যে এখানে মিছিল থাকবে না, শ্রমিক আন্দোলন করবেনা, এই সব বন্ধ করে দেওয়া যেতে পারে, কিন্তু তাতো না, এই সব পুঁজিপতিরা যারা শোষণ করে তারা এসবের ধার ধারে না। এদের দিয়ে যদি সত্যিকারে কাজ করাতে হয় তাহলে তাদের তোষণ করে নয়, তাদের জোর করে এই কাজ করিয়ে নিতে হবে। তা যদি না করাতে পারেন তাহলে এই ২০ দফা আবেদন বা এই এমার্জেন্সি অর্থহীন হয়ে যাবে। এবং তাহলে তার পূর্ণ সুযোগ নেবে জনতার শক্তি যারা আমাদের দেশের শত্রু। এবং এর ফলে আমাদের দেশের শ্রমিকশ্রেণী, কৃষক তারা বিপন্ন হবে। তাই আপনাদের কাছে আমরা দাবি করব, আবেদন করব, এই সমস্ত ঘটনাগুলিকে পুঙ্খানুপুঙ্খ রূপে বিচার করুন। জবাব দেবার জন্য জবাব না দিয়ে বিচার করে দেখুন এবং এই সমস্ত অসাধু মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন। এই সমস্ত শিল্পগুলিকে জাতীয়করণ করুন। শুধু পরিচালনার দায়িত্ব না নিয়ে তার মালিকানা পর্যন্ত টেক ওভার করুন। তাহলেই দেখা যাবে দেশ শিল্পায়িত হয়েছে, তবেই দেখা যাবে বেকারত্ব দূর হয়েছে, মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে এবং আমাদের উপর যে অর্থনৈতিক সঙ্কট চাপিয়ে দেবার চেষ্টা হচ্ছে তা ব্যর্থ হবে, দেশ এগিয়ে যাবে, ২০ দফা প্রোগ্রাম সফল হবে এবং এই সরকার তার কৃতিত্বের দাবি নিতে পারবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-20 p.m.]

শ্রী অরবিন্দ মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে পরিপূর্ণ সমর্থন করে আমি দুই একটি কথা নিবেদন করতে চাই। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির প্রভাবে যুক্ত ফ্রন্ট সরকারের হঠকারী এবং

হিংসাশ্রয়ী রাজনীতির ফলে পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা ভেঙে পড়েছিল, অর্থনৈতিক অবস্থা অত্যন্ত চরম অবস্থায় দাঁড়িয়েছে। সৌভাগ্যবশত পশ্চিমবাংলায় মানুষ মহান নেত্রী ইন্দিরা গান্ধীর বলিষ্ঠ নেতৃত্বের পিছনে থেকে এই সরকারকে ক্ষমতায় অধিষ্ঠিত করেছিল। ঐ সরকার ক্ষমতায় আসায় এই রাজ্যের আর্থিক পরিস্থিতি কি হয়েছিল তা সর্বজনবিদিত। এই সরকার আসার পর যে সমস্ত আর্থিক কর্মসূচি গ্রহণ করেছিল তাতে সত্যিকারের কি পরিমাণ উন্নতি হয়েছিল এই রাজ্যের মধ্যে, তা পরিসংখ্যান দিয়ে নানাভাবে রাজ্যপালের ভাষণের মধ্যে বলা হয়েছে। এই সরকারের আমলে পরিকল্পনা আকার সাড়ে তিন গুণ বেড়েছে। যার ফলস্বরূপ আমরা দেখতে পাচ্ছি যে কৃষিক্ষেত্রে যথেষ্ট উৎপাদন বৃদ্ধি হয়েছে। যেখানে ৪৮ লক্ষ টন উৎপাদন হয়েছিল তা দাঁড়িয়েছে ৫২ লক্ষ টনে। স্বাস্থ্য দপ্তরের দিকে যদি আমরা নজর রাখি তাহলে দেখব গ্রাম থেকে গ্রামান্তরের সাবসিডিয়ারি হেলথ সেন্টার, প্রাইমারি হেলথ সেন্টার থেকে সাধারণ মানুষকে চিকিৎসার অনেক সুযোগ এনে দিয়েছে, এবং এই সরকার যখন ১৯৭২ সালে ক্ষমতাসীন হন, তখন থেকে যদি লক্ষ্য করি, তাহলে প্রতিদিন পাঁচটি করে শয্যা সংখ্যা সংযোজিত হয়েছে। এই সব দিক বিচার বিবেচনা করে রাজ্যপাল মহোদয় যে ভাষণ এখানে প্রদান করেছেন এবং মন্ত্রী সভার কাছে যে ছবি এখানে তুলে ধরেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ বন্দেমাতরম।

শ্রী এক্রামুল হক বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সভার সম্মুখে মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে আমি সম্পূর্ণ সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় রাজ্যপাল মহাশয়, আমরা জানি যে আমাদের মহান নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে ২০ দফা কর্মসূচি তুলে ধরেছেন, তার পরিপ্রেক্ষিতে আজ সারা দেশে যে কর্মযজ্ঞ শুরু হয়েছে, তাতে সকল শ্রেণীর মানুষ অংশ গ্রহণ করে দেশকে উন্নয়ন দিকে এগিয়ে নিয়ে চলেছে। তাই আমাদের মাননীয় রাজ্যপাল মহোদয় সার্বিক ক্ষেত্রে কাজের উন্নয়নের ছবি তুলে ধরেছেন। তাই আমি বলি যে আমরা যেমন অধিক সংখ্যক মানুষ গ্রামবাংলায় বাস করি—সেই গ্রামবাংলার মানুষের কিভাবে উন্নয়ন হতে পারে—সেই দিকে দৃষ্টি রেখে আজ কৃষির দিকে দৃষ্টি রেখে এই সরকার তাদের সার্বিক উন্নয়নের জন্য চেষ্টা করে চলেছেন। আজ সারা দেশের কৃষি বিপ্লব কিভাবে সম্ভব হতে পারে—তার দিকে নজর রেখে আমাদের কৃষিদপ্তর এগিয়ে চলেছে, কৃষকদের মুখে হাসি ফুটিয়েছেন। আজ তার সঙ্গে সঙ্গে আমাদের সেচ দপ্তরও পিছিয়ে নেই। তারা সেচের সীমা—কিভাবে বাড়িয়ে কৃষি ক্ষেত্রকে আরও সবুজতর করে তুলতে পারে। তারজন্য সরকার চেষ্টা করছেন। অনুরূপভাবে আমরা আরও দেখি—সেচের সঙ্গে গ্রামীণ ইলেক্ট্রিসিটির যে স্বময় সীমা বেঁধে দেওয়া হয়েছিল—তা অতিক্রম করে একটা রেকর্ড সৃষ্টি করা হয়েছে। তাই আমি ভুলতে পারি না—যে ভূমি সংস্কারের জন্য ২রা অক্টোবর যে টার্গেট বেঁধে দেওয়া হয়েছিল তার জন্য আমরা দেখেছি রেকর্ড পরিমাণ ভূমিহীন শ্রমিকদের ৫ লক্ষ ৭০ হাজার একর ভূমি বণ্টন করা হয়েছে। সরকার শুধু এই জমি বণ্টন করেই ক্ষান্ত হন নাই,—তাদের বাস্তুভিটা দেওয়ার সঙ্গে সঙ্গে—তাদের বাস্তুঘর তৈরির করে দেশের জন্য এই সরকার উদ্যোগী হয়েছেন। এত করা সত্ত্বেও আমাদের গ্রামবাংলার মানুষ এখনও দারিদ্র সীমার নিচে রয়েছে। তাই আমি

সরকারকে এই বিষয়ে দৃষ্টি নিবদ্ধ করবার জন্য অনুরোধ জানাচ্ছি। আমরা পশ্চিমবাংলায় দরিদ্র বেকার যুবকদের সামনে একটা কঠিন ও ভয়াবহ ছায়া চিত্র দেখতে পাচ্ছি। এই বেকার সমস্যার সমাধান করে—আমি মনে করি গ্রামে কুটির শিল্প ও ভারী শিল্পোদ্যোগ যদি ঘটানো না হয় তাহলে আগামীদিনে বেকার সমস্যা একটা ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি করবে। এরজন্য সরকার যদি আরও সুষ্ঠুভাবে পরিকল্পনা নিয়ে এগিয়ে না আসেন, তাহলে আমরা কোনও মতেই এই বেকার সমস্যার সমাধান করতে পারব না। তাই আমি সরকারকে এদিকে বিশেষভাবে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

এই সঙ্গে রাজ্যপালের ভাষণে একটা জিনিস লক্ষ্য করেছি—যেটা হচ্ছে তিনি সামান্য দু-এক কথায় শেষ করেছেন— তা হচ্ছে ফরাক্কায় ভাঙ্গনের কথা। গঙ্গার ভাঙ্গনে হাজার হাজার লোক আছে হাজার হাজার গৃহহীন—সর্বহারা। তারা বর্তমানে ন্যাশনাল হাইওয়ের উপরে কোনও ক্রমে একটু ঘরবাড়ি করে বসবাস করছে। কিন্তু আসল সমস্যার কোনও সুরাহার ব্যবস্থা আজও হয় নাই। কেন্দ্রীয় সরকারের দোহাই দিয়েও কোনও লাভ হচ্ছে না। সেই হতভাগ্য নর-নারীর দল আজ রোদে বৃষ্টিতে ঝড়ে কষ্টে আছে—গৃহহীন অবস্থায় যেখানে বসবাস করছে। আমি মনে করি উন্নয়ন যাতে এবারকার বাজেটে যে টাকা প্রচুর আমাদের রয়েছে—তার থেকে ওদের কিছু কিছু ঋণের ব্যবস্থা ও অন্যান্য সুযোগ সুবিধা দেওয়ার জন্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি। তাহলে তারা আরও বিপদগ্রস্ত হয়ে পড়বে। এদিকে সরকার যেন অবিলম্বে দৃষ্টি দেন—এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি ফরাক্কার ভাঙ্গনে যে সমস্ত পরিবার আজ বিপদের সম্মুখীন হয়েছেন—তাদের জন্য আশু ব্যবস্থা অবলম্বনের জন্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি।

স্বাস্থ্যের ক্ষেত্রে একটা বড় জিনিস হয়েছে প্রত্যেক ব্লকে প্রাইমারি সাব-সিডিয়ারি সেন্টার অনেক স্থাপিত হয়েছে—অনেক তার উন্নতি হয়েছে। সব সেন্টারে ডাক্তারের জন্য সরকার নিয়োগ পত্র দিয়েছেন বটে, কিন্তু আমাদের অনেক ডাক্তারবন্ধু এখনও সেখানে জয়েন করেন নাই। এই পঞ্চবার্ষিক পরিকল্পনা কালে আমাদের পশ্চিমবাংলার দুটি মেডিক্যাল কলেজ স্থাপিত হবে বলে শুনেছিলাম। এই সম্পর্কে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি—এর মধ্যে একটা মেডিক্যাল কলেজ মুর্শিদাবাদে স্থাপিত হোক এবং অন্যটি মেদিনীপুরে স্থাপন করা হোক, যাতে করে সত্তর গ্রামবাংলার জন্য ডাক্তারের অভাব দূরীভূত হতে পারে। এই কথা কয়টি বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে—তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি।

[6-20 — 6-30 p.m.]

ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব উঠেছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। বর্তমান সরকার আসার আগে পশ্চিমবাংলায় কি অবস্থা ছিল, সরকার এই চার বছরে কি করেছে এবং আগামী দিনে কি করার প্রতিশ্রুতি দিয়েছে এই তিনটি বিষয়ে সংক্ষিপ্ত এবং

উৎসাহব্যঞ্জক যে বক্তব্য রেখেছেন তারজন্য তাকে সাধুবাদ জানাই। আর সেই সঙ্গে সঙ্গে আমরা আশা করছি যেভাবে সরকার তাদের প্রতিশ্রুতি কার্যে রূপায়িত করেছেন সেইভাবে আগামী দিনেও তা সম্ভব হবে। নেতীবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে অনেকে বলতে পারে সব কিছু করা হয়নি, আরও কিছু করা উচিত ছিল। কিন্তু আমরা জানি সরকারের যতটা ইচ্ছা আছে ততটা সাধ্য নেই। তাই সীমিত সাধ্যের মাধ্যমেই তারা যেভাবে বিভিন্ন পরিকল্পনা সফলভাবে রূপায়িত করেছেন তারজন্য ধন্যবাদ তাদের প্রাপ্য। প্রথমেই বলি আমরা গ্রামের মানুষ কৃষিক্ষেত্রে যে প্রচন্ড অগ্রগতি হয়েছে সেটা আমরা দেখেছি। যদিও এই বছর আমরা তার পুরোপুরি সাফল্য পরিপূর্ণভাবে ভোগ করতে পারিনি বা জানাবার মতো করতে পারিনি। আপনি জানেন এবং অনেকে শুনলে অবাক হবেন ফসলের স্বর্গরাজ্য পাঞ্জাব এবং হরিয়ানাতে যতটা জমি আছে তার থেকে ১৬ শতাংশ কম জমি থাকা সত্ত্বেও পশ্চিমবাংলা ওই দুটি রাজ্যের সমান ফসল উৎপাদন করে এবং সেটা প্রায় পৌনে চার কোটি লোকের খাদ্যের সমান। যেহেতু ওই দুটি রাজ্যের মিলিত জনসংখ্যা আড়াই কোটি সেইজন্য তারা সোয়া কোটি লোকের খাদ্য উদ্বৃত্ত করে অন্য রাজ্যে পাঠায়। আর আমরা প্রায় ৭৫ থেকে ৯০ লক্ষ লোকের খাদ্য কেন্দ্র থেকে হাত পেতে নিই। তাতেও আমরা নিরাশ হইনি। কৃষিতে অদ্ভুতভাবে উন্নতি হচ্ছে। ক্ষুদ্রসেচ গত চার বছরে প্রায় দ্বিগুণ হয়েছে। এর পর কংসাবতীর কাজ প্রায় শেষ হতে চলল। এর মধ্যে তিস্তা এবং মহানন্দার কাজ হাতে নেওয়া হয়েছে এবং আগামী দিনেও আরও ক্ষুদ্রসেচ পরিকল্পনা নেওয়া হবে। তাতে আমরা নিশ্চিত যে আগামী বছর থেকে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারব। এই প্রসঙ্গে আমি উল্লেখ করি যে চালের দাম শতকরা ৪০ ভাগ পড়ে গিয়েছে গত বছরের তুলনায় এবং আমাদের গ্রামাঞ্চলে আমরা দেখেছি কৃষকরা এখন ভাবতে বসেছে যদি এইভাবে ফসলের দাম পড়ে যায় তাহলে হয়তো চাষ লাভজনক হবে না। সেই সঙ্গে সঙ্গে আমরা দেখেছি গ্রামাঞ্চলে আগের দিনে যে সমস্যা ছিল সারের, কীটনাশক ঔষধের—এইগুলো এখন যত্রতত্র যত খুশি পরিমাণে পাওয়া যাচ্ছে। আমরা নিশ্চিতভাবে তাই আশা করব আগামী দিনে খাদ্য দপ্তর রাখবার প্রয়োজন হবে না, সরবরাহ বিভাগ রাখবার প্রয়োজন হবে না। কারণ পশ্চিমবাংলা সত্যি সত্যি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবে এবং সেই সঙ্গে সঙ্গে গ্রামের পিছিয়ে পড়া মানুষ ক্ষেত মজুর এই সমস্ত মানুষ তারা সারা বছর কাজ পেয়ে যাবেন। পশ্চিমবাংলার বহু জেলায় আমরা দেখেছি তারা সারা বছর কাজ পাচ্ছে। তাদের মধ্যে বেকারি অনেক কমে গিয়েছে। ভূমি সংস্কার বিভাগ তাদের বাস্তুভূমি দিয়েছে। সঙ্গে সঙ্গে শিল্পাঞ্চলে আমরা দেখেছি যারা মুনাফাবাজি করত, যারা পুঁজিপতি তাদের বেপরোয়া মনোভাব অনেক কমে গিয়েছে। শিল্পে অনেক অসন্তোষ কমেছে। আমরা দেখেছি দুর্গাপুর শিল্প কমপ্লেক্স যেখানে শ্রমিক অসন্তোষ দুরারোগ্য ব্যাধির মতো ছিল সেখানেও শিল্পে অসন্তোষ কমে গিয়েছে, রেকর্ড উৎপাদন হচ্ছে। এইভাবে সর্বস্তরে একটা নতুন আবহাওয়া এসেছে। এইজন্য বর্তমান সরকারকে ধন্যবাদ জানাই এবং রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[6-30 — 6-38 p.m.]

শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে রাজ্যপালের ভাষণ

সম্পর্কে কিছু বলতে গিয়ে দু-চারটে কথা বলছি। আজকে ভারতবর্ষের বুকে যে জরুরি অবস্থা আছে এমন একটা সময় এসেছিল তখন বাইরের এবং ভারতের ভিতরের শত্রু এক হয়ে ভারতবর্ষে একটা বিপর্যয় এনে দেওয়ার চেষ্টা করেছিল। সেই সময় শ্রীমতী গান্ধী উপযুক্ত সময়ে মনে করে ২৬শে জুন থেকে এই এমার্জেন্সি ডিক্লেয়ার করেছিলেন এবং তার পরবর্তীকালে ২০ দফা কর্মসূচি পরবর্তী কার্যক্রম রূপে তিনি আনলেন এবং যাতে দেশের সাধারণ মানুষ ক্ষুদ্র চাষী এবং মধ্যবিত্ত সমাজ যারা আজকে বিভিন্ন সমস্যায় জড়িত এবং নিপীড়িত তাদের যাতে তুলে নেওয়া যায় তারজন্য এই চেষ্টা। কাগজের প্রতি ছত্রে ছত্রে প্রতিদিন বেরোচ্ছে শ্রীমতী গান্ধী এরজন্য উদ্বেগ এবং উৎকণ্ঠা প্রকাশ করে চলেছেন যাতে দেশকে রক্ষা করা যায়। এই জন্য জনতার ম্যানডেটও দেওয়া হয়েছিল। কিন্তু ততখানি উদ্বেগ এবং উৎকণ্ঠা রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পায়নি। এতে সামান্য ছিটেফোঁটা আছে। পরবর্তী কার্যক্রম হিসাবে ২০ দফা কর্মসূচি নেওয়া হয়েছে। নিঃসন্দেহে এটা অত্যন্ত ভাল এবং এটা এতই ভাল যে আমরা যারা সাধারণ মানুষের জন্য কিছু করতে চাই আজকে এই কাজগুলো করা গেলেই যথাযথভাবে সাধারণ মানুষকে তুলে দিতে পারব এবং তাদের অনেকখানি পরিবর্তন আসতে পারবে। কিন্তু আজকে এই এমার্জেন্সিকে এই শ্রেণী আমলাতন্ত্র নিজেদের হাতিয়ার রূপে ব্যবহার করছে যার ফলে বহু অজ্ঞ, নিরক্ষর মানুষ বিশেষ করে গ্রামের মানুষ তাদের উপর নির্যাতন করা হচ্ছে এবং অনেক অব্যবস্থা চাপিয়ে দেওয়া হচ্ছে। আমাদের স্যার, ভূমি বন্টনের ব্যাপারে কতকগুলো জে এল আর ও ভূমি উপদেষ্টা কমিটির মিটিং ডাকছেন না এবং তারা নাকি মাঝে মধ্যে মন্তব্য করছেন ভূমি উপদেষ্টা কমিটি নাকি তুলে দেওয়া হয়েছে, অবশ্য সঠিক জানি না। এখান থেকে মন্ত্রী মহাশয় কোনও নির্দেশ দিয়েছেন কিনা—উনি বলেছেন তোলেন নি। আজকে জে এল আর ও সেই মিটিং ডাকছেন না, তাছাড়া সেটেলমেন্টের ক্ষেত্রে দেখা যাচ্ছে বিশেষ করে মেদিনীপুর জেলার গড়বেতা থানায় দেখেছি পাশাপাশি সেটেলমেন্টের রেকর্ড থাকা সত্ত্বেও আরও একটা রেকর্ড বেরিয়ে আসছে। জানি না সরকারি সেটেলমেন্টের পাশে আরও একটা সেটেলমেন্ট কাজ করে চলছে কিনা—এই অবস্থা ঘটছে এবং এমার্জেন্সির সুযোগ নিয়ে সাধারণ মানুষকে ঐ সমস্ত নিম্নস্তরের আমলারা ফাঁকি দিচ্ছে এবং তাদের একটা গাড্ডায় নিয়ে গিয়ে ফেলছে।

আমরা এটা জানি যে আজ যদি লোন কালেকশন করা না যায় তাহলে সরকারের হাতে টাকা আসবে না এবং পরবর্তীকালে টাকাও আরও দেওয়া যাবে না। কিন্তু স্যার, এই টাকা আদায়ের ব্যাপারে কথায় কথায় মিসার ভয় দেখানো হচ্ছে, বলা হচ্ছে, মিসায় আটকে দেওয়া হবে ইত্যাদি তারা কেন টাকা দিতে পারছে না বা কি তাদের অসুবিধা সেসব কথা না জেনেই তাদের এই ভাবে ভয় দেখানো হচ্ছে। স্যার, গ্রামের ঐ সাধরাণ কৃষক যারা নানান দিক নিপীড়িত তাদের কাছে এইভাবে হঠাৎ হঠাৎ ক্রোকীপরোয়ানা সহ হাজির হচ্ছে এবং তাদের ঘরে যদি এক মাসের খাবারও থাকে তাও ক্রোক করে নিচ্ছে। এমন কি আমাদের গড়বেতা থানাতে মেয়েদের ভয় দেখানো হচ্ছে। স্যার, এইভাবে এমার্জেন্সির অপব্যবহার করা হচ্ছে। এইভাবে যদি চলে তাহলে নিশ্চয় এটা সরকারের বিরুদ্ধে যাবে এবং জনসাধারণ ভাববে হয়ত সরকারই এসব করাচ্ছে। স্যার, এইবারে আমি কয়েকটি প্রস্তাব রাখব, যদিও

এটা আগে বলেছিলাম কিন্তু আজ পর্যন্ত তা কার্যকর না হওয়ায় সেটা আবার বলছি। যেমন আমার এলাকায় ১৯৬৯ সালের বাজেটে মঞ্জুর করা রাস্তা গড়বেতা থানায় সেটার আংশিক মেরামত হয়ে পড়ে আছে কিন্তু সম্পূর্ণ হয়নি সেই রাস্তার কাজটি অবিলম্বে সমাপ্ত করা হোক। এই প্রসঙ্গে স্যার, আরও বলি, গড়বেতার মতোন একটা বিরাট জায়গা যার জনসংখ্যা ক্রমাগতই বাড়ছে সেই গড়বেতা থানার চন্দ্রকোনা রোড যার মাধ্যমে উত্তরবঙ্গের সঙ্গে বিভিন্ন বাসরুটের যোগাযোগ রয়েছে সেখানে গ্রীষ্মকালে এক গ্লাস জল পাওয়া যায় না। স্যার, ১৯৭৩ সালের জুলাই মাসে মেদিনীপুরের একটি মিটিং-এ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ঘোষণা করেছিলেন যে এখানে ওয়াটার সাপ্লাই স্কীম মঞ্জুর করা হল কিন্তু স্যার, আজ পর্যন্ত কার্যে রূপায়িত হয়নি। স্যার, ঐ রাস্তাতেই আমাদের শিক্ষা বিভাগের ডেপুটি মিনিস্টার একদিন গিয়ে খাবার জল পাননি, আমি শেষকালে একটি দোকান থেকে তার খাবার জন্য জলের ব্যবস্থা করি। আমি এই স্কীমটি যাতে সত্বর কার্যে রূপায়িত হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, এই কয়েকটি কথা বলে সরকারি অফিসারদের প্রতি মন্ত্রিসভাকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শতদল মাহাতো ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে এই হাউসে সামনে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে দেখছি তিনি দুটি বিষয়ের প্রতি বিশেষ গুরুত্ব দিয়েছেন—একটি হচ্ছে জরুরি অবস্থা ঘোষণা এবং অপরটি হচ্ছে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচি রূপায়ণ। স্যার, ২০ দফা কর্মসূচি রূপায়ণ সম্বন্ধে বিশেষ করে উল্লেখ করা হয়েছে যে, আমাদের গ্রামীণ অর্থনীতির একটা বিরাট পরিবর্তন এর মাধ্যমে হবে। এই জরুরি অবস্থা ঘোষণার পর দেখতে পাচ্ছি যে বাস্তবিকই আগে আমাদের প্রশাসনিক ব্যবস্থা যা ছিল বর্তমানে তার চেয়ে যথেষ্ট উন্নতি হয়েছে। স্কুল কলেজ, হাসপাতাল প্রভৃতি প্রত্যেকটি ক্ষেত্রেই আজকে একটা সুন্দর আবহাওয়া হয়েছে। স্যার, আজকে আমাদের সি পি আই-এর বন্ধুরা বলছেন এই জরুরি অবস্থা তুলে দিতে হবে কিন্তু আমি বলব, জরুরি অবস্থা থাকা দরকার। কারণ তা যদি থাকে তাহলে আমাদের প্রশাসনিক ব্যবস্থা আরও সুদৃঢ় হবে, সবল হবে। স্যার, এবারে অমি পুরুলিয়া জেলা সম্বন্ধে কয়েকটি কথা বলব। দু দশক হতে চলল কিন্তু তবুও দেখছি আমাদের এই পুরুলিয়া জেলা অনুন্নত অবস্থাতেই রয়ে গিয়েছে। রাজ্যপালের ভাষণে সুস্পষ্ট ইঙ্গিত নেই। কৃষি এবং শিল্প—এই দুটি বিষয় উল্লেখ করতে গেলে দেখা যাবে যে কৃষির বিষয়ে আমরা সম্পূর্ণ অনগ্রশীল, পশ্চাৎপদ আছি। নলকূপের বিশেষ ব্যবস্থা হয়নি। জোড়গ্রাম পরিকল্পনাগুলি গ্রহণ করা হয় নি, বিদ্যুতের কোনও ব্যবস্থা হয়নি। তাই, বিশেষ করে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের কৃষি ব্যবস্থার সম্মুখ উন্নতি চাই। হয়ত কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিন্তু সেগুলি কার্যকর করা হয়নি এবং আমাদের রবাদ্দ সেই বরাদ্দ আরও বাড়াতে হবে। শিল্পের ব্যাপারে দুঃখের কথা বহুদিন থেকে দেখে আসছি কাগজে এবং রেডিওর মাধ্যমে সে আমাদের পুরুলিয়ায় সিমেন্ট করাখানা বা অ্যালয় স্টিল কারখানা হতে চলেছে। কিন্তু তার অদ্যাবধি একটা কিছু

সম্যক ধারণা খুঁজে পাচ্ছি না। সিমেন্ট কারখানা এনকোয়ারি হয়েছে, কমিটি বসেছে কিন্তু আজ পর্যন্ত সেটা হবে কিনা তাও অনিশ্চিত। এলয় স্টিল কারখানার জন্য একটা জায়গা স্থির হয়েছিল কিন্তু তারও কিছু দেখছি না। মিনি স্টিল কারখানা হয়ত কালনায় হতে চলেছিল কিন্তু সেটাও বন্ধ হয়ে আছে। এইভাবে শিল্পে এবং কৃষির অবস্থা পুরুলিয়ার দিকে যদি দৃষ্টি দেওয়া যায় তাহলে দেখা যাবে যে বাস্তবিক কাগজে এবং রেডিওর মাধ্যমে শুনেছি বটে কিন্তু কার্যকর হয়নি। দ্বিতীয় কথা হচ্ছে গ্রামে ঋণ সম্পর্কে আমাদের সরকার বলেছেন যে ঋণ মকুবের ব্যবস্থা করেছেন। গ্রুপ লোন সম্পর্কে দুঃখের কথা, আমরা যখন বিহারে ছিলাম তখন যারা গ্রুপ লোন নিয়েছিল ১৯৫১-৫২ সালে তাদের প্রত্যেকের কাছে নোটিশ গেছে। এই সমস্ত গরিব চাষী যারা গ্রুপ লোন নিয়েছে যদি ১৯৭৫ সালের এই আইনের মাধ্যমে গ্রুপ লোন রেহাই পায় তাহলে ১৯৫১-৫২ সালে যে সমস্ত গরিব চাষীরা লোন নিয়েছিল তারা যাতে মকুব পায় সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়ায় হসপিটাল সম্পর্কে বলতে চাই। আমাদের পুরুলিয়া সদরে একটি মাত্র হসপিটাল রয়েছে। সেই হসপিটালে আজ পর্যন্ত কোনও ডাক্তারের সুব্যবস্থা হয়নি, অপারেশনের জন্য কোনও ভাল ডাক্তার নেই। সেজন্য বিশেষ করে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের পুরুলিয়া জেলা পশ্চাৎপদ, অনুন্নত জেলায় একটি মাত্র সদর সাব-ডিভিসন রয়েছে। সেখানে যদি হাসপাতালে কোনও সুরাহা করা না হয় তাহলে রুগীরা অকালে মারা যাবে। সুতরাং, তার সুব্যবস্থা করার জন্য আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। তারপর এডুকেশন-এর কথা বলতে চাই যে এই পুরুলিয়া জেলা বিশেষ করে শিক্ষায় অনগ্রসর। এখানে কলেজ সেইভাবে গড়ে ওঠেনি। এখানে ২টি কলেজ আছে কিন্তু তাতে অনার্স শিক্ষার ব্যবস্থা হয়নি। হয়ত ২/১টি বিষয়ে অনার্স কোর্স খোলা হয়েছে। কিন্তু সেগুলি বিশেষ চালু নেই। সেজন্য আমি আপনার মাধ্যমে পুরুলিয়ার প্রতি মন্ত্রিসভায় দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই পশ্চাৎপদ অনগ্রসর জেলার প্রতি ব্যয় বরাদ্দ বাড়ে এবং মাননীয় রাজ্যপালের ভাষণে হয়ত উল্লেখ সামান্য মাত্র রয়েছে সেজন্য আপনার মাধ্যমে পুনরায় অনুরোধ করব যাতে মন্ত্রিসভার দৃষ্টি আকৃষ্ট হয়। পরিশেষে রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6-38 p.m. till 1 p.m. on Wednesday the 25th February 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 25th February, 1976 at 1.00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 11 Ministers, 5 Ministers of State and 151 Members.

[1-00 — 1-10 P.M.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath)

Starred Questions
(to which oral answers were given)

বাঁকুড়ায় বেসরকারি শিল্প

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮।) **শ্রী কাশীনাথ মিশ্র :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেসরকারিভাবে বাঁকুড়া জেলায় কি কি শিল্প স্থাপনের কাজ শুরু হইয়াছে ;

(খ) উক্ত শিল্প স্থাপনের কাজ বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(গ) উক্ত কারখানাগুলি কতদিনে উৎপাদনক্ষম হইবে?

শ্রী তরুণকান্তি ঘোষ :

(ক) বর্তমানে বেসরকারিভাবে বাঁকুড়া জেলায় একটি রাসায়নিক একটি ইঞ্জিনিয়ারিং, একটি জুতা তৈরির কাঠের ছাঁচ (সু লাস্ট), কাঠের আসবাব পত্রাদি তৈরীর শিল্প ও স্টিল পাইপ ও টিউবের একটি প্রকল্প স্থাপনের কাজ শুরু হইয়াছে।

(খ) উক্ত রাসায়নিক ও ইঞ্জিনিয়ারিং শিল্প প্রকল্প দুটির (ফিজিবিলিটি রিপোর্ট) তৈরি হইয়াছে। প্রয়োজনীয় যন্ত্রপাতি আমদানি লাইসেন্স মঞ্জুর হইয়াছে এবং যন্ত্রপাতি সরবরাহের অর্ডার দেওয়া হইয়াছে। ইঞ্জিনিয়ারিং শিল্পটির জন্য বৈদেশিক সহযোগিতার প্রস্তাব অনুমোদন লাভ করিয়াছে এবং রাসায়নিক প্রকল্পটির জন্য বৈদেশিক সহযোগিতার জন্য ভারত সরকারের সহিত আলোচনা চলিতেছে। ঐ প্রকল্প দুটির জন্য মোট ১৬.৪৭ একর জমি অধিগ্রহণের ব্যবস্থা করা হইয়াছে।

৩৬০ লক্ষ টাকা ঋণ আবেদনপত্র সরকার কেন্দ্রীয় আর্থিক সহায্যকারি সংস্থার নিকট সুপারিশ করিয়াছেন জুতা তৈরীর কাঠের ছাঁচ প্রকল্পটির জন্য যন্ত্রপাতি আমদানি লাইসেন্স দরখাস্ত করিবার ব্যবস্থা লওয়া হইতেছে।

স্টিল টিউব-পাইপ প্রকল্পটির সম্প্রসারণের লাইসেন্সটি মাত্র ১৯৭৫ সালের এপ্রিলে পাওয়া গিয়াছে। প্রকল্পটির প্রাথমিক কাজ শুরু হইয়াছে এবং যন্ত্রপাতি আমদানি লাইসেন্সের দরখাস্ত করিবার ব্যবস্থা লওয়া হইতেছে।

(গ) এখনই তা বলা সম্ভব নয়।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, রাসায়নিক এবং ইঞ্জিনিয়ারিং শিল্প দুটো তৈরির কাজ—যেমন জমি সংক্রান্ত এবং সরকারের কাছ থেকে যে সাবসিডি পাবে, এই সবগুলো কবে নাগাদ উক্ত বেসরকারি প্রতিষ্ঠান পেয়েছে?

শ্রী তরুণকান্তি ঘোষ : জমি সম্বন্ধে কাশীবাবু নিশ্চয়ই জানেন, ফরেস্ট ডিপার্টমেন্টের সঙ্গে জমি নিয়ে একটু আটকে ছিল এবং ফরেস্ট ডিপার্টমেন্ট—ফাইন্যালি দে হ্যাভ অ্যাগ্রিড টু গিভ দিস ল্যান্ড। অতএব জমি নিয়ে ডিফিকাল্টিজ নেই। তাদের যে জমি দরকার ছিল, তা তারা পাচ্ছে এবং অর্ডার ইস্যু করে দেওয়া হয়েছে। পুরোপুরি জমি পেলে তারা কাজ আরম্ভ করবে। অন্য যে সব কাজ যেমন পার্টনার, টেকনিক্যাল কোঅপারেশন, যন্ত্রপাতি, ঋণ, এইগুলো সব করে রেখে দেওয়া হয়েছে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, ফরেস্ট ডিপার্টমেন্ট এই প্রতিষ্ঠানকে প্রায় ৭ একর জমি যে দিচ্ছে সেটা কি লিজ হিসাবে দিচ্ছে?

শ্রী তরুণকান্তি ঘোষ : জমিটা আগে ফরেস্ট ডিপার্টমেন্ট দিতে চায়নি। কিন্তু এখন দিতে রাজি হয়েছে। তবে হোয়েদার ইট ইজ আউটরাইট সেল অর লিজ, তা আমাকে খোঁজ নিয়ে বলতে হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবে কি যে, জুতো তৈরির এবং কাঠের ফ্রেম ও অন্যান্য কাঠের আসবাব-পত্র তৈরীর কারখানা বাঁকুড়া জেলায় হবার কথা হয়েছে, তার জন্য তারা বাঁকুড়া জেলার কোথায় এবং কবে জমি পেয়েছে?

শ্রী তরুণকান্তি ঘোষ : তারা আমাদের জানিয়েছে যে তারা বাঁকুড়াতে কারখানা করবেন। কিন্তু কোন জায়গায় করবেন বা কোনও বিশেষ প্রেফারেন্সের কথা জানায়নি। এখন পর্যন্ত ঐ জুতো তৈরির প্রতিষ্ঠানটি বলেছে যে, তারা বাঁকুড়াতে করবে, দে হ্যাভ নট ইয়েট ডিসাইডেইন হুইচ পার্ট অফ বাঁকুড়া সেটা তারা জানায়নি। সেটা তারা না জানানো পর্যন্ত এই প্রশ্ন ওঠে না। তাদের জন্য যেটা করা দরকার ঋণ ইত্যাদির জন্য, সেটা আমরা ভারত সরকারকে বলেছি। কিন্তু কোথায় করবে, একজ্যাক্ট লোকেশন জানা নেই।

শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, বাঁকুড়াতে নাইলন-৬ এর একটা ফ্যাক্টরি করবার কথা ছিল, সেটা হবার এখনও পর্যন্ত কোনও সম্ভবনা আর আছে কি?

শ্রী তরুণকান্তি ঘোষ : আমি মাননীয় সদস্যকে জানাতে চাই যে এই প্রশ্ন এখানে যদিও ওঠে না, তবুও তাকে বলছি যে নাইলন-৬ এর র-মেটিরিয়াল হচ্ছে পেট্রোলিয়াম প্রোডাক্ট, আর পেট্রোলিয়াম প্রোডাক্টের কি অবস্থা দেশে তা আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন। দেশে যে পেট্রোলিয়াম আমদানি করা হচ্ছে তা দিয়ে কয়টি নাইলন প্রোজেক্ট আছে সেগুলি চালাতেই চলে যাচ্ছে এবং সেগুলিকেও আর নতুন কোনও মঞ্জুরি ভারত সরকার দিচ্ছে না। তবে আমরা এটাকে অ্যাবান্ডান করিনি। আমার মনে হয় নাইলনের বাজার এবং চাহিদা আছে এবং সেটা আমরা একটা ব্যাকোয়ার্ড ডিস্ট্রিক্টে করতে চাই। ইমিডিয়েটলি না হলেও আমরা শুনছি যে ভারত সরকার বলছেন যে, ভারতবর্ষে আর একটা কারখানা হতে পারে। আমরা দাবি জানিয়েছি আর একটা কারখানা করলে এটা বাঁকুড়ায় করতে হবে।

শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী : নাইলন-৬ এর কারখানা হতে পারে বলছেন, তাহলে এ সম্বন্ধে লেটার অফ ইন্টেন্ট পশ্চিমবঙ্গ সরকার পেয়েছে কি এবং সেই লেটার অফ ইন্টেন্টের সময় এক্সটেনশন করা হয়েছে কি, এবং এটা যদি বাঁকুড়াতে হয় তাহলে সরকারি উদ্যোগে হবে না যৌথ উদ্যোগে হবে।

শ্রী তরুণকান্তি ঘোষ : এর উত্তর দিতে গেলে আমাকে ফাইল দেখে বলতে হবে। তবে যে সমস্ত শিল্প হবে তা সরকারি এবং বেসরকারি উভয় উদ্যোগেই হবে।

শ্রী মহঃ দেদার বক্স : মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে বেসরকারিভাবে বাঁকুড়া জেলায় শিল্প প্রতিষ্ঠিত হচ্ছে, হয়ত উৎপাদন আরম্ভ হতে কিছু দেরি আছে। কিন্তু যখন উৎপাদন হবে তখন পশ্চিমবাংলার এই বিরাট বেকার সংখ্যার আনুমানিক কতজন কাজ পাবেন?

শ্রী তরুণকান্তি ঘোষ : দেখুন একটা কারখানায় ডাইরেক্ট এমপ্লয়মেন্ট, ইন্ডাইরেক্ট এমপ্লয়মেন্ট, সাবসিডারি এমপ্লয়মেন্ট ইত্যাদি নানা রকম জিনিস হয়। আমাকে ওরা যে ফিগার দিয়েছে তা থেকে বলতে পারি যে এই সমস্ত জায়গায় সব মিলিয়ে প্রায় ৬৫০-র মতো লোকের কর্ম সংস্থান হতে পারে, ডাইরেক্ট এমপ্লয়মেন্ট।

শ্রী অশ্বিনী রায় : আপনি এই যে রাসায়নিক কারখানায় কথা বলেছেন তাতে রাসায়নিক কি জিনিস উৎপন্ন হবে?

[1-10 — 1-20 p.m.]

Shri Tarun Kanti Ghosh : Sulphuric Acid, Ferrick Alum, Sulphate, Zink, Alum Pure, Magnesium Sulphate ইত্যাদি সমস্ত জিনিস তৈরি হবে। তা কত টন হতে পারে তা এখনও বলা যাবে না।

শ্রী মহঃ সফিউল্লা : বাঁকুড়া শিল্প স্থাপনের উপযোগী কি কি raw materials পাওয়া যায়?

শ্রী তরুণকান্তি ঘোষ : কেন বলতে হবে?

ট্যাক্সি ও স্কুটারের মিটার পরীক্ষা

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৪১।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়েটস্ ও. মেজারস্ অরগ্যানাইজেশনের মাধ্যমে ট্যাক্সি ও স্কুটারের মিটার নিয়মিতভাবে পরীক্ষার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে—

(১) কবে থেকে তা চালু করা হইবে ; এবং

(২) অন্তবর্তী অবস্থায় কি ব্যবস্থা চালু থাকিবে?

শ্রী তরুণকান্তি ঘোষ :

(ক) বিষয়টি বিবেচনা করে দেখা হচ্ছে।

(খ) (১) এখনই বলা সম্ভব নয়।

(২) বর্তমানে স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের অধীনে যে ব্যবস্থা আছে তাহাই চালু থাকবে।

শ্রীমতী গীতা মুখার্জি : আপনি কি জানেন যে কনট্রোলার ও ওয়েট অ্যান্ড মেজার্সদের যে কনফারেন্স হয়—১৬ এবং ১৫তম—তাতে এই জিনিসটা যাতে ঠিকমতো হয়—সেজন্য এর আন্ডারে দিতে বলে স্কুটার-এর ট্যাক্সিকে। কিন্তু একথা কি সত্য নয় ইতিমধ্যে এই দপ্তর উদ্যোগ নিয়েছিলেন এবং টাকা স্যাংশন করা হয়েছিল ফিফথ প্ল্যান এবং কিছু যন্ত্রপাতি আনা হয়েছিল। তা যদি হয় তাহলে আর কতদিন বিবেচনা থাকবে?

শ্রী তরুণকান্তি ঘোষ : বেঙ্গল মোটর ভেহিকলস রুলস যেটা আছে তাতে এটা তাদের দায়িত্ব। West Bengal Standard of weights and Measures (Enforcement) Act, 1950 যেটা আমাদের আছে তাতে এটা তার মধ্যে নেই। অতএব এটা যদি আমাদের আনতে হয় তাহলে আমাদের আইন পরিবর্তন করতে হবে। দ্বিতীয় জিনিস হচ্ছে। এ জিনিস check করতে গেলে ট্যাক্সিকে বলতে হবে এখান থেকে ১০ মাইল চল তারপর দেখব ঠিক আছে কিনা। এই জিনিস স্টেট ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট, হোম ডিপার্টমেন্ট যেটা করে সেটা দেখার জন্য লোকজন আছে। আমরা যদি শুধু ঘরে বসে চেক করি এবং অ্যাকচুয়াল ঘুরে চেক করার ব্যবস্থা করি তাহলে দুটো জিনিস করতে হবে। তা সত্ত্বেও তারা meeting-এ এজিনিস বলেছে। আমরা লিগ্যাল ওপিনিয়ন নিয়ে আলোচনা করছি। এরজন্য কিছু এক্সট্রা লোকের দরকার আছে এবং কোন ডিপার্টমেন্ট করবে সেটা ঠিক হয়েছে। There meters are being checked by Motor Vehicles Department.

Shri Gita Mukherjee : Motor Vehicles Deptt.-এর under-এ যা check হয় তার চেয়ে অনেক সায়েন্টিফিক্যালি ওয়েটস অ্যান্ড মেজারস হতে পারে এবং তারজন্য

সম্মেলন ইত্যাদি হচ্ছে। যেখানে এই জিনিসটা হচ্ছে সেখানে নিশ্চয় চলমান ট্যাক্সি ও স্কুটারের উপর হচ্ছে। এই অবস্থার দ্রুত ব্যবস্থা নেবার কথা আছে। মোটর ভেহিকলস ডিপার্টমেন্টের আন্ডারে-এ ব্যবস্থা আছে তাতে আনসায়ন্টিফিক ওয়ে অফ চেক করার জন্য আমাদের অনেক গুনাগার কিনতে হচ্ছে। সেজন্য দ্রুত আইন পরিবর্তন করবেন কি?

শ্রী তরুণকান্তি ঘোষ : আমি তো সমস্ত ব্যাক গ্রাউন্ডটা বললাম। ইট ইজ পেন্ডিং ম্যাটার তবে আপনি যে সাজেশন দিলেন সেটা শুনে রাখলাম।

Safety of Mine Workers

*22. (Admitted question No. *61.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state the steps taken by the State Government to ensure safety and security of the workers engaged in the mines and collieries in the State, and to prevent any disaster ?

Shri Tarun Kanti Ghosh : This is looked after by the Central Government and the Director-General of Mines Safety, Dhanbad is responsible for enforcement of various statutory measures for such safety and security. This does not concern the State Government.

Copies of the relevant Acts and Rules e.g. the Mines Act, 1952, Coal Mines (Conservation & Safety) Act, 1952, Coal Mines (Conservation & Safety) Rules, 1954 are placed in the Assembly Library.

Sir, in fact these have not been placed. This is the whole book which I am showing to you. If any honourable member wants to see this, there is an officer who will sit with you and show you everything.

শ্রী রজনীকান্ত দলুই : মন্ত্রী মহাশয় জানালেন যে খনি ওয়ার্কারদের সেফটি অ্যান্ড সিকিউরিটি মেজার্সের জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট যা করেন সেটাই হয়। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যখন খনি অ্যাক্সিডেন্ট হয় তখন স্টেট গভর্নমেন্ট ইনভলভড হয়ে পড়ে। তা যদি হয়ে পড়ে তাহলে কি ধরনের সেফটি অ্যান্ড সিকিউরিটি মেজার্স-এর ব্যবস্থা করা হয়েছে বা করা হচ্ছে?

শ্রী তরুণকান্তি ঘোষ : দিস ইজ দি হোল বুক, এর মধ্যে আপনি সব পাবেন।

শ্রী রজনীকান্ত দলুই : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যেসব সেফটি মেজার্সের ব্যবস্থা আছে সেগুলি ঠিকমতো ইমপ্লিমেন্টেড হচ্ছে কিনা সেটা দেখার ব্যাপারে আমাদের কোনও মোরাল রেসপন্সিবিলিটি আছে কিনা?

শ্রী তরুণকান্তি ঘোষ : মোরাল রেসপন্সিবিলিটি সকলেরই থাকে। সেন্ট্রাল গভর্নমেন্টের যেটা দায়িত্ব সেখানে তারা সেই দায়িত্ব সঠিকভাবে পালন করছেন বলে বিশ্বাস করি। চাষনালায় যে ঘটনা ঘটেছে নিশ্চয়ই তারজন্য আমরা সকলেই দুঃখিত, কিন্তু আমাদের সেখানে

নাক গলিয়ে করার কোনও অধিকার নেই তবে যদি কোনও সাজেশন আসে, আমরা সেটা তাদের কাছে পাঠিয়ে দিতে পারি। বাট দি অ্যাকশন হ্যাজ টু বি টেকেন বাই দেম, নট বাই আস।

শ্রী নিরঞ্জন ডিহিদার : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কতকগুলি জিনিস আছে যেগুলি মাইনস সেফটি অ্যাক্টের মধ্যে আছে যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট দেখবে। কিন্তু মাইনস সেফটি অ্যাক্ট ছাড়া আমাদের রাজ্যের কতকগুলি জিনিস দেখার আছে, যেমন ধরুন স্যান্ড স্ট্যাগ দিয়ে পিলারিং করতে গেলে সাবিসিডেন্স হতে পারে এবং তাতে অ্যাক্সিডেন্ট হয়। এই কতকগুলি ঘটনা অতীতে আপনার নজরে আনা হয়েছিল। সুতরাং এই সমস্ত জিনিসগুলি সম্পর্কে রাজ্য সরকারের তরফ থেকে ডিপার্টমেন্ট চালু করার কথা ভাবছেন কি?

শ্রী তরুণকান্তি ঘোষ : আপাতত কিছু ভাবছি না।

শ্রী অশ্বিনীকুমার রায় : আপনি বললেন কেন্দ্রীয় সরকারের আইন। এই যে রোপওয়ে অ্যাক্ট যেটার মাধ্যমে বালি নিয়ে গিয়ে মাইনসগুলি ভর্তি করা হয়, এই আইন পশ্চিমবঙ্গ সরকার করেছেন। কাজেই পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এই বিষয়ে আপনি কি কেন্দ্রের কাছে একটা রেফারেন্স করতে পারেন না যে এই যে ওয়ার্কাররা মাইনস অ্যাক্সিডেন্টে ক্ষতিগ্রস্ত হচ্ছে পশ্চিমবঙ্গের ভেতরে তাতে পশ্চিমবঙ্গ সরকারের কিছুটা অধিকার থাকা উচিত এটা দেখার জন্য যেমন ওয়েজের ব্যাপারে অধিকার আছে, জায়গা নিচে নেমে গেলে সেটা দেখার ব্যাপারে অধিকার আছে, তেমনি লোকগুলি মারা যাবে সেটা দেখার ব্যাপারে অধিকার পাবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে রেফারেন্স করবেন কি?

[1-20 — 1-30 p.m.]

শ্রী তরুণকান্তি ঘোষ : চাসনালা দুর্ঘটনা ঘটার সময় আমরা চন্ডীগড়ে ছিলাম, প্রধানমন্ত্রীও সেখানে ছিলেন। প্রধানমন্ত্রী এ সম্বন্ধে যে যে ব্যবস্থা অবলম্বন করা দরকার তা করবার জন্য নির্দেশ দিয়েছেন। কাজেই আপনি যে আবেগের কথা বললেন সেটা তাদেরও রয়েছে কারণ দে আর অলসো ইন দিস ম্যাটার। ভবিষ্যতে যাতে এরকম দুর্ঘটনা আর না ঘটে সেই চেষ্টা তারা করছেন।

শ্রী মহম্মদ দেদার বক্স : গত ২১ তারিখে আসানসোলের ৫০ মাইল দূরে কেঁদুয়া কয়লা খনিতে দুর্ঘটনায় ১ জন মারা গেছে এবং কয়েকজন আহত হয়েছে। কেন্দ্রীয় সরকার বলেছেন এ সম্বন্ধে ব্যবস্থা করা হবে। আমার প্রশ্ন হচেছ এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর শুধু নির্ভর করে রাজ্য সরকার কিছু যদি না করেন তাহলে শ্রমিকরা কি ভাববেন? কাজেই আপনারা কি করবেন সে সম্বন্ধে কোনও সুস্পষ্ট ধারণা দেবেন কি?

শ্রী তরুণকান্তি ঘোষ : আমি আগে যা বলেছি তার বেশি কিছু বলার আর নেই। আমি বলেছি এই ব্যাপারে দায়িত্ব হচ্ছে কেন্দ্রীয় সরকারের। আপনি যে অ্যাংজাইটির কথা বলেছেন সেটা আমরা তাদের কাছে জানিয়েছি। তারাও রিপ্রেজেন্টেটিভ অব দি পিপল কাজেই তারাও এ সম্বন্ধে ভাবছেন। আপনি যে কথা বললেন সেটা আমি তাদের কাছে বলতে পারি। তবে এটা ঠিক তারা এ সম্বন্ধে নিশ্চয়ই ভাবছেন।

কর্ণাটক রাজ্য হইতে মৎস্য আমদানি

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২।) **শ্রী অশ্বিনীকুমার রায় :** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কর্ণাটক রাজ্য হতে পশ্চিমবঙ্গে মৎস্য আমদানির কোনও প্রকল্প সরকার গ্রহণ করেছেন কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে, উক্ত প্রকল্পের বিস্তারিত বিবরণ এবং উহা কবে নাগাদ কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী অশ্বিনীকুমার রায় : মন্ত্রী মহাশয়ের কাছে গত বছর এ সম্পর্কে একটা প্রশ্ন করা হয়েছিল এবং সেই প্রশ্নের উত্তর দিতে গিয়ে তিনি বলেছিলেন সেন্ট্রাল কো-অপারেটিভ অব ফিশারিস-এর কাছে বিষয়টি বিবেচনাধীন আছে। এখন আমার প্রশ্ন হচ্ছে সেন্ট্রাল ফিশারিস যেটা কেন্দ্রীয় সরকারের তারা কি বলেছে যে, আমদানি রপ্তানি করা অসম্ভব?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : কর্ণাটক রাজ্য মৎস্য উন্নয়ন সংস্থা যে দরে এবং যে ধরনের বরফ দেওয়া মাছ পাঠাবার কথা জানিয়েছে সেই দরে সেই মাছ কেনা সম্ভব নয় কারণ সেটা তারা এখানে বিক্রি করতে পারবে না একথা সেন্ট্রাল ফিশারিস কর্পোরেশন জানিয়ে দিয়েছে। তবে জিনিসটির এখানেই ইতি হয়নি। সেন্ট্রাল ফিশারিস কর্পোরেশন এই ব্যাপারে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে যাতে কর্ণাটক রাজ্য মৎস্য উন্নয়ন সংস্থা থেকে সস্তা দরে মাছ পশ্চিমবঙ্গে আনা যায়।

শ্রী অশ্বিনীকুমার রায় : তারা কি দরে পশ্চিমবাংলায় মাছ বিক্রি করতে পারবে সেটা তারা জানিয়েছে কি? আমার দ্বিতীয় কথা হচ্ছে, এই ব্যাপারে আমার একটা প্রাক্টিক্যাল এক্সপেরিয়ান্স আছে এবং সেটা হচ্ছে পাবলিক অ্যাকাউন্টস কমিটি চেয়ারম্যান যখন ব্যাঙ্গালোরে যান তখন তিনি একটা চিঠি লিখে জানিয়েছিলেন যে, তারা এই দরে মাছ দিতে পারবে। এই পরিপ্রেক্ষিতে আমার প্রশ্ন হচ্ছে আপনার দপ্তর থেকে সেখানে লোক পাঠিয়ে কি দরে তারা দিতে পারবে সেটা যাচাই করে কর্পোরেশনকে বলে সেখান থেকে মাছ আনার ব্যবস্থা করবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : এই প্রচেষ্টা সেন্ট্রাল ফিশারিস কর্পোরেশন করছে। তবে কর্ণাটক থেকে যে মাছ আসবে সেটা মাদ্রাজ হয়ে আসবে কাজেই ট্রান্সপোর্ট অলসো ইজ এ প্রবলেম। কাজেই এই সমস্ত প্রবলেম যদি সমাধান করা যায় তাহলে সেন্ট্রাল ফিশারিস কর্পোরেশন কর্ণাটক ফিশারিস কর্পোরেশন থেকে মাছ আনবে। তবে আর একটা সমস্যাও আছে এবং সেটা হচ্ছে তারা ৩ থেকে ৪ টাকা দর দিয়েছে এবং যেসব মাছের কথা বলেছে, যেমন,

কারেল, স্যার্ডিন, পমফ্রেট, শিয়ার সেগুলো পশ্চিম বাংলায় চলে না। শুধু তাই নয় মাছগুলি বার বরফ দেওয়া মাছ। কাজেই সেই মাছ ৩ থেকে ৪ টাকা দিয়ে কিনে মাদ্রাজ হয়ে নকাতায় এনে বিক্রি করা অসম্ভব বলে জানিয়েছে। তবে এসব সত্ত্বেও জিনিসটির এখানেই ষ্ট হয়নি, তারা প্রচেষ্টা চালাচ্ছে যাতে ভবিষ্যতে সস্তা দরে মাছ আনা সম্ভব হয়।

শ্রী মহম্মদ সফিউল্লা ঃ কর্ণাটক রাজ্যে আমরা গত বছর গিয়েছিলাম। ওরা সমুদ্র কে মাছ ধরছে এবং বিভিন্ন রাজ্য পাঠাচ্ছে। তারা আমাদের বলেছিল যে পশ্চিমবঙ্গ সরকার মাদের সঙ্গে কোনও আলোচনাই করেনি। আমরা তাদের চিঠি দিয়েছি। এই ধরনের সংবাদ পনার জানা আছে কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ এই ধরনের কোনও সংবাদ আমার কাছে নাই। তবে সেন্ট্রাল শারিস কর্পোরেশন চেষ্টা করছে কর্ণাটক ফিশারিস কর্পোরেশনের সঙ্গে যাতে পশ্চিমবাংলায় ছ আনা যায়। তারা সব সময় প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

শ্রী মহম্মদ সফিউল্লা ঃ আমরা সেখানে শুনেছি তারা ম্যাকারোল আর সারডিন মাছ মিনাল প্রাইসে সাপ্লাই করতে পারে। এটা কি আপনি জানেন?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ নমিনাল প্রাইস বলতে কি বোঝায় তা জানি না তবে তিন- র টাকা পড়ছে এবং তার উপর ট্রান্সপোর্টেশন কস্ট ধরলে ঐ মাছ পশ্চিমবাংলায় কেউ তে রাজি হবে না। সেন্ট্রাল ফিশারিস কর্পোরেশন তাই রাজি হয়নি। ভবিষ্যতে যদি অন্য নের মাছ পাওয়া যায় এবং দরে সস্তা হয় তাহলে আমরা নিশ্চয়ই নেওয়ার চেষ্টা করব।

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে পারি যে ম্যাকারল আর রডিন মাছের স্বাদ খুব ভাল। এটা কি আপনি জানেন?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ এটা একটা কমপ্যারিটিভ স্টেটমেন্ট। আপনার কাছে ভাল হতে রে অন্যের কাছে তা না হতে পারে।

মিঃ স্পিকার ঃ আমি জানি ঐ সী ফিশ বেশ ভাল। বিশেষত ম্যাকারল মাছ আমি য়ে দেখেছি খুব সুস্বাদু। ৫ টাকা দর হলেও আমি তা নিতে পারি।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ উড়িষ্যা থেকে যে মাছ আসে তার যে দাম কর্ণাটক ফিশারিস র্পোরেশন থেকে তিন-চার টাকা দরেও মাছ আনলেও উড়িষ্যার মাছের থেকে কম দাম হবে া কি আপনি এনকোয়ারি করে দেখবেন?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ আপনি আমার কাছে একটা প্রস্তাব পাঠাবেন সেটা আমি শ্চয়ই বিবেচনা করে দেখব।

পুরুলিয়া জেলায় সিমেন্ট ও মিনি স্টিল কারখানা

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯।) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের ন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) পুরুলিয়া জেলায় সিমেন্ট ও মিনি স্টিল কারখানার কাজ বর্তমানে কি অবস্থায় আছে;

খ) কবে নাগাদ ঐ কারখানাগুলির উৎপাদন আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়; এবং

গ) ঐ কারখানাগুলির উৎপাদন আরম্ভ হইলে কতজন বেকার যুবকের কর্মসংস্থান হইবে?

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ

ক) পুরুলিয়া সিমেন্ট ফ্যাক্টরি তদারক ও ত্বরান্বিত করার মন্ত্রী শ্রী সীতারাম মাহাতোর সভাপতিত্বে একটি Committee গঠন করা হইয়াছে। চুনাপাথর অনুসন্ধানের প্রাথমিক কাজ শেষ হইয়াছে এবং পুরুলিয়া জেলার দুই স্থান ঝালদা ও হাসপাথরে চুনাপাথরের স্তর পাওয়া গিয়াছে কিন্তু চুনের মান খুব ভাল না হওয়ার জন্য শোধন কার্যে অর্থব্যয় করিতে হইবে। বোকারো স্টিল হইতে বাৎসরিক ২,০০,০০০ টন slag এর ব্যবস্থা হইয়াছে।

পুরুলিয়া জেলায় বেসরকারি ক্ষেত্রে দুইটি মিনি স্টিলের মধ্যে একটি উৎপাদন শুরু করিয়া দুই মাসের মধ্যে বন্ধ হইয়া গিয়াছে। অপরটি এখনও চালু হয় নাই।

খ) পুরুলিয়ার সিমেন্ট কারখানাটি ১৯৭৮ সালের জুন মাস নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায়। পুরুলিয়া স্টিল লিঃ এর কারখানাটি এ বৎসরের ডিসেম্বর মাস নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায়।

গ) ঐ কারখানাগুলির উৎপাদন আরম্ভ হইলে আনুমানিক মোট ১,২৬০ জনের কর্মসংস্থান হইবে।

1-30 — 1-40 p.m.]

শ্রী শরৎচন্দ্র দাস ঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আপনি জানেন অন্ধকারের তে লাল টুপি ও লাল ফিতার দৌরাত্মে সমস্ত পশ্চিমবঙ্গবাসী শঙ্কিত, আতঙ্কিত হয়ে ন। আমি স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই লাল ফিতা যেভাবে সন্ত্রাস সৃষ্টি তাতে আমরা আবার আতঙ্ক বোধ করছি এবং সেইজন্য আপনার হস্তক্ষেপ প্রার্থনা

শ্রী শিবপদ ভট্টাচার্য ঃ লাল দেখে কারা ভয় পায়? আশা করি মাননীয় সদস্য সেদিকে না।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে কারখানা এখানে এবং মিনি স্টিল, এটা দীর্ঘদিনের প্রস্তাব এবং এটার সম্ভাব্যতা আছে। তাহলে এটা তে দেরি হওয়ার কারণ কি?

[25th February, 1976]

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ সিমেন্ট সম্বন্ধে প্রথম কথা হচ্ছে যে ২ লক্ষ মাত্র লেটার অব ইন্টেন্ট দিয়েছিলেন। ২ লক্ষ টন দিয়ে একটা সিমেন্ট ফ্যাক্টরিতে ভায়াবেল হয় না। আমরা আরও বেশি চাইলাম এবং তারা জানায় যে আরও দু লক্ষ লেটার অব ইন্টেন্ট দিতে পারে। এটা পাওয়ার পরে আমরা বোকারও থেকে দু'লক্ষ টন স্ল্যাগ পাওয়ার ব্যবস্থা করি। তারপরে এখান থেকে পুরো বৎসরের চুনাপাথর পাওয়া যাবে কিনা এটা মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুসন্ধান করে দেখছে এবং আমি নিজেও সেই সময় সেখানে গিয়েছিলাম। স্বভাবতই র'মেটিরিয়াল না পেলে একটা কারখানা চালু করা যায় না। দুটো মেন র-মেটিরিয়াল—একটা স্ল্যাগ আর একটা চুনা পাথর, এর ব্যবস্থা না হলে পুরুলিয়া স্টিল চালু করা যাবে না।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে চুনাপাথরের অনুসন্ধান কার্য শেষ হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই অনুসন্ধান করে সেখানে কত স্ল্যাগ এবং চুনাপাথরের পরিধি কত পেয়েছেন?

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ মাননীয় সদস্যকে বলতে পারি যে এখনও কোথায় ফ্যাক্টরি হবে তা ঠিক হয়নি এবং সেখানে কোথায় কি স্তর আছে, তার পরিধি কত তা এখন বলা সম্ভব নয়। ভাল চুনাপাথর, জল, ইলেক্ট্রিসিটি ইত্যাদি সব মিলিয়ে ঠিক করা হবে।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ আপনি বলছেন যে এখানে অনুসন্ধানের কাজ শেষ হয়েছে। অথচ সেখানে কত স্ল্যাগ এবং চুনা পাথরের পরিধি কত সেই সম্বন্ধে বলছেন যে জানানো সম্ভব নয়। অথচ যারা অনুসন্ধানের কাজ শেষ করেছে তারা নিশ্চয়ই আপনার কাছে রিপোর্ট সাবমিট করেছে যে এখানে এত চুনাপাথর রয়েছে, এত তার পরিধি এবং এত দিনের মধ্যে কারখানা চালু হতে পারে তাহলে আমাদের তা জানানো সম্ভব নয় কেন বলছেন?

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ মাননীয় সদস্যই সেই কমিটির একজন সদস্য। তাকে আমি বলিনি যে এই খবরগুলি দেওয়া যাবে না। আমি এই কথা বলতে চেয়েছি যে এই সমস্ত খবর আমার এই ফাইলে নেই। আপনি যদি ডিটেল জানতে পান তাহলে নিশ্চয়ই জানাব। কিন্তু যে সংবাদ আমার এই ফাইলে নেই তা বলতে গেলে হয়ত কোথায়ও ভুল হতে পারে। আমি তো কোনও ভুল সংবাদ দিতে পারি না।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ আমি যতদূর জানি সেখানে ঝালদায় ১৪ মাইল ব্যাপি জায়গা নিয়ে চুনাপাথরের স্টক রয়েছে, সেখানে মাত্র ২।। মাইল এরিয়া অনুসন্ধান করে একটা রিপোর্ট দিয়েছে যে এখানে ফ্যাক্টরি হবে না, হাসাপাথরে হবে। এর প্রতিবাদ করে আমরা একটা রিপোর্ট দিয়েছি। ওখানে এম. ডি. সি. ভালভাবেই কাজ করছে কিন্তু আই. ডি. সি.-র কোনও অভিজ্ঞতা না থাকায় তারা এটার গুরুত্ব উপলব্ধি করতে পারছেন না, যার ফলে কাজটা বাধাপ্রাপ্ত হচ্ছে এটা ঠিক কিনা?

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ মাননীয় সদস্য নিজের মনের কথা কিছু বলে গেলেন। আমি আগেই বলেছি যে আমার কাছে ডিটেইল্ড রিপোর্ট নাই। এই মাত্র অফিসার যে নোট দিলেন, তাতে একটাতে ২৫ মিলিয়ন টন, অন্যটার কথা এক্ষুনি বলতে পারছি না।

শ্রী শরৎচন্দ্র দাস : (খ) প্রশ্নের উত্তরে আপনি বলেছেন একটি মিনি স্টিল উৎপাদন করে, বন্ধ করে দিয়েছে, আর একটি শীঘ্রই চালু হচ্ছে, একটা টারমায় হয়েছে, সেটা জানি। আর একটা কোথায় হয়েছে?

শ্রী তরুণকান্তি ঘোষ : পুরুলিয়া স্টিল লিঃ এটা আশা করা যাচ্ছে ডিসেম্বরের মধ্যে চালু হবে।

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় মন্ত্রী মহাশয়, এখনি এখানে বলেছেন একটি উৎপাদন শুরু করেছে, আর একটি হওয়ার মুখে। তার অফিসার তাকে ভুল তথ্য সরবরাহ করছেন, তাই আমি স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে মিনি স্টিল হয়েছে কিন্তু উৎপাদন শুরু হয়নি। এই যে তার অফিসার তাকে এই রকম ভুল এবং কিছু অসত্য তথ্য দিচ্ছেন তাতে তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেবেন কিনা?

শ্রী তরুণকান্তি ঘোষ : ভুল তথ্য যদি দিয়ে থাকে তো নিশ্চয়ই ব্যবস্থা করব।

বিভিন্ন রাজ্য হইতে মাছ আমদানি

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩।) **শ্রী অশ্বিনীকুমার রায় :** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৭৩, ১৯৭৪ এবং ১৯৭৫ সালে কোন রাজ্য হইতে কি পরিমাণ মৎস্য পশ্চিমবঙ্গে আমদানি করা হইয়াছে?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : আমি উত্তরটা টেবিলে লে ডাউন করেছি, পেয়েছেন তো। তবে মোট ফিগারটা বলে দিচ্ছি :

১৯৭৩ সালে	—	২৮,৮৩৫ মেট্রিক টন
১৯৭৪ সালে	—	২৪,০১৬ ”
১৯৭৫ সালে	—	২৬,৬২৭ ”

শ্রী অশ্বিনীকুমার রায় : ১৯৭৩ সালের তুলনায় ১৯৭৫ সালে ২,২০৮ মেট্রিক টন মাছ আমদানি যে কমেছে তার কারণ অনুসন্ধান করেছেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : আমরা বরাবরই চেষ্টা করে আসছি বিভিন্ন রাজ্য থেকে যে মাছ পশ্চিম বাংলায় আসে তার পরিমাণ বৃদ্ধি করার জন্য। মাননীয় সদস্য হয়তো জানেন যে ১৯৭৫ সালে আমরা বিভিন্ন রাজ্যের মন্ত্রীদের আহ্বান করেছিলাম পশ্চিমবাংলায় এবং তাদের অনুরোধ করেছিলাম যে মাছ তাদের রাজ্য থেকে আসে সেটা বৃদ্ধি করার জন্য। কিন্তু তারা নানা অসুবিধার কথা বলেছিলেন। যেগুলি আমাদের নজরে এসেছিল সেগুলি হচ্ছে আমরা দেখতে পাচ্ছি যে কিছু কিছু রাজ্য যারা আগে সেখানে মাছ খেত না তারা সেখানে তাদের হ্যাবিট চেঞ্জ করে নিয়েছে, এমন কি রাজস্থান রাজ্যেও সেখানে অধিবাসীরা মাছ খেতে আরম্ভ করেছে। তাছাড়া যে সমস্ত জায়গায় ইন্ডাস্ট্রিয়েল স্টেট গড়ে উঠেছে, সেই সব জায়গায় মাছের চাহিদা ওই রাজ্যে প্রচন্ডভাবে বেড়ে গিয়েছে এবং সেজন্য আগে আগে সেই রাজ্য থেকে পশ্চিমবাংলায় যে মাছ চালান হত তার অধিকাংশ সেখানেই কনজিউম হচ্ছে।

[1-40 — 1-50 p.m.]

এবং এই সব বিভিন্ন কারণে আমরা দেখতে পাচ্ছি—আমাদের আপ্রাণ চেষ্টা সত্ত্বেও অন্যান্য রাজ্য থেকে এখানে মাছ আমদানির পরিমাণ বাড়েনি। মোটামুটি গত তিন বছরে একই পর্যায়ে থাকছে।

শ্রী অশ্বিনীকুমার রায় : তাহলে ১৯৭৩ থেকে ১৯৭৫—এই তিন বছরের মধ্যে পশ্চিমবাংলায় ইন্টারনাল মার্কেটে মাছের উৎপাদন কি বেড়েছে? আর বাড়লে সেটা কত বেড়েছে?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : পশ্চিমবঙ্গে কিভাবে কতটা বেড়েছে—সে তথ্য আমার কাছে নাই। তবে মাননীয় সদস্য জানেন পশ্চিমবঙ্গে রাজ্যে মাছের উৎপাদন বাড়াবার জন্য অনেকগুলো step আমরা গ্রহণ করেছি। গতবছর আমরা প্রায় দু-কোটি মতো ফিঙ্গারলিংস ডিস্ট্রিবিউট করেছি—সেটাকে বাড়িয়ে আমরা তিন কোটি ফিঙ্গরলিংস ডিস্ট্রিবিউট করবার চেষ্টা আগামী বছর করব। আর নিবিড় মৎস্য চাষের জন্য আমরা গতবার এক কোটি ডেমনেস্ট্রেশন ফার্ম চালু করেছিলাম, এবারে তিন কোটি ডেমনেস্ট্রেশন ফার্ম চালু করবার চেষ্টা করছি। আমরা পশ্চিমবঙ্গে মাছের উৎপাদন বৃদ্ধি করবার জন্য চেষ্টায় চালিয়ে যাচ্ছি। আমরা এখানে যে পরিমাণ মাছ পাই—সেটা বলা যায় আড়াই লক্ষ মেট্রিক টনের মতো।

শ্রী অশ্বিনীকুমার রায় : আপনি যে ফিগার দিয়েছেন গত তিন বছরের , তাতে দেখা যাচ্ছে—অন্ধ্রপ্রদেশ ও উত্তর প্রদেশ থেকে মাছের আমদানি কম হয়েছে। তার কারণ হিসেবে আপনি বললেন—যে internal consumption of those state আজকাল বেড়ে গেছে কিনা ঠিক জানা নাই। এই দুটো রাজ্য থেকে মাছের আমদানি কেন কমে গেল—তা আপনি তদন্ত করে দেখে যাতে সেখান থেকে মাছ বেশি এখানে আসে তার জন্য আপনি চেষ্টা করবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : আমি তো আগেই বলেছি যাতে অন্ধ্রপ্রদেশ ও উত্তরপ্রদেশ থেকে বেশি পরিমাণ মাছ যাতে আমাদের এখানে আসে তার জন্য আমরা চেষ্টা করছি। আমাদের পশ্চিমবঙ্গ মাছের ক্ষেত্রে একটি ডেফিসিট স্টেট আমাদের চাহিদা যেখানে সাড়ে আট লক্ষ মেট্রিক টন মাছ বছরে, যেখানে আমরা মাছ পাই—বাইরের আমদানি প্লাস পশ্চিমবঙ্গের উৎপাদন নিয়ে মোট আড়াই লক্ষ মেট্রিক টনের মতো। কাজেই মাছের ব্যাপারে আমাদের যে একটা বিরাট ডেফিসিট আছে—সে সম্বন্ধে আমরা সচেতন আছি। শুধু অন্ধ্রপ্রদেশ ও উত্তরপ্রদেশ থেকে নয়—অন্যান্য রাজ্য থেকেও যাতে মাছ আনা যায়, তারজন্য আমরা প্রচেষ্টা করছি। তবে দুর্ভাগ্যের কথা সেই সব রাজ্যে ইন্টারনাল কনসাম্পশন বেড়ে যাবার জন্য এছাড়াও অন্যান্য অসুবিধাও রয়েছে—যার ফলে মাছ আমরা কম পাচ্ছি। আমাদের প্রচেষ্টা সত্ত্বেও গত তিন বছরে মাছে চালান আসা বৃদ্ধি পায় নাই—মোটামুটি সমানই আছে। ১৯৭৩ ও ১৯৭৪ সালে উত্তরপ্রদেশ ও অন্ধ্রপ্রদেশ থেকে মাছ আমদানি কমে গেলেও ১৯৭৫ সালে বেড়েছে। গত বছর উত্তরপ্রদেশে বন্যায় মাছ মারা গেল। আবার যেখানে ইন্টারনাল কনসাম্পশন বেড়েছে বলেও আমদানি কমে গেছে। তাছাড়া অন্যান্য প্রাকৃতিক কারণও থাকতে পারে যার

জন্য কমে গেল। ওখান থেকে ও বাইরের অন্যান্য রাজ্য থেকে যাতে বেশি পরিমাণ মাছ আমরা আমদানি করতে পারি—তার চেষ্টা চলছে। তবে মাছের সমস্যার সমাধান করা একটা দুরূহ ব্যাপার। সেই সব বাইরের রাজ্যেরও অনেক সমস্যা আছে। আমরা সেই কারণে পশ্চিমবঙ্গে মাছের উৎপাদন বেশি করে মাছের চাহিদা মেটাবার দিকে বেশি জোর দিয়েছি।

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ১৯৬৮ সালে মৎস্য চাষ বৃদ্ধির জন্য সরকার উত্তর ২৪ পরগনায় কয়েক শো বিঘা জমি অধিগ্রহণ করেছিলেন?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : এটা একটা স্পেসিফিক কোশ্চেন এই প্রশ্নের সঙ্গে এটা ওঠে না।

শ্রী শরৎচন্দ্র দাস : যে জমি মৎস্য চাষের জন্য অধিগ্রহণ করা হয়েছে ১৯৬৮ সালে সেই সব জমি অন্য লোকের বসবাস করছে—কোনও মৎস্য চাষের ব্যবস্থা হয়নি—এটা জানেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : আপনি যে প্রশ্ন করছেন সেটা এই প্রশ্ন থেকে আসে না। আপনি যদি স্পেসিফিক কোয়েশ্চেন করেন তাহলে উত্তর দিতে পারি।

শ্রী শরৎচন্দ্র দাস : মন্ত্রী মহাশয় বলেছেন এই রাজ্যে মৎস্য চাষ যাতে বৃদ্ধি হয় সেজন্য বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। তার পরিপ্রেক্ষিতে আমরা সাপ্লিমেন্টারি ঠিক করেছি যে উত্তর ২৪-পরগনায় সেখানে সাড়ে সাতশো কি আটশো বিঘে মৎস্য চাষের জন্য অধিগ্রহণ করা হল সেটা কিন্তু কাজে লাগতে পারল না কেন?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : আমি তো বললাম আপনার প্রশ্ন মে বি রিলেটেড টু দি টোটাল প্রোডাকশন অফ দি স্টেট, কিন্তু সেই স্পেসিফিক কোয়েশ্চেনের উত্তর আপনি কি করে আশা করতে পারেন। সেটা যদি কোয়েশ্চেন দেন, তাহলে নিশ্চয় উত্তর দেব।

শ্রী সরোজ রায় : আমি বাইরের আমদানির কথা বলছি না। মন্ত্রী মহাশয় বললেন আমাদের রাজ্যে মাছ উৎপাদনের চেষ্টা করছেন। আমাদের রাজ্যে অনেক বড় বড় ব্যক্তিগত বাঁধ রয়েছে। সেখানে জেলেদের দিয়ে সরকার মৎস্য চাষের কথা বিবেচনা করবেন কিনা এই রকম একটা প্রশ্নের উত্তরে সরকার বলেছিলেন যদি খবর দেন তাহলে বিবেচনা করে দেখবেন। সেখানে আপনাদের তদারকিতে মৎস্য চাষ করানো যায় কিনা, করলে বাইরে থেকে আনার যে প্রবলেম সেই প্রবলেম অনেক সলভ হতে পারে। আমাদের রাজ্যে অনেক সম্ভাবনা রয়েছে। এই বড় বড় ব্যক্তিগত বাঁধগুলি নিয়ে নেবেন কিনা?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় সদস্য যে সাজেশন্স রেখেছেন সেটা নিশ্চয় ভাল। কিন্তু আপনি জানেন সরকারের পক্ষে ডাইরেক্টলি এই সমস্ত জলাজমিতে মৎস্যের উৎপাদন বাড়ানো সম্ভব হয়তো হবে না। সেইজন্য আমরা ফিশারমেন্স কো-অপরেটিভ করে যদি মৎস্য চাষ বাড়ানো সম্ভব হয় সেজন্য চেষ্টা করে দেখতে পারি। যদি কোনও স্পেসিফিক জলাভূমিতে মৎস্য চাষ করা হবে বলে নিজস্ব 'মালিকানা বা ব্যক্তিগত মালিকানাতে' রেখে দিয়েছে এই

রকম খবর দেওয়া হয় এবং সেখানে মৎস্য চাষ করা হচ্ছে না তাহলে সরকার নিশ্চয় ব্যবস্থা করবেন।

শ্রী সরোজ রায় : কো-অপরেটিভের যে কথা বললেন সেটা ভাল। ব্যক্তিগত মালিকরা যদি কো-অপরেটিভে রাজি না হয় এবং মৎস্য চাষের ব্যবস্থা থাকে তাহলে নিশ্চয় বিবেচনা করবেন তো?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : হ্যাঁ।

Mr. Speaker : Please confine yourselves within the limits of this question. We are going too far.

শ্রী মহম্মদ সফিউল্লা : মন্ত্রী মহাশয় কি জানাবেন অন্য রাজ্য থেকে মৎস্য আমদানির ব্যাপারে আপনার সরকার এই ৩ বছরে কত টাকা খরচ করেছেন?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : এটা সেন্ট্রাল ফিশারিশ থেকে আনা হয়, রাজ্য সরকারের টাকায় নয়।

শ্রী আবদুল বারি বিশ্বাস : মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই আপনি কি শুধুমাত্র মাছ আমদানি করে পশ্চিমবঙ্গের মানুষের সখ পূরণ করবেন না মাছ চাষের উপর নির্ভরশীল যারা তাদেরও পূনর্বাসন এই মাছ চাষের সঙ্গে করা হবে?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটো বাজতে অনেক সময় বাকি আছে। সেইজন্য আমার মনে হয় মৎস্য দপ্তর নিয়ে এখন আলোচনা চলছে। যাই হোক সদস্য মহাশয় যে প্রশ্ন করেছেন তার উত্তর দেবার চেষ্টা করছি। পশ্চিমবঙ্গের যা প্রয়োজন সাড়ে আট লক্ষ টন, এর মতো, সেই ক্ষেত্রে আড়াই লক্ষ টন মাছ আনা হয়।

[1-50 — 2-00 p.m.]

কাজেই যে বিরাট গ্যাপ আছে সেটাকে চট করে দু-একদিনের মধ্যে বিশেষ করে বাহিরের রাজ্য থেকে বেশি পরিমাণে মাছ আমদানি করলেও পূরণ করা সম্ভব নয়, তাছাড়া বাহিরের রাজ্য থেকে মাছ আনার বেশ অসুবিধা আমরা দেখতে পাচ্ছি। আমাদের এমনই দুর্ভাগ্যের বিষয় বাংলাদেশ থেকে যে মাছ আসত, আমরা এমন একটা আনসার্টেন্টির মধ্যে পড়ে গেছি যে সেখান থেকে মাছ আসছে না। কাজেই বর্তমান পরিস্থিতিতে আমাদের নিজস্ব রাজ্যে উৎপাদন বৃদ্ধি করা ছাড়া এই সমস্যার আশু সমাধান আমি কিছুই দেখতে পাচ্ছি না। এখন ফিশ যদি ইমপোর্ট করা হয় তাহলে সেটা আলাদা কথা। কিন্তু সেটা করতে গেলে বুঝতে পারছি যে ২/২।। লক্ষ টন বর্তমানে উৎপান্ন হচ্ছে সেটাকে বাড়িয়ে যদি ৪/৫ লক্ষ টন করতে হয় তাহলে যে বিরাট অর্থের প্রয়োজন, আর যে বিরাট প্রচেষ্টার প্রয়োজন, যে সংগঠনের প্রয়োজন সেটা নিশ্চয় দু-এক বছরের মধ্যে করা সম্ভবপর নয়, এটা নিশ্চয় মাননীয় সদস্যরা বুঝবেন। কিন্তু তাসত্ত্বেও ইনফ্রাস্ট্রাকচার দিয়ে ফিঙ্গারলিংস করে ইন্টেন্সিভ কালটিভেশন যদি সম্ভব হয় তাহলে কিছু সুফল হয়ত পেতে পারি। এখন সেই টেকনলজি

আমরা চাষীদের মধ্যে সর্বতোভাবে বিতরণ করার চেষ্টা করছি যাতে করে পশ্চিমবঙ্গে মাছের উৎপাদন বৃদ্ধি পায়।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker : I received 22 notices of calling attention on various subjects out of which I have selected the notice of Shri Kashinath Misra and 8 others on the subject of nationalisation of closed and sick tea estates.

The Hon'ble Minister may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Dr. Zainal Abedin : Statement will be made on the 4th March, 1976.

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

1. Commissioning of Dankuni Dairy—from Shri Md. Safiullah and 2 others.
2. Implementation of proposed Industrial Estate at Dankuni—from Shri Md. Safiullah and 2 others.
3. Beautification of Parks and gardens in Calcutta from—Shri Md. Safiullah and 2 others.
4. Pisciculture through Block fishery Advisory committee in rural areas—from Shri Md. Safiullah and 2 others.
5. Torture on the rural cultivators in the name of collecting Govt. loan—from Md. Safiullah and 2 others.
6. Control of beggars—from Shri Md. Safiullah and 2 others.
7. Fire in the godowns of a Jute Mill at Jagatdal from—Shri Md. Safiullah and 4 others.
8. Racketering in tickets for world Wrestling Championship Competition—from Shri Md. Safiullah and 5 others.
9. Anthra epidemic within Jaldapara wild life sanctuary—from Shri Md. Safiullah and another.
10. Epidemic fever at Raipur P. S. in Bankura causing 10 deaths from Shri Kashinath Misra and 5 others.

11. Nationalisation of closed and sick Tea Estates from—Shri Kashinath Misra and 8 others.

12. Colliary operation in the district of Bankura—from Shri Kashinath Misra and 6 others.

13. Mismanagement in the work education examination under the new system of Secondary Education from—Shri Kashinath Misra and 12 others.

14. Mosquito menace in West Bengal from—Shri Kashinath Misra and 8 others.

15. Dearth of books for classes V & VI in rural West Bengal—from Shri Kashinath Misra and 10 others.

16. Non-availability of Test Papers or H. S. & S. F. Examination—from Shri Kashinath Misra and 9 others.

17. The accident in the New Kenda colliery—from Shri Md. Dedar Baksh and 9 others.

18. Alleged supply of adulterated mustard oil from U. P. and other states—from Shri Md. Dedar Baksh and 2 others.

19. Theft of mechineries at Santaldih Thermal Power Station—from Shri Sarat Chandra Das and 3 others.

20. Continuance of the oral examination of the New ten class Secondary Course till 8-00 p.m.—from Shri Md. Dedar Baksh and another.

21. Hunger Strike of 52 oil mills workers in Burdwan—from Shri Harasankar Bhattacharya.

Mention Cases

শ্রী বিশ্বনাথ মুখার্জি : স্যার, কালকে একটি টেলিগ্রাম আমার নামে আমাদের মেদিনীপুর পার্টি সেক্রেটারির কাছ থেকে এসেছে। তাতে উনি বলেছেন 15 arrested Sukhnia Contai for loan realisation. Repression and molestation reported Intervene. স্যার, ১৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের অপরাধ এই যে, তারা লোনের ব্যাপারে বি, ডি, ও, এস, ডি, ও, মারফত গভর্নমেন্টের কাছে পিটিশন করেছিলেন তাদের প্রশ্নগুলি বিবেচনা করা হোক, সময় দেওয়া হোক, কিস্তি-বন্দি করে দেওয়া হোক, সুদ ছেড়ে দেওয়া হোক ইত্যাদি ইত্যাদি—এই ঘটনা কাঁথিতে শুধু নয়, অজয় মুখার্জির কনস্টিটিউয়েন্সি তমলুকে ইতিপূর্বে ৩/৪ জন স্থানীয় লোককে এই ব্যাপারে গ্রেপ্তার করা হয়েছে। আমার কনস্টিটিউয়েন্সি মেদিনীপুরে আমাদের স্থানীয় কয়েকজন কর্মীকে এবং কয়েকজন কৃষককে

গ্রেপ্তার করা হয়েছে ১০৭ ধারায়। স্যার, কালকে আপনি মাননীয় সদস্য সত্য ঘোষালের কাছ থেকে শুনেছেন ঘাটাল সাবডিভিসনে আমাদের পার্টি এবং কংগ্রেস, উভয় পক্ষ থেকে একটি আলোচনায় এ ডি এম, এস ডি ও কি রকম দুর্ব্যবহার করেছেন। সুতরাং সাধারণভাবে দেখছি মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমা অফিসার এবং এ ডি এম তারা এই ব্যাপারে কি রকম আরম্ভ করেছে—আমরা চিফ মিনিস্টারের কাছে আমাদের পক্ষ থেকে সই করে একটা আবেদন পত্র দিয়েছি, সংসদীয় মন্ত্রী মারফত এবং তিনি সেটা চিফ মিনিস্টারকে জানিয়েছেন। আমরা জানি কংগ্রেস সদস্যরাও এই প্রশ্নের উপর খুব বিচলিত।

তারা ইতিমধ্যেই ডেপুটেশন দিয়েছেন কি দেবেন এই রকম অবস্থা। সেই অবস্থায় এই যে রিপ্রেশন চলছে এই রিপ্রেশন করে কার উপকার তারা করছে? তারা গভর্নমেন্টকে সাধারণ মানুষ বা ঐ ছোট কৃষক ইত্যাদির কাছে বেইজ্জত করছে। সেই কৃষক কংগ্রেসি হতে পারে, কমিউনিস্ট হতে পারে আবার কোনও দলের নয় এমনও হতে পারে, তাদের কাছে গভর্নমেন্টকে বেইজ্জত করাচ্ছে। সেইজন্য আমি অনুরোধ করব মাননীয় মুখ্যমন্ত্রীকে যে, তিনি মেদিনীপুর জেলাতে এই যে তান্ডব আরম্ভ হয়েছে, চারিদিকে সন্ত্রাসের সৃষ্টি হয়েছে এবং গ্রেপ্তার করছে এবং মেদিনীপুর জেলার বাইরে অন্যান্য জেলাতেও কমবেশি হচ্ছে এটা যেন বন্ধ করেন। আমি যে আবেদন করলাম এবং কংগ্রেসি সদস্যরাও যে আবেদন করেছেন সেই আবেদন যাতে সুবিবেচিত হয় সেটা তিনি দেখুন। ইতিমধ্যে এটা যেন বন্ধ করা হয় এবং যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের বিনা শর্তে যেন ছেড়ে দেওয়া হয়, এই রকম কান্ডখারখানা আর যেন না হয়।

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমি জানতে পারলাম যে গতকাল আলিপুর জেলে নকশাল বন্দিদের উপর গুলি চলেছে। কয়েক জন মারা গিয়েছে, কয়েকজন দারুণভাবে উন্ডেড হয়েছে, তাদের হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। কিছু ছেলে চলে গিয়েছে। এই রকম একটা উদ্বেগজনক পরিস্থিতির উপর মাননীয় মন্ত্রী মহাশয় যাতে একটি বিবৃতি দেন সেইজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী জগদীশচন্দ্র দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের ৬০ কোটি মানুষের স্বার্থে এবং একচেটিয়া পুঁজিপতি, দক্ষিণপন্থী প্রতিক্রিয়া এবং সাম্রাজ্যবাদের চক্রান্ত যে চক্রান্ত জয়প্রকাশের নেতৃত্বে চলেছিল তার হাত থেকে দেশকে বাঁচাবার জন্য ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী জরুরি অবস্থা ঘোষণা করেন। তা ছাড়া স্যার, খেটে খাওয়া মানুষদের স্বার্থে এবং সমাজতন্ত্রে পৌঁছবার লক্ষ্য নিয়ে তিনি ২০ দফা অর্থনৈতিক কর্মসূচির কথাও ঘোষণা করেন। স্যার, এই এমারজেন্সি এবং ২০ দফা কর্মসূচিকে দেশের মানুষ স্বাগত জানিয়েছে। আজকে স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তরের কাছে একটা ভয়াবহ এবং সাংঘাতিক আবহাওয়া যা সৃষ্টি হতে চলেছে সেটার কথা তুলে ধরব। স্যার, বিশেষ করে পশ্চিমবাংলার সমস্ত কলকারখানার মালিকরা শ্রমিকদের উপর অত্যাচার ও দমনপীড়ন চালিয়ে যাচ্ছে। স্যার, তা তারা এমন ভাবে চালিয়ে যাচ্ছে যা বোধ হয় ভারতবর্ষের ইতিহাসে কোনওদিন হয়নি। একদিকে আমরা দেখতে পাচ্ছি দিল্লিতে পার্লামেন্টে কেন্দ্রীয় সরকার আইন করছেন ছাঁটাই, লে-অফ, ক্লোজারের বিরুদ্ধে, আমাদের পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রীও

দেখছি মিটিং করছেন অপরদিকে সেটাকে চালেঞ্জ জানিয়ে মিল মালিকরা অ্যাট র‍্যান্ডম ছাঁটাই, লে-অফ, ক্লোজার চালিয়ে যাচ্ছে। স্যার, আমাদের জুট মিলগুলির অবস্থা অত্যন্ত সাংঘাতিক। পশ্চিমবঙ্গের ৬২টি জুট মিলের ৩$^{১}/_{২}$ লক্ষ শ্রমিকের মধ্যে কম করে এক লক্ষ শ্রমিক ছাঁটাই হয়ে গিয়েছে। কয়েকটি কারখানা বন্ধ হয়ে গিয়েছে। জগদ্দলের মেঘনা জুট মিলে লক আউট হয়ে গিয়েছে, খড়দা জুট মিল বন্ধ হয়ে গিয়েছে। ব্যারাকপুর মহকুমার আরও কয়েকটি ইঞ্জিনিয়ারিং কারখানা ও সূতাকল বন্ধ হয়ে গিয়েছে। হাজার হাজার শ্রমিক দিশেহারা হয়ে পড়েছে। স্যার, যে পুঁজিপতি, দক্ষিণপন্থী প্রতিক্রিয়া শক্তিকে রোখার জন্য এই এমারজেন্সি, যে সি পি এমকে রোখার জন্য এই এমারজেন্সি আমরা দেখছি সেই সি. পি. এম. এবং জয়প্রকাশের দল ভয়াবহ রাজনৈতিক আবহাওয়ার সৃষ্টি করতে যাচ্ছে। আমি তাই পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অনতিবিলম্বে যদি হস্তক্ষেপ করা না হয় তাহলে এক সাংঘাতিক দিকে আমরা এগিয়ে যাব।

শ্রী সেখ দৌলত আলি ঃ স্যার, একটি বিষয়ে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনারা সকলেই জানেন যে, ডায়মন্ডহারবার শহরটি ইতিহাস প্রসিদ্ধ শহর। বর্তমানে আমাদের সরকার রাস্তা সম্প্রসারণের প্রকল্প নেওয়ায় এই শহরটি একেবারে অবলুপ্ত। আমি বিশ্বাস করি যে সরকার এই রাস্তা সম্প্রসারণ করবার পর দেশের মঙ্গল হবে তবে তা সত্ত্বেও দৃষ্টি আকর্ষণ করছি এই জন্য যে তার সঙ্গে অনেক লোক জড়িত।

[2-00 — 2-10 p.m.]

প্রায় ৮ শত দোকানদার যারা আজকে রাস্তায় বসেছে, যে ৮ শত পরিবার আজকে নিরন্ন অবস্থায় আছে, আমি আপনার মাধ্যমে এই অনুরোধ রাখতে চাই অবিলম্বে তাদের পুনর্বাসন এবং সেই সঙ্গে তাদের আর্থিক দুর্গতি মোচনের জন্য আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করা হোক এবং সেই সঙ্গে সঙ্গে আমাদের পশ্চিমবাংলা সরকারের স্বাস্থ্য বিভাগ, সেই সঙ্গে ভূমিরাজস্ব বিভাগ এবং সেচ বিভাগের অনেক জায়গা রয়েছে, তাদের কাছে অনুরোধ যে অবিলম্বে এই ৮ শত বেকার দোকানদারের জন্য এখানে একটা সুপার মার্কেট তৈরি করবার জন্য পরিকল্পনা গ্রহণ করা হোক। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী গীতা মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি সংবাদ পত্রে প্রকাশিত একটা অতি শোচনীয় ঘটনার প্রতি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। শিবপুর বোটানিক্যাল গার্ডেনের মধ্যে বিগত ২৪শে ফেব্রুয়ারি তারিখে একজন তরুণী তিনি ধর্ষিত হয়েছেন। তিনি তার স্বামীর সঙ্গে গিয়েছিলেন। তার স্বামীকে জোর করে ধরে রেখে তার সামনে এই দুর্বৃত্তরা এই অপারাধমূলক কার্য অনুষ্ঠান করেছে। এটা অত্যন্ত শোচনীয় ঘটনা এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তো বটেই সমস্ত মাননীয় সদস্য নিশ্চয়ই একমত হবেন। সত্যযুগ কাগজের রিপোর্টের মধ্যে আছে যে একজন নাকি গ্রেপ্তার হয়েছে। গ্রেপ্তার হয়ে থাকে ভাল কথা। এই ধরনের বহু ঘটনা এখানে ঘটছে এবং আরও অন্যান্য জায়গায়ও ঘটছে। এই ঘটনাটার পুরো পুলিশ রিপোর্ট আমাদের বিধানসভার সামনে উপস্থিত করা হোক। এই ব্যাপারে আমরা নিশ্চিত হতে চাই এই ধরনের অপরাধীরা যাতে কোনও প্রকারে ভবিষ্যতে নিষ্কৃতি পেতে না পারে। আশা করি সেই ব্যবস্থা করা হবে।

শ্রী শিশিরকুমার ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ঘটনা ঘটেছে, এই ঘটনার উপর আমরা একটা বিবৃতি দাবি করছি। যদি পুলিশ মন্ত্রী না থাকেন তাহলে যে কোনও মন্ত্রী বলুন বিধানসভায় এই ঘটনা জানাবেন যে কি ঘটনা ঘটেছিল এবং কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে মন্ত্রিসভার একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি চিফ কমার্শিয়াল সুপারিটেন্ডেন্ট, রেলওয়ে ডিপার্টমেন্ট একটা সার্কুলার ইস্যু করেছেন এবং তার ফলে ১৬/২/৭৬ তারিখ থেকে সারা পশ্চিমবাংলায় যারা রেলের যাত্রী তাদের মধ্যে যারা সিজন টিকিট হোল্ডার বা মান্থলি টিকিট-হোল্ডার তারা কোনও রকম ভাবে এক্সপ্রেস ট্রেনে চড়তে পারবেন না বা এক্সপ্রেস ট্রেন অ্যাভেল করতে পারেবেন না। মাননীয় প্যাসেঞ্জর আসেন সিজন টিকিট হোল্ডার বা মান্থলি টিকিট হোল্ডার। বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া, বীরভূম, প্রভৃতি জেলার মানুষ এর সঙ্গে জড়িত এবং আবহামানকাল থেকে এক্সপ্রেস ট্রেনে আসছিলেন এবং ব্রেক জার্নি করছিলেন। কিন্তু সম্প্রতি এই চিফ কমার্শিয়াল সুপারিন্টেন্ডেন্টের সার্কুলারের ফলে ১৬/২/৭৬ তারিখ থেকে সিজন টিকিট হোল্ডার এবং মান্থলি টিকিট হোল্ডাররা আর ঐ এক্সপ্রেস ট্রেনে অ্যাভেল করতে পারবেন না এবং ব্রেক জার্নিও করতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মফস্বল শহরগুলি থেকে প্রচুর মানুষ প্রতিদিন আসেন কলকাতা নগরে তাদের ব্যবসা-বাণিজ্য এবং সরকারি চাকুরি করার জন্য এবং তারা যদি এক্সপ্রেস ট্রেনে না আসতে পারেন তাহলে প্রতিটি মানুষের ২ ঘন্টা সময় অপচয় হবে এবং যাওয়া আসা মোট ৪ ঘন্টা করে সময় অপচয় হবে যদি তাদের লোকাল ট্রেনে আসতে হয়। কারণ লোকাল ট্রেনগুলি আপনি জানেন যে ওভার ক্রাউডেড হয়ে আসে এবং তাতে যদি এই ৫ হাজার লোক এই ট্রেনে চাপে তাহলে অবস্থা কি হবে সেটা আপনি অনুমান করতে পারেন। সেইজন্য আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি তারা যেন অবিলম্বে কেন্দ্রীয় রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।

শ্রী তপন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত এক বছরের মধ্যে এক মাত্র আমার নির্বাচন ক্ষেত্রে প্রায় ৬ হাজার লোক বিভিন্ন কারখানা থেকে ছাঁটাই হয়েছে। সমগ্র ব্যারাকপুর সাবডিভিসনের প্রত্যেকটি কলকারখানায় কোথাও র-মেটিরিয়াল নেই, কোথাও লে অফ, কোথাও চার্জ শিট দিয়ে দেওয়া হয়েছে, সাসপেন্ড করা হয়েছে এই ভাবে সমানে ছাঁটাই চলেছে। ন্যাশনাল টোব্যাকো কোম্পানি যা আমার নির্বাচন কেন্দ্রে অবস্থিত, সেখানে ১২শ শ্রমিককে ছাঁটাই করা হয়েছে। চার মাস কেটে গেছে কিন্তু এখনও কোনও ব্যবস্থা করা হয়নি। ওরিয়েন্টাল মেটাল ইন্ডাস্ট্রিজ, সেখানে প্রায় ৮৫০ জন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে, আজ পর্যন্ত তার কোনও ফয়সালা হয়নি। হারিকেন ফ্যাক্টরি সেখানে প্রায় ২৫০ শ্রমিককে ছাঁটাই করা হয়েছে, আজ পর্যন্ত কোনও সুরাহা হয়নি। বেরি মেশিনারিজ, এই কারখানাটি উঠে যাবার অবস্থা, সেখানকার সমস্ত শ্রমিকরা বেকার হয়ে পড়েছে। ঐ এলাকায় যে সব কারখানা চলছে, সেই কারখানাকে চলা বলে না, বেশিরভাগ লোক সেখানে বিনা পয়সায় কাজ করছে। সরকার ডেয়ারি থেকে প্রায় ৮০ জন লোককে ছাটাই করা হয়েছে, যে সব কারখানা চলছে, সেই সব কারখানায় ওয়ান থার্ড লোক নিয়ে কাজ চালানো হচ্ছে এবং বেশির ভাগ লোক

বিনা পয়সায় কাজ করছে। লে অফ যেখানে করা হয়েছে সেখানে লে অফ উইদাউট কমপেন্সেশন করা হয়েছে। টেক্সম্যাকোর বয়লার ফ্যাক্টরিতে লে অফ, ছাঁটাই ঘোষণা করা হয়েছে। আজকে সমস্ত ব্যারাকপুর মহকুমায় শুধু আমার নির্বাচন কেন্দ্র নয়, প্রায় ১০টি নির্বাচন কেন্দ্রেই বিভিন্ন কারখানায় এই অবস্থা চলছে। এই পরিস্থিতি একটা বারুদের স্তূপের আকার ধারণ করেছে। এই অবস্থার যদি অবিলম্বে পরিবর্তন না হয় তাহলে বিস্ফোরণ ঘটবে সুতরাং এই গুরুতর বিষয়ে পশ্চিমবঙ্গে সরকারকে বিশেষ ভাবে হস্তক্ষেপ করার আবেদন জানাচ্ছি।

শ্রী পঙ্কজ ব্যানার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এখানে যে মেনশন করি, সেই বিষয়ে মন্ত্রী মহাশয়রা কি ব্যবস্থা গ্রহণ করছেন সেটা সভার সদস্যদের জানাবার কথা। একটা ঘটনা নিয়ে দিনের পর দিন বলা হচ্ছে কিন্তু কোনও ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। যেদিন থেকে এমার্জেন্সি চালু হয়েছে, সেদিন থেকে মালিক রাজ কায়েম হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হিসাব দিয়ে দেখিয়ে দিতে পারি যেদিন থেকে এমার্জেন্সি চালু হয়েছে পশ্চিমবঙ্গে মালিক রাজ চালু হয়ে গেছে, শ্রমিকদের কথা বলার কোনও অধিকার নেই, শ্রমিকরা কথা বলতে পারছে না। এই এমার্জেন্সির সুযোগ নিয়ে মালিকরা ক্লোজার, লে অফ, লক আউট, ছাঁটাই, যথেচ্ছ ভাবে চালিয়ে যাচ্ছে। সরকারকে বলা হচ্ছে আলোচনা করার জন্য, মন্ত্রীরা আলোচনা পর্যন্ত করছেন না, যেখানে আলোচনা হচ্ছে, সেখানেই মালিকদের পক্ষে রায় দিয়েছেন। এমার্জেন্সির জন্য আমরা রাস্তায় নামতে পারব না, মিছিল করতে পারব না, ঘেরাও করতে পারব না, অন্যান্য যে সমস্ত আন্দোলনের অঙ্গ সেইগুলো করতে পারব না। এইভাবে আমাদের দুর্বল করে দেওয়া হচ্ছে এমার্জেন্সির সুযোগ নিয়ে। এই জিনিস চলতে থাকলে আগামী দিনে একটা ভয়ানক অবস্থা দেখা দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শ্রমজীবী মানুষ নিয়ে কাজ করেন, আপনি জানেন যে তাদের উপর যে অত্যাচার চলছে, সে সম্বন্ধে সরকার যদি ঠিকমতো ব্যবস্থা গ্রহণ করতে না পারেন, তাহলে একটা দুর্বার আন্দোলন গড়ে উঠবে এবং সেই আন্দোলনকে সরকার রোধ করতে পারবে না।

[2-10 — 2-20 p.m.]

মিঃ স্পিকার : মিঃ ব্যানার্জি আমিও দু-একটা ইউনিয়নের প্রেসিডেন্ট আছি। আমার ইউনিয়নের একটা কারখানাতেও লে অফ হয়েছে, তার নাম শ্রী কৃষ্ণ আয়রণ ওয়ার্কস।

(নয়েজ)

(সেভারেল মেম্বার্স রোজ টু স্পিক)

অনারেবল মেম্বার্স, প্লিজ টেক ইয়োর সিট, আমি জানি খবরের কাগজে প্রতিদিন বেরোচ্ছে, আমাদের শ্রমমন্ত্রী নিজে বলেছেন যে অনেক শ্রমিক ছাঁটাই, লে অফ, ক্লোজারের সম্মুখীন হয়েছে। এ সম্বন্ধে সেন্ট্রাল মিনিস্টারদের স্টেটমেন্ট কাগজে দেখেছি। শ্রম মন্ত্রী এখন এখানে নেই, আমি নিশ্চয়ই আপনাদের কথা শ্রম মন্ত্রীকে জানাব এবং এ বিষয়ে তাকে তার বক্তব্য হাউসে রাখতে বলব।

(Several Members rose to speak)

I know the problem very much because I am the President of not less than forty unions. I would request the Hon'ble Labour Minister to come and make a statement and clarify the position to satisfy the honourable members.

মিঃ সরোজ রায় ঃ মিঃ স্পিকার, স্যার, আপনার মাধ্যমে আর একটা বিষয়ে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করব। আপনি এখনি শুনলেন শহরের গরিব মানুষদের এবং কারখানার শ্রমিকদের অবস্থার কথা। আজকে যখন শুধু পশ্চিমবাংলায় নয় সারা ভারতবর্ষে ২০ দফা কর্মসূচিকে কার্যকর করার চেষ্টা চলেছে তখন গ্রামাঞ্চলের গরিব মানুষদের একটা প্রশ্ন আমি তুলে ধরছি। এটা মন্ত্রিসভাকে শুধু নয় হাউসকেও জানানো দরকার। আপনি জানেন গ্রামাঞ্চলের কৃষির উন্নতির সঙ্গে সঙ্গে আলুর চাষ অত্যন্ত বেড়ে গেছে এবং আলুর উৎপাদনও বেড়েছে। এতে পশ্চিমবাংলার গরিব চাষী ভেবেছিল যে সে এবার দু'পয়সা করে খাবে। কিন্তু এরকম অবস্থায় দেখা গেল যে আলুর দর ৩৫ পয়সায় নেমে গেছে এবং সেটা কিনছে বড় বড় ব্যবসায়িরা। আর আমরা জানি ভবিষ্যতে আমাদের এই আলু কিনতে হবে ১.৫০ পয়সা দিয়ে। অর্থাৎ ৩৫ পয়সার আলু কিনতে হবে ১ টাকা ৫০ পয়সা দিয়ে। এই দামটা গরিব চাষিরা পাচ্ছে না, পাবে বড় বড় ব্যবসায়িরা। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, শুধু তাই নয় আমাদের কোল্ডস্টোরেজগুলির ভাড়া '৭৪ সালে ছিল ১১/১২/১৩ টাকা করে, সেটা বেড়ে গত বছর হয়েছিল ১২/১৩/১৪ টাকা, আর এ বছর তারা সেটা বাড়িয়ে করেছে ১২.৫০ পয়সা, ১৪.৫০ পয়সা। অথচ এ বিষয়ে গভর্নমেন্টের কোনও আইন নেই। কোল্ডস্টোরেজের সম্বন্ধে গভর্নমেন্টের কোনও আইন আছে কিনা, কৃষিমন্ত্রী মহাশয় বলুন ঃ কৃষিমন্ত্রীর চেষ্টায় আলুর চাষ বেড়েছে, কিন্তু কোল্ড স্টোরেজ সম্বন্ধে কোনও আইন না থাকার ফলে সেখানকার ভাড়া প্রতি বছর বাড়ছে। শুধু তাই নয় বড় বড় ব্যবসায়িদের ক্ষেত্রে ভাড়া একরকম আবার গরিব চাষিদের বেলায় ভাড়া তার চেয়ে বেশি। তৃতীয় প্রশ্ন হচ্ছে কোল্ড স্টোরেজে আলু নষ্ট হয়ে গেল চাষীর কমপেনসেসন পাবার কোনও ব্যবস্থা নেই, দয়া করে ২/৪ টাকা দিলেও দিতে পারে। চতুর্থ প্রশ্ন হলো সবচেয়ে দুঃখের কথা ৭/৮ বছর ধরে কয়েক লক্ষ টাকা খরচ করে আমার কন্সটিটিউয়েন্সিতে একটা কোল্ড স্টোরেজ হয়েছে এবং মাসে মাসে তার খরচও চলছে। এখন সেখানে শুনছি যে একজন বড় ব্যবসায়ি ঘুনঘুনিয়া চেষ্টা করছে ঐ কোল্ড স্টোরের লিজ্ দেওয়াবার জন্য। তারা বলতে চাইছে যে সরকারি দপ্তরের আওতায় থেকে এটা চলছে না। এই জাতীয় নানারকম অবস্থায় আজকে আলু চাষিদের একটা সর্বনাশ এসে গেছে। যার ফলে তারা এইরকম ভাবতে শুরু করে দিয়েছে যে আর আলু চাষ নয়, এবারের অন্য কাজ কিছু করুন। তাই আমি অনুরোধ করব কোল্ড স্টোরেজগুলি সরকার নিয়ে নিন, যদি না নেন তাহলে অন্তত কোল্ড স্টোরেজ সম্বন্ধে একটা আইন করুন যাতে চাষিদের স্বার্থ রক্ষা করা যায়। আমি আশা করব গভর্নমেন্ট এ বিষয়ে একটা কিছু করবেন।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ স্যার, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি Power Minister ও পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দেশের উন্নয়ন ব্যবস্থা বজায় রাখার জন্য এই জরুরি ব্যবস্থা। সরকারি কাজে সমস্ত বিষয় প্রগতি ও উন্নতি হচ্ছে। কিন্তু এক শ্রেণীর দুষ্কৃতকারি অফিসিয়াল ও নন-অফিসিয়াল এই জরুরি অবস্থার সুযোগ নিয়ে মানুষকে শোষণ,

শাসন, দমন করছে। আপনার মাধ্যমে সাঁওতালদিহির দৃষ্টি আকর্ষণ করছি। ২৬শে জুন জরুরি অবস্থা চালু হবার পর সেখান থেকে একবার ৮০ হাজার টাকার কেবল্ চুরি হয়ে যায়। আজ পর্যন্ত তার কোনও হদিশ নেই। সম্প্রতি ডিসেম্বর মাসে ১১৪টি ড্রাম, যায় এক একটার ওজন ৩ কুইন্টাল, সেগুলি সব কারখানা থেকে চুরি করে পাচার হয়ে গেল। আবার সম্প্রতি লক্ষাধিক টাকার তার চুরি গেছে। পাওয়ার মিনিস্টার পাওয়ার বাড়াবার জন্য অনেক চেষ্টা করছেন এবং কেন্দ্রীয় সরকার থেকে পাওয়ার যাতে বাড়ে তার জন্য টাকাও আনছেন। কিন্তু দুষ্কৃতকারিরা এই সমস্ত জিনিস পাচার করে সব লোপট করে দিচ্ছে। অথচ এখনও পর্যন্ত একটাও ধরা পড়ল না। এগুলি যদি বন্ধ না করা যায় তাহলে কিছুই হবে না।

[2-20 — 2-30 p.m.]

শ্রী শচীনন্দন সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলায় সমবায়ের ভিত্তিতে এখন পর্যন্ত ১ হাজার লোক কাজ করছে। শিক্ষিত বেকার যুবকরা যেখানে ৮০ টা প্লটে এই কাজ হওয়ার সম্ভাবনা সেখানে মাত্র ১০টা প্লট নিয়ে এই কাজ শুরু করেছে সমবায়ের ভিত্তিতে। কিন্তু রাস্তা, বিদ্যুত এবং রেলওয়ে সাইডিং-এর অভাব থাকার জন্য এতবড় সম্ভাবনাকে রূপায়িত করা সম্ভব হচ্ছে না। স্যার, এই নিয়ে আমি পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী, শিল্প-বাণিজ্য মন্ত্রী, সমবায় মন্ত্রী, বিদ্যুৎ মন্ত্রী প্রত্যেকের কাছে ডিটেলস লিখেছিলাম এবং প্রত্যেকের কাছ থেকে উত্তরও পেয়েছিলাম। তারজন্য ডেভেলপমেন্ট কমিশনারের সঙ্গে একটা মিটিং করা হয়, সেখানে ব্যাঙ্কের অফিসাররা, সরকারের বিভিন্ন দপ্তরের কর্মচারিরা উপস্থিত ছিলেন। সেই মিটিং হবার পর মুখ্যমন্ত্রীর নির্দেশে বীরভূম জেলার মন্ত্রী ডাঃ মোতাহার হোসেনকে চেয়ারম্যান করে একটা কমিটি করা হয়, সেই কমিটির মিটিং-এ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, মাইনিং কর্পোরেশনের ম্যানেজিং ডাইরেক্টর, ব্যাঙ্কের অফিসার, সরকারি অফিসার এবং আমিও উপস্থিত ছিলাম। শিক্ষিত বেকার যুবকরা ব্যাঙ্কের কাছ থেকে লোন নিয়ে রাস্তা, বিদ্যুৎ এবং রেলওয়ে সাইডিং-এর অভাবে আজকে কিছুতেই এই বিজনেসে তারা দাঁড়াতে পারছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের পক্ষ থেকে এই যে বই প্রচার করা হয়েছে এতে বলা হয়েছে যে এখানে ৩০-৪০ হাজার লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। এই অঞ্চলটা আদিবাসী অধ্যুষিত, এখানে চাষ করার সুযোগ নেই, এখানে শুধু পাথর আছে। এখান থেকে এই বিজনেস ভালভাবে চললে গভর্নমেন্ট রয়ালটি, সেস পাবেন। আজকে বিহার থেকে পাথর এনে সরকারের বিভিন্ন কাজ পরিচালিত হচ্ছে, অথচ শিক্ষিত বেকার যুবকরা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে এই কাজে দাঁড়াতে পারছে না রাস্তা, বিদ্যুৎ এবং রেলওয়ে অবিলম্বে সাইডিং-এর অভাবে। সেজন্য সেখানে অবিলম্বে রাস্তা, বিদ্যুত এবং রেলওয়ে সাইডিং তৈরি করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তুহিনকুমার সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে পশ্চিমবঙ্গের মন্ত্রিসভার কাছে আমার জেলার একটা দাবি তুলে ধরছি। গত বছর আমরা চাষ করেছিলাম এবং তার আগের বছরও চাষ করেছিলাম। আপনার মাধ্যমে আমি সেচ মন্ত্রীর কাছ থেকে জানতে চাই এই বছর কেন বর্ধমান জেলায় যে সমস্ত জায়গায় চাষ হয়েছিল সেখানে জল পেল না? বর্ধমান জেলার সমস্ত চাষি চাষ করতে চায়, তারা জল চায়। গত বছর এগ্রিকালচার

মিনিস্টার বলতে পারবেন কত হাজার বিঘা জমিতে বোরো ধানের চাষ হয়েছিল এবং তার ফলে বর্ধমান জেলা থেকে কি পরিমাণ চাল সরকার সংগ্রহ করতে পেরেছিলেন বা চালের দাম কত ছিল। গত বছর এবং তার আগের বছর বর্ধমান জেলার চাষিরা প্রাণ ভরে চাষ করতে পারার জন্য ধান চালের দাম কমে ছিল, মার্কেট নর্ম্যাল ছিল। যে মাটিতে সোনা ফলে, যে মাটিতে চাষ করে চাষিরা আনন্দ পায় সেই মাটিতে এ বছর চাষিরা চাষ করতে পারছে না শুধুমাত্র ক্যানেল জলের অভাবে। মন্তেশ্বরকে গ্র্যানারী অব বার্ডওয়ান বলে থাকে। রায়না বলুন, খণ্ডকোষ, মেমারির অধিকাংশ জায়গা বলুন, কালনা এলাকা বলুন, মন্তেশ্বর বলুন, এইসব জায়গার উর্বর জমিতে জলের অভাবে চাষ হল না। আজকে যেখানে আমরা গ্রামেগঞ্জে চাষির কাছে একমাত্র স্লোগান দিচ্ছি যে উৎপাদন বাড়াতে হবে সেই উৎপাদন বৃদ্ধির জন্য এটা কি সরকারি সাহায্যের নমুনা? এই ব্যাপারে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে যাতে বোরো ধানের চাষ হয় তার জন্য সরকার জল সরবরাহের ব্যবস্থা করুন। যেভাবে গত বছর জল দিয়েছিল সেইভাবে প্রচুর জল দেবার ব্যবস্থা করুন, তা না হলে বোরো ধানের চাষ হবে না।

শ্রী শিশিরকুমার ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কিছুক্ষণ আগে এই বিধানসভায় মাননীয় সদস্যরা লে-অফ, ক্লোজার নিয়ে যে অভিযোগ তুলেছিলেন আমিও সেই ধরনের একটা অভিযোগ তুলতে চাই। কিছুদিন থেকে টিটাগড় জুট মিল নাম্বার-ওয়ান—এ আজ কিছুদিন ধরে লে-অফ চলছে। এই ব্যাপার নিয়ে শ্রম দপ্তরের বিভিন্ন ডিপার্টমেন্টকে জানান হয়েছে, শ্রমমন্ত্রীকে জানানো হয়েছে কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত তার কোনও সুরাহা হয়নি। আজকে আমরা দেখছি দিনের পর দিন লে-অফ—এর সংখ্যা বেড়ে যাচ্ছে। শুধু তাই নয়, এই লে-অফ—শ্রমিকরা যাতে প্ররোচিত হয় সেইজন্য ফ্যাক্টরি থেকে লোক এনে জোড়া তাঁত চালাবার চেষ্টা করছে থমাস্ ডগ কোম্পানি। আমি অনুরোধ রাখছি অবিলম্বে সরকার এই ব্যাপারে তৎপর হন। স্যার, ২০ দফা কর্মসূচিকে কেন্দ্র করে, ইমারজেন্সিকে কেন্দ্র করে শ্রমজীবী মানুষ যখন উৎপাদন বাড়াবার দিকে এগিয়ে গেল তখন দেখছি চটকলের মালিকরা উৎপাদনকে বন্ধ করবার জন্য প্রচেষ্টা চালাচ্ছে এবং সেটা শ্রম দপ্তর মেনে নিচ্ছে। আমি মনে করি এতবড় লজ্জার প্রতিকার হওয়া দরকার। আজকে মালিকরা যেভাবে উৎপাদনকে ব্যাহত করছে তাতে এই মালিকরাজ খতম করবার জন্য সরকার যদি অবিলম্বে ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে বলছি শুধু আমাদের ব্যারাকপুর মহকুমা নয়, সমস্ত পশ্চিমবাংলার মানুষ সোচ্চার হয়ে উঠবে। আপনারা অবিলম্বে এই বে-আইন লে-অফ, ছাঁটাই যারা করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন। জয়নাল আবেদনি কাল অনেক কথা বললেন, কিন্তু আজ দীর্ঘদিনের খড়দহ জুট মিলের ৬ হাজার শ্রমিক যে বেকার হয়ে রয়েছে, সেই মিলটা খোলা হচ্ছে না সে সম্বন্ধে তিনি কিছু বললেন না। আমি ট্রেড ইউনিয়ন করিনা একথা বলে তিনি পাশ কাটিয়ে চলে গেলেন। যাহোক, আমার বক্তব্য হচ্ছে অবিলম্বে শ্রমিকদের যদি কারখানায় ফিরিয়ে না দেন তাহলে সরকারের উপর শ্রমজীবী মানুষের আস্থা থাকবে না।

শ্রী আবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি কৃষি প্রধান এলাকা থেকে এসেছি, আমি কৃষক ঘরের সন্তান কাজেই তাদের কথা আমাকে বিশেষভাবে বলতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমাদের ভূমি এবং ভূমিস্ত ব্যবহার বিভাগ থেকে একটা সার্কুলারের মাধ্যমে গেজেট নোটিফিকেশন করে বলে দেওয়া হয়েছে পশ্চিমবাংলার বিশেষ বিশেষ কতগুলি মৌজা সেচসেবিত এলাকা বলে ঘোষণা করা হল। এই ব্যবস্থা যদি হয় তাহলে সেই সমস্ত মৌজার যারা ভাগচাষী, ক্ষেতমজুর, ভূমিহীন চাষী তাদের খাজনা সেচ সেবিত এলাকা বলে দুগুণের জায়গায় তিনগুণ হয়ে যাবে। শুধু এই ব্যাপারেই নয়, সিলিং-এর ব্যাপারে এত গোলমাল কারণ সিলিং সেচ সেবিত এলাকায় এক রকম এবং সেচহীন এলাকায় অন্য রকম। আমি যে জায়গার কথা বলছি সেটা গুরুত্বপূর্ণ এই কারণে আমরা সেখানে সমস্ত জায়গায় সেচ সম্প্রসারণ করতে পারিনি। কাজেই এই যখন অবস্থা তখন ভূমি এবং ভূমি সত্ব ব্যবহার মন্ত্রীর মাথায় এই জিনিসটি কি করে গজিয়ে উঠল সেটা আমি বুঝতে পারছি না। আমি বুঝতে পারছি না তিনি কি করে সমস্ত এলাকাকে সেচ সেবিত এলাকা বলে ঘোষণা করলেন। আমি এই ব্যাপারে কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি এবং তিনি বেশ আন্তরিকতার সঙ্গে শুনে এই ব্যাপারে ভূমি এবং ভূমি সত্ব ব্যবহার মন্ত্রীর সঙ্গে কথা বলেছেন। তিনিও আশা করেছিলেন আশু এর একটা প্রতিকার হবে। কিন্তু দুঃখের বিষয় এখনও পর্যন্ত কোনও সুরাহা হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যাচারের একটা সীমা থাকা দরকার। আমরা একদিকে দেখছি ঋণ আদায়ের জন্য চাষীদের উপর অত্যাচার আরম্ভ হয়েছে এবং আর একদিকে দেখছি এই যে হুকুম জারি করা হয়েছে তার ফলে সেচ সেবিত এলাকা না হওয়া সত্ত্বেও চাষীদের খাজনা দুগুণের জায়গায় তিন গুণ করা হয়েছে। আমি জানতে চাই এই অত্যাচার অবিলম্বে বন্ধ হবে কিনা? সাত্তার সাহেব এখানে রয়েছেন তিনি বিষয়টি সম্বন্ধে ওয়াকিবহাল আছেন। মাননীয় স্পিকার মহাশয়, আপনার নিশ্চয়ই মনে আছে গত ১৭ তারিখে আপনার সঙ্গে আমি বহরমপুরে একটা মিটিং করেছিলাম এবং সেখানে কমিশনারের সামনে আমি কৃষকদের এই অভিযোগ উত্থাপন করেছিলাম। আমি অবাক হয়ে গেলাম আপনার উপস্থিতিতে কমিশনারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আজ পর্যন্ত সেই অর্ডারের কোনও পরিবর্তন হল না।

[2-30 — 2-40 p.m.]

গত ১৭ তারিখে বহরমপুরে আমি আপনার সঙ্গে মিটিং করেছি, সেখানে কমিশনারের সামনে আপনার উপস্থিতিতে আমি জিজ্ঞাসা করেছিলাম সেই অর্ডারটার কেন পরিবর্তন হল না। যে সমস্ত এলাকা সেচ সীমিত এলাকা বলে ঘোষণা করা হল অথচ সেচের মধ্যে এল না এর একটা বিহিত হওয়া দরকার। অবশ্য আমি মাননীয় সাত্তার সাহেবের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছিলাম, তিনি অত্যন্ত আন্তরিকতার সাথে বিবেচনা করবেন বলেছিলেন এবং ভূমি সদ্ব্যবহার মন্ত্রীকে বলবেন বলেছিলেন কিন্তু আজ পর্যন্ত কেন সেই অর্ডারের পরিবর্তন হল না। আমরা এর কোনও যুক্তি পাই না। এই যদি হয় তাহলে স্যার, সরকার জনপ্রিয়তা হারাবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আপনি ভূমি সদ্ব্যবহার মন্ত্রীকে নির্দেশ দিন তিনি যেন এই অর্ডারের পরিবর্তন করেন। আদারওয়াইজ আজকে শতকরা ৭৫ জন লোকের যে বিক্ষোভ দেখা দিয়েছে তা কিছুতেই কমানো যাবে না। আমি আশা করি তিনি এই বিষয়ে খুব গুরুত্ব দেবেন এবং আমি দাবি করছি যে আমাদের উপনেতা তিনি যেন এই ব্যাপারে তার কি মতামত, এই অর্ডার পরিবর্তন হবে কিনা তা মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করে একটা বিবৃতি দেন।

Mr. Speaker : You have placed your point. The Hon'ble Deputy Leader of the House says that it concerns the Land and Land Revenue Department and he will draw the attention of the Minister of the Land and Land Revenue Department.

শ্রী সত্য ঘোষাল : মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে যেটা উল্লেখ করতে চাই সেটা একটু অন্য ধরনের অত্যাচার। আপনি অনেক অত্যাচারের কথা এখানে শুনেছেন কিন্তু যদিও আমি বলব যে সকলে এটা অত্যাচার বলে মনে করছেন কিনা জানি না, আমি নাইটদের অত্যাচারের কথা বলছি। চতুর্দশ পঞ্চদশ শতাব্দীতে আমরা নাইটের কথা যা পড়েছি যেমন থ্রি মাসকেটিয়ার্স আমি তাদের কথা বলছি না, আমাদের জেলাতে কিছু অন্য নাইট হচ্ছে—এই নাইট হচ্ছে এন. আই. টি. ই.। যেমন ধরুন মেদিনীপুরের ডি. এম. করলেন কিশোরকুমার নাইট, ওমনি তমলুকের পুলিশ সাহেব বললেন আমি কম কিসের—আমি করব বম্বে স্টার নাইট। যদি কিশোরকুমার একটা গান গায়, যদি ডি. এম একটা গান গাইয়ে টাকা রোজগার করে তাহলে আমি বম্বে থেকে ঝাঁকে ঝাঁকে স্টার নাইট নিয়ে আসব এবং সেইসব পোস্টারে লেখা হবে লাস্যময়ী প্রেমলতা, কেউবা হাস্যময়ী কেউবা বীরাময়ী। তারা স্টার হোক আমার আপত্তি নাই, তারা আসুন কিন্তু বিপদটি হল স্যার, আমাদের ঘাড়ে সেই স্টারের বোঝা। আমাদের বাড়িতে বাড়িতে টিকিট পৌঁছে দেন পুলিশ সুপার—তোমার ৫০০ টাকা, তোমার ২০০ টাকা, তোমার ২৫০ টাকা—তোমাদের নিতেই হবে। ম্যাজিস্ট্রেট দিয়েছিল ১০০ টাকার টিকিট, আর সেই যে গাঁয়ের বুড়ি বলেছিল তুমি দারোগা হও বাবা, অতএব দারোগার উপরওয়ালা এস. পি. তার ২৫০ টাকার টিকিট নিতে হবে। মেদিনীপুরের কথা বলছি তমলুকে হচ্ছে স্টার নাইট আর কোথায় চন্দ্রকোণা ১০০ মাইল দূরে, আমরা দাবি করছি জেলা ভাগ করা হোক আমরা তমলুকে যেতে পারব না কিন্তু কোথায় জেলা ভাগ তো দূরস্থান এখন টিকিট এসে ঘাড়ে পৌঁছে গেছে। টিকিট আমাদের নিতেই হবে। দোকানীরা দোকান বন্ধ করে পালাচ্ছে, বাজারে বেচাকেনা বন্ধ, টিকিটের ভয়ে, আমি জানতে চাই ঐ টাকা কি হয়? এটা হচ্ছে শ্রী অরবিন্দের নামে—তার নামে স্টেডিয়াম হচ্ছে। শ্রী অরবিন্দ খেলাধুলায় কি ছিলেন জানি না, আমার নিজের কথা বলি খেলাধুলায় আমি নিজে চৈনিক স্পাটার্স। চিনের গল্প আছে খরচ করে গায়ের ঘাম বের করার কি দরকার, একটা লোক রাখলেই হয় ঘাম বের করার জন্য। আমি জিজ্ঞাসা করি শ্রী অরবিন্দের নামে স্টেডিয়াম করতে হবে কেন—অন্য কারও নামে করলেই হয়। শ্রী অরবিন্দকে টেনে নামিয়ে এবং তার নামে স্টেডিয়াম হচ্ছে বলে এবং এই সমস্ত টাকা তোলা তার নামে, এই সমস্ত জুলুম করে, অশালীন পোস্টার বাজারে লাগিয়ে দেওয়া এবং এর টিকিট বিক্রি করার জন্য ডি. এম. বের হবেন, অ্যাডিশনাল এস. পি. বের হবেন এটা ঠিক নয়। এর দ্বারা ছেলেমেয়েদের মরাল কি হবে কিছুই বুঝতে পারছি না। এই টাকা কি হয়? ৮০ হাজার টাকার প্যান্ডেল হয়েছে। শুনেছি কিশোরকুমার নাকি নিয়ে গিয়েছে দেড় লক্ষ টাকা এবং লিখে দিয়ে গিয়েছে ৪৮ হাজার টাকা নিলাম বলে। এর মানে কি হয়? এখানে সরোজদা বসে আছেন। সেদিন নাকি জনৈক মন্ত্রী মিটিং ডেকেছিলেন সার্কিট হাউসে তিনি সেই মিটিং অ্যাটেন্ড করতে গিয়েছিলেন। যাওয়ার পরে পুলিশ তাড়া করল। তাড়া দেবার পর সরোজদা বললেন, কি ব্যাপার এখানে তো মিটিং আছে, মন্ত্রী এসেছেন। আরে মন্ত্রী ওমন্ত্রী

কোই নেহি হ্যায়, হিয়া তো কিশোরকুমার সাহাব আ গিয়া। সরোজদা সেখান থেকে পালিয়ে আসতে বাধ্য হলেন। এখন সরোজদা বসে আছেন, এই হল ঘটনা। অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই কথা বলছি এই জন্য যে এই টাকা কি হয়, কেন তোলা হয় এবং একটা স্টেডিয়াম করতে কত খরচ হয় এবং এইভাবে টাকা না তুলে বাড়িতে বাড়িতে গিয়ে টাকা চাইলে সেই টাকা তোলা যেত কিনা এইগুলির উপর একটা বেসরকারি এবং এই সব টাকা তোলার নামে কে কত টাকা পকেটস্থ করেছে এরও একটা তদন্ত হোক। এতে আরও বড় বড় লোকের নাম জড়িয়ে যেতে পারে, এখানে শ্রদ্ধেয় অজয়দা আছেন, বিরোধী দলের নেতা আছেন, এই সব লোক তো মেদিনীপুরে আছেন, এদের নামও জড়িয়ে যেতে পারে। এইজন্য এটা নিয়ে তদন্ত করা হোক।

Mr Speaker : You have put your point very nicely. Thank you. Now, Shri Kashi Nath Misra may like to mention something.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় এখানে আছেন, বাঁকুড়ায় যে যানবাহনের অসুবিধা আছে, যদিও তিনি যানবাহন সম্বন্ধে সরকারি বাস বেশ কিছু দিয়েছেন এবং সেই বাস দেবার জন্য আমাদের এখানে অন্তত—এই জেলার একমাত্র যোগাযোগ বাস তার ব্যবস্থা একটু সুষ্ঠু হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে যে রেল লাইন আছে সেই লর্ড ক্লাইভের আমলে যা ছিল সেটা বোধ হয় বন্ধ হতে চলেছে এবং সে কথা আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে এবং আপনাদের বলব যানবাহনের যেটুকু ব্যবস্থা করা হয়েছে বাস দিয়ে কিন্তু রেলের অবস্থা, বিশেষত, এস. ই. রেলওয়ে, বাঁকুড়ায় দুটি গাড়ি আছে, কলকাতাগামী গাড়ি একটা সকালে যায় এবং একটা রাত্রে যায়, আর একটা আসে আসানসোল থেকে, আর একটা যায় খড়্গপুরে, এইমাত্র আমাদের ওখানকার যোগাযোগ ব্যবস্থা আমাদের দীর্ঘদিনের প্রস্তাব ছিল যে বাঁকুড়া এক্সপ্রেস গাড়ি যাবে এবং সেই প্রস্তাব অনুযায়ী ট্রায়াল দেওয়া হয়েছিল কিন্তু সেই গাড়ি আর দেওয়া হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিসেন্টলি যেটা আমাদের করার সুযোগ এসেছে সেটা আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে রাঁচি-হাতিয়া-হাওড়া এক্সপ্রেস যেটা ঝাড়গ্রাম হয়ে যেত সেটা বর্তমানে আদ্রা দিয়ে যাবার ব্যবস্থা হয়েছে। এটা যদি ফার্স্ট ট্রেন বা এক্সপ্রেস ট্রেন হিসাবে আসে সেই ব্যবস্থা অন্তত আপনাদের করা দরকার। আর বাঁকুড়া, ক্যালকাটা টু সাঁওতালদি ভায়া আরামবাগ যে গাড়ি সরকারি সি. এস. টি. সি. দেবার কথা সেটা এখন পর্যন্ত দেওয়া হয়নি। আর একটা ক্যালকাটা টু দুর্গাপুর ভায়া ঝাড়গ্রাম-রায়পুর, এই দুটি গাড়ি দেবার ব্যবস্থা করলে বাঁকুড়ার লোকদের খুবই উপকার হবে।

[2-40 — 2-50 p.m.]

শ্রী এক্রামুল হক বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১৯৭২ সালের নির্বাচনের পর মুখ্যমন্ত্রী বিশেষ করে আমাদের পূর্তমন্ত্রী মহাশয় আমাদের বলেছিলেন এই বিধানসভায় প্রত্যেক কনস্টিটিউয়েন্সিতে অন্তত একটি করে রাস্তা করে দেবেন বলে। সেই পরিপ্রেক্ষিতে আমরা নিজ নিজ এলাকায় একটি করে রাস্তার স্কীম আমরা দিয়েছিলাম। তাতে প্রতি জেলা প্ল্যানিং কমিটি থেকে নির্ধারিত হয়েছিল যে অন্তত পক্ষে বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় এক

মাইল করে রাস্তা আপাতত করা হোক। আমার বিধানসভা কেন্দ্রে অনুরূপভাবে রাজাপুর থেকে বল্লীপুর ঘাট, একটি রাস্তা আরম্ভ হয়েছিল। আজকে তিন বছর হল সেই রাস্তায় শুধুমাত্র মাটির কাজ হয়েছে, মাটি ফেলা হয়েছে, সেই রাস্তা আজ পর্যন্ত মেটাল্ড হওয়ার কোনও সম্ভাবনা দেখতে পাচ্ছি না। অনুরূপভাবে নশীপুর-রাণীতলা, ভাতশালা হতে কুশাবাড়িয়ার ঘাট, ডাঙ্গুরিয়া গাড়ি হতে নৃসিংহপুর, এই রকম অনেক রাস্তা গ্রহণ করা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত তার কোনও সুরাহা দেখতে পাচ্ছি না। তাই আমি আপনারা মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে এই সমস্ত রাস্তার সুব্যবস্থা হয়, তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী দ্বিজপদ সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গের মাননীয় খাদ্যমন্ত্রী তথা অন্যান্য মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। বিগত কয়েকদিন ধরে আমরা বার বার করে বীরভূম জেলার কথা বলে আসছি যে সেখানে গরিব জনসাধারণের রেশন কার্ড পাবার ব্যাপারে অত্যন্ত অসুবিধা দেখা দিয়েছে। আমরা বার বার করে একথা বলেছি। মাননীয় খাদ্যমন্ত্রী যখন বীরভূম সদরে খাদ্য। সংগ্রহ অভিযানে গিয়েছিলেন, তখন তার কাছে আমরা এই প্রস্তাব রেখেছিলাম যে গ্রামাঞ্চলের বহু গরিব মানুষ রেশন কার্ড পাচ্ছে না, তারা বার বার এই নিয়ে হয়রানি হচ্ছে, অঞ্চল প্রধানের কাছে গেলে বলে অধ্যক্ষের কাছে যাও, কিন্তু কোথাও তারা এই রেশন কার্ড পাচ্ছে না, তাই তারা খুব বিব্রত হচ্ছে। মন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছিলেন যে তিনি যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন। কিন্তু অধ্যক্ষ মহাশয়, আমরা লক্ষ্য করছি যে তফসিলি এবং আদিবাসী সম্প্রদায়ের লোকেরা যাদের ঘরে এক ছটাকও চাল নাই বা থাকে না, রোজগার করে তবে চাল কিনে আনে বা নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র কেরোসিন তেল জিনিস কিনে, রেশন কার্ডের অভাবে অত্যন্ত বিব্রত বোধ করছে। বার বার এ সম্বন্ধে আমরা অভিযোগ করে আসছি। আমরা যত বার মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, ততবারই তিনি বলছেন এ বিষয়ে ব্যবস্থা নিচ্ছেন। কিন্তু আমলাতন্ত্র এমনই যে দীর্ঘদিন এ সম্বন্ধে বলার পরেও এ ব্যাপারে কোনও সুরাহা হল না। আমি বীরভূম জেলার রাজনগর থানার একটি অঞ্চলে সমীক্ষা চালিয়ে দেখেছি, সেখানে কয়েকটি গ্রাম রয়েছে, সেই গ্রামগুলির মধ্যে আছে—নিত্যনগর, শঙ্করপুর, কাষ্ঠগড়া, শঙ্করপুরডিহি, বাঁন্দি, বারমেসে, দুবরাজপুর, বাবুপুর, এই গ্রামাঞ্চলের একটি মাত্র দোকানের মধ্যেই দেখেছি এখন পর্যন্ত রেশন কার্ড পায়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইরকমভাবে যদি খতিয়ে দেখেন দেখবেন প্রত্যেকটি অঞ্চলে তফসিলি এবং আদিবাসী সম্প্রদায়ের গরিব লোকেরা রেশন কার্ডের অভাবে কি যন্ত্রণা ভোগ করছে। এই অবস্থা যদি চলে তো এমন দিন আসতে বাকি নেই যেদিন এই লোকেরা দলবল নিয়ে শহরের দিকে ছুটে আসতে বাধ্য হবে। আমরা দেখতে পাচ্ছি এই জরুরি অবস্থায় তাদের নাকানি চোবানি খেতে হচ্ছে, তারা কোথাও কোনও সাহায্যে পায় না। অঞ্চল প্রধানের কাছে গেলে বলে তার কোনও ক্ষমতা নাই, শিউড়িতে যাও শিউড়িতে গিয়েও তাদের কোনও সুরাহা হয় না, শুধু শুধু ৫/৭ টাকা তাদের খরচ হয়ে যায়। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এবং মাননীয় মন্ত্রিসভায় অন্যান্য সদস্যের কাছে দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ জানাচ্ছি যে এ বিষয়ে তারা অবিলম্বে অত্যন্ত সহযোগিতাপূর্ণ ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী শচীনন্দন সাউ : স্যার, আমাদের জেলায় মিনিস্টার গেছিলেন, তিনি বলেছিলেন সমস্ত জায়গায় রেশন কার্ড দেওয়া হবে, আমরা এম. এল. এ.-রা ছিলাম। খাদ্য নিয়ে একটা ফুড অ্যাডভাইসরি কমিটি হয়েছে, সেখানে মাসে মাসে মিটিং করার কথা কিন্তু তিন মাস পর্যন্ত কোনও মিটিং হয়নি। আর এই যে মিনিস্টার বলে এলেন তারপরেও দেখতে পাচ্ছি বিভিন্ন জায়গায় রোজ—কমপ্লেন, রেশন কার্ড মিলছে না। বিশেষ করে আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ের গরিব মানুষ, তাদের কাছ থেকেই বেশি করে কমপ্লেন আসছে। আমি ইলামবাজারে দেখেছি উদ্বাস্তু কলোনিতে ৫/৭ শত ঘরের লোক রেশন কাড পায়নি। এ সম্বন্ধে আমরা বার বার খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। দ্বিজবাবু যা বলেছেন এটা সত্যই যে আমরা এম. এল. এ.-রা এ বিষয়ে সত্যই খুব উদ্বিগ্ন।

শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরি বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলার রানীবাঁধ অঞ্চলে উলফ্রামের অতি মূল্যবান খনিজ সম্পদ আছে। এই খনিজ সম্পদ ভারতবর্ষের বাইরে পৃথিবীর বিভিন্ন দেশে চালান যেতে পারে। যেখানে এর অত্যন্ত চাহিদা। এর প্রতি কেজির দাম ৪০ হাজার টাকার বেশি। ভারতবর্ষে কেবল রাজস্থান ছাড়া অন্য কোথাও এই খনিজ সম্পদ নাই। এই খনিজ সম্পদ বিদেশে চালান দিতে পারলে লক্ষ লক্ষ টাকার বিদেশি মুদ্রা সরকার অর্জন করতে পারবেন। এই খনিজ সম্পদ একটা বে-সরকারি উদ্যোগের হাতে লিজ দেওয়া হয়েছে। ১৯৬৬ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত এই সংস্থা প্রভূত পরিমাণ এই খনিজ সম্পদ আহরণ করে বহু টাকা আয় করেছেন। এখন খনিটার কাজ বন্ধ আছে। আমরা বার বার এখানে দাবি করেছি যাতে এই খনিটা সরকার থেকে অধিগ্রহণ করা হোক—এটাকে ন্যাশনালাইজ করা হোক অবিলম্বে এবং সায়েন্টিফিক প্রসেস ধরে এই উলফ্রাম থেকে মূল্যবান বিদেশি মুদ্রা অর্জন করা সম্ভব হবে। তাতে করে পশ্চিমবঙ্গে একটা নতুন বিপ্লব আনতে পারবে। বাঁকুড়া জেলার বেকার সমস্যার সমাধান হবে। তাই সরকারকে অনুরোধ করব অবিলম্বে এই বে-সরকারি সংস্থায় সঙ্গে লিজ cancel করে—এই অতিমূল্যবান উলফ্রাম খনিজ সম্পদকে সরকারের হাতে নিয়ে নিন।

[2-50 — 3-00 p.m.] (Including djournment)

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরি বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। গত কয়েকদিন ধরে এই বিধানসভায় গ্রামের কৃষকদের উপরে সরকারি কর্মচারী তহসীলদারদের অত্যাচার ও জোর জুলুমের অভিযোগ উঠেছে। আজকে গ্রামের কৃষকদের যে অসহায় অবস্থায়, ১৯৫৯ হইতে পরবর্তীকালে। তার উপর এই সরকারি তহসীলদাররা কবে কার লোনের নোটিশ ও সার্টিফিকেট তাদের কাছে এনে হাজির করে ভয় দেখাচ্ছেন। যারা ১৯৫৯ সালে লোন নিয়েছিল, সেই সময় যে লোন মকুব বলে সরকার ঘোষণা করেছিলেন। সেই নোটিশ ও সার্টিফিকেটে তারা আজকে নিয়ে এসে হাজির করছে ও ভয় দেখিয়ে ৫ টাকা, ১০ টাকা ঘুস আদায় করছেন। গরিব কৃষকদের কাছ থেকে। আমাদের হাওড়া জেলার ধান নষ্ট হয়ে গেছে। ফলে সেখানকার চাষীদের আজ

সরকারি লোনের টাকা ফেরত দিতে পারছে না। আমরা লোনের টাকা দেব না—একথা বলছি না। আমরা এক বছর সময় চাইছি ভূমি-রাজস্ব দপ্তর থেকে এই লোন আদায় এক বছর বন্ধ রাখা হোক। তহসীলদাররা ভয় দেখিয়ে লোন আদায় করছে। গরিব অসহায় কৃষকরা ঘটি-বাটি বন্ধক দিয়ে সেই ৫/১০ টাকা করে ঘুস দিচ্ছে—না হলে কেস করবে বলে ভয় দেখাচ্ছে। তাই আমি সরকারকে অনুরোধ করছি—যে কৃষক এবার লোনের টাকা দিতে পারছে না, তাদের সময় দেওয়া হোক। তারা কিস্তিতে নিশ্চয়ই টাকা শোধ দেবে। এদের উপর সরকারি তহসীলদারদের জুলুম ও অত্যাচার অবিলম্বে বন্ধ করা হোক।

শ্রী মহঃ দেদার বক্স : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মুখ্যমন্ত্রী ও মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। গ্রাম বাংলায় ডাক্তারের অভাব একথা আমরা সকলেই জানি। শহরের ডাক্তারবাবুরা গ্রামে যেতে চান না। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি—আমাদের ভগবান গোলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হয়নি, যেখানে খাস জমি পাওয়া যায়নি। নশীপুরের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ও কুলন্দুর উপস্বাস্থ্য কেন্দ্রের ডাক্তারের এক্সটেনশনের পর এক্সটেনশন হয়ে যাচ্ছে। ঐ অঞ্চলের জনসাধারণ তাদের বিরুদ্ধে কমপ্লেন করেছে, ডিপার্টমেন্টেও তা পাঠানো হয়েছে। তবুও তারা কাজ করছেন না। তাদের চাকরি শেষ হয়ে গেছে—তবুও তাদের রাখা হয়েছে। কারণ ডাক্তার পাওয়া যাচ্ছে না। আমরাও অসহায় কিছু করতে পারছি না, ঘুস খাচ্ছে। কিছু করতে গেলে বদনাম আসবে। এর আগে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তার লাহিড়িও তাই করেছিলেন। আমরা শুনছি কয়েকটি মেডিক্যাল কলেজ পশ্চিমবাংলায় হবে। আমরা দাবি করছি আমাদের মুর্শিদাবাদ জেলায় একটা মেডিক্যাল কলেজ স্থাপিত হোক। আমাদের ডেপুটি স্পিকার ওখানে রয়েছেন। তাকেও বলছি আমাদের মুর্শিদাবাদ জেলাবাসীদের একান্ত দাবি আমাদের জেলায় একটা মেডিক্যাল কলেজ হোক। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ও মাননীয় মুখ্যমন্ত্রীর এবং সমগ্র মন্ত্রিসভার কাছে আমার বিনীত অনুরোধ জানাচ্ছি আপনার মাধ্যমে—একটা মেডিক্যাল কলেজ আমাদের মুর্শিদাবাদ জেলায় অবিলম্বে স্থাপন করা হোক।

Statement Under Rule 346

শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে এই বক্তব্য হাউসের সামনে রাখছি।

Along with its recommendation for revised pay-scales for the Universities and College teachers, the University Grants Commission laid down a condition which we accepted and duly notified to all concerned to the effect following : "no teacher/Principal shall be paid any remuneration for examination work, including invigilation work, within the University/Institution." This will appear from the Notification issued by us being Notification No. 372-Edn (CS)/5P-9/74 dated the 7th April, 1975.

Recently a question arose as to what was the meaning of examination work. On 19. 2. 76 the Chief Minister accordingly sent a Telex Message to the Union Education Minister, as follow :—

"While recommending new scales of pay for Universities and Colleges the Government of India has attached the following condition no teacher/principal shall be paid any remuneration for examination work including invigilation work within the University/Institution'. What is the meaning of "examination work". A dispute has arisen with regard to the interpretation of examination work. I understand that Maharashtra while interpreting this had said that no teacher will be entitled to any remuneration for setting or examining papers. Bengal teachers are urging that examination work does not mean setting or examining papers. Matter is urgent. Kindly telex back you interpretation before I meet the Vice-Chancellors on the 23rd February Regards."

On 21st February, the Education Ministry, Government of India, sent a reply saying : "Reference Telex Message dated 19th February regarding interpretation of examination work. Examination work includes invigilation, setting of question papers, evaluation of answer scripts and conducting of practical examination."

The Government, therefore, will follow the interpretation of the Union Education Ministry totally. This was conveyed to the Vice-Chancellors at the meeting with the Chief Minister held on 24th February, 1976, and the Vice-Chancellors have accepted the situation.

The Government wants to make it clear that it is obligatory on the part of the post-graduate teachers to examine the answer scripts not only of post-graduate students but also of under-graduate students of the University. Similarly, it is obligatory on the part of a teacher of any affiliated College to examine the answer-scripts of under-graduate students for any other college, affiliated to the same University.

There is another matter on which the Government wants to clarify its stand. On various grounds it has not been possible yet to fix the pay of teachers in accordance with the revised scales as recommended by the University Grants Commission. Therefore, as a special case, until such pay of the teachers is fixed in accordance with such scales, teachers may be granted remuneration for setting papers and examining answer—scripts on the same conditions as prevailing before.

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে স্টেটমেন্ট দিলেন সেটা যদি হাউসে সার্কুলেট করেন তাহলে ভাল হয়। এই অনুরোধ আমি আপনাকে জানাচ্ছি।

Mr. Speaker : Yes, the statement will be circulated in the House.

(At this stage the House was adjourned for 20 minutes)

[3-20 — 3-30 p.m.] **(After adjournment)**

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রীমতী গীতা মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের যে ভাষণ আমাদের সামনে উপস্থিত হয়েছে তার আলোচনা প্রসঙ্গে আমাদের সি. পি. আই. বেঞ্চের দলনেতা, সহকারী দলনেতা ও অপরাপর বক্তারা ইতিমধ্যেই এই মূল রাজনৈতিক পটভূমিকাতে আমাদের কি বক্তব্য তা উপস্থিত করেছেন—স্বভাবতই আমি আবার তার পুনরাবৃত্তি করব না, তাদের সেই বক্তব্যের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার কয়েকটি অপরাপর কথা এই সূত্রে তুলে ধরবার চেষ্টা করব। মাননীয় রাজ্যপাল মহাশয় তার ভাষণে অর্থাৎ পশ্চিমবঙ্গের মন্ত্রিসভা তাদের ভাষণের একেবারে ৫১তম অনুচ্ছেদে অর্থাৎ শেষ তিন লাইনে একটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন—সেটা হল এই, প্রধানমন্ত্রী কর্তৃক ২০ দফা অর্থনৈতিক কর্মসূচি ঘোষিত হওয়ার পর আমাদের কৃষিজীবী ও শ্রমিকেরা, ছাত্র ও যুব সম্প্রদায় এবং অর্থনৈতিক ও সামাজিক দিক থেকে দুর্বল মানুষেরা যেসব সমস্যার সম্মুখীন, সেগুলির বিরুদ্ধে আমরা সংহত অভিযান চালিয়েছি। প্রাথমিক অভিযান ফলপ্রসূ হলেও এক্ষেত্রে আরও অনেক কিছু করার আছে। পরিস্থিতি বর্তমানে অব্যাহত সহযোগিতার দাবি রাখে। এই সমর্থনে সহায়তা দেবেন তারা সকলে, যারা বিশ দফা রূপায়ণ এবং ভবিষ্যতে জাতির প্রত্যাশা পূরণে অঙ্গীকারবদ্ধ। ইংরাজিতে এই সকল বাক্যগুলি এইভাবে লিখিত আছে। The situation demands sustained co-operation, support and assistance of all who are committed to the 20 point programme and share fully the nation's expectations for the future.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি এটা খুব গুরুত্বপূর্ণ কথা। ২০ দফা অর্থনৈতিক কর্মসূচিতে যারা অঙ্গীকারবদ্ধ অর্থাৎ যারা এর দ্বারা সব চেয়ে বেশি উপকৃত হবেন এবং রাজনৈতিকভাবে এর প্রয়োজনীয়তা যারা সবচেয়ে বেশি অনুভব করেন তাদের সাসটেন্ড কো-অপারেশন এবং সাপোর্টের উপর নির্ভর করে যে এই কর্মসূচির কি পরিস্থিতি হবে।

এখন এই যে দুটি ক্ষেত্রে রাজ্যপাল মহাশয় দাবি করেছেন যে ২০ দফা কর্মসূচির ক্ষেত্রে প্রাথমিক অভিযান ফলপ্রসূ হয়েছে এবং এই যে সাসটেন্ড কো-অপারেশনের কথা তিনি বলেছেন এই দুটি দিক থেকে আমি আলোচনা করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন গতকাল তার স্বভাবসিদ্ধ ভঙ্গিতে আমাদের অনেক গালিগালাজ করেছেন, আমি সেগুলির কোনও জবাব দেবার জন্য এখানে উঠিনি কিন্তু স্যার, ডাঃ জয়নাল আবেদিন সাহেব বক্তৃতা প্রসঙ্গে একটা কথা বলেছিলেন যে, "খোলা মনে সহযোগিতা করুন", আমি সে প্রসঙ্গে বলি, সাধু, প্রস্তাব, খোলা মনে এবং খোলা চোখে আমরা সহযোগিতা চাই। স্যার, আমি প্রথমেই যে কথাটা তুলতে চাই সেটা হচ্ছে, এই যে ২০ দফা কর্মসূচি এতে সবচেয়ে অঙ্গীকারবদ্ধ করা? রাজনৈতিকভাবে কংগ্রেস দলের নেত্রী

এই কর্মসূচি ঘোষণা করেছেন সুতরাং স্বাভাবিকভাবেই তার দলের কমিটেড হওয়া উচিত এবং আমরা কমিউনিস্ট পার্টি একে স্বাগত জানিয়েছি, সমর্থন করেছি কাজেই আমরা উভয়েই কমিটেড, কিন্তু আমার প্রশ্ন হল সবচেয়ে বেশি কমিটেড কারা? কমিউনিস্ট পার্টি বা সি. পি. আই. আমি মনে করি নিশ্চয় নয়, আমি মনে করি সবচেয়ে বেশি কমিটেড যাদের জন্য রূপায়ণ সেই সব জনসাধারণ। সেই বৃহত্তর অংশ এবং তাদের সাসটেন্ড কো-অপারেশনের কি ব্যবস্থা হল তার উপরই নির্ভর করবে এই কর্মসূচির প্রকৃত সাফল্য। সুতরাং স্যার, আমাদের সমস্ত পরীক্ষা সেই দৃষ্টিভঙ্গি নিয়ে উপস্থিত করতে চাই। স্যার, এখন হাউস প্রায় ফাঁকা, এই সময় ফাঁকাই থাকে তবুও যে কয়েকজন মাননীয় সদস্য দয়া করে উপস্থিত আছেন আমি তাদের আপনার মাধ্যমে এই ভাবে পরীক্ষা করতে বলি। স্যার, আমার কাছে আজকে এই বিষয়টার আলোচনাটা সংসদীয় গণতন্ত্রের সুযোগে ডিবেটিং পয়েন্ট স্কোর করবার আলোচনা নয়। স্যার, ২০ দফা কর্মসূচি রূপায়ণে কমউনিস্ট পার্টি দারুণ স্বার্থান্বিত। তার কারণ, দক্ষিণ পন্থী প্রতিক্রিয়াশীলদের যদি পরাস্ত করতে হয় তাহলে ঐ দক্ষিণ পন্থী প্রতিক্রিয়াশীল শক্তিরা যারা ভারতবর্ষের গ্রামাঞ্চলে কায়েমিস্বার্থ নিয়ে বসে আছে তাদের পরাস্ত করতে হবে। তেমনি শহরের ঐ একচেটিয়া পুঁজি তাদেরও পরাস্ত করতে হবে। এমন করে অভ্যন্তরীণ ক্ষেত্রে এদের পরাস্ত করতে হবে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে সাম্রাজ্যবাদী শক্তিদের পরাস্ত করতে হবে। এ কাজে শুধু ডাঃ জয়নাল আবেদিন বা গীতা মুখার্জি চেষ্টা করলে হালে পানি পাওয়া যাবে না সেখানে হালে পানি পেতে হলে যাদের জন্য এই ২০ দফা কর্মসূচি তাদেরও সহযোগিতা থাকা চাই। কাজেই স্যার, আমি সমস্ত বিচার সে দিক থেকেই করব। ইনিসিয়াল স্টেজে কি হয়েছে তারও বিচার করব এবং ভবিষ্যতে কি করণীয় সেকথাও বলব। স্যার, এর মধ্যেই অনেক সাফল্য দাবি করা হয়েছে। আমি এ কথা বলছি না যে, যে সব ক্ষেত্রে সাফল্য দাবি করা হয়েছে এবং তারমধ্যে যে সব ক্ষেত্রের কথা আমি আলোচনা করছি না তার মধ্যে সাফল্য দাবি করার কিছু নেই। এখানে সাত্তার সাহেব বসে আছেন, নিশ্চয় মাইনর ইরিগেশনের ক্ষেত্রে সাফল্য লাভ করা গিয়েছে, এটা আনন্দের কথা এবং আরও সাফল্য দরকার এটা অস্বীকার করছি না। তেমনি উত্তরবঙ্গের জন্য যে মাস্টার প্ল্যানের কথা বহুদিন ধরেই হচ্ছিল—যুক্ত ফ্রন্টের কথা বললেই ডাঃ আবেদিন সাহেব আতঙ্কিত হন, আতঙ্কিত হবার কিছু নেই, আমাদের যুক্ত ফ্রন্টের আমলে যে মহানন্দা প্রোজেক্ট নিয়ে অনেক ফাইট হয়েছিল এবং তখন সেন্ট্রাল গভর্নমেন্টের কমিটমেন্ট সত্ত্বেও পুরো করা সম্ভব না হলেও এখন হয়েছে, এই মাস্টার প্ল্যান হচ্ছে এসব ভাল কথা। তারপর শঙ্কর ঘোষ মহাশয় এখানে এখন নেই—রির্সোস মবিলাইজেশনের দিক থেকে চেষ্টা চরিত্র হয়েছে, তারমধ্যে নিশ্চয় ২/১টি ক্ষেত্রে অতিরিক্ত হয়ে যাচ্ছে, এই যেমন ঋণ নিয়ে, সেটা আমি পরে বলব কিন্তু তার অনেকটা ক্ষেত্র প্রশংসাজনক।

কিন্তু স্যার, আমি আগেই বলেছি, আমার আলোচনার ক্ষেত্র তাহা মূলত তা নয়। আমাদের ২০ দফা কর্মসূচি প্রধানমন্ত্রী বারবার বলেছেন যে গ্রামের গরিব মানুষকে আমরা relief দিতে চাই তার জন্য ২০ দফা কর্মসূচি। সেই কর্মসূচিতে কি দাবি করা হয়েছে আর হচ্ছে কি? তার মূল নায়ক যারা, যাদের জন্য এই কর্মসূচি তাদের সহযোগিতায় কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেই বিষয়ে কিছুটা উল্লেখ করতে চাই। সবচেয়ে বড় কথা কি হয়েছে?

বাস্তুহীনদের বাস্তু দেওয়া। আমাদের রাজ্যপালের ভাষণের ৬ নম্বর পাতায় দাবি করা হয়েছে যে গ্রামাঞ্চলে ভূমিহীনদের শ্রমিকদের বিনামূল্যে বাস্তুজমি বিতরণের পরিকল্পনা রূপায়ণের কাজ—এ বছরের জুলাই মাসের গোড়া থেকেই বেশ নিষ্ঠার সঙ্গে পালিত হয় এবং ২রা অক্টোবর তারিখে, ঐ তারিখের পূর্বেই বসত জমির জন্য প্রাপ্ত সব কয়টি আবেদনের ব্যাপারে বিলির কাজ সম্পন্ন হয়। যদিও এখন নুতন আবেদনের সংখ্যা খুবই কম তবুও এই পরিকল্প অব্যাহত আছে। তাহলে initial success কি হল? যা কিছু বাস্তুজমি বিলি হয়েছে তার কি দাবি করা হয়েছে? না, ২রা অক্টোবরের মধ্যে যে দরখাস্ত এসেছিল তার সব নাকি দিয়ে দেওয়া হয়েছে। আর এখনে বেশি দরখাস্ত পড়ছে না। প্রথম অবস্থার কথা আমি বলি। স্যার, আমি আপনার মাধ্যমে অনুরোধ করব কত দরখাস্ত পড়েছে একবার দেখবেন? বলা হয়েছে ২ লক্ষ কত বাস্তুজমি দেওয়া হয়েছে। যা দিয়েছেন তার বিস্তৃত বিবরণের মধ্যে আপনি আসবেন। কিন্তু আমি পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি যে তার হাজার হাজার দরখাস্ত পড়ে আছে, একটা ২টো নয়। সহযোগিতার কথা বলছেন—এক মেদিনীপুর কমিউনিস্ট পার্টি। কৃষক সমিতি, ক্ষেতমজুর মিলে ৫০ হাজারের উপর দরখাস্ত করিয়েছেন। আমি নিজে জানি কংগ্রেস বন্ধুরাও করিয়েছেন বা নিজেরা করেছেন। এখন পর্যন্ত তার ব্যাপক অংশ পড়ে আছে, অতি অল্প অংশ নয়। এবং এই জিনিস শুধু মেদিনীপুরে নয়, সমগ্র পশ্চিমবাংলার খোঁজ নেন তাহলে বুঝতে পারবেন। ভাল কথা বাস্তু দিয়েছেন, কিন্তু তার অঙ্ক বলুন? স্যার, আমাদের কবি নজরুল বলেছিলেন নারীর সূত্রে—

"কত রণে কত খুন দিল নর, লেখা আছে ইতিহাসে
কত নারী দিল সিঁথির সিন্দুর লেখা আছে তার পাশে।"

এই লেখা না থাকার জন্য তিনি খুব রাগ করেছিলেন। আমিও বলি স্যার, কত বাস্তু দিলেন লেখা আছে, রাজ্যপালের ভাষণে সেই বাস্তু নিয়ে কি হ'ল লেখা নেই ইতিহাসে। কত সিঁথির সিঁন্দুর তারা দিয়েছে, কত চোখের জল তাই নিয়ে পড়েছে।—তা কেন লেখা থাকবে না? যদি না লেখা থাকে কি করে বোঝা যাবে ২০ দফা কর্মসূচির সত্যিকারের পর্যালোচনা কি হল? সে বাস্তু দিয়েছেন এখানে তার বেসিস কি? এখনও পর্যন্ত বেশির ভাগ ক্ষেত্রে পজেশন পায়নি। এজন্য কি এখনও পর্যন্ত অধিকাংশ ক্ষেত্রে চৌহদ্দি পর্যন্ত ঠিক করে দেওয়া হয়নি। এই হচ্ছে বাস্তব কথা। সহযোগিতার আমরা প্রাণপণ চেষ্টা করেছি, সব থেকে বড় কথা যে ক্ষেতমজুর সে সহযোগিতা করতে চেষ্টা করেছিল। যখন emergency জারি করা হল তারপর আমরা বিভিন্ন জায়গায় গ্রামাঞ্চলে গিয়েছিলাম। প্রথম দিকে কি উৎসাহ, কি বিপুল উদ্দিপনা, কি বিপুল প্রত্যাশা, আমরা ভেবেছিলাম যে সত্যিকারে কাজ কিছু হবে। কিন্তু এখন যা দেখছি তাতে মোটেই আনন্দিত নই। আমরা দুঃখিত, আমরা আতঙ্কিত। আমরা একান্ত ভাবে আবেদন করেছি, এই অবস্থার প্রতিকার প্রয়োজন, আমি সেজন্য এই প্রশ্নগুলি তুলেছি। তারপর যাদের দেওয়া হল তাদের কি হল? আমি বিভিন্ন জায়গা থেকে তথ্য সংগ্রহ করেছি। সব জায়গায় একই রকম। তবে দু'একটা তথ্য জানাবার জন্য আমি উল্লেখ করছি। আমার চেয়ে আরও বেশি তথ্য অনেকে জানেন, তবে আমি ২/১টি এখানে উল্লেখ করছি। সোনারপুর থানার নরেন্দ্রপুরে বাস্তুহীনদের ৮ মাইল দূরে বাস্তু দেওয়া হয়েছে। কে যাবে ৮ মাইল দূরে? স্বরূপ নগরে বিলের মধ্যে বাস্তু জমি পড়ে আছে, কেশপুরে,

সেখানে জমি না দিয়ে ১।। মাইল দূরে দেওয়া হ'ল। তারপর আরও গুরতর ব্যাপার কি? গোরা গাছা গ্রামে, সোনারপুরে, হরেন্দ্রনাথ দাস, দিবর ফটিক সরকারের জমিতে বাস্তুঘর তুলেছিল। তারা জোর করে ভেঙ্গে দিল। তারা ঐ নিয়ে অভিযোগ করেছিল কিন্তু আজ পর্যন্ত তার কোনও তদন্ত হল না। এই হচ্ছে সত্যিকারের অবস্থা। আসল কথা কি? কেন এই রকম হ'ল? স্যার, শুধু আমলাদের উপর নির্ভর করা হচ্ছে যাদের জন্য ২০ দফা কর্মসূচি, সেই ক্ষেতমজুরদের ডেকে তাদের Committee করে, তাদের উপর নির্ভর করা হয়নি যদি নির্ভর করা না হয় তাহলে এই অবস্থা চলতে বাধ্য তাই আমি আবেদন করি পুনর্বিবেচনা করুন। হাজার হাজার দরখাস্ত পড়ে আছে, তার খোঁজ করুন এবং ক্ষেত মজুরদের অধিকার দিন। শুধু আমলাদের উপর নির্ভর করে হবে না।

[3-30 — 3-40 p.m.]

তারপর স্যার কি করে বাড়ি হবে, তার বিষয়ে রাজ্যপাল শুধু উল্লেখ করেছেন, আর কিছু বলেননি। আমার কিন্তু এই বিষয়ে অনেক কিছু বলার আছে, সময় কম, তার মধ্যে যেতে পারছি না। কিন্তু বাড়ি হবার ব্যাপারটা স্পষ্ট হওয়া দরকার। কেরল সরকার এই বিষয়ে প্রভূত অগ্রগতি করেছে, নিশ্চয়ই পরবর্তী কালে আমাদের বেঞ্চ থেকে এবং আশা করি ওদের বেঞ্চ থেকে এই কথা আমরা শুনতে পাব। তারপর আসুন জমি উদ্ধারের বিষয়ে। জমি উদ্ধারের ব্যাপারে ১০ নং অনুচ্ছেদের ৪ পাতায় একটা অঙ্ক দেওয়া হয়েছে, কত জমি বণ্টিত হয়েছে। এই যে জমি বণ্টিত হবার কথা দেওয়া হয়েছে, তার পরিমাণ হচ্ছে ৫.৭০ লক্ষ একর কিন্তু একটা কথা বলার দরকার ছিল, এমার্জেন্সি জারি হবার পর নূতন জমি কি পাওয়া গেল? যাদের নাম শুনলে—আমি আগেই বলেছি, উনার জুলাতঙ্ক হয়, এই জমিগুলোর পাট্টা দিয়েছেন, খুব ভাল কথা। কিন্তু এইগুলো মূলত বেরিয়েছিল কোন সময়ে? এমার্জেন্সির পর নূতন জমি কত বেরোল? সেই নূতন জমির বেরোনর জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে এবং সেই বিষয়ে কি ব্যবস্থা হচ্ছে তা বলার দরকার ছিল। তা না হলে পাবলিক জানবে কি করে? পশ্চিমবাংলায় যা জমি বেরিয়েছে তার বৃহত্তর অংশ এই সমস্ত করার অনেক আগেই বেরিয়েছে। কিন্তু বর্তমানে কি করা হচ্ছে, যুক্ত ফ্রন্ট গভর্নমেন্ট আমলের পরে এবং পরবর্তীকালে রাজ্যপালের শাসনের পরে? কিন্তু এখন কি হচ্ছে, নূতন জমি যে ভেস্ট হচ্ছে—কি অদ্ভুত অদ্ভুত কান্ড হচ্ছে, অনেক উদাহরণ আছে, আমি তার দু-একটা উদাহরণ দেব। দেখুন সোনারপুর এলাকায় দশের এক 'এ ভেস্ট হ'ল, সেই জমি ভেস্ট হবার পরে সঙ্গে সঙ্গে সেই রেকর্ড সেটেলমেন্ট অফিসে পাঠাবে। তা না পাঠিয়ে চুপ চাপ বসে রইল। ইতিমধ্যে মালিক মহাশয় চলে গেল ইঞ্জাংশন নেবার জন্য এবং ইঞ্জাংশন তিনি নিলেন। তখনও পর্যন্ত সেই ইঞ্জাংশন নেবার পর—আপনি জানেন এই জমিতে নিয়ম হচ্ছে যদি ভেস্ট করে তাহলে আইন মোতাবেক ধরে নিতে হবে যে সেটা নিঃসত্ত্ব রাষ্ট্রীয় সম্পত্তি, সমস্ত দায় মুক্ত। অতএব তার পজেশন আছে এই কথা বলার কোনও প্রশ্ন ওঠে না। সুতরাং ১৪৪ 'এ একটা অন্য কেস জারি হয়ে গেল। দৌড়ে পড়ে ওখানকার যিনি ল্যান্ড রিফর্মস অফিসার, তিনি তদন্ত করে বললেন এটা বেনামদারদের দখলে আছে। তাহলে যে জমি ভেস্ট হয়েছে, সেটা তাহলে কি করে নন-ভেস্ট করা যায়? তার জন্য, 'আগে কে বা প্রাণ করিবেক দান, তারি লাগি তাড়াতাড়ি, ল্যান্ড রিফর্মস দপ্তরে এখন বহু ক্ষেত্রে এই ঘটনা ঘটছে। এই

বিষয়ে সোনাপুরের অনেক তথ্য আছে, যেটা বললাম ২২৭ একর জমি, কুমোর পুকুরিয়া মৌজায়, শরৎচন্দ্র নস্করের ক্ষেত্রে রয়েছে এবং আরও অনেক ক্ষেত্রে হয়েছে। আবার দেখুন, ফ্যামিলি সিলিং এর ব্যাপারে, মেদিনীপুরের কেশপুরের পাঁচ নং অঞ্চলের বড় জোতদার আবদুল রহিমের বিরুদ্ধে জমি দখল আইনের পাঁচের ক ধারায় তদন্ত করার জন্য যতবার নোটিশ এল, ততবার সে দেওয়ানী আদালতে গিয়ে ইঞ্জাংশন নিল। ১২৭ একর জমি সে ভোগ করছে। সব আদালতে হেরে গেছে, সব আদালতে হেরে যাবার পরও এখন আবার পাঁচের ক-তে নোটিশ হয়েছে। জানা যাচ্ছে না কি, হাইকোর্ট থেকে কিছুতেই রেকর্ড যাচ্ছে না। সুতরাং তার কেসটা বিচার হচ্ছে না। আবার বলব, অনুপোযুক্ত জমি এখানে পেয়েছে, অসংখ্য কেস রয়েছে, পোবীবল্লভপুরে, আমরা এক নং, দু নং ব্লকে জে. এল. আর. ও., সি. আই. এর বিরুদ্ধে কত নালিশ করেছি, কত তথ্য দিয়েছি, কিন্তু আজ পর্যন্ত তার তদন্ত হল না। মালদহের কালিয়াচকে ইতিপূর্বে জমি দিয়ে দেওয়া হয়েছে রেশনের ডিলার, বন্দুকের মালিক, শ্যালো টিউবওয়েলের মালিক ইত্যাদিকে। তদন্তে প্রমাণ হয়ে গেছে, যে এই সব লোকগুলোকে জমি দেওয়া হয়েছে। আজ পর্যন্ত এমার্জেন্সির পরও বারবার আবেদন করা সত্ত্বেও—ল্যান্ড রিফর্মের ধারা আছে, আইন রয়েছে সেকশন ৪৯, সেখানে প্রয়োগ করলে সেটা পুনরায় পরিবর্তন করা যায়, হাজার আমাদের সহযোগিতার প্রসারিত হস্ত ওদের যে আমলাতন্ত্র, তা প্রত্যাখ্যান করা ছাড়া কিছু করেননি। এখানে বলব আসল কথা কি, ভূমিহীনদের সহযোগিতার কি ব্যবস্থা করা হয়েছে, যার সহযোগিতা না হলে এই ২০ দফা কর্মসূচি হবে না, তাদের কি সেই জনসংগঠনগুলো তৈরি করে দিয়েছেন, তাদের কোনও সহযোগিতা নিয়েছেন, তা তো নেয়নি। উপরন্তু তারা যেখানে অভিযোগ করছে, কি সব ঘটনা হয়েছে, আমি যখন যাব পুলিশ ঘটিত ব্যাপারে তখন এই বিষয়ে দু-একটা ঘটনার উল্লেখ করলে বুঝতে পারবেন। এর পরে ২০ দফা কর্মসূচির একটা মস্ত বড় জিনিস হচ্ছে ক্ষেত মজুরদের ওয়েজের রেট। ক্ষেত মজুরদের ওয়েজের ব্যাপারে ক্ষেত মজুরদের কাজের ব্যাপারে একটা মস্তবড় ফিরিস্তি এখানে দেওয়া হয়েছে। শঙ্কর ঘোষ মহাশয় এতে উল্লেখ করেছিলেন যে এক কোটি ম্যান্ডেজ তৈরি হচ্ছে একটা প্রকল্পে এবং আর একটা প্রকল্পে ৩০ হাজার লোক, তারা কাজ করতে পারবে।

এটা ভাল কথা, নিশ্চয়ই ভাল কথা, কিন্তু টেস্ট রিলিফ ইত্যাদি বন্ধ সুতরাং এই কাজের রিপ্লেসমেন্ট তাদের হওয়া উচিত। নিশ্চয়ই এগুলি যত উৎপাদনভিত্তিক হয় ততই ভাল। কিন্তু একটা ম্যান-ডে মানে আমাদের যদি ৪০ লক্ষ খেতমজুর থেকে থাকে তাহলে এক এক জনের এক এক বছরে ৪ দিন, কি, বড় জোর ৫ দিন হতে পারে। এই অবস্থায় বিপ্লব যে আসবে না, তা কে বলতে পারে? এই পরিস্থিতিতে সেটা অ্যাক্ট হওয়া দরকার। কিন্তু তার চেয়েও বেশি দরকার খেতমজুরদের ওয়েজ সম্বন্ধে ইন্সপেক্টর নিয়োগ করা হয়। ইন্সপেক্টরের ট্রেনিং হতে লাগল কখন, না, যখন হার্ভেস্টিং চলছে। আমাদের মেদিনীপুর জেলায় এ বিষয়ে লিফলেট দেওয়া হয়। আমরা অনেকবার অনুরোধ করি, সেই লিফলেট যখন পড়ল তখন হার্ভেস্টিং সেসন শেষ হয়ে গেছে। অর্থাৎ যখন হার্ভেস্টিং সেসন চলল তখন সরকারি যন্ত্রের মাধ্যমে জানতে পারল না। আমাদের ৫ জনের মাধ্যমে জেনে যতটা সম্ভব সংঘবদ্ধ হয়ে বুঝতে পেরেছে এত পরিমাণ হচ্ছে। কিন্তু সেখানে খেতমজুরদের কোনও

পাওয়ার দেওয়া হচ্ছে কি? বরঞ্চ তারা যাদের ভয় করে, তারা যাদের সহযোগিতা পায় না সেই আমলা, সেই পুলিশ, তাদের ওপর নির্ভর করছি। এই সমস্ত জিনিস চালু করা হয়েছে। সাসটেন্ড কো-অপারেশন বলছেন, খেতমজুরদের নিন, দরিদ্র জনসাধারণ, তাদের জন্য কমিটি করুন, তাদের নিয়ে মেসিনারি করুন। আমাদের পার্টি কমিটেড, আমাদের রিপ্রেজেনটিটিভ নিয়ে, সকলকে নিয়ে করবার চেষ্টা করুন, তবেই সত্যিকারের ২০ দফা কর্মসূচিতে প্রাণ আসবে, নাহলে এমন কি আসবে বলুন? এরপরে স্যার, এগুলি গেল কতগুলি অর্থনৈতিক ব্যাপার এবং এই ব্যাপারগুলি নিয়ে যারা লড়ছে তাদের অনেক জায়গায় কি করা হচ্ছে সে সম্বন্ধে দু'একটা জিনিস আপনার মাধ্যমে না জানিয়ে এবং সে সম্বন্ধে প্রশ্ন না করে পারছি না। আপনি দেখুন বাঁকুড়া জেলার রাইপুর থানার সারেঙ্গা ব্লকের আমাদের কমিউনিস্ট পার্টির এবং কৃষক সমিতির একজন কর্মী আছেন কৃষ্ণপুর গ্রামের লস্কর মালি, তরুণ আদিবাসী ছেলে গোঁফ বড়, চুল বড়, এটা তার একটা অপরাধ, আর একটা অপরাধ আছে, সেটা হচ্ছে কৃষক সমিতি করে, ২০ দফা কর্মসূচির ব্যাপারে দরখাস্ত দেয়, জমি বিলির চেষ্টা ইত্যাদি করে। এই অপরাধে কিছুদিন আগে তার নামে একটা ডাকাতির মামলা দেওয়া হল। শুধু তাই নয়, এর পর পুলিশ কি করল তা আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন। কি হল, না, তাকে মিশায় গ্রেপ্তার করা হল এবং থানা স্পষ্ট বলছে যে, তুমি কৃষক সমিতি কর, কমিউনিস্ট পার্টি কর, এই জন্য তোমাকে গ্রেপ্তার করা হল। তাহলে Those who are committed to 20 point Programme তাদের এই অবস্থা হবে? সাসটেন্ড কো-অপারেশন নেবার এই কি পদ্ধতি? এদের বাইরে কমিউনিস্ট পার্টি ছাড়া আর কে আছে এই প্রোগ্রামের পক্ষে? আর এই খেতমজুর, আদিবাসী, এদের প্রয়োজনে কমিটি হওয়া উচিত। কিন্তু স্যার, তাও ভবিষ্যত হচ্ছে মিশা। তারপর স্যার, একটা ঘটনা দেখুন মেদিনীপুর জেলার কেশপুর থানার ৫ নং অঞ্চলে ভাগচাষি খাঁদু ভুঁইঅ্যা ও আরো ৭২ জনের বিরুদ্ধে হাইকোর্টে আপীল মামলা চলছে। এবারও তারা চাষ করেছিল, যে চাষ করবে সে ধান কাটবে, এই হচ্ছে সরকারি নির্দেশ এবং সেই অনুযায়ি খাঁদু ধান কেটেছে। কিন্তু জোতদার বীরেন রায় থানায় গেল এবং খাঁদুর বিরুদ্ধে বলাতে জোতদার বীরেন রায়ের স্বার্থে তাকে মিসায় গ্রেপ্তার করা হয়েছে। এর উত্তর নিশ্চয়ই ওরা দেবেন, আমাদের জানা নেই। বোলপুর ব্লকে দেখছি নকশাল বলে ধরিয়ে দেবার হুমকি দেওয়া হচ্ছে জোতদারের সঙ্গে কমপ্রোমাইস না করলে। এমন কি অনুমতি দখলে যে সব জায়গায় ঘর করে আছে বাস্তুহীনরা, শিডিউল ট্রাইব-এর খেতমজুর রয়েছে, তাদের আজকে বলা হচ্ছে চলে যেতে, নাহলে গ্রেপ্তার করা হবে। আর মালিকের পক্ষে ১৪৪ ধারা জারি করা হচ্ছে, কিন্তু ভাগচাষীদের জন্য বলবার কেউ নেই। থানায় বলা সত্ত্বেও পুলিশের উপস্থিতিতে ধান কেটে নেবার খবর তো শতশত। একথা বলতে আমরা আনন্দিত নই। আমরা আপনার মাধ্যমে এই সরকারকে এবং হাউসের সদস্যদের কাছে বলতে চাই যে, বেসিক পয়েন্টসগুলি নিয়ে আমরা কিছু করবার আদৌ চেষ্টা করছি না। কারণ সেই জিনিস করতে গেলে সেইরকম আবহাওয়াও গড়ে তুলতে হবে, কিন্তু দুঃখের বিষয় আজকে সেই আবহাওয়া গড়ার জন্য যা যথাযথ করা দরকার তা আমরা করছি না। আমি আশা করেছিলাম রাজ্যপালের ভাষণের মধ্যে সে বিষয়ে দুটো কথা থাকবে। স্যার, প্রশ্ন হচ্ছে আজকে প্রতি কাজে কার কো-অপারেশন থাকা দরকার, শ্রমিক শ্রেণীর। ২০ দফা কর্মসূচিতে কাদের কমিটমেন্ট থাকার দরকার, কাদের কমিটমেন্ট থাকা উচিত, শ্রমিক শ্রেণীর।

[3-40 — 3-50 p.m.]

একটু আগে আমরা একটা অ্যাডজোর্নমেন্ট মোশান এনেছিলাম, কিন্তু দুঃখের সঙ্গে বলব সেনসর থেকে বলে দেওয়া হয়েছে যে আমরা যে সাবজেক্টের উপর অ্যাডজোর্নমেন্ট এনেছিলাম তা প্রকাশ করা যাবে না। তার মানে কমিউনিস্ট পার্টি যারা সাসটেন্ড কো-অপারেশন দিচ্ছে তারা ডিউটি অফ এর উপরে যে অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছে তা প্রকাশ করা যাবে না। এই রকম হুকুম টেনশনে দেওয়া হয়েছে। তা সত্ত্বেও কি হল এই নিয়ে তা একটু আগে আপনি ওই তরফ থেকে দেখলেন। শ্রমিকদের সাসটেন্ড কো-অপারেশন নেবার সম্বন্ধে একটা কথাও নেই। কিন্তু যে ঘটনা পশ্চিমবাংলায় হয়েছে তাতে তাদের সাসটেন্ড কো-অপারেশন যে হচ্ছে না তা বলার অপেক্ষায় থাকে না। সময় নেই বলে এ বিষয়ে আমি আর বেশি বলতে পারছি না। মন্ত্রী শ্রী শঙ্কর ঘোষ আমাদের দলনেতার বক্তৃতার উপর একটা তথ্য দিয়েছিলেন বলে আমার বিবেকের দায়িত্বে আমি যথেষ্ট কথা বলছি। তিনি ছাঁটাই লে-অফ ইত্যাদি যুক্তফ্রন্টের আমলে কত হয়েছিল এবং এখন কত হচ্ছে তার হিসাব দিয়েছেন। রাজ্যপাল বলেছেন শিল্প সম্পর্কে অভূতপূর্ব উন্নতি হয়েছে। কিন্তু কি হয়েছে তা সকলেই জানে লেবার ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৭৪, যে বই আমাদের বিলি করা হয়েছে তাতে ছাপা অক্ষরে লেখা হয়েছে ১৯৬৭ সালে বিভিন্ন case হয়েছিল ২৪৩—যুক্তফ্রন্টের আমলে—জড়িত শ্রমিকের সংখ্যা ৬ হাজার ৫৪ এর লে অফ ৩২১টি কেস ও জড়িত শ্রমিকের সংখ্য ৬১ হাজার ১১৫। ১৯৬৯ সালে এই দুটি ফিগার ওর চেয়ে কম। ১৯৭৪ সালে লে ৩৯৬টি এবং জড়িত শ্রমিকের সংখ্যা ৭ লক্ষ ১৩ হাজার ১৬৩। এতে কি বোঝা যাচ্ছে যে অবস্থার উন্নতি হল। সন্ত্রাসের আবহাওয়া মুক্ত বলে। মালিক কি সন্ত্রাস মুক্ত হল বলে ধরতে হবে? এ বিষয়ে একটা কারেক্ট পিকচার রাজ্যপালের ভাষণে পাব বলে আশা করেছিলাম। তা না হলে শিল্প সম্পর্ক একটা সাধারণ উন্নতি হয়েছে এই রকম একটা আত্মতুষ্টির কথা তিনি বলেছেন। এদিক থেকে বেসরকারি শিল্পের কথা বারবার বলা হয়েছে। আমি শুধু সরকারি শিল্প সম্পর্কে ২/১টি কথা বলব। আবার বলছি শ্রমিক শ্রেণীর সাসটেন্ট কো-অপারেশন নিতে হবে। কিন্তু সরকারি শিল্পে নিযুক্ত শ্রমিকের কো-অপারেশন নেবার জন্য কি করছেন সেটা জানা দরকার। বেসরকারি শিল্পে অ্যাপেক্স বডি করেছেন ভাল কথা। বর্তমানে সরকারি শিল্পে পরিচালিত ট্রান্সপোর্টে-এর মধ্যে ট্রাম একটা গুরুত্বপূর্ণ শিল্প। এমার্জেন্সি চালু হবার পর ২২শে জুলাই তারিখে সহযোগিতার প্রস্তাব গ্রহণ করে তারা ম্যানেজমেন্টে অংশ গ্রহণ করার একটা প্রস্তাব দিয়েছিল। তারা বলেছিল এখন দৈনিক ২৭৫-এর বেশি ট্রাম বের হয় না। কিন্তু তারা প্রস্তুত যে দৈনিক ৪০০টি ট্রাম বার করতে পারে। জয়েন্ট ম্যানেজমেন্টে নেবার জন্য তারা আলোচনা করে। দুঃখের বিষয় জুলাই মাসে দেওয়া এই প্রস্তাব এখন পর্যন্ত আদৌ কার্যকর করা হয়নি। শুধু তাই নয়, ইউনিল্যাটারালি শ্রমিকদের যেটুকু স্বাধীন অধিকার ছিল এই পিরিয়ডে তার উপর হস্তক্ষেপ করা হয়েছে—কোথাও মিটিং করতে পারবে না, সাপ্তাহিক ছুটির ব্যাপারে কোম্পানি যা বলবে সেই অনুযায়ী নিতে হবে। ডিপো থেকে দৈনিক যে ৪০০ ট্রাম বের করার কথা ছিল ২৭৫টি ট্রাম বের হচ্ছে যাতে করে মানুষ বাদুড় ঝোলা হয়ে যাতায়াত করছে। এই অবস্থার মধ্যে এই কথা আবার বলব ২০ দফা কর্মসূচি রূপায়ণ যেন মন্ত্রে পরিণত না হয়। ২০ দফা কর্মসূচি রূপায়ণের ভেতর আমাদের ভারতবর্ষের আগামী

[25th February, 1976]

ভবিষ্যত ইতিহাস বহুল পরিমাণে নির্ভর করছে। যখনই আমরা বলি, যখনই আমরা সমালোচনা করি তখনই ওপক্ষের মন্ত্রী মহাশয় আবেদিন সাহেব খুব রেগে যান। ২০ দফা কর্মসূচি যে স্টেটের জন্য সেই দেশ কি আমাদের দেশ নয়? তা যদি হয়ে থাকে তাহলে গোটা জাতিকে উৎসাহিত করবার জন্য, তাকে এই বিরাট কর্মকাণ্ডের শরিক করবার জন্য বিশেষ ব্যবস্থা করুন। ২০ দফা কর্মসূচি রূপায়ণে যেটুকু সহযোগিতা সরকারি কর্মচারিরা করেছেন তাদের উৎসাহিত করবার জন্য কি ব্যবস্থা করেছেন? বরং সেই ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাবার জন্য যদি তারা কোনও অ্যাকশন নিয়ে থাকে তাহলে তার উপর ডিসিপ্লিনারি অ্যাকশন নেবার ব্যবস্থা করেছেন। তাদের যেটুকু পাওনা হওয়া উচিত সেন্ট্রাল ডি. এ. তাও এগুচ্ছে না। তাহলে কোন জায়গায় আপনারা মানুষকে মোবিলাইজ করবেন? এই বিষয়ে কোনও আত্মসন্তুষ্টির অবকাশ না রেখে গোটা জাতিকে উজ্জীবিত করার জন্য সর্বস্তরে উপযুক্ত মেশিনারি গড়ে তুলুন, এই কথা বলে আমাদের চেয়ারম্যান শ্রীমতী ইলা মিত্র যে সংশোধনী প্রস্তাব মুভ করেছেন তাকে সমর্থন করছি।

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতি যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তাকে পূর্ণ সমর্থন করে দু'চার কথা নিবেদন করছি। স্যার, আপনি জানেন এই সরকার ১৯৭২ সালে যখন ক্ষমতায় আসেন তখন পশ্চিমবঙ্গ সরকারের সামনে কি অবস্থা ছিল। বিগত যুক্ত ফ্রন্ট সরকার কর্তৃক যে অবস্থা এবং দুরবস্থার সৃষ্টি হয়েছিল তাতে এদের অশান্তি এবং উপদ্রবে সমস্ত পশ্চিমবঙ্গ ত্রাহি ত্রাহি রব করেছে। পশ্চিমবঙ্গের যখন ভাণ্ডার শূন্য সেই সময় ১৩০ কোটি টাকা কেন্দ্রীয় ঋণ এবং ৩০ কোটি টাকা ওভার ডাফট নিয়ে এই সরকার চালু হয়েছিল। এই সরকারের আজকে সুস্থ, সবল এবং বলিষ্ঠ নীতির দ্বারা এই রাজ্যের অর্থ ব্যবস্থা স্থিতিশীল হয়েছে। কেন্দ্রীয় সরকারের সমস্ত ঋণ পরিশোধ করা হয়েছে এবং এক পয়সা ওভার ড্রাফট এই সরকারের নেই। এটা একটা সুস্থ, সবল এবং সঠিক পরিচালনার উপযুক্ত নজির। স্যার, আমরা দেখেছি যুক্তফ্রন্ট আমলে তারা ১৮ দফা কর্মসূচি নিয়েছিলেন। আমাদের রাজ্যপালের ভাষণের উপর তারা ৩৬ দফা সংশোধনী দিয়েছেন। কিন্তু ৩৬ দফা যে কর্মসূচি দিয়েছেন তাতে সরকারি কর্ম ফলের ভালর দিক দেখাতে হবে আবার খারাপ দিকও দেখাতে হবে। কিন্তু এরা একটাও ভাল কথা বলেননি, পাছে কমিউনিস্ট পার্টির দ্বারা সার্টিফিকেট হয়ে যায় কংগ্রেসের।

[3-50 — 3-40 p.m.]

কংগ্রেসে পার্টির শক্তি এবং সামর্থ রয়েছে কাজেই কমিউনিস্ট পার্টির সার্টিফিকেটের জোরে আমাদের ভোট চাইতে হবে না বা ভোট কুড়োতে হবে না। তারা বলেছেন, ২০ দফা কর্মসূচি শুধু কাগজে রয়েছে। আমি তাদের জিজ্ঞাসা করছি, তাদের কি চোখ, কান নেই যে এই ২০ দফা কর্মসূচি দেখতে পাচ্ছে না? এই রাজ্যে বহুদিন যাবৎ শাসন, শোষণ, দমন, পীড়নে যেভাবে শক্তি নিঃশেষিত হয়েছে এবং মনোবল ভেঙ্গে দিয়েছে তাতে যতটা কাজ করা উচিত ছিল সেটা আমরা করতে পারিনি। গত জুন মাসে ২০ দফা কর্মসূচি নেবার ফলে আমরা কি করেছি সেটা আমরা দেখেছি এবং তারাও দেখেছেন। কিন্তু মুশকিল হচ্ছে এরা দেখেও দেখেন না। স্যার, এই ২০ দফা উন্নয়ন কর্মসূচির মাধ্যমে আমরা প্রায় ২/৩ লক্ষ

গৃহহীনকে গৃহ দিয়েছি এবং প্রায় প্রত্যেকটি কনস্টিটিউয়েন্সিতে ৫০টি করে বাড়ি তৈরি করে দিয়েছি এবং আরও করা হবে। এই সরকার আসার ফলে আমাদের কৃষি, শিল্প, স্বাস্থ্য এবং সমবায়ের ক্ষেত্রে প্রচুর উন্নতি হয়েছে, প্রগতি হয়েছে এবং অগ্রগতি হয়েছে। স্যার, আমাদের বিরোধীপক্ষ এবং কমিউনিস্ট পার্টির সদস্য যাঁরা রয়েছেন তারা অনেক লেখাপড়া করেছেন, জ্ঞানে, গুণে এবং গরিমায় তাঁরা শীর্ষ স্থানে রয়েছেন, কিন্তু এখানে ভাষণের মাধ্যমে যেভাবে অজ্ঞতা এবং ন্যাকামি প্রকাশ করেন তা দেখে আমি আশ্চর্য হয়ে যাই। এখানে অনেক শিক্ষিত লোক রয়েছেন, কিন্তু এদের কথাবার্তা শুনে আমি অবাক হচ্ছি। স্যার, তুলসী দাস মহারাজ বলেছেন, "বায়স পালহা অতি অনুরাগা—হো হি কবমুখি নিরামিশ কাগা।" অর্থাৎ কাককে যতই যত্নের সঙ্গে পালন করা হোক না কেন কাক কখনও নিরামিশাশি হয় না। ঠিক সেই রকম কমিউনিস্ট পার্টিকে যতই বাহবা দেওয়া হোক না কেন তারা কখনও নিরামিশাশি হতে পারে না। স্যার, আমি আগেই বলেছি এই সরকার কেন্দ্রীয় সরকারের ঋণ পরিশোধ করেছে। গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন খাতে এই সরকার যে টাকা ইনভেস্ট করেছে আমি তার একটা পরিসংখ্যান রাখতে চাই। ১৯৬৬/৬৭ সালে ৫৩ কোটি টাকা পরিকল্পনা খাতে ছিল, কিন্তু ১৯৬৯/৭০ সালে সেটা হয়েছিল ৬৬ কোটি টাকা। কিন্তু আপনি লক্ষ্য করুন এই পরিকল্পনা খাতে, গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন খাতে আমাদের এই সরকার বরাদ্দ করেছেন ১৬৬ কোটি টাকা। এত বৃদ্ধি ইতিপূর্বে আমাদের পশ্চিমবাংলায় কখনও হয়নি। যুক্ত ফ্রন্ট সরকারের আমলে মাত্র ৫০ কোটি টাকা খরচ করেছিল, কিন্তু সেখানে আমরা ১৬৬ কোটি টাকা বরাদ্দ করেছি এবং সেটা আমরা খরচ করব সেই ব্যবস্থা আমাদের আছে। এছাড়া প্রতিটি কনস্টিটিউয়েন্সিতে আমাদের বিরাট কর্মসূচি হয়েছে এবং লক্ষ লক্ষ লোককে আমরা স্ট্যান্ডার্ড ক্লথ দিয়েছি। স্কুলের সমস্ত ছাত্র যাতে সপ্তাহে ১,৫০০ গ্রাম গম এবং ৫০০ গ্রাম চাল পায় তার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া সমস্ত স্কুল কলেজের ছাত্ররা যাতে সুলভ মূল্যে কাগজ পেতে পারে তারজন্য আমাদের সমবায় বিভাগ থেকে প্রযত্ন করা হচ্ছে। কাজেই বিরোধীপক্ষকে বলছি তারা আমাদের এইসব কাজে আমাদের সঙ্গে সহযোগিতা করুন। আমরা এখনও অনেক কাজ করতে পারিনি কাজেই আপনাদের সক্রিয় সহযোগিতা এবং সমর্থন প্রত্যাশা করি। গরিবী দূর করে দেশের উন্নতি, প্রগতি এবং অগ্রগতির কাজে আমি দলমত নির্বিশেষে সমস্ত পার্টিকে আহ্বান জানাচ্ছি যাতে সমস্ত কাজগুলি সফল হয়, দেশের শ্রীবৃদ্ধি হয়, দেশে শান্তি আসে তারজন্য আপনারা সকলে মিলে চেষ্টা করুন। শুধু গালাগালি করে এবং কতগুলি ভিত্তিহীন কথা বলে, ভিত্তিহীন অভিযোগ করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে না। এই ব্যাপারে সকলের মিলিত যত্ন এবং প্রয়াস থাকা উচিত।

স্যার, ২০ দফা কর্মসূচিতে সরকার অনেক পরিকল্পনা গ্রহণ করেছেন, কিন্তু একটা বিষয়ে বিশেষ ভাবে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে তফসিল জাতি এবং উপজাতিদের জন্য একটা সুষ্ঠু পরিকল্পনার অভাব রয়ে গিয়েছে। আমি জানি একটা রাজ্যে ২২ কোটি টাকা তফসিলি জাতি এবং উপজাতির বাড়ি নির্মাণের জন্য খরচ করা হয়েছে। কিন্তু আমাদের পঃ বঙ্গে মাত্র ১ কোটি ৯০ লক্ষ টাকা শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবের জন্য খরচ করা হয়েছে। এই লক্ষ লক্ষ অবহেলিত দরিদ্র শ্রেণীর মানুষকে

উপেক্ষা করা হয়েছে, অথচ আমরা সংকল্প নিয়েছি ২০ দফা কর্মসূচি রূপায়ণ করব। : এই তফসিলি এবং উপজাতিদের উন্নতির জন্য কোনও পরিকল্পনা গ্রহণ না করা হয় তাহ ২০ কর্মসূচি রূপায়ণ নিশ্চয়ই বাধাপ্রাপ্ত হবে। এই লক্ষ লক্ষ তফসিলি জাতি এবং উপজাতি মধ্যে শিক্ষা বিমুখতা রয়েছে। তার জন্য প্রত্যেক ব্লকে একটি করে আবাসিক মাধ্যমি বিদ্যালয় স্থাপন করতে হবে, যাতে দরিদ্র তফসিলি এবং উপজাতির ছেলেমেয়েরা সেখ থেকে লেখাপড়া শিখতে পারে। এই পরিকল্পনা গ্রহণ করা অত্যন্ত আবশ্যক। এই সম দরিদ্র তফসিলি জাতি এবং উপজাতির মানুষেরা দৈনিক মুজরি করে তাদের পেটের ভা জোগাড় করে, তাদের স্বামী স্ত্রীকে মিলিতভাবে খাটতে হয়, এমনকি তাদের ছেলেমেয়েদে পর্যন্ত মজুরির জন্য সাহায্য নিতে হয়। সেজন্য আমি সরকারের বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষ করছি যে এদের জন্য এক্ষুনি একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করুন।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের বক্তৃতার উপর ধন্যবাদজ্ঞাপ প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় যে—

(ক) শিল্পে ক্লোজার, লে-অফ এবং ছাঁটাই-এর হেতু ক্রমবর্ধমান বেকারি ও তাহা সমাধানের কথা ;

(খ) নূতন শিক্ষাক্রম চালু করিয়া সমগ্র শিক্ষাব্যবস্থাকে লইয়া ছিনিমিনি খেলা হইতে এবং শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের সৃষ্টি হইয়াছে, তাহার কোনও ইঙ্গিত ;

(গ) শিক্ষকদের বেতন প্রতি মাসের ১লা তারিখে দেওয়া অবশ্যকর্তব্য এইরূপ কোনও আভাস ;

(ঘ) দুঃস্থ ও রুগ্ন চা-বাগিচাগুলির উন্নয়নের কোনওরূপ ইঙ্গিত ;

(ঙ) পশ্চিমবঙ্গে বেকার সমস্যা সমাধানে সরকার ব্যর্থ হইয়াছে—এই কথার স্বীকৃতি

(চ) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে সরকার দলীয় নীতির উর্ধে উঠিয়া কাজ করিতে পারেন নাই—এ কথা স্বীকার করিতে মহামান্য রাজ্যপাল যে অক্ষম তাহার উল্লেখ ;

(ছ) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থা ভাঙ্গিয়া পড়িয়াছে—ইহার স্বীকৃতি ;

(জ) ১৯৭৫ সালের প্রথম দিকে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ঘোষিত মাধ্যমিক শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের নূতন বেতন হার এবং প্রাথমিক শিক্ষকদের নূতন বেতন হার চালু করিতে সরকার আজিও অক্ষম—ইহার স্বীকৃতি ;

(ঝ) মুর্শিদাবাদ জেলার ফরাক্কা ব্যারাজ হইতে ফিডার ক্যানেলে জল ছাড়ার ফলে জঙ্গিপুর মহকুমার ৫৫টি মৌজার কৃষি জমি বিগত এক বৎসর যাবৎ প্লাবিত হইয়া থাকিবার ফলে ঐ মহকুমার ১.১৫ লক্ষ লোক যে দুঃখকষ্টের মধ্যে

দিয়া দিন যাপন করিতেছে, তাহাদের সাহায্যকল্পে এবং জল নিষ্কাশনের ব্যবস্থাকল্পে সরকার অগ্রসর হইতে অক্ষম হইয়াছেন তাহার স্বীকৃতি ; এবং

(ঞ) পাটের দর নিম্নমুখী হওয়ায় গ্রামবাংলার পাটচাষীদের অবস্থা অত্যন্ত সঙ্কটজনক—একথার স্বীকৃতি ;

রাজ্যপালের ভাষণে নাই।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল মহাশয়, যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের উপর বিতর্কে অংশগ্রহণ করে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় রাজ্যপাল তার ভাষণ পাঠ করতে গিয়ে অন্তত ২০ জায়গায় ২০ দফা কর্মসূচির কথা উল্লেখ করেছে এবং বেশ কয়েক জায়গায় বলেছেন যে পশ্চিমবঙ্গে শান্তি ও শৃঙ্খলা বিরাজ করছে এবং কোথাও অরাজকতা নেই। পশ্চিমবঙ্গে শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়েছে। তিনি আরও বলেছেন যে শহর এবং গ্রামাঞ্চলে কোনও বেকার নাই, কোনও শ্রমিক কর্মহীন নাই এবং শিক্ষা ক্ষেত্রে অভূতপূর্ব উন্নতি সাধিত হয়েছে। তিনি সমস্ত কিছুই আলোচনা করেছেন।

[4-00 — 4-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী দলের সদস্য হলেও আমার দল যখন প্রধানমন্ত্রী কর্তৃক ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য ডাক দেওয়া হয় তখন আমার দল স্টেটমেন্ট দিয়েছিল এই ২০ দফা কর্মসূচিকে রূপদান করার জন্য। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করে দেখেন, যদি একটু যারা সরকারি দলের সদস্য, ক্যাবিনেটের সদস্য এবং যারা সংগঠক আছেন, তারা যদি একটু স্থির মস্তিষ্কে চিন্তা করে দেখেন তাহলে গর্বের সঙ্গে দাবি করতে পারি পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলা রক্ষা করার জন্য আমরা সব থেকে বেশি সহযোগিতা করেছি। আজ পশ্চিমবঙ্গে কোনও জায়গায় মিটিং করিনি, কোনও জায়গায় ধর্ণা দিইনি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি দেখেন তাহলে দেখতে পাবেন যে মাননীয় রাজ্যপালের বক্তব্যের তিন অনুচ্ছেদে বলা হয়েছে শান্তি শৃঙ্খলার কথা কিন্তু আমার মনে হয় পশ্চিমবঙ্গে ভারতবর্ষে জরুরি অবস্থা ঘোষণার প্রাক্কাল থেকে আজ পর্যন্ত যথেষ্ট আইন শৃঙ্খলা ভঙ্গের কাজ হয়েছে এবং এই পশ্চিমবঙ্গে অরাজকতা সৃষ্টি সরকার পক্ষ থেকেই করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখেছি বিভিন্ন জায়গায় যখন ১৪৪ ধারা জারি হয়েছে, যেখানে চার জনের অতিরিক্ত লোক একত্রে যেতে পারবে না, তখন দেখেছি সরকারি দল থেকে তরোয়াল, লাঠি, বল্লম, ফলা ইত্যাদি নিয়ে মিছিল হয়েছে। এই সংবাদ পশ্চিমবঙ্গের সরকারি দপ্তরে পর্যন্ত এসেছে এর প্রতিকার করার জন্য। মহাত্মা গান্ধীর জন্মতিথি আমাদের আওরাঙ্গাবাদ বাজারে তারা একটা মিটিং ডাকল। সেখানে তরবারি, লাঠি, ফলা ইত্যাদি নিয়ে মিছিল বের করল। তাহলে, অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল কি একথা বলতে পারেন যে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা খুব ভালভাবে চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার সংশোধনী প্রস্তাবের মধ্যে বলেছি যে পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার কথা

যা বলা হয়েছে তা সত্য নয়। সরকার পক্ষের সদস্য কালকে বলেছেন নিশিথ পালের কথা। কংগ্রেসের ২০ দফা কর্মসূচি পালন করতে গিয়ে খুন হলেন। ১৯৭৫ সালে বেলদায়, তিনি একজন বি. এস. সি. বি. টি.। জরুরি অবস্থা দেশের হাজার হাজার বামপন্থী দলকে জব্দ করার জন্য ঘোষিত হয়েছিল বা কোনও পার্টির কথা উল্লেখ করে আমি একথা বলছি না, আমি বলছি, কংগ্রেস সদস্য নিশিথ পাল খুন হল কেন?

এই ইমার্জেন্সির সময় তিনি খুন হলেন, দেশে যখন শান্তি, শৃঙ্খলার ডাক এসেছে তখন এই ঘটনা হয়েছে। রাজ্যপাল বলেছেন দেশে শান্তি, শৃঙ্খলা স্থাপিত হয়েছে। তারা সেই ভাষণ নিয়ে যখন এখানে আলোচনা চলছে সেই সময় দেখা গেল শিবপুর ব্যোটানিক্যাল গার্ডেনে স্বামীর কাছ থেকে স্ত্রীকে ছিনিয়ে নিয়ে প্রকাশ্য দিবালোকে তার উপর দুর্বৃত্তরা পাশবিক অত্যাচার করেছে। আমরা বলছি পশ্চিমবাংলায় শান্তি, শৃঙ্খলা স্থাপিত করবার ব্যাপারে আমরা আপনাদের সঙ্গে সহযোগিতা করব। কিন্তু আমরা লক্ষ্য করছি পুলিশ দপ্তর যাদের আপনারা পায়া বলে মনে করেন তারা সরকারের সমস্ত প্ল্যান বাণ্চাল করছে। আমি এই ব্যাপারে আমার এলাকার একটা নজির দিচ্ছি। আমার এলাকার ও. সি. শঙ্কর চ্যাটার্জি সাগরদিহি জ্বালিয়ে আমার এলাকায় এসেছেন। তিনি কারুর কাছ থেকে ৮ হাজার টাকা, কারুর কাছ থেকে ৩২ হাজার টাকা নিয়েছেন। কৃষিমন্ত্রীর কাছে আমাদের এম. পি. তার সম্বন্ধে জানালেন এবং তারফলে একটা তদন্ত হয়েছে। কিন্তু সেই তদন্তের ফল কি হল সেটা আমরা জানতে পারলাম না। সেই ভদ্রলোক সম্বন্ধে স্থানীয় এম. পি. সমস্ত কিছু প্রমাণ করে দিলেন। আমি জিজ্ঞাসা করছি সেই ভদ্রলোককে আজও চাকুরিতে রাখা উচিত কি? ইমার্জেন্সির সুযোগ নিয়ে তিনি সৎ লোকদের মিশার ভয় দেখিয়ে ধরে নিয়ে এসে টাকা আদায় করতে লাগলেন এবং বলতে লাগলেন যদি টাকা না দাও তাহলে মিসা করা হবে। আমি একটা উদাহরণ দিচ্ছি। আমার দলের সদস্য নয়, মন্ত্রীর দলের সদস্য মঞ্জুর আলি সাহেব, তিনি একজন আরবী পড়া মুন্সী তাকে মিসায় দিয়েছে। হবিবুর সাহেব মুখ্যমন্ত্রীর কাছে গেলেন, কিন্তু কোনও ফল হল না। ভদ্রলোক সৎ লোক, কিন্তু তাকে অসৎ, জোচ্চোর বলে মিসাতে ঢুকিয়ে দিল। তখন হবিবুর সাহেব দরখাস্ত করলেন গভর্নমেন্টের কাছে। পুলিশের কাছে তদন্তের ভার গেল এবং পুলিশ তদন্ত করে বলল খারাপ লোক। স্যার, চোরের কাছ থেকে যদি সাক্ষী নেওয়া হয় যে তোমার বন্ধু চোরটি কেমন তাহলে তো ভাল কথা। স্যার, রাজ্যপাল তার ভাষণে বলেছেন দেশে শান্তি. শৃঙ্খলা স্থাপিত হয়েছে, কিন্তু আমরা দেখছি পুলিশ অফিসাররা দেশের শান্তি, শৃঙ্খলা বিঘ্নিত করে চলেছে। আমি আপনাকে বলছি দেশে অশান্তির আগুন জ্বলছে এবং এখন ইমার্জেন্সি যদি না থাকত তাহলে দেখতেন দেশে কি অবস্থা। ইমার্জেন্সির জগদ্দল পাথর মানুষের বুকে চাপিয়ে সমস্ত অন্যায় কাজ চালিয়ে যাচ্ছেন। আপনারা করছেন তা নয়, পুলিশ এই কাজ করছে। আজকে যদি দেশে ইমার্জেন্সি না থাকত তাহলে মানুষের কি রূপ, কি অন্যায় করছে পুলিশ এবং আমলারা সেটা দেখতেন। আপনারা দেখতেন পশ্চিমবাংলার দিকে দিকে আগুন জ্বলছে। রাজ্যপাল দাবি করেছেন দেশে শান্তি শৃঙ্খলা স্থাপিত হয়েছে, এটা আদৌ সত্য নয়। আমি মনে করি মন্ত্রী মহাশয়রা ভাষণ যেটা লিখে দিয়েছেন সেটা ১৯৭৭ সালের নির্বাচনের পরিপ্রেক্ষিতে একটা প্রচার যন্ত্র মাত্র।

[4-10 — 4-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, অত্যন্ত পরিতাপের সঙ্গে বলছি—আমার এলাকার একটা নজির আপনার মাধ্যমে হাউসে তুলে ধরতে চাই। আমি সেই সংশোধনী দিয়েছি যে আমার জঙ্গীপুর মহকুমার বিভিন্ন সমস্যা বিভিন্ন সময়ে আমি তুলেছি এই হাউসে—তার প্রতিকার অপ্রতিকার দুয়ের মাঝখানে তা দাঁড়িয়ে আছে। মহামান্য রাজ্যপাল তার ভাষণের এক জায়গায় বলেছেন—তার কয়েকটি লাইন এখানে পড়ে শোনাচ্ছি—"আমার সরকার ফরাক্কার ব্যারাজের উজানে ও ভাটিতে গঙ্গার গভীর অবক্ষয়ে বিশেষভাবে চিন্তিত। কেন্দ্রীয় উদ্যোগে এ সম্বন্ধে অবিলম্বে ব্যাপক রক্ষামূলক ব্যবস্থা গৃহীত হওয়া প্রয়োজন।"

পশ্চিমবঙ্গ সরকারের প্রয়োজন নাই। কেন্দ্রীয় সরকারই করুক। মাননীয় অধ্যক্ষ মহাশয়—গঙ্গার ভাঙ্গন বছরের পর বছর চলছে। এর ফলে মুরমুর গ্রামের একটু মাটিও অবশিষ্ট নাই। গঙ্গা ভাঙ্গবে। গঙ্গা ব্যারাজে গিয়ে যখন ভাঙ্গন পৌছবে তখন আর জঙ্গীপুর মহকুমার ৪ লক্ষ লোকের প্রয়োজন তাদের থাকবে না। ৪ কোটি ৪৪ লক্ষ লোকের মধ্যে আর ঐ ৪ লক্ষ লোক আর কি? তাদের সূচ্যগ্র মেদিনী গেলেই বা কি, থাকলেই বা কি? তবে এটা মনে রাখা প্রয়োজন তারা তো যাবেন—জনসাধারণের কাছে একদিন তাদের কৈফিয়ৎ দিতে হবে। গঙ্গার ভাঙ্গন একদিকে বলছে—গঙ্গার ভাঙ্গনে জর্জরিত হাজার হাজার মানুষ এখন পর্যন্ত তারা গাছের তলায় বাস করছে, সরকারি রাস্তার উপর তারা একটু আশ্রয় নিয়েছিল। আজকে এমার্জেন্সির সুযোগে কলকাতার রাস্তা পরিষ্কার করতে গিয়ে—পাড়াগ্রামের রাস্তা ও যদি পরিষ্কার হয় তো হোক, ভালই হয়। কিন্তু তার সাইড-বাই-সাইড তো তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। তারা অভাবী মানুষ—পয়সা থাকলে তো জমি কিনে বাড়ি করতে পারত। আপনারা গেলেন রিক্যুইজিশন করে জমি দখল করতে—হাইকোর্টে রুল রেখেছেন, ইঞ্জাংশন রেখেছেন, জমি আপনারা দখল করতে পারলেন না। এই যে দুরবস্থা সে সম্বন্ধে—মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে তা বলা উচিত ছিল। তবুও দিকে দিকে হাজার হাজার লোক নিরাশ্রয় হয়ে পথে বসে আছে। তাদের একটুও বাস্তুভিটা নাই—ঘর-বাড়ি তৈরি করতে পারেনি। সবচেয়ে দুঃখের কথা—যখন সমস্যা এই ফিডার ক্যানেল—শামসের জঙ্গ, সূতি এবং আমার বন্ধু—হবিবুর রহমান সাহেবের কনস্টিটিউয়েন্সি রঘুনাথগঞ্জের ৫৫টা মৌজা জলমগ্ন করে ছিল। সেখানে বছরে দু-দুটি ফসল চলে গেছে। গরু-বাছুর নিয়ে তাদের যে অবস্থা, তা ভাষায় বলা চলে না। এই ব্যাপারটা রাজ্যপাল মহাশয়ের মনে কি একটুও রেখাপাত করেছে? তিনি তো থাকেন কলকাতায় রাজ্যভবনে, তিনি জানেন না। কিন্তু ওরা তো সেখানে কয়েকবার গিয়ে দেখে এসেছেন। এদের জন্য একটা কথাও এই ভাষণের মধ্যে থাকল না। তারা অনাহার ক্লিষ্ট—যেখানটা জল প্লাবিত অবস্থা, যেখানে কোন ফসল হয়নি। ভাষণের মধ্যে রাজ্যপালের বড় বড় কথা দেখলাম। এদের কথা স্থান পেল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি তারা কোনও কাজ না করতেন, এ সম্বন্ধে একটা অক্ষরও দেখতে পেতাম, তাহলে তাকে ধন্যবাদ জানাতাম। কিন্তু আজ ধন্যবাদ কাকে দেব? কোনও সুস্থ মস্তিষ্ক সম্পন্ন ব্যক্তিকে, না,

[25th February, 1976]

কষাইকে? তাই যখন যখন চিন্তা করি—যখন বলতে উঠেছি, তখন আমি জনসাধারণের প্রতিনিধি হিসেবে আমার বক্তব্য রাখিনি, আমি জনসাধারণের বক্তব্য এখানে রাখলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জিনিস আমার খুব অবাক লাগে। মৎস্য চাষের এবার কিছু উন্নয়ন করা হবে।

আমাদের বাংলার ঘরে ঘরে জ্যান্ত অবস্থায় মাছ পৌছে যাবে তার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। আমাদের দৌলত আলি সাহেব আনন্দের উৎসাহিত, কেন না নামখানায় বন্দর গড়া হবে, রায়চকে বন্দর গড়া হবে, মেক্সিকান ট্রেলার আসবে। আমাদের তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রী বিধানচন্দ্র রায় গভীর জলে মৎস্য ধরার জন্য ট্রেলর নিয়ে এসেছিলেন বিলাত থেকে এবং তার নামকরণ হয়েছিল—বরুণ এবং সাগরিকা এবং তার অনুষ্ঠানও হয়েছিল। শেষ পর্যন্ত এদের চিহ্ন পাওয়া গেল না। তাই আমার মনে হয় সেই বরুন ও সাগরিকার মতো এবারও বঙ্গোপসাগরের গভীর জলে মৎস্য চাষ করা হবে। তাই আমি আশঙ্কা করি পশ্চিমবঙ্গের রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্য উদ্দেশ্যে প্রণোদিত। এই বক্তব্যের দ্বারা কোনও কল্যাণ আসতে পারে না, আসবে না। এই কটি কথা বলে আমি যে সংশোধনী প্রস্তাব দিয়েছি তা মুভ করছি।

শ্রী শেখ দৌলত আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল আমাদের বিধানসভায় যে বক্তব্য রেখেছেন আমি তা পূর্ণ সমর্থন করি এবং বিভিন্ন ক্ষেত্রে যাওয়ার আগে অপোজিট বেঞ্চের শীশ মহম্মদ সাহেব যে কথা বলেছেন তার বক্তব্যের উত্তর দিয়ে শুরু করতে চাই। হ্যাঁ, উনি বলেছেন আমাদের দেশে পশ্চিমবঙ্গের নাকি বর্তমানে শান্তি বলে কোনও পদার্থ নেই। উনি চলে গেলেন আমরা জানি আর. এস. পি.-র সময়ে দিনহাটাতে কি রকম মানুষের নরমেধ যজ্ঞ চলেছিল। আজকে নরমেধ যজ্ঞ যদি চলত তাহলে উনি কি বলতেন তা জানি না। তবে আমি তার সঙ্গে একমত, কথাটা ঠিক দেশ থেকে চোর, গুন্ডা, বদমায়েশ একেবারে চলে যায়নি। চোর, গুন্ডা, বদমায়েশ—এই ধরনের অ্যান্টি সোশ্যাল এলিমেন্ট মাথা চাড়া দিয়ে ওঠায় দেশের সার্বভৌম, স্বাধীনতা বিপন্ন বোধ করে তখনই দেশে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে এবং সেই জরুরি অবস্থা ঘোষণার সঙ্গে সঙ্গে আজকে যদি নিশিথ পালের খুনের উদাহরণ দেখিয়ে জরুরি অবস্থার যে তাৎপর্য তার যে গুরুত্বপূর্ণ ভূমিকা তাকে যদি ভুলে যাই তাহলে আমার মনে হয় বিচারে ভুল হবে। তারও জানা উচিত ছিল আজকে নিশিথ পালের হত্যাকান্ড বা তার পরের অবস্থা কি। আমার মনে হয় মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহেব জানেন না। সেইজন্য ওই রকম বক্তব্য রাখলেন। তিনি বললেন রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্য উদ্দেশ্য-প্রণোদিত। কেন উদ্দেশ্য প্রণোদিত তার কথা তিনি বললেন। উদ্দেশ্যে প্রণোদিত বলতে গেলে যে মেন্টাল প্রসিডিওর যে বক্তব্য রাখা উচিত তার কোনও ইঙ্গিত আজকে তার বক্তৃতা থেকে পাওয়া যায়নি। তাই পরিষ্কার বলতে চাই রাজ্যপালের ভাষণ উদ্দেশ্য প্রণোদিত নয়। তিনি সত্যই বলেছেন অর্থনৈতিক পুনরুজ্জীবনের কথা। গীতাদি অব্যাহত সহযোগিতার ক্ষেত্রে যে কন্ডিশনাল বক্তব্য রেখেছেন সেটা আমাদের ভাবিত করে যে সত্যই তিনি কি চান। হাসিম শেখ, রামা কৈবর্ত কি আমাদের সমাজে ন্যায় বিচার পায়নি, ন্যাচারাল জাস্টিস পায়নি।

[4-20 — 4-30 p.m.]

আমাদের অন্যতম মাননীয় সদস্য শ্রী শরৎ দাস মহাশয় বললেন তফসিলি এবং আদিবাসীদের ক্ষেত্রে আমাদের সরকারের যে অগ্রণী ভূমিকা, সোশ্যাল জাস্টিসের ভূমিকা, সেখানে যদি আমরা সেই সহযোগিতা তাহলে এই সম্প্রদায়ের সত্যিকারের উন্নতি করা সম্ভব—কোনও কন্ডিশনাল সহযোগিতা ওখানে চাওয়া হয়নি। আজকে রাজ্যপাল মহোদয়ের ভাষণে সেই সহযোগিতাই চাওয়া হয়েছে। তারপরে এই জরুরি অবস্থা ঘোষণার সাথে ২০ দফা কর্মসূচির ভিত্তিতে পশ্চিমবাংলার অগ্রগতি রূপায়িত করতে আমরা যা যা করতে চেয়েছি তা এই রাজ্যপালের ভাষণের প্রতিটি অধ্যায়ে ফুটে উঠেছে অথবা পশ্চিমবঙ্গের রূপকার হতে গিয়ে বিভিন্ন সেক্টরে গভর্নমেন্ট যেভাবে এগিয়ে যাচ্ছে সেটা তিনি পরিষ্কারভাবে স্বীকার করেছেন। কৃষিতে উন্নতি হয়েছে, সমবায়ে উন্নতি হয়েছে, অন্যান্য অনেক ক্ষেত্রে উন্নতি হয়েছে, তবে তার প্রয়োগের ক্ষেত্র সম্পর্কে আমাদের বক্তব্য আছে। প্রয়োগের ক্ষেত্রে যেসব সরকারি কর্মচারী ভাল কাজ করেছেন তাদের ইন্সেন্টিভ দেবার কথা বলেছেন, কিন্তু খারাপ কাজ যারা করেছেন রাজ্যপাল মহাশয় বলেছেন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কিন্তু এখনও যেসব আমলাতন্ত্র আমাদের এই সরকারের পপুলারিটি রাতের পর রাত চক্রান্ত করে রামা কৈবর্ত হাসেম সেখের ভবিষ্যত রূপরেখাকে কলঙ্কিত করতে চাইছে—পশ্চিমবঙ্গ সরকারের কাছে আমাদের সেই বক্তব্য যে এই প্রয়োগের ক্ষেত্রে এদের দ্বারা যদি কলঙ্কিত হয় এবং এদের মধ্যে সুস্থ মানসিকতাবোধ জাগাবার জন্য বিভিন্ন দিক থেকে সরকার যে চেষ্টা করছেন সেটা যদি বিঘ্নিত হয় তাহলে নিশ্চয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে কথা বলেছেন প্রয়োগের ক্ষেত্রে আমরা একমত—আজকে আমাদের ভাগচাষীরা অনেক ক্ষেত্রে উচ্ছেদ হয়ে গেছে। আমরা অন্ন, বস্ত্রের জন্য লড়াই করছি, এখন যারা চোখের জল ফেলছে তাদের দুঃখ ঘোচানোর জন্য আমরা চেষ্টা করছি। মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে ১০ দফা কর্মসূচিকে রূপায়ণ করবার জন্য আমরা যে প্রারম্ভিক অভিযান শুরু করেছি সেটা পরিষ্কারভাবে উল্লেখ রয়েছে। কালোবাজারি, মুনাফাখোর, মজুতদার অল টাইপস অব অ্যান্টি—সোশ্যাল এলিমেন্টস তারা একসঙ্গে জমায়েত হয়েছে, আর তার সাথে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল গোষ্ঠী রয়েছে। জরুরি অবস্থায় আমাদের বিভিন্ন দপ্তর সম্বন্ধে বিশেষ করে মৎস্য দপ্তরের যে কথা উঠেছে—বিরোধী পক্ষ যে কথা বলেছেন আমি তার উত্তর দিয়ে আমার বক্তব্য শেষ করতে চাই—আমরা কোথায় কি করেছি জানি না, কতটুকু করতে পেরেছি জানি না, কিন্তু এই কথা ঠিক যে আমরা পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যেতে চাই—এই পরিস্থিতিতে আমাদের সামনে স্বভাবতই একটি প্রশ্ন দেখা দিয়েছে আমরা সামনে এগিয়ে যাব, না পিছনের দিকে ফিরে যাব—রায়চকে আমাদের যে মৎস্য বন্দর প্রকল্প রয়েছে আমরা জানি দ্যাট ইজ টোটালি ডিফেক্টিভ। এখন সেই ডিফেক্টিভ স্কীম জানা সত্ত্বেও আমরা যদি সেখানে সহযোগিতা দান করে ভয়েস রেজ করতে পারি তাহলে নিশ্চয় সেখান থেকে যথেষ্ট মাছ পেতে পারি। বনজ সম্পদ সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আমাদের পাহাড়ের বন আর সুন্দরবনের মধ্যে তফাত আছে। আজকে বনজ সম্পদের ক্ষেত্রে যেটা দেখতে পাচ্ছি সেটা বলা দরকার। ওখানে জঙ্গল এক রকম প্লট—এখন সেগুলি লট বলে দিয়ে দেওয়া হচ্ছে—তাতে ক্ষতি নেই, কিন্তু আমাদের কাঠুরে যারা কাঠ

কাটে জীবন সংশয় করে, কিন্তু বুরোক্র্যাসি নিলামে তুলে দিয়ে তাদের সর্বহারা করে দিয়েছে। আমি তাই বলতে চাই প্রয়োগের ক্ষেত্রে যেন কন্ট্রোল থাকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রজনীকান্ত দলুই : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপাল আমাদের সামনে যে ভাষণ রেখেছেন তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে আমি সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার কয়েকটি বক্তব্য আপনার কাছে রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত বিধানসভার অধিবেশনগুলির সমস্ত প্রসিডিংস যদি দেখি তাহলে দেখব সেখানে মহামান্য রাজ্যপাল মহোদয় যে ভাষণ দিয়েছেন আর আজকে রাজ্যপাল মহোদয় যে ভাষণ দিয়েছেন তার সঙ্গে এর আকাশ পাতাল তফাৎ রয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি, সেচ, স্বাস্থ্য, ট্রান্সপোর্ট প্রভৃতি সর্বক্ষেত্রেই আমরা দেখছি পশ্চিমবঙ্গ অন্যান্য বৎসরের উন্নতিকে ছাপিয়ে গিয়েছে। স্যার, আমরা জানি কৃষির উপরই গ্রামীণ অর্থনীতি নির্ভর করে এবং গ্রামীণ অর্থনীতির উপর জাতীয় অর্থনীতি অনেকাংশে নির্ভরশীল। এই কৃষির ক্ষেত্রে আমরা দেখেছি আমাদের সর্বাঙ্গীণ উন্নতি হয়েছে। আমাদের সরকার কৃষির উন্নয়নের জন্য গভীর, অগভীর নলকূপ, নদী থেকে জল তুলে সেচের ব্যবস্থা ইত্যাদি করেছেন। আর এসব করার ফলে আজ এক একটি জমিতে তিনটি করে ফসল ফলছে। স্যার, একটি জমিতে তিনটি করে ফসল বছরে ফলার ফলে আমাদের উৎপাদনও বেড়েছে এবং তার ফলে খাদ্যের দামও কমেছে। বর্তমান সময়ে আমরা দেখছি সব্জি জলের দামে বিক্রি হচ্ছে। আলু, বেগুন প্রভৃতি নিত্য প্রয়োজনীয় সব্জির এত ফলন হয়েছে যে সেগুলি একেবারে জলের দামে বিক্রি হচ্ছে। বেগুন ২০ পয়সা কে. জি. কাঁচা লঙ্কা যা ২ মাস আগেও ২/৩ টাকা কে. জি. দরে বিক্রি হত তা আজ ৪০/৫০ পয়সা কে. জি. বিক্রি হচ্ছে। স্যার, কৃষিতে এত উৎপাদন বাড়ার কারণ হচ্ছে আজ সবাই চাষ করতে চাইছে। প্রতিটি চাষী আজ আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করতে চাইছে। তারা বলছে, যদি সরকার থেকে জল এবং সারের ব্যবস্থা করে দেওয়া হয় তাহলে আমরা কৃষির ক্ষেত্রে একটা বিপ্লব আনব। স্যার, ঐ বিরোধী দল যারা খাদ্য নিয়ে আন্দোলন করত বা যারা লোকের মুখের অন্নকে আন্দোলনের একটা বড় হাতিয়ার হিসাবে ব্যবহার করত আজকে তারা আর তা করতে পারছে না। আজকে ধান, চালের উৎপাদন সাংঘাতিকভাবে বেড়ে যাওয়ায় আমি মেদিনীপুরের কথা জানি সেখানে ধুপশাল, সীতাশাল চাল ১.৫০/৬০ পয়সায় বিক্রি হচ্ছে যা অন্যান্য বছরে এই সময় ২।।/৩ টাকায় বিক্রি হত। স্যার, এই ভাবে যদি আমরা কৃষির ক্ষেত্রে এগিয়ে যেতে পারি তাহলে হয়ত ২/১ বছরের মধ্যেই আমরা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হতে পারব। স্যার, এরপর আমি স্বাস্থ্যের কথা বলব। স্যার, এই স্বাস্থ্য বিভাগ এবং স্বাস্থ্য মন্ত্রী যে ভাবে কাজ করছেন তা যদি বলতে হয় তাহলে অনেক সময় লেগে যাবে। আমরা বিধানসভার সদস্যরা যখন কি ধরনের ডেভেলপমেন্টের কাজ হচ্ছে তা বলতে যাই তখন শুধু এই স্বাস্থ্য বিভাগের কথা বলতে গিয়েই আমাদের এক/আধ ঘন্টা সময় চলে যায় এমন ভাল কাজ করেছেন এই স্বাস্থ বিভাগ গ্রামের লোকেদের সেবা করবার জন্য, তাদের কাছে ঔষধপত্র পৌছে দেবার জন্য স্বাস্থ্যকেন্দ্র করে এই বিভাগ নানাভাবে চেষ্টা করছেন। স্যার, কয়েকদিন আগেই দেখেছি, স্বাস্থ্যকেন্দ্রে এবং উপস্বাস্থ্যকেন্দ্রে—সাবসিডিয়ারি হেলথ সেন্টারে

কোথাও ৬টি কোথাও ১০টি শয্যার ব্যবস্থা করা হয়েছে যেটা আমরা আগে কোনওদিন দেখিনি। স্যার, গত ১৫ বছরের উন্নয়নের সঙ্গে যদি তুলনা করা যায় তাহলে দেখা যাবে তারচেয়ে বেশি এক বছরেই কাজ হয়েছে। স্যার, পরিবার পরিকল্পনার ব্যাপারে বলি, পরিবার পরিকল্পনার ব্যাপারে অন্যান্য রাজ্য আজ যেভাবে চিন্তা করছে আমরা আগেই সেকথা চিন্তা করেছিলাম।

[4-30 — 4-40 p.m.]

আমরা আগেই সেই চিন্তা করেছিলাম এবং আমাদের সরকার আগেই ব্যবস্থা নিয়েছে, আমরা এগিয়ে গেছি। ভূমি ব্যবস্থার ব্যাপারে আমাদের রাজ্য প্রথম স্থান অধিকার করেছে সারা ভারতবর্ষে। এখানে যেভাবে সুষ্ঠুভাবে ভূমি বিতরণ করা হয়েছে অন্য রাজ্যে সেইভাবে হয়নি। আমাদের রাজ্য সরকারকে এবং মন্ত্রীমণ্ডলিকে নিশ্চয়ই এই ক্রেডিট না দিয়ে পারি না। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের দলনেতা, আমাদের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাব। তার নেতৃত্বে পশ্চিমবাংলা নুতন আলোর সন্ধান পেয়েছে, তারা এগিয়ে যাচ্ছে এবং এই অগ্রগতি অব্যাহত থাকবে। আমরা সেই অগ্রগতির কাছে দাঁড়িয়ে আমাদের প্রধানমন্ত্রীর ২০ দফা কর্মসূচির সঙ্গে তাল রেখে গ্রামের প্রতিটি ব্লকে প্রতি অঞ্চলে রাস্তাঘাট থেকে শুরু করে প্রোডাকশন ওরিয়েন্টেড স্কীম হয়েছে। এগ্রিকালচারাল স্কীম নেওয়া হয়েছে। আমাদের সরকার এগ্রিকালচারের ওপর জোর দিয়েছি। এই এগ্রিচালচার যেভাবে উন্নয়ন করা হয়েছে তাতে আমরা দেখছি যে আমাদের প্রতিটি সাধারণ মানুষ আজকে স্বাস্থ্যবান হয়েছে। তাদের বাড়িঘর তৈরি করতে পারছি। যে সমস্ত লোক ঋণ নিয়েছে, যে সমস্ত লোকের খাজনা বাকি ছিল সেগুলি তারা দিয়ে দিচ্ছে এবং এর ফলে আমাদের সরকারের তহবিল পূর্ণ হচ্ছে এবং আমরা উন্নয়নমূলক কাজ করতে পারছি। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি ট্রান্সপোর্টের কথা না বলে পারছি না। এই কলকাতার কয়েকদিন আগে এক ভদ্রলোক তার বয়স ৫০ বছর হবে। আমাকে বলছিলেন যে, আমরা কোনওদিন হাওড়া থেকে বসে আসতে পারি না। এখন এমন যানবাহনের উন্নতি হয়েছে যার ফলে বসে যেতে পারছি এবং সুষ্ঠভাবে যাতায়াত করছি। আজকে অনেক নুতন রুট খোলা হয়েছে। আজকে বিভিন্ন রুর‍্যাল এরিয়ার সঙ্গে যোগাযোগ করার জন্য স্টেট বাস করা হয়েছে। আমরা দেখেছি মিনিবাস দেওয়া হয়েছে, লাক্সারি বাস করা হয়েছে। ডিলাক্স বাস করা হয়েছে। আমরা দেখেছি যে অটো রিক্সা প্রভৃতির ব্যবস্থা করা হয়েছে। আজকে যেমন অ্যানএমপ্লয়মেন্ট সমস্যার সমাধান করা হয়েছে। তেমনি আমরা দেখেছি যে ট্রান্সপোর্টেরও অনেক ডেভেলপমেন্ট করা হয়েছে। এগুলি নিশ্চয়ই উন্নয়নমূলক কাজ। আমাদের ট্রান্সপোর্টের যে উন্নতি হয়েছে। তার জন্য আমাদের রাজ্যসভা নিশ্চয়ই মন্ত্রীকে ধন্যবাদ এবং মন্ত্রিসভার অন্যান্য মন্ত্রীকে কৃতজ্ঞতা জানাব। ইরিগেশনের কথা বলতে গিয়ে সেচের কথা বলতে গিয়ে একথা বলতে চাই যে, নর্থ বেঙ্গল ফ্লাডের হাত থেকে রক্ষা করার জন্য সেখানে মহানন্দা প্রকল্প, তিস্তা প্রকল্প, ফারাক্কা ব্যারেজ করা হয়েছে। মালদহ, জলপাইগুড়ি প্রভৃতি জেলাকে বন্যার হাত থেকে রক্ষা করার জন্য চেষ্টা করা হয়েছে। কিন্তু মেদিনীপুর, হুগলি, হাওড়াতেও এই বন্যা হয়। সেখানে তারা বছরের পর বছর, ক্ষতিগ্রস্ত হচ্ছে, দিনের পর দিন তাদের অর্থনৈতিক অবস্থা অবনতির দিকে যাচ্ছে। একথা কিন্তু ওখানে লেখা হয়নি। সেজন্য আপনার মাধ্যমে সেচমন্ত্রীর কাছে অনুরোধ রাখব যেমন

নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ড করা হয়েছে, সেই রকম ভাবে তৈরি করুন। দক্ষিণবঙ্গ উন্নয়ন বোর্ড তৈরি করুন এবং হাওড়া, হুগলি, মেদিনীপুর প্রভৃতি যে সমস্ত এলাকা বন্যার কবলিত হয়, তার হাত থেকে তাদের মুক্ত করুন। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস, এদের কথা না বললে আমার বক্তব্য শেষ করা হবে না। তফসিলি এবং তফসিলি উপজাতির উন্নয়নের জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। যে সমস্ত শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস নাগরিক আছেন তারা যাতে সব দিক থেকে সরকারের কাছ থেকে সুযোগ-সুবিধা পান এবং তারা তাদের নিজেদের জীবনে উন্নতি করতে পারে তার ব্যবস্থা করেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্তৃতায় খুব ইনসেন্টিভ নেই, তার কারণ সমালোচনা তো দূরের কথা, যদি কঠোর ভাবেও সমর্থন করি তাহলেও কাগজে ছাপা হবে না। দ্বিতীয়ত আর একটা কথা, সভার মধ্যে যদি কিছু পরামর্শ দিই, তা শোনার মতো লোকও নেই। গুরুপদদা আছেন দেখছি, 'একা কুম্ভ রক্ষা করে নকল বুঁদি গড়', আর কেউ নেই। দ্বিতীয়ত বিতর্কের মধ্যে যদি একটা জয়নাল সাহেবের টিপ্পুনি না থাকে তাহলে বক্তৃতা জমে না। 'একা কি গায়কের নহে তো গান, গাইতে হবে দুই জনে'। জয়নাল সাহেবের টিপ্পুনি যদি না থাকে তাহলে বক্তৃতা জমে না। যাইহোক প্রথমেই আমি বলি, আমাদের তরুণ বন্ধু দৌলত আলি সাহেব সহযোগিতার কথা বলেছেন। গীতাদির বক্তব্য তার বিশেষ পছন্দ হয়নি, তিনি বলেছেন গীতাদি নাকি শর্ত সাপেক্ষে সহযোগিতার কথা বলেছেন। কথা হচ্ছে ভারতবর্ষে জরুরি পরিস্থিতি ঘোষণা, দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার বিরুদ্ধে সংগ্রাম, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যে অবস্থান, এই ব্যাপারে আমরা নিঃশর্ত সহযোগিতা চিরকাল দেব এবং দিয়ে যাব, এটা আমরা বার বার উচ্চ কণ্ঠে বলেছি। এই ব্যাপারে কোনও শর্তের প্রশ্ন নেই। ২০ দফা কর্মসূচি, যা প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন, তাকে কাজে পরিণত করার ব্যাপারে যদি সহযোগিতা আমাদের কাছে আহ্বান করা হয়, যা মুখে বলছেন অনেক, কাজে করছেন না, তাহলে আমরা নিঃশর্ত সহযোগিতা দেব। কিন্তু ২০ দফা কর্মসূচি কাজে পরিণত করার নামে বা পাশাপাশি যদি শ্রমজীবী মানুষের অধিকারের উপর আঘাত হয়, যদি দরিদ্রতম শ্রেণীর উপর নিষ্পেশন কোনও কারণে হয়, তার বিরোধিতা করতে আমরা আদর্শগত ভাবে কমিটেড। কোনও একটা সাময়িক কমিটমেন্ট সেটা নয়, সেটা আমাদের বলতে হবে উচ্চ কণ্ঠে, পারি না পারি, জরুরি পরিস্থিতি থাকুক না থাকুক। এই কথাটা আমাদের পার্টির পক্ষ থেকে পরিষ্কার ভাবে বলে দিতে চাই দৌলত আলি সাহেবের কাছে। তিনি তরুণ বন্ধু, তাকে আমি এই কথা বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয় যে রাজ্যপালের ভাষণ আমাদের কাছে বিলি করা হয়েছে, তা মন্ত্রিসভা তো তৈরি করেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি না, আপনি ভাল করে রাজ্যপালের ভাষণ পড়েছেন কি না, যদি পড়েন তাহলে দেখবেন, আমরা পঞ্চম বছর এই বিধানসভায় আছি, এর আগেও চার বছর তো রাজ্যপালের ভাষণ পেয়েছি। এবারের রাজ্যপালের ভাষণ পড়ে কি আপনার কোনও সময় মনে হয়েছে, বর্তমান অবস্থাটা গুণগত ভাবে পৃথক একটা অবস্থা, কোয়ালিটেটিভলি ডিফারেন্ট একটা সিচুয়েশন, দেশে একটা জরুরি পরিস্থিতি আছে, যে জরুরি পরিস্থিতির কারণ হচ্ছে অভিনব। বহিঃশত্রুর আক্রমণের বিরুদ্ধে জরুরি পরিস্থিতি নয়, দেশে ফ্যাসিস্টদের ক্ষমতা দখলের চক্রান্তের বিরুদ্ধে,

তাদের মধ্যে দিয়ে সাম্রাজ্যবাদের অনুপ্রবেশ ঘটানোর চক্রান্তের বিরুদ্ধে, সমস্ত দেশে নৈরাজ্য সৃষ্টির বিরুদ্ধে জরুরি পরিস্থিতি। এই জরুরি পরিস্থিতির পরবর্তীকালে একটা গভর্নমেন্ট—গভর্নমেন্ট তো আর মিউনিসিপ্যালিটি নয়, যদি এটা পশ্চিমবঙ্গের পৌরসভা হত তাহলে গত বছর সাত পূর্ণ তিনের চার টিউবওয়েল বাড়িয়েছি, কি, দু পূর্ণ তিনের পাঁচ টিউবওয়েল এনার্জাইজ করেছি বা এক পূর্ণ তিনের চার ফ্ল্যাট বাড়িয়েছি, এই হিসাব যদি হত তাহলে আমি এই বিষয়ে মেনে নিতাম, ইট ইজ নট ওয়েস্ট বেঙ্গল'স মিউনিসিপ্যালিটি, কেবিনেটকে এটা ভাল করে বুঝে নিতে হবে, সেই পলিটিক্যাল পার্সপেক্টিভ কোথায়? সেই রাজনৈতিক পরিপ্রেক্ষিতে কোথায়? যে পরিপ্রেক্ষিতে আজকে এখানে রাজ্যপালের ভাষণ উপস্থিত হবে, ইট ইজ এ পলিটিক্যাল বডি, একটা রাজনৈতিক সংস্থার গভর্নমেন্ট দেশ শাসন করে, সেই দেশ শাসন সম্পর্কে রাজনৈতিক আদর্শ, পলিটিক্যাল রিপোর্ট আজকে কাগজে বেরিয়েছে, তার পাশাপশি রাজ্যপালের ভাষণ মিলিয়ে দেখুন। প্রধানমন্ত্রী কালকে বলেছেন সম্ভবত নাগপুরে যে দেশে ফোর্সেস অব ডিসরাপশন, তারা এখনও সক্রিয়। তারা এখন দানা বাঁধার চেষ্টা করছে। তারা আক্রমণ হানার চেষ্টা করছে আরও বড় করে। তাদের বিরুদ্ধে সজাগ থাকতে হবে, এই কথা উনি বলেছেন। তিনি বলেছেন, তাদের মধ্যে দিয়ে বাইরের শক্তি হস্তক্ষেপ করার চেষ্টা করবে, এই সম্বন্ধে তিনি হুঁসিয়ারি দিয়েছেন। তার নেতৃত্ব যারা মানেন, তার নির্দেশে যারা চলেন, এই রকম একটা পশ্চিমবঙ্গের মন্ত্রী সভা, তাদের তৈরি করা রিপোর্টের মধ্যে সেই রকম পার্সপেক্টিভ কোথাও নেই। সাত আট মাস আগে এমার্জেন্সি হয়েছে, তখন বাজেট অধিবেশন চলে গেছে, পশ্চিমবাংলায় এখন পর্যন্ত কটা ফোর্সের অব ডিসরাপশনকে ধরেছেন, চূর্ণ করার জন্য কি করেছেন, আনন্দমার্গীর ষড়যন্ত্রকে, আর. এস. এস. এর সংস্থাগুলোকে বেআইনি করে কিভাবে ভেঙ্গেছেন তার রিপোর্ট নেই। পশ্চিমবঙ্গের কলকাতা শহর, যা সমস্ত দক্ষিণপূর্ব এশিয়ার সমস্ত সি. আই. এ.-র চক্রান্তের ঘাঁটি, তা ভাঙ্গার জন্য কি আপনারা করেছেন তা রিপোর্টে নেই। দাবি করতে পারি না এই রিপোর্ট? পশ্চিমবাংলার প্রগতিশীল মানুষ, গণতন্ত্রকামী মানুষ, এই রিপোর্ট দাবি করতে পারে না গভর্নমেন্টের কাছ থেকে। পুরো রিপোর্ট না দিতে পার নিরাপত্তার কারণে, তার অ্যাওয়্যারনেস এক্সপ্রেস কর। সেই সম্পর্কে তোমার যে সচেতনতা সেটা প্রকাশ কর, সেটা কোথায়? কোনও রিপোর্ট নেই।

It is a report of West Bengal Municipality.

এই রিপোর্ট পড়লে মনে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয়ত আজকে সহযোগিতার কথা ইত্যাদি বলা হচ্ছে। আমি মন্ত্রিসভাকে বুঝতে বলি, আমাদের অধিকাংশ বন্ধুকে বুঝতে বলি, আমাদের কংগ্রেসি বন্ধুদের বুঝতে বলি যে একটা নতুন সিচুয়েশন, এই সিচুয়েশনের ইতিবাচক দিক কি? ইতিবাচক দিক হচ্ছে জাতির মধ্যে অধিকাংশ লোক এটা বুঝেছে যে, গণতন্ত্রকে বাঁচাতে হবে, জাতির মধ্যে অধিকাংশ লোক আজকে ঐক্যবদ্ধ, জরুরি পরিস্থিতিতে ভীষণভাবে ঐক্যবদ্ধ হয়েছে। প্রচন্ড সাম্রাজ্যবাদ বিরোধী ঐক্য জেনারেট করেছে। এর চেয়ে গর্ব কি আছে? এটা মামুলি ইলেকশন ঐক্য নয় বা মামুলি কোনও লিমিটেড পলিটিক্যাল পারপাস-এর ঐক্য নয়। আজকে দেশে একটা অ্যান্টি-ইপিয়ালিস্টিক ইউনিটি, একটা শক্তি

জেনারেট করেছে, একটা নতুন শক্তি, অ্যান্টি-ফ্যাসিস্ট শক্তি জেনারেট করেছে। এটা একটা নুতুন দিক-দর্শন, এই শক্তিকে পজিটিভ করতে হবে, ইতিবাচক করতে হবে। ইম্পিরিয়ালিজিম-এর বিরুদ্ধে আমরা প্রধান আক্রমণকারীর ভূমিকা নিতে চাই, এই অ্যাসিয়োরেন্স আছে রাজ্যপালের ভাষণে, সচেতনতা আছে? নেই। এখন কেউ কেউ মাল্টি ন্যাশনাল কর্পোরেশনের কথা বলছেন বা ঐ জাতীয় ব্যবসা প্রতিষ্ঠানের কথা বলছেন। আমরা কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা বলি না এবং আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি এই রকম রাজনৈতিক পরিপ্রেক্ষিতে শাসক দলের কোনও কোনও সদস্য বক্তৃতা করবার সময় বলছেন এখন আমাদের কি কাজ, না, এখন কাজ হচ্ছে গ্রামে গিয়ে পণ প্রথার বিরুদ্ধে আন্দোলন করা এবং তারা তাই করবেন। আবার কেউ কেউ বলছেন এখন কাজ হচ্ছে কম্পালসারি স্টেবিলাইজেশন বা ফ্যামিলি প্ল্যানিং-এর আন্দোলন করা এবং তারা সেই আন্দোলন করবেন বলছেন। একটা জাতি যখন ইম্পিরিয়ালিস্ট অ্যাগ্রেশনের সম্মুখীন, গ্রেট অফ ইম্পিরিয়ালিস্ট অ্যাগ্রেশন-এর সম্মুখীন, আশেপাশের দেশগুলিতে গভর্নমেন্ট বদলে যাচ্ছে, সাংঘাতিক ফ্যাসিস্ট গভর্নমেন্ট তৈরি হচ্ছে ভারতবর্ষের চারিদিকে, ভারতবর্ষকে ঘিরে ফেলার চক্রান্ত হচ্ছে, forces of disruption are there at hand in the country. ভারবর্ষের চারিদিকে আর্মস বিল্ড আপ হচ্ছে আর্মস পাইল আনা হচ্ছে, সেই সময় এই বক্তৃতার মানে কি? এই বক্তৃতার মানে ডিপলিটিক্যালাইস করা, রাজনীতি থেকে সরিয়ে নিয়ে আসে তরুণদের। কংগ্রেসের তরুণ বন্ধুদের বলি ফ্যামিলি প্ল্যানিং-এর নিশ্চয়ই প্রয়োজন আছে। এটা গভর্নমেন্টের একটা সামান্য কাজ, এটা গভর্নমেন্ট করবে। পণ প্রথার বিরুদ্ধে আন্দোলন? পণ প্রথা আছে, কিন্তু ৯০ বছর আগে গিরিশচন্দ্র ঘোষ 'বলিদান' নাটক লিখে গিয়েছেন। তাই আজকে আমাদের কাজ হচ্ছে অ্যান্টি ইম্পিরিয়ালিস্ট শক্তিকে জেনারেট করা, তাদের মধ্যে ঐক্য সৃষ্টি করা। এ সম্বন্ধে আমাদের স্টেট গভর্নমেন্টেরও কিছু পলিটিক্যাল টাস্ক আছে এবং তাকে তা করতে হবে, সেই কাজ না করলে—আপনি দু' তিনটে ডিপ টিউবওয়েলকে এনার্জাইস করলেন বা কিছু ফ্ল্যাট তৈরি করলেন, তাতে আপনার টাস্ক শেষ হল না, এসব ফ্যাসিস্ট গভর্নমেন্ট থাকলেও করতে পারে। এটাই বড় কথা নয়। আমি আজকের এই পলিটিক্যাল পার্সপেক্টিভে, রাজনৈতিক পরিপ্রেক্ষিতে কারা আমাদের শত্রু, কারা আমাদের দেশের সার্বভৌমত্বের শত্রু, স্বাধীনতার শত্রু একথা স্পষ্ট করে বলা দরকার দেশের মানুষের কাছে। This is called political leadership এটা তৈরি করা দরকার এবং সেই ব্যাপারে আমরা পূর্ণ সহযোগিতা করতে রাজি আছি। সেই সহযোগিতা চান কমিউনিস্ট পার্টি নিশ্চয়ই দেবে। সাম্রাজ্যবাদ বিরোধী, ফ্যাসিস্ট বিরোধী যে বিপুল ঐক্য তাকে সিমেন্ট করার জন্য আমরা নিশ্চয়ই সহযোগিতা করব, এই কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের রিপোর্টের মধ্যে এ সম্বন্ধে কিছুই নেই। যে রিপোর্ট এখানে উপস্থিত করা হয়েছে তাতে আমরা দেখলাম পরিস্থিতির তালিকা শুধু। এটা তো খবরের কাগজকে দিয়ে দিলেই হয়। মন্ত্রীরা মাঝে মাঝে দেন। এই যে ২০ দফা কর্মসূচি, এটা ২১, ২২, ২৮ কিম্বা ১৮ হতে পারে, তাতে কিছু যায় আসে না। সংখ্যাটা বদলে যেতে পারে তাতে কিছু যায় আসে না। আসলে বলা হয়েছে উইকার অ্যান্ড ভালনারেবল সেকশন অফ দি সোসাইটি তাদের শক্তিশালী করা হবে। কিন্তু কোন পলিটিক্যাল প্রোগ্রামের দ্বারা?

যে সাম্রাজ্যবাদ চক্রান্ত করে মনোপলি ক্যাপিটাল নিয়ে, চক্রান্ত করে আন্তর্জাতিক গোয়েন্দা C. I. A ইত্যাদি নিয়ে। চক্রান্ত করে মাল্টি ন্যাশনাল কর্পোরেশনকে নিয়ে যেমন তারা চিলিতে করেছে আবার তারা সবচেয়ে বেশি নির্ভর করে দরিদ্র মানুষের উপর। এগুলি তাদের সোশ্যাল অ্যান্ড সাইকোলজিক্যাল বেসিস সুতরাং দরিদ্র মানুষকে শক্ত কর, সংগঠিত কর। তাদের কিছু relief দাও। এখানে কেউ বিশ্বাস করেন না ২০ দফা কর্মসূচি হয়ে গেলেই সমাজতন্ত্র হয়ে গেল। এর লক্ষ্য দরিদ্র মানুষকে শক্ত করা, ঐক্যবদ্ধ করা। ভালনারেবল উইকার সেশনে অফ দি সোসাইটি যারা গ্রামে থাকে তাদের জন্য ৭ দফা কর্মসূচি হবে। আমি এটা সর্বান্তকরণে সমর্থন করি। আমি গ্রামের এম. এল. এ. নই। কিন্তু গ্রামের এম. এল. এ.-রা বাস্তু ভিটা দেবার ব্যাপারে, উদ্বৃত্ত জমি বন্টনের ব্যাপারে, ঋণ মকুব করার ব্যাপারে বলবে। ঋণ মকুবের ব্যাপারে বললেন ৩৪ লক্ষ লোক উপকৃত হবে। কিসের ভিত্তিতে এই সংখ্যা বললেন জানি না। এই ব্যাপারে কত লোক সুবিধা পাবে তা জানি না। কিন্তু সাধারণভাবে যে লোক অর্থনীতি পড়েন তারা জানেন এতদিন আপনি আমাদের দেশের অভিশাপ হিসেবে রুর‍্যাল ক্রেডিট স্ট্রাকচারের ব্যবস্থায় মহাজন ছিল। মহাজনরাই গ্রামে ঋণের ব্যবস্থা করত। কিন্তু এখন যে আইন করবেন তাতে বকেয়া ঋণ মুকুব করে তার কি কোনও বিকল্প ব্যবস্থা করেছেন? সমবায়ে ৬৩ টাকা খরচ করে কি করেছেন। রুর‍্যাল ক্রেডিট সোসাইটি গ্রামে তৈরি করতে পেরেছেন কি? তার রিপোর্ট কোথায়? বি. ডি. ও.-র অফিসে হাজার হাজার দরখাস্ত পড়ে আছে। কিন্তু তারজন্য কোনও অ্যাডমিনিস্ট্রেটিভ স্ট্রাকচার নেই। ডিফিকালটিজ-এর কথা বলেছেন। একথা কি বলেছেন কমিউনিসট পার্টি, কংগ্রেস পার্টি থেকে ৪ জন করে লোক দাও লেখাপড়া জানা যারা বিনা পয়সায় কাজ করবে এবং ৩ মাসের মধ্যে সমস্ত কাজ করে দেবে? উই আর রেডি টু কো-অপারেট এই পিপলস্ পার্টিসিপেশন-এর কথা কি বলেছেন? একথা তো বলতে পারতেন ৪ জন বিনা পয়সায় graduate ভলান্টিয়ার দাও। দিস ইজ কল্ড পিপলস পার্টিসিপেশন শ্রীমতী গীতা মুখার্জি বললেন ব্লকে ব্লকে প্রচুর বাস্তু জমি বিলি করা হয়েছে। কিন্তু তার কোনও ডিমার্কেশন হয়নি। এখানে কি বলেছেন যে কংগ্রেস থেকে ৫ জন করে লোক দাও ৪ মাসের মধ্যে তারা ডিমার্কেশন করে দেবে? এদের কথা বলা হয়নি। বি. ডি. ও. বা সব ওভার বার্ডেন্ড অ্যান্ড ইল পেড অফিসার এখানেই পিপলস পার্টিশিপেশন দরকার। কিন্তু সেসব করা হয়নি। সুতরাং সিরিয়াসনেস যদি থাকে তাহলে সহযোগিতা এই ভাবে চাইতে হয়। আজ দরিদ্র মানুষের বোনাস কেটে নেওয়া হল। ডাঃ জয়নাল আবেদিন মাঝে মাঝে তত্ত্বের কথা বলেন। বিশ্বনাথ মুখার্জি যখন তারা বক্তৃতার সময় বলছিলেন ধনতন্ত্র বিনা এসব জিনিস আনতে পারবেন না তখন তিনি জাপানের কথা উল্লেখ করেন। রাজনীতি করতে গেলে একটু পড়াশুনা করতে হয়। জাপানে যে প্রচন্ড অর্থনৈতিক সঙ্কট তা কি জানেন ; সেখানে কত লোক বেকার তা কি জানেন, সেখানেও রেট অফ ইনফ্রেশন কি তা কি জানেন, সেখানে মাল্টি-ন্যাশনাল কর্পোরেশন কিভাবে শোষণ করছে তা কি জানেন? জাপান আজ কমিউনিস্ট, সোস্যালিস্ট ডেমোক্র্যাটিসদের নিয়ে তারা ঐক্যবদ্ধ হবার চেষ্টা করছে এবং তারা এরজন্য fight করছে। এসব জিনিস আসে অজ্ঞতা থেকে। কাল তিনি বললেন স্যোসালিজমে কি বোনাস আছে। খুব ভাল কথা যে সমাজতন্ত্রে বোনাস নেই।

[4-50 — 5-00 p.m.]

ক্যাপিটালিস্ট দেশ ভারতবর্ষ, সমাজতান্ত্রিক দেশ কেউ বলবে না। এখানকার অর্থনীতি কিছু কিছু ক্ষেত্রে নিয়ন্ত্রিত হলেও ভারতবর্ষের অর্থনীতি মূলত পুঁজিবাদী অর্থনীতি। এই অর্থনীতিতে বোনাস কি জয়নাল সাহেব যদি পড়েন তাহলে জানতে পারবেন বিচারপতি, সুপ্রিম কোর্টের বিচারপতি পর্যন্ত বলেছেন—তারা বলেছেন বোনাস ইজ এ ডেফার্ড ওয়েজ ; মালিকরা যে মাইনে দেয় না, মজুরি দেয় না শ্রমিককে, ভারতবর্ষের শ্রমিক শ্রেণী ২০/২৫ বছর ধরে আন্দোলন করে আদায় করে নিয়েছে রাইট হিসাবে। ইট ইজ ডেফার্ড ওয়েজ। আই. এন. টি. ইউ. সি., এ আই. টি. ইউ. সি.-র শ্রমিকরা এই অধিকার অর্জন করে নিয়েছে। তাদের সেই অর্জিত অধিকারের বিরুদ্ধে আক্রমণ চলছে, প্রফিটেবিলিটি প্রোডাক্টিভিটির সঙ্গে যুক্ত করে এইসব কাজ করে চলেছে। কেন্দ্রীয় সরকার ৮.৩৩ পারসেন্ট বোনাস আজকে কমিয়ে দিয়েছেন, ওয়ার্কিং ক্লাস কি ভাবছে সেটা বুঝতে হবে ভাল করে। তারা প্রচন্ড বিক্ষুব্ধ, সারা পশ্চিমবঙ্গে শিল্পক্ষেত্রে নৈরাজ্য চলছে। একথা ঠিক একের পর এক কারখানা বন্ধ হচ্ছে, বড় বড় কারখানা লক-আউট, লে-অফ করছে এটা কি সামান্য ব্যাপার? এটা কি শুধু রিসেশনের জন্য? শুধু রিসেশন নয়, ইট ইজ এ প্ল্যান্ড কন্সপিরেসি। আই. জে. এম. এ. একচেটিয়া জুট মিল পতিদের প্রতিষ্ঠান। আমি অভিযুক্ত করছি এই আই. জে. এম. এ.-র মধ্যে সি. আই. এ.-র লোক আছে, অনুসন্ধান করুন। তারা আজকে চাইছে কি, তারা আজকে চাইছে মিছামিছি রিসেশনের কথা বলে, লাভ কমের কথা বলে, মন্দার কথা বলে সরকারের কাছ থেকে সমস্ত কনসেশন আদায় করে নিয়ে এস এবং প্রচন্ড চাপ মজুরের উপর চাপিয়ে দাও চটকলের ২।। লক্ষ মজুর কি ভাবছে, কি ভাবছে ইঞ্জিনিয়ারিং কারখানার মজুররা। জয় ইঞ্জিনিয়ারিং এর মতো একচেটিয়াপতি ছাঁটাই, লে-অফের লিস্ট তৈরি করেছে। টেক্সম্যাকো ছাঁটাই এর লিস্ট তৈরি করেছে। আমার ঘরের পাশে ভারত ফ্যান কারখানা বন্ধ হয়ে গেল। এই রকম প্রচুর আছে, কত হিসাব দেব। এই ওয়ার্কিং ক্লাস কি ভাবছে। কেবল ৩০/৪০ হাজার নয়, লক্ষ লক্ষ শ্রমিক অ্যাফেক্টেড, প্রতি মুহূর্তে লে-অফ, লক-আউট, ক্লোজারের ভয়। ইজ দেয়ার এনি অ্যাওয়ারেন্স? শিল্প ক্ষেত্রে শান্তি চলেছে—ইজ দেয়ার এনি অ্যাওয়ারনেস? আমরা এত লেটার অব ইন্টেন্ট ইস্যু করেছি, কবে কারখানা তৈরি হবে তার ঠিক নেই। ভুল রিপোর্ট লেখা হল স্কুটার কারখানা প্রোডাকশন শুরু করে দিয়েছে। শিল্প ক্ষেত্রে এই যে নৈরাজ্য এই সম্পর্কে মন্ত্রিসভা সচেতন? শ্রমজীবী শ্রেণী যদি প্রশ্ন করে যে আমরা সহযোগিতা করেছি, জরুরি পরিস্থিতির পরে আমরা কাজ করেছি, আমরা স্ট্রাইক করিনি উৎপাদন বাড়িয়েছি, মালিকরা উৎপাদনের চাপ বাড়িয়েছে তাও সহ্য করেছি, তারা যদি সিকিউরিটি চায় হ্যাজ দ্যাট সিকিউরিটি বিন প্রোভাইডেড? নো। ইউ ক্যানট সার্ভ গড অ্যান্ড ডেমন অ্যাট দি সেম টাইম, নিরপেক্ষ হওয়া যায় না। বিড়লা, গোয়েঙ্কাদেরও কনসেশন দেব। রেকমেন্ড করতে দিল্লি ছুটব, জুট মিলের মালিকরা কনসেশন পাবে, শিল্পপতিরা কনসেশন পাবে, শ্রমিকদের উপর ফেয়ার ডিল করব না, এ হতে পারে না, নিরপেক্ষ হওয়া যায় না, পক্ষ আপনাকে নিতে হবে। ফ্যাসিস্টকে ফাইট করতে গেলে, একচেটিয়া মনোপলিকে ফাইট করতে গেলে পক্ষ আপনাকে নিতে হবে। সেই পক্ষভুক্তির সদর্প ঘোষণা কোথায় রাজ্যপালের ভাষণে কোথায়? নেই। এই কথাটা থাকা উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা শহর, মফস্বল শহর এবং সব

জায়গার গরিব মানুষের দৃষ্টিভঙ্গির কথা আমি বলতে চাই। হকার কিছু উচ্ছেদ হয়ে গেল রাস্তার পাশে বেআইনিভাবে যারা দোকান করেছিল। খুব ভাল কথা, রাস্তা পরিষ্কার রাখা দরকার, গাড়ি-ঘোড়া চলছে, জনসাধারণের অসুবিধা হচ্ছিল, সেজন্য রাস্তা পরিষ্কার রাখা দরকার। আমি শুধু একটা অঞ্চলের কথা বলি, ব্যারাকপুর বেল্টের কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যারাকপুর বেল্টে বি. টি. রোডের উপর দিয়ে কারা দোকান করেছিল, না, শুধু রিফিউজি। সেই রিফিউজিদের ভিটে-মাটির বিনিময়ে রক্তের বিনিময়ে আমরা স্বাধীনতা লাভ করেছি। সেই মানুষগুলো ওপার থেকে এপারে সমস্ত বাস্তুহারা হয়ে এসেছে, এসে আপনার সাহায্য ব্যতিরেকে গভর্নমেন্টের সাহায্য না নিয়েই জীবন এবং জীবিকার সংস্থান করেছিল। আমার দায়িত্ব নেই তাদের দ্রুত পুনর্বাসন দেবার? কোথায় সেই দায়িত্ব পালিত হয়েছে? কোথায় তার সম্পর্কে বিবৃতি, কোথায় তার সম্পর্কে আত্মপ্রত্যয়শীল বক্তব্য? কোথাও নেই। আমি বলি এটা থাকা উচিত ছিল, অ্যাজ ইফ এটা যেন কোনও প্রবলেম নয়। তুলে দিলাম ভারি মজা, এমারজেন্সির সুযোগে পুলিশ গিয়ে বলছে, এই, হট বেটা ২ ঘন্টার মধ্যে। খাস মহল জমি, সরকারকে খাজনা দেয়, তাতে দোকান করে বাড়ি করে বসেছিল, তাদেরও তুলে দিল আমার এলাকার মধ্যে। ভারি আনন্দ পুলিশের। দৃষ্টিভঙ্গি কি? ধরুন ট্রান্সপোর্টের কথা বলি। ওয়ার্কিং ক্লাসের সরকারি কর্মচারিদের সহযোগিতা চান—ট্রান্সপোর্টে কি হচ্ছে, কলকাতা স্টেট ট্রান্সপোর্টে রজনী দোলুই মহাশয় মাঝে মাঝে আসেন, হয়ত হাওড়া থেকে শিয়ালদহে আসতে বসার জায়গা পেয়েছেন, কিন্তু আমাদের রোজ কলকাতায় আসতে হয়, বসার কোনও জায়গা পাই না। ট্রান্সপোর্টের অত্যন্ত অসুবিধা। এদিকে গভর্নমেন্ট কি করছে? স্টেট ট্রান্সপোর্টে অযোগ্য, চোর অফিসাররা ট্রান্সপোর্টটাকে শেষ করে দিল ব্যানার্জি কমিশনে আছে, গোপাল দাস কমিশনে আছে। শ্রমিক এবং কর্মচারী যারা সহযোগিতা করতে চায়, ড্রাইভার পরীক্ষার জন্য পাঠানো হবে, তাকে ছাঁটাই করে দেওয়া হবে।

ভাবুন কি অবস্থা। যেখানে একটি ছেলেকে সরকারি চাকুরি পেতে ৩০ বছর হয়ে যাচ্ছে সেখানে আপনি তাদের ৪৫ পাঠিয়ে দিচ্ছেন? বাচ্চা বাচ্চা ছেলে কন্ডাক্টর, ড্রাইভার তাদের আপনি তাড়িয়ে দেবেন? কম্পালসরি রিটায়ারমেন্ট? আপনারা অযোগ্য তাদের আপনি তাড়িয়ে দেবেন? কম্পালসরি রিটায়ারমেন্টের আইন ইউস করবে আমলারা, যাকে খুশি রাখবে এবং যাকে খুশি তাড়াবে এসব কি করছেন? আমার তো মনে হয় এতে আপনারা একটা নিরাপত্তা হীনতার পরিস্থিতি সৃষ্টি করছেন সরকারি অফিসে, মিউনিসিপ্যালিটিতে এবং সরকারি আন্ডারটেকিংগুলোতে। কাজেই বলছি এটা নিয়ে ভাবুন, এসব করবেন না। আপনারা অযোগ্য, চোর, দুর্নীতিপরায়ণদের তাড়িয়ে দিন কেউ কিছু বলবেন না। কোনও রকম আইন করবার আগে আপনারা ভাবুন তার কি ব্যাপক পরিমাণ মিসইউস হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে আমি সরকারি কর্মচারিদের প্রোমোশন ইত্যাদির কথা একটু বলব। আমাদের দেশের সরকারি কর্মচারিদের কথা আমাদের দলনেতা বলেছেন। আমরা জানি এই কর্মচারিরাই গভর্নমেন্ট-এর কাজকর্ম করেন, কিন্তু দেখছি তাদের ডি. এ. বাড়ানো হয় না। এই ব্যাপারে অর্থমন্ত্রীর প্রিয় যুক্তি হচ্ছে তাদের টাকা দিলে অন্য সেক্টরে টাকা কাটতে হবে। আমি জিজ্ঞাসা করছি ভারতবর্ষের অন্যান্য স্টেট গভর্নমেন্ট কি গভর্নমেন্ট চালায় না ; অনেক কংগ্রেস গভর্নমেন্ট তাদের টাকা বাড়িয়ে দিয়েছে। কিন্তু পশ্চিমবাংলায় তাদের টাকা দিতে গেলে স্বাস্থ্য

খাতে টাকা কাটতে হয়, শিক্ষা খাতে কাটতে হয়, অন্য খাতে টাকা কাটতে হয়। তারা কাজ করছে, দে আর ভেরি সিরিয়াস কাজেই তাদের কিছু দিন। স্যার, কেন্দ্রীয় সরকারের নূতন ডি. এ. বৃদ্ধি হবার পর একজন চতুর্থ শ্রেণীর কর্মচারীর ক্ষেত্রে তফাত হয়ে যাচ্ছে ১৪০ টাকা যারা কলকাতায় কাজ করছে। এই অবস্থা হলে তাদের কি ইচ্ছা থাকবে কাজ করবার জন্য? কাজেই তাদের কিছু বাড়াতে হবে। তারপর, প্রোমোশন এবং সিলেকশন গ্রেড দেবার ব্যাপারে কি হচ্ছে সেটা শুনুন। তুমি ৯ই এপ্রিল স্ট্রাইক করেছ, তুমি ২৭শে জুলাই স্ট্রাইক করেছ কাজেই তোমাকে সিলেকশন গ্রেড দেওয়া হবে না। মাঝে মাঝে আপনারাও তো স্ট্রাইক করতে বলেছেন, যেমন, ১৯৬৯ সালে বলেছেন। কিন্তু ব্যাপার হচ্ছে যে কর্মচারী বলছে আমি স্ট্রাইক করি নাই, পেটের অসুখ হইয়াছিল বলিয়া অফিসে আসিতে পারি নাই তাকেও সিলেকশন গ্রেড দিচ্ছে না যেহেতু সে অফিসে আসে নাই আবার যে বলছে আমি স্ট্রাইক করেছি তাকেও দিচ্ছে না সিলেকশন গ্রেড। দেবেন তো সামান্য কয়েকটা টাকা—সিলেকশন গ্রেড মানে সামান্য কয়েকটা টাকা উন্নতি। এখানেও আপনারা এসব করবেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়কে বলি এই সরকারি কর্মচারিদের সম্পর্কে আপনাদের দৃষ্টিভঙ্গি পাল্টাতে হবে। তাদের যদি না দেন তাহলে কাজ ভালভাবে এগুবে না। এবারে আমি হাউসিং সম্বন্ধে কিছু বলব। সরকার বলেছেন ভালনারেবেল সেকশনকে দেখবেন। আমাদের প্রধানমন্ত্রীও এটা বলেছেন। কিন্তু আমরা দেখছি পশ্চিমবঙ্গ সরকার স্বল্প আয়ের মানুষ যাতে কলকাতা শহরে বাড়ি ভাড়া পেতে পারে সেই বাড়ি তৈরি বন্ধ করে দিয়েছেন। তারা বলছেন আমরা আর বাড়ি ভাড়া দেব না কারণ ভাড়া দেয় না, ১ কোটি টাকা বাকি। আপনারা বড় আইন করেছেন, আইন করে স্কুল তুলে দিচ্ছেন। ফ্ল্যাটে প্রাইমারি স্কুল রয়েছে সেটা তুলে দিলেন আইন করে। যাহোক, এখন আপনারা বলছেন বাড়ি তৈরি করে সব বিক্রি করব। স্যার, এই হায়ার পার্চেজ কারা কিনবে? ভালনারেবেল সেকশন? ৫/১০/১৩/১৪/২০ হাজার টাকা ফার্স্ট ইনস্টলমেন্ট দিয়ে কে বাড়ি কিনবে? ভালনারেবেল সেকশন।? আমি জানি না এটা কি রকম দৃষ্টিভঙ্গি। আমি এই ব্যাপারে সমস্ত মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি গভর্নমেন্ট কলকাতা শহরে ভাড়া দেবার জন্য বাড়ি তৈরি করা বন্ধ করে দিয়ে বিক্রি করবার জন্য এই যে বাড়ি তৈরি করছেন তার মানে হচ্ছে কলকাতায় নিম্ন মধ্যবিত্ত মানুষদের থাকার একটা প্রবলেম সৃষ্টি করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই সরকার মিডল ইনকাম গ্রুপ এবং স্মল ইনকাম গ্রুপের লোকদের বাড়ি তৈরি করে দেবার জন্য কিছু টাকা দেয়। আমি কষ্ট করে জমি কিনলাম এবং গভর্নমেন্টকে বললাম আমাকে ১৪/১৫/২০/২৫ হাজার টাকা ধার দাও, আমি শোধ করে দেব। কিন্তু এই খাতে দেখছি সবচেয়ে কম বরাদ্দ। নিউ সেক্রেটারিয়েটে হাজার হাজার দরখাস্ত পড়ে রয়েছে, কোনও ব্যবস্থা হয়নি। এই ধরনের লোন নিলে জমির দলিল বন্ধক থাকে গভর্নমেন্টের কাছে। ডিপার্টমেন্টের সেক্রেটারি বললেন লং টার্ম লোনের টাকা পেতে দেরি হবে কাজেই ওখানে টাকা কেটে সানি পার্কে বাড়ি তৈরি করবার জন্য টাকা দাও, সেখানে রেডিলি বিক্রি হবে।

[5-00 — 5-10 p.m.]

এই দৃষ্টিভঙ্গি, দিজ ইজ নট দি স্যাটিউট। গরিব মানুষকে বোঝাতে হবে, তাদের পক্ষে আইন যাচ্ছে এটা যদি তারা না বোঝে তাহলে যতই ভাল আইন করুন, যত ভাল কথাই

বলুন কোনও কাজই হবে না। আর একদিকে বলবেন আসুন গলাজড়াজড়ি করে ফ্যাসিইজমকে ফাইট করি তা হবে না। জনসাধারণ চুপচাপ নির্বিকার, তারা নির্বাক ক্ষোভের মধ্যে থাকবে, ফ্যাসিইজমের মানসিক বীজ তৈরি হবে, এই কথা ভাবা দরকার। এই সাবধান বাণী দিয়ে আমি আমার বক্তৃতা শেষ করলাম। এই কথা বলে আমি শ্রীমতী ইলা মিত্রের সংশোধনী প্রস্তাব সমর্থন করছি।

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশ গ্রহণ বিরোধীপক্ষের নেতা মাননীয় বিশ্বনাথবাবু এবং আরও অনেক বিরোধীপক্ষের মাননীয় সদস্য, তারা পঃবঙ্গের শিল্প এবং শ্রমিকদের অবস্থা বিশেষ করে মালিক এবং শ্রমিক সম্পর্কের অবস্থা উল্লেখ করে অনেক ক্ষোভ প্রকাশ করেছেন এবং কিছু কিছু ক্ষেত্রে সরকারকে অভিযুক্ত করেছেন যে সরকার যথাযথভাবে সেগুলিকে তদারকি করছেন না এবং গুরুত্ব সহকারে অবস্থার মোকাবিলা করবার চেষ্টা করছেন না। এখানে কিছু কিছু বিশেষ ঘটনার কথাও উল্লেখ করা হয়েছে, যেমন বাটা বন্ধ সম্পর্কে বলা হয়েছে। তারজন্য তারা অ্যাডজোর্নমেন্ট মোশনও আনতে চেয়েছিলেন বলে আমরা শুনেছি। তারপর ন্যাশনাল ট্যোবাকো কোম্পানির অচল অবস্থার কথা, ইন্ডিয়ান লিনোরিয়াম-এর হাওড়া স্থিত ইউনিট বন্ধ সম্পর্কেও বলা হয়েছে এবং বিশেষ করে শিল্পের সংকটের কথা বলা হয়েছে। আমি স্যার, বর্তমানে এই সংকটের কি অবস্থা সেটা মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে জানাতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘদিন ধরে বাটায় পেমেন্ট অব বোনাস অ্যাক্টে ৩৪ নং ধারা অনুয়ায়ী একটা চুক্তি অনুসারে ত্রৈমাসিক একটা বোনাস দেবার ব্যবস্থা চালু ছিল। বর্তমানে বোনাস আইন অ্যামেন্ড হবার পর বা লোকসভার দ্বারা এই আইন নতুন ভাবে পুনর্গঠিত হবার পর ঐ ৩৪ নং ধারাটা সম্পূর্ণভাবে তুলে দেওয়া হয়েছে এবং ৩৪ ধারার অন্তর্গত যে সমস্ত চুক্তি ছিল সেগুলির অবসান ঘটেছে। এই ঘটার ফলে বাটার পরিচালকবৃন্দ ঐ ৩৪ নং ধারার চুক্তি অনুযায়ী বোনাস না দিয়ে পরিবর্তিত আইনের অন্যান্য ধারা যেগুলি চালু আছে সেই আইন অনুযায়ী বোনাস দেবার সিদ্ধান্ত গ্রহণ করেন। সেই অনুযায়ী শ্রমিক কর্মচারিদের ডিসেম্বর মাসে দেয় ত্রৈমাসিক কিস্তি সেটা তারা বন্ধ করেছেন।

তার ফলে বাটা শ্রমিক এবং কর্মচারিরা ধর্মঘট করেছে। সারা ভারতবর্ষের ক্ষেত্রে নাকি ধর্মঘট হয়ে ছিল তবে আমি যতদূর জানি কলকাতায় এবং ফরিদাবাদ কারখানায় ধর্মঘট হয়েছিল। অন্য প্রদেশে অবস্থিত কারখানার কথা আমি জানি না। এখানে কারখানা আজকে যে বন্ধ সেটা শ্রমিকদের ধর্মঘট করার ফলেই হয়েছে। এখানে কোনও লক-আউট হয়নি। আইন অনুযায়ী যদি ব্যবস্থা গ্রহণ করতে হয় তাহলে আইনের বর্তমান অবস্থাটা হচ্ছে যে বাটার শিল্প বিরোধ নিয়ে ট্রাইব্যুনালে মামলা চলছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি ট্রেড ইউনিয়ন করেছেন এবং আপনি আইনজ্ঞ, আপনি জানেন যদি কোনও শিল্প বিরোধের মামলা ট্রাইব্যুনালে চালু থাকে সেই অবস্থায় মালিক পক্ষ লক আউট ডিক্লেয়ার করলে সেটা বেআইনি হয় এবং শ্রমিক পক্ষ ধর্মঘট করলে সেটা বেআইনি হয়, সুতরাং আইনের পোজিশনটা হচ্ছে এই যে ধর্মঘট হয়ত এটা বেআইনি আইনের চোখে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এই আইনের দৃষ্টিভঙ্গি দিয়ে এই ধর্মঘটকে বিচার করেনি। আমি মাঝখানে কয়েকদিন দিল্লি যাওয়ার আগে এদের দুই পক্ষকে নিয়ে বসেছিলাম ধর্মঘটের অব্যবহিত পরেই এবং দুই পক্ষকেই নির্দেশ

দিয়ে যাই যে ধর্মঘট এড়াতে হবে, আপনারা আমার এই সূত্র অনুযায়ী দ্বিপাক্ষিক আলোচনা করুন এবং আলোচনা করে আপনারা যদি এই সূত্রে না আসতে পারেন, কোনও মীমাংসায় না আসতে পারেন আমি ফিরে এসে মীমাংসা করে দেব। আপনারা ধর্মঘট করবেন না শ্রমিক পক্ষকে বললাম এবং মালিক পক্ষকে বললাম যে আপনারা একটা অ্যাডভান্স দিয়ে দেবেন দরকার হলে। সেই মর্মে আমার অনুপস্থিতিতে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কন্সিলিয়েশন অফিসার নয়, লেবার সেক্রেটারি নিজে আমার জবানিতে ট্রেড ইউনিয়ন নেতাদের অনুরোধ করেছিলেন যে আপনারা ধর্মঘটে যাবেন না, এ ব্যাপার সরকার গ্রহণ করেছেন এবং শ্রমমন্ত্রী ফিরে এসে আপনাদের সঙ্গে বসে মীমাংসা করে দেবেন। সে কথায় তারা কর্ণপাত করেননি, ধর্মঘট করলেন এবং সেই ধর্মঘট আজও চালু আছে। আমি আজও ত্রিপাক্ষিক আলোচনা মালিক এবং শ্রমিক নেতাদের সঙ্গে বসে আবার নূতন করে সূত্র দিয়েছি, আশা হচ্ছে মীমাংস হয়ে যাবে। ঠিক এইরূপ ঘটনা ঘটেছিল ফরিদাবাদে, হরিয়ানায়। সেখানে কি হয়েছিল? আমরা দেখলাম যে স্থানীয় সরকার এই ধর্মঘটকে ১০(৩) ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটএ ধর্মঘটকে বেআইনি ঘোষণা করলেন, শ্রমিকদের অ্যারেস্ট করলেন এবং শ্রমিকদের কাজে ফিরে যেতে বললেন। এই দুটি পাশাপাশি উদাহরণ মাননীয় সদস্যদের সামনে আছে, ফরিদাবাদে অবস্থিত ধর্মঘটের জন্য হরিয়ানা সরকারের ব্যবস্থা আর পশ্চিমবঙ্গে চালু ধর্মঘটের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গ সরকারের ভূমিকা। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যে চিঠি দেওয়া হয়েছিল মাননীয় বিরোধী পক্ষের নেতা নিশ্চয়ই সেই চিঠি দেখেছেন এবং না দেখলে যদি দেখতে চান তাহলে সেটা দেখবার সুযোগ তার আছে কারণ তাদেরও কিছু কিছু দলীয় সদস্য বর্তমান পরিচালকমন্ডলীর মধ্যে আছে যদিও তারা সংখ্যাগরিষ্ঠ নয়। সেটা দেখলেই বোঝা যাবে পশ্চিমবঙ্গ সরকার কতটা সহানুভূতির সঙ্গে শ্রমিকদের এই অন্যায় দাবি, যে স্ট্যাটিউটের বিরুদ্ধে, যে নূতন স্ট্যাটিউট তৈরি হয়েছে সেই স্ট্যাটিউটকে চ্যালেঞ্জ করে দেবে। স্ট্যাটিউট থাকুক আর না থাকুক, স্ট্যাটিউটের বাইরে আমাদের শ্রমিককে দিতে হবে, এই যে দাবি এই দাবি সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার কত সহানুভূতির সঙ্গে তাদের যতদূর সম্ভব সুবিধা অর্জন করে দেওয়া যায় তার চেষ্টা করেছে সেই চিঠি দেখলেই বোঝা যাবে। সুতরাং আমি জানি না কোন দৃষ্টিভঙ্গি থেকে তারা বাটাকে একটা ইস্যু করে চেয়েছিলেন পশ্চিমবঙ্গ সরকারের প্রচেষ্টা বা ব্যবস্থা বা নীতির সমালোচনা করবার জন্য। তারা কি চান? ইমার্জেন্সি আছে, জাতীয় জরুরি অবস্থা আছে এবং জরুরি অবস্থায় কোনও রকমেই প্রডাকশন বন্ধ করা উচিত নয়, এইজন্য এখানে যা উচিত ব্যবস্থা, আইন সঙ্গত ব্যবস্থা সরকারের করা উচিত তাই করা নিশ্চয়ই তারা তা চান না। কারণ তা যদি আমাকে করতে হয়, তাহলে, দেশের বর্তমান চালু আইনের বিরুদ্ধে যদি আমাকে ব্যবস্থা গ্রহণ করতে হয়, অন্তত বাটার ক্ষেত্রে, মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার কোনও অধিকার নেই কারণ তারা নূতন স্ট্যাটিউটকে ফলও করেছে, অন্যায় কিছু করেনি। ভারতের লোকসভায় যে আইন পুনর্গঠিত হয়েছে সেই আইনের বিভিন্ন ধারা অনুযায়ী তারা ব্যবস্থা অবলম্বন করেছে। বোনাসকে প্রফিটে লিং করে দেওয়া আমি আজও চেষ্টা করে চলেছি যাতে ৩১(এ) প্রডাক্টিভিটির সঙ্গে লিং করা যায়। দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় বিরোধী পক্ষের নেতা, আমার বেশ মনে আছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অগাস্ট মাসে যখন ইমার্জেন্সি সম্বন্ধে আমাদের এখানে বিধানসভায় আলোচনা হয়েছিল তাতে আমি অংশ গ্রহণ করেছিলাম। তারা সবাই সমস্বরে স্বাগত জানিয়েছিলেন।

[5-10 — 5-20 p.m.]

তারা প্রধানমন্ত্রী দ্বারা ঘোষিত যে কর্মসূচি তাকে সমর্থন করলেন এবং তাকে সফল করবার জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন। আমি তাকে জিজ্ঞাসা করছি জরুরি অবস্থার যে ম্যাসেজ যে, কর্মসূচি তাকে সুসম্পন্ন করবার জন্য যে সঙ্কল্প, সেটা কি তারা শ্রমিক শ্রেণীর মধ্যে বহন করে নিয়েছিলেন, সেই সঙ্কল্প কি তারা শ্রমিকদের মধ্যে প্রতিষ্ঠা করতে পেরেছেন? বাটাতে কি হল? সেখানে অকারণে ধর্মঘট হল, ধর্মঘটের কোনও প্রয়োজনই ছিল না, সেখানে ধর্মঘটের লড়াই শুরু করে দিয়ে শুধু শ্রমিকদেরই ক্ষতি হচ্ছে না জাতীয় অর্থনীতিতে একটা বিরাট সেট ব্যাক হচ্ছে এবং এর ফলে হয়ত সাময়িকভাবে বাজারে সুলভ মূল্যের জুতোর দাম বৃদ্ধি হতে পারে। কাজেই এটা সুবিবেচিত হয়েছে কিনা এবং সেই ধর্মঘটের কতটা বা প্রয়োজন ছিল সেটা বিবেচনা করে পরবর্তীকালে বিধানসভায় আলোচনা করতে অনুরোধ করি। বিধানসভার বিরোধী পক্ষের নেতা এবং মাননীয় সদস্যরা যে কথা বলছেন তাতে দেখছি সেই ম্যাসেজ তারা সাধারণ মানুষের মধ্যে পৌঁছে দিচ্ছেন না, ফলে শ্রমিক শ্রেণী বিভ্রান্ত হচ্ছে। এমন কি তাদের যারা ট্রেড ইউনিয়ন নেতা রয়েছেন, তাদের কাছেও পৌঁছে দিচ্ছেন না। এবারে আমি বলছি ইন্ডিয়ান লিনোলিয়াম-এর কথা। হাওড়ায় অবস্থিত এই কলটি ভিক্টোরিয়া নামে পরিচিত। এটা একটি কাপড়ের কল। এখানে দুটি ইউনিয়ন রয়েছে। একটি হচ্ছে রিকগনাইজড ইউনিয়ন আন্ডার দি কন্ট্রোল অব সিটু আর একটি হচ্ছে এ. আই. টি. ইউ. সি. ইউনিয়ন। পাশাপশি দুটি ইউনিয়ন বহুদিন ধরে রয়েছে। তবে এ আই টি ইউ সি রিকগনাইজড ইউনিয়ন নয়। মালিকপক্ষ সিটুর সঙ্গে একটা বাই পার্টাটাইট এগ্রিমেন্ট করে ওয়ার্ক লোড কিছুটা র‍্যাশনেলাইজড করল, নূতন মেশিন প্রতিষ্ঠা করল এবং চুক্তি অনুযায়ী সেই মিলে কাজ শুরু হল। কিন্তু হঠাৎ একটা বিশেষ শিফট থেকে একদল শ্রমিক সেই চুক্তির বিরোধিতা করে মেশিন আগুন লাগিয়ে দিল এবং তারপরে সমস্ত কারখানার মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি হল। এবং হাওড়ার পুলিশকে হস্তক্ষেপ করতে হল অবস্থা আয়ত্তে আনার জন্য। সেখানে সাংঘাতিক লোকসানের ভয় ছিল, স্যাবোটেজের ভয় ছিল। তার জন্য এবং মেশিন পুড়ে যাবার জন্য কর্তৃপক্ষ লক-আউট করতে বাধ্য হল। সেখানে আই এন টি ইউ সি-রে অস্তিত্ব নেই এবং এন. এল. সি. সি. সেখানে এখনও জন্মগ্রহণ করেনি। আমি পরবর্তীকালে ঐ দুটি ইউনিয়ন অর্থাৎ এ. আই. টি. ইউ. সি.-এর সিটুকে ডেকে নিয়ে গিয়ে চেষ্টা করলাম তাদের মধ্যে একটা আপোষ করতে। কিন্তু আমি দেখলাম তাদের কাছে শ্রমিকদের স্বার্থ বড় কথা নয়, জাতীয় স্বার্থ বড় কথা নয়, শিল্পের স্বার্থ বড় কথা নয়, সেখানে দেখলাম শুধু এই জিনিসই রয়েছে যে, আমাকে না বলে কেন এই চুক্তি হল, আমাকে না বলে কেন রিকগনাইজড ইউনিয়নের সঙ্গে চুক্তি করা হল? সেটা ভাল কি মন্দ সেটা আমি দেখব না, যতক্ষণ পর্যন্ত ওই চুক্তি বলবৎ থাকবে, ততক্ষণ পর্যন্ত ওই কারখানা আমরা চলতে দেব না। স্যার, এটা একটা অদ্ভুত পরিস্থিতি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন রিকগনাইজড ইউনিয়নের একটা স্ট্যাটাস আছে এবং সে একটা স্পেশাল ফুটিং-এ কাজ করে। কোনও ইউনিয়নকে যদি সরকারিভাবে রিকগনিশন দেওয়া হয়ে থাকে এবং সেখানে ম্যানেজমেন্ট স্বেচ্ছায় বসে কোনও বাইপারটাইট অ্যাগ্রিমেন্ট করলে সেই চুক্তি আইনের চোখে ত্রিপাক্ষিক চুক্তির মতো এবং সেটা সকলের উপর সমানভাবে প্রযোজ্য।

এখানে যদি ম্যানেজমেন্ট ইউনিয়নের সঙ্গে আলোচনা করে একটা দ্বিপাক্ষিক চুক্তিতে এসে থাকে তাহলে সেখানে যে আনরিকগনাইজড ইউনিয়ন আছে অর্থাৎ দ্বিতীয় ইউনিয়ন যেটি রয়েছে তাদের উচিত ছিল রিকগনাইজড ইউনিয়নের সঙ্গে একটা বোঝাপড়া করা এবং তাদের পছন্দমতো একটা অবস্থার সৃষ্টি করে কাজে ফিরে যাওয়া। কিন্তু সেসব কিছু না করে শুধু যদি প্রেস্টিজের লড়াই হয় তাহলে হাজার চেষ্টা করলেও কোনও সুফল পাওয়া যাবে না। এক্ষেত্রে আমি দেখলাম যে ম্যাসেজের কথা আমরা বলেছিলাম, জরুরি অবস্থার সময় যে বাণী, যে ব্রত মানুষের কাছে বহন করে নিয়ে যাবার প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম সেটা আমরা বহন করিনি, বরং উল্টো কথা আমরা সাধারণ মানুষকে বোঝাচ্ছি। এর ফলে সাধারণ মানুষের মধ্যে বিশেষ করে শ্রমিকদের মধ্যে বিভ্রান্তি এসেছে এবং কোথাও কোথাও বিক্ষোভ হচ্ছে। স্যার, ন্যাশনাল টোবাকো কোম্পানিতে বহুদিন আগে অর্থাৎ পূজোর ছুটির পর যেদিন অফিস খুলল সেদিন আমি শুনলাম হঠাৎ কিছু লোককে রিট্রেঞ্চমেন্টের নোটিশ দেওয়া হয়েছে। সেখানে ১টি ইউনিয়ন ছিল, কিন্তু পরে আমি শুনলাম সেখানে আর একটা ইউনিয়ন হয়েছে যেটি কংগ্রেসের ইউনিয়ন এবং সেখানে নাকি আবার তৃতীয় ইউনিয়ন হতে চলেছে। সেখানে শ্রমিকরা স্পন্টেনিয়াস স্ট্রাইক করল এবং সেই স্ট্রাইক আজ পর্যন্ত বলবৎ আছে। এর ফলে ন্যাশনাল টোবাকোর কাজ চলছে না, ম্যানেজমেন্ট সেখানে কোনও লক আউট ডিক্লেয়ার করেনি, আমরা আলাপ আলোচনা করছি। পূজোর ছুটির পর প্রথম যেদিন অফিস খুলল অর্থাৎ ২১শে অক্টোবর সেদিন ধর্মঘটের খবর পেলাম এবং ২৩/২৪ তারিখ আমি একটা ত্রিপাক্ষিক মিটিং ডাকি। সেই মিটিং-এ ইউনিয়নের সামনে আমি যে প্রস্তাব দিয়েছিলাম সেই প্রস্তাব তারা নাকচ করে দিয়ে চলে গেলেন। পরশুদিন ইউনিয়নের নেতারা বিরোধীপক্ষের নেতার মাধ্যমে টেলিফোন করে আমাকে জানালেন যে অক্টোবর মাসের ২৩/২৪ তারিখে আপনি যে প্রস্তাব দিয়েছিলেন সেই প্রস্তাব আমাদের কাছে গ্রহণযোগ্য, সেই প্রস্তাব ম্যানেজমেন্ট দিয়ে রাজি করান। কিন্তু স্যার, এই সময়ের মধ্যে গঙ্গা দিয়ে অনেক জল বয়ে গেছে। ভারত সরকার ইন্ডাস্ট্রিয়াল ডিস্পিউট অ্যাক্টের আরও পরিবর্তন করেছে, তাতে চ্যাপ্টার ফাইভ যুক্ত হয়েছে। সেখানে বলা হয়েছে রিট্রেঞ্চমেন্ট লক আউট এবং ক্লোজারের ক্ষেত্রে শুধু নোটিশ দিলেই হবে না, সেখানে সরকারের কাছ থেকে সংশ্যাংশন নিতে হবে এবং সরকারকেও বলতে হবে এই রিট্রেঞ্চমেন্ট লক-অফ ইলেস অর নো, সরকারকে যদি 'নো' বলতে হয়, তাহলে কারণ দেখাতে হবে যে কি কারণে পারমিশন দিলাম না। এই নুতন চ্যাপ্টার আসার ফলে মালিক পক্ষ লাগু হল এবং সেখানে বলা হল ফ্রম দি ডেট অব কমেন্সমেন্ট—ইট উইল বি নোটিফায়েড লেটার অন, সেই নোটিফিকেশন আজ পর্যন্ত হয়নি শুনছি ১লা মার্চ থেকে নাকি চালু হবে। আইন করলাম কিন্তু সঙ্গে সঙ্গে সেটা চালু করলাম না ফলে সেই আইন জাস্ট লাইকে এ রেড ব্র্যাকেট ইন ফ্রন্ট বুস আইজ হয়ে গেল। অর্থাৎ ম্যানেজমেন্ট শঙ্কিত হয়ে প্রভোকড হয়ে তারা দুমদাম অ্যাকশন নিয়ে আরম্ভ করলেন, আজকে ম্যানেজমেন্ট আমার সে দিনের প্রস্তাব মানতে রাজি নন। তারা চায় ওয়ান্স ফর অল দি এন্টায়ার ইস্যু শুড বি সেটেল্ড। সুতরাং সেই সে ২৫শে অক্টোবর আমি যে প্রস্তাব দিয়েছিলাম, সেদিন যদি ট্রেড ইউনিয়ন আমার সেই প্রস্তাব গ্রহণ করতেন, তাহলে বিরোধী পক্ষের নেতার এই প্রসঙ্গ তুলতে হত না এবং আমাকেও এখানে দাঁড়িয়ে জবাবদিহি করতে হত না। ২৩-২৪ অক্টোবরের আমার যে প্রস্তাব তারা গ্রহণযোগ্য বলে মনে করতেন না, তিন দিন আগে আমাকে টেলিফোন

করে জানানো হল যে ঐ প্রস্তাব তুমি কোনও রকমে মালিক পক্ষকে দিয়ে স্বীকৃত করাও, আমরা ওটা মানতে রাজি আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনটি উদাহরণ তোলা হয়েছে মূলত সেই তিনটি জায়গায় শ্রমিক পক্ষ একতরফাভাবে স্ট্রাইক করেছে এবং একটি জায়গাতেও ম্যানেজমেন্ট লক-আউট করেনি। স্যার, আমার হাতে একটা হাতিয়ার আছে—ইন্ডাস্ট্রিয়াল ডিস্পিউট অ্যাক্টের ১০(৩), তাতে বলা হয়েছে সরকার উপযুক্ত বিবেচনা করলে, স্ট্রাইক বা লক-আউটকে বে-আইনি ঘোষণা করে সেখানে অর্ডার ডাইরেক্ট করতে পারে যে তোমরা কাজে ফিরে যাও বা কাজ চালু কর, কারখানা খুলে দাও এবং ডিস্পিউটেড ইস্যুতে ট্রাইব্যুনালে পাঠাতে পারে। ঐ তিনটি ক্ষেত্রে আমি সেকশন ১০(৩) আমি করিনি এবং যতদিন এই পদে বহাল থাকব, আমি করব না। সেকশন ১০(৩) মানে, শ্রমিকদের বিরুদ্ধে সিদ্ধান্ত নিতে হবে এবং আমাকে বলতে হবে তোমাদের স্ট্রাইক বে-আইনি। আমি সেকথা বলতে চাই না। স্ট্রাইক আইন সঙ্গত কি বে-আইনি সে বিচারে আমি যেতে চাই না। শ্রমিকরা ভুল নেতৃত্বের দ্বারা পরিচালিত হয়ে যখন স্ট্রাইকের পথে চলে যায় সেখানে সরকারের দায়িত্ব তাদের আরও বিপদের মধ্যে অর্থাৎ ট্রাইব্যুনালের মধ্যে ফেলে না দিয়ে তাদের কোনও রকমে সামলে তাদের যতটুকু সম্ভব অধিকার বজায় রেখে, যতটুকু সম্ভব সুবিধা পাইয়ে দিয়ে সুস্থ অবস্থা সৃষ্টি করে কারখানা পুনরায় চালু করা। সেজন্য ঐ সেকশন ১০(৩) আমরা করিনি এবং কোথাও আজ পর্যন্ত দেখাতে পারবেন না ওটা আমরা করেছি। ১৯৭২ সাল থেকে সেকশন ১০(৩)-এর সুযোগ নিয়ে আমরা কোথাও কোনও স্ট্রাইককে বে-আইনি করিনি। কিন্তু অন্যান্য প্রদেশে এই জিনিস হয়েছে—সেকশন ১০(৩)-এর সাহায্যে তারা স্ট্রাইক বে-আইনি করেছে। অবশ্য আমাদের পশ্চিমবাংলাতেও ইতিপূর্বে অন্যান্য সরকারের সময় এই ১০(৩) ধারার সুযোগ নিয়ে স্ট্রাইক বে-আইনি ঘোষণা করা হয়েছে। ট্রাইব্যুনালে ইস্যু পাঠিয়ে দেওয়া হয়েছে এবং শ্রমিকদের কাজে ফিরে যেতে বাধ্য করা হয়েছে এবং কোনও কোনও শ্রমিক নেতাকে জেলেও পুরা হয়েছে। ১৯৭২ সাল থেকে '৭৪ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার যে নীতি নিয়ে চলেছে, তার কোনও পরিবর্তন হয়নি। যে আদর্শ থেকে, যে নীতি থেকে পেমেন্ট অব গ্র্যাচুইটি অ্যাক্ট হয়েছিল, ক্লোজারের উপরে অ্যাম্বার্গো হয়েছিল, যে আদর্শ থেকে পেমেন্ট অব হাউস রেন্ট অ্যালাউন্স হয়েছিল সেই আদর্শে আজ পর্যন্ত সরকার দৃঢ়ভাবে দাঁড়িয়ে আছে এবং সেই আদর্শে পশ্চিমবাংলার বর্তমান সরকার দাঁড়িয়ে থাকবে অবশিষ্ট সময়টুকু।

[5-20 — 5-30 p.m.]

সেই আদর্শের বলে এমন কোনও ব্যবস্থা অবলম্বন করিনি যাতে শ্রমিকদের আন্দোলন ক্ষতিগ্রস্থ হয়, শ্রমিক শ্রেণীর মধ্যে বিভ্রান্তি হয়, বিশৃঙ্খলা আসে। কিন্তু দুর্ভাগ্যক্রমে ভুল নেতৃত্ব, ব্যর্থ নেতৃত্ব, স্বার্থ প্রণোদিত নেতৃত্ব, স্বার্থপরায়ণ নেতৃত্ব, ব্যক্তিগত স্বার্থ হয়ত নাও হতে পারে, রাজনৈতিক স্বার্থ প্রণোদিত নেতৃত্ব বারবার পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষকে ভ্রান্ত পথে নিয়ে গিয়েছে। কোনওদিন এদের সঠিক পথে পরিচালিত না করে। কোনওদিন এদের সঠিক পথে নির্দেশ দেয়নি। তাই সরকার আইন করে পেমেন্ট অফ গ্র্যাচুইটি অ্যাক্ট পাস করাতে হয়েছিল যদিও কোনও শ্রমিক সংস্থার পক্ষ থেকে এই সম্বন্ধে কখনও কোনও দাবি ওঠেনি। তাই সরকারকে আইন তৈরি করে ক্লোজের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হয়েছিল, যদিও কোনও শ্রমিক প্রতিষ্ঠানের পক্ষ থেকে শ্রমিক নেতৃত্বের পক্ষ থেকে কখনও এই নিয়ে

কোনও দাবি ওঠেনি। কোনও আন্দোলন কখনও হয়নি তবুও পেমেন্ট অফ হাউস রেন্ট অ্যাক্ট এখানে পাস হয়েছে। আপনি জানেন বাড়ি ভাড়ার দাবি নিয়ে কোনও দিন কোনও শ্রমিক সংস্থা শ্রম আন্দোলন গড়ে তোলেনি। এটা পশ্চিমবঙ্গের মাটিতে গড়ে তোলেননি বা গড়ে তোলার স্বপ্নও দেখেননি। তাই গড়ার কথাও বলেননি। সরকারকে একাধারে দুটো দায়িত্ব পালন করতে হয়েছে। শ্রমিকের যেগুলো ন্যায়সঙ্গত অধিকার সেগুলো সরকারকে আইনের সাহায্যে পাইয়ে দিতে হয়েছে। দ্বিতীয়ত যেখানে শ্রমিকেরা ভ্রান্ত নেতৃত্বের বশবর্তী হয়ে ভুল ট্রেড ইউনিয়ন পথে নিজেদের বিপদগ্রস্থ করেছে সেখানে সরকার দায়িত্ব নিয়ে, এক কথায় শ্রমিকদের নেতৃত্ব দিয়ে সেখানে মালিকদের সঙ্গে সমঝোতা করে শ্রমিকদের পুনরায় কাজে যাবার সুযোগ সৃষ্টি করেছে। এইটা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান অবস্থা। একাধারে আইন প্রণয়নের মাধ্যমে শ্রমিক শ্রেণীর স্বার্থ সংরক্ষণ করে চলতে হয়েছে আর অন্যদিকে বিভ্রান্ত ব্যর্থ ট্রেড ইউনিয়ন নেতৃত্বের ফলে পশ্চিমবঙ্গ সরকারকে ট্রেড ইউনিয়ন আন্দোলন পরিচালিত করে অধিকাংশ ক্ষেত্রে দায়িত্ব গ্রহণ করতে হয়েছে। এটা ট্রেড ইউনিয়ন সংস্থাগুলির পক্ষে প্রশংসা বা গৌরবের ব্যাপার নয়। এই ব্যাপারে ট্রেড ইউনিয়ন নেতৃত্ব যদি একটু আত্ম অনুসন্ধান করে তাহলে তাদের কাছে ধরা পড়বে। প্রত্যেক ট্রেড ইউনিয়নের এই দৈন্য এবং দুর্বলতা আমি বারবার লক্ষ্য করেছি এই দীর্ঘ চার বছর। খুব হাসির কথা আমি যেদিন দিল্লি থেকে ফিরলাম দমদম এয়ার পোর্টে কোনও কোনও ট্রেড ইউনিয়ন নেতা খবরের কাগজ নিয়ে আমার সঙ্গে দেখা করে বললেন এই দেখুন কাল থেকে বাটায় ধর্মঘট শুরু হয়েছে। একটা কিছু করুন। আমি বললাম এত ব্যস্ত হবার কি আছে। লড়াই করতে নেমেছেন প্রতিপক্ষের সঙ্গে। লড়াই করতে নেমে, মারামারি করতে নেমেই সঙ্গে সঙ্গে বন্ধুদের বলছেন পেছনে থেকে আমায় তাড়াতাড়ি টানেন, আমি আর মারামারি করতে পারছি না। এটা সু-নেতৃত্বের চিহ্নও নয়, আর সুচিন্তিত সিদ্ধান্তের একটা নিদর্শনও নয়। ধর্মঘট যখন করেছেন, প্রস্তুতি নিয়েই করেছেন। ধর্মঘট করেছেন অপেক্ষা করুন। ধর্মঘট হচ্ছে ক্যালেক্টিভ বারগেনের একটা চরম অস্ত্র। এখানে এক পক্ষ জিতবে, এক পক্ষ হারবে। সুতরাং এত উত্তোলিত হওয়ার কি আছে? ধর্মঘট সরকারের অনুরোধ, উপরোধ, সরকারের প্রচেষ্টা উপেক্ষা করে করেছিলেন। সুতরাং ধর্মঘট করেছিলেন সরকারি ব্যবস্থা তোয়াক্কা না রেখেই। এইবার আন্দোলনের মাধ্যমে আমার হক দাবি বলে আমি যা মনে করি সেটা আদায় করে নেব। তাই যদি হয়, সেই ফিলজফি যদি ধর্মঘটের হয়, তাহলে তিন দিনের মধ্যে এত উত্তেজিত, এত আতঙ্কিত হওয়ার কি আছে। আমি তো জানি এ ধর্মঘট ব্যর্থ হতে বাধ্য—কারণ এখানে ব্যর্থ নেতৃত্ব। ব্যর্থ নেতৃত্ব পরিচালিত কোনও সংগ্রাম সফল হতে পারে না। আমি তো জানি ওই ধর্মঘটের শেষ নেতৃত্ব দিতে হবে পশ্চিমবাংলার শ্রম দপ্তরকে। আমি তো জানি ওই শ্রম দপ্তরের নেতৃত্বে যদি শ্রমিকেরা কিছু পায় তো পাবে। যে নেতৃত্ব তাদের ধর্মঘটের পথে ঠেলে নিয়ে গিয়েছে, সেই নেতৃত্বের পরিচালনায় ওই ধর্মঘটের মাধ্যমে ওই বাটার শ্রমিকেরা এক কানাকড়িও অর্জন করতে পারে না। এসব তো জানাই আছে। তো কেনই বা ধর্মঘট করা আর কেন তার তিন দিন পরে বিধানসভায় এসে অ্যাডজোর্নমেন্ট মোশন দেওয়া যে আমরা ধর্মঘট করেছি বিধানসভার সমস্ত আলোচনা বন্ধ করে আমাদের ধর্মঘট সম্বন্ধে আগে মীমাংসা করে দাও। এর কারণ আমি আজও বুঝতে পারলাম না। আমি সামান্য হলেও কিছু কিছু ট্রেড ইউনিয়ন করেছি। কিন্তু কখনও এইভাবে সরকারের শরণাপন্ন হয়ে বলিনি, ওগো ধর্মঘট

করেছি, আমায় বাঁচাও, আমাকে ধর্মঘট উইথড্র করার রাস্তা বাতলে দাও যাতে সম্মানজনকভাবে পালিয়ে আসতে পারি। আর আমি লড়াই করতে পারছি না, এই দৃষ্টিভঙ্গি নিয়ে আমি কখনও ট্রেড ইউনিয়ন করিনি। আজকে আমরা যে অবস্থার মধ্যে দিয়ে চলেছি, এখানে ট্রেড ইউনিয়ন নেতা যারা উপস্থিত আছেন তাদেরকে অনুরোধ করব আপনারা যে কথা বলেন, দেয়ার মাস্ট নট বি টু ল্যাঙ্গুয়েজেস।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বোধ হয় আমাদের সকলের বোঝবার সময় এসেছে যারা যারা জরুরি অবস্থাকে সমর্থন জানিয়েছেন, যারা ২০ দফা জাতীয় কর্মসূচি প্রধানমন্ত্রী যা ঘোষণা করেছেন সেটাকে রূপায়ণ করতে সঙ্কল্প এবং প্রতিশ্রুতি দিয়েছেন, প্লেজ গ্রহণ করেছেন এবং বলেছেন যে সর্বস্ব পণ করে এই ২০ দফা কর্মসূচিকে রূপায়ণ করব, সমাজতন্ত্রের দিকে এক ধাপ দেশকে এগিয়ে নিয়ে যাব, তাদের আমি অনুরোধ করব আপনারা দু ভাষায়, কথা বলবেন না, এখানে এক ভাষায় কথা বলবেন, সভা-সমিতিতে এক ভাষায় কথা বলবেন, রাস্তা ঘাটে সাধারণ মানুষের কাছে আর এক ভাষায় কথা বলবেন, এতে করে আমরা এগিয়ে যেতে পারব না। আমি কোনও কটাক্ষ করছি না ডাবল ল্যাঙ্গুয়েজ, ডুয়েল পা[illegible]মের জন্য—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধীপক্ষের মাননীয় নেতাদের আমি বলব আপনারা ২০ দফা কর্মসূচি রূপায়ণে প্রতিশ্রুতি নিয়েছেন। পশ্চিমবঙ্গে বন্ডেড লেবার প্রথার অবসান ঘটেছে, ভারত সরকার কর্তৃক আইন প্রণয়ন করার সঙ্গে সঙ্গে। মাননীয় সদস্যদের একজনও কি আমাদের বলবেন যে আপনারা নিজের নিজের কনস্টিটিয়েন্সিতে এক মিনিট সময় নষ্ট করেছেন অনুসন্ধান করতে ইন দি ভেইল্‌ড্‌ ম্যানিফেস্ট ফর্ম যে নিজেদের কনস্টিটিয়েন্সিতে বন্ডেড লেবার আছে কি নেই? কেউ তা করেননি। বিশ্বনাথবাবু চিৎকার করে কোনও লাভ নেই—নিজ নিজ কনস্টিটিউয়েনসি অনুসন্ধান করলে দেখা যাবে বন্ডেড লেবার আছে কি নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বার বার বলেছি কমিশনার অব শিডিউল্ড কাস্টস অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস বোর্ডে আমাদের পশ্চিমবঙ্গের নাম নেই তথাপি আমার দৃঢ় বিশ্বাস ম্যানিফেস্ট ফর্মে নেই, কিন্তু ইন দি ভেগ ফর্মে থাকতে বাধ্য যেখানে মারাত্মক প্রপার্টি আছে। বিশ্বনাথবাবু বিশেষ চিন্তাশীল মানুষ, তিনি জানেন যে যেখানে এত মারাত্মক ধরনের প্রপার্টি আছে সেখানে মারাত্মক ধরনের এক্সপ্লয়টেশন থাকতে বাধ্য। টু কো-একজিস্টেন্সেস, ওয়ান ক্যানন্ট একজিস্ট উইদাউদ দি আদার। প্রভার্টি যদি থাকে এক্সপ্লয়টেশন মারাত্মক ফর্মে থাকতে বাধ্য। দিজ আর দি ইন্সেপারেবল ফ্যাক্টরস। সুতরাং ম্যানিফেস্ট বন্ডেড লেবার নেই, এতে কিছু ডেফিনেশন নেই, সেইভাবে নেই, কিন্তু ভেইল্ড ফর্মে আছে। তাই আমি মাননীয় সদস্য বিশ্বানাথবাবুকে বলব আমার দৃঢ় বিশ্বাস শ্রম দপ্তর থেকে সর্বপ্রথম সমীক্ষা চালিয়ে আমাদের আমলে যে তিনটি রিপোর্ট জেলা ভিত্তিতে বের করেছি তার মধ্যে বাঁকুড়ার রিপোর্টে, দেবব্রত ব্যানার্জির, সেখানে দেখতে পাবেন ঐ ভেগ ফর্মে আছে, পুরুলিয়াতেও ভেগ ফর্মে আছে—কিছুদিন আগে স্থানীয় সংবাদপত্রে আমি দেখেছি, এ সম্বন্ধে একবার অনুসন্ধান করে দেখা হয়েছে। মাননীয় রাজ্যপাল মহাশয় একটা খুব দুরূহ সমস্যা পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জে, বাংলাদেশের মহাল্লায়, শিডিউল্ড কাস্ট পল্লীতে কোথায় কি ফর্মে বন্ডেড লেবার লুকিয়ে আছে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের ক্ষমতা নেই অনুসন্ধান করে বের করার, যদি না অফিসারের সোয়েট লেবার, বন্ডেড লেবাররা সাহায্য করেন। আমার দপ্তরের কথা নয়, ১০/১৫ জন অফিসারের পক্ষে সম্ভব নয় ৪ কোটি

৮৬ লক্ষ জনসাধারণের মধ্যে কে কোথায় কিভাবে আছে এটা অনুসন্ধান করা—মাননীয় সদস্যরা কেউ অনুসন্ধান করছেন না। আমি তাই বলছি ডাবল ল্যাঙ্গুয়েজে কথা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে অধিকাংশ শিল্পে নিযুক্ত ভূমিহীন শ্রমিক—সেই শ্রমিকদের জন্য বেতনহার নির্দ্ধারিণ করেছি এবং আমি গর্বের সঙ্গে বলছি এই সরকার ভারতবর্ষে প্রথম একটি নতুন দিগন্তের উন্মোচন করেছেন মিনিমাম ওয়েজ নির্দ্ধারিত করে গিয়ে—ইতিপূর্বে কোনও সরকার বা ইউনাইটেড ফ্রন্ট সরকার এই ধরনের আনঅর্গানাইজড সেক্টর, সোয়েটেড সেক্টরের জন্য মিনিমাম ওয়েজ ধার্য করেছেন, কখন কনজিউমারস প্রাইস ইন্ডেক্স, লিংকিং-এর কথা চিন্তা করেননি। এই সরকার প্রথম সমস্ত ক্ষেত্রে মিনিমাম ওয়েজ ধার্য করতে গিয়ে এগ্রিকালচারাল লেবারদের মিনিমাম ওয়েজ ধার্য করতে গিয়ে, পিপলের প্রতিবন্ধকতা সত্ত্বেও কনজিউমারস প্রাইস ইন্ডেক্স, লিংকিং করল, সে লিঙ্কিং চলছে। তার ফলে ৫ টাকা ক-পয়সার মজুরি ৮ টাকা ১০ পয়সায় আইন সঙ্গতভাবে এসে দাঁড়িয়েছে। আমি বিরোধী সদস্যদের জিজ্ঞাসা করছি আপনারা নিজস্ব নিজস্ব গ্রামীণ কনস্টিটিউয়েন্সিতে এক মিনিট সময়ও ব্যয় করেছেন দেখবার জন্য যে কোথাও ৬.৫৫ কি ৮ টাকা ক-পয়সা পাচ্ছে কিনা? একটি নালিশও কি বি. ডি. ও.-র কাছে গিয়ে করেছেন যে অমুক অমুক মালিক কম মজুরি দিয়ে খাটিয়েছে? আপনি দেখেছেন আইনে স্পেশাল লাইন, ইন্সপেক্টর নিযুক্ত হয়েছে—ইন্সপেক্টরের দায়িত্ব প্রতিপালন করার আগে আপনারা ইন্সপেক্টরসে প্রসিডিউট করুন—একটি কেসও আপনারা রিপোর্ট করেননি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাই ইনপার্টিনেন্স মে বি এক্সকিউজড যদি আমি অন্যায় কিছু বলি—আমি জিজ্ঞাসা করব যে সমস্ত মাননীয় সদস্যদের জমি আছে যারা হায়ার্ড লেবার দিয়ে চাষ করেন তারা অনুসন্ধান করে দেখুন সরকারি নোটিফায়েড হারে মিনিমাম ওয়েজ দিচ্ছেন কিনা? আমার যতদূর ধারণা অধিকাংশ সদস্যই দিচ্ছেন না।

[5-30 — 5-40 p.m.]

এর পরও বিধানসভায় এসে আমরা বলব we are committe to 20 point programme, we are committe to see that Prime Minister's programme is implemented. এই দু ভাষায় কথা বলা যতদিন না বন্ধ করতে পারছি ততদিন আমরা দেশের কাছে এবং দশের কাছে বিশ্বাসঘাতকতাই করে চলেছি, তার বেশি কিছু করতে পারছি না। দু রকম চেহারা যদি ভারতবর্ষের মানুষের থেকে যায় তাহলে এই ভারতবর্ষের আত্মার কোনওদিন মুক্তি নেই, এই দারিদ্র এবং লাঞ্ছনার পরিসমাপ্তি আমরা কোনওদিন ঘটাতে পারব না। তাই আমি অনুরোধ করব, এই ডবল রোল ছেড়ে দিন। বিধানসভায় এসে ঐ প্রেস গ্যালারির দিকে লক্ষ্য করে এক ধরনের বক্তৃতা করা আর সাধারণ মানুষের কাছে গিয়ে আর এক ধরনের বক্তৃতা করা—আমি জানি না আজকে সেনসার হবার পরও আপনারা কেন এই ধরনের করছেন, এ তো ছেপে বেরোয় না, তো আমি বলি, আপনারা অনুগ্রহ করে সরকারের সঙ্গে সহযোগিতা করুন। অন্তত আমরা কমিটেড ফর ইমপ্লিমেন্টশন অব দোস প্রোগ্রামস এবং সেই অনুযায়ী সত্যি সত্যি ব্যবস্থা অবলম্বন করছি কিনা আলোচনা করে দেখুন। ইমপ্লিমেন্টেশন কমিটি হয়েছে, সেখানে আলোচনা হয়েছে, সেখানে আমরা কৈফিয়ত দিয়েছি কি কি করছি কি কি করছি না। সেখানে আপনাদের সদস্যারাও উপস্থিত ছিলেন, তারা সেখানে একটাও সমালোচনা করেননি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সমবেত প্রচেষ্টা হওয়া

উচিত যে যত দ্রুত সম্ভব ন্যায় সঙ্গতভাবে শ্রমিক মালিক বিরোধ যেখানে যেখানে আছে...(**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ—আমাদের দিকে তাকিয়ে শুধু বলছেন কেন?**) আমি হোল হাউসকেই বলছি। আমাকে তো একদিকে তাকাতে হবে। আমি সামনে, পেছনে সব দিকে তাকিয়েই বলছি। সত্য কথা যখন বলছি তখন সব দিকে তাকিয়েই বলছি। যাই হোক, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলব, আজকে বিতর্কের দিন নয়। বাটার ব্যাপারে অ্যাডজর্নমেন্ট মোশন বিধানসভায় এনে বাটা সমস্যা সম্বন্ধে আলোচনা আগে করে কেন আগে মিটমাট হচ্ছে না সেটা বড় কথা নয় আজকে সত্যই কি এই ম্যাসেজ টু দি পিপল ক্যারি করতে পেরেছি, সত্যিই কি পিপলকে ইন্সপ্যায়ার করতে পেরেছি, আজকে কি পিপলকে প্রপারলি অরিয়েন্ট করতে পেরেছি সেটাই হচ্ছে বড় কথা। আজকে এই ব্যর্থতার কৈফিয়ত কে দেবে? এই অভিযোগ আমি কোথায় রাখব? সাধারণ মানুষের কাছ থেকে বিশেষ করে নেতৃস্থানীয় ব্যক্তিদের কাছ থেকে আজকে সরকার সহযোগিতা পাচ্ছেন না এই সমস্ত কার্যসূচি সঠিকভাবে রূপায়ণ করার জন্য। আজকে বিভিন্ন আইন হয়েছে। এই আইনে যে সাধারণ ভ্যালনারেবল সেকশন বিশ্বনাথবাবু যাদের কথা বললেন, রিয়েলি ভ্যালনারেবল সেকশন যারা তাদের প্রভূত সুযোগ ভারত সরকার, পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন আইনের মাধ্যমে করে দিয়েছে, আমরা কজন সদস্য সেই আইনের খুঁটিনাটি বিবেচনা করে কটা মানুষকে সেই আইন অনুযায়ী সুবিধা পাইয়ে দেবার ব্যবস্থা করেছি বা সেই দিকে পদক্ষেপ করেছি তার কৈফিয়ত কি আমরা এখানে দিচ্ছি, তার হিসাব নিকাশ কি আমরা এই বিধানসভায় দিয়েছি? যদি সেটা করতে গিয়ে কোথাও বাধা পেয়ে থাকি সরকারি নীতির জন্য বা মন্ত্রীর নির্দেশের জন্য বা সরকারি কর্মচারির অবহেলার জন্য তাহলে নিশ্চয় দাবি করব এই বিধানসভায় দাঁড়িয়ে যে এই অবস্থার পরিসমাপ্তি চাই। কিন্তু কিছুই করলাম না, একটা পাও নাড়ালাম না, একটা হাতও ওঠালাম না বা এই আইনগুলি যাতে কার্যকর হয় তারজন্য সরকারি দপ্তরগুলির উপর একটা সক্রিয় চাপ সৃষ্টি করে তাদের আরও বেশি সক্রিয় করবার চেষ্টা করলাম না জনপ্রতিনিধি হিসাবে অথচ বিধানসভায় এসে লক্ষ লক্ষ অভিযোগ সৃষ্টি করলাম এর মানেটা কি আমি বুঝতে পারছি না। আমরা কি সত্যই সিন্সিয়ার এই ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য? তা যদি চাই বা তা যদি বিরোধীপক্ষের সদস্যরা চাইতেন তাহলে তাদের অন্য চেহারা অন্তত মাঠেঘাটে দেখতাম। যত ধর্মঘট তারা এই সময় করেছেন ১৯৭৪ সালে তাদের এত ধর্মঘট করতে দেখিনি। কেন ধর্মঘট? প্রধানমন্ত্রী তো বারবার বলেছেন ধর্মঘট করতে হবে না, ধর্মঘট করবার কোনও প্রয়োজন নেই। তারপর পার্টিসিপেশন ইন ম্যানেজমেন্টের কথা বলেছেন। কোনও ট্রেড ইউনিয়ন সংগঠন পার্টিসিপেশন ইন ম্যানেজমেন্টের তোয়াক্কা রাখছেন না, করবার কোনও উৎসাহ দেখাচ্ছেন না। হয় ল্যায়বিলিটি দেখাচ্ছেন আর না হয় বলছেন অমুক ইউনিয়ন ওখানে আছে তাদের সঙ্গে আমরা পার্টিসিপেশনে যাব না, বাট উই ক্যান নট ইগনোর দি ফ্যাক্টস অব লাইফ। এন. এল. সি. সি. এখানে ট্রেড ইউনিয়ন সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত। এন. এল. সি. সি. এখানে কাজ করছে। আমি তাদের চাই বা না চাই দিস ইজ দি ফ্যাক্ট অব দি ল ইফ যে এন. এল. সি. সি. এখানে আছে, দিস ইজ ফ্যাক্ট অব দি লাইফ দ্যাট আদার ইউনিয়নস আর হেয়ার, আমি তাদের ইগনোর করে কি করে একটা সংগঠন গড়ে তুলব? শ্রমিকদের একদিকে, এক লক্ষ গাইড করে প্রপারলি তাদের অ্যাক্টিভিটিকে কি করে চ্যানেলাইজ করব।

সুতরাং আমাদের কতকগুলি ঘটনাকে স্বীকার করে নিয়ে আমাদের চিন্তাধারাকে পরিবর্তন করবার বোধ হয় সময় এসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেদিক থেকে আমরা যাচ্ছি না। সেদিক থেকে না গিয়ে আমরা একটা স্ট্রেট জ্যাক্টে করে বাঁধবার চেষ্টা করছি। তা যদি করি তাহলে ২০ দফা কার্যসূচি রূপায়িত করার কাজে কেউ সাহায্য করতে পারবেন বলে আমার মনে হয় না। আজকে যে নুতন দিগন্ত আমাদের সামনে খুলে গেছে সেই দিগন্তের মধ্যে কাজ করতে গেলে আমাদের নুতন মন নিয়ে কাজ করতে হবে, নুতন চেতনা নিয়ে কাজ করতে হবে। ঐ পুরানো যে লিমিটেড চেতনা, যে স্ট্রেট জ্যাকেট সেই স্ট্রেট জ্যাকেটের মধ্যে কাজ করা যাবে না, তার মধ্যে যথেষ্ট উদারতা আনতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তার অভাব আমার বারবার দৃষ্টিগোচর হচ্ছে। যদি সহযোগিতা আমরা পেতাম তাহলে আমার দৃঢ়বিশ্বাস পশ্চিমবাংলার ইন্ডাস্ট্রিয়াল রিলেশনের ক্ষেত্রে এটা যুগান্তকারি পরিবর্তন হত। যদিও বাটায় তারা ধর্মঘট করেছেন, যদিও ন্যাশনাল টোবাকোতে ধর্মঘট করেছেন, যদিও ইন্ডিয়ান লিনোলিয়াম-এ তারা ধর্মঘট করেছেন এবং করে কমপক্ষে প্রায় ১৪/১৫ হাজার শ্রমিককে ধর্মঘটে নামিয়েছেন তবুও মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দৃঢ়কণ্ঠে এবং সমস্ত দায়িত্ব নিয়ে বিধানসভায় ঘোষণা করছি যে আজকে পশ্চিমবাংলায় যে ইন্ডাস্ট্রিয়াল রিলেশন আছে সারা ভারতবর্ষে এই ধরনের ইন্ডাস্ট্রিয়াল রিলেশন কোনও স্টেটে নেই এটা রিপোধীপক্ষের সদস্যরা জানেন। আজকে পশ্চিমবাংলার শ্রমিকরা যে মেসেজ ডাইরেক্টলি পেয়েছে সেটা ট্রেড ইউনিয়নের নেতৃত্বের মধ্যে দিয়ে নয়, ভারতের প্রতি তাদের যে মমত্ব, ভারত সরকারের প্রতি তাদের যে শ্রদ্ধা এবং বিশেষ করে প্রাইম মিনিস্টারের উপর যে আস্থা, ডাইরেক্ট ম্যাসেজ যে ওয়ার্কার পেয়েছে তাদের ট্রেড ইউনিয়নের নির্দেশ-এর তোয়াক্কা না রেখে, কোনও চুক্তির পরোয়া না করে তারা সেই ম্যাসেজ অনুযায়ী নিজের নিজের কাজ করে চলেছে। আজকে প্রত্যেক ইন্ডাস্ট্রিতে পার ক্যাপিটা প্রোডাকশন বেড়েছে। অধিকাংশ ইন্ডাস্ট্রিতে প্রচন্ডভাবে একটা ডিসিপ্লিন্ড বিহ্যাবিয়ার ওয়ার্কারদের মধ্যে লক্ষ্য করা যাচ্ছে। কোথাও কোথাও নিশ্চয়ই বিশৃঙ্খলা আছে। কিন্তু যে পরিমাণ বিশৃঙ্খলা আগে ছিল, যে পরিমাণ কার্যে বিমুখতা আগে ছিল সেই পরিমাণ কার্যে বিমুখতা আজকে নেই, তার আমূল পরিবর্তন হয়েছে।

[5-40 — 5-00 p.m.]

Shri Biswanath Chakraborty : Do the employers recognise this?

ডাঃ গোপাল দাস নাগ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যখন ট্রেড ইউনিয়নদের অভিযোগ করি, আমি নিশ্চয়ই এমপ্লয়ারদের মানা করব না। দুর্ভাগ্যক্রমে এটা হচ্ছে আয়নার ছবি দেখা। পশ্চিমবাংলার ট্রেড ইউনিয়ন এবং ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট এ দুই পরস্পর আয়নায় ছবি দেখার মতো। দুয়েরই চিত্র প্রায় এক। আমার দৃঢ় বিশ্বাস এরা দুপক্ষের কোনও পক্ষই মাননীয় প্রধানমন্ত্রীর যে ম্যাসেজ সেই ম্যাসেজ গ্রহণ করতে পারেনি। তা যদি পারতেন তাহলে আরও পরিবর্তন দেখা যেত। কিন্তু নিপীড়িত মানুষ, শ্রমজীবী মানুস, ভূমিহীন মানুষ, খেটে খাওয়া মানুষ এর ম্যাসেজ পেয়েছে। তারা বুঝেছে যে তাদের অবস্থার পরিবর্তন করতে গেলে কঠোর পরিশ্রমের মধ্যে করতে হবে এবং এই কঠোর পরিশ্রম করবার অধিকারী একমাত্র তারাই এবং তাই তারা উদ্দীপনা সহকারে এগিয়ে এসেছেন। আজকে শ্রমিক নেতারা যদি ঠিক ভাবে নেতৃত্ব দিতে পারেন, আজকে শিল্পপতিরা উদার মনোভাব নিয়ে প্রপার

আন্ডারস্ট্যান্ডিং দিতে পারেন তাহলে আমার মনে হয় পশ্চিমবাংলায় চিরকালের জন্য শিল্পে এমন একটা অবস্থার সৃষ্টি করতে পারব যে অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমি বলতে পারব যে পশ্চিমবাংলার শিল্পের উন্নতি আর কোনও মতেই ক্ষতিগ্রস্ত হবে না। ঘোষণা করেছিলেন ট্রেড ইউনিয়ন নেতারা—কোথায় তাদের কমিটেড, এই হাউসে কমিটেড, সর্ব ভারতীয় ক্ষেত্রে কমিটেড, ন্যাশনাল অ্যাপেক্স বডিতে কমিটেড—সব জায়গায় তাদের বক্তৃতা শুনেছি, এই বিধানসভায় বক্তৃতা শুনেছি, স্টেট ইমপ্লিমেন্ট কমিটির বক্তৃতা আমি শুনেছি আবার গেটে গেটে শ্রমিকদের মধ্যে কি বক্তৃতা করেছেন তাও আমি শুনেছি। আবার এখানে এসে আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে কি বলেছেন তাও শুনেছি। এর কোনওটার মধ্যে আমি সঙ্গতি খুঁজে পাচ্ছি না। তাই তাদের দিয়ে আরম্ভ করেছিলাম। মালিক পক্ষ নিয়ে আরম্ভ করিনি এ জন্য যে মালিকপক্ষ কিভাবে কমিটেড আমি জানি না। মালিকপক্ষের টু দি পিপল অব দিস কান্ট্রি কি কমিটমেন্ট আছে আমার জানা নেই, তাদের সোশালিজম সম্বন্ধে কি কমিটমেন্ট আছে আমার জানা নেই। তাদের কতটা ইন্টারেস্ট আছে এই দরিদ্র জনসাধারণের অবস্থার উন্নয়ন করা, মনুষ্যত্বের লাঞ্ছনার অবসান করার কতটা আগ্রহ আছে আমার জানা নেই।

Shri Biswanath Chakraborty : We are only committed to projects and nothing less.

ডাঃ গোপালদাস নাগ : বিশ্বনাথবাবু ঠিকই বলেছেন। সুতরাং তাদের মধ্যে সংগ্রাম আছেই, তাদের বিরুদ্ধে সংগ্রাম করবার জন্যই তো সংঘবদ্ধ। কিন্তু কোথায় আমাদের সবচেয়ে বড় হাতিয়ার ট্রেড ইউনিয়ন সংগঠন ; প্রপারলি ওরিয়েন্টেড ট্রেড ইউনিয়ন সংগঠন কোথায়? কোথায় প্রোপারলি মোটিভেটেড ট্রেড ইউনিয়নের নেতৃত্ব? শ্রমিকদের মধ্যে সেই সংঘবদ্ধতা কোথায় গড়ে তুলেছেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ট্রেড ইউনিয়নের নামে, শ্রমিক সংগঠনের নামে আজকে কি আমরা শ্রমিকদের বেশি বিভ্রান্তি, বেশি ডিভিসন সৃষ্টি করিনি? যদি সত্যি সত্যি শ্রমিকদের আমরা সংগঠন করতাম তাহলে আজকে পশ্চিমবাংলা শিল্পে একটা ইউনিয়ন থাকত। আবার যদি সত্যি সত্যি চাইতাম শ্রমিকরা সমস্ত শক্তি একত্রিত করে মালিক পক্ষের সঙ্গে লড়াই করুক তাহলে আমরা একটা কারখানায় ৭/৮/৯টা ইউনিয়ন করে পরস্পর পরস্পরের সঙ্গে ঝগড়া করে মালিকের হাতকে শক্ত করে শ্রমিকদের আন্দোলনকে ক্ষতিগ্রস্ত করে মালিকের হাতে চাবি কাঠি তুলে দিতাম না শ্রমিকদের ভাগ্য নিয়ন্ত্রের জন্য। এর জন্য বিশ্বনাথবাবু আইন করতে বলেছেন। কিন্তু বিশ্বনাথবাবু, যে ডিসিপ্লিন আমি সেলফ ইম্পোজ করতে পারছি না, আপনি গণতন্ত্রের মাধ্যমে, গণতান্ত্রিক পদ্ধতিতে আইন করে ইম্পোজিশন করে আপনি আনতে পারবেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় যে সমস্ত বিষয় নিয়ে ওরা এখানে জল ঘুলিয়েছেন, আমি বলব চলতি কথায় আবহাওয়া দুষিত করেছিলেন—আমি শুনলাম মাননীয় অধ্যক্ষ মহাশয় শুদ্ধু আমার খোঁজ করছিলেন, আমি এই রাজ্যপালের ভাষণের বিতর্কে অংশগ্রহণ করব না ঠিক করেছিলাম, আজকে সাত্তার সাহেব জোর করে ধরে নিয়ে এসেছেন, আমার মনে হয় সেই আবহাওয়া আমি পরিষ্কার করতে পেরেছি এবং প্রকৃত অবস্থা কি সেটা বোঝাতে পেরেছি। শেষ করার আগে আমি একটা কথা

বলছি, পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ, ট্রেড ইউনিয়ন অর নো ট্রেড ইউনিয়ন, সিটু, এ. আই. টি. ইউ. সি., আই. এন. টি. ইউ. সি., এন. এল. সি. সি., ইররেস্পেক্টিভ অব দি ইয়নিয়ন লিডারশিপ, আমি সব রকম যে কোনও ইউনিয়নের সঙ্গে কথা বলে দেখেছি—ডিসমিস হয়েছে ট্রেড ইউনিয়নের ভুল নেতৃত্বে শিকার হয়ে, তেমনি শ্রমিকদের সঙ্গে কথা বলেছি, তাকে নুতন করে চাকরির সন্ধান করে দিতে হয়েছে, সেই দায়িত্ব আমি গ্রহণ করেছি। কিন্তু আমি দেখেছি, He has received the message but unfortunately the trade-union leaders have not. He has understood the impact of Prime Minister's programmes. He has understood that impact of Prime Minister's programmes. He has understood his future fate. He has understood that the fate of his children are integrally linked with the success or failure of our efforts. Unfortunately, the trade-union leaders did not receive this message.

আমি তাদের কাছে আবেদন করব যদি সমান তালে চলতে না পারেন, শ্রমিকদের সেন্টিমেন্ট বুঝে তাদের প্রয়োজন বুঝে যদি না চলতে পারেন তাহলে সরে দাঁড়ান। তার চলার পথ সে করে নেবে। নেতৃত্ব সংগ্রামের মধ্যে দিয়ে আত্মপ্রকাশ করবে। কায়েমি নেতৃত্ব একটা শোষণের পন্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই কথা বলতে লজ্জিত যে কায়েমি নেতৃত্ব আজকে ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে দৃঢ় ভাবে বাসা বেঁধে আছে। সেই কায়েমি স্বার্থকে ভাঙ্গবার সময় বোধ হয় আজ এসেছে। আমি জানি না, আইন করে এটা ভাঙ্গতে হবে, কি শ্রমিকরা নিজেরা স্বতস্ফূর্ত ভাবে কায়েমি স্বার্থকে ভেঙ্গে দেবে। কি প্রয়োজনে, কোনও স্বার্থে একটা ইউনিয়ন থাকা সত্ত্বেও আর এক দল লোক গিয়ে কোনও রকমে তার মধ্যে থেকে কিছু লোককে ভাঙ্গিয়ে আর একটা ইউনিয়ন করে, এমন কি কারখানা বন্ধ থাকাকালীন আর একটা ইউনিয়ন করে সেই কারখানার শ্রমিকদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করবার চেষ্টা করছেন, দিস ইজ এ কাইন্ড অব ভেস্টেড ইন্টারেস্ট, মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার মতে এই ভেস্টেড ইন্টারেস্টের অবসান হওয়া দরকার, যদি আমরা শ্রমিকদের এক্সপ্লয়টেশনের হাত থেকে মুক্ত করতে চাই। যেমন আমরা চাই যে একচেটিয়া পুঁজিপতিদের হাত থেকে, তাদের জবরদস্তির হাত থেকে শ্রমজীবী মানুষকে, দেশের সমস্ত মানুষকে, এভরি কনজিউমার, এভরি ওয়ার্কিং ক্লাস ম্যান এবং দেশের ৫৫ কোটি মানুষকে মুক্ত করতে চাই তাদের কবল থেকে, তেমনি নানা ধরনের ছোটখাট কায়েমি স্বার্থ নানা ভাবে বসে রয়েছে এবং তারা মানুষের অসুবিধা সৃষ্টি করছে। কিন্তু কোনও সুবিধা সৃষ্টি করেনি। সময় এসেছে ভাববার, সেই ধরনের কায়েমি স্বার্থের বিরুদ্ধে সরকারকে কিছু কিছু ব্যবস্থা অবলম্বন করতে হবে কি না। তাই আমার অনুরোধ, যে পথে এতদিন গেছেন সেই পথটা সঠিক ছিল না। যে পথ শ্রমিকরা নিজে বুঝতে পেরেছে, সেই পথটাই বোধ হয় সঠিক পথ। সেই পথে শ্রমিকদের এগিয়ে চলতে সাহায্য করুন। তারা যাতে পার্টিসিপেশন ইন ম্যানেজমেন্ট—এ সাকসেসফুল হতে পারে। ভবিষ্যতে যাতে তারা কারখানায় শেয়ার হোল্ডার হয়ে টেকেন ওভার ইউনিয়গুলোর শেয়ার হোল্ডার হয়ে তাদের পরিচালনার দায়িত্ব নিতে পারে, তার জন্য তাদের উপযুক্ত ভাবে শিক্ষিত করে তুলুন। কারণ আগামী দিনে পার্টিসিপেশন ইন ম্যানেজমেন্ট শ্রমিক নিজেই করবে, শ্রমিকের ভেইল্ড ফর্মে, ব-কলমে কাউকে করবার অধিকার আজ ভারত সরকার

দেয়নি এবং সেই অধিকার দেওয়া উচিত নয়। সুতরাং সেই ভাবে তাদের উপযুক্ত করে তুলুন, তাদের সেইভাবে প্রশিক্ষণ দেওয়া দরকার, তাদের শিক্ষিত করে তুলুন। এই মহান ব্রত উদ্‌যাপন করতে যদি সফল হন তাহলেই শ্রমিকদের কল্যাণ করতে পারবেন। আর যেভাবে এক্সপ্লয়েট করছেন সেই ভাবে যদি চলতে থাকে তাহলে এই এক্সপ্লয়েটেশন-এর অবসান হবে না। এ কয়টি কথা বলে রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বীরেশ্বর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর বিতর্কে অংশগ্রহণ করতে উঠে আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের বামপন্থী বন্ধুগণ বিভিন্ন রকমের সমালোচনা করছেন, কিন্তু বিগত ৫ বছর ধরে পশ্চিমবঙ্গের বুকে উন্নতির সম্ভাবনা, যে কর্ম উদ্যোগের সম্ভাবনা দেখা দিয়েছে সেগুলি হয়ত তাদের নজরে ভালভাবে পড়েনি। একটা কথা পরিষ্কার বিগত যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী নিজেই বলেছিলেন যে এই পশ্চিমবঙ্গে জঙ্গলের রাজত্ব সৃষ্টি হয়েছিল। আজকে এটা আনন্দের কথা যে, '৭২ সাল থেকে '৭৬ সাল পর্যন্ত এই কয় বছরে সেই অবস্থা থেকে পশ্চিমবঙ্গ মুক্তি পেয়েছে, দেশে ল' অ্যান্ড অর্ডার ফিরে এসেছে এবং চারিদিকে উন্নতির সম্ভাবনা প্রজ্জলিত হয়ে উঠেছে। অঙ্কের হিসাবে দেখা যায় যে পূর্বে ১৩০ কোটি টাকা ঋণ ছিল, সেই ঋণ এই সরকার পরিশোধ করেছে, এছাড়া ওভার-ড্রাফট ছিল ৩০ কোটি টাকা এবং এ ছাড়া যুক্ত ফ্রন্ট সরাকর যে ৫৩ কোটি টাকার ঘাটতি বাজেট করে রেখে গিয়েছিল সেই ঘাটতি পূরণ করে উদ্বৃত্ত বাজেট নিয়ে আশা সম্ভব হয়েছে এই সরকারের পক্ষে। পশ্চিমবঙ্গের শিল্প বাণিজ্য এবং কৃষির ব্যাপক উন্নতি আজকে পরিলক্ষিত হয়। সব চেয়ে বড় কথা তিনটি প্ল্যানের ১৫ বছরে যে টাকা খরচ হয়েছিল ৫ম পরিকল্পনার ১ম ৩ বছরে তার চেয়ে ৩২ কোটি টাকা বেশি খরচ করা সম্ভব হয়েছে। এই খরচটা কর্ম উদ্যোগের মাধ্যমে করা সম্ভব হয়েছে, ঘরে চুপ করে বসে থাকলে এটা করা সম্ভব হত না। আমাদের শীশ মহম্মদ সাহেব একটা কথা বললেন, সেটা হচ্ছে জরুরি অবস্থার কথা। জরুরি অবস্থার জন্য তাদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে, তার কারণ তাদের রাজনীতি শেষ হয়ে গেছে, তাদের আর করবার কিছু নেই। জরুরি অব্যবস্থার জন্য তাদের অরাজকতা এবং বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে। এর ফলে আজ তাদের আর কিছু করবার নেই, এখন তাদের ত্রাহি ত্রাহি রব। আমরা যখন কলকাতার রাস্তা-ঘাটে চলাফেরা করি তখন জানতে পারি, বুঝতে পারি যে সাধারণ মধ্যবৃত্ত এবং বুদ্ধিজীবী মানুষ আজকে এই জরুরি অব্যবস্থা-কে স্বাগত জানাচ্ছে। তাই আজকে ওরা ওদের অস্তিত্ব বজায় রাখার জন্য এই সব আজে-বাজে কথা বলছেন।

[5-50 — 5-10 p.m.]

আর ২/১টি বিষয় উল্লেখ করে বলছিল দুর্বল শ্রেণীর উপর সবচেয়ে বেশি লক্ষ এই সরকার দিয়েছেন এবং তা খতিয়ান দেখলেই বোঝা যাবে। শিক্ষাক্ষেত্রে সবচেয়ে বেশি লক্ষ তাদের উপরেই দেওয়া হয়েছে। ৯০০ প্রাইমারি স্কুল যেখানে করা হবে সেখানে প্রাইমারী স্কুল হবে শিডিউল্ড কাস্ট এবং ট্রাইব-দের জন্য year mark করে দেওয়া হয়েছে। যুক্তফ্রন্টের সময় এসব জিনিস কোনওদিনই তারা করেনি। ২০ দফা কর্মসূচি যতগুলি দফা আছে তার প্রত্যেক দফা যদি আলোচনা করি তাহলে দেখব একমাত্র ওদের উন্নতি ছাড়া বড়লোকের কোনও সুবিধা এর দ্বারা হবে না।

[25th February, 1976]

শ্রী ভবানী পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার উন্নতির যে একটা সার্বিক চিত্র তুলে ধরা হয়েছে তা সম্ভব হয়েছে এই মন্ত্রিসভার ৪ বছর ধরে অক্লান্ত পরিশ্রমের ফলে। আজ ২০ দফা কর্মসূচির যদি প্রভূত ভাবে রূপায়ণ করতে হয় তাহলে গ্রামে যে অগণিত কৃষি-শ্রমিক আছে তাদের উপর দৃষ্টি সবচেয়ে আগে দেওয়া উচিত। কিন্তু কিভাবে এটা সম্ভব হতে পারে। আজ Block Dev. অফিসে যারা কর্মচারী আছে তাদের হাতেই অর্থনীতিকে চাঙ্গা করার সমস্ত পরিকল্পনা আছে। কিন্তু প্রতি বছর শীতের সময় তাদের নিযুক্ত থাকতে হয়, লেভি আদায় করার জন্য নভেম্বর মাসে শুরু করে মার্চ-এপ্রিল পর্যন্ত যখন উন্নয়নমূলক কাজ করা হয় তখন বি. ডি. ও. অফিস ও জেলা ম্যাজিস্ট্রেট অফিসের কর্মীদের নিযুক্ত থাকতে হয় লেভি আদায়ের জন্য এবং তাতে ডেভেলপমেন্ট এর কাজ হয় না। আমার জেলার বি. ডি. ও. অফিসের সঙ্গে করা বলে দেখছি বহু কাজ নির্দিষ্ট সময়ে শেষ হয় না। কারণ যে লোক আছে তারা ধার্য লেভি আদায় করা ও কর্মসূচি রূপায়ণ করা একত্র চলতে পারে না। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে অনুরোধ করব যদি পশ্চিমবাংলার উন্নয়ন করা হয় তাহলে প্রতি বছর এই লেভি আদায় করার দায়িত্ব বি. ডি. ও. অফিস থেকে নিয়ে অন্য মেশিনারির হাতে দিতে হবে। ওরা উন্নয়নমূলক কাজ করতে পারে। আমি আবার আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে আবেদন করব উভয় বাংলার উন্নয়নের জন্য উত্তরবাংলায় উন্নয়ন তরান্বিত করার জন্য তাদের প্রচেষ্টায় অভাব নেই। এর প্রমাণ তিস্তার কাজ আরম্ভ হতে চলেছে, মাটি গাড়ায় দুগ্ধ প্রকল্পের কাজ চলছে। দার্জিলিং উন্নয়নমূলক সংস্থাকে স্ট্যাটুটারি বোর্ড হিসেবে ডিক্লেয়ার করা হয়েছে? আমি ধন্যবাদ জানাই উত্তর বাংলার লোকদের তরফ থেকে। সাথে সাথে এই কথা বলতে চাই দার্জিলিং জেলার জনসংখ্যা ৬ লক্ষের কিছু বেশি, তার মধ্যে পাহাড়ি এলাকার অর্ধেক লোক আছে, আর অর্ধেক লোক নিয়োজিত চা-বাগানে। আপনি জানেন দার্জিলিং জেলা সারা পৃথিবীর মধ্যে সবচেয়ে ভাল এবং দামী চা উৎপাদন করে। দার্জিলিং জেলার চা শ্রমিকদের খরচ সমতল ভূমির একজন কর্মীর খরচের চেয়ে বেশি। শীতের দিনে চা শ্রমিকদের গরমের জামা-কাপড় পরতে হয়, তাকে আগুন জ্বালাতে হয়, তারজন্য তার খরচ বেশি হয়। দার্জিলিং জেলার চায়ের এক্সাইজ ডিউটি সব থেকে বেশি, প্লেনে ৮ আনা পার কেজি এক্সসাইজ ডিউটি, আর দার্জিলিং জেলায় ১.৫০ টাকা পার কেজি। কিছুদিন আগে কেজি-তে ১০ পয়সা কমেছে। সমস্ত ভারতবর্ষের শ্রমিকদের যে মজুরি আছে দার্জিলিং জেলার চা শ্রমিকদের মজুরি তাদের চেয়ে ৩৬ পয়সা কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সার্বিক উন্নতি তখনই সম্ভব যখন কৃষক এবং শ্রমিকদের মজুরির উন্নতি হয় এবং তারা ন্যায্য মজুরি পায়। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে চা বাগানের শ্রমিকদের হাউসিং এর জন্য লক্ষ লক্ষ টাকা দেওয়া হয়েছে, কিন্তু সেটা প্রয়োজনের তুলনায় খুব কম। ১৯৫৮ সালের পর থেকে পশ্চিমবঙ্গে চা শ্রমিকদের হাউসিং বোর্ড গঠিত হয়েছে, প্ল্যানটেশন হাউসিং স্কীমে অনুযায়ী সমস্ত ঘর পাকা করতে হবে, সেটা হয়েছে কি? আজ পর্যন্ত ৩০ পারসেন্টও পাকা হয়নি। কেন হয়নি এরজন্য জবাব দেবে কে? দার্জিলিং জেলার বহু মালিক প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি। এজন্য আইন আছে। মালিক পক্ষ যেখানে যেখানে প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি, ডিয়ারনেস অ্যালাওয়েন্সের টাকা দেয়নি, গ্র্যাচুইটি পেমেন্ট করেনি তারজন্য কোনও মালিকের বিরুদ্ধে মিসা করা হয়েছে কি? কোনও মালিককে জেলে পোরা হয়নি। নন-ইমপ্লিমেন্টেশনের জন্য কেস শুরু হয়েছে,

১০/৫ টাকা ফাইন দিয়ে বেরিয়ে এসেছে। শ্রমিক, কৃষকের অবস্থা যদি পরিবর্তন করতে না পারি, দেশের সার্বিক অর্থ নীতিকে যদি চাঙ্গা করতে না পারি, পশ্চিমবঙ্গের অর্থনীতিকে যদি চাঙ্গা করতে না পারি তাহলে পশ্চিমবঙ্গ বাঁচবে না। স্যার, এর আগে আমি প্রতিবার বলেছি উত্তরবঙ্গের অধিবাসীদের কথা। গত কয়েকটি প্ল্যান পিরিয়ডে পশ্চিমবঙ্গের অন্যান্য জেলা থেকে উত্তরবঙ্গে প্রোপর্শনেটলি অনেক কম খরচ করা হয়েছে। সেজন্য আপনার মাধ্যমে বিভিন্ন সময় এই অ্যাসেম্বলিতে আমার বক্তব্য রেখেছিলাম যাতে উত্তরবঙ্গে প্ল্যানের টাকা প্রোপর্শনেটলি বেশি খরচ করা হয়। উত্তরবঙ্গ ডেভেলপমেন্ট বোর্ডের কথা ঘোষণা করা হয়েছে। ১৯৭২ সালের পর থেকে এই ডেভেলমেন্ট বোর্ড অ্যাডভাইসারি বোর্ড হিসাবে পরিগণিত হয়েছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব দার্জিলিং-এ যেমন স্ট্যাটুটরি বোর্ড করেছেন তেমনি উত্তরবঙ্গ ডেভেলপমেন্ট বোর্ডকে অ্যাডভাইসারি স্ট্যাটাসে না রেখে তাকে স্ট্যাটুটারি পাওয়ার দেওয়া হোক। উত্তরবঙ্গের অধিকাংশ অধিবাসী হচ্ছে ব্যাকওয়ার্ড ক্লাস, রাজবংশী, আদিবাসী এবং রিফিউজি। এই অনুন্নত শ্রেণী যারা অর্থনৈতিক দিক থেকে অনেক পিছিয়ে রয়েছে তাদের উন্নতি করতে না পারলে উত্তরবঙ্গের উন্নতি সম্ভব নয়। সমস্ত উত্তরবঙ্গের উন্নয়ন যদি না হয় তাহলে পার্টিকুলার একটা জায়গায় ডেভেলপমেন্ট করলে উত্তরবঙ্গের সমস্যার সমাধান হবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-10 p.m.]

শ্রী সত্য ঘোষাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি বলতে খুব উৎসাহ পাচ্ছি না দুটি কারণে এবং তার মধ্যে একটা হচ্ছে এখানে দেখছি জরুরি অবস্থা নেই। জরুরি অবস্থায় সকলকে যথাসময়ে হাজিরা দিতে হয়, যথা সময় থাকতে হয়, যথা সময় কাজ করতে হয়। কিন্তু হাউসে দেখছি সেই ব্যাপারটা একটু ঢিলেমি রয়েছে, জরুরি নয়। আমাদের এখানে সময়ে হাজিরা নেই, যথা সময়ও নেই, শেষ সময়ও নেই। আমার উৎসাহ না পাবার আর একটা কারণ হচ্ছে বলতে সংকোচ বোধ করছি কিছু বললেই দেখছি এই ৩ দিন ধরে মন্ত্রী মহাশয়রা যখন বক্তৃতা করছেন তখন এমন ভাবে বলছেন যেন কারুর আর কিছু বলার নেই। কেউ কিছু বললেই বলছেন, কেন এসব কথা বলছেন, সবই তো রয়েছে। স্যার, এটা সেই ব্রাউনিং-এর কবিতার মতো, "গড ইজ ইন দি হেভেন অ্যান্ড অল ইজ রাইট ইন দি ওয়ার্ল্ড"। অর্থাৎ স্বর্গে যখন দেবতা আছেন তখন পৃথিবীটা ঠিক ভাবেই চলছে। শঙ্করবাবু বললেন আমরা যদি জনসাধারণের সহযোগিতা না নিয়ে থাকি তাহলে কিভাবে এত কাজ হচ্ছে? আমি মেনশন করতে গিয়ে বলেছিলাম সহযোগিতা আপনারা এইভাবে নিচ্ছেন—অর্থাৎ জনসাধারণ তো দূরস্থান এমন কি কংগ্রেস নেতা গেলেও তার রেহাই নেই, তাকে এ. ডি. এম বেঁধে নিয়ে চলে যাচ্ছেন। আমি তার কোনও জবাব পেলাম না। এরকম সহযোগিতা হতে পারে। কাজেই এই কারণেও আমি বলতে কোনও উৎসাহ পাচ্ছি না। তবে যেহেতু বলতে উঠেছি সেহেতু কয়েকটা কথা বলি। রাজ্যপালের ভাষণের যে উদ্দেশ্য সেটা আমার মনে হয় সম্ভবত এই জন্য যে, আমাদের রাজ্যের সামগ্রিক একটা ছবি তুলে ধরা। অবশ্য রাজ্যপালের ভাষণেও ছবি আছে। স্যার, আমি একটু উদ্ধৃতি দিতে ভালবাসি। উদ্ধৃতি হল পরের বাগানের ফুল। ফুল ঠিকভাবে ব্যবহার করতে পারলে ফুল হয়ে ওঠে এবং ব্যবহার

করতে না পারলে কাঁটা হয়ে বেঁধে। আমি ঠিকভাবে ব্যবহার করবার চেষ্টা করছি। ভারতবর্ষের ইতিহাস সম্বন্ধে বলতে গিয়ে রবীন্দ্রনাথ যে কথা বলেছেন তার কিছুটা অংশ আমি পড়ে শোনাব। রবীন্দ্রনাথের লেখাটা মিসকোট করা উচিত নয়। আই হ্যাভ এনাফ অব এডুকেশন টু মিসকোট কাজেই পাছে ভুলে যাই সেই জন্য আমি তার লেখাটি দেখে পড়ার অনুমতি চাইছি। রবীন্দ্রনাথ বলেছেন, "সেই রক্ত বর্ণে রঞ্জিত পরিবর্তমান স্বপ্ন দৃশ্যপাঠের দ্বারা আচ্ছন্ন দৃষ্টিতে যথার্থ ভারতবর্ষকে দেখা যায় না। ভারতবাসী কোথায় এ সকল ইতিহাস তার যথার্থ উত্তর দেয় না। সেই ইতিহাস ভারতবাসীর পক্ষে বিচিত্র কুহেলিকা সদৃশ্য। তা স্বদেশ সম্বন্ধে আমাদের দৃষ্টির সহায়তা করে না, দৃষ্টি আবৃত করে মাত্র। তা এমন স্থানে কৃত্রিম আলোক ফেলে তাতে আমাদের চোখের দিকটাই আমাদের কাছে অন্ধকার হয়ে যায়। সেই অন্ধকারের মধ্যে নবাবের বিলাসখানার দীপালোকে নর্তকীর মণিভূষণ জ্বলে ওঠে, বাদশাদের সুরাপাত্রের রক্তিম ফেনোচ্ছ্বাস উন্মত্ততার জাগরক্ত দীপ্তনেত্রের ন্যায় দেখা দেয়, সুলতান প্রেয়সীদের শ্বেতমর্মর রচিত চারুখচিত কবর চূড়া নক্ষত্রলোক চুম্বন করতে উদ্যত হয়"। আমি তার লেখার খানিকটা পড়লাম। এটা বলে তিনি বললেন, এসব ধূম্রজাল সত্ত্বেও একথা কিছুতেই বিশ্বাস করা যাবে না যে, ঝড়ের রাতে ঝড়ই হল সর্বপ্রধান ঘটনা। সেই ঝড়ের রাতেও ঝড়ের নেপথ্যে ঘরে ঘরে যে হাসি কান্নার লীলা দেখা যায় সেটা প্রধান ঘটনা, ঝড় প্রধান নয়। রাজ্যপালের ভাষণে অনেক কৃতিত্বের কথা আছে আমি সে কথা অস্বীকার করি না। কিন্তু আমি জিজ্ঞাসা করছি এখানে যে সমস্ত কথা বলা হয়েছে সেটাই কি প্রধান ঘটনা, তার নেপথ্যে কি কোনও ঘটনা নেই। আমরা গ্রাম থেকে এই অধিবেশনে যোগদান করবার জন্য যে কলকাতায় আমরা এসেছি, যে কলকাতার কথা আমরা ভাবি সে সম্পর্কে আমরা কি দেখি? কলকাতার সত্যিকারের সম্পদ বর্ণশঙ্কর। যে কলকাতার চারিপাশে বিদেশিয়ানার ছাপ, বিদেশি অনুকরণের ছাপ সেই কলকাতার কোনও চিত্র কি এখানে আমরা দেখেছি? যেমন ধরুন, সেই সোনার শহর কলকাতা যেখানে ১০ লক্ষ মানুষ বস্তিতে বাস করে সেই ১০ লক্ষ বস্তিবাসীর দুর্দশার কথা, তাদের জন্য সামান্য একটু ড্রেন করে দেওয়া, তাদের জন্য রাস্তা করে দেওয়া, তাদের কাছে একটু আলো পৌঁছে দেওয়া, তাদের কাছে একটু পানীয় জল পৌঁছে দেওয়া সেইসব ব্যবস্থার কথা এই ভাষণের মধ্যে কি আমরা দেখেছি? সেই মানুষগুলির কথা কিম্বা ধরুন তাদের কথা—ধন নয়, মান নয়, শুধু ভাল-বাসা, একটু খানি বাসার জন্য বা তার অভাবে যেখানে প্রায় ১।। লাখের মতো লোক ফুটপাতে কাটাচ্ছেন। সেই মানুষগুলির কথা। কিম্বা ধরুন সেই সব মানুষদের কথা, যারা এক লাখ দেড় লাখ লোক ভিখারি, যারা ভিক্ষা করে, কিম্বা হাওড়া স্টেশনে ঐ যে হাজার ষাটেক লোক, আবর্জনা খুটে খাওয়া যাদের জীবিকা, যে ডাব আমরা খেয়ে ফেলে দিই সেই ডাবের শাঁসকে খাবার ব্যর্থ চেষ্টা করে সেই মানুষেরা—আমি বলি সেই ডাবগুলিকে বাইরে নিয়ে গিয়ে কলকাতা শহরের উপকণ্ঠে অন্তত নারিকেল দড়ির একটা শিল্প করে সেই আবর্জনাকে কাজে লাগাবার একটা প্রয়াসের যে অভাব—অথচ এরাও কিন্তু মানুষ। এই মানুষগুলির কথা কোথাও আছে রাজ্যপালের ভাষণে? যে কথা মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী মহাশয়, আমার আগে বলছিলেন, নিশ্চয়ই দুই পূর্ণ তিনের চার, দুই পূর্ণ তিনের তিন, চার পূর্ণ একের পাঁচ—এই রকম অনেক সংখ্যা দেওয়া যায়। এবং এই রকম পরিসংখ্যান দিয়ে অনেক ছবি তুলে ধরা যায়। সেজন্য আমি এই

কথাটা তুলেছিলাম। রবীন্দ্রনাথের সেই উদ্ধৃতি যে কৃত্রিম আলোক অনেক জায়গাতে ধরা যায়, তার শেষ দিকটা অন্ধকার, সেই দিকটাই হল মানুষ। জয়নাল সাহেব ছিলেন বেরিয়ে গেছেন, জয়নাল সাহেব কালকে ভারতীয় ঐতিহ্যের কথা বলছিলেন। এখন বলুন ভারতীয় ঐতিহ্য কি, জয়নাল সাহেব ভারতীয় দর্শন, ভারতীয় ঐতিহ্যের দুটো কথা তুলেছিলেন। আমার মনে পড়ছে তিনিও স্বীকার করবেন উপনিষদ বলে ভারতীয় দর্শন, উপনিষদ বলে—

সর্বেভদ্রানি পশ্যন্তু সর্বে সন্তু নিরাময়াঃ

সর্বে চ সুখিনঃ সন্তু ন কশ্চিদ দুঃখমাপ্নুয়াৎ।

কালে বর্ষন্তু পর্জন্যাঃ পৃথিবী শস্যশালিনী

দেশোইয়ং ক্ষোভরহিতঃ সজ্জনাঃ সন্তু নির্ভয়াঃ।

অর্থাৎ সকলের সুখ হোক, সকলে নিরাময় হোক, সকলে ভদ্র হোক, সকলের কল্যাণ হোক, সকলে দুঃখ না পাক, কেউ দুঃখ না পাক। এখন ধরুন এই সকলের মধ্যে এরা আছেন কিনা সেটা ভেবে দেখতে বলি। যখন আপনারা বলেন সকলেই আছেন, সবার কথাই আছে তখন ভাবতে বলি এই সব মানুষদের কথা, তারা আছে কি না। সেদিন কাগজে আপনারা পড়েছেন কোনও এক শতাব্দীর ঐতিহ্যপূর্ণ স্কুল গেটের বাইরে দুইজন ভিখারি রান্না চড়িয়েছিল। স্কুলের হেডমাস্টারের পক্ষ থেকে লোক এসে বলল, এখানে রান্না করা চলবে না, বেরিয়ে যাও। তারা কান্নাকাটি করতে আরম্ভ করল। শেষ পর্যন্ত যদি বা রান্নার অনুমতি মিলল, ঝড় এসে বাধ সাধল এবং ঝড় এসে লন্ড ভন্ড করে দিল। বহু কষ্টে ভিক্ষা করা চাল আর সামান্য কটা পচা আলু যা তারা রান্না চড়িয়েছিল, সেইগুলো সব জলে কাদায় নষ্ট হয়ে গেল। এরা কিন্তু মানুষ। এদের কল্যাণের কথা বলা হয়েছে কি? এটা ভারতীয় দর্শনেরই কথা। এটা ভারতীয় ঐতিহ্যেরই কথা। ভারতীয় দর্শনের কথা এই নয়, ঐতিহ্যের কথা এই নয়, কোথাও কোথাও কৃত্রিম আলো ফেলা। ভারতীয় ঐতিহ্যের কথা এই নয়, শুধু কলকাতায় ইডেন গার্ডেনে স্টেডিয়াম করা এবং দরকার হলে বলা, যে স্টেডিয়ামে আমরা অনেক খেলা খেলাতে পারি। অনেক খেলা হয় সেটা আমাদের অনেক গর্বের বস্তু। সেটাই ভারতীয় দর্শন শুধু নয়, ভারতীয় দর্শনের আর একটা দিক আছে। সেই দিকটা হ'ল ভারতের সব মানুষের কল্যাণ। সেই কথাটাই ভাবতে বলি। আমরা এই যে ভাষণ পেয়েছি, উৎকৃষ্ট এবং আশা ব্যাঞ্জক ভাষণ, এই উৎকৃষ্ট ভাষণে সকলের উপকার করার চেষ্টা করেছেন কি রাজ্যপাল মহাশয়—এই উৎকৃষ্ট আশা-ব্যঞ্জক ভাষণে এই মানুষগুলি আসা পাবে তো, এরা ভাবতে পারবে তো যে এদের জীবনে ভবিষ্যতের কথা হচ্ছে। এই মানুষগুলির কথা আমি তুলতে চাইছি এই জন্য যে রাজ্যপালের ভাষণে এই মানুষগুলোর কথা নেই, এতে যদি আমরা উৎসাহিত হতে না পারি তখন একথা বলে কোনও লাভ নেই যে ভারতীয় দর্শন এবং ভারতীয় ঐতিহ্যে আর ভারতীয় পথ। ভারতীয় পথ কি? ভারতীয় পথ কি শুধু পুঁজিবাদী পথ। ভারতীয় পথ কি শুধু একচেটিয়া মালিকের মুনাফা বৃদ্ধির পথ? অথচ তার বিপরীত কথা ভারতীয় পথে আছে। যখন জয়নাল সাহেব ভারতীয় পথের কথা বলেন তখন কি তিনি একথা ভেবেছেন যে ভারতবর্ষের অনেক মণীষী অন্য কথা বলেছেন।

[6-10 — 6-20 p.m.]

আমি এই কথা বলছি অধ্যক্ষ মহাশয়, বেদনার সঙ্গে বলছি, এই কথা বলে বিশেষ কোনও পথ আছে? আমি বড় বড় মণীষীদের কথায় যেতে চাই না, অনেক কথা বলা যায়, আমি তার মধ্যে যাচ্ছি না—কালকে জয়নাল সাহেব অনেক মেটিরিয়ালিস্টিক কথা বলেছেন, শব্দটা ব্যবহার করেছেন মেটিরিয়ালিস্টিক, সৎ অর্থেই ব্যবহার করেছেন বলেই আমি বিশ্বাস করি, অর্থাৎ বাস্তববাদী, ভারত দর্শনে বাস্তববাদী দর্শনের কথা আছে, শুধু বাস্তববাদ দর্শনই ভারতীয় দর্শন নয়। এখানে চার্বাকের দর্শনের কথা আছে—জয়নাল সাহেব জানেন কিনা আমি জানি না, বিশ্বনাথবাবু বলছিলেন তাকে পড়াশুনা হয়ত তিনি করবেন, এখানে কনৌজ দর্শনের কথা আছে, এখানে বৈষয়িক দর্শনের কথা আছে, মীমাংসা দর্শনের কথা আছে, এইগুলি বাস্তববাদী পথ, মেটিরিয়ালিস্টিক, এখানে ভাববাদী, আধ্যাত্মবাদী একমাত্র ভারতীয় দর্শনের পথ নয়, সেটাই একমাত্র ভারতীয় সনাতন পথ নয়, একথা বলে এই কৃত্রিম স্থানে আলো ফেলে সত্যিকারের ছবিটার উপর অন্ধকার ফেলে রাখা যেতে পারে কিন্তু ভারতীয় তাতে আলোকিত হয় না, একথা বুঝা উচিত। আমি এই কথা বলব যে আমরা বিদ্যাসাগরের জন্মদিন পালন করি, আমরা কি একথা ভেবেছি জয়নাল সাহেব জানেন বিদ্যাসাগর মহাশয় বলেছিলেন বেদান্ত দর্শন হচ্ছে ভ্রান্ত দর্শন, সুতরাং ভারতীয় দর্শনে একথা আছে, ভারতীয় দর্শনে বেদান্ত ও আছে, কারণ বিদ্যাসাগর মহাশয়ের মতো লোকও আছে যিনি একথা বলতে পারেন বেদান্ত দর্শন ভ্রান্ত দর্শন। সুতরাং একথা বুঝতে হবে আজকে, শুধু ভারতীয় পথ বলে গর্ব করার কথা নয়, পথের একটা কথা আছে এবং সেই সূত্রে কেউ সোভিয়েত রাশিয়ার কথা বললে জয়নাল সাহেবের ভয়ানক রাগ হয়। জয়নাল সাহেবও তো সমাজতন্ত্র দলের কথা বলেন—আমি তাকে জিজ্ঞাসা করি তিনি যখন ডাক্তারির কথাবার্তা বলেন তখন একটা রেফারেন্সের বই লাগে, তখন পান্ডিত্যের একটা বই লাগে বা তত্ত্বের বই লাগে তা না হলে ডাক্তারি হয় না। ঠিক তেমনি সমাজতন্ত্রের কথা বলতে গেলে, বৈজ্ঞানিক সমাজতন্ত্রের যারা প্রথম প্রবক্তার সেই সোভিয়েত রাশিয়ার কথা বলতে হয় ইচ্ছাই হোক বা অনিচ্ছাই হোক। সেজন্য সোভিয়েত কংগ্রেসের চন্দ্রজিত যাদব অভিনন্দন পাঠান, জয়নাল সাহেব তাকে কি মনে করেন আমি জানি না, তিনি মনে করেন সোভিয়েতের প্রবক্তা হয়ে যাচ্ছি আমরা। জয়নাল সাহেব কার প্রবক্তা হতে যাচ্ছেন এখানে এবং কিসের প্রবক্তা? আমি সেজন্য ঐ মানুষদের কথা বলছিলাম ভারতীয় দর্শনে ঐ মানুষদের কথা আছে। কে কংগ্রেস কে কমিউনিস্ট এটা বড় কথা নয়, এদের মাথায় সব সময় ঐ পোকাটা ঘোরে কে কংগ্রেস নয়, কে কমিউনিস্ট কে কমিউনিস্ট নয়। আগে এই কথা ভাববার চেষ্টা করা হোক যে মানুষ মরল কি বাঁচল। তার জন্য এই কথাটা ভাবা হোক যে কতজন কংগ্রেস আছে দেশে আর কতজন কমিউনিস্ট আছে। ৬ লক্ষ কংগ্রেস আছে দেশে, তারা কত লোক। যদি বলেন কংগ্রেস আছে তাহলে সে কত লোক। সুতরাং তারাই লোক নয়, তা বাদে আরও লোক আছে, সেই সব লোকগুলির কথা বলুন, সেই সব লোকগুলির কথা যদি বলতে পারেন ভাবতে পারেন এবং ঐ কৃত্রিম স্থানে যদি আলো না ফেলতে চান তাহলে দেখতে পাবেন ঐ ফরাকটা দূর হয়ে গেছে। আমরা সেই অনুযায়ী ঐ মানুষগুলির কথায়ই বলছিলাম যারা রাস্তায় সংসার পাতে। এই মানুষদের কথা আমি অনেকবার এখানে বলবার চেষ্টা করেছি যে পুরো মানুষটাকে জীবন

থেকে মৃত্যু পর্যন্ত দেখুন, এই মানুষগুলিকে যদি দেখেন রাস্তায় অন্ন খুঁটে কষ্টে শিষ্টে প্রাণ কোনও মতে রেখে দেয় বাঁচাইয়া সেই মানুষগুলিকে যেমন দেখেন তেমনি মৃত্যুকেও দেখুন, সেই মানুষরা চিত হয়ে মুখ হাঁ করে মরে পড়ে থাকে, দেখেছেন কি কোনওদিন? দেখেছেন সেই গ্রামের চাষীকে অভাবের জ্বালায় তিল তিল করে মৃত্যু বরণ করছে? তার থুতনিতে হাত দিলে ঠান্ডা মুখটা হাঁ হয়ে পড়ে থাকে, সেই হাঁটাকে দেখলে মনে পড়ে কয়লা খনির মতো গহ্বর, সেই চাসনালার মতো হাঁ করা ক্ষুধার মুখ দেখেছেন? সেই মানুষগুলির বেদনার কথা যদি আমরা বলি তাহলে সেই কথাটা বলার মানে কি হবে অভারতীয় কথা? সেই মানুষগুলির অন্তহীন বেদনার কথা তার প্রতিকারের কথা যদি আমরা কোনওদিন লেজিসলেচার বলি, যদি তাদের দুঃখ দুর্দশা দূর করার কথা বলি—বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় তিনি বললেন এই ২০ দফা কর্মসূচি তাদের জন্য যারা এই সমাজে সবার তলে পড়ে রয়েছে, তাদের জীবনটা আলোকিত করবার জন্য তাহলে সেটা কি হবে অভারতীয়। এই কথা বারবার বলবার চেষ্টা করা হবে, তাসত্ত্বেও আমি একটা কথা দুঃখের সঙ্গে বলি এই কথা বলবার পর জয়নাল সাহবে বললেন একটা কৌশল, কৌশল বলে তিনি বললেন—আমার কাছে আশ্চর্য লাগে আমরা নাকি প্রভু রাশিয়ার ব্রিফ করি। আমি জিজ্ঞাসা করি কৌশল পার্টিটি কার ব্রিফ। কৌশল কথাটা যারা উচ্চারণ করেছিলেন পশ্চিমবঙ্গের রাজনীতির ক্ষেত্রে কমিউনিস্ট পার্টিকে কৌশল পার্টি বলে সেই ধৃষ্টাতাকে দেখিয়েছিল—বরুন সেনগুপ্ত। তিনি এখন কোথায় জেল খানায়। কেন? আপনারা নিশ্চয়ই জানেন। তাহলে সেই পদাঙ্কটা অনুসরণ করার যোগ্য জয়নাল সাহেব? কাকের বাসায় কোকিল ডিম পেড়ে আসে আমরা জানি কিন্তু জয়নাল সাহেবের মতো কোকিলের বাসায় বরুন সেনগুপ্তের মতো কাক ডিম পেড়ে চলে গেল আর সেই ডিমে তা দেয়া হবে, আজকে সেই ডিম থেকে মুরগির বাচ্ছা বের হবে, সুতরাং এই কথাটা জয়নাল সাহেবকে ভাবতে বলি। আমি জয়নাল সাহেবকে জিজ্ঞাসা করি তিনি তো রাজনীতি করেন, এমন কোন পার্টি আছে যার কৌশল নেই, স্ট্রাটেজি নেই, ট্যাক্টিক্স নেই?

স্ট্রেটেজি হল রণ নীতি আর ট্যাক্টিক্স হল রণ কৌশল। সেটা কোনও রাজনৈতিক পার্টি যার স্ট্রেটেজি নেই, যার ট্যাক্টিক্স নেই, কৌশল নেই? আমি বলব এই দুটি সম্পর্ক কি রকম। বিমানপোতের সঙ্গে মাটির সম্পর্ক। বিমানপোত আকাশে উড়ে, তার রসদ থাকে মাটিতে, তলায়। সেখান থেকে সে তেল নেয় তবে সে চলে। আর যদি কাব্য করে বলি তাহলে একথা বলব—এটা যেন আকাশ, আমার মন সেখানে ভেসে বেড়াবে, সাঁতার দেবে, এটা যেন দিঘি, ঘড়ায় তোলা জল রোজ তুলব, রোজ ব্যবহার করব। একটা কৌশল, ট্যাক্টিক্স আর একটা নীতি স্ট্রেটেজি, এই দুটি মিলিয়ে একটা পলিটিক্যাল পার্টি হয়। জয়নাল সাহেব নুতন পলিটিক্স করছেন না এবং বড় পার্টি করছেন এবং বড় পার্টির গর্বে গর্বিত, তিনি স্ফিত, গড়নে ছোট্ট আছেন, কতটুকু জয়াগায় আছেন। আমি তাকে স্মরণ করিয়ে দেব, হ্যাঁ কংগ্রেস পার্টিতো বড় পার্টি বটেই এবং আমরা নিশ্চয়ই ছোট, আমি একথা বলব—আপনার বয়স হয়েছে ৯০ বৎসর, আমাদেরও বয়স ৫০। এবং সঙ্গে সঙ্গে তিনি ভারতীয় ঐতিহ্যের কথা বললেন, আমি তাকে মনে করিয়ে দেব গঙ্গা যতই বড় হোক যমুনার সঙ্গে মিলে তবে হয়েছে, তীর্থ, তার আগে তীর্থ হয়নি। তার আগে শুধু বয়েই গেছে। একথা আমি জয়নাল সাহেবকে ভাবতে বলি।

সহযোগিতার কথা বলেছেন তিনি, তাকে এটা আমি বুঝতে বলি, এটা না বুঝে তিনি বলবেন না, আমাদের দল নেতা প্রথম দিনেই একথা বলেছেন এবং একথা বলতে গিয়ে তিনি বলেছেন বড় ছোট এসব তুচ্ছ তাচ্ছিল্যে করবার চেষ্টা করবেন না, সে ইঙ্গিতই এখানে রেখেছি। এজন্য আমি একথা বললাম, সেই কৌশল সূত্রে আমি আবার বলি হ্যাঁ, কমিউনিস্ট পার্টির কৌশল আছে, পার্থক্য হল এই কমিউনিস্ট পার্টি কৌশল গোপন করে না। কমিউনিস্টরা ঘৃণা করে কৌশল গোপন করতে এবং সেই কৌশলের কথা তারা বলেন, সেটাই হল কমিউনিস্ট পার্টির কৌশল। তারা কৌশলকে লুকোয় না, কারণ তারা ট্যাক্টিক্স নিয়ে রাজনীতি করে, কমিউনিস্ট পার্টির নিজস্ব স্ট্রেটেজি আছে। এই সূত্রে আমি আর একটা কথা বলব, জয়নাল সাহেবের জন্যই আমাকে প্রধানত বলতে হচ্ছে, তিনি আমাকে বলতে বাধ্যই করেছেন তিনি, কিন্তু জয়নাল সাহেব এখানে নেই, এটা দুঃখের। জয়নাল সাহেব কালকে তত্ত্বের কথা বলেছিলেন—সমাজতন্ত্রে নাকি বোনাস নাই। তত্ত্বের দিক থেকে আমার বন্ধু বিশ্বনাথ চক্রবর্তী বলেছেন, আমি তাতে যাব না। আমি তাতে যাব না, জয়নাল সাহেব নিশ্চয়ই স্বীকার করবেন এখানে এখন সমাজতন্ত্র হয়নি, তাতে আমি যেতে চাই না। আমি জয়নাল সাহেবকে একটা কথা জিজ্ঞাসা করছি, আমরা এখানে কি দেখি, কোম্পানি কি সব বোনাস দেয়, দিচ্ছে? এখানে সরকারই বলে দেয় চোরা টাকা লুকিয়ে রাখ, কাল টাকা লুকিয়ে রাখ, তার কিছু কিছু স্বীকারোক্তি করলে কিছু কিছু ছাড় পাবে। অর্থাৎ মালিকরা বোনাস পায় এবং এই সমস্ত চোরা টাকা যারা লুকিয়ে রাখে, কাল টাকা লুকিয়ে শ্রী কৃষ্ণ বাজার যারা করে, তারাও বোনাস পায়। শুধু শ্রমিকরা বোনাস পেলেই সমাজতন্ত্র হয় না। সমাজতন্ত্রের এই জুড়ি গাড়িটা তড়বড় করে চলতে থাকে যেমন আমরা নান্দিকারের আট ঘোড়ার মতো টগবগ করে চলতে থাকে গ্রামের মধ্যে। শুধু যদি মালিকরা বোনাস পেতে থাকে তাতে কিছু হয় না, শ্রমিকরা পেলে মুশকিল হয়। উনি আশা করি শ্রমিক মায়েরা যারা বাচ্চাদের দুধ খেতে দিতে পারে না, যাদের বুকের উপর ঝুলে পড়া সেই মাংস পিন্ডের উপর ১০টি ক্ষুধার আঙ্গুল দিয়ে শিশু চিৎকার করে খাবারের জন্য, সেই শিশুকে ডেকে বলবেন, চুপ হতভাগা, সমাজতন্ত্র আসছে দেখ চেয়ে, যে কথা নজরুল কবিতা করে বলেছেন—

মাতা কয় ওরে চুপ হতভাগা,
স্বরাজ আসে যে দেখ চেয়ে।

উত্তরও নজরুলই দিয়েছেন :

ক্ষুধাতুর শিশু চায় না স্বরাজ,
চায় দুটো ভাত একটু নুন,
বেলা বয়ে যায়, খায়নি তো বাছা
কচি পেটে তার জ্বলে আগুন।
কেঁদে ছুটে আসে পাগলের প্রায়,
স্বরাজের নেশা কোথা ছুটে যায়,
কেঁদে বলি ওগো ভগবান,

আজও আছো নাকি

কালি ও চুন কেন উঠে নাকো

তাদের গালে যারা খায় এই শিশুর খুন?

একথা ভাবতে বলি জয়নাল সাহেবকে, যারা একথা বলে তারা খুব ঠিক কথা বলেছেন কিনা এবং জয়নাল সাহেবকে আজ এটা ভাল করে চিন্তা করে দেখতে হবে সেই সূত্রে। আমাদের শ্রদ্ধেয় ডাঃ নাগ এসে পড়েছেন। আমাকে দুটো মাত্র কথা বলতে হবে। ডঃ নাগ যে সব কথা বলেছেন সেটা আমার বিষয় নয়, তবু আমি দুটো কথা বলতেই চাইছি। ডঃ নাগ এখানে বক্তৃতা করতে এসে বললেন অনেক কথা বিরোধী নেতার নাম করে বলেছেন—বিরোধী দলের নেতা এসে বলেছেন এবং উনি তার কিছু জবাব দেবেন।

এমনি সুবিধা হচ্ছে যে একজন লোকের জবাব দেবার পক্ষে সবচাইতে সহজ উপায় হচ্ছে—যে কথাটা সে বলেছে—তার কিছুটা বলে—যেটা সে বলেছে—তার কিছু তার উপর আরোপ করে তারপর জবাব দিয়ে দেওয়া। কারণ তাহলে জবাবটা খুবই হৃদয়গ্রাহী হয় এবং নিজের পছন্দমতো করে জবাব দেওয়া যায়। সেই রকম ভাবে উনি মিস মিসরিপ্রেজেন্টেড হয়েছে বা ঠিকমতো শোনেননি। কাজেই তার একটি হৃদয়গ্রাহী করে জবাব দেবার চেষ্টা তিনি করেছেন। সেই জন্য আমি আশা করছি বিরোধীদল নেতা নিজে সে কথাগুলির জবাব দেবেন। আমি শুধু ওকে স্মরণ করিয়ে দেব উনি যখন একথা বললেন যে আমরা একটা অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছিলাম নাকি বাটার উপর। আমি জানি না এই ইনফরমেশন তাকে কে দিল। আমরা বাটার উপর কোনও অ্যাডজোর্নমেন্ট মোশন আনিনি। আমরা অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছিলাম জেনারেলি যে সমস্ত লে অফ, lock-out ছাঁটাই ইত্যাদি হচ্ছে তার উপর। তার কোনও সন্তোষজনক জবাব ডাঃ নাগ দেন নাই।

[6-20 — 6-30 p.m.]

আপনি স্যার, জানেন আজকে যখন কিছু সদস্য mention করছিলেন এই ব্যাপারে তখন শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় খুব উত্তেজিতভাবে এবং খুব জোরের সঙ্গে এই প্রশ্নটা তুলছেন এবং তোলার পরে আপনি দেখেছেন গোটা হাউসের চেহারা কি রকম হয়েছিল। প্রত্যেক মেম্বার তখন ওঠে দাঁড়িয়ে বলতে আরম্ভ করেছিল—এই রকম lock-out হচ্ছে লে-অফ হচ্ছে, ছাঁটাই হচ্ছে এবং সবই এই জরুরি অবস্থা থাকা সত্ত্বেও এবং জরুরি অবস্থার সুযোগে। তার জবাব যদি গোপালবাবু দিতেন এবং শুধু বিরোধী দলনেতা বলেছেন বলে না বলে নিজের দলকে বলতেন এ সব কিছু হয় নাই, ও সব কিছু না, সবই মায়া, তাহলে জয়নাল সাহেবের জবাব হত। ভারতীয় দর্শন খুবই সত্যি কথা আই থিঙ্ক দেয়ারফোর আই অ্যাম। এইটাই নাকি জয়নাল সাহেবের দর্শন যেহেতু সবই হল মায়া। এখানে যা ঘটছে, তাও মায়া, চোখের সামনে যা দেখছি তাও মায়া। যা ভাবি তাই শুধু সত্য—আই থিঙ্ক, দেয়ারফোর আই অ্যাম। সুতরাং জয়নাল সাহেবের ভারতীয় দর্শন যদি হত তবে গোপালদার জবাব দেওয়া হত। কিন্তু এটা না করে আমাদেরকে একটু বিপন্ন করলেন। যাই হোক এই জবাবের মধ্যে যেতে চাইছি না—এইটুকু আমি বলতে চাই। সেই সূত্রে আমি একটা কথা বলছি—এই যেমন ধরুন ইউনিয়ন ভাঙ্গার কথা উঠল। গোপালদার সঙ্গে আমিও একমত। বিশ্বনাথদা

(চক্রবর্তী)-ত ওখানে বলেছেন আপনি আস্তে আস্তে করে দেন, আমরা আইনই মেনে নেব। উনি অবশ্য খুব ভাল কথা বলেছেন আইন করে নয়, লোকের মনকে পরিবর্তিত করে করবেন। এই রকম লোকের মন পরিবর্তন করবার জন্য অনন্তকাল ধরে অপেক্ষা করা ভাল। কারণ কাল নিরবধি, পৃথ্বী বিপুলা। সুতরাং মন একজনের পরিবর্তিত হবে। বিশাল পৃথিবীও যখন আছে, তখন একদিন না একদিন এই পরিবর্তন ঘটবেই। সেটা তো এখুনি সরকারের কর্তব্য হওয়া উচিত নয়, কোনও রাজনৈতিক দলের তো নয়ই। অনন্তকাল ধরে অপেক্ষা করে—না করে—কবে কখন পরিবর্তন ঘটবে, সেটা বৈজ্ঞানিক নয় এবং পরিবর্তন করবার পদ্ধতিও নয়। পরিবর্তন যে করাত বা করতে চায় বা সেটা আনতে চায়, তার জন্য যে লড়তে হয়, সংগ্রাম করতে হয়। কিন্তু আমি সেটুকু বলতে চাচ্ছি যে ডাঃ নাগ যে যে কথা বললেন ইউনিয়নকে জোর করে ভাঙ্গা। এও আমরা মনে করি এই ভাঙ্গা ঠিক নয়। একটা ইউনিয়ন থাকা উচিত। কিন্তু এ রকম তো হচ্ছে। ধরুন এই জোর করে ভাঙ্গাটা সেদিন সাউথ ইস্টার্ন রেলওয়ে ইউনিয়নকে যা করা হল ফ্রডুলেন্টলি, একটা পাল্টা ইউনিয়ন খাড়া করবার চেষ্টা করা হল। কারা করছে? তা যদি একটু বলেন। তাদেরকে ও যদি একটু সাবধান করেন, তো ভাল হয়। যেমন প্রসঙ্গত এন. এল. সি. সি.-র কথা বলেছিলেন। আমার এখন মনে পড়ে গেলে—ঐ বিড়লার যে একটি কারখানা আছে কাশীপুরে। যেখানে ইলেক্ট্রিক যন্ত্রপাতি তৈরি হয়, সেখানে এন. এল. সি. সি.-র একটি ইউনিয়ন আছে, সেখানে ও লক-আউট হয়েছিল। এই ফেব্রুয়ারি মাসে বহু কষ্টে সেই লক-আউট গেছে। কিন্তু যেখানে ৭০ জন লোককে ফোর্সড রিটায়ারমেন্ট নিতে বাধ্য করা হয়েছে। সেই ইউনিয়নের লোকের তো আমাদের কাছেও এসেছিলেন—যেমন তারা গোপালদাসবাবুর কাছে গিয়েছিলেন। তারা শ্রীমতী গীতা মুখার্জির কাছেও গিয়েছেন—আমাকেও বলেছিলেন, তারা এসে তার কাছে ও কাগজপত্র দিচ্ছিলেন যে আপনিও একটু বলবার চেষ্টা করুন। যেখানে ন্যায় সঙ্গত লড়াই হয় শ্রমিকের স্বার্থে সেখানে ইউনিয়ন ভাঙ্গার কোনও ব্যাপার নাই। আমি বলতে রাজি আছি এবং আমি আশা করি জোর পূর্বক ইউনিয়ন ভাঙ্গা অন্যায়। আমি সেই সূত্রে একটা কথা বলি গোপালবাবুকে ওরা বলছিলেন সরকার আছে শ্রমিকের পক্ষে। এটা খুব বড় কথা নয়, থাকাই উচিত। সরকার শ্রমিকের পক্ষে থাকবেন না, মালিকের পক্ষে তো নয়ই শ্রমিক মালিক এবং সরকার উভয়ের বিরুদ্ধে লড়াই করে দাবি। আদায় করে নেবে। তাহলে তো সমাজতন্ত্র হয়েই যাবে। আর সরকারটাও পাল্টে যাবে। এত সোজা নয় জিনিসটা। সেই লড়াই অনেক তিক্ত এবং ভয়াবহ। সুতরাং সরকার যদি সেই কর্তব্য পালন করে থাকেন, তাহলে যে কথা উনি বলুন। তা নাহলে কেন সরকার কর্তব্য পালন করেন নাই তার জবাব উনি দিন।

আমার আলো জ্বলে গেল। কাজেই আমি তো আর বেশি বলবার সময় পাচ্ছি না। কিন্তু আমি যে কথাগুলি বলতে চাচ্ছিলাম তার মূল কথা হল এই যেটা বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় বলেছেন—এই মূলে যে কথাগুলি আমরা বলতে চেয়েছিলাম, এই কথাগুলি তুলতে চাওয়ার মানে এই কথাটাই বার বার বলা হয়েছে যে আপনারা সহযোগিতা করুন। এছাড়া কি করে আর আমরা সহযোগিতা করব। আমি কালকে একটা উদাহরণ দিয়েছি আপনাদের কাছে আজও বলছি কিছু বলতে গেলে কি এই উত্তর দেওয়া হয়? এটা কি সহযোগিতার রাস্তা? সহযোগিতার রাস্তা কি শুধু মাথা নিচু করে চোক কান বুজে ঘাড় হেঁট করে সবকিছু

মেনে নেওয়া? যেমন গাধা-গরু দাঁড়িয়ে দাঁড়িয়ে মরে তবু জীর্ণ দড়িটা ছিঁড়ে ফেলে মনিবের শান্তির ব্যাঘাত করে না। তারই নাম কি সহযোগিতা? নাকি ছটফট করে কিছু বলতে চাওয়া—সেটা কি সহযোগিতা নয়? সেইজন্য আপনাদের আমি একটু ভাবতে বলব যে সহযোগিতা কাকে বলে সেটা একটু ভাবুন।

আজকে যে ২০ পয়েন্ট প্রোগ্রামের প্রতিটা কমিটমেন্টের কথা বলছেন আমরা লোকের কাছে নিয়ে যাইনি। কোথায় আমরা লোকের কাছে নিয়ে যাইনি? এই জরুরি অবস্থায় ঐ বিশ দফা কর্মসূচি নিয়ে আমাদের কমিউনিস্ট পার্টি যত করেছে এত আর কে করেছে? আমাদের এ. আই. টি. ইউ. সি. কোথায় যায়নি যেখানে সংগঠন আছে সেখানে তারা ঐ ২০ দফা কর্মসূচির পক্ষে বলেনি? যেখানে আমরা যেতে পেরেছি যেখানেই আমরা ঐ ২০ দফার পক্ষে বলেছি। আমাদের চাইতে তো কমিটেড লোক আছেই কংগ্রেস পক্ষে। কংগ্রেস নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে এই কর্মসূচি ঘোষণা করেছেন, তা ঠিকই, কিন্তু তা বলে আমরা কি কারও চাইতে কম কমিটেড? আমি আর একদিন বলেছিলাম জরুরি অবস্থাকে সমর্থন করে বক্তৃতা করতে যেয়ে। যা সেদিন বলেছিলাম সেই কথা আমি আজ আর একবার বলতে চাই। আমরা কমিউনিস্টরা মনে করি জনসাধারণের এই কল্যাণের জন্য, জনসাধারণের এই উন্নয়নের জন্য ভাল যদি বেশি নাও করতে পারি, মিনিমাম যা দেওয়া যায় তা দেওয়ার জন্য যে কর্মসূচি ঘোষণা করা হয়েছে এটা শুধুই কর্মসূচি বলে মনে করি না। আমি সেদিনও বলেছি, আজও বলছি, আমরা কমিউনিস্ট পার্টি মনে করি It is whole meaning and the dream of our whole life, it is the flesh of our flesh, blood of our blood. সেইজন্য আমরা এতে কমিটেড, আমরা এই কর্মসূচি রূপায়ণ করতে চাই। তবে যেটুকু বিরোধিতা করতে হয় সেইজন্য বিরোধিতা করতে হয় এই কমিটমেন্ট-এর নাম করে জুলুম চলছে। এই জরুরি অবস্থাকে ব্যবহার করছে আমলাতন্ত্র। তারা মানুষের উপর অত্যাচার করবার চেষ্টা করছে, নিপীড়ন করবার চেষ্টা করছে। যে মানুষকে না হলে কোনও উন্নয়ন কর্মসূচি রূপায়ণ হতে পারে না সেই মানুষকে না নিয়ে তাদের আঘাত করছে। পরিশেষে জয়নাল সাহেবকে এই কথা বলি মনে রাখবেন এই কথা আমি বিশ্বাস করি। শুধু বির্তক করবার চেষ্টা করবেন না। জীবন বির্তকের চাইতে অনেক বড়। কাজেই আপনার ধর্মশাস্ত্র থেকে বলি। আপনি জানেন নিশ্চয় কোরাণে আছে, জ্যামে নেহি, জেম 'নেহি, শ্যামসের উঠালে। জ্যাম মানে সুরাপাত্র, সুখ সম্ভোগ, বিলাস ব্যসন। জেম মানে টাকা পয়সা ঐশ্বর্য্য পকেট। আর সামশের মানে তরবারি। যদি তাই লড়াই করতে চান, কোরাণে যে কথা আছে তাকে বিশ্বাস করুন। বলুন জ্যাম নেহি, জেম নেহি, স্যামেসের উঠালে। অর্থাৎ সুখ সম্মভোগ, বিলাস ব্যসন নয়, বিত্তঐশ্বর্য্য নয়, সেই পথকে দেশকে টেনে নিয়ে যান, ধনতন্ত্রের পথে যাবার জন্য নয়, শ্যামসের উঠালে। তরবারি তুলে নিন ওই অন্যায়ের বিরুদ্ধে, অবিচারের বিরুদ্ধে, অসত্যের বিরুদ্ধে। ঐক্যের তরবারি, লড়াইয়ের তরবারি তুলে নিন, গোটা দেশকে নেতৃত্ব দেবার জন্য আসুন এবং রাজ্যপালের ভাষণের এই সব কথার সুষ্ঠু প্রতিপালন, রাজনৈতিক অ্যাসপেক্ট দেখতে না পাওয়ার জন্য যে হতাশা দেখা যাচ্ছে সেটা আমাদের হতাশা নয়। সেটা এই কারণে যে বৈচিত্র্য না হলে আমরা দেশকে এগিয়ে নিয়ে যেতে পারব না। সেইজন্য যে সংশোধনী আমাদের পক্ষ থেকে উপস্থিত করা হয়েছে সেগুলোকে সমর্থন জানিয়ে এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বাসুদেব সাউটিয়া : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল বিধানসভায় যে আশাব্যঞ্জক এবং উৎকৃষ্ট ভাষণ দিয়েছেন তার উপর যে ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব এসেছে তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। এ কথা বললে অত্যুক্তি হবে না যে বর্তমান সরকারের সবচেয়ে বড় কৃতিত্ব হচ্ছে অশান্ত পশ্চিমবাংলায় শান্তি আনয়ন করা, আইন-শৃঙ্খলার প্রতিষ্ঠা করা ভেঙ্গে পড়া অর্থনীতিকে বহু চ্যালেঞ্জের মোকাবিলা করে পুনর্জীবিত করা হয়েছে। আজকে পশ্চিমবঙ্গের সর্বত্র নানা ধরনের উৎপাদনমুখী গঠনমূলক কাজ করে আজকে গ্রামের মানুষের, সাধারণ মানুষের মনে আশা-আকাঙ্খার সৃষ্টি করেছে। আজকে গ্রামের বুকে সর্বত্র দেখছি গ্রামের মানুষ আজকে আমাদের কাছে আসে প্রচুর কাজ চায়, অনেক দাবি উপস্থিত করে। তারা বলেন এই সরকার কাজের নমুনা রেখেছেন, এই সরকার কাজে আগ্রহ সৃষ্টি করেছেন, এইরূপ আশা-আকাঙ্খা পূর্বে কোনওদিন সৃষ্টি হয়নি। বর্তমান সরকারকে ধন্যবাদ জানাই। পশ্চিমবঙ্গের বহু অনুন্নত এলাকাতে এই সরকার উন্নয়নমূলক কাজ করছেন—যেমন পার্বত্য এলাকাতে, সুন্দরবনের উন্নয়ন—প্রভৃতির জন্য লক্ষ টাকা নির্দিষ্ট করেছেন। আমি সুন্দরবন এলাকার একজন মানুষ হিসাবে, আমি প্রথমেই সরকারকে ধন্যবাদ জানাব অনুন্নত সুন্দরবনের উন্নয়নের জন্য একটা উন্নয়ন পর্ষদ গঠন করেছেন। এই উন্নয়ন পর্ষদ গঠন এবং তার মাধ্যমে যে কাজ করা হচ্ছে আমরা সুন্দরবনবাসীরা প্রত্যেকে মনে করি এই উন্নয়ন পর্ষদ একটা মস্তবড় আশীর্বাদ এবং এই উন্নয়ন পর্ষদ কাজ করে সুন্দরবন এলাকার মানুষের কাছে যথেষ্ট জনপ্রিয় হয়ে উঠেছে। সুন্দরবনবাসীরা এই পর্ষদকে ভুলতে পারবে না। আমি মনে করি এই পর্ষদের কাজকে তারা যুগ যুগ ধরে কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করবে।

[6-30 — 6-40 p.m.]

প্রসঙ্গত আমি সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠন নিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। অনুন্নত সুন্দরবন এলাকা অবহেলিত, উপেক্ষিত, কিন্তু এই এলাকা সম্ভাবনায় উজ্জ্বল। কাঠ, মধু, মাছ, ধান, সব্জি ইত্যাদি সবই এখানে জন্মায়। এই সুন্দরবন এলাকার এক সময়ে পশ্চিমবঙ্গের শস্য ভান্ডর বলে যতেষ্ট খ্যাতি ছিল, কিন্তু আজকে অবহেলিত, উপেক্ষিত, এখানকার মানুষ আজকে নিঃস্ব, রিক্ত, অসহায়। আজকে প্রচুর সম্পদ সুন্দরবন এলাকায় লুকিয়ে আছে। আজকে বিভিন্ন উন্নয়নমুখী কাজ করতে গিয়ে সেই সম্পদকে যদি টেনে আনতে পারি তাহলে আমি জোরের সঙ্গে বলব এই সুন্দরবন এলাকা পশ্চিমবঙ্গকে পালন করতে পারে। এই সম্বন্ধে একটি সাজেশন আমি আপনার মাধ্যমে এখানে রাখতে চাই। বর্তমানে যে উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছে, এই উন্নয়ন পর্ষদ একটি অ্যাডভাইসারি বোর্ড—একে যে টাকা দেওয়া হয় তা একেবারে সামান্য। এস্ট্যাবলিশমেন্ট খরচ বাদে যে টাকা দেওয়া হয় তাতে ২৩ লক্ষ সুন্দরবনবাসীদের উন্নয়নের জন্য মাথাপিছু এক টাকার বেশি ব্যয় হয় না। এই পর্ষদকে আরও বেশি টাকা দিতে হবে। এই পর্ষদকে অ্যাডভাইসারি বোর্ডে পরিণত না করে একে একটি বিধিবদ্ধ সংস্থায় পরিণত করতে হবে এবং তাকে কাজ করার ক্ষমতা দিতে হবে। সুন্দরবনবাসীরা ভারতবর্ষের মধ্যে নিজেদের পরিচিত করে নিয়েছে। গ্রোথ সেন্টার অফিস খুলে অটোনোমাস বডি তৈরি করে একে পাওয়ার অব একজিকিউশন—কাজ করার ক্ষমতা দিতে হবে, ঠিক সি এম ডি-এর মতো—এটা যদি কার্যকর হয় তাহলে আমার

মনে হয় ২৩ লক্ষ সুন্দরবনবাসীর প্রকৃত কিছু উপকার হতে পারে। তাই আমি দাবি জানাব পাওয়ার অব একজিকিউশন দিয়ে সুন্দরবন উন্নয়ন পর্ষদকে একটি বিধিবদ্ধ সংস্থায় পরিণত করলে, ঠিক সি এম ডি-এর মতো, নিশ্চয় সুন্দরবনের উন্নতি সম্ভব হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহববুল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে আমি সমর্থন জানাচ্ছি এই জন্য যে তিনি সমগ্র পশ্চিমবঙ্গের একটি চিত্র তুলে ধরেছেন আমাদের সামনে। গতকাল আমি বক্তৃতা শোনার সময় একটি কথা কানে এসে লাগল, ইওর সরকার, ইওর গভর্নমেন্ট—আমি গণতন্ত্রে বিশ্বাসী। সাধারণ মানুষ যে রায় দেয় সেই রায় কায়েম হয়, সেটাই আমাদের মেনে নিতে হয়। অতএব ইওর গভর্নমেন্ট না বলে আওয়ার গভর্নমেন্ট বললে ঠিক হত। সি. পি. আই.-এর মাননীয় সদস্য সত্য ঘোষাল মহাশয় আমাদের এই সরকার যা কাজ করেছেন, তাদের ভবিষ্যত কি এই চিন্তা করে আজকে সুন্দর ভাষণ দিয়েছেন এবং আমি লক্ষ্য করেছি সি. পি. আই.-এর সদস্যরা ডাঃ জয়নাল আবেদিন সাহেবকে এত ভালবাসেন যে তাকে ছাড়া বক্তব্য রাখতে কুণ্ঠাবোধ করেন। তাই তারা ডাঃ আবেদিন সাহেবকে এত বেশি খোঁজেন, এতে আবেদিন সাহেবের প্রতি ভালবাসারই প্রকাশ পেয়েছে। তিনি গ্রামের মানুষ, আমিও গ্রামের মানুষ। তিনি কলকাতায় আসার পথে, এই সরকার খেটে খাওয়া মানুষের পাশে কিভাবে দাঁড়িয়েছেন, তার চোখে খুব অল্প ভাবে ধরা পড়েছে। দেশ থেকে দারিদ্র দূর করার জন্য গরিবী হঠানোর জন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। আজকে বন্যা নিয়ন্ত্রণের জন্য বাঁধ দিচ্ছি, সেচের এলাকা বাড়াবার জন্য চেষ্টা করছি এবং কৃষি কার্য সম্প্রসারণের জন্য এই সরকার চেষ্টা করছেন। একদিকে গরিব খেটে খাওয়া মানুষরা বন্যার কবলে পড়ে প্রতি বছর যেভাবে ক্ষতিগ্রস্ত হত বাঁধ বেঁধে বন্যার হাত থেকে বাঁচাবার জন্য বন্যা নিয়ন্ত্রণের চেষ্টা করা হচ্ছে, আর অন্যদিকে সেচের দ্বারা সেই জমিকে তিনটি ফসল ফলিয়ে তাদের বাঁচাবার চেষ্টা করা হচ্ছে। বিদ্যুতের সাহায্যে কিভাবে কৃষি কাজ করতে পারা যায় তার ব্যবস্থা করার জন্য সমবায়ের মাধ্যমে চেষ্টা চলছে। মোটামুটি কৃষিকে এক জায়গায় নিয়ে এসে চাষবাসের সুযোগ সুবিধা যদি আমরা করতে পারি তাহলে নিশ্চয় আমি মনে করি গরিবি হঠবে। সাধারণ মানুষ যারা বছরে দু মাস কাজ পেত এই তিনটি ফসল হবার ফলে দু মাসের জায়গায় ৬ মাস কাজ পাবে। সত্যবাবু যে মানুষগুলির কথা উল্লেখ করলেন এই সরকার নিশ্চয়ই সেই মানুষগুলির দিকে তাকিয়ে তাদের দিকে দৃষ্টি রেখে কাজ করে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা খুবই আনন্দদের কথা যে এই সরকার ক্ষেতমজুরদের জন্য একটা সুনির্দিষ্ট মজুরি সংশোধন করে বেঁধে দিয়েছেন কিন্তু আমার কথা হল শুধু মজুরি হার বেঁধে দিলেই হবে না সেটার ঠিকমতো ইমপ্লিমেন্টেশন হচ্ছে কিনা সেটাও দেখতে হবে। কারণ তা যদি না হয় তাহলে সবই ভেস্তে যাবে। স্যার, সেচের যদি ব্যবস্থা করা যায় তাহলে তার সঙ্গে সঙ্গে উৎপাদন যেমন বাড়বে তেমনি এদের মজুরিও বাড়বে। যত বেশি কাজ থাকবে তত বেশি তারা মজুরি পাবে। লোক যদি বেশি থাকে এবং কাজ যদি কম থাকে তাহলে সে ক্ষেত্রে কম মজুরিতেই লোকে কাজ করতে বাধ্য হয় কিন্তু অপর পক্ষে যদি কাজ বেশি থাকে তাহলে আইনে যে লেখা আছে ৬/৭ টাকা মজুরি সেটা তারা পাবে। আমাদের সরকারকে এ দিকে বিশেষ ভাবে দৃষ্টি দিতে হবে। স্যার, এই প্রসঙ্গে আমি চৌকিদার এবং

দফাদারদের কথা একটু বলব। স্যার, আপনি জানেন চৌকিদার এবং দফাদারদের বেলায় আইনে আছে যে সরকার অর্ধেক দেবে এবং পঞ্চায়েত অর্ধেক টাকা দেবে কিন্তু স্যার, অনেক জায়গায় পঞ্চায়েত থেকে এরা সেই টাকা পায় না। এরা স্যার, অত্যন্ত গরিব লোক এবং ৫০/৬০ টাকা যা পায় তাতে তাদের চলে না। আইনে থাকা সত্ত্বেও তারা যে পঞ্চায়েত থেকে টাকা পাচ্ছে না বা সেই আইন কার্যকর হচ্ছে না এ দিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ক্যাস প্রোগ্রাম, স্পেশাল এপ্লয়মেন্ট প্রোগ্রাম কিম্বা কন্ট্রাক্টরের মাধ্যমে যে সমস্ত কাজ হচ্ছে তাতে দেখা যাচ্ছে ঐ ক্ষেতমজুররা বা খেটে খাওয়া মানুষরা সেই মজুরি পাচ্ছে না। এ দিকে আমি দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর স্যার, শিক্ষার ক্ষেত্রে আমরা দেখছি অনেক স্কুল কলেজ, মাদ্রাসা হয়েছে আরও নিশ্চয় ব্যাপকভাবে করা হবে কিন্তু সেই সমস্ত স্কুলে যারা শিক্ষকতা করছেন তাদের কথা রাজ্যপালের ভাষণে নেই, এজন্য আমি দুঃখিত। স্যার, আমি একজন শিক্ষক, শিক্ষক হিসাবে আমার দৃঢ় বিশ্বাস সরকার যে বেতন শিক্ষকদের দেবার কথা ঘোষণা করেছেন তার ব্যবস্থা নিশ্চয় হবে। স্বাস্থ্যের ব্যাপারে রাজ্যপালের ভাষণে একটা মোটামুটি চিত্র তুলে ধরা হয়েছে। তবে মালদহের টি. বি. হাসপাতাল সরকার নিয়েছে বা সদর হাসপাতালে ২০০ শয্যা বেড়েছে এসব কথা রাজ্যপালের ভাষণে নেই। বিস্তারিত রাজ্যপালের ভাষণে না থাকলেও অনেক কাজ হয়েছে এটা অস্বীকার করা যায় না। এই যে অনেক কাজ হয়েছে এতে স্যার, বিরোধীদলের লোকেরা আতঙ্কিত এবং তাই তারা রাজ্যপালের বাস্তব ভাষণকে সমর্থন করতে পারছেন না। স্যার, সরকারের কাজকে নিশ্চয় স্বীকৃতি দিতে হবে তার কারণ তা অস্বীকার করলে ইতিহাসকেই অস্বীকার করা হবে। স্যার, এই কথা বলে রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে শেষ করলাম। জয়হিন্দ। বন্দেমাতরম।

[6-40 — 6-50 p.m.]

শ্রী [illegible]বিজয় মল্লদেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল যে আশাপ্রদ এবং উৎকৃষ্ট ভাষণ রেখেছেন তার জন্য তাকে আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। মহামান্য রাজ্যপালের ভাষণে আমরা পশ্চিমবাংলার উন্নয়ন এবং অগ্রগতির একটা প্রতিচ্ছবি, একটা রূপরেখা পেয়েছি। তার ভাষণের মধ্যে দিয়ে পশ্চিমবাংলা যে সবদিক থেকে, সমস্ত দৃষ্টিকোণ থেকে, সমস্ত ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে তার একটা পরিচয় পাওয়া গেছে। প্রকৃতপক্ষে পশ্চিমবাংলার আজকে যে উন্নয়ন হয়েছে বিগত কয়েক বছর ধরে এই রকম উন্নয়ন কোনওদিন আসেনি। আজকে গ্রামেগঞ্জে কর্মের আবহাওয়ার সৃষ্টি হয়েছে। খেটে খাওয়া মানুষ যারা কাজ পেত না তারা আজকে কাজ পাচ্ছে। আমাদের সি. পি. আই. সদস্য সত্য ঘোষাল মহাশয় চমৎকার ভাষণ রেখেছেন। তার সেই ভাষণের মধ্যে গরিব লোকেদের যাতে কর্মসংস্থান হয় তার কথা বলেছেন এবং গরিব লোকের প্রতি দৃষ্টি রাখলে যে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারবে সে কথাও বলেছেন। আমরা সমাজতন্ত্রের পথে চলেছি এবং আমাদের যে সরকার তার দৃষ্টিভঙ্গি হচ্ছে যাতে দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয় তার দিকে আমাদের নজর আছে এবং ২০ দফা কর্মসূচির মাধ্যমে যাতে দেশের গরিব শ্রেণীর মানুষ উপকার পায় তার জন্য পরিকল্পনা হচ্ছে। এই ২০ দফা কর্মসূচি পশ্চিমবাংলায় যে ভাবে রূপায়িত হয়েছে, আমার মনে হয় না যে আর কোথাও সেইভাবে হয়েছে। এখানে প্রকৃতপক্ষে গরিব শ্রেণীর

যে সমস্ত লোক আছে তাদের মঙ্গলের জন্য যেসব পরিকল্পনা করা হয়েছে সেগুলি নিশ্চয়ই বৈপ্লবিক বলা চলে। এর মধ্যে ৩ লক্ষ গরিব শ্রেণীর মানুষের কর্মসংস্থান করা হয়েছে। এখানে প্রায় ১ লক্ষ একর নুতন করে জমি বন্টন করা হয়েছে। এখানে ভাগচাষীদের স্বার্থ রক্ষা করার জন্য যে সমস্ত আইন প্রণয়ন করা হয়েছে, যে সমস্ত গ্রামের মানুষ, যারা ঋণগ্রস্ত তাদের এই ঋণ থেকে মুক্তি দেবার জন্য যে সমস্ত আইন করা হয়েছে এগুলি নিশ্চয়ই বৈপ্লিক এবং সেগুলির দ্বারা যে মানুষের উপকার হবে না সে কথা কেউ বলতে পারে না। গরিব শ্রেণীর মানুষেরা যাতে সারা বছর কাজ পায় তার জন্য আমাদের পরিকল্পনা চলছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনি জানেন যে গরিব শ্রেণীর মানুষেরা যাতে কাজ পায় তার জন্য এখানে রুর‍্যাল প্রোডাকশন প্রোগ্রাম তৈরি করা হয়েছে, রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম তৈরি করা হয়েছে এবং এর মাধ্যমে কারা উপকার পাচ্ছে? এর মাধ্যমে গরিব শ্রেণীর মানুষেরা উপকার পাচ্ছে। আজকে গরিব শ্রেণীর মানুষেরা যাতে উপকার পায় তার জন্য গ্রামে, গঞ্জে হাসপাতালের সুযোগ-সুবিধা সম্প্রসারণ করা হয়েছে। আজকে পশ্চিমবাংলার এই স্বাস্থ্য দপ্তরের ক্রিয়াকলাপ দেখে তাকে অভিনন্দন জানানো ছাড়া আমাদের গত্যন্তর নেই। আমরা দেখেছি হাসপাতালের বেডের মাত্রা বেড়ে গেছে। আমরা দেখেছি গ্রামে গঞ্জে যে সমস্ত হাসপাতাল ছিল এক সময়ে যেখানে ঔষধ ছিল না সেখানে গ্রামের গরিব মানুষেরা ঔষধ পাওয়ার সুযোগ পাচ্ছে, চিকিৎসা পাচ্ছে এবং এই সুযোগগুলি বেশির ভাগ উপভোগ করে দরিদ্র শ্রেণীর মানুষেরা, গরিব মানুষেরা। আজকে পরিকল্পনার আসল উদ্দেশ্য হচ্ছে গরিব মানুষের উপকার করা এবং এই সমস্ত কাজের মাধ্যমে এগুলি নিশ্চয়ই হচ্ছে। আপনি জানেন বেশি গরিব শ্রেণীর মানুষেরা কোথায় থাকে? এই সমস্ত মানুষেরা ট্রাইবাল অধ্যুষিত এলাকায় বাস করে। আপনি জানেন যে এই ট্রাইবাল প্রোজেক্টের মাধ্যমে আমাদের দেশের গরিব মানুষের বেশি করে উপকার করার চেষ্টা করা হচ্ছে। এই ট্রাইব্যাল মানুষরা যাতে বঞ্চিত না হয় তার জন্য একটা সাব-প্ল্যান করা হচ্ছে এবং আমার মনে হয় আগামী দিনে এই পরিকল্পনা ফলপ্রসু হলে বহু গরিব মানুষ উপকৃত হবে। আর কোথায় গরিব শ্রেণীর মানুষ থাকেন, তারা থাকেন ব্যাকওয়ার্ড রিজিয়নে। এখানে ব্যাকওয়ার্ড রিজিয়নের মানুষেরা সবচেয়ে বেশি গরিব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অনুন্নত জেলাগুলির উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করে সবচেয়ে পশ্চাদপদ মানুষদের উন্নয়নের চেষ্টা করা হয়েছে। আমরা দার্জিলিং এর উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করেছি, কারণ এটা পশ্চাদপদ এলাকা। আমরা সুন্দরবন উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করেছি। এই সুন্দরবনের কথা আমরা বহুদিন ধরে শুনে আসছি, কত সরকার এল, কত সরকার গেল, কিন্তু সেখানকার প্রকৃত মানুষের জন্য যে কাজ সেই কাজ আমরা দেখিনি। আজকে সুন্দরবনের উন্নয়নের পরিকল্পনার মাধ্যমে আমরা সেটা দেখতে পাব। ঝাড়গ্রাম একটা পশ্চাদপদ এলাকা, সেই জন্য সেখান জন্য একটা উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আজকে সেখানকার মানুষের মনে একটা আশা আকাঙ্খা দেখা দিয়েছে। আজকে এই সরকারের দৃষ্টিভঙ্গি হচ্ছে অনুন্নত, গরিব শ্রেণীর মানুষের উপকার করা। কৃষিতে শতকরা ৭০ ভাগ মানুষ বাংলাদেশে নিয়োজিত থাকে, এই কৃষি কাজকে যাতে প্রগতিশীল করা যায় তার জন্য যথাসাধ্য চেষ্টা হচ্ছে। এটাকে সম্প্রসারিত করে আমাদের দেশের উৎপাদনকে দ্বিগুণ করা হয়েছে। ১৯৪৭ সালে আমাদের পশ্চিমবাংলায় মাত্র ৩০ থেকে ৪০ লক্ষ টন ধান উৎপাদন হ'ত। আজকে সেটা এসে দাঁড়িয়েছে ৮০ থেকে ৯০ লক্ষ টনে।

আজকে এস ফ ডি এ, সি এ ডি পি, মার্জিনাল ফার্মার্স, যে সব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, এইগুলো মূলত গরিব শ্রেণীর মানুষের জন্য। অতএব আমাদের দৃষ্টিভঙ্গি গরিব শ্রেণীর মানুষের উন্নয়নের জন্য। এটা যদি অস্বীকার করা হয় তাহলে সত্যের অপলাপ করা হবে। আজকে ২০ দফা কর্মসূচি যা গ্রহণ করা হয়েছে তা মূলত গরিব শ্রেণীর লোকের জন্য এবং পশ্চিমবাংলার ক্ষেত্রে সেটা স্বার্থক হয়ে উঠেছে। এই জন্য আমাদের মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে উপস্থাপিত করেছেন, সেই সুন্দর ভাষণকে সম্পূর্ণ ভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পঞ্চানন সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল যে আত্ম প্রত্যয় ভরা তার ভাষণ দিয়েছেন, আমি তা মনোযোগ দিয়ে শুনেছি, এই ভাষণ সম্পর্কে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং বিরোধী পক্ষের যে সংশোধনী প্রস্তাব এসেছে তার বিরোধিতা করছি। আজকে এই কথা অস্বীকার করা যাবে না—অতি বড় বিরোধী যারা তারাও জনসাধারণের কাছে অস্বীকার করতে পারবেন না, অ্যাসেম্বলির ভিতরে হয়ত তর্কের খাতিরে বিরোধিতা করতে পারেন, কিন্তু বাইরে গিয়ে তাদের পক্ষে এই ভাবে জনসাধারণের সামনে বিরোধিতা করার মতো দুঃসাহস তাদের নেই। আমরা দেখেছি বহু সরকার এল, বহু সরকার গেল, কিন্তু পশ্চিমবাংলায় ১৯৭২ সালের পর থেকে বর্তমান মন্ত্রিসভা যখন থেকে আসীন হল, তখন থেকে সত্যকারের গ্রামের দিকে তাদের নজর গেল, যেটা এর আগে অবহেলিত ছিল। আজকে এমার্জেন্সি চলছে এবং ২০ দফা কর্মসূচির মাধ্যমে গ্রামে গ্রামে, শহরে শহরে একটা অর্থনৈতিক কর্মসূচির কর্ম যজ্ঞ চলছে।

[6-50 — 7-00 p.m.]

ভূমি সংস্কারের ক্ষেত্রে হাজার হাজার বিঘা সরকারে ন্যস্ত জমি, ভেস্টেড জমি বছরের পর বছর আনডিস্ট্রিবিউটেড অবস্থায় পড়েছিল। আমাদের সরকার সেই জমি গত জুন মাস থেকে শুরু করে ২রা অক্টোবরের মধ্যে সব বিলি করে দিতে পেরেছেন। যা বলেছিলাম, তা আমরা করতে পেরেছি। শুধু জমি বিলিই নয় তাদের পাট্টা দলিল সরকারি অফিসারদের দিয়ে দেওয়া হয়নি, আমাদের মুখ্যমন্ত্রী নিজে গিয়ে দিয়ে এসেছেন। আমাদের সুন্দরবনের মতো অনগ্রসর জায়গাও তিনি যাবার সময় পেয়েছিলেন এবং গিয়েছিলেন। তার সঙ্গে আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী এবং শিল্প মন্ত্রীও গিয়েছিলেন। এর ফলে যে অপূর্ব উৎসাহ উদ্দীপনার সৃষ্টি তা অভিনব বলে আমরা সাধারণ মানুষের কাছ থেকে স্বীকৃতি পেয়েছি। তবুও আমরা স্বীকার করি যে, এখনও অনেক কিছু আমাদের করতে হবে। কিন্তু এই ভূমি সমস্যা একটা জটিল সমস্যা, বিশেষ করে সুন্দরবনের মতো এলাকায়, তবুও সেখানে যেটুকু আমরা আমাদের আমলে করতে পেরেছি তা সত্যিই উল্লেখযোগ্য। আমরা সেখানে ভেস্টেড ইন্টারেস্টকে ঘা দিয়েছি, যারা হাজার হাজার বিঘা জমি লুকিয়ে রেখেছিল এবং নানা রকমভাবে বর্গা-চাষীকে শোষণ করছিল তাদের আমরা কিছু কিছু ক্ষেত্রে আইনের সাহায্যে আঘাত হেনেছি এবং জনসাধারণের সহযোগিতায় আঘাত হেনেছি। ভাগচাষী, বর্গাদার প্রভৃতি ঐ সমস্ত গরিব মানুষ, যারা ঐ হাঙ্গর-ভাঙ্গর, জোতদারদের যমের মতো ভয় করত, তারা এই জরুরি অবস্থায় ২০ দফা অর্থনৈতিক প্রোগ্রামের কল্যাণে ঐক্যবদ্ধ এবং যেখানে চাষী বেশি ঐক্যবদ্ধ সেখানেই

আমরা বেশি সাহায্য করতে পেরেছি। আজকে যখন আমাদের রাজ্যপাল বললেন যে একটা দেউলিয়া স্টেট, ঋণ-গ্রস্ত স্টেট ছিল পশ্চিমবঙ্গ '৭২ সালের পূর্বে, এই সরকার আসার পর সেই স্টেট ১৩০ কোটি টাকার কেন্দ্রীয় ঋণ পরিশোধ করেছে, ৩০ কোটি টাকার ওভারড্রাফট এবং দ্বিতীয় যুক্ত ফ্রন্ট সরকারের ৫৩ কোটি টাকার ঘাটতি বাজেট পূরণ করে, এই সমস্ত দায়-দায়িত্ব পালন করে গত বছর আমাদের অর্থমন্ত্রী সারপ্লাস বাজেট বিধানসভায় রেখেছিলেন। এটা কম কৃতিত্বের কথা নয়, কম গৌরবের কথা নয়। তবুও স্যার, আমরা জানি সাধারণ মানুষের জন্য এখনও অনেক কিছু করবার আছে, আরও কাজ হওয়া উচিত। তাই আমি আপনার মাধ্যমে আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার সদস্যদের কথা বলব যে, সুন্দরবন জেলা গঠনের একটা সিদ্ধান্ত, ক্যাবিনেটের সিদ্ধান্ত ছিল এবং সেটা আমরা খবরের কাগজে পড়েছি। সুন্দরবন এলাকা, সেখানে বর্তমানে ২০ লক্ষ লোকের বসবাস, যেখানে ১০টি অ্যাসেম্বলি কনস্টিটিউয়েন্সি এবং দুটির বেশি পার্লামেন্টারি কনস্টিটিউয়েন্সি সেখানে একটা স্ট্যাটুটরি রূপ দিয়ে সুন্দরবনকে একটা ডিস্ট্রিক্ট তৈরি করে, নতুন নতুন মহকুমা গঠন করে ডিসেন্ট্রালাইজেশন অফ পাওয়ার ফ্রম ক্যালকাটা করতে পারি। আমি অনুরোধ করব আমাদের সরকারকে যে, তারা সেই দিকে একটু সচেষ্ট হোন। আমাদের এই বিশ্বাস আছে যে, আমাদের সরকার এটা করবেন। আমাদের মন্ত্রিসভাই প্রথম সুন্দরবনের জন্য, কেবল সুন্দরবনের জন্য একটা প্রতিষ্ঠান গঠন করেছেন এবং সেটা সুন্দরবনের উন্নয়নের জন্য এই রকম তারা ঝাড়গ্রামের জন্য করেছেন, পার্বত্য এলাকার জন্যও করেছেন। আমি তাদের বলব যে, পার্বত্য এলাকার জন্য যেমন স্ট্যাটুটারি বডির প্রয়োজন, ঝাড়গ্রামের জন্য স্ট্যাটুটারি বডির প্রয়োজন, এবং সুন্দরবনের জন্যও প্রয়োজন। কারণ তাদের ছিটে-ফোটা সাহায্য দিয়ে তাদের সার্বিক উন্নয়ন করা যাবে না। এই সব অনুন্নত জায়গার প্রয়োজন মাফিক উন্নয়নের জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা চাই, পাবলিক ক্রেডিট চাই এবং সর্বোপরি একটা স্ট্যাটুটারি বডি, একটা অটোনমাস বডি থাকা প্রয়োজন। সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ডের কোন এক্সিকিউটিভ পাওয়ার নেই। এই এক্সিজিকিউটিভ পাওয়ার যদি বোর্ডের না থাকে তাহলে তার পক্ষে অন্য ডিপার্টমেন্টের উপর নির্ভর করা ছাড়া অন্য রাস্তা নেই। ঐ বোর্ডকে এক্সজিকিউটিভ পাওয়ার দেওয়া হোক। যা হোক, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার সমর্থন করে আমি শেষ করছি।

শ্রী শক্তিকুমার ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার কৃষি সমস্যাই প্রধান সমস্যা। কিন্তু রাজ্যপালের ভাষণে এই সমস্যা সম্পর্কে কোনও আভাস পাওয়া যাচ্ছে না। এই সমস্যার জন্য শ্যালো, টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, রিভার লিস্ট বসানো হয়েছে একথা আমরা স্বীকার করি। কিন্তু কৃষক সমস্যার বিষয়ে রাজপালের ভাষণে একটি কথাও নেই। এই কৃষকদের সেচব্যবস্থায়, সার ব্যবস্থা থেকে আরম্ভ করে সব কিছু দেওয়া হচ্ছে, কিন্তু তাতে কি উন্নতি হয়েছে। এ সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কিছু নেই। আমরা দেখতে পাচ্ছি কৃষির ব্যবস্থার ভেতর দিয়ে শ্যালো টিউবওয়েল-এর ব্যবস্থা করা হয়েছে। আবার অপরদিকে কৃষকদের দাবিয়ে রাখার জন্য তাদের খাজনা বৃদ্ধি করা হয়েছে, সারের দাম বৃদ্ধি করা হয়েছে, জলের ট্যাক্স বৃদ্ধি করা হয়েছে। এই রকম ভাবে নানান দিক থেকে তাদের অক্টোপাসের মতো বাধা হয়েছে। এসব কথা রাজ্যপালের ভাষণে নেই। এতে কৃষক সমস্যার

সমাধান হচ্ছে না। এদিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রিসভাকে অনুরোধ করছি। এদিকে দৃষ্টি দিলে রাজ্যপালের ভাষণ এরকম ধরনের হোত না। সেজন্য রাজ্যপালের ভাষণের বিরোধিতা আমাকে করতে হচ্ছে। ভাগচাষীদের জন্য যে আইন হয়েছে তা ভালই হয়েছে। কিন্তু সেই আইন প্রয়োগ করার সময় আমাদের সরকারি যন্ত্র বিকল হয়ে আছে। ভাগচাষী উপকৃত হচ্ছে না, বরং তারা শয়ে শয়ে উচ্ছেদ হয়ে যাচ্ছে। মালিকরা J.L.R.O. Police-কে প্রভাব করে ভাগচাষী উচ্ছেদ করছে। এদিক থেকে রাজ্যপালের ভাষণে সেসব কিছু নেই। এর উল্লেখ না থাকার জন্য রাজ্যপালের ভাষণের বিরোধিতা করতে হচ্ছে। অপরদিকে বেকার সমস্যা আমাদের দাবিটিকে এমনভাবে ছেয়ে গেছে যে রাস্তা ঘাটে বেকাররা চাকরি দাও বলে প্রত্যেক M.L.A.-এর পিছু পিছু ঘুরছে। এই সমস্যা সমাধানের কথা রাজ্যপালের ভাষণে নেই। এদিকে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। শিল্পপতিরা নূতন করে কারখানা খোলার গরজ দেখাচ্ছেন না বলে বেকার সমস্যার সমাধান হচ্ছে না। অপরদিকে তারা লক-আউট ক্লোজার করে শ্রমিক ছাঁটাই করে বেকার বাড়িয়ে দিচ্ছে। এইসব সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কিছু নেই বলে আমি বিরোধিতা করছি।

[7-00 — 7-08 p.m.]

পরিশেষে স্বাস্থ্যকেন্দ্র সম্বন্ধে একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় স্বাস্থ্য কেন্দ্র বহু তৈরি করেছেন, আমি সেদিকে যাচ্ছি না, স্বাস্থ্য কেন্দ্র তৈরি করার দিকে আমি তাকে উৎসাহ দিচ্ছি, কিন্তু পরিমাণগতভাবে স্বাস্থ্য কেন্দ্র বেড়ে যাচ্ছে বটে, গুণগত মান বাড়ছে না। গ্রামে যে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং উপস্বাস্থ্য কেন্দ্র আছে সেখানে এক ফোঁটা ওষুধ নেই। আগে লাল জল তবু পাওয়া যেত, এখন সেই লাল জল তো দূরের কথা কিছু পাওয়া যায় না। ডাক্তার বাবুরা প্রেস্ক্রিপশন লিখে দিলে বাইরে থেকে ওষুধ কিনে নিতে হবে। সুতরাং এই ২০ দফা কর্মসূচির মাধ্যমে গরিব মানুষের যে কি উপকার হল বুঝতে পারছি না। যার পয়সা নেই সে যেমনভাবে মরছিল সেই ভাবেই মারা যাবে। সেদিকে রাজ্যপালের ভাষণে কিছু নেই। সেজন্য রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্যের উপসংহার করছি।

শ্রী হেমন্তকুমার দত্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। আজকে ভাল ভাল বক্তা যারা দীর্ঘদিন রাজনীতি করে এসেছেন তাদের কথা জাগলারি আমরা অনেক দিন শুনে এসেছি। রাজ্যপালের ভাষণের উপর যারা বক্তব্য রেখেছেন তাদের আমি একটা কথা বলি আমাদের সরকার বা রাজ্যপাল যে সমস্ত কথা বলেছেন তার মধ্যে সামগ্রিকভাবে মানব সমাজকে, বাংলাদেশের লোককে সর্বাঙ্গ সুন্দর করে তাদের সমস্ত দুঃখ ঘুচিয়ে সমস্ত কিছু করতে পেরেছেন রাজ্যপাল বলেননি, একথা রাজ্যপালের পক্ষে বলা সম্ভব নয়। গরিব লোকের দিকে কি রকম দৃষ্টিভঙ্গি নিয়ে তিনি তার বক্তব্য রেখেছেন, গরিব লোকের দিকে আমাদের রাজ্য সরকারের বা রাজ্যপালের যে জেসচার সেই জেসচারের দিকে লক্ষ্য করতে হবে। একটা কথা আছে—ম্যান ইজ বরর্ন ফ্রি বাট এভরিহয়ার হি ইজ চেঞ্জড, অর্থাৎ মানুষ প্রথমে তার সমস্ত অধিকার নিয়ে জন্মগ্রহণ করেছিল, কিন্তু আজকে মানুষের তরে হায়রে মানুষ কত যন্ত্রণা শয়।

আমরা যে সমস্ত প্রাকৃতিক সম্পদ পেয়েছিলাম সেই প্রাকৃতিক সম্পদকে সমানভাবে ভাগ করে নেবার অধিকার নিয়েই আমরা জন্ম গ্রহণ করেছিলাম। কিন্তু আজকে এক শ্রেণীর মানুষ হ্যাভস, আর এক শ্রেণীর মানুষ হ্যাভ-নটস, এক শ্রেণী মানুষের আছে, আর এক শ্রেণী মানুষের নেই। এর একমাত্র মূল কারণ হল মানুষ। ম্যান'স ইন হিউম্যানিটি টু ম্যান মেক্স কাউন্টলেস থাউজ্যান্ড মোর্ন অর্থাৎ এক মনুষ্য সম্প্রদায়ের অন্য মনুষ্য সম্প্রদায়ের উপর যে অমানুষিকতা সেটাই মানুষের সমস্ত দুঃখের কারণ হয়ে দাঁড়িয়েছে। আমরা কথায় এক রকম বলি কাজে অন্য রকম করি—মুখে বলি হরি কাজে অন্য করি। এখানে অ্যাসেম্বলির চত্তরে এক রকম ভাষণ রাখি, অথচ বাস্তব জগতে আমরা অন্য রকম করি। আমাদের যাদের জায়গা-জমি বেশি আছে আমরা সরকার যে ক্ষেত মজুরদের মজুরি ধার্য করেছেন সেই ধার্য মজুরি দেওয়ার দিকে থেকে যতটুকু পারি এক্সপ্লয়েট করার চেষ্টা করি। একজন দার্শনিক বলেছেন আমরা যে তন্ত্র প্রবর্তন করি না কেন যে ইজম করি না কেন দুর্বলের উপর সবলের অত্যাচার কোনও না কোনও প্রকারে থাকবে। আমাদের সরকারের তাই উদ্দেশ্য হবে এই সমস্ত কায়েমি স্বার্থের যারা মানুষ তাদের দমন করা। তারা যেভাবে নখদন্ত বিস্তার করে অন্যান্য মানুষের মুখের গ্রাস কেড়ে নিতে চায় তার বিরুদ্ধে আঘাত হানতে হবে। কিন্তু এই আঘাত হানা এত সহজ নয়। সমস্ত পৃথিবী ব্যাপি এই সংগ্রাম চলছে। এই সংগ্রাম কতদিন পরে সাফল্য মন্ডিত হবে আমি জানি না। তবে একটা কথা হচ্ছে আমাদের সরকারের যে দৃষ্টিভঙ্গি আছে সেই দৃষ্টিভঙ্গির দিকে যদি আমাদের লক্ষ্য ঠিক থাকে তাহলে আমরা জনসাধারণের কল্যাণ করতে পারব। আজকে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেই প্রকল্পনার ফল যাতে সবাই ভোগ করতে পারে সেইদিকে দৃষ্টি দিতে। চন্দ্র যেমন তার রশ্মি ধনী-নির্ধন, ব্রাহ্মণ-চণ্ডাল নির্বিশেষে বিকিরণ করে, তেমনি যাদের দিকে কোনওদিন আলোকপাত হয়নি, যাদের দিকে কেউ কখনও তাকায়নি, যারা সবার পিছে পড়ে আছে তাদের দিকে দৃষ্টি দিতে হবে এবং সেই দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যাচ্ছে আমাদের রাজ্যপালের ভাষণের মধ্যে। আমরা দেখতে পাচ্ছি যাদের দিকে কেউ তাকায়নি, যারা আদিবাসী তফসিলি, যারা দুস্থ, যারা কোনওদিন খেতে পরতে পায় না, যারা ভাগচাষী প্রান্তিক চাষী, যারা ক্ষেত মজুর, যারা অবহেলিত নিপীড়িত হয়ে আছে তাদের দিকে বিভিন্ন পরিকল্পনা আমরা এগিয়ে দিচ্ছি।

আমরা কখনও বলিনি আমরা শেষ কথা বলে দিয়েছি এবং জগতে উন্নতি করবার আর কিছুই নেই। আমরা প্রগতির রথ চক্রে ঘন্টা সংযোজন করেছি এবং আমাদের চেষ্টার উপর সব কিছু নির্ভর করছে। কাজেই আমরা বলতে পারছি না যে আমরা সমস্ত কিছু করে ফেলেছি, আর কিছু বলবার নেই। আমাদের যে সমস্ত র-মেটিরিয়ালস আছে, প্রাকৃতিক সম্পদ রয়েছে, অরণ্য সম্পদ রয়েছে, খনিজ সম্পদ রয়েছে এবং সমুদ্র সম্পদ রয়েছে তাকে আমরা কাজে লাগাবার চেষ্টা করছি। কিন্তু দুঃখের বিষয় সেই সমস্ত প্রাকৃতিক সম্পদকে একদল মানুষ তাদের নিজেদের হাতে রাখবার চেষ্টা করছে। কালোবাজারি, মুনাফাখোর যারা অপরের রক্ত শুষে নিজেদের হাতে সম্পদ রেখেছে তাদের সেই ধন ছিনিয়ে আনার চেষ্টা করা হচ্ছে এবং ম্যান পাওয়ার সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে আমরা যদি লুকিয়ে রাখা সম্পদ আহরণ করার চেষ্টা না করতাম তাহলে ১৯৭২ সালে আমরা এসে কি করে ১৬৬ কোটি টাকার প্ল্যান বাজেট করলাম? এখনও যে সমস্ত সম্পদ লুকিয়ে রাখা হয়েছে তাকে বার করবার

জন্য পার্সুয়েসিভ মেজারের মাধ্যমে অর্থ সংগ্রহ করবার চেষ্টা করা হচ্ছে, আবার প্রচন্ড আঘাত হানবারও চেষ্টা করা হচ্ছে। আমাদের যারা দরিদ্র শ্রেণীর কৃষক আছে তাদের উন্নতি করবার চেষ্টা করা হচ্ছে, জাতীয় আয়ের শতকরা ৮০ ভাগ যাদের কাছ থেকে আসছে তাদের উন্নতি করবার চেষ্টা করা হচ্ছে, এবং যেখানে একটি ফসল ফলত সেখানে আজকে ৩টি ফসল তৈরি হচ্ছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে একটা পারসেপ্টেবেল চেঞ্জ দেখা যাচ্ছে এবং পরিকল্পনা রূপায়ণের মাধ্যমে আমরা যে ফল পেয়েছি সেটা বেশ অনুভব করছি। ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে আমরা যে পার্থক্য দেখতে পাচ্ছি তাতে বোঝা যাচ্ছে আমরা এগোচ্ছি। আমাদের প্রধানমন্ত্রীর ২০ দফা কর্মসূচি যে সফল করবার চেষ্টা করা হচ্ছে এটা একটা শুভ ইঙ্গিত। আমাদের প্রধানমন্ত্রী বলেছেন এটা ম্যাজিক বললে হবে না—হার্ড লেবার, এফিসিয়েন্সি, আয়রণ উইল এবং স্ট্রিকটেস্ট এফর্ট-এর মাধ্যমে এটা করতে হবে। আমাদের উৎপাদন বাড়াতে হবে, অর্থনৈতিক স্বাধীনতা আনতে হবে এবং ওই কর্মসূচিকে সাফল্যমন্ডিত করতে হবে। একথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 7.08 p.m. till 1 p.m. on Thursday, the 26th February, 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 26th February, 1976 at 1.00 p.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 11 Ministers, 3 Ministers of State, 1 Deputy Minister and 132 Members.

[1-00 — 1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath)

OBITUARY REFERENCE

Mr. Speaker : Honourable members, before commencing the business fixed for the day I would to refer to the demise of an Ex-Minister of undivided Bengal, **Shri Nagendra Narayan Roy**. He died on the 20th February last at the age of 86. He was a Minister in the Suhrawardy Cabinet during the years, 1946 to 47. Associated with various social welfare organisations of North Bengal, he made signal contributions towards the upliftment of the depressed classes and was a Member of the Bengal Legislative Council from 1923 to 1926 and the Bengal Legislative Assembly from 1929 till the date of partition of Bengal in 1947.

With these words, I would request you to stand in your seats and observe silence for 2 minutes as a mark of respect to the departed soul.

The Members rose in their seats and stood

in silence for 3 minutes)

Thank you, ladies and gentlemen, Secretary will arrange to send a copy of the message of condolence to the members of the bereaved family.

Starred Questions
(to which oral answers were given)

Mr. Speaker : Starred Question No. 26 is held over.

দুগ্ধ প্রকল্পের অধীনস্থ ডিপো অ্যাসিস্ট্যান্ট ছাঁটাই

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩১।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** পশুপালন ও পশুচিকিৎসা (দোহ্ উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুগ্ধ প্রকল্পের ডিপো অ্যাসিস্ট্যান্টদের মধ্যে কিছু মেয়েকে ছাঁটাই করার কোনও অভিযোগ সরকারের গোচরে আসিয়াছে কিনা এবং

(খ) আসিয়া থাকিলে, ঐ ছাঁটাইয়ের কারণ কি?

শ্রী প্রদীপ ভট্টাচার্য :

(ক) হ্যাঁ।

(খ) শিক্ষালাভে আর্থিক সাহায্যই ছাত্রীদের ডিপোতে নিয়োগের মূল উদ্দেশ্য। এই উদ্দেশ্য যাহাতে ব্যাহত না হয়, সে জন্য কিছু অছাত্রী, ডিপো কর্মী এই ছাঁটাইয়ের আওতায় পড়েছেন।

(গ) উল্লিখিত উদ্দেশ্য অনুযায়ী এ প্রশ্ন ওঠে না।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় এই প্রশ্নের যে উত্তর দিলেন যে এই প্রকল্প ছাত্রীদের সাহায্যে করার উদ্দেশ্য করা হয়েছিল সে কথা ঠিক কিন্তু এই সূত্রে একটা কথা সাপ্লিমেন্টারিতে জিজ্ঞাসা করতে চাই যে '৬৯ সালের আগে পর্যন্ত অছাত্রী থাকলে তাদের রিটায়ার করিয়ে দেওয়া হবে। এই কথা তাদের নেবার সময় বলা ছিল না সেই কারণে '৬৯ সালে এই অনুসারে তদানীন্তন মুখ্যমন্ত্রী শ্রী অজয় মুখোপাধ্যায় এদের কথা দেন যে যেহেতু '৬৮ সালের আগে একথা ছাত্রীদের বলা ছিল না সেখানে '৬৯ সালের ভিত্তিতে তাদের রাখা হবে এই সার্কুলার দিয়েছিলেন এবং সেই অছাত্রীদের সংখ্যা এখন মোট সংখ্যার চেয়ে কম বলে জানতে পারি। এই হাউসে মাননীয় অজয় মুখোপাধ্যায় উপস্থিত আছেন এবং তিনি যে সার্কুলার দিয়েছিলেন সেটা রাখবার জন্য সহৃদয় মন্ত্রী মহাশয় নিজে এটা বিবেচনা করবেন কি?

শ্রী প্রদীপ ভট্টাচার্য : মাননীয় সদস্যা জানেন যে এই স্কীম যখন নেওয়া হয় তখন এই ধরনের একটা সিদ্ধান্ত নেওয়া হয় যে সমস্ত মেয়েরা স্কুল কলেজে পড়ে, সাধারণ মধ্যবিত্ত ঘরের মেয়ে, যারা তাদের লেখাপড়ার খরচ দিতে পারে না তাদের একটা অ্যালাউন্স দেবার জন্য এই স্কীম চালু করা হয়েছিল। কিন্তু এখানে দেখা গিয়েছে এদের মধ্যে অনেকেই স্কুল কলেজে পড়ে না এবং অনেকে ১২/১৪ বৎসর হল পাশ করে বসে আছে যার জন্য নূতন করে স্কুল কলেজের মেয়েদের সাহায্য করা যাচ্ছে না। এই জিনিসটা বিবেচনা করার ফলে যারা অছাত্রী রয়েছে তাদের পরিবর্তে নূতন ছাত্রীদের নেবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল কিন্তু

সেই সিদ্ধান্ত গ্রহণ করার পর আমার কাছে অনেক আবেদন এসেছে এবং অনেক সদস্যদের কাছ থেকে পুনর্বিবেচনা করার কথা বলেছেন। আমি আমার ডিপার্টমেন্টকে বলেছি সমস্ত জিনিসটা আমার কাছে প্রেস করতে যাতে এই ব্যাপারে পুনরায় কোনও সিদ্ধান্ত নেওয়া যায় কিনা তা বিচার করার জন্য।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ অনেক সুখে দুঃখে মেয়েরা এখানে আছে। মন্ত্রী মহাশয় এটা পুনর্বিবেচনা করে এটা বহাল রাখলে সেই সমস্ত মেয়েদের মাথায় যত চুল আছে ততদিন মন্ত্রী মহাশয়ের আয়ু হোক এই কামনা করবে।

শ্রী প্রদীপ ভট্টাচার্য ঃ আয়ুর প্রশ্নে আসছি না তবে এটা পুনর্বিবেচনা করা যায় কিনা দেখবো।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ এই যে অছাত্রীদের সংখ্যা কত, টোটাল নাম্বার অব রিট্রেন্চমেন্ট কত?

শ্রী প্রদীপ ভট্টাচার্য ঃ এখন পর্যন্ত যা করা হয়েছে তার সংখ্যা মাত্র ৩০ জন।

কলকাতায় মশকের উপদ্রব

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫।) **শ্রী অশ্বিনীকুমার রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি কলকাতায় অস্বাভাবিকভাবে মশক বৃদ্ধি পাইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, মশক বৃদ্ধি রোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর ম্যালেরিয়া রোগ নির্মূল প্রকল্পে ব্যবস্থা নিয়েছেন। কিন্তু শুধু মশক নিধন করবার জন্য উক্ত দপ্তর বর্তমানে কোনও বিশেষ পরিকল্পনা গ্রহণ করেন নি।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ এখানে আপনি যা বললেন তাতে তো মশা বাড়তেই থাকবে। এ ব্যাপারে আপনাদের যখন কোনও প্রকল্প নেই তখন কলকাতায় মশা বাড়তেই থাকবে সেখানে সরকারের কি কিছু করণীয় নেই?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ম্যালেরিয়া কন্ট্রোল করার জন্য কতকগুলি ব্যবস্থা নিয়েছে। কিন্তু সাধারণভাবে মশক নিধন করবার জন্য স্বাস্থ্য দপ্তরের কোনও প্রকল্প নেই, তবে মশা বাড়ার সঙ্গে সঙ্গে ম্যালেরিয়া এবং অন্যান্য রোগের সংখ্যাও বেড়ে যাবে সেইজন্য স্বাস্থ্য দপ্তর এবং কলকাতা কর্পোরেশন যুক্তভাবে কয়েকটি প্রকল্প নিয়েছে যাতে ভাল করে লার্ভিসিডাল অয়েল ব্যবহার করা যায়, যাতে ডি ডি টি স্প্রে করে

ম্যালেরিয়ার অ্যাটাক কন্ট্রোল করা যায়, কলকাতার আশেপাশে যে সমস্ত ক্যানেল আছে যেখানে নতুন করে ব্রিজ তৈরি করার জন্য কিংবা ক্যানেল ভাল করে তৈরি করতে পারার

[1-10 — 1-20 p.m.]

জন্য ড্রাই করা হয়েছিল, সেখানে কিছু কিছু জায়গায় জল জমেছিল, সেগুলি ইরিগেশন ডিপার্টমেন্টের সহায়তা নিয়ে বাগজোলা ক্যানেল এবং মারাঠা ডিচ ক্যানেলে ফেলা হয়। অরবিন্দ সেতু নির্মাণের জন্য মারাঠা ডিচ ক্যানেলে কিছু অংশ নানা জায়গায় জল জমে গেছে। সেখানে শুকনো রাখতে হয়েছে যেখানে নানা জায়গায় প্যারিস গ্রিন ছড়ানো হচ্ছে, বিশেষ করে যেটা প্রয়োজন সেটা হল জনসাধারণের কাছে অনুরোধ রেখেছি যে সমস্ত এলাকায় সেফটি ট্যাঙ্ক রয়েছে সেখানে মশা যে নুইস্যান্স ক্রিয়েট হচ্ছে সেটা কিউলেক্স মশা, তাতে ম্যালেরিয়া হয় না। সেই মশা আমাদের কামড়াচ্ছে এবং অসুবিধার সৃষ্টি করছে। সেই সেফটি ট্যাঙ্কের উপর যে একস্থস্ট পাইপ আছে তার আউটলেট দেড় টাকা খরচ করে যদি মসকিউটো নেট লাগিয়ে দেওয়া যায় তাহলে মশার উপদ্রব বন্ধ হতে পারে কিন্তু অনেক জায়গায় সেগুলি করছে না, তার ফলে মশা বাড়ছে এবং অসুবিধা হচ্ছে এই সেফটি ট্যাঙ্কে কোনওরকমে তেল ব্যবহার করা যায় না এবং কোনওরকম কীটনাশক ওষুধ ব্যবহার করা যায় না। তাই জনসাধারণের নিজেদের দায়িত্ব আছে এই সেফটি ট্যাঙ্কের একস্থস্ট নেট ব্যবহার করার। কলকাতা শহরের এলাকায় বিশেষ করে বড়বাজার এলাকায় যেখানে যেখানে বড় বাড়ি তৈরি হয়েছে সেখানে সেখানে মশার উপদ্রব বেশি দেখা যাচ্ছে, কারণ বড়বাজারে আন্ডারগ্রাউণ্ড ওয়াটার রিজারভারগুলি অনেক দিনের পুরানো সেগুলি যাতে সপ্তাহে একবার করে সম্পূর্ণ ড্রাই করে এবং অনেক তলা বিশিষ্ট যে বাড়ি তৈরি করছে সেখানে সিমেন্ট জমিয়ে জল জমিয়ে রাখছে, তাদের আমরা লিখিতভাবে অনুরোধ করছি সপ্তাহে যাতে একবার করে সেই জলটা পরিষ্কার করিয়ে দেয় এই চেষ্টা কর্পোরেশনের সঙ্গে যুগপৎভাবে করছি এবং আশা করছি এতে করে মশার উপদ্রব অন্তত কিছুটা কমে যাবে।

শ্রী মহম্মদ সফিউল্লা ঃ কলকাতা এনোফিলিস এবং কিউলেক্স এই দুটি মশা ছাড়া আর কি কি জাতের মশা বাড়ছে এবং এই সমস্ত মশা কি কি ডিজিস স্প্রেড করতে পারে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ এনোফিলিস এবং কিউলেক্স এই দুই জাতের মশা—আমাদের খবর হচ্ছে এনোফিলিসের মধ্যে অনেক গ্রুপ আছে, সেই গ্রুপগুলি আমরা বের করছি কোন গ্রুপ কি কাজ করছে। এবং কিউলেক্সের মধ্যে কোন গ্রুপ কি কাজ করে সেটাও আমরা দেখছি। এনোফিলিসের মধ্যে এক গ্রুপ আছে যেগুলি ইনফানটাইল ম্যালেরিয়া ছড়ায় সেগুলি আছে কিনা সে সম্বন্ধে আমরা নজর রাখছি।

শ্রী গণেশ হাটুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি স্বীকার করেন কলকাতায় যেমন সর্বত্র মশক বৃদ্ধি হয়েছে তেমনি গ্রামাঞ্চলেও মশক বৃদ্ধি হয়েছে—যদি স্বীকার করেন তাহলে মফস্বল মশক নিধনের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী অজিতকুমার পাঁজা : কলকাতার বাইরে যে মিউনিসিপ্যাল এলাকাগুলি আছে সেখানে গ্রামাঞ্চলের চেয়ে মশার সংখ্যা বেশি বৃদ্ধি পাচ্ছে এই খবর আমরা রেখেছি এবং কয়েকটি জায়গায় নিজেরা গিয়ে দেখেছি কেন এই রকম অবস্থা হয়েছে—তাতে দেখলাম মেদিনীপুর, কনটাই, বাঁকুড়া, বিষ্ণুপুর, সিউড়ি, বোলপুর, বহরমপুর, ইংলিশ বাজার, দুর্গাপুর, বজবজ, এই সমস্ত জায়গায় আমরা বেশি করে ব্যবস্থা জোরদার করেছি অ্যান্টি-ফাইলেরিয়া কন্ট্রোল প্রোগ্রামের আণ্ডারে যাতে এই সমস্ত জায়গায় মশার উপদ্রব বন্ধ হতে পারে এবং রোগ ছড়ানো যাতে বৃদ্ধি না পায় :

শ্রী মনোরঞ্জন প্রামাণিক : আপনি যে লিস্ট পড়লেন কেবলমাত্র দুর্গাপুর ছাড়া বর্ধমানের কোনও নাম দেখলাম না। বর্ধমানে ব্যাপক মশা হয়েছে, তারজন্য মিউনিসিপ্যালিটির মাধ্যমে আগে যেমন ডি. ডি. টি স্প্রের ব্যবস্থা ছিল পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে ডি. ডি. টি স্প্রে করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী অজিতকুমার পাঁজা : মিউনিসিপ্যাল এলাকাগুলিতে স্বাস্থ্য রক্ষার ভার মিউনিসিপ্যালিটির উপর থাকে, যেমন কলকাতা কর্পোরেশনের উপর স্বাস্থ্য রক্ষা এবং সংক্রামক রোগ দূরীকরণের ভার থাকে। বর্ধমানের নাম এজন্যই বলিনি এই সব জায়গায় আগের আগের বছর ফাইলেরিয়া হতে দেখেছি। সেই রোগ যাতে ছড়িয়ে না পড়ে কিউলেক্স মশা থেকে তার জন্য এখন থেকেই ব্যবস্থা নিয়েছি।

স্বাস্থ্য দপ্তর নিশ্চিন্তে কাজ করতে নেমে যাবে—যদি মিউনিসিপ্যালিটির কাছ থেকে কোনও request আসে যে তাঁরা এটা আয়ত্তাধীন রাখতে পারছেন না এবং আমাদের সাহায্য চাচ্ছেন।

পশ্চিমবঙ্গে নূতন মেডিক্যাল কলেজ স্থাপনের পরিকল্পনা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮।) **শ্রী মহম্মদ দেদার বক্স :** স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার কতকগুলি নূতন মেডিক্যাল কলেজ স্থাপন করিবার একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নিকট পাঠাইয়াছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) ঐ মেডিক্যাল কলেজগুলি কোথায় স্থাপিত হইবে ;

(২) উহাদের নির্মাণের জন্য কত টাকা ব্যয় হইবে ; ও

(৩) কবে নাগাদ উহাদের নির্মাণকার্য আরম্ভ হইবে?

শ্রী অজিতকুমার পাঁজা :

(ক) হ্যাঁ, পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় পরিকল্পনা কমিশনের নিকট পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবঙ্গে আরও ২টি নতুন মেডিক্যাল কলেজ স্থাপনের প্রস্তাব

পেশ করেছিলেন। কিন্তু কমিশন প্রস্তাবটি অনুমোদন করেননি। কমিশন সিদ্ধান্ত নিয়েছেন যে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে দেশে নতুন কোনও মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে না।

(খ) (১), (২) ও (৩) এ প্রশ্ন এখন ওঠে না।

শ্রী মহম্মদ দেদার বক্স ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কেন্দ্রীয় পরিকল্পনা কমিশন এই প্রস্তাবটি অনুমোদন করেন নাই। কিন্তু ৪০ লক্ষ লোকের ভিত্তিতে পশ্চিমবাংলায় আরও দুটি মেডিক্যাল কলেজ হবে একথা মাননীয় মুখ্যমন্ত্রী নর্থবেঙ্গল ট্যুর করবার সময় এক জন-সভায় একথা বলেছিলেন। আমরা সেটা স্থানীয় রেডিও মারফত শুনেছি এবং কাগজেও দেখেছি—যেখানে বলা হয়েছে তিনটির কথা। মন্ত্রী মহাশয় কি এ সম্বন্ধে কিছু জানেন?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ এটা ঠিক মুখ্যমন্ত্রী মহাশয় শিলিগুড়িতে শুশ্রূষনসর মেডিক্যাল কলেজের উদ্বোধন উপলক্ষ্যে বলেছিলেন। আমাদের অন্তত তিনটি মেডিক্যাল কলেজ পাওনা হয়েছে জন সংখ্যানুযায়ী। তারমধ্যে দুটির জন্য তিনি লিখেছেন। সেই সভাতে তিনি জানিয়েছিলেন যে প্ল্যানিং কমিশন—এগুলি আমাদের দিচ্ছেন না। পঞ্চম পরিকল্পনাকালে ভারতবর্ষের মধ্যে কোথাও কোনও মেডিক্যাল কলেজ তারা দিচ্ছেন না। সমস্ত মেডিক্যাল এডুকেশনের পদ্ধতি সম্বন্ধে ভারত সরকার নতুনভাবে ভাবছেন। সেটা যতক্ষণ না সম্পূর্ণ হচ্ছে ততক্ষণ কিছু হচ্ছে না। মেডিক্যাল কলেজের ইনফ্রাস্ট্রাকচার কি রকম হবে—তা এখনও ঠিক হয় নাই।

শ্রী মহঃ দেদার বক্স ঃ মন্ত্রী মহাশয় যে দুটি কলেজের কথা বললেন—কোন কোন জায়গার নাম করে তিনি প্রস্তাব পাঠিয়েছিলেন?

মিঃ স্পিকার ঃ 5th Five Year Plan-এর মধ্যে যখন ওটা আসছে না, তখন আর মিছিমিছি—সে প্রশ্ন নিয়ে সময় নষ্ট করে লাভ নাই।

স্বাস্থ্য বিভাগের অধীনে দশ বৎসরাধিককাল কলকাতায় কর্মরত ডাক্তার ও অন্যান্য কর্মচারী

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৯।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাস্থ্য বিভাগের অধীনে দশ বৎসরেরও অধিককাল কলকাতায় কর্মরত ডাক্তারের সংখ্যা কত ;

(খ) উহাদের মধ্যে কখনও কলকাতার বাহিরে বদলি হন নাই এরূপ ডাক্তারের সংখ্যা কত ;

(গ) উক্ত বিভাগে দশ বৎসরের অধিককাল কলকাতায় কর্মরত ডাক্তার নন এরূপ কর্মচারীর সংখ্যা কত ; এবং

(ঘ) উক্ত কর্মচারিদের মধ্যে কতজনকে একবারও কলকাতার বাহিরে বদলি করা হয় নাই?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ

(ক) ২১৪ জন।

(খ) ৯২ জন।

(গ) ও (ঘ) প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করা হচ্ছে। আশা করা যায় এক পক্ষ কালের মধ্যে উত্তর দেওয়া সম্ভব হবে।

ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়—এই প্রশ্নটি held over করবার জন্য আপনাকে অনুরোধ করছি। কারণ এর উত্তর অসম্পূর্ণ রয়েছে। (গ) ও (ঘ)-র উত্তর এক পক্ষকালের মধ্যে দেওয়া হবে—তথ্য সংগ্রহ করা হচ্ছে।

শ্রী অজিতকুমার পাঁজা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে প্রশ্নের উত্তর চেয়েছিলেন, তার (ক) ও (খ)-এর উত্তর দেওয়া হয়েছে ; কিন্তু (গ) ও (ঘ) প্রশ্নের উত্তর এত ব্যাপক যে তা খুঁজে বের করতে কিছু টাইম লাগবে।

GDA, wardmaster, Liner Keeper, Stretcher—bearer, Ambulence driver, Nursing Staff, Sanitary Inspector, Public Health Assistants, Family Planning, Extansion Educator—ইত্যাদির সংখ্যা জানতে হলে আমাদের কাছে আসবেন—বলব। এখানে সেসব তথ্য বলতে গেলে অনেক সময় নিতে হবে।

ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ আমি মোট সংখ্যা জানতে চেয়েছি—কোনও ক্যাটিগরিওয়াইজ চাইনি। সেই জন্য আবেদন করছি এই প্রশ্নটি held over করে রাখা হোক।

মিঃ স্পিকার ঃ প্রথম (ক) ও (খ) প্রশ্নের তো পরিষ্কার উত্তর দেওয়া হয়েছে ২১৪ জন এবং ৯২ জন।

If a question is partially answered, it will be treated that it has been answered on the floor of the House. That is the rule that is in vogue in the Lok Sabha. If you are not satisfied with the other answers, you can put another question but the question will be disposed of just now.

[1-20 — 1-30 P.M.]

Regarding (গ) and (ঘ), it will take time to collect the actual numbers. Regarding (ক) and (খ) the answers are 214 and 92 respectively. So, partially, the question has been answered. In regard to other parts, it has not been possible for the Hon'ble Minister to collect all the details within a short time. So, the question is disposed of. You can put another question in respect of the other portion. I will allow it.

Pollution of air in Greater Calcutta

*33. (Admitted question No. *387.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Health and Family Planning Department be pleased to state—

(a) the amount of air pollution, the constituents of pollutants and the percentage of suspended particles in air in the Greater Calcutta area during 1974-76 (up to 12th February, 1976) ;

(b) the salient features of the recommendations by the National Environmental Research Institute in this matter ; and

(c) action taken or proposed to be taken by the Government in this matter ?

Shri Ajit Kumar Panja :

(a) On a survey made by the Smoke Nuisance Directorate in certain areas of Calcutta and suburbs shows the presence of the following :

Pollutants	**Pqrts per million**		**parts of air**
	1974-75	**1975-76 upto 12.2.76**	**Maximum allowable limits**
Sulphur dioxide	15	14	25
Oxide of Nitrogen	14	16	25
Carbon Monoxide	60	60	100
Oxonoide	5	6	10
Hydro-Carbon	2,500	2,000	5,000
Suspended Particles	4,500	4,000	10,000

(b) No report of the National Environmental Engineering Research Institute has been received by the Government in the Health Deptt.

(c) The State Government is contemplating to amend the Bengal Smoke Nuisances Act, 1905 for making it more broad-based, for enhancing the panalties and making the provisions more rigid against the industries & automobiles violating the provisions of law.

শ্রী মহম্মদ সফিউল্লা : এই যে পলুট্যান্ট লিস্ট আপনি দিয়েছেন এর মধ্যে কোনগুলো স্বাস্থ্যের পক্ষে মারাত্মক ক্ষতিকর?

শ্রী অজিতকুমার পাঁজা : সব কটাই ক্ষতিকর। সবচেয়ে ক্ষতিকর কারবন মনোকসাইড।

শ্রী মহম্মদ সফিউল্লা : মন্ত্রী মহাশয় কি জানাবেন বেঙ্গল স্মোক নুইসেন্স অ্যাক্ট, ১৯০৫ যেটাকে নূতন করে অ্যাক্ট করার কথা আপনারা ভাবছেন এই অ্যাক্ট কবে নাগাদ বিধানসভায় পাস করবেন?

শ্রী অজিতকুমার পাঁজা : আমরা যত তাড়াতাড়ি পারি দেখছি। আমাদের যে সমস্ত গভর্নমেন্ট ডিপার্টমেন্ট-এর সঙ্গে সংশ্লিষ্ট যেমন ইন্ডাস্ট্রিস ডিপার্টমেন্ট, কটেজ অ্যান্ড স্মল স্কেল, ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট এবং বিজনেস অর্গানাইজেশন যেমন চেম্বার অফ কর্মাস এবং অন্যান্য বিজনেস অর্গানাইজেশন ইনভলভড তাদের নিয়ে ইতিমধ্যে কয়েকটা মিটিং করেছি। আমরা তাই যত তাড়াতাড়ি পারি ব্যবস্থা করছি। যত তাড়াতাড়ি পারি চেষ্টা করছি এটা যাতে যুগোপযোগী হয়। ১৯০৫ সালের আইন ১৯৭৬ সালে যুগোপযোগী হয়নি। যত তাড়াতাড়ি সম্ভব ব্যবস্থা করব।

শ্রী মহম্মদ সফিউল্লা : স্টেট বাস, বাস, ট্যাক্সি, লরি যে ফুয়েল ব্যবহার করে ডিজেলের সাথে, সেই জায়গায় অন্য কিছু ব্যবহার করা যায় কিনা যার ফলে কার্বন মোনকসাইড বা এই রকম হারমফুল গ্যাস বন্ধ করা যেতে পারে?

শ্রী অজিতকুমার পাঁজা : প্ল্যানিং কমিশন আমাদের কাছে জানিয়েছেন যে আমরা যদি পেট্রোল বা ডিজেলের সঙ্গে একটা বস্তু মেশাতে পারি তাহলে পরে এর থেকে যে বিষাক্ত গ্যাসগুলি বেরোয় সেগুলি নিউট্রালাইজড হয়ে যাবে বা শরীরের পক্ষে ক্ষতিকারক হবে না। সেটা আমরা ট্রায়ালের জন্য স্বাস্থ্য দপ্তরের যে ভেহিকেলস আছে এবং ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের কয়েকটি ভেহিকেলসের উপর ট্রায়ালের জন্য চেষ্টা করছি। সেটাতে যদি আমরা সাক্সেসফুল হই তাহলে পরে গাড়ির ধোঁয়া থেকে আমাদের শরীর যে ক্ষতিগ্রস্ত হতে পারে তার থেকে রেহাই পাওয়া যাবে।

শ্রী মহঃ সফিউল্লা : পরিবেশ দুষণের হাত থেকে রক্ষা করার জন্য এনভায়রনমেন্টাল রিসার্চ বা এনভায়রনমেন্টাল ইটিমনোলজি এটাকে সারভাইভ করবার জন্য আপনার ডিপার্টমেন্ট থেকে কোনও চেষ্টা করবেন কি?

শ্রী অজিতকুমার পাঁজা : আমরা ইতিমধ্যেই চেষ্টা শুরু করেছি। শুধু স্মোক নুইসেন্স অ্যাক্ট নয়, এয়ার অ্যান্ড ওয়াটার পলিউশন এই দুটোর জন্য আপনারা জানেন গতবার বিধানসভায় আমরা কেন্দ্রীয় সরকারকে পাওয়ার দিয়েছি তারা যাতে এই সম্বন্ধে নূতন আইন চালু করতে পারেন—এখন অবধি নূতন আইন চালু করেননি। কিন্তু ইতিমধ্যে আমরা বসে থাকতে দিইনি বেঙ্গল স্মোক নুইসেন্স অ্যাক্ট ১৯০৫ যেটা আছে সেটাকে অন্তত জোরদার করে তুলে যাতে এটা ব্যবহার করতে পারি তার চেষ্টা রেখেছি।

পরিবার পরিকল্পনা

***৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯।) **শ্রী মহম্মদ দেদার বক্স :** স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে প্রচলিত পরিবার নিয়ন্ত্রণ ও কল্যাণ পরিকল্পনাসমূহের দ্বারা লক্ষ্যমাত্রার শতকরা কত অংশ রূপায়িত হইতেছে ; এবং

(খ) উক্ত পরিকল্পনাকে আইনের মাধ্যমে আবশ্যিক করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ

(ক) ১৯৭৫-৭৬ সালে এপ্রিল থেকে জানুয়ারি মাস পর্যন্ত পরিবার কল্যাণ পরিকল্পনার বিভিন্ন পদ্ধতিসমূহের লক্ষ্যমাত্রার রূপায়ণের হার নিম্নরূপ ঃ

স্টেরিলাইজেশন (স্থায়ী পদ্ধতি)	—	৫৭ শতাংশ
আই. ইউ. ডি. (লুপ)	—	৩৫.৪ শতাংশ
প্রথাগত পদ্ধতি	—	৫৩.৭ শতাংশ

(খ) এই পরিকল্পনাকে আইনের মাধ্যমে আবশ্যিক করার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী মহঃ দেদার বক্স ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন স্থায়ী পদ্ধতি ৫৭ শতাংশ, লুপ ৩৫.৪ শতাংশ, প্রথাগত পদ্ধতি ৫৩.৭ শতাংশ—এই ভাবে যদি আপনার প্রগ্রেস হয় তাহলে লক্ষ্যমাত্রায় আপনি পৌছতে পারবেন কিনা, জানাবেন কি?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ লক্ষ্য মাত্রায় পৌছানোর জন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি এবং ডক্টরস, হেলথ সার্ভিস যারা আছেন বা এর বাহিরে যারা আছেন তারা সবাই মিলে এই কাজে উদ্বুদ্ধ হয়েছে এবং আমরা আশা করছি লক্ষ্য মাত্রায় পৌছতে পারব।

শ্রী মহঃ দেদার বক্স ঃ উনি বললেন এই পরিকল্পনা আইনের মাধ্যমে আবশ্যিক করার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। বর্তমান অধিবেশনে বিল আনবার কথা ভাবছেন কিনা জানাবেন কি?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ কম্পালসারি স্টেরিলাইজেশন বা স্থায়ী পদ্ধতিকে আবশ্যিক করার জন্য এটা সরকারের বিবেচনাধীন আছে।

[1-30 — 1-40 p.m.]

শ্রী গনেশচন্দ্র হাটুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, জন্ম নিয়ন্ত্রণের ক্ষেত্রে কোনও জেলা প্রথম, কোনও জেলা দ্বিতীয় এবং কোনও জেলা তৃতীয় স্থান লাভ করেছে?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ আপনারা নিশ্চয় ইতিমধ্যেই খবরের কাগজের মাধ্যমে দেখেছেন যে, আমরা পরিবার পরিকল্পনার বৎসরটাকে—এপ্রিল ১৯৭৫ থেকে মার্চ ১৯৭৬, এটাকে ৬ মাস ৬ মাস করে দুটি ভাগে ভাগ করেছি। ৬ মাসে যে যে জেলা প্রথম বা দ্বিতীয় হয়েছে তাদের প্রত্যেক জেলাকে আমরা রৌপ্যপদক পুরস্কার দিয়ে এসেছি। জেলা ম্যাজিস্ট্রেট, চিফ মেডিক্যাল অফিসার অব হেলথ, ডি এইচ ও সুপারেন্টেন্ডেন্ট অব পুলিশ, এই ৪ জনের ৮টি

হাতকে মিলিয়ে আমরা পুরস্কৃত করে এসেছি। আমার যা মনে আছে তাতে বলতে পারি কুচবিহার ভ্যাসেক্টমিতে বা পুরুষদের অপারেশনে প্রথম হয়েছে। হুগলি টিউবেক্টমি বা মেয়েদের অপারেশনে প্রথম হয়েছে। এই ভাবে অন্যান্য জেলাগুলি প্রথম বা দ্বিতীয় হয়েছে, তবে সবটা আমার মনে নেই।

সরকারে ন্যস্ত জমি

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬।) **শ্রী অশ্বিনীকুমার রায় :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের কোনও জেলায় কত জমি সরকারে ন্যস্ত হয়েছে; এবং

(খ) তন্মধ্যে—

(১) চাষযোগ্য জমির পরিমাণ কত ;

(২) কত জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে ; ও

(৩) কত জমি আদালতে বিচারাধীন আছে?

শ্রী গুরুপদ খাঁ :

(ক) ন্যস্ত কৃষিজমির জেলাওয়ারি তালিকা টেবিলে রক্ষিত হইল।

(খ) (১) ৮,৫৫,৯৪৪ একর ;

(২) ৫,৭৭,৩৬০ একর ;

(৩) ১,৫৯,৩৪৭ একর।

শ্রী অশ্বিনীকুমার রায় : মাননীয় মন্ত্রী মহাশয়, বলেছেন যে, ১,৫৯,৩৪৭ একর জমি আদালতের বিচারাধীন আছে। আমার জিজ্ঞাসা, কতদিন ধরে বা কত বছর ধরে এইগুলি বিচারাধীন আছে জানাবেন কি?

শ্রী গুরুপদ খাঁ : বিভিন্ন জেলাতে এবং হাইকোর্টে বিচারাধীন রয়েছে কাজেই এখনই সেটা বলা সম্ভব নয়। যদি এ সম্পর্কে আলাদা প্রশ্ন দেন তাহলে বলতে পারি।

শ্রী অশ্বিনীকুমার রায় : তাহলে দেখা যাচ্ছে ১/৪ অংশ বিচারাধীন রয়েছে এবং আমাদের যে অভিজ্ঞতা তাতে বলতে পারি ৮/১০ বছর পর্যন্ত বিচারাধীন আছে। আমার প্রশ্ন, এগুলির তাড়াতাড়ি নিষ্পত্তি করার জন্য আপনি আইন পরিবর্তন বা সংবিধান পরিবর্তন করার কথা চিন্তা করছেন কি?

শ্রী গুরুপদ খাঁ : সংবিধান পরিবর্তনের কথা আমাদের এখানে বোধ হয় আসে না। তবে খবরের কাগজে যা দেখেছি তাতে বলতে পারি পার্লামেন্টে সে সম্বন্ধে চিন্তা হচ্ছে। তবে সেটা কাগজের কথা, সেটা আপনিও দেখেছেন, আমিও দেখেছি।

শ্রী অশ্বিনীকুমার রায় : মাননীয় মন্ত্রী মহাশয়, কি জানাবেন যে এই ১ লক্ষ ৬৯ হাজারের মধ্যে কতগুলি আর্টিকল ২২৬-এ বিচারাধীন আছে?

শ্রী গুরুপদ খাঁ : আমার কাছে এখন নেই। তবে আপনি যদি জানতে চান তাহলে আমি পরে জানিয়ে দেব।

শ্রী মহম্মদ দেদার বক্স : মাননীয় মন্ত্রী মহাশয়, যে সমস্ত জমি ঐ বন্দোবস্ত দেওয়া হয়েছে, পাট্টা পেয়েছে, দখল নিয়েছে, ফসল করছে কিন্তু পরবর্তীকালে জমির মালিকরা উকিলের নোটিশ দিয়েছে যে যদি এই জমি না ছেড়ে দাও তাহলে বেআইনিতে পড়বেন এবং যারা বন্দোবস্ত নিয়ে ছিল তাদের উচ্ছেদ করার চেষ্টা করছে। এই সম্পর্কে তিনি কি ব্যবস্থা করবেন জানাবেন কি? এই রকম ঘটনা আমি নির্দিষ্টভাবে দিতে পারি। কিন্তু অনেক জায়গায় মনে হয় এই রকম ঘটনা ঘটছে। এ সম্পর্কে আপনি সুনির্দিষ্ট কি ব্যবস্থা গ্রহণ করবেন?

শ্রী গুরুপদ খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং অন্যান্য সদস্যরা জানেন যে আগামীকাল আমাদের ভূমি সংস্কার আইনের একটা সংশোধনী আমরা আনছি। মোটামুটি আমাদের দেদার বক্স যে সমস্ত প্রশ্ন তুলেছেন, আমি বলতে পারি—আমাদের সেই আইনের সংশোধনীর উদ্দেশ্যে হচ্ছে যদি কাউকে পাট্টা দেওয়া হয়ে থাকে আমাদের সরকারের ন্যস্ত জমি এবং যদি পূর্বতন মালিক সেটাকে ঠিকমতো দখল দিতে না পারেন তাহলে তাকে একটা নোটিশ দেওয়া হবে। তবুও যদি তিনি না দেন তাহলে তার জেল এবং জরিমানা দুটোই হতে পারে। এই সম্পর্কে অর্ডিন্যান্স জারি করার পর আমি প্রেস নোটিশ দিয়ে এবং নির্দ্দেশ দিয়ে বিভিন্ন জেলায় অলরেডি দিয়েছি এবং আগামীকাল সেই আইনটা পাস হতে চলেছে। এই ধরনের যদি কোনও specific case থাকে নিশ্চয়ই সংশোধিত আইনবলে আমার আশা পূর্বতন মালিকের হাত থেকে যাদের হাতে পাট্টা দেওয়া হয়েছে তাদের হাতে জমি নিয়ে আসা যাবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। স্পেশাল কেস যদি থাকে ওখানকার স্থানীয় যে সমস্ত অফিসার রয়েছেন, তারা তো করবেনই, তাছাড়া আমাদের কাছে এলে এই বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী বলাইলাল শেঠ : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যাদের পাট্টা দেওয়া হয়েছে, তারা গরিব লোক। আদালতের বিচারাধীন থাকার জন্য যে সমস্ত গরিব লোকেদের জমি দেওয়া হয়েছে তাদের ত হাজার টাকা খরচ হয়ে গেছে এমন উদাহরণ হুগলি জেলার ধনিয়াখালি সার্কেলে আছে। সেখানে বর্গাদারদের সরকার পক্ষ থেকে যাদের পাট্টা দেওয়া হয়েছে খাস জমি, তাদের কোনওরকম প্রোটেকশন দেওয়া হয়নি। এমনকি ডি. এল. আর. ও কমিটির যারা মেম্বার ছিল তাদেরও সরকার পক্ষ থেকে সমর্থন করা হচ্ছে না এবং এ ডি এল আর এবং জে এল আরও সমস্ত অফিসে জানানো সত্ত্বেও তারা নীরবতার ভূমিকা পালন করে এবং জোতদারদের পক্ষ সমর্থন করে। এর কারণ কি এবং এ সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হবে জানাবেন কি?

শ্রী গুরুপদ খাঁ : আমি এখনও অফ হ্যাণ্ড বলতে পারছি না। তবে মাননীয় সদস্য যদি দয়া করে আমাকে সব নির্দিষ্টভাবে জানান তাহলে আইনমতে নিশ্চয়ই ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী গণেশ হাটুই : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, যারা বি ফর্ম জমা দেয়নি ছোট ছোট চাষী, তারা ৫ বিঘা, ৮ বিঘা, ১০ বিঘা জমির মালিক। বি ফর্ম জমা না দেবার জন্য জমি খাস হয়েছে। আমরা সেই জমি খাস পেয়েছি। আবার একজন ভূমিহীনকে আমরা সেটা বিলি করি। ইতিমধ্যে ছোট ছোট জমির মালিক, ৫ বিঘা, ৮ বিঘা, ১০ বিঘা জমির মালিক High Court-এর একটা Rule আছে যে, যদি এই রকম 'B' Form জমা না দেয় তাহলে সে তার জমিটা ফেরত পাবে। ২/১টা কেস দেখেছি Rule আছে এবং তারা ফেরতও পাচ্ছে। এই যে অবস্থা এটা আপনি বিবেচনা করে দেখবেন কি?

শ্রী গুরুপদ খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাইকোর্টে যদি কোনও মামলা থাকে এবং হাইকোর্ট যে নির্দেশ দেবেন সেটা আমাদের নিশ্চয়ই মেনে নিতে হয়। এই রকম ধরনের vest কত জমি ডাইভেসটেড আমাদের হাইকোর্টের নির্দেশে করতে হচ্ছে সে বিষয়ে সন্দেহ নেই।

শ্রী সরোজ রায় : মাননীয় মন্ত্রী মহাশয়, কেষ্টবাবুর একটা প্রশ্নের জবাবে বললেন যে স্পেসিফিক কেস দেওয়া হলে আপনি দেখবেন। মন্ত্রী মহাশয় কি জানেন যে, আমি একটা কেস দিয়েছিলাম। যার রেকর্ডের রাইটস জাল প্রমাণিত হয়ে গেল। জমি বণ্টন হয়ে গেল, জমিতে কৃষক গেল। তারপর হাইকোর্ট করল এবং কৃষককে বার করল। এইগুলির সমস্যার সমাধান কি এটা ক্ল্যারিফাই করুন তাহলে ভাল হয়। কারণ স্পেসিফিক কেস দিলেও কিছু করা হচ্ছে না?

শ্রী গুরুপদ খাঁ : সরোজবাবু আমার চেয়েও ভাল জানেন যে হাইকোর্টে যদি কোনও কেস বিচারাধীন থাকে তখন কি আমরা সেই বিচার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কিছু করতে পারি।

[1-40 — 1-50 p.m.]

শ্রী সরোজ রায় : মন্ত্রী মহাশয় কি জানেন এই যে রেকর্ড অব রাইটস্ প্রমাণিত হল, সেখানে জমি বণ্টনের পর তাকে পাট্টা দেওয়া হল না এবং আপনার জনৈক এস. এল. আর. ও. তাকে সময় দিয়ে পাট্টা না দিয়ে মালিককে সময় দিল এবং হাইকোর্ট করালেন, সেই রকম ক্ষেত্রে এস. এল. আর. ও. সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে?

Mr. Speaker : This question does not arise.

Started question No. 38 is held over.

প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫।) **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সাল হইতে ১৯৬৭ সালের জানুয়ারি মাস পর্যন্ত পশ্চিমবাংলার জেলাগুলিতে কতগুলি সাবসিডিয়ারী এবং প্রাইমারি হেলথ্ সেণ্টার নির্মিত হয়েছে ;

(খ) কতগুলি হেলথ্ সেণ্টারের নির্মাণকার্য শেষ হওয়া সত্ত্বেও এ পর্যন্ত চালু করা হয়নি ; এবং

(গ) জেলাওয়ারি কতগুলি হেলথ্ সেন্টারের কাজ অর্ধসমাপ্ত অবস্থায় আছে?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ

(ক) প্রাইমারি ৪২, সাবসিডিয়ারি ৯৪।

(খ) প্রাইমারি ৭, সাবসিডিয়ারি ৩৪।

(গ) একটি তালিকা পেশ করা হল।

***৫ নং প্রশ্নের (গ) ধারায় উল্লিখিত তালিকা**

মেদিনীপুর	—	২৬
২৪-পরগণা	—	২৪
বর্ধমান	—	১৭
হাওড়া	—	৪
হুগলি	—	৩
নদীয়া	—	৮
পুরুলিয়া	—	৭
বীরভূম	—	১০
বাঁকুড়া	—	৭
মুর্শিদাবাদ	—	৪
মালদা	—	৪
জলপাইগুড়ি	—	৪
পশ্চিম দিনাজপুর	—	২
কুচবিহার	—	৪
দার্জিলিং	—	১

শ্রী. কাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে প্রাইমারি সাতটি এবং সাবসিডিয়ারি ৩৪টির কাজ শেষ হয়েছে বললেন, এইগুলো পূর্ত বিভাগ কনস্ট্রাকশন করেন, তারা কি স্বাস্থ্য দপ্তরকে এইগুলো হ্যান্ডওভার করে দিয়েছেন?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ হ্যাঁ, আমাদের হ্যাণ্ড ওভার করে দিয়েছেন।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ হ্যাণ্ড ওভারের পরে কি কি কারণে এইগুলো চালু করা যাচ্ছে না মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ শুধু ডাক্তারের অভাবে।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ এই ডাক্তারের যে অভাব রয়েছে, এই অভাব দূরীকরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ অ্যালোপাথিক ডাক্তারের অভাব থাকায়, যাতে কলকাতা ইউনিভার্সিটি ঠিক সময় মত এম. বি. বি. এস. পরীক্ষা নেন এবং রেজাল্ট বার করেন তার জন্য ভাইস চ্যান্সেলার এবং ইউনিভার্সিটির অন্যান্য যাঁরা আছেন তাঁদের সঙ্গে কথাবার্তা বলেছি। অন্যদিকে আমাদের অন্য যে সমস্ত মেডিক্যাল সায়েন্স আছে, অর্থাৎ হোমিওপ্যাথিক এবং আয়ুর্বেদিক, এই দুটো আমরা নানা জায়গায় চালু করছি। যেমন কলকাতায় স্টেট ডিসপেন্সারি চালু করা, শহরাঞ্চলে কতকগুলো জায়গায় স্টেট ডিসপেন্সারি চালু করা এবং গ্রামাঞ্চলে হোমিওপ্যাথিক ডাক্তার এবং আয়ুর্বেদিক ডাক্তার পাঠাবার ব্যবস্থা করছি।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ এটা তো পরীক্ষাসংক্রান্ত ব্যাপার বললেন, কিন্তু দীর্ঘদিন ধরে পাশ করে যে সব ডাক্তারবাবুরা বসে রয়েছেন পি. এস. সি. থেকে তাদের প্যানেল রাখা হয়েছে, কিন্তু কোনও ব্যবস্থা নেওয়া হয়নি, এইরকম খবর জানা আছে কি?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ পি. এস. সি. থেকে ডাক্তারবাবুদের প্যানেল করে পাঠানো হয়েছিল, আমরা প্রত্যেকটি ইনডিভিজুয়্যালি ইন্টারভিউ করেছি এবং তাঁদের সামনে পশ্চিমবাংলার ম্যাপ ফেলে দিয়ে জিজ্ঞাসা করেছি তাঁদের পছন্দ মতো জায়গা বেছে নিন, কিন্তু তাঁরা সবাই কলকাতা শহরে থাকতে চান। তাই যারা বাইরে যেতে চেয়েছেন তাদের বাইরে পোস্টিং দিয়ে দেওয়া হয়েছে। ইতিমধ্যে আমরা প্রায় ৫০০ জন ডাক্তারের পোস্ট ফিল আপ করতে পেরেছি। কিন্তু আপনারা সকলেই জানেন যে, আপনাদের সহযোগিতার ফলে প্রতিদিন ৫-টি করে বেডের সংখ্যা বেড়ে যাচ্ছে তাই আরো ৭০০ ডাক্তারবাবুর পোস্ট খালি হচ্ছে এবং ১২৫-টি হেলথ্ সেন্টারের মধ্যে প্রায় বেশিরভাগই ৩১শে মার্চ ১৯৭৬ সালের মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে, তখন আরো ৩০০ ডাক্তারবাবুর প্রয়োজন, অর্থাৎ ১০০০ ডাক্তারবাবুর প্রয়োজন ৩১-শে মার্চ ১৯৭৬-এর মধ্যে। কিন্তু পি. এস. সি. র সিলেকটেড অথচ পোস্টিং পাননি এইরকম একটিও কেস নেই, প্রত্যেককে পোস্টিং অর্ডার দেওয়া হয়েছে। এমন কি অনেককে তিন চার বার পোস্টিং অর্ডার চেঞ্জ করে দেওয়া হয়েছে। কিন্তু বেশিরভাগই জয়েন্ট করেননি।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, হেলথ্ সেন্টারের ডাক্তারবাবু পাঠাতে পারছেন না সেখানে হোমিওপ্যাথিক এবং কবিরাজি চিকিৎসার জন্য লোক দেবেন। তা আমার কাছে খবর আছে প্রাইমারি হেলথ্ সেন্টার এবং সাবসিডিয়ারি হেলথ্ সেন্টার যেখানে যেখানে নতুন হয়েছে সেখানকার নিয়ারেস্ট প্রাইভেট ডাক্তাররা কাজ করতে চাইছেন, দুএক জন-এর ইন্টারভিউ ডিপার্টমেন্ট নিয়েছে, তা তাদের আপনি অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন না কেন?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ প্রাইভেট প্র্যাকটিশনার ডাক্তার যারা আছেন তারা গভর্নমেন্ট সার্ভিস যদি চান, নিশ্চয়ই আমরা দেব। কিন্তু চাইছেন গভর্নমেন্ট সার্ভিস পার্ট টাইম করবেন এবং প্রাইভেট প্র্যাকটিসও করবেন না বা তাদের বয়স ৫০ বছরের ওপরে, সেই সব ক্ষেত্রে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে না। আপনাদের কাছে আমি জানাচ্ছি যে, যদি কোনও ডাক্তারবাবু

থাকেন, যার বয়স ৪৫ বছরের নিচে এবং প্রাইভেট প্র্যাকটিস করবেন না, ফুল টাইম গভর্নমেন্ট সার্ভিস করতে চান, তার খোঁজ আমাদের দেবেন আমরা নিশ্চয়ই তাকে অ্যাপয়েন্টমেন্ট দেব, অ্যাড হক্ অ্যাপয়েন্টমেন্ট।

বড় চাষিদের জমির পরিমাণ

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭।) **শ্রী অশ্বিনীকুমার রায় ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারি তথ্য অনুযায়ি বর্তমানে পশ্চিমবাংলায় কোন্ জেলায় কতজন বড় রায়ত (চাষী) আছে ; এবং

(খ) উক্ত চাষীদের মধ্যে ১৯৭৫ সালের ডিসেম্বর পর্যন্ত কতজন ব্যক্তি জমির হিসাব দাখিল করিয়াছে?

শ্রী গুরুপদ খাঁ ঃ

(ক) একটি তালিকা টেবিলে রক্ষিত হইল

(খ) ৩০,৬৪০ জন।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ এই যে ৩০,৬৪০ জন রিটার্ন দিয়েছে এদের কাছ থেকে কত একর জমি উদ্বৃত্ত পাওয়া যাবে?

শ্রী গুরুপদ খাঁ ঃ আপনি কোন আইন অনুযায়ি বলছেন, এস্টেট একুইজিসন অ্যাক্ট অনুযায়ি, না ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট অনুযায়ি?

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ ল্যাণ্ড রিফর্মস অনুযায়ি বলছি।

শ্রী গুরুপদ খাঁ ঃ ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট অনুযায়ি কাজ এখনো শেষ হয়নি, তবে আনুমানিক ২ লক্ষ একরের বেশি পাওয়া যাবে।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ যারা রিটার্ণ দিয়েছে ঐ ৫,৬৪০ জন, তারা ছাড়া গভর্নমেন্টের হিসাব অনুযায়ি আরো কত লোকের রিটার্ন দেওয়া উচিত ছিল?

শ্রী গুরুপদ খাঁ ঃ ঠিক কত জনের দেওয়া উচিত ছিল তা যদি বলতে পারতাম তাহলে সকলের কাছ থেকেই আদায় করতে পারতাম এবং সেই জন্য সকলে দেয়নি। তবে এ বিষয়ে আমরা আগামীকাল একটা সংশোধনী নিয়ে আসছি। ৩১-শে মার্চের মধ্যে যারা রিটার্ন দেবে তাদের প্রতিটি স্ক্রুটিনি করা হবে, তা ছাড়া ৩১-শে মার্চের মধ্যে না দিলে আমরা বিভিন্নভাবে খোঁজ খবর নিয়ে, আপনাদের কাছ থেকে ইনফর্মেসন নিয়ে যাদের সিলিং-এর বাইরে আছে তাদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করার জন্য আগামীকাল আইনের সংশোধনী নিয়ে আসছি।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ ৩০,৬৪০ জন রিটার্ন দেবার পর যে জমি আপনারা পেয়েছেন তার মধ্যে কতটার পজেসন নিতে পেরেছেন?

শ্রী গুরুপদ খাঁ : সেটা এখন বলা সম্ভব নয়।

Starred Questions
(to which written answers were laid on the table)

Minimum Wages for the Agricultural Labourers

***28.** (Admitted question No. *58.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state the steps taken by the Government to ensure minimum wages to the agricultural labourers ?

Minister-in-charge of the Labour Department : Appropriate steps are taken as provided for in the Minimum Wages Act, 1948 whenever there is a complaint of non-payment of the minimum wages fixed under that Act. In addition to 14 regular Inspectors, all Block Development Officers have been appointed to function as Inspector under the Minimum Wages Act, 1948 within their respective jurisdiction for the proper enforcement of the minimum wages fixed for the agricultural workers. To further strengthen the enforcement machinery 335 posts of regular Inspectors here been created and steps are now being taken to fill up the posts. Thirty posts of Assistant Labour Commissioner have also been created for proper supervision of the administrative work.

বাঁকুড়া জেলা কালেক্টরেট-এর অধীনে শূন্যপদ

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪।) **শ্রী ফণীভূষণ সিংহবাবু :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা ফেব্রুয়ারি, ১৯৭৬ তারিখে বাঁকুড়া জেলা কালেক্টরেট-এর অধীনে কতগুলি তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদ শূন্য অবস্থায় পড়িয়া আছে ;

(খ) উক্ত পদগুলি কতদিন যাবৎ এই অবস্থায় রহিয়াছে ; এবং

(গ) এখন পর্যন্ত উক্ত পদগুলি পূরণ না হওয়ার কারণ কি?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) তৃতীয় শ্রেণী ২৫, চতুর্থ শ্রেণী ২ ;

(খ) ১৯৭৪ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বিভিন্ন সময়ে নানা কারণে ঐ পদগুলি শূন্য হইয়াছে।

(গ) শূন্য পদগুলির যে সংখ্যা প্রমোশন দ্বারা পূরণ করার কথা। তাহা পূরণের জন্য সমাহর্তা যথোপযুক্ত ব্যবস্থা করিতেছেন। প্রমোশনের ফলে যে সকল পদ শূন্য

হইবে এবং শূন্য পদের যে অংশ সরাসরি পূরণ করার কথা এই প্রকার সমস্ত পদই Special Recruitment Rules অনুযায়ী পূরণ করার ব্যবস্থা করা হইতেছে।

বাঁকুড়া জেলায় জমি জরিপ

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪।) **শ্রী ফণীভূষণ সিংহবাবু :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫-৭৬ সালে বাঁকুড়া জেলার কয়টি মৌজায় জমি জরিপের কার্য সম্পন্ন হইয়াছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত মৌজাগুলির চূড়ান্ত তালিকা প্রকাশ করা সম্ভব হইবে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ১-১-৭৫ হইতে ৩১-১০-৭৬ পর্যন্ত বাঁকুড়া জেলার ৬৯২টি মৌজায় জমি জরিপের কাজ সম্পন্ন হইয়াছে।

(খ) জরিপের পরবর্তী কয়েকটি স্তরের কাজ এখনও বাকি আছে। সুতরাং এখনই চূড়ান্ত তালিকা কবে প্রকাশ করা যাইবে বলা সম্ভব নয়।

বাঁকুড়া জেলায় শুশুনিয়া মৌজার খাস জমি বিতরণ

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫।) **শ্রী ফণীভূষণ সিংহবাবু :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় সিমলাপাল থানার অন্তর্গত শুশুনিয়া মৌজার (জে. এল. নং ১৬৭) সরকারি খাস জমিটি ভূমিহীনদের মধ্যে বিলি করা হইয়াছে কিনা ; এবং

(খ) না হইয়া থাকিলে, তাহার কারণ কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ও (খ) শুশুনিয়া মৌজার জে. এল. নং ১৬৫-১৬৭ নহে। এই মৌজার মোট ৪৫.২৭ একর সরকারি খাস জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছিল। ১.১০ একর জমি গ্রাম্য রাস্তা তৈয়ারি করার জন্য এবং ৩.১৪ একর জমি একটি ফুটবল খেলার মাঠ নির্মাণের জন্য ভূমিবন্টন উপদেষ্টা কমিটির সুপারিশ অনুযায়ী বন্দোবস্ত দেওয়া স্থগিত রাখা হইয়াছে।৯৫২ শতক জমি বন্দোবস্ত দেওয়ার পর, কোর্টে ইহার বিরুদ্ধে মামলা রুজু হওয়ায়, কালেক্টর ইহার পাট্টা বাতিল করার নির্দেশ দিয়াছেন।

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : The Minister-in-charge of the Forest Department will please make a statement on the subject of destruction of cocoanuts plants worth two and a half lakh of rupees in Sundarban areas.

(Attention Called by Shri Md. Dedar Baksh and Shri Sambhu Narayan Goswami on the 23rd February, 1976)

[1-50 — 2-00 p.m.]

শ্রী সীতারাম মাহাতো : অধ্যক্ষ মহাশয়, মুখ্যত কর্মসংস্থানের উদ্দেশ্যে গ্রামীণ কর্মসংস্থানের জরুরি প্রকল্পে ২৪-পরগনার বিভিন্ন স্থানে নারিকেল বৃক্ষ রোপনের কর্মসূচি হাতে নেওয়া হয়েছিল, গবেষণা প্রকল্পেও কিছু কাজ হয়েছিল। ১৯৭২ সালে ভগবতপুরে এজন্য ১,৫৯,৬০০ টাকা (এক লক্ষ ঊনষাট হাজার ছয়শত) টাকা ব্যয় করা হয়েছিল।

কিছু সংখ্যক গাছ জোয়ারের সমুদ্র জলে নষ্ট হয় এবং বাকিগুলিকে রক্ষা করার চেষ্টা সফল হয়। সমস্ত গাছই নষ্ট হয়েছে একথা ঠিক নয়, প্রকৃতপক্ষে পাতিবনিয়া, ধনচি ইত্যাদি স্থানে এই নারিকেল চাষ বেশ সফল হয়েছে এবং আরও বৃহত্তর পর্যায়ে এই কর্মসূচি গ্রহণের পক্ষে অনুকুল বলে ধারণা সৃষ্টি হয়েছে, অবশ্য সমুদ্র জলের হাত থেকে রক্ষার জন্য বেষ্টনি আগে থেকেই তৈরি করা দরকার।

এটা সত্য যে, ভগবতপুর, এবং ধনচিতে কিছু সংখ্যক গাছ নষ্ট হয়েছে। কিন্তু এটা প্রধানত সমুদ্র জলের জন্যই হয়েছে, শূকর প্রভৃতি বন্যজন্তুর জন্য নয়। যেখানেই সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে সেখানেই ফাঁকগুলি সফলতার সঙ্গে বন্ধ করা গেছে। বন্যপ্রাণী সংরক্ষণ আইন অনুসারে শুকর সহ অন্যান্য বন্যজন্তুর হত্যা নিষিদ্ধ হওয়ায়, এগুলিকে দমন করবার বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে।

পূর্ব পূর্ব বৎসরের অভিজ্ঞতার ফল স্বরূপ ১৯৭৪-৭৫ সালের নারিকেল চাষ সম্পূর্ণ সফল হয়েছে বলা যায়।

গত ১৯৭৫ সালের ডিসেম্বর মাসে বন সচিব স্বয়ং ঐ স্থান পরিদর্শন করেছেন। বর্তমানে গাছগুলি আশাপ্রদভাবে বাড়ছে ও সুরক্ষার জন্য বনসচিব স্থানীয় কর্মচারিদের যথা যথা নির্দ্দেশ দিয়ে এসেছে।

CALLING ATTENTION

Mr. Speaker : I have received 25 notices of calling attention on various subjects out of which I have selected the notice of Shri Sisir Kumar Sen on the subject of Lock-out in Anantapur Textile Mills in Howrah.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Dr. Zainal Abedin : On the 5th March, 1976.

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the Table.

1. Plight of North Bengal Medical Students—from Shri Md. Safiullah and another.
2. Non-availability of blood in blood banks—from Shri Md. Safiullah and another.
3. Fall of jute price—from Shri Md. Safiullah and 3 others.
4. Accident in Minį Bus—from Shri Md. Safiullah and 3 others.
5. Implementation of proposed Industrial Estate—from Shri Md. Safiullah and 3 others.
6. Torture on the rural cultivators in the name of collecting Govt. loan—from Shri Md. Safiullah and 3 others.
7. Action against pavement encroachment—from Shri Md. Safiullah and 2 others.
8. Commissioning of Dankuni Dairy—from Shri Md. Safiullah and 2 others.
9. Steps to deal with taxi refusal cases—from Shri Md. Safiullah and 2 others.
10. Racketeering in tickets for wrestling championship competition—from Shri Md. Safiullah and 2 others.
11. Anthrax epidemic within Jaldapara wild life sanctuary—from Shri Md. Safiullah and 2 others.
12. Implementation of Project Tiger Scheme in Sundarbans—from Shri Md. Safiullah and 2 others.
13. Development of new hot spring area at Mastali in Birbhum—from Shri Md. Safiullah and 2 others.
14. Retrenchment of 64 workers of Gestetner Duplicators (P) Ltd.—from Smt. Geeta Mukhopadhyay.
15. Theft of materials in Santaldihi Power Plan—from Shri Sarat Das and 6 others.
16. Mosquito menace in Calcutta and rural areas of West Bengal —from Shri Kashinath Misra and 7 others.

17. Shortage of medicine as well as of officials in the jails and sub-jails of West Bengal—from Shri Kashinath Misra and 7 others.

18. Falce primary schools in the villages of West Bengal—from Shri Kashinath Misra and 6 others.

19. School Final Examinations held in the candle light due to load-shedding—from Shri Md. Dedar Baksh and another.

20. Supply of adulterated castard oil from U.P. and other states to West Bengal—from Shri Md. Baksh Dedar and another.

21. Late sanction of secondary and junior secondary schools—from Shri Md. Dedar Baksh and another.

22. Lock-out in Anantapur Textile Mills in Howrah—from Shri Sisir Kumar Sen.

23. Crisis in the Textile industries in the State—from Shri Rajani Kanta Doloi.

24. Uncertain fate of the North Bengal Medical students—from Shri Rajani Kanta Doloi.

25. Reported grave incident in the Presidency Jail on 24. 2. 76—from Shri Aswini Kumar Roy and another.

Personal Explanation

শ্রী বিশ্বনাথ মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে বিকালের দিকে থাকতে পারিনি, একটা মিটিং ছিল, সেই সময় লেবার মিনিস্টার এসে বক্তৃতা করেন এবং তাতে আমার নাম উল্লেখ করে আমার সঙ্গে তার কি কথা হয়েছে উল্লেখ করেন। তারই জন্য আমি আপনার কাছে আজকে পার্সোনাল এক্সপ্ল্যানেশনের জন্য দাঁড়িয়েছি।

ডাঃ গোপালদাস নাগ : আমি নাম উল্লেখ করিনি, বিরোধী দলের নেতা বলেছি। ইট হ্যাজ বিন রংলি রিপোর্টেড।

শ্রী বিশ্বনাথ মুখার্জি : বিরোধী দলের নেতা বলেছেন, দুঃখের বিষয় আমিই বিরোধী দলের নেতা। আমার নাম উল্লেখ করেছেন যেটা বলেছি সেটা আমি উইথড্র করছি, আপনি বিরোধী দলের নেতা উল্লেখ করেছেন। স্যার, আমি আইন সভা থেকে ওর বক্তৃতার কপি আনিয়েছি এবং শুধু খবরের কাগজ নয়, সেই কপি হাতে রেখে ফরটিফায়েড হয়ে সেই কথা বলছি। উনি বোধ হয় আমি যে অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছিলাম সেটা শোনেননি, ছিলেন না, পড়ারও বোধ হয় সৌভাগ্য হয়নি। সেই অ্যাডজোর্নমেন্ট মোশন আপনি যদি অ্যালাউ করেন আমি পড়ে শুনিয়ে দিতে পারি—Recent acute hardship of workers in

West Bengal on account of closure of a number of mills and factories as well as large-scale lay off and retrenchment of workers and the employees in the State of West Bengal by the capitalists, particularly the monopolists, in defiance of the decisions of the national and State apex bodies, such as by he National Tobacco Company, Texmaco, Hind Motors, Wellington Jute Mills etc., more recently by Gestetner Duplicators (P) Ltd. on 13. 2. 76 and lay off by Titagarh Jute Mills (No. 1) on 20. 2. 76 and further threat by them to reduce production and resort to lay off and retrenchment such as by the Indian Jute Mills Association, Jay Engineering Works, Empire Jute Mills Etc. in order to reap super profits, terrorise workers and exploit them more brutally by increasing workload and reducing wages etc. resulting in a very grave situation of sabotage of industrial production and increase in unemployment, distress and discontent amongst workers and employees who readily responded to the patriotic call for increased production and implementation of 20-point programme. and in such a grave situation the failure on the part of the Government to combat such an anti-working class and antinational policy of employers and to impose discipline on such employers by forcing them to abide by the decision of the Apex bodies to which the Government also is a party, failure of the Government to force them to withdraw such closures, lock-outs, retrenchments, lay-offs etc., first and then come to discussion table. দিস ওয়াজ মাই অ্যাডজোর্নমেন্ট মোশন। উনি সেই অ্যাডজোর্নমেন্ট মোশন সম্বন্ধে বলেছিলেন কিনা বা আমার বক্তৃতা সম্বন্ধে বলেছিলেন কিনা আমি জানি না, আমার বক্তৃতার কপি নিয়ে উনি পড়েননি, অ্যাডজোর্নমেন্ট মোশন পড়েননি, ফলে উনি আমার অ্যাডজোর্নমেন্ট মোশনে দেখলেন স্ট্রাইকের কোনও কথা নেই। উনি সব স্ট্রাইক রেফার করেছেন, বাটার স্ট্রাইক, অমুক স্ট্রাইক, তমুক স্ট্রাইক, ২/৩ টি ঘটনা রেফার করেছেন বলে ওনার বক্তৃতার কপিতে দেখছি। বাটার স্ট্রাইক উচিত কি অনুচিত হয়েছে সেটা বাটা ওয়ার্কাররা বুঝবে, উনি বুঝবেন, তবে আমি যতদূর জানি তাদের একটা চুক্তি ছিল কোম্পানির সঙ্গে যে প্রোডাকশনের সঙ্গে বোনাস লিঙ্কড হবে নতুন আইনে, যেহেতু ৪ পারসেন্টের বেশি মালিকের দেবার ক্ষমতা নেই, সেজন্য সেই ধারাটা বাতিল হয়ে গেছে। সেজন্য আর একটা ধারায়, উনি অনেককে বলেছেন, ৩১ ধারায় তোমরা নতুন করে করতে পার প্রোডাকশনের সঙ্গে লিঙ্ক। সেটা ওয়ার্কাররা করতে গিয়েছিল বলে মালিক অস্বীকার করেছে, তা নিয়ে গন্ডগোল। উনি জেনারেলভাবে এই উপদেশ দিয়েছেন যে এই একটা পথ আছে প্রোডাকশনের সঙ্গে লিঙ্ক করার। সেকথা আমার বলার দরকার নেই, আমি আরও অনেক মেনশন করেছিলাম, সেকথা উনি বলেননি। আমি বলেছিলাম গেস্টেটনার লে-অফ করে দিয়েছে, ওয়ার্কলোড বাড়াচ্ছে এবং বাড়াবার জন্য সেই সমস্ত জায়গায় লে-অফ, রিট্রেঞ্চমেন্ট হচ্ছে। টিটাগড় ১ নং জুট মিলের কথা বলেছিলাম, ওয়েলিংটন জুট মিলের কথা বলেছিলাম, গেস্টেটনারের কথা বলেছিলাম, উনি সে সব মেনশন করেননি। উনি যেটাতে আমাকে জড়িয়েছেন সেটা আমি বিশেষভাবে বলতে চাই। স্যার, ন্যাশনাল টোবাকো কোম্পানিতে

বহুদিন আগে অর্থাৎ পূজার ছুটির পর যেদিন অফিস খুলল সেদিন শুনলাম হঠাৎ কিছু লোককে রিট্রেঞ্চমেন্টের নোটিশ দেওয়া হয়েছে।

মিঃ স্পিকার : মিঃ মুখার্জি, ইন অ্যান এক্সপ্ল্যানেশন আপনি এই রকমভাবে একটা লঙ স্টেটমেন্ট করবেন না। যেগুলি ফ্যাক্ট নয় সেগুলি ডিনাই করে দিন যে ইট ইজ নট এ ফ্যাক্ট বাট ইউ ক্যাননট মেক এ লঙ স্টেটমেন্ট।

শ্রী বিশ্বনাথ মুখার্জি : পরে ডিনাই করব, তবে স্যার, এইটুকু মর্যাদা এখনও একটু দয়া করে রাখবেন পরিষদীয় ব্যবস্থায় যে বিরোধী দলের নেতা যদি একটা পার্সোনাল এক্সপ্ল্যানেশনে দাঁড়ায় তাহলে তাকে এক মিনিট সময় দেওয়ার কথা নয়। স্যার, আমি এখানে বলেছিলাম যে ২।। হাজারের ভেতর ১১ শো ৮০ জনকে পূজার ছুটির পর রিট্রেঞ্চমেন্টের নোটিশ দিয়েছে। সেখানে একটা ইউনিয়ন ছিল, কিন্তু পরে শুনলাম সেখানে আর একটা ইউনিয়ন হয়েছে, সেটা কংগ্রেসের ইউনিয়ন এবং সেখানে নাকি আবার আর একটা তৃতীয় ইউনিয়ন হতে চলেছে। সেখানকার শ্রমিকরা স্ট্রাইক করল, ভাল কথা, ন্যাশনাল টোবাকোর কাজ চলছে না। পূজার পর ২৩/২৪ তারিখ নাগাদ একটা ত্রিপাক্ষিক মিটিং ডাকি, সেখানে আমি ইউনিয়নের সঙ্গে প্রস্তাব রেখেছিলাম, সেই প্রস্তাব নাকচ করে দিয়ে চলে গেলেন।

[2-00 — 2-10 p.m.]

পরশুদিন ইউনিয়নের নেতারা বিরোধীপক্ষের নেতার মাধ্যমে টেলিফোন করে জানালেন, অক্টোবর মাসের ২৩/২৪ তারিখ আপনি যে প্রস্তাব দিয়েছিলেন সেই প্রস্তাব আমাদের কাছে গ্রহণযোগ্য, সেই প্রস্তাব আপনি ম্যানেজমেন্টকে দিয়ে রাজি করান। তিনি আইনের কথা বলেছেন। আমার বক্তব্য হচ্ছে পুরানো আইনের ২৫(সি) অনুযায়ী কোনও ওয়ার্কমেন লেড অফ হলে তার কমপেনসেশন প্রাপ্য এটা আইনে লেখা আছে। মালিক বলছে কমপেনসেশন দেব না এবং উনি বলছেন উইদাউট কমপেনসেশন লে-অফ মেনে নাও। সেখানে আমি কি বলেছি, ইউনিয়নের নেতারা কি বলেছে সেটা দেখুন। ইউনিয়ন ৭. ২. ৭৬ তারিখে বলেছে, Union accepted the proposal of the Labour Minister with minor amendment as under. "Withdrawal of retrenchment order and strike accepted. Rotational lay off, question of compensation to be left open for further discussion and decision of the Labour Minister. No union can agree to such rotational lay-off without compensation."

স্যার, আইনে রয়েছে কমপেন্সেশন কিন্তু তারা বলছে কমপেনসেশন দেব না এবং মিনিস্টারও অআইন চালু না করে বললেন এটা মেনে নাও। তারা বলছেন এটা মেনে নেওয়া যায় না—আপনার ডিসিসন যেটা হবে সেটা আমরা মেনে নেব। অর্থাৎ তারা বলেছে, কমপেন্সেশন টু বি লেফ্‌ট ওপেন ফর ফার্দার ডিসকাশন অ্যান্ড ডিসিসন অব দি লেবার মিনিস্টার। আমি তাকে ফোন করে একথাই বলেছি। আইনে রয়েছে কমপেন্সেশন দেওয়া হবে, কিন্তু কোনও ইউনিয়নের পক্ষে এটা কি সম্ভব সেটাকে অগ্রাহ্য করে তারা লিখে দেবে আমরা কমপেন্সেশন নেব না? আমি সেকথাই ওনাকে বলেছি আপনি ডিসিসন দেন কমপেন্সেশন দেবার।

Mr. Speaker : Mr. Kukherjee, you cannot raise a discussion. You can just contradict and say that you have not said this.

শ্রী বিশ্বনাথ মুখার্জি : স্যার, আমি বলেছি ইউনিয়নের পক্ষে উইদাউট কমপেনসেশন লে-অফ মেনে নেওয়া সম্ভব নয়। কিন্তু আপনি যদি মনে করেন এটা ছাড়া উপায় নেই এবং সেই ডিসিসন আপনি দেন তাহলে সেটা তারা মেনে নেবে। তারা বলেছে, ডিসিসন অব দি লেবার মিনিস্টার—অর্থাৎ টু বি লেফট ওপেন ফর ফার্দার ডিসকাশন অ্যান্ড ডিসিসন অব দি লেবার মিনিস্টার। আমি তাকে সে কথাই বলেছি যে, আপনার ডিসিসনের উপর তারা ছেড়ে দিয়েছেন কাজেই আপনি এই ব্যাপারে একটা ডিসিসন দিন। আইন অমান্য করে আপনি যদি ডিসিসন দেন তাহলে আমাদের কোনও আপত্তি নেই। আমরা চাই আপনি একটা ডিসিসন দিন এবং কারখানা খুলে দিন।

Mention cases

শ্রী গনেশচন্দ্র হাটুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুতর বিষয়ের প্রতি শ্রদ্ধেয় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং সরকারি সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই সমস্যা হুগলি এবং হাওড়া জেলার। এটা নিয়ে বিধানসভায় বহু হৈ-চৈ হয়েছে যে, হাওড়া-আমতা-চাঁপাডাঙ্গা এবং ডানকুনি-শিয়াখালা রেল ব্রড গেজ হবে। তার মধ্যে হাওড়া-চাঁপাডাঙ্গার ব্রড গেজের কাজ, জমি অধিগ্রহণের কাজ দ্রুত হচ্ছে না এবং এই বছরে কাজ হবার যে সম্ভাবনা ছিল, বর্তমানে তারও কোনও সম্ভাবনা নেই। অথচ দীর্ঘ দিন ধরে আমরা বার বার বলছি যদি এই কাজ অবিলম্বে শুরু করা না যায় তাহলে বর্ষার আগে আর্থ ওয়ার্কের কাজ করা সম্ভব হবে না। মাত্র যেটুকু জমি অধিগ্রহণ করা হয়েছে সেটাও সন্তোষজনক নয়। যাতে তাড়াতাড়ি অধিগ্রহণ করা যায় এবং এই কাজ তরান্বিত করা যায় তার জন্য আমি রাজ্য সরকার এবং মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর স্যার, দুর্ভাগ্যের বিষয় ডানকুনি-শিয়াখালা লাইনটা ব্রড গেজ করার কথা ছিল, সেটাতে কেন্দ্রীয় সরকার আবার সেই পুরাতন শর্ত আরোপ করেছেন যে, মোট যে খরচ হবে তার ৫০% রাজ্য সরকারকে বহন করতে হবে আর ৫০% কেন্দ্রীয় সরকার বহন করবেন। স্যার, যে শর্তে হাওড়া-আমতা-চাঁপাডাঙ্গা লাইন ওরা পুরোপুরি গ্রহণ করেছেন, অথচ ডানকুনি শিয়াখাল ক্ষেত্রে তারা সেটা না করে এই শর্ত আরোপ করছেন। এই জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, তিনি কেন্দ্রীয় রেল মন্ত্রীর সঙ্গে আলোচনা করে একটা যেভাবে হয়েছে ডানকুনি শিয়াখালা লাইনও যে ঠিক সেই ভাবে হয় তার জন্য তিন যেন চেষ্টা করেন এবং জমি অধিগ্রহণের কাজ অত্যন্ত স্লো গতিতে হচ্ছে। আমরা জানি হুগলি জেলার এক ইঞ্চি জমিও অধিগ্রহণ করা হয়নি। অথচ বড়গেছিয়ার পর ইছানগরীর পর থেকে সমস্ত জায়গাটা চাঁপাডাঙ্গা পর্যন্ত আছে হুগলি জেলায়। হুগলি জেলার এক ইঞ্চি জমিও অধিগ্রহণ করা হয়নি। অথচ জনসাধারণের ওখানে কোনও যাতায়াতের সুবিধা নেই, ট্রান্সপোর্টের অত্যন্ত অভাব, স্টেট বাস বা অন্য বাস ওখানে চলাচল করে না। যাতে অত্যন্ত দ্রুত এই জমি অধিগ্রহণ করে ব্রড গেজের কাজ তরান্বিত করা হয় তার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং সরকারি সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জগদানন্দ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়ি জেলায় ৩০ হাজার নর-নারীর উপর গত ২ মাস ধরে যে বিপর্যয় নেমে এসেছে তারই কথা আমি হাউসে তুলে ধরতে চাই এবং সে বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করেত চাই। দেশ বিভাগের পর থেকে পূর্ববঙ্গের উদ্বাস্তু এবং কিছু সংখ্যক গরিব লোক, তারা পি. ডাবলু. ডি.-র রাস্তার ধারে দোকান শুরু করে অল্প পুঁজি নিয়ে এবং অনেকেই এই জমির ওপর বাড়ি-ঘর তৈরি করে। আমি এই সম্বন্ধে সরকারের বারে বারে দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমরা চাই না যে, সরকারি কোনও জমি জবর-দখল হয় এবং লোকে ভোগ-দখল করে। কিন্তু সরকার তখন সে বিষয়ে কর্ণপাত করেননি। এখন এই ইমার্জেন্সি পিরয়ডে আপনি জানেন যে, ২০ দফা কার্যসূচির ভিতরে বেকার সমস্যা একটা বিরাট সমস্যা এবং সেই সমস্যার সমাধানের জন্য সরকার নানাভাবে চেষ্টা করছেন। কিন্তু আজকে ২৪ ঘন্টার নোটিশে জলপাইগুড়ি জেলায় তথা আলিপুরদুয়ার, ধূপগুড়ি, ময়নাগুড়ি, গয়েরকাটা, বীরপাড়া, জটেশ্বর, মালবাজার, মেটেলি, নাগরাকাটা, লাটাগুড়ি, রায়গঞ্জ, মাদারিহাট, কালচিনি, এই সব জায়গায় এই যে ৩০ হাজার নর, নারী অর্থাৎ ৫ হাজার পরিবার, ৫ জন করে যদি ধরি পরিবার পিছু তাহলে ২৫ হাজার নর-নারী এবং সেখানে কিছু কিছু চা-য়ের দোকান এবং স্টেশনারি দোকান আছে এবং যে দোকানে কিছু কিছু লোক কর্মচারী হিসাবে কাজ করে, তাদের সংখ্যা আনুমানিক ৫ হাজার। এই ৩০ হাজার লোক আজ বেকার হয়ে পড়েছে, সরকার কোনও ব্যবস্থা নেয়নি। মানবিকতার দিক থেকে যদি চিন্তা করা যায়, এটা এত জরুরি অবস্থা ছিল না যে ২৪ ঘন্টার নোটিশে ঘর-বাড়ি, দোকান তছনছ করে দেবেন। আমি আরও খবর নিয়ে দেখলাম যে পশ্চিম দিনাজপুর এবং কুচবিহারে এখনও ভাঙা হয়নি। সুতরাং আমি বার বার সরকারের উর্ধ্বতন কর্মচারিদের বলেছি যে একটা কমিটি করে এখনও যে প্রচুর খাস ল্যান্ড রয়েছে, খাস মহলে যে ফাঁকা জায়গাগুলি রয়েছে, আমরা নিজেরা আলোচনা করে যদি ঠিক করতাম এখানে ১০০ লোককে বসানো যায়, ওখানে ৫০-টা লোককে জায়গা দেওয়া যায়, তাহলে এই হাজার হাজার লোকের এই ভাবে সর্বনাশ হত না। সব চেয়ে ভয়াবহ উদ্বেগের কারণ হচ্ছে কিছু কিছু জায়গায় নিজেরা খরচ করে পুনর্বাসনের ব্যবস্থা তারা করেছিল এবং ৫০০/৭০০ টাকা মূলধন জোগাড় করে দোকান করেছিল, তারা আজ রাস্তায় দীর্ঘ দু-মাস পড়ে রয়েছে। অথচ সরকারের কোনও চিন্তা নেই, কোনও ব্যবস্থা সরকার করেননি। তাদের মূলধন পর্যন্ত খোয়া যাচ্ছে এবং তাদের দোকানের কর্মচারী হিসাবে যারা কাজ করছিল তারাও রাস্তায় নেমেছে, চুরি ছিন্তাই করছে। এই জমিগুলির অধিকাংশের মালিক হচ্ছে কিছুটা জেলা পরিষদ, কিছুটা খাস-মহল এবং কিছুটা পি. ডাবলু. ডি.। সুতরাং মন্ত্রিসভার কিছু না কিছু সদস্যদের দায়িত্ব রয়েছে।

[2-10 — 2-20 p.m.]

শ্রী গিরিজাভূষণ মুখোপাধ্যায় : মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসকে ও মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে গত ১৪ তারিখ রাত্রি ১০টা থেকে চুঁচুড়ায় জুট মিল লক-আউট ঘোষণা করেছে এবং ঘোষণা করার কারণ কি তা নোটিশে দিয়েছে। এই রকম কারণ দিয়ে তারা একটা নূতন ইতিহাস চটকলে সৃষ্টি করতে চলেছে, সেটা হচ্ছে কাজ অনুযায়ী মাইনে। সেখানে পিকড পে আছে, টাইম রেট আছে, তার উপর প্রডাকশন কমলে মাইনে

কমবে এই ধরনের একটা নূতন জিনিস চটকলে চালু করবার চেষ্টা হচ্ছে এবং সেই জন্য তারা বলছে যে ওয়েজেস অ্যাকর্ডিং টু প্রডাকশন। তারা আরও বলছে যে তারা যে সমস্ত কন্ডিশন দিয়েছে সেগুলি সব মানতে হবে। এইজন্য কয়েকজন গুন্ডা প্রকৃতির লোককে নিয়ে কারখানায় ভিতর ঢুকিয়ে দেয় এবং কিছু মারপিট করে তারপর লক আউট করে দেয়। এই সমস্ত লক আউটের নোটিশ আমরা দেখেছি তাতে আছে যে পিসফুল রিজামশন অব ওয়ার্ক গ্যারান্টেড হতে হবে তবেই লক আউট উইথড্র হবে। এই সব কন্ডিশনের মধ্যে ডবল লুম চালু, ওয়েজেস অ্যাকর্ডিং টু প্রডাকশন, প্রডাকশন ইকনমিক্যালি ভায়াবেল হতে হবে, এই সব জিনিস আর কোথায়ও নেই। অথচ '৭৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ৬০ লক্ষ টাকা তারা প্রফিট করেছে ওয়েলিংটন জুট মিলে। সুতরাং এই রকমের লক আউট বন্ধ করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রী বলাইলাল শেঠ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা অনেকেই জানেন যে তারকেশ্বর একটা তীর্থ স্থান এবং শিবরাত্রি উপলক্ষে সেখানে একটা বিরাট মেলা হয়। সেই মেলায় হাজার হাজার তীর্থযাত্রী আসে। সেখানকার কর্তৃপক্ষ তারা সরকারের কাছ থেকে কোনও রকম পারমিশন না নিয়ে সেই মেলা করছে এবং সেই মেলার নামে বহু রকম ব্যবসা চলছে। এমন কি জনস্বাস্থ্য বিভাগকেও জানায়নি কারণ তাতে তাদের কতকগুলি নির্দেশ মানতে হয়। এই সব মেলা বন্ধ করার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী বীরেশ্বর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিম দিনাজপুর জেলার যাত্রী সাধারণের যে দুর্দশা সেই দুর্দশার কথা আমি আপনার মাধ্যমে এই হাউসে মন্ত্রিসভার কাছে তুলে ধরতে চাই। আপনি জানেন পশ্চিম দিনাজপুরে বালুরঘাট শহরের সঙ্গে কোনও রকম রেলের যোগাযোগ নেই। পশ্চিম দিনাজপুরের সঙ্গে অন্যান্য জেলার যোগাযোগ হচ্ছে একমাত্র বাস। এই বাসের মধ্যে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট। বড় বড় রাস্তাগুলিতে এবং লং ডিস্টান্সে স্টেট ট্রান্সপোর্ট চলাচল করে। স্টেট ট্রান্সপোর্টের যা দুর্দশা সেটা বলবার নয়। এই কলকাতা থেকে বালুরঘাটে যে গাড়িগুলি চলে সেই গাড়িগুলি কখন ছাড়বে, কখন বালুর ঘাট পৌঁছাবে তার কোনও নির্দিষ্ট সময় নেই। তাছাড়া মাঝ পথে একবার গাড়ি খারাপ হলে সেই বাসের ছোট ছেলেমেয়েদের যে দুর্দশা হয় তা অবর্ণনীয়। আমি আপনার মাধ্যমে এই মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে তিনি যেন এই স্টেট ট্রান্সপোর্টের উন্নতি বিধান করেন। এছাড়া প্রাইভেট যে সমস্ত গাড়ি আছে কিন্তু এই জেলায় যে সমস্ত ছোট ছোট রাস্তা আছে সেখানে কোনও পারমিট দেওয়া হয়নি। আর. টি. এ. কিছু মিনি বাস দেবার ব্যবস্থা করেছিলেন কিন্তু তা দেবার বিরুদ্ধে কোর্টে ইঞ্জাংশন করে তা বন্ধ করে দেওয়া হয়েছে। সরকার এই ইঞ্জাংশন তুলে নেবার ব্যবস্থা করুন যাতে মিনি বাসগুলি চলাচল করতে পারে। আমি আপনার মাধ্যমে এখানে যোগাযোগ ব্যবস্থার উন্নতি করার জন্য সরকারের কাছে নিবেদন রাখছি।

Mr. Speaker : I now call upon Dr. Gopal Das Nag, Labour Minister to make a statement on lock-out in wellington Jute Mill which was mentioned by Shri Girija Bhusan Mukherjee.

ডাঃ গোপালদাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় গিরিজাপ্রসন্ন মুখোপাধ্যায় ওয়েলিংটন জুট মিলে লক আউটের প্রশ্ন উল্লেখ করেছেন। দুর্ভাগ্যবশত সেটা আমার কেন্দ্রের মধ্যে অবস্থিত। ঘটনাটা ঠিক যেভাবে ঘটেছে বিধানসভার মাননীয় সদস্য আমাদের সামনে সেইভাবে রাখেননি। সেজন্য আমাকে উঠে দাঁড়াতে হল। ওয়েলিংটন জুট মিলের মালিক পক্ষ দুটি করে স্পিনিং ফ্রেম চালাবার নির্দেশ দেয়, কিছু কিছু শ্রমিক সেই নির্দেশ অনুযায়ী দুটি ফ্রেম চালাতে শুরু করে, আর কিছু শ্রমিক শুধু যে এই সিস্টেম অব ওয়ার্ক মেনে নেয়নি তা নয়, বরং যারা করছিল তাদের মারধোর করে এবং এমনভাবে মারে তিনজন শ্রমিককে হাসপাতালে ভর্তি হতে হয়। সেখানে গুন্ডা টুন্ডার কোনও প্রশ্ন নেই, যে তিনজন শ্রমিক আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে তারা পার্মানেন্ট এমপ্লয়ি, দীর্ঘদিন সেখানে কাজ করছে, প্রায় ২০/২৫ বছর ধরে ওয়েলিংটন জুট মিলে। দ্বিতীয় কথা উনি বলেছেন এই দুটি ফ্রেম চালাবার যে সিদ্ধান্ত এটা অদ্ভুত, আর কোনও চটকলে এটা চালু হয়নি। গিরিজাবাবু খোঁজ নিলে দেখতে পাবেন পাশাপাশি যে চটকলগুলি চালু আছে সেখানে ডবল ফ্রেম চালু আছে। পশ্চিমবঙ্গের ৬২টি চটকলের মধ্যে কমপক্ষে ৫০টিতে এই ডবল ফ্রেম চালু আছে। এটা উনি জানেন যে ওর যে নির্বাচনকেন্দ্র চাঁপদানি সেখানে ৫টি চটকলে প্রত্যেকটিতে ডবল ফ্রেম চালাচ্ছে। তৃতীয় কথা উনি বলেছেন নূতন একটা বিধান হয়েছে প্রপরশনট ওয়েজ কাট। ওর জানা উচিত পেমেন্ট অব ওয়েজেস অ্যাক্টে আছে বেতন যা নির্ধারিত হয় তার এগেনস্টে একটা রেজাল্ট দিতে হয়। সাম রেজাল্ট মাস্ট বি গিভিন অ্যান্ড ইফ দেয়ার ইজ নো রেজাল্ট পেমেন্ট অব ওয়েজেস প্রপরশনেটলি কাটা যায়। গিরিজাবাবু জানেন না তিনি যে ট্রেড ইউনিয়নের সঙ্গে সংশ্লিষ্ট ফুলেশ্বর কটন মিল, হনুমান জুট মিল, প্রেমচাঁদ জুট মিল ইত্যাদিতে ওদের যে ট্রেড ইউনিয়ন সংস্থা সেখানে প্রপরশনেট ওয়েজ কাট নীতি গৃহীত, সেটা বেসিক কাট না ডি. এ. সেটা নিয়েই প্রশ্ন। সুতরাং যখন বিধানসভার মাননীয় সদস্য কিছু বলব তার কাছে অনুরোধ যে তিনি সঠিক তথ্য এবং ঘটনাটা কি তার সঠিক মূল্যায়ন করে যেন বিধানসভায় জানান হয়। তার জ্ঞাতার্থে জানাচ্ছি ডেপুটি লেবার কমিশনার শ্রী রামপুর, মারধোর হবার পর চেষ্টা করেছিলেন মিটমাট করাবার জন্য মিটিং ডাকার কিন্তু শ্রমিকদের ইউনিল্যাটারাল অ্যাকশন নেবার ফলে দুঃখের বিষয় সেটা ঘটেনি। আমার দৃঢ় বিশ্বাস লেবার কমিশনের মাধ্যমে মিটিং হলে এর সমাধান হয়ে যাবে কিন্তু মুশকিল হলে ওখানে তিনটি ইউনিয়ন আছে এবং তাদের মধ্যে যে খুব একটা লিমিট আছে তা মনে হয় না, এই তিনটি ইউনিয়ন হচ্ছে আই এই টি ইউ সি, সিটু, এ আই টি ইউ সি বলে শুনেছি। কার কতটা শক্তি জানি না কিন্তু এই তিনটা ইউনিয়ন কখনও কোনও সিদ্ধান্তে এসেছে বলে শুনিনি। আর একবার আই এন টি ইউ সি-র মধ্যস্থায় লক আউট এড়ানো গিয়েছিল, এবার তার নেতৃত্ব দেননি। এই তিনটি ইউনিয়নকে নিয়ে মালিকপক্ষের সঙ্গে আপোষে আসার চেষ্টা শ্রম দপ্তর করছে, সেটা দ্রুত হওয়ার সম্ভাবনা।

[2-20 — 2-30 p.m.]

আমি যতদূর জানি ব্যক্তিগত ভাবে প্রত্যেক ইউনিয়নের প্রতিনিধি আলাদা আলাদা ভাবে জেনারেল ম্যানেজার ম্যানেজিং ডিরেক্টরের সঙ্গে আলোচনার জন্য বসবার চেষ্টা করছেন। কালকে ও আমি এই আলোচনার কথা শুনেছি। দুর্ভাগ্যক্রমে তিনটি ইউনিয়ন প্রতিনিধি

একত্রভাবে না আসছেন শ্রমদপ্তরের কাছে, না আসছেন শ্রমমন্ত্রীর কাছে। আমি গিরিজাবাবুকে বলছি তিনি যেন ও বিষয়ে দৃষ্টি রাখেন—যাতে ইউনিয়নের শ্রমিকরা protection পায়, কোনও অশান্তি না ঘটে। আপনি একটু অবহিত হোন শ্রমিকদের শান্তভাবে পরিচালিত করবার ব্যাপারে যথাবিহিত সাহায্য করুন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুতর পরিস্থিতির প্রতি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং স্যার আপনারও দৃষ্টি আকর্ষণ করছি এ বিষয়ে একটু সাহায্য করবার জন্য। আমি এখনই খবর পেলাম যে পাঁশকুড়া থানার কিছু ভদ্রলোক ১০৭ ধারার কেস দিয়ে গ্রেপ্তার করা হয়েছে। এই ভদ্রলোকেরা হলেন এখানকার একটি বিশেষ অঞ্চলের অতি নেতৃস্থানীয় ব্যক্তি—কমিউনিস্ট নেতা ও কংগ্রেস নেতা। প্রত্যেকেই জন-অরণ্যে পরিচিত—কৃষ্ণ মান্না—ডাক্তার, পশুপতি বাসুলি একজন বিশিষ্ট নেতা ও পঞ্চায়েত সদস্য। মাননীয় অজয়কুমার মুখোপাধ্যায়ও তাকে জানেন। ঐ ৬ জনকে ১০৭ ধারার কেস দেওয়া হয়েছে এই বলে হ্যাভিং নো মিনস অফ লাইভলিহুড একটা জীবিকা লাইভলিহুড কাটিয়ে দিলেন। আসল ব্যাপারটা কি এর পেছনে? তবে সেই Vest ঋণ সরকারি ঋণের ব্যাপারে দরখাস্ত করছিলেন। কংগ্রেস কমিউনিস্ট এই সব নেতারা সবাই সমাজসেবী স্থানীয় ভদ্রলোক তারা এ বিষয়ে চেষ্টা করছিলেন। সুতরাং তাদের অপরাধ, ১০৭ ধারা হল। এই রকম অনবরত হচ্ছে। মন্ত্রিসভার একমাত্র সদস্য উপস্থিত আছেন, তিনি মুখ্যমন্ত্রীকে গিয়ে বলুন।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলায় দুর্গাপুর ও আসানসোল শিল্পাঞ্চলে এপ্রিল মাসের মাঝামাঝি থেকে জুন মাসের শেষ পর্যন্ত প্রত্যেক বছর মর্নিং কোর্ট হয় এবং সকালে অফিসগুলি হয়। এই মর্নিং কোর্ট অবলুপ্তির জন্য অনুরোধ জানাচ্ছি। এর কারণ হচ্ছে এই সিস্টেম যেটা দীর্ঘদিন ধরে চলে আসছে গ্রীষ্মকালে এখানে সকাল বেলায় কোর্ট হবে, এস. ডি. ও.-র অফিস হবে। আগের দিনে অফিসে ইলেক্ট্রিক আলো ও পাখার ব্যবস্থা ছিল না। আজকের দিনে এই সবের সুব্যবস্থা রয়েছে। এই সিস্টেমে মর্নিং কোর্ট এতদিন চলে আসছে—এখন আর এটা চলা যুক্তিযুক্ত নয়। S.D.O. অফিসে ও জাজ কোর্ট মর্নিং-এ হয়। এতে করে সাধারণ মানুষের খুবই অসুবিধা হয়। বাংলা দেশের সর্বত্র দশটা-পাঁচটা অফিস হয়। ব্যাঙ্ক ও সেন্ট্রাল গভর্নমেন্ট অফিশ দুপুরে হবে আর রাজ্য সরকারের অফিস মর্নিং এ চালু থাকবে এতে করে জনসাধারণের খুবই অসুবিধা সৃষ্টি হয়। জনসাধারণকে মর্নিং কোর্টে হাজির থাকবার জন্য আগের দিন রাত্রিতে এসে এখানে সেখানে কষ্ট করে থাকতে হয়। দুর্গাপুর ও আসানসোলে বেলা ১২ টায় অফিস শেষ হচ্ছে, তখন প্রচন্ড রোদের মধ্যে ফিরতে হয়। জনসাধারণের কষ্ট কমানো যেখানে উদ্দেশ্য—তার পরিবর্তে কষ্ট বাড়ানো হচ্ছে এর দ্বারা। তাছাড়া এই পদ্ধতিতে অফিসে কাজ ও কম হচ্ছে মাত্র সাড়ে পাঁচ ঘন্টা কাজ হচ্ছে সকালে। আর দশটা পাঁচটা অফিস হলে সাত ঘন্টা কাজ হতে পারে। অর্থাৎ মোট দেড় ঘন্টা কাজ কম হচ্ছে অফিসে সরকারি কর্মচারিরা কাজ কম করছেন। অথচ অন্যত্র বেশিক্ষণ কাজ হচ্ছে। তাই অনুরোধ জানাচ্ছি অবিলম্বে এই আসানসোল ও দুর্গাপুরে মর্নিং

কোর্ট ও অফিস বসার সিস্টেম বন্ধ করা হোক এবং দশটা-পাঁচটা অফিস করার ব্যবস্থা করা হোক—গ্রীষ্মকালে।

শ্রী জয়রাম সোরেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাস জমির পাট্টা দেওয়া হয়েছে ওখানে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় বীণপুর থানায়। কিন্তু সেখানে ভাগচাষের ধান কেটে নিয়ে গিয়েছে জোতদারের পক্ষে। তার কোনও অ্যাকশন নেওয়া হয়নি। যে জমিতে পাট্টা দেওয়া হয়েছে, জে. এল. আরও রিপোর্টে আছে সেখানে চাষী জমি দখল করতে পারছে না। বারবার বলা সত্ত্বেও ব্যবস্থা করা হচ্ছে না। আমাদেরও এবং সবচেয়ে দুর্বল শ্রেণীকে সাহায্য করা বোঝায়। কিন্তু আপনার মাধ্যমে হাউসে বক্তব্য রাখছি যে যাতে ওই দুর্বল শ্রেণীকে সাহায্য করা হয় এবং ভাগচাষের দান তারা যাতে পায় তারজন্য যেন সুব্যবস্থা হয়। এই অব্যবস্থার প্রতিকার করতে হবে।

শ্রী শচীনন্দন সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এটা হচ্ছে বীরভূম জেলার ময়ূরাক্ষী কটন মিলস—এটা পাঁচলায় অবস্থিত। পাঁচশো শ্রমিক এখানে কাজ করে। গত ২৬শে অক্টোবর ওই সিক ইন্ডাস্ট্রি লে-অফ করা হয়। লে-অফের পূর্বে জানানো হয়নি। সরকারকে জানিয়েছেন কিনা সেটা শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয় জানেন। দু মাস ১২ দিন লে-অফ চলার পর যোগাযোগের ফলে ২৬শে নভেম্বর লেবার কমিশনারের ঘরে মিটিং-এ ঠিক হয় যে ডিসেম্বরের ১লা হতে ওই মিল চালু হবে। আমি বুঝতে পারছি না সেখানে ট্রাইপারটাইট মিটিং এ যে ১লা ডিসেম্বর মিল চালু করার কথা ঠিক হয়, সেই মিল সম্পূর্ণভাবে চালু হল ১৯শে জানুয়ারিতে। ট্রাইপারটাইট মিটিং-এ ঠিক হল ১লা ডিসেম্বর, সেক্ষেত্রে কাজ আরম্ভ হল ১৯শে জানুয়ারি। আজকে লে-অফ সেখানে শেষ হয়েছে। আমি যতদূর জানি লে-অফের টাইমে শ্রমিকেরা অর্ধেক মাইনে পায়। আজ পর্যন্ত সেখানকার শ্রমিকেরা তা পায়নি এবং বেশ কিছু দিন পূর্বে লেবার কমিশনার বৈঠক ডেকেছিলেন। ... পাঁচলা-কটন মিল বীরভূম জেলার একমাত্র শিল্প। সেখানে লে-অফের সময় একজন শ্রমিক মারা যায়। মুখ্যমন্ত্রীকে জানানো হয়েছে, শ্রমমন্ত্রীকে জানানো হয়েছে আমি বুঝতে পারি না পশ্চিমবঙ্গ সরকার এই মিলের সত্তর পারসেন্ট শেয়ার আছে। অথচ এই মিলটি কেন ব্যাক্তিগত মালিকানার পরিচালায় রাখা হয়েছে এটা জানি না। এটা বীরভূমের একমাত্র শিল্প। এখানে শ্রমিকদের উপর কি ঔদাসীন্য। শুয়োরের মতো খোঁয়াড়ে সেখানকার শ্রমিকদের থাকতে হয়। সেখানে না আছে বাসস্থান, না আছে যথোপযুক্ত ব্যবস্থা, না আছে কোনও আমোদ-প্রমোদের ব্যবস্থা, না আছে ভাল ক্যান্টিন। যেন শকুনের একটা আস্তাকুঁড়ে রেখেছে। কর্তৃপক্ষকে আমি জানাতে চাই সরকারের নীতি শ্রমিকদের স্বার্থে। সেই নীতি যাতে কর্তৃপক্ষ অবহেলা না করে, অমর্যাদা না করে—এই দাবি আমি শ্রমিকদের তরফ থেকে রাখছি। লে-অফের সময়ে শ্রমিকদের যা পাওয়া হয় সেজন্যও দাবি জানাচ্ছি। এই মিলটিতে ২৫,০০০ স্পিন্ডেলস হওয়ার সম্ভাবনা আছে। এই সম্পর্কে আমি বিধানসভায় প্রশ্ন তুলেছিলাম। ২৫,০০০ হাজার স্পিন্ডেলস হওয়ার সম্ভাবনা থাকা সত্ত্বেও কর্তৃপক্ষ তা করছে না। কাজেই অকর্মণ্য, অযোগ্য, অপদার্থ কর্তৃপক্ষকে অপসারণ করা প্রয়োজন বলে মনে করি এবং শ্রমিকদের স্বার্থে এই মিলটির প্রতি দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করি এবং সেজন্য চেষ্টা করতে অনুরোধ করি।

[2-30 — 2-40 p.m.]

শ্রী বিজয়কৃষ্ণ মহান্তি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কয়েক কোটি টাকা ব্যয় করে উত্তরবঙ্গে সর্বনাশা তিস্তা নদীর ব্যারেজ প্রকল্প রূপায়িত হতে চলেছে। সম্প্রতি আমরা জানতে পেরেছি যে এই প্রকল্পের ফলে পশ্চিম দিনাজপুর, মালদহ এবং দক্ষিণ ধারের জলপাইগুড়ি জেলার কিছু কিছু গ্রাম উপকৃত হবে, খুব আনন্দের কথা। কিন্তু তিস্তা নদীর বাম তীরের গ্রামগুলি একেবারে বাদ যাবে এটা অত্যন্ত ক্ষোভের কথা। তিস্তা নদীর বন্যায় জলপাইগুড়ি জেলার লোক সর্বশান্ত হয়েছে, প্রতি বছর বহু লোক প্রাণ-বলি দিয়ে থাকে। বহু একরের সবুজ ক্ষেত্র বালুকাময়ে পরিণত হয়েছে। যে জেলার লোকেরা এত ক্ষতি স্বীকার করেছে সেই জেলা এর সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হবে এটা খুব দুঃখের কথা। কাজেই আমি আপনার মাধ্যমে পুনরায় মন্ত্রিসভার তীক্ষ্ণ দৃষ্টি আকর্ষণ করছি তারা যেন এই বিষয়টি সহৃদয়তার সহিত অনুধাবন করে দেখেন।

শ্রী আবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাই আমাকে একটু সুযোগ দেওয়ার জন্য—আমাদের প্রিয় প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে ২০ দফা কর্মসূচি ঘোষণা করেছেন তার মধ্যে ভূমিহীনদের ভূমিদান একটি অঙ্গ। সরকারি প্রচেষ্টা আন্তরিকতার সঙ্গে এগিয়ে চলেছে সে বিষয়ে কোনও সংশয় নেই। কিন্তু একটি বিষয় আপনি জানেন কিছু কিছু জমির মালিক যাদের উদ্বৃত্ত জমি আছে তার। সেই সমস্ত উদ্বৃত্ত জমি নিজেদের মধ্যে রাখার জন্য কিছু কিছু ভূমিহীনদের নামে জমি রেখে দিয়েছেন। যার ডি. সি. আর পেয়েছিলেন তারা বিভিন্ন উপায়ে ঐসব মানুষদের নিয়ে হাইকোর্টে মোকর্দ্দমা করছে। শোনা যায় কয়েক হাজার কেস হাইকোর্টে নাকি পেন্ডিং আছে। এই বিষয়ে যদি নজর না দেওয়া হয় তাহলে ভূমিহীনদের যে ভূমি দেওয়ার যজ্ঞ চলেছে সেই কর্মযজ্ঞ ব্যাহত হবে। সরকার এই বিষয়ে আলোকপাত করবার চেষ্টা করেছেন। আমার কেন্দ্রের কয়েকটি মৌজা যেমন চরভালা, উদয়পুর, চরপোতা ইত্যাদি মৌজায় যারা ভূমিহীন নন এমন লোক ডি. সি. আর. হোল্ডার আগে ছিলেন তারা মোকদ্দমা করে সমস্ত জেলার ভূমি বন্টন বন্ধ করে দিয়েছে। এইভাবে বাংলাদেশের ভূমিহীনদের ভূমিদান কর্মসূচি অচল অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে হাইকোর্টে কয়েক হাজার মোকর্দ্দমা আটকে থাকার কারণে। আমি আশা করছি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ভূমি ও ভূমি সদ্ ব্যবহার দপ্তরের মন্ত্রী মহাশয় এদিকে দৃষ্টি দেবেন এবং কিভাবে আইনসিদ্ধ ভাবে হাইকোর্টে মামলাগুলি তাড়াতাড়ি নিষ্পত্তি হয় তার ব্যবস্থা করবেন। আর যে সব সরকারি কর্মচারী এই সব মোকর্দ্দমা তদ্বির করেন তাদের শৈথিল্যের ফলে সরকার পক্ষ এই সব মোকর্দ্দমায় হেরে যাচ্ছেন। আমি আশা করছি সরকার এই বিষয়ে দৃষ্টি দেবেন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভায় দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়কে এখানে দেখতে পাচ্ছি না, দীর্ঘদিন ধরে উপেক্ষিত বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর নদীর উপর রাজগ্রাম সেতুর কাজ খুব তাড়াতাড়ি আরম্ভ হবে—এই কথা পূর্তমন্ত্রী বলে এসেছিলেন। এটা ৬/৭ বছর

আগে বন্যায় বিধ্বস্ত হয়ে গেছে। তার কথা অনুযায়ী ব্রিজ সার্ভে হয়ে গেছে, বোরিং আরম্ভ হল, এস্টিমেট যখন হবে তখন দেখা গেল কাজটা প্রায় বন্ধের মুখে। এখানে জয়নাল আবেদিনদা আছেন—কুটির শিল্পের একটি বিখ্যাত জয়াগা রাজগ্রাম কো-অপারেটিভ, যেটা পশ্চিমবঙ্গের মধ্যে একটি শ্রেষ্ঠ তাঁত শিল্পের কেন্দ্র এবং স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় শিল্প বিজয়ী এই রাজগ্রাম এলাকা। এখানে কয়েক হাজার তন্তুজীবী থাকেন এবং কর্মকার, কুম্ভকার ইত্যাদি এই সব শ্রেণীর মানুষ এখানে থাকেন। দক্ষিণ বাঁকুড়ার প্রাণ কেন্দ্র এবং সবচেয়ে স্টেট রুট হল এই সেতু যেটা বাঁকুড়া শহরের সঙ্গে যোগাযোগ রক্ষা করে। কাজেই অবিলম্বে যাতে এই সেতুর কাজ আরম্ভ হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মহম্মদ দেদার বক্স : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের খবরের কাগজে দেখলাম, পশ্চিমবঙ্গে পাটের দর খুব পড়ে যাচ্ছে। গত ২২. ২. ৭৬ তারিখে পাট উন্নয়ন পরিষদের মিটিং-এ আলোচনা হয়েছে এবং জুট কর্পোরেশন পাট যা আমদানি হচ্ছে তা কিনতে পারছে না। পাটের দরে তারা কিছু পরিবর্তন ঘটাতে পারছে না এবং দর ক্রমাগতই কমের দিকে। স্যার, পাটই হচ্ছে চাষীদের একমাত্র অর্থকরি ফসল। তা ছাড়া স্যার, আমরা আজকে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচির মাধ্যমে অঙ্গীকারবদ্ধ। চাষীর মুখে হাসি ফোটাতে কাজেই আমাদের এ দিকে নজর দিতে হবে। স্যার, মুর্শিদাবাদ, নদীয়া, উত্তরবাংলার পশ্চিম দিনাজপুর জেলা প্রভৃতি জায়গায় পাট হয় এবং এই পাট বোনার কাজ ইতিমধ্যেই কিছু কিছু আরম্ভ হয়ে গিয়েছে। মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন জানেন, গতবারেও পাটের দর অত্যন্ত পড়ে গিয়েছিল এবং তিনি অনেক চেষ্টা করেছিলেন সমবায়ের মাধ্যমে পাট কেনার। আমি আজকে তাই মাননীয় কৃষিমন্ত্রী এবং সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, এই সময় চাষীরা যাতে পাটের ন্যায্য দাম পায় সেদিকে দৃষ্টি দিন। চাষীরা ভূতের মতোন খেটে মরবে অথচ তারা ন্যায্য দাম পাবে না, তারা তাদের ছেলেমেয়েদের জন্য জামা কাপড় কিনতে পারবে না, তাদের পড়াতে পারবে না, স্বাস্থ্যের দিকে নজর দিতে পারবে না এটা কি রকম কথা? আজকে যদি গরিবের দুঃখ হঠানোই আমাদের প্রতিশ্রুতি হয় তাহলে যাতে ন্যায্য দাম তারা পায় তার ব্যবস্থা আমাদের করতেই হবে।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, জরুরি অবস্থা ঘোষণার পর মানুষরা আশা করেছিল যে কলকারখানায় শান্তি আসবে, শ্রমিকরা পুরো কাজ করে পুরো দাম পাবে। কিন্তু স্যার, আজকে দেখা যাচ্ছে, এই জরুরি অবস্থা মালিকদের স্বার্থে ব্যবহৃত হচ্ছে এবং মালিকরা এর সুযোগ নিয়ে শ্রমিকদের পুরো কাজের দাম না দিয়ে অর্ধেক দাম দিচ্ছে। স্যার, কিছুক্ষণ আগে মাননীয় শ্রমমন্ত্রী বলে গেলেন যে, মালিকদের নাকি প্রডাকশন না হলে পয়সা কাটার আইন আছে। আমি তাকে জিজ্ঞাসা করি, অতীতে কি এই রকম ভাবে শ্রমিকদের পয়সা কাটা হয়েছিল? কোনও নজির আছে কি? স্যার, যে কটন মিলের নাম মাননীয় গোপালবাবু করে গেলেন, যেটা গুজরাট কটন মিল নামে পরিচিত সেই কটন মিলের শ্রমিকদের সপ্তাহের মাহিনা থেকে ৩৫ টাকা, ২৫ পারসেন্ট গত সপ্তাহে ১১ পারসেন্ট করে পয়সা কেটে নেওয়া হয়েছে। আমরা লেবার সেক্রেটারির সাথে বসেছি, বলা হয়েছে সেই পুরানো মেশিন দেখে

এক্সপোর্টরা যা প্রডাকশন করতে বলবে শ্রমিকরা সেই মতো প্রডাকশন করবে। সেখানে স্যার, আজকে ৬ হাজারের উর্ধ্বে প্রডাকশন হচ্ছে। কিন্তু স্যার, ঐ গুজরাট কটন মিল ফুলেশ্বরেতে সেখানে এখনও শ্রমিকদের ১১ পারসেন্ট করে পয়সা কাটা হচ্ছে। তারপর প্রেমচাঁদ জুট মিলের ৪।। শ্রমিক আজ ৪।। মাস ধরে বসে আছে, সেটা ক্লোজার হয়ে গিয়েছে। বজবজের ই. সি. ফ্যাক্টরি, বাটা ক্লোজার হয়ে গিয়েছে। স্যার, ভারতবর্ষের মাননীয় শ্রমমন্ত্রী বলছেন, ছাঁটাই, লে-অফ ক্লোজার সব বন্ধ অথচ দেখা যাচ্ছে মালিকরা একটার পর একটা ক্লোজার করছে, শ্রমিকদের পয়সা কাটছে। স্যার, তাদের বেলায় কোনও রকম জরুরি আইন প্রয়োগ করা হচ্ছে না আর শ্রমিকরা যখন ন্যায্য দাবি নিয়ে আন্দোলন করতে যাচ্ছে তখন সেই মালিকদের স্বার্থে পুলিশ গিয়ে তাদের আন্দোলনকে বন্ধ করে দিচ্ছে। আমি তাই পশ্চিমবঙ্গ সরকারকে বলব, মালিকদের স্বার্থে যদি জরুরি আইন প্রয়োগ করা হয় তাহলে যখন জরুরি আইন উঠে যাবে তখন দিকে দিকে শ্রমিকরা বিক্ষোভ দেখাবে এবং তাতে বাংলাদেশে একটা অশান্তির সৃষ্টি হবে। তা যদি হয় তাহলে তারজন্য দায়ী হবে ঐ মালিকপক্ষ এবং সরকার।

Laying of Report

Second Annual Report on the working and affairs of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1974-75

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, with your kind permission. I beg to lay the second Annual Report on the working and affairs of the West Begnal Mineral Development and Trading Corporation Limited for the year 1974-75.

[2-40 — 2-50 P.M.]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী সরোজ রায় : মাননীয় স্পিকার স্যার, আজকে রাজ্যপালের ভাষণে উপরে আলোচনার শেষ দিন বা ফোর্থ ডে। এখানে মন্ত্রী মহাশয়দের ভিতর জয়নাল আবেদিন আছেন। আপনি তাকে ধন্যবাদ দিয়েছেন তার এই ধৈর্যের জন্য আমিও তাকে ধন্যবাদ দিচ্ছি। আমি শুধু তাকে এই কথা বলব, যে প্রথম দিন আমাদের নেতা বিশ্বনাথবাবু যখন এর উপর বক্তব্য রাখছিলেন তখন যে জিনিসটা লক্ষ্য করেছি সেটা হচ্ছে এই জয়নালবাবু জিনিসটাকে যেন একটা debate-এর বিষয় বস্তু হিসাবে গ্রহণ করেছিলেন এবং মাঝে মাঝে টিকা, টিপ্পনি ওখান থেকে দিতে চেষ্টা করেছিলেন। এখন বিশ্বনাথবাবু যেকথা বলছিলেন সেটা যদি উনি শুনতে গররাজি হন, ওর যদি তার কাছে কিছু শিখতে বাধা হয় সেটা আলাদা কথা। তবে আমি বলব যে শ্রীমতী ইন্দিরা গান্ধী আজকের দিনে যা বলেছেন, যা করা উচিৎ এবং সে দিকটা তিনি দেখিয়েছেন। যে কাজ করা উচিত সেদিক থেকেও রাজ্যপালের এই যে ভাষণ এটা সত্যি অত্যন্ত দুর্বল এবং সেই সমস্ত জিনিস এর মধ্যে নেই। যদি থাকত তাহলে আজকে কোনওরকম প্রশ্ন এখানে আসত না। আমি সেটা দেখাবার আগে একটা reference এখানে আনতে চাচ্ছি। তিনি যেহেতু প্রথম থেকে শেষ পর্যন্ত আছেন, তিনি যদি লক্ষ্য করেন, এই

যে ৪ দিন ধরে এখানে বিভিন্ন ধরনের আলোচনা হল, শুধু এই বেঞ্চ থেকেই নয়, ঐ Bench থেকেও। সেই আলোচনাতে একটা জিনিস পরিষ্কারভাবে বেরিয়ে এল যে শ্রমিকদের ছাঁটাই, lay off, সমানে বাড়ছে। পাটের দর কমছে, সে সমস্ত জিনিস বাজারে বিক্রয় করে কৃষকরা মার খাচ্ছে। এই মাত্র একজন ঐ বেঞ্চ থেকে বললেন যে জমি বন্টন করা তাতেও বাধার সৃষ্টি হচ্ছে। পরিষ্কারভাবে এই ৪ দিনের আলোচনায় দেখা যাচ্ছে যে ২০ দফা কর্মসূচি কার্যকর করার দিক থেকে যেগুলি করণীয় কাজ ছিল সেগুলিতে বাধা এসে উপস্থিত হয়েছে। অথচ ঐ report-এর ভিতরে আছে যে ২০ দফা কর্মসূচির প্রথম ভাগ সমাধা করা হয়ে গেছে। এখন কথা হচ্ছে যে কেন ঐদিকটা আজকে রাজ্যপালের ভাষণে নেই। এবং আজ রাজ্যপালের ভাষণে যেদিকটা থাকা অত্যন্ত দরকার ছিল সেটা হল। একটা নির্দেশ থাকা উচিত ছিল তবে অবস্থাটা বুঝতে পারা যেত। আজকে বিশেষ অবস্থাটা কি? কোন সম্পর্কে আজকের লক্ষ্য? সেই রকম একটা নির্দেশ ভবিষ্যতের জন্য দেওয়া হল কিন্তু সেই জিনিস এতে নেই। এর একমাত্র কারণ যদি খুঁজতে যাই, এর মূল কারণ কি? মাননীয় স্পিকার স্যার, আমি বলব যে এটা হল দৃষ্টিকোণের অভাব। সেদিক থেকে বলব এটা হয়ে গেছে একটা report যাকে আমরা বলি একটা প্র্যাগমেটিক রিপোর্ট অর্থাৎ যাকে সহজ কথায় বলি একটা প্রয়োগ থাক অর্থাৎ নাকের সামনে যে জিনিসটা দেখছি তার বেশি দূর থেকে ক্ষমতা নেই। এটাকে আমরা বলি প্র্যাগমেটিক। এবং যদি একটা রাজ্যপালের ভাষণ হয় তাহলে এর যা চেহারা হওয়া উচিত তাই হয়েছে। এতে কাজের কথা অনেক বলা হয়েছে। সেটা কি? সরকার দেনা শোধ করেছেন, ঘাটতি বাজেটকে উদ্বৃত্ত করেছেন, স্বল্প সঞ্চয় এবং বিক্রয় কর থেকে অনেক টাকা পেয়েছেন, মানুষের আর্থিক কল্যাণের জন্য অনেক টাকা খরচ করছেন ইত্যাদি এগুলি ভাল কাজ এবং সমর্থনযোগ্য। এটা অস্বীকার করার কিছু নেই। প্রশ্নটা কি আজকে শুধু এইখানে? প্রশ্নটা আজকে এইখানে নয়। আজকে যে কল্যাণের জন্য চেষ্টা করছেন। সেই কল্যাণকে কারা ঠেকিয়ে দেবার চেষ্টা করছে। কারা ষড়যন্ত্র করছে? গত বছর জুন মাসে যে দুর্ঘটনা হতে যাচ্ছিল সেটাকে রুখে দেবার জন্য তখন যে জরুরি অবস্থার সৃষ্টি করা হয়েছিল, কেন সেই জরুরি অবস্থা আজও চলছে? আমাদের লক্ষ্য কোনও দিকে হবে সেই সব বিষয়ে কোনও গুরুত্ব এখানে দেওয়া হয়নি। বরং গুরুত্বটা দেখাতে গিয়ে অত্যন্ত হালকা করে দেখানো হচ্ছে। দু পাতার একটা জায়গায় বলা হয়েছে, আমাদের জীবনে ৭৫ সালটা ছিল বিশেষ গুরুত্বপূর্ণ। যেমন ১৯৭৫ সালের জুন মাসে যে ঘটনা ঘটে, তারপর থেকে যে সমস্ত বিষয় বস্তুগুলো ঘটে যাচ্ছে, সেখানেই বুঝি শেষ হয়ে গেল। আর আমাদের সামনে বোধ হয় কিছু নেই। ঐ ৭৫ সালটা ছিল খুব গুরুত্বপূর্ণ। ১৯৭৬ সালে সমস্ত অবস্থা থেকে আমরা মুক্ত হয়ে গেছি। এটাই হল প্রাগম্যাটিজম। নাকের সামনে যা দেখছি, তার বাইরে কিছু আর দেখতে পাচ্ছি না। সেটাকে দেখানোর জন্য আমি আপনাদের সামনে আমার কোনও বক্তব্য রাখতে চাই না। আমি একটুখানি লেখা আপনাদের সামনে রাখতে চাই। কয়েকদিন আগে, ২২শে ফেব্রুয়ারি শ্রীমতী ইন্দিরা গান্ধী একটা জায়গায় তার বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন, Mrs. Gandhi, said it was not only necessary to increase production, improve distribution and go ahead with the Socialist Programme but do hold the country togather.

তারপরই তিনি বলেছেন, The Government must be prompt and have the ability to prevent small groups from doing harm. হু আর স্মল গ্রুপস, এখানে প্রশ্ন এসে দাঁড়াচ্ছে। হু আর স্মল গ্রুপস, আজও তাকে বারবার বলতে হচ্ছে। ২২ তারিখে তার বক্তব্য রাখলেন, আবার ২৪ তারিখে তার বক্তব্যে ঔরঙ্গাবাদে তিনি বললেন যে বিরোধীরা তাদের রণ কৌশল পরিবর্তন করেনি, সুযোগের অপেক্ষায় আছে। তার কোনও রেফারেন্স কি এখানে আছে, এই সব কিছু নেই। এটা হল একটা প্রাগমেটিক রিপোর্ট, তার বেশি এটাকে কিছু বলা যায় না। সেখান থেকেই এসেছে আত্মসন্তুষ্টি এবং সেখান থেকে এই প্রশ্নগুলো এসেছে। সেদিন মুখ্যমন্ত্রীও এখানে বসেছিলেন, তিনি ভেবেছিলেন, এত কাজের ফিরিস্তি দিলাম, এক কান্ড করলাম, আর পাঁচটা বছর থাকতে পারলে সমস্ত মাৎ করে দেব। এবং মাঝে মাঝে সেখানে একটা টিকা টিপ্পুনি কাটছেন, যে একটা যুক্ত ফ্রন্ট সরকার ছিল, সেই বুঝি যত বিপদ ঘটিয়েছিল। ডাক্তারবাবু যদি একটু চিন্তা করেন, কেন্দ্রে তো যুক্তফ্রন্ট সরকার ছিল না। ২৭ বছর পরে হঠাৎ কেন্দ্র যেখানে দখল হতে চলেছিল এবং সেটা নির্বাচনের ভিতর দিয়ে নয়, সেটা একটা যড়যন্ত্রের ভিতর দিয়ে, এটা কি তিনি খতিয়ে দেখেছেন? আমি এখানে তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এখানে দেখাতে চাই হু আর দোজ স্মল গ্রুপস? কোনও পার্টি নয়, যাদের সম্পর্কে একটা নির্দেশ শ্রীমতী ইন্দিরা গান্ধী দিয়েছেন। পরিষ্কারভাবে তিনি একটা হিসাব দিয়েছেন যে শুধু ঐ কাজগুলো করলেই হবে না, এই স্মল গ্রুপ সম্পর্কে খুব হুঁসিয়ার থাকা দরকার। আমি সেই জন্য বলছি এখানে যে সমস্ত কাজগুলোর ফিরিস্তি দিয়েছেন, নিশ্চয়ই সেইগুলো উল্লেখযোগ্য দিয়েছেন, কিন্তু যেটাকে আগামীদিনে বিশেষভাবে লক্ষ্য করার বিষয় ছিল, সেটা এখানে নেই। সেই জন্য আমি আপনাদের সামনে বলতে চাই, আজকে খুঁজে বার করা দরকার যে সত্যই কি পশ্চিমবঙ্গে সেই রকম কোনও স্মল গ্রুপস আছে? আপনারা ভাবেন কি বিরোধী পক্ষের শক্তিশালী কেউ আপনাদের ভোটে হারাচ্ছে কি না, এই দৃষ্টিকোণ থেকে সমস্ত জিনিসটাকে আপনারা ভাবছেন। আমি আপনাদের সামনে পরিষ্কার একটা উদাহরণ নিয়ে আসব এবং আমি জয়নাল সাহেবকে প্রথমে অনুরোধ করে রাখব, এটাকে ডিবেট হিসাবে দেখবেন না। এটাকে একটু ভেবে দেখতে চেষ্টা করবেন। আপনাদের নেত্রী, আমাদের দেশের নেত্রী যে সম্পর্কে বারেবারে উল্লেখ করছেন সে সম্বন্ধে হুঁসিয়ারি দিয়েছেন—নয় পার্টি বাট স্মল গ্রুপস, আমি এখানে একটা উদাহরণ আপনাদের কাছে রাখব, চটকল নিয়ে অনেক প্রশ্ন এখানে উঠে ছিল, চটকলে লক আউট হচ্ছে, লে অফ হচ্ছে। চটকল শ্রমিকরা মাঝখানে খুব অসন্তুষ্ট হয়ে পড়ছেন, তাদের মধ্যে অসন্তোষ দেখা দিচ্ছে আবার চটের ক্ষেত্রে—পাটের দাম সেখানে পড়ে যাচ্ছে, যার ফলে গরিব কৃষকরা কষ্ট পাচ্ছে, দুঃখ দুর্দশায় তারা পড়ছে। তাদের মাঝখানে অসন্তোষ দেখা দিয়েছে। মালিকরা কি বলছেন? মালিকরা বলছেন—আমি জয়নাল সাহেবকে একটুখানি শুনতে অনুরোধ করব, মালিকরা বলছেন ব্যবস্থা, বাজার নেই, লোকসান হচ্ছে, অতএব চটকল বন্ধ করে দেব আপনারা কি করছেন, সরকার কি করল, তাদের পায়ে তেল দিয়ে দিল। এবং বলল তোমরা বন্ধ কর না আমরা তার ব্যবস্থা করছি। ব্যবস্থা কি হল? ব্যবস্থা হল যে, তোমরা যে চট বাইরে চালান দেবে সে সম্বন্ধে আমরা তোমাদের এক্সপোর্ট ডিউটি কমিয়ে দিচ্ছি এবং শুধু এক্সপোর্ট ডিউটি কমাচ্ছি, তাই নয়, সেখানে ৬০০ টাকা পার টন ছেড়ে দিচ্ছি, যেখানে যত টাকার মাল সেখানেই আমরা সেই টাকার ওপর ১০% সাবসিডি দেব। আপনারা এটা করে

দিলেন। কিন্তু রিয়েলিটি কি? রিয়েলিটি যদি দেখেন, চটের রিয়েলিটি '৭৩/৭৪ সালে ৬.১৯ লক্ষ টন এক্সপোর্ট হয়েছিল। পার টন ৪,৮০৯ টাকা দর পেয়েছিল। '৭৫ সালে এক্সপোর্ট হল ৪.৪৯ লক্ষ টন, পার টন ৪,৯৮০ টাকা করে দর পেয়েছিল। মালিকরা সেখানে বেশি লাভ করলেন ২২৩.৮ কোটি টাকা। কিন্তু '৭৪ সালের চেয়ে '৭৫ সালে মাল কম এক্সপোর্ট করল। এখন প্রশ্ন হচ্ছে, কেন মাল কম এক্সপোর্ট করল? তাহলে কি সত্যিই চটের বাজার নেই? আমি এই দিকে একটু লক্ষ্য করতে বলছি। আবার রোমে যে কনফারেন্স হয়ে গেল সেটার নাম হল, "জুট ইন্টারন্যাশনাল কনফারেন্স আন্ডার ইউনাইটেড নেশন"। সেখানে আমাদের যিনি রিপ্রেজেন্টেটিভ ছিলেন তিনি সেখানে পরিষ্কারভাবে বলেছিলেন যে, সিন্থেটিক প্রোডাক্টের সঙ্গে তুলনা করলে আমাদের চটের যে দাম সেটা কম্পারেবল স্টেজে আছে। তাই যদি হয় তাহলে আমেরিকায় বাজার নেই কেন? এই প্রশ্ন কি আপনাদের কাছে আসছে না? যদি বাজার না থাকে তাহলে কয়েক দিন আগে বিহারে সরকার থেকে একটা চটকল খোলা হল কেন? তাহলে এখন প্রশ্ন হচ্ছে এই অবস্থা হচ্ছে, দিস ইজ এ পলিটিক্যাল ইস্যু। কারা ভারতবর্ষের অর্থনীতিতে একটা জটিলতার সৃষ্টি করতে চাইছে, ভারতবর্ষের অর্থনীতিতে একটা জটিলতার সৃষ্টি করতে চাইছে, ভারতবর্ষের শ্রমিকদের মনে কারা অসন্তোষ সৃষ্টি করতে চাইছে? এরা হচ্ছে একটা স্মল গ্রুপ। আর এদের সঙ্গে হাত মিলিয়েছে এখানকার চট-কল মালিকরা অ্যান্ড দে আর দি স্মল গ্রুপস। আপনি দেখুন কয়েকদিন আগে একটা কথা বলা হয়েছে যে, আই. আই. টি. বলে একটা আন্তর্জাতিক সংগঠন আছে, তাদের কাছ থেকেই চিলি-কে ক্ষতম করবার জন্য ১৮ দফা কর্মসূচি আমেরিকার রাষ্ট্র যন্ত্রের কাছে গিয়েছিল। আর চিলিতে এই রকম জিনিস ছিল, একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে ষড়যন্ত্র করে চিলির বাণিজ্যিক ডুবিয়ে দেওয়া হয়। আমরা ঐ ১৮ দফার কথা এখানকার খবরের কাগজেও পড়েছি। এই যে স্মল গ্রুপস এদের কথা আজকে আপনাদের বুঝতে হবে। আজকে আপনাদের বোঝার মধ্যে ত্রুটি রয়েছে, আমি বলব না যে আপনারা ইচ্ছে করে বোঝেন না, কিন্তু বোঝার মধ্যে ত্রুটি রয়ে গেছে। সেই জন্যই শ্রীমতী ইন্দিরা গান্ধীকে হুঁসিয়ারি দিয়ে বলতে হয় শুধু প্রোডাকশন করলেই চলবে না, শুধু ডিস্ট্রিবিউশন করলেই হবে না, আজকে প্রোডাকশন এবং ডিস্ট্রিবিউশনকে নষ্ট করবার জন্য স্মল গ্রুপস ভারতবর্ষে কাজ করছে, ষড়যন্ত্র করছে। কিন্তু আজকে আমাদের এখানে সেদিকে কোনও লক্ষ্য নেই। আজকে চটকলের মালিকরা স্মল গ্রুপস করছে এবং তারা আজকে আন্তর্জাতিক ক্ষেত্রে একচেটিয়া পুঁজির যে আন্তর্জাতিক সংগঠন আছে তার সঙ্গে এক জোট হয়ে এই কাজ করছে। আমি দু-একটি উদাহরণ দিয়ে দেখাতে চাই যে, এরা কতখানি গভীরে নেমেছে। আজ শ্রীমতী ইন্দিরা গান্ধী পলিটিক্যালি আমেরিকার কাছ থেকে টাকা নিতে চাইছেন না। তিনি তার রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এবং জ্ঞানের দিক থেকে অবস্থাটা, আন্তর্জাতিক এবং জাতীয় অবস্থাটা বুঝতে পেরেছেন। আমাদের ভারতবর্ষের স্মল গ্রুপস, ছোট ছোট ইন্ডিভিজুয়াল, একচেটিয়া পুঁজিপতি, তারা গ্রুপ হিসাবে আমেরিকার টাকা নিতে পারে এবং আজকে তারা আমেরিকার কাছ থেকে টাকা নিচ্ছে, এখানে ষড়যন্ত্র করছে এবং মুখে বলছে আমরা ২০ দফা কর্মসূচিকে কার্যকর করব।

আমি এ বিষয়ে একটা ছোট উদাহরণ দেব। ১৯৭১ সালে পাকিস্তানের সঙ্গে যখন যুদ্ধ হয় তখন আমেরিকা ভারতকে টাকাও সাহায্য দেওয়া বন্ধ করে দেয়। তারপর ১৯৭৩-৭৪

সালে অল্প সুদে অনেক টাকা দিতে চান। কিন্তু ইন্দিরা গান্ধী তা প্রত্যাখ্যান করেন। এ সম্পর্কে একটা news "Washington officials disclosed". "According to official sources the bilateral U.S. Economic Aid to India was cut off during 1971 war. A sum of 75 million dollar was subsequently included in the United State Budget for Aid to India but refused by India during the past two years." এটাকেও তিনি রিফিউজ করেন। এর কয়েকদিন পরে দেখলাম এখানে ফ্রিম্যান আমেরিকা থেকে এলেন এবং মিট করলেন অ্যাংলো আমেরিকান জয়েন্ট কাউন্সিল-এর সঙ্গে আমাদের দেশে একচেটিয়া পুঁজিপতিদের কাছে তিনি হিতোপদেশ দিলেন এবং বললেন Sovereignty is a sentimentals talk-এর কথা বাদ দিয়ে এই সমস্ত মাল্টি-ন্যাশনাল কোম্পানিগুলি শুধু ভারতে নয় পৃথিবীর অর্থনৈতিক সম্পর্কের সমাধান করবে। তোমরা এবং আমরা উভয়ে উভয় সরকারের উপর চাপ দিয়ে দুজনে মিলে মাল্টি-ন্যাশনাল কোম্পানির কাজ করে যাব। তারপর দেখলাম আমাদের ধনীরা তার সঙ্গে বাণিজ্য করার জন্য একটা চুক্তি করল। ইন্দিরা গান্ধীর গভর্নমেন্ট যেখানে টাকা রিফিউজ করছেন সেখানে একটা পলিটিক্যাল আউট-লুক ছিল সেখানে কয়েকজন পুঁজিপতি এই টাকা নেবার জন্য অগ্রসর হতে যাচ্ছেন। এরাই হচ্ছে সেই স্মল গ্রুপস-এর এরা আমেরিকান সাম্রাজ্যবাদীর সঙ্গে যোগ সাজসে মাল্টি-ন্যাশনাল কোম্পানি ভারতের মধ্যে করতে যাচ্ছেন। চটকল সম্পর্কে আপনাদের পলিসি কি? চটকলকে জাতীয়করণ করার কোনও প্রশ্নই দেখলাম না। হাউসে একটি মাত্র প্রশ্ন এটাই শ্রমিক, দরিদ্র মানুষদের মাঝে মাঝে বিক্ষোভ এটা যে অর্থনৈতিক সঙ্কট সৃষ্টি হচ্ছে সেদিকে নজর দিয়েছেন? এই ওয়ার্ক রিপোর্ট-এর মধ্যে ইন্দিরা গান্ধীর সেই হুঁসিয়ারি নেই।

[3-00 — 3-30 P.M.]

সেজন্য একটা জিনিস এখানে জানা দরকার যেটা বহুবার গত ১, ১।। বছর ধরে বারে বারে বলা হয়েছে সেটা হচ্ছে আন্তর্জাতিক ক্ষেত্রে মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলি বিভিন্ন জায়গায় গিয়ে সেই দেশের রিঅ্যাকশনারিদের সঙ্গে হাত মিলিয়ে সেই জায়গায় অস্থিতিশীলতা সৃষ্টি করেছে। যেটা সন্দেহের জিনিস আমাদের সামনে এসেছে সেটা হচ্ছে জুট মিল, বিভিন্ন কলকারখানায় দেখেছি শ্রমিকদের অনেকে দোষ দেন। আমি আশ্চর্য হয়ে গেলাম কালকে শ্রম মন্ত্রী তার বক্তব্যের মধ্যে কোথায় স্ট্রাইক হয়েছে তারজন্য তিনি শ্রমিকদের দোষ দিচ্ছেন। আমি আপনাদের সামনে একটা তথ্য তুলে ধরছি। শ্রীমতী ইন্দিরা গান্ধীর ডাকে রাষ্ট্রায়ত্ত শিল্পের শ্রমিকরা কিভাবে সাড়া দিয়েছে সেটার খোঁজ নিন। ১৯৭৪ সালের জুলাই মাস থেকে ডিসেম্বরের তুলনায় ১৯৭৫ সালের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত কিভাবে রাষ্ট্রায়ত্ত শিল্পে উল্লেখযোগ্যভাবে উৎপাদন বেড়েছে এটা আজকে সকলেরই জানা দরকার। কয়লা বেড়েছে ১২ পারসেন্ট, অ্যালুমিনিয়াম বেড়েছে ৩১ পারসেন্ট, ফার্টিলাইজার বেড়েছে ৪৩ পারসেন্ট, ইস্পাত বেড়েছে ১৫.৯ পারসেন্ট, বনস্পতি বেড়েছে ৫২.৭ পারসেন্ট, অশোধিত তেল বেড়েছে ১০ পারসেন্ট, সিমেন্ট বেড়েছে ১১৮ পারসেন্ট, পলিমার বেড়েছে ১২ পারসেন্ট। এটা শ্রমিকরা বাড়িয়েছে। যখন দেশের বিপদের সময় উৎপাদন বৃদ্ধির প্রয়োজন তখন সমস্ত ত্যাগ স্বীকার করে শ্রমিকরা উৎপাদন বাড়িয়েছে। কিন্তু অন্যান্য মালিক শয়তানি করে শ্রমিকদের ছাঁটাই

করে দিয়েছে, মালিক পক্ষ থেকে বলা হচ্ছে যে শ্রমিকদের অন্যায় হয়েছে। আমি বলব স্মল গ্রুপের ষড়যন্ত্রের সঙ্গে কেউ কেউ হাত মিলিয়েছেন। একটু তলিয়ে দেখবেন না? শ্রমিকদের ঘাড়ে, গরিব মানুষরেদর ঘাড়ে দোষ দিতে শুরু করেছেন? গত বছর জুনের পর শুধু বাংলাদেশ নয়, ভারতবর্ষে সবচেয়ে বেশি দরিদ্র মানুষ সরকারের ডাকে সাড়া দিয়েছে। আজকে সেজন্য আপনাদের ভাবতে হবে কোথায় আপনাদের ডিফেক্ট। কেন আপনারা সেদিকে হুসিয়ারি দিচ্ছেন না? আজকে সমস্ত বন্ধুদের প্রশ্নগুলি যদি এক জায়গায় জড় করা যায় তাহলে দেখা যাবে যে ২০ দফা কর্মসূচি কার্যকর করা হচ্ছে না শ্রমিক, ক্ষেত মজুর এবং দরিদ্র মানুষের ক্ষেত্রে। প্রোডাকশন বেড়েছে, শ্রমিক, ক্ষেত মজুর এবং কৃষক সেই প্রোডাকশন বাড়িয়েছে। সেদিক থেকে তাদের প্রতি সরকারের যে অ্যাটিচিউড নেওয়ার দরকার ছিল সেই অ্যাটিচিউড কি নেওয়া হচ্ছে? আর একটা কথা বলে আমি শেষ করতে চাই সেটা হচ্ছে পশ্চিমবঙ্গে আজকে কতকগুলি কারখানা সম্পর্কে প্রশ্ন এসেছে শ্রমিক ছাঁটাই লে অফ সেখানে হচ্ছে। সে সম্পর্কে খুব ভালভাবে বিবেচনা করুন। স্টেট সেক্টর ডেভেলপ করে প্রোডাকশন বাড়ানোর কথা যেটা বললাম সেদিক থেকে যদি বিচার করেন তাহলে আমাদের সামনে ৩টি প্রশ্ন এসে যাচ্ছে।

প্রথম কথা হচ্ছে একচেটিয়া পুঁজিকে খর্ব করতে হবে এবং এটা না করলে আপনাদের যে ২০ দফা কর্মসূচি তাকে আপনারা এগিয়ে নিয়ে যেতে পারবেন না। আমি মনে করি এটাই আজকে আপনাদের কাছে প্রথম টাস্ক হিসেবে দেখা দিয়েছে। আমাদের দেশে যে মাল্টি ন্যাশনাল কোম্পানি রয়েছে তাদের এখান থেকে তাড়িয়ে দিতে হবে এবং সেই পলিটিক্যাল লাইন দেশবাসীকে দিতে হবে। আপনারা যদি গ্রামাঞ্চলে এই ২০ দফা কর্মসূচিকে কার্যকর করতে চান তাহলে গরিব মানুষের সংগঠনিক সাহায্য নিতে হবে। শুধু ব্যুরোক্রেটিক অফিসারদের দিয়ে এটা কার্যকর করা যাবে না, একে কার্যকর করতে হলে গ্রামের মানুষকে উৎসাহিত করতে হবে, তাদের সাংগঠনিকভাবে সরকারি কাজের সঙ্গে রাখতে হবে। আপনারা যদি এই কাজ না করেন তাহলে বলব আপনাদের সামনে বিপদ আছে। প্রধানমন্ত্রী চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিলে হবে না, প্রোডাকশন করলে হবে না, ডিস্ট্রিবিউশন করলে হবে না—নজর রাখতে হবে সেই স্মল গ্রুপের উপর হু আর কন্সপায়ারিং হিয়ার, লক্ষ্য রাখতে হবে তাদের উপর যারা ভারতবর্ষের সার্বভৌমত্বকে নষ্ট করবার চেষ্টা করছে। আপনারা শিখতে এবং বুঝতে চেষ্টা করুন। আমাদের কাছে যদি শিখতে না চান, প্রধানমন্ত্রীর কাছে শিখুন। শুধু স্লোগান মঙ্গারিং করলে হবে না, বিপদ কোথা থেকে আসবে সেটা বুজতে চেষ্টা করুন। আজকে থার্ড ওয়ার্ল্ডে কিভাবে ষড়যন্ত্র চলছে সেটা লক্ষ্য করুন। কয়েকদিন আগে ফ্রেঞ্চ কমিউনিস্ট পার্টি কাগজে একটা ঘটনা দিয়ে বলেছে যে কিভাবে সি. আই. এ. ষড়যন্ত্র করছে। সেই কাগজে একটা খবর আছে, ফ্রেঞ্চ কমিউনিস্ট পার্টির সেক্রেটারিয়েট মেম্বাররা যে ঘরে মিট করেন সেখানে একটা যন্ত্র অ্যান্ত্রে-র সঙ্গে লাগানো রয়েছে এবং সেই যন্ত্রের মাধ্যমে খবর বাইরে চলে যাচ্ছে। পরে জানা গেল সেখানে একজন সুইপার আছে তার মাধ্যমে এই কাজ হচ্ছে। মাল্টি ন্যাশনাল কোম্পানির একচেটিয়া পুঁজির সঙ্গে ষড়যন্ত্র করছে এবং তাদের কাছ থেকে টাকা আসছে। কাজেই জনসাধারণকে এই ২০ দফা কর্মসূচির সঙ্গে নিয়ে আসুন, তবেই এই কর্মসূচি কার্যকর করতে পারবেন, তবেই দেশের বিপদ দূর হবে। আপনারা

ভারতবর্ষ থেকে একচেটিয়া পুঁজিকে হটিয়ে দিন একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

শ্রী রূপসিং মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্য পাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে সে প্রস্তাব আমি আন্তরিক ভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় অগভীর, গভীর এবং ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়ণ করবার জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার আন্তরিকভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন কিন্তু দুঃখের বিষয় আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারকে এবং মন্ত্রিসভার সদস্যবৃন্দকে অনুরোধ করছি যে পুরুলিয়া জেলা অগভীর, গভীর এবং ক্ষুদ্র সেচ প্রকল্প থেকে বঞ্চিত হয়েছে যার জন্য সেখানকার প্রান্তিক চাষী, গরিব চাষীদের অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে এবং গুরুতর বিপজ্জনক অবস্থায় তারা দিন কাটাচ্ছে। আমি অনুরোধ করব যাতে পুরুলিয়া জেলার অগভীর, গভীর এবং ক্ষুদ্র সেচ প্রকল্প বিভিন্ন জায়গায় রূপায়িত হয় তার জন্য সরকার যেন বিশেষ দৃষ্টি দেন। এই ধন্যবাদসূচক প্রস্তাব আন্তরিকতার সঙ্গে সমর্থন করেও আমি বলতে চাই যে সরকার বিভিন্ন জায়গায় গ্রামীণ ঋণ মুকুব করতে দৃঢ় প্রতিজ্ঞ। সরকারের পক্ষ থেকে তাদের সেই প্রতিশ্রুতি পালন করছেন সেটা নিঃসন্দেহে প্রশংসনীয় কিন্তু দুঃখের বিষয় পুরুলিয়া জেলার ক্ষেত্রে ঋণ দেবার ব্যবস্থার বিকল্প না নেয়া পর্যন্ত চাষীরা অত্যন্ত চিন্তাগ্রস্ত হয়ে পড়েছে। তাই সরকারের কাছে আবেদন রাখছি যেন আজকে মহাজনী ঋণ মুকুব করার আগে বিকল্প ব্যবস্থা যেন সরকার নেন এবং বিভিন্ন ব্লকে যেন সরকার খাদ্য শস্য ঋণ দানের ব্যবস্থা করেন। আমাদের বিভিন্ন জেলাতে আজকে ২০ দফা কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে আমরা দেখছি যে রাস্তাঘাট মেরামত এবং রাস্তাঘাট তৈরির দিকে সরকার প্রখর দৃষ্টি দিয়েছেন এবং তারা অত্যন্ত বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে চলেছেন কিন্তু দুঃখের আমাদের পুরুলিয়া জেলায় একটি বিশেষ রাস্তা পুরুলিয়া থেকে বলরামপুর যেটা ন্যাশনাল হাইওয়ে সেখানে চারটি ব্রিজ গত দু বৎসর ধরে পড়ে আছে এখনও পর্যন্ত তা হয়ে উঠেনি—সেদিক থেকে আমি পূর্ত বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি কেন এতদিন বিন্দুমাত্র এদিকে লক্ষ্য দেয়া হয়নি। এর সঙ্গে সঙ্গে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়কে অবগত করাতে চাই যে গত বৎসর একটা ব্রিজ ঐ এরিয়ায় ওপেন করার পর তিন মাসের মধ্যে সেই ব্রিজ ভেঙ্গে পড়ল। আজ ২০ দফা কর্মসূচি ও জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে এই সমস্ত ইঞ্জিনিয়ার ও ঠিকাদার যারা এই কাজ করেছে তাদের বিরুদ্ধে কঠের ব্যবস্থা অবলম্বন করার জন্য আবেদন রাখছি। অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় একটা জিনিস লক্ষ্য করেছি যে ভূমি বন্টন এবং ভূমি বিলি প্রত্যেক জেলাতে গত অক্টোবর মাস থেকে হয়েছে এবং এটা যথেষ্ট পরিমাণে ফলপ্রসূ হয়েছে সে বিষয় নিঃসন্দেহ। কিন্তু এই ভূমি বন্টনের পদ্ধতিতে একটা বিষয় লক্ষ্য করেছি যে বিষয় প্রত্যেক সদস্যই একমত। আমরা সত্যি সত্যিই জমি বন্টন করেছি কিন্তু যাদের জমি দেওয়া হয়েছে তারা কি সেই জমির দখল নিতে পেরেছে? যদি দখল না পেয়ে থাকে তাহলে সেইদিকে আমাদের নূতন করে দৃষ্টি দেওয়া আছে এবং এর আশু ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। সত্যি সত্যিই যাতে

তারা জমি পায় এবং তা কাজে রূপায়িত করতে পারে সে দিকে দৃষ্টি দিতে হবে। আর একটা জিনিস লক্ষ্য করেছি যে পশ্চিমবঙ্গ, অন্যান্য প্রদেশের মতো, সরকার সারা পশ্চিমবঙ্গের গরিব মানুষ, যারা যারা গৃহহীন তাদের আশীর্বাদ পাচ্ছেন এবং পাবেন। এখানে গৃহহীনদের গৃহ দিচ্ছেন কিন্তু গৃহ তৈরি করার যে পরিকল্পনা নিয়েছেন সেটা অত্যন্ত কম। অর্থাৎ এক বৎসর, দু' বৎসরের মধ্যে সেই সমস্ত বাড়িগুলি যা করা হচ্ছে তা ভেঙ্গে পড়ে যাবে। তাই আমি সরকারের কাছে আপনার মাধ্যমে প্রস্তাব রাখতে চাই যে সমস্ত গৃহহীনদের গৃহ মেরামত করা ও নির্মাণ করা হবে সেটা যাতে স্থায়ী হয় তার ব্যবস্থা করা উচিত। মাননীয় স্পিকার মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তার উপর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি যাদের কথা বলব তাদের আপনারও প্রয়োজন, আমাদের পশ্চিমবঙ্গে তফসিলি সম্প্রদায়ের এবং উপজাতির স্বার্থ রক্ষার জন্য সেখানে শতকরা ১৫ জনের জায়গায় শতকরা ২৫ ভাগ এবং শতকরা ৭।। ভাগের জায়গায় শতকরা ১০ ভাগ করা হয়েছে। কিন্তু আজকে আমাদের সকলেরই একমত এবং সকলেই আমরা জিজ্ঞাসা করতে চাই যে এটা কি বাস্তবায়িত হয়েছে? যদি বাস্তবায়িত না হয়ে থাকে তারজন্য পশ্চিমবঙ্গ সরকার দায়ী কতটুকু? আমি তাদের কাছে প্রস্তাব রাখতে চাই এটা বলবত করার জন্য আমাদের এখানে একটা আইন পাস করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সারা পশ্চিমবঙ্গে শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য আমাদের ২০ দফা কর্মসূচি, প্রধানমন্ত্রীর যে ঘোষিত নীতি তা বলবত করা হলে সত্যি সত্যিই আমাদের শ্রমিক শ্রেণী আমাদের সরকারকে আশীর্বাদ করত। তাতে কৃষি মজুরি যা ধার্য করা হয়েছে আমাদের পুরুলিয়া জেলায় যে সমস্ত কৃষি মজুর, বিভিন্ন কলকারখানায় যে সমস্ত শ্রমিক কাজ করছে তারা সেই মূল্য পাচ্ছে না। সেইজন্য আমি এখানে প্রস্তাব রাখছি যে এই পরিকল্পনায় যাতে তারা প্রকৃত মজুরি পায়, নূন্যতম মজুরি পায়, তা দেখার জন্য প্রতিটা এলাকায় একটা করে স্থানীয় কমিটি করা উচিত। এই কয়েকটি কথা বলে আমি এই ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করছি।

[3-40 — 3-50 p.m.]

শ্রী শান্তিকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই একটা অনুরোধ জানিয়ে রাখি—লাল আলো যদি একটু দেরি করে জ্বালেন। আমি আজকে রাজ্যপালের ভাষণের উপর কিছু বক্তৃতা শুনেছি। আমি ভাবছিলাম বসে বসে যে রাজ্যপালকে যারা সংবাদগুলি দেন, অথবা যারা লিখে রাজ্যপালকে দিয়ে বলিয়ে নেন, তারা একটা ব্যাপার কেন করেন, গতবারে যা বলা হয়েছে আবার সেকথা কেন বলা হল, অর্থাৎ যেগুলি বাইরে কথা শুনি যার ভিতর অনেকগুলি অসত্য আছে, সেগুলি না বললে ভাষণগুলি ভাল হত। ২৬ পৃষ্ঠা লেখার দরকার হত না। আমি দেখছি বলা হয়েছে আমরা ১৩০ কোটি ধার শোধ করে দিয়েছি কেন্দ্রীয় সরকারের। এটা গতবারেও ছিল, এবারেও আছে। এ দ্বারা কি বুঝা গেল, জানি না। শুধু দেখতে পাচ্ছি এই বক্তৃতায় ফারাক্কা সম্বন্ধে বলা আছে কেন্দ্রীয় সরকারের—উদ্যোগে যেন সেখানে কাজ শুরু করে দেওয়া হয়। অর্থাৎ বিপদের কথা স্মরণ করে ফারাক্কা ব্যারেজের যে ভাঙন সেটা রোধ করবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানালেন। এত রেওয়াজ হয়ে গেছে, বাড়ির মালিক যদি বাড়ি সারাই না করেন, ভাড়াটে

সেটা করে নিয়ে ভাড়া থেকে সেই পরিমাণ টাকা কেটে দেন। ফারাক্কার ওখানে ভাসিয়ে দিয়ে, গ্রামগুলিকে ডুবিয়ে দিয়ে সরকার বহু লোকের কান্নার ব্যবস্থা না করে, এই টাকার সহায়তা নিয়ে সেই কাজ নিজেরা করে, বাকি টাকাটা শোধ করে দিতেন, তাহলেই বা কি মহাভারত অশুদ্ধ হয়ে যেত। অন্তত সাধারণ মানুষের কথা যা প্রধানমন্ত্রী বার বার বলেন, সেই গ্রামে-চাষীদের উৎখাতের প্রয়োজন হত না এবং এই টাকা কম দিয়ে ধার শোধ করতেন তাহলে তারা সেটা হয়ত মেনে নিতেন। ধার শোধের অহঙ্কারটা ভাল হল না চাষীদের বাঁচানো উচিত ছিল এটা আমি জিজ্ঞাসা করি যারা রাজ্যপালের ভাষণ লিখেছেন তাদের।

আর একটা জিনিস আমি মাস্টারি করে থাকি, হঠাৎ সেই টাকাটা পেয়ে গেছি। কিছুদিন আগে বলা হল ইউ. জি. সি. গ্র্যান্ট আর গভর্নমেন্টের পুরানো গ্রান্ট গভর্নমেন্টের উপর বর্তেছে, ইউ. জি. সি.-এর টাকা নাই, সেই টাকা ফুরিয়ে গেছে, এখন দেওয়া যাচ্ছে না। যারা গৃহ নির্মাণ ঋণ নিয়েছেন, কিছু অধ্যাপক বন্ধুদের কাছে শুনেছি, প্লিন্থ পর্যন্ত করেছে, জমি বন্ধক দেওয়া হয়ে গেছে, তারপর শোনা গেল টাকা নাই। এই যে ১৩০ কোটি টাকা শোধ দিয়েছেন, সেই টাকা সব না দিয়ে যদি যারা নিজেদের চেষ্টায় কষ্ট করে একখানি বাড়ি করার জন্য চেষ্টা করছেন, সেই সাধারণ মানুষের কথা ভাবতেন চাষীদের কথা ভাবতেন, সরকারি কর্মচারী যাদের কিছুটা প্রাপ্য হয়েছে এবং এটা নীতিগতভাবে সবাই মেনে নিয়েছেন, তাদের কথা ভাবতেন, তাহলে আপনারা ঋণ শোধের গর্ব করতেন না।

আমরা জোর দিচ্ছি ২০ দফা কর্মসূচির উপর, কি হচ্ছে? সবাই বলছি এমন কি এদিক থেকে এবং ওদিক থেকে, দুদিক থেকেই বন্ধুরা বলছেন এই ২০ দফা কর্মসূচির যে লক্ষ্য ছিল সেটা কিন্তু ঠিকভাবে পালন করা হয়নি। গোটা কয়েক সাব কমিটি তৈরি করা হয়েছিল আমি জানি। আর ২০ দফা কর্মসূচি পালন করতে গিয়ে চাষী ভাইদের যে জমি দেবার কথা, ভূমিহীনদের জমি দেবার কথা, সেটাও কেউ কেউ স্বীকার করেছেন; এ পক্ষের এবং ও পক্ষের সবাই, এখন গোটা চাষীর একটা অংশকে এখনও জমি বিলি করা হয়নি, কিন্তু আমি জানি এমন অংশ আছে যারা আসলে নিজেদের নামে আবার বেনামিতে জমি করে নিলেন।

তারা জোতদার তাদেরই সম্পত্তি আরও তারা বাড়িয়ে নিলেন—ঐ বেনামে, অন্যের নামে। জোতদারের ছেলে ও তো ভূমিহীন, জোতদার না মরা পর্যন্ত। ফলে এই ভাবে জমি হস্তান্তরিত হয়েছে। একথাই অনেকে জানেন। তাই এই ২০ দফার যেগুলি সাধারণ মানুষের উপকারের জন্য করা হয়েছিল, সেগুলি বিশেষ করে এমন একটা ভয়ানক কান্ড ঘটে গেছে যা শঙ্কর ঘোষ মহাশয় বললেন কয়েক লক্ষ ভূমিহীন চাষীকে জমি দেওয়া হয়েছে। এটা এই হাউসের কেউ বিশ্বাস করেন বলে আমার মনে হয়নি। আর আমি নিজেও তা বিশ্বাস করি না। তার কারণ আমি কিঞ্চিৎ গ্রামের খবর রাখবার চেষ্টা করি। আরও তার থেকেও বড় কথা হল যে যদি ২০ দফা কর্মসূচিতে দরিদ্রদের মঙ্গল সাধনের যে কথাটা ছিল, সেই দরিদ্রদের জন্য অঙ্ক কষে তো বলে দেওয়া হয় নাই যে অমুক অমুক দরিদ্র, আর বাকিরা কেউ দরিদ্র নয়। আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি কলকাতাতে রাস্তায় দু লক্ষ লোক কালকে আমাদের এক বন্ধু এখান থেকে বলছিলেন সেই মানুষগুলোর কি হয় দেখেছেন? আপনারা দেখেছেন যারা ঐ ট্রেজারি বেঞ্চ আলোকিত করে বসে থাকেন? তারা কজন

দেখেছেন? ঐ রাত্রিবেলা সন্ধ্যা হয়ে গেছে একটা ছোট্ট উনুন জ্বালিয়েছে মা খড়কুটো নিয়ে এসে মা রান্না করতে বসেছে আর চার ধার থেকে তিন চারটা বাচ্চা বাচ্চা ছেলেমেয়ে মায়ের আঁচল ধরে দাঁড়িয়ে আছে ভাত রান্না হল কিনা। এটা দেখেছেন কখনও? দু লক্ষ এই রকম লোক কলকাতার রাস্তায় পড়ে আছে। আর আপনারা এখানে বসে বসে বলছেন ২০ দফা কর্মসূচি পালন করে ফেলেছেন। একজন ২০ দফা কর্মসূচি আপনাদের সামনে দিল, প্রচুর মানুষের অন্তত খানিকটা উপকার করার সুযোগ ছিল।

আর এক বন্ধু ভারতীয় দর্শন ও ভারতীয় আদর্শের কথা বলেছিলেন। ঐ কুড়ি দফা কর্মসূচি পালন করলে কিছুটা ভারতীয় আদর্শ ও দর্শনের কথা মানা হত, কিছুটা ভারতীয় পথকে শোনা হত। ফলে খানিকটা আত্মশুদ্ধিই বলুন, বা আত্মানন্দই বলুন যাহোক একটা কিছু পেয়ে যেতে পারতেন। কিন্তু সেদিক দিয়ে আপনারা যান নাই। আমাদের এই ভারতীয় আদর্শ ও ভারতীয় পথ ও দর্শন নিয়ে কালকে কথা হয়েছে। আমাদের মন্ত্রীবন্ধু আমি জানি না কি জন্য এই খোঁচাটা দিয়েছিলেন। কিন্তু ভারতীয় আদর্শ ও ভারতীয় পথ এই কথাই বলেছে যে এমন কি বঙ্কিমচন্দ্রও যেদিন বলে গেছেন যে পাঁচশো দরিদ্রকে বঞ্চিত করে যদি একজন ধনী হয়, তাহলে সেই ধনী চোর থেকেও বেশি অপারাধী। যেদিন মার্কসের কথাও আমরা কলকাতাকে কেউ শুনিনি, ভারতবর্ষেও কেউ শুনিনি, যদিও তিনি তখন এসে গেছেন। বঙ্কিমচন্দ্র সেদিন সে কথা বলে গেছেন। আমাদের এই ভারতবর্ষের চিন্তায় আমরা একথা বার বার বলেছি যে এই পৃথিবীটাকে অস্বীকার করবার উপায় নাই, অস্বীকার করা চলতে পারে না। বোধহয় মায়াবাদের কথা তারা বলবার চেষ্টা করেছিলেন। কিন্তু এই মায়াবাদ সম্বন্ধে পড়াশোনা করে উত্তর দিতে হয়। 'ইন্ডিয়ান ফিলোজফি" বলে রাধাকৃষ্ণনের একটি বই আছে, সেটা পড়লেও তার থেকে তিনি খানিকটা বুঝতে পারবেন। মায়াবাদে শঙ্করাচার্য জগতটাকে শূন্য বলে উড়িয়ে দেননি, তিনি ও খাদ্য পানীয় খেয়ে বেঁচে ছিলেন, হাওয়া খাননি, ইট পাটকেল খেতেন না। জগৎটাকে তিনি একেবারে শূন্য করে দেন নাই। তিনি তুলনামূলকভাবে বলেছেন জগৎটা শূন্য। অ্যাটমকে যদি সেই সত্য বলেন তাহলে এটা শূন্য। আমি শূন্য, সবাই শূন্য। অ্যাটমটা হচ্ছে তার শেষ। সেই অর্থে ব্রহ্ম সত্য এবং বাকি সব অসত্য বলেছেন। সেটা ব্যবহারিক ক্ষেত্রে তার মর্যাদা পুরামাত্রায় আছে। একথা ডঃ রাধাকৃষ্ণন তার বইতে বলেগেছেন। একটু ভাল করে সেগুলো দেখতে হবে। তা না হলে ভারতীয় আদর্শ ও ভারতীয় পথ হয়ত কাউকে আক্রমণ করা যাবে—কিন্তু আসল সত্যকে মানা হবে না। একথাই তো বলেছেন ভারতীয় আদর্শে, যে এই জগৎটাকে অন্ধং তমো প্রবিশন্তি, বে-পরমা অবিদ্যা উপাসতে"। এ . . .কেতে এই কথাই বলা হয়েছে যারা এই জগৎটাকে তুচ্ছ করেন পরকালকে তুচ্ছ করে নয়, এই জগৎটাকে মানেন, তারা আরও বেশি অন্ধকারে প্রবিষ্ট হবেন। যারা এই জগৎটাকে তুচ্ছ করেন, পরকালকে মানেন, তারা আরও বেশি অন্ধকারে নিমজ্জিত হবেন। এই জগৎটাকে বাদ দিয়ে কখনও ভারতবর্ষের হিন্দুদের পুরাতন চিন্তা চলে না। সুতরাং পুরাতন চিন্তা বলছে যে বিশ্বকর্মার পূজা করে আমার সরস্বতী পূজা করতে হয়। বাস্তব পৃথিবীটাকে অস্বীকার করে নিয়ে তবে জ্ঞানের জগতে এগোতে হয়। সুতরাং ঐ হাঁ করা ছেলেটা, ঐ দরিদ্র ছেলেটা যে রাস্তায় পড়ে আছে—যেখান দিয়ে যাওয়া যায় না, নিজেকে অপরাধী বলে মনে হয়। আমার বাড়ির বাচ্চাটা খাটে শোয়, আর সে ঐ মাটিতে

শুয়ে আছে দেখে তাই কোথায় যেন খানিকটা খটকা লাগে, ধাক্কা লাগে এইটুকু মনুষ্যত্ব থাকা উচিত ছিল। সর্বং খল্বিদং ব্রহ্ম। সবই তো ব্রহ্ম।

[3-50 — 4-00 p.m.]

ওটা খানিকটা ব্রহ্মকে টুকরো টুকরো করে কেটে খানিকটা আবেদিন সাহেবের মধ্যে, খানিকটা আমার মধ্যে দিয়ে দেওয়া হয়নি। সমস্তর ভিতর দিয়ে তিনি চলে গিয়েছেন—এও রাধাকৃষ্ণান বলছেন—পারনিয়েটস এই বোধ অর্থাৎ জগতে যা কিছু আছে সমস্ত মধ্যে একটা শক্তি আছে তাকে স্বীকার কর, এটা হচ্ছে ভারতীয় আদর্শের কথা। এটা তাই কোথা থেকে আসবে, ইউরোপ থেকে এসেছে কিনা এ কথা ব্যঙ্গ না করে একটু যদি ভারতীয় আদর্শ পালন করতে হত তাহলে সকলকেই গান্ধীজির মতো ঐটুকু কাপড় পরা ছাড়া আর কোনও উপায় থাকত না। আমি বলব বন্ধুরা চেষ্টা করুন—শুধু ব্যঙ্গ নয়, শুধু কথা নয়, আজ কাল আপনারা যারা বেশি কথা বলেন বলছেন যে কাজ করতে হবে, কথা নয়। সেই কথা না বলে কিছু যদি কাজ করতেন শ্রীমতী গান্ধীর ২০ দফা তাহলে স্বার্থক হত, তা না হলে স্বার্থকতা আসবে না। আমি বার বার একটা কথা বলব—দু বছর ধরে এই কথা বলবার চেষ্টা করছি। আপনারা জমি যদি দিয়েও থাকেন যদি ধরে নেওয়া যায় যে সব ঠিক দেওয়া হয়েছে তাহলে কিভাবে দিচ্ছেন দেশে সেটা দেখা দরকার। ৫.৭০ একর জমি আপনারা দিয়েছেন ৮.১৬ পরিবারকে। এক বিঘা দেড় বিঘা, দু বিঘা পর্যন্ত জমি দিয়েছেন। এতে কি হল? যুক্ত ফ্রন্ট আমলে একটা ভুল রাজনীতি লাঠির জোরে জমি পাইয়ে দেবার চেষ্টা চলেছিল। সেই লাঠির জোরে জমিতে কি হয়? এরা যদি আবার সরকারে আসে আবার লাঠির জোরে আর এক দিকে নিয়ে যাবে। সেটা যেমন ভুল রাজনীতি এখনও তাই আপনি যদি ভেবে থাকেন এক বিঘা দেড় বিঘা দেওয়া হল আগামী বারে যদি আমাদের জুটিয়ে দেয় তাহলে আর এক বিঘে পাওয়া যাবে—উদ্দেশ্য যদি হয় তাহলে দেশের মঙ্গল হল না। সাধারণ মানুষের মঙ্গল হল না। তারজন্য একটা পরিকল্পনা চাই। সেই পরিকল্পনা করে যদি আপনারা একটা কো-অপরেটিভ করে দিতে পারতেন তাহলে দেশের সাধারণ মানুষের মঙ্গল হত। তা না হলে এতে মঙ্গলে মঙ্গলের খেলা হবে। যদি ধরে নেওয়া যায় সব সত্য সব সঠিকভাবে আপনারা দিতে পেরেছেন তাও বলছি তারজন্য একটা পরিকল্পনা লাগে, তারজন্য একটা সময় লাগে। হঠাৎ দুই তারিখের মধ্যে করে ফেলতে হবে। তা না হলে গান্ধীজির সেই দিনটাই ব্যর্থ হয়ে গেল এমন একটা তথাকথিত উন্মাদনা দেখিয়ে ২০ দফা কর্মসূচি অন্তত সফল করা যায় না। তাতে নিজের ভ্যানিটি হয়ত তদন্ত করা যায় তার বেশি কিছু হয় না। আর একটা ছোট্ট কথা বলি, দু-চারটে বড় কথাও বলতে হবে। আপনারা বলছেন—The Government has taken firm and effective steps for the liquidation of rural indebtedness. অর্থাৎ মহাজনকে এখন ধার শোধ দিতে হবে না—অ্যাবিয়েন্স এইটা করেছেন। কিন্তু কত লোককে সারটিফিকেট জারি করা হয়েছে। আমি একটা ফিরিস্তি দিতে পারি। এক জায়গায় যেখানে দু বিঘের মালিক অন্তত ৬ বছর স্বদেশি আন্দোলনের জেল খাটা লোক এই রকম লোকও আছে যারা সার্টিফিকেট পেয়ে গিয়েছে। কবে ক্রোধ হবে তা জানেন না। যারা চিচিঙ্গে খেয়ে কোনও রকমে দিন অতিবাহিত করছে। অনেক দিন অনেকের থেকে স্যাক্রিফাইস আছে বেশি যারা এই রকম বহু মানুষ আছে

তাদের কথা আপনাদের একটু স্মরণ করতে বলব। একটা কথা বলে রাখি সমালোচনা যেগুলো সেগুলো সরকারকে নিন্দে করবার জন্য না। সমালোচনা মানেই হল সাহিত্যেও তাই বলে সঠিক পথে নিয়ে যাওয়ার জন্য। সেই সঠিক পথে নেওয়ার জন্য আমার একটা চিন্তাকে আমার তরফ থেকে রাখা। আমি সেই একটা চিন্তা রাখছি। নূতন চিন্তার ভিতর দিয়ে একটা পথ তৈরি হয়ে যায়। সেই পথ তৈরি করবার জন্য একটা চিন্তা রাখছি আপনাদের সামনে। মিনিমাম ওয়েজেস পেয়েব্যাল the agricultural labourer বলে একটা অ্যাক্ট নাকি টাকা কড়ির ব্যবস্থা করেছেন, পাঁচ টাকা কি সাড়ে পাঁচ টাকার ব্যবস্থা করেছেন। আমার একজন বন্ধু বলছিলেন পুরুলিয়াতে তারা পাচ্ছেন না। আমার কাছে ওইরকম লিস্ট আছে যাতে দেখাতে পারি তিন টাকা সাড়ে তিন টাকা, সপ্তাহে তিন টাকা এবং খাওয়া। সমস্ত মাসের যে সময়টা কাজ হবে সেই সময়ের অ্যাপয়েন্টমেন্ট মাত্র ৫০ টাকা মাইনে আর কিছু নয়। এই রকম ব্যবস্থা আছে। এক সময় মাস্টার মহাশয়রা লিখতেন এক, পেতেন আর এক রকম—এই রকম ব্যবস্থা হয়েছে। আপনারা যে আইন করছেন সেটা গ্রামের যাদের জন্য আইন সেই সাধারণের কাছে পৌঁছে দিতে পারছেন না। এই জন্য আমার বেশ মনে আছে কংগ্রেসেরও একটি ১৭ দফা কর্মসূচি ছিল, সেখানে ভূমি সেনা তৈরি করবার কথা ছিল, সেগুলির দিকে আপনারা যাননি। ভূমি সেনা জোতদারদের ছেলেদের দিয়ে হবে না। ভূমি সেনা তৈরি করতে যদি আপনারা ঘুরে বেড়াতে আইনে বাধ্য করতেন তাহলে বুঝতেন যে সত্যিই আপনারা পালন করতে পারছেন না, সাধারণ মানুষের কাছে গিয়ে পৌঁছতে পারছেন না। আইন হলে সেই আইনে তারা উপকৃত হতে পারছে না। সেই ব্যবস্থাটুকু করবার জন্য আমি আমার বন্ধুদের অনুরোধ জানাই বড় চাষীরা পর্যন্ত বলেছেন আমাদের এতখানি জমি আমরা চাষ করব না, যদি না দর কম করার ব্যবস্থা না কর। ৩ টাকায় কাজ করতে তারা বাধ্য হয়েছে, তা না হলে তাদের খাওয়া জুটবে না। আমি দেখলাম রাজ্যপালের ভাষণে আছে A separete Directorate for handloom and textile has been set up. তাঁত শিল্প সম্বন্ধে কিছুদিন আগে মন্ত্রীদের ডেকে নিয়ে গিয়ে প্রধানমন্ত্রী কি বলেছেন—তাঁত শিল্প মন্ত্রীদের সম্মেলন উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেছেন কয়েক ধরনের বস্ত্র উৎপাদন তাঁত শিল্পের জন্য সংরক্ষতি করা—কেন্দ্রের নির্দেশ রাজ্য সরকারগুলি কঠোরভাবে পালন করেননি, অর্থাৎ আপনারা নির্দেশ দিয়েছেন সেই নির্দেশে ১৯৭২ সালে মুখ্যমন্ত্রীদের কাছে লিখেছিলেন যে এই ব্যবস্থাগুলি কর—এখানকার তাঁত শিল্পীরা বলেছেন বিশেষ করে পাওয়ারলুম লোকেরা বলেছেন যে কাউন্ট সুতোর কাপড় পাওয়ারলুমে তৈরি হয় সেই কাউন্ট সুতোর কাপড় যদি মিলে তৈরি হয় তাহলে কম্পিটিশনে পাওয়ারলুমের লোকেরা এমনি লুমের লোকেরা পারবে না, মিলের কাছে তারা মার খেয়ে যাচ্ছে। কাজেই সেখানে রেস্ট্রিকশন থাকা উচিত ছিল। ১৯৭২ সালে প্রধানমন্ত্রী যে কথা বলেছেন সেই দিকে আবার আমি নজর দিতে বলি। তিনি বলেছেন প্রভাবশালী লবি বরাবর এই সিদ্ধান্তকে কার্যকর করার পথে বাধা দিয়ে আসছে। প্রভাবশালী লবি কোথা থেকে এল? মিল মালিক—এই মিল মালিকদের লবির সঙ্গে আমাদের ঠিক রাখবার জন্য আমরা হ্যান্ডলুম কো-অপারেটিভ করেছি। এই লবি কিসের জোরে কাজ করে? ঐ লবি রেখে দেওয়া উচিত নয়। ঐ লবিকে উৎখাত করে দিতে হবে অর্থাৎ আমিরী না হঠলে গরিবি হঠানো যাবে না। যেখানে মিল মালিকরা শোষণ করছে সেখানে প্রয়োজন হলে রাষ্ট্রীয়করণ করতে হবে, তা না হলে ঐ লবি চিরকাল কাজ করে যাবে। এই লবি সম্বন্ধে

প্রধানমন্ত্রী আপনাদের সচেতন করে দিয়েছেন। এই লবি মানে কি তা বিশেষভাবে ব্যাখ্যা করার প্রয়োজন নেই। এডুকেশন সম্বন্ধে এক জায়গায় ভাষণে আছে the educational scene at the college and university level has shown definite signs of return to normalcy. সবটা ঠিক নয়, তবে রাজ্যপালের প্রচেষ্টায় এই বারে অন্তত পরীক্ষা নিশ্চয় খুব ভালভাবে হয়েছে। কিন্তু নর্মালসি হলেও এডুকেশনের ক্ষেত্রে এটা ধরে নেবেন না। ভালভাবে শিক্ষা দেবার জন্য আপনাদের অনেক দায়িত্ব আছে। ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন টাকা দেন। কন্ডিশন ৫০ঃ৫০। লাইব্রেরি, ল্যাবরেটরি না বাড়ালে কোনও সময়েই ভাল লেখা পড়া হতে পারে না। এখন এই টাকা পেতে গেলে ৫০% কলেজকে দিতে হবে অথবা ইউনিভার্সিটি বা গভর্নমেন্ট দেবে। আমি কাগজে দেখেছি ১০০টি কলেজের মাস্টার মহাশয়রা মাইনে পাননি। এখানেও সেই অবস্থা এসেছে ইউনিভার্সিটির টাকা দেবার ক্ষমতা নেই, সরকারকে দিতে হয়। সরকার দিতে পারছে না। তার ফলে ইউ. জি. সি.-র টাকা পাওয়া যাবে না অর্থাৎ ল্যাবোরেটরি বাড়বে না, লাইব্রেরি বাড়বে না, হায়ার এডুকেশন চালু করবার কোনও উপায় নেই। সেই জন্য আমরা দেখেছি ইউনিভার্সিটি সার্ভিস কমিশনের কথা উঠেছিল, স্টেট ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের কথা—বোধ হয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন তার ভাষণে—এগুলি কিছুই হয়নি, সেদিকে আমি নজর দিতে বলি এবং শিক্ষকদের যদিও বা একটা ব্যবস্থা হয়েছে, কিন্তু অশিক্ষক কর্মচারী যারা আরও নিচে পড়ে আছে, যাদের সমস্ত মিলিয়ে ২০০ টাকাও হয় কিনা সন্দেহ—

[4-00 — 4-10 p.m.]

তার জন্য যদি ব্যবস্থা করতে না পারেন তাহলে সত্যিকারের কাজ এগিয়ে যাবে না। শেষ কথা বলব, শঙ্কর ঘোষ মহাশয় পন্ডিত মানুষ, বুদ্ধিমান মানুষ, সত মানুষ কিন্তু রাজনীতিতে তিনি নবাগত, ফলে ইমোশন আছে। সেই ইমোশন থাকার ফলে তিনি বলেছেন ক্লোজার প্রভৃতি সংক্রান্ত কেন্দ্রীয় আইন রচনার ৮ মাস আগেই রাজ্যের মন্ত্রিসভা সে বিষয়ে সিদ্ধান্ত নেন। একটা ভ্যানিটি স্যাটিসফায়েড হতে পারে, ইমোশনটা প্রকাশ পেতে পারে। কিন্তু নেবার ফল কি হয়েছে। এখানে ক্লোজনার নেই? এখানে লে-অফ হচ্ছে না? এটা বোঝা যাচ্ছে কেন্দ্র থেকে যে আইনটা হয়েছে তাতে কেন্দ্র বুঝতে পেরেছে যে বিভিন্ন রাজ্যে এটা হচ্ছে, তাই তাদের আইন করতে হল। সেই আইনে আমার একটু ভয় আছে, ক্লোজারের যখন পারমিশন চাইবে তখন যদি দেখেন যে সত্যি সত্যি লে-অফ করবার মতো ব্যবস্থা করে ফেলেছে তখন আপনারা হয়ত কিছু টাকা দিয়ে সিক ইন্ডাস্ট্রিকে বাঁচাবেন, কিন্তু আমি বলব, সেটা না করে দয়া করে সেই ইন্ডাস্ট্রিকে নিয়ে নেবেন। তা না হলে পরে আবার সিক হবে এবং এই ভাবে হতে হতে সরকারের টাকাটাই খেয়ে ফেলবে। শেষ কথা শঙ্করবাবুকে বলব, তিনি বলেছেন, যদি ২০ দফা কর্মসূচি বুঝতে চান তাহলে গ্রামের সভাগুলিতে হাজির থাকলেই বুঝতে পারবেন এই ২০ দফা কর্মসূচি সর্বত্র কি উৎসাহের সৃষ্টি করেছে। আমি আগেই বলেছি, রাজনীতিতে তিনি নতুন। তিনি দেখেননি, ১৯৬৯ সালে এবং তার আগে অনেক সভাতে ১০ হাজার, বিশ হাজার লোক হয়েছিল কিন্তু সেই ভদ্রলোক ভোট পেয়েছিলেন ১৭শো। ১৯৬৯ সালে অনেক সভাতে ২ লক্ষ, ৪ লক্ষ, ১০ লক্ষ লোক হয়েছে কিন্তু কংগ্রেস তখন দাঁড়িয়ে গিয়েছিল ৫৫-তে। হাজার হাজার লোক সভায় আসতে পারে কিন্তু

ভোট দিতে যায় না, তার থেকে উদ্দীপনা বোঝা যায় না। যাদের ইমোশন আছে তারাই এই ভাবে বলেন, রাজনীতিতে নবাগত হলে এরকম কথা বলেন। লোক ভাল, সৎ হওয়া সত্ত্বেও এই চিন্তাগুলি মন্ত্রী মহাশয়কে রাখতে বলি।

শ্রী ফণীভূষণ সিংহবাবু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২০শে ফেব্রুয়ারি এই সভায় মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তাকে স্বাগত জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে মাননীয় শান্তিবাবু যে বক্তব্য রাখলেন যে প্রসঙ্গে আমি, একজন গ্রামবাংলা থেকে নির্বাচিত প্রতিনিধি হিসাবে তাকে বলব যে, গ্রামবাংলার উন্নতির জন্য দীর্ঘ ৪ বৎসরের এই সরকারের ভূমিকা যদি তিনি নিজের চোখে দেখতেন তাহলে বুঝতে পারতেন আজকে আমাদের দেশের অগ্রগতি কোথায় গিয়ে পৌঁছেছে। স্যার, সারা ভারতবর্ষে জনসাধারণের সামনে যে কর্মসূচি আজকে তুলে ধরা হয়েছে তার একটা গুরুত্বপূর্ণ বৎসর এই ১৯৭৫ সাল। কি কৃষি, কি সেচ, কি বিদ্যুৎশক্তি সব দিক থেকেই পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। তবে স্যার, এই কর্মসূচিকে বাস্তবে রূপায়ণের পথে কিছু কিছু গাফিলতি যা আমার নজরে এসেছে সে সম্পর্কে আমি কয়েকটি কথা মন্ত্রী মহাশয়দের কাছে রাখব। স্যার, একথা সত্য যে, গত ২০শে জুন ১৯৭৫ সালে রাষ্ট্রনীতি কর্তৃক জরুরি অবস্থা ঘোষণা এবং তারপর প্রধানমন্ত্রী কর্তৃক ২০ দফা কর্মসূচি ঘোষণার পর সমস্ত ভারতবর্ষের গ্রামে শহরে এক নতুন আনন্দের জোয়ার এসেছে। আজকে যে কর্মযজ্ঞের জন্য প্রধানমন্ত্রী আহ্বান জানিয়েছেন তাতে ব্রতী হবার জন্য আমি শান্তিবাবু সহ সকলকে অনুরোধ জানাচ্ছি। স্যার, শান্তিবাবুর কথা আমি শুনেছি, তিনি ভূমিহীনদের ভূমি দেবার ব্যাপারে কয়েকটি কথা বলেছেন। হয়ত কাগজে কলমে সেই সব জমি দেবার নাম করে সেই সব ভূমিহীনদের এক বিঘা জমি দিয়ে তাদের ভুল পথে নিয়ে যাওয়া হয়েছে। কিন্তু আজকে স্মরণ করিয়ে দিতে চাই যে আমরা গ্রামবাংলা থেকে নির্বাচিত জনপ্রতিনিধি। আজকে প্রতিটি জায়গায় যে সরকারি জমি আমরা খাসে পেয়েছি সেই সব জমি প্রতিটি ভূমিহীনদের ঠিকমতো দেবার ফলে তাদের মনে আশা আনন্দের জোয়ার এসেছে। ১৯৬৯ সালে যে দিন যুক্তফ্রন্ট সরকার তাদের বিভ্রান্তির পথে এগিয়ে নিয়ে গিয়েছিলেন তাতে আজকে ভাটা পড়ে গেছে। আজকে আমরা ভূমিহীনদের যেমন জমি দিয়েছি তেমনি গৃহহীনদের জমি দিয়ে সেই জমিতে গৃহ নির্মাণ করবার জন্য সাধ্যমতো আমাদের সরকার যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন এবং সেই মতো তারা এগিয়ে যাচ্ছেন। তবে আপনার মাধ্যমে মন্ত্রিসভার নিকট কয়েকটি কথা বলতে চাই। আজকে এই যে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচি, সেই অর্থনৈতিক কর্মসূচির ক্ষেত্রে বিভিন্ন অফিসে, বিভিন্ন আদালতে যে গাফিলতি তাতে সাধারণ মানুষ এখনও নির্যাতিত হচ্ছে কাজেই সেইদিকে মন্ত্রিসভার দৃষ্টি দেওয়া দরকার। আমরা দেখেছি যে যদি কোনও একটা কাজের জন্য গ্রামবাংলা থেকে কোনও মানুষ আসে সেখানে এক দিনের বিনিময়ে সেখানে ৫ দিন ৬ দিন লাগে। আবার কোনও সময় হয়ত তাকে বিফল মনোভাব নিয়ে ফিরে যেতে হয়। আজকে প্রতিটি মানুষের কাছে গিয়ে, প্রতিটি মানুষকে তাদের যে কাজ সেই কাজের জন্য তাদের মনোভাব তৈরি করার সময় আমাদের সামনে এসেছে। বিশেষত কয়েকটি দপ্তরের ব্যাপারে আমি আজকে আপনার মাধ্যমে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করব। শিক্ষা দপ্তরের এখনও যে জঞ্জালস্তূপ, শিক্ষা দপ্তরের এখনও সেই অকর্মণ্যতা। গত ১৯৭৫ সালে আমাদের

এই বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রী প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের এবং অশিক্ষকদের কর্মচারিদের যে বেতন একটা ঘোষণা করেছিলেন কিন্তু আজকেও সেই বেতনক্রমে কার্যে পরিণত হয়নি। শিক্ষা দপ্তরে যে বর্তমান অব্যবস্থা—কি রাইটার্স বিল্ডিং, কি বোর্ড অফ সেকেণ্ডারি এডুকেশন, কি ডি. আই. স্কুল অফিস—সব জায়গায় গিয়ে দেখেছি। একজন সাধারণ শিক্ষক হিসাবেই শুধু নয়, একজন সাধারণ মানুষ হিসাবে আমি বলতে পারি যে শিক্ষা দপ্তরের অব্যবস্থা যদি দূর না হয়, শিক্ষা দপ্তরের বিভিন্ন স্কুলে যে কার্যকর সমিতি আছে সেই সমিতিতে নিজেদের সার্থকে সিদ্ধি করার চেষ্টা করা হচ্ছে। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এ কথা বলতে চাই যে এই কার্যকর সমিতিকে অবিলম্বে ভেঙ্গে দিয়ে নূতন ভাবে সমিতি গঠন করা হোক। এটা যদি করা হয় তাহলে শিক্ষা ব্যবস্থায় একটা সুন্দর দিক আসতে পারে। আজকে আমরা দেখেছি যে শিক্ষাক্ষেত্রে বিভিন্ন নুতন পাঠ্যক্রম চালু হচ্ছে। কিন্তু শিক্ষা ক্ষেত্রে আজকে যে সমস্ত স্কুলে লাইফ সায়েন্স, ফ্রি এডুকেশন পড়াবার ব্যবস্থা থাকা দরকার কিন্তু এক বছর অতিক্রম হয়ে গেল, যে ছেলেরা সামনে পরীক্ষা দিতে যাচ্ছে কিন্তু আজও বিভিন্ন স্কুলে কোনও শিক্ষক নিয়োগ হয়নি এবং তার একমাত্র কারণ হচ্ছে এই সমস্ত কার্যকর সমিতির যে ম্যানিজিং কমিটি তারা আজকে দীর্ঘ দিন ধরে শুধু তাদের নিজেদের রাজনীতি গড়ে তুলেছেন। কাজেই অনতিবিলম্বে এগুলিকে হস্তক্ষেপ করে তা দূর করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরও দেখেছি যে সারা পশ্চিমবাংলায় ৫২ লক্ষ মেট্রিক টন ধান উৎপন্ন হয়েছে কিন্তু খাদ্য বিভাগ বিশেষত কতকগুলি জায়গায় এফ. সি. আই.-এর মাধ্যমে যা চালিয়ে যাচ্ছে তার পরিবর্তন হওয়া দরকার। এই কয়েকটি কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শ্যামসুল আলম খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে জানাই আমার অভিনন্দন আমাদের মাননীয় রাজ্যপালের ভাষণকে। আজকে এই অভিনন্দন জানাতে স্বতস্ফূর্ত ভাবে ইচ্ছা হচ্ছে এই জন্য যে জনসাধারণের এই সরকার যে সত্যিকারের জনসাধারণের জন্য এটা প্রতীয়মান হয়েছে তার কাজের মাধ্যমে। আমরা আলোচনা করে দেখতে পাই যে গত চার-পাঁচটি পাঁচ শালা পরিকল্পনায় আমাদের পূর্বতন সরকার যা করতে পারেন নি আমাদের এই সরকার তা করেছেন। আজকে পাড়াগ্রাম থেকে আরম্ভ করে শহর পর্যন্ত সমস্ত জায়গায় কর্মব্যাপি এবং কর্মসূচি রূপায়ণের জন্য যে দক্ষযোগ্য চলেছে এটা দেখে আমাদের বিরোধীদের বন্ধুরা আতঙ্কিত হয়েছে।

[4-00 — 4-20 p.m.]

তাদের সেই স্বভাবপ্রণোদিত স্বভাব তারা কোনওদিন বদলাতে পারেনি। আজকে এই অগ্রগতির যুগে, তাদের সেই নিন্দাজনক কথা, তাদের বিরোধিতা করার যে প্রয়াস সেটাও তারা পাল্টাতে পারেন নি। কোনও ভাল কাজের প্রশংসা করতে তারা পারেন না, কেবল বিরোধিতা করেন। আজকে রাজ্যপালের ভাষণকে তারা প্রতিপন্ন করতে পারেননি যে তাঁর ভাষণে অসত্য কথা আছে যা কোনও অশোভনীয় কথা হয়েছে। যে বিবৃতি রাজ্যপাল দিয়েছেন সেটা সত্য বলে তারা অস্বীকার করতে পারেন নি। কাজেই এটা নিশ্চয়ই মেনে নিতে পারব, তারা উল্টো দিক দিয়ে নাক ঘুরিয়ে বলেছেন রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেটা ঠিকই আমরা বিরোধিতা করবো স্বভাব দোষে। আমরা কোনওদিন ভাল বলতে পারব

না। কিন্তু আজকে দেশের জনসাধারণ বিচারণ করে দেখবে সত্যিকারের দেশের দিকে তাদের কতখানি কর্তব্য জাগ্রত রয়েছে। এটা ঠিক যারা আজকে জনসাধারণের কাছ থেকে বিচ্ছিন্ন, জনসাধারণের আশীর্বাদ থেকে যারা বঞ্চিত, যারা নিজেদের আত্মগ্লানিতে পরিপুষ্ট, তারা জনসাধারণের কাছ থেকে ধন্যবাদ পেতে কোনওদিন আশা করেন না। তারা সেই ধন্যবাদ পেতে অভ্যস্ত নন। সেই জন্য তারা ধন্যবাদ চানও না এবং কাউকে ধনাবাদ দিতেও পারেন না। আজকে এই রাজ্যপালের ভাষণের মধ্যে যা উল্লেখ রয়েছে সেই পরিপ্রেক্ষিতে যে বক্তব্য রাখা হয়েছে, তার মধ্যে যে ইঙ্গিত রয়েছে সেটা সত্যকারের আমাদের প্রশংসার যোগ্য। রাজ্যপালের ভাষণে যা উল্লেখ রয়েছে—সরকার যেভাবে গতিশীল হয়ে উঠেছে, যেভাবে সমস্ত পরিকল্পনা রূপায়িত হচ্ছে তাতে আমাদের সরকার আরও দ্রুত গতিতে এগিয়ে যাবার জন্য উৎসাহ পেয়েছে। তাই আজকে ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য জনসাধারণের কাছে আবেদন রাখা হয়েছে, যাতে এই প্রয়াস সফল হয়। আজকে এটা নিশ্চয়ই উল্লেখযোগ্য এবং এটা একটা ঐতিহাসিক বিপ্লব, আজকে পাড়া-গ্রামে সমবায়ের যে অর্থকরী ভূমিকা, যেটা এতদিন সুপ্ত ছিল, সেটা আজকে সাকসেসফুল হতে চলেছে তার বিভিন্ন কাজের মাধ্যমে। শুধু শিল্পেই নয়, কৃষিতে এবং জীবনের সব ব্যাপারে আজকে সমবায়ের ভূমিকা অবিচ্ছেদ্যভাবে রয়েছে। মৎসজীবী থেকে আরম্ভ করে বংশজীবী পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে সমবায়ের ভূমিকা অনস্বীকার্য। আজকে এই সমবায়-এর যে প্রকল্প তা পাড়াগ্রামের প্রতিটি চাষিকে উৎসাহিত করেছে। আজকে আমরা এটা নিশ্চয়ই জানি, স্বাস্থ্য বিভাগ যেভাবে আমাদের পাড়াগ্রামে কাজ করে গেছেন এবং প্রতিটি জনের হিসাব করে পাঁচটি করে শয্যা বাড়িয়ে দিয়েছেন, জনসংখ্যা অনুপাতে। এই যে চিন্তা ধারা, এটা নিশ্চয়ই প্রশংসনীয়, এটা কোনও যুগেই সম্ভব হয়নি এটা সকলেই স্বীকার করবেন। এখান থেকে সবাই অনুকরণ করবে বলে আমি আশা করি। আজকে সঞ্চয়ের দিকে তাকিয়ে দেখুন, স্বল্প-সঞ্চয়ের ক্ষেত্রে আমাদের রাজ্য ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে, এর জন্য আমরা আমাদের সরকারকে অভিনন্দন জানাচ্ছি। আজকে আমি গর্ববোধ করছি যে, আমি এই সময়ের এম. এল. এ. বা জন-প্রতিনিধি। তবুও একটা কথা বলতে চাই যে, আমাদের পাড়া-গ্রামে এখনো অনেক প্রবলেম আছে, আমাদের সেই সব সমস্যার সমাধান করতে হবে। প্রান্তিক চাষিদের ঋণ মুকুব করতে হবে, তাই আজকে আমি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে সেই আবেদন জানাচ্ছি। আজকে ভূমিহীন চাষিদের উপর, প্রান্তিক চাষিদের উপর, ভাগচাষিদের ওপর যে অত্যাচার হচ্ছে সেই অত্যাচারের হাত থেকে তাদের রক্ষা করতে হবে। তাদের ঋণ মুকুব করতে হবে। পাড়া-গ্রামে যেখানে যে জিনিসের অভাব রয়েছে সেখানে সেই জিনিস করতে হবে এবং যেখানে যেখানে রিজিওন্যাল ইমব্যালান্স রয়েছে সেখানে সেখানে মাস্টার প্ল্যান করে পাড়া-গ্রামের মুমূর্ষু জনসাধারণকে বাঁচিয়ে তুলতে হবে এবং তাদের এগিয়ে নিয়ে যেতে হবে, সেই সঙ্গে আমাদের দেশের অর্থনৈতিক কাঠামোকে সুদৃঢ় করে আমাদের দেশকে একটা নতুন শক্তি হিসাবে এগিয়ে নিয়ে যাবার জন্য আবেদন জানিয়ে এবং সে বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজিতকুমার বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের ওপর আমার বক্তব্য একটি চিঠি দিয়ে আরম্ভ করছি। চিঠিটা আমার কাছে লেখা, ডেপুটি সেক্রেটারি

(ইরিগেশন এণ্ড ওয়াটারওয়েস) লিখছেন, তাতে তিনি লিখছেন, নোটিশ by Shri Ajit Kumar Basu, subject, regarding supply of water for Robi/Boro irrigation during 1976 in the district of Hooghly. সাবজেক্টের ওপর চিঠির জবাব দিচ্ছেন। The undersigned is directed to refer to his Memo No., such and such dated such and such on the above subject and do say that the State of West Bengal is making all out efforts to maintain the area of cultivation under Robi/Boro at least of the last year's levels within the D.V.C. Command area. আমার বক্তব্য হচ্ছে এই যে সরকারি পলিসি স্টেটমেন্ট এই চিঠির মারফত এসেছে, বাস্তবে তার কি হচ্ছে সেটা একটু অনুগ্রহ করে দেখুন। গত ৩০-শে ফেব্রুয়ারি আমরা মিটিং করছি, বি. ডি. ও, ইরিগেশন ডিপার্টমেন্ট এবং আমি জয়েন্টলি। সেখান থেকে আমাকে চিঠি লেখা হয়েছে, সেই হিসাবে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি যে, আমাদের সিঙ্গুর থানায় খুব বেশি রবি চাষ হয়, কিন্তু আমরা আজ পর্যন্ত এক ফোঁটাও রবির জন্য জল পাই না। আমাকে যে চিঠি লেখা হয়েছে তাতে যে পলিসি স্টেটমেন্ট সরকারের রয়েছে বা তারা যা বলছে তার সঙ্গে বাস্তব অবস্থার, প্রশাসনিক অবস্থার মোটেই খাপ খায় না। আমি এটা নিবেদন করতে চাই যে এই সঙ্গে আবার বোরোর জল রয়েছে, গত বছরে যা দেওয়া হয়েছে, এই বারেও তাই দেওয়া হবে, এই কথা বলা হচ্ছে। এই চিঠি আমাকে লেখা হয়েছে জানুয়ারি মাসে, আর নভেম্বর মাসে বি. ডি. ও এবং ইরিগেশন অফিস থেকে থানার সমস্ত বোরো কালটিভেটরদের জানিয়ে দেওয়া হল যে, এবারে আমরা জল দেবনা তোমরা কেউ বোরো চাষ করো না। এখন জানুয়ারি মাসে আমাকে এই চিঠি দেওয়া হচ্ছে, আর তার আগে দেওয়া হয়েছে তোমরা কেউ বোরো চাষ করো না। কাজেই গভর্নমেন্টের পলিসি এবং তার এক্সিকিউসন সাধারণ মানুষকে অনবরত ক্ষয়-ক্ষতির দিকে টেনে নিয়ে যাচ্ছে এবং সরকারের নীতি-এর ফলে পরিপূর্ণতা লাভ করতে পারছে না।

[4-20 — 4-30 p.m.]

এই অবস্থার দিকে দৃষ্টি আকর্ষণ করছি। বোরোর জলের জন্য আমরা চেঁচামেচি করার পর অফিসাররা, এম. এল. এ.-রা বসে ঠিক করলেন খানিকটা জল দেব। কিন্তু তার ইচ্ছামতো যা ইচ্ছা তাই করল। কাজেই এরকম একটা পরিস্থিতিতে রবি, বোরো চাযের জন্য অত্যন্ত প্রয়োজনীয় যে জল সেখানে তা নিয়ে চূড়ান্তভাবে বার্গেনিং হচেছ এবং এর জন্য চাষবাসের ও চাষিদের ক্ষতি হচ্ছে। এর ফলে গ্রামাঞ্চলে দরিদ্রশ্রেণীর অর্থনৈতিক বুনিয়াদ প্রচণ্ডভাবে পর্যুদস্ত হচ্ছে। আমাদের অসুবিধা হচ্ছে আমরা কাকে বলব, কোথায় বলব তা জানি না। সেজন্য আমরা যথেচ্ছভাবে জানতে চাই যে ডিক্লেয়ার্ড পলিসির এক্সিকিউসন সবসময় বাধাগ্রস্ত হচ্ছে। রাজ্যপাল মন্ত্রিসভার স্টেটমেন্ট অফ পলিসি রেখেছেন। কিন্তু তাতে বাস্তব চিত্র ফুটে উঠছে না। তারপর বাজারে কি সাংঘাতিক অবস্থা চলছে। এক্সপ্লয়টেশন অফ দি মার্কেট হচ্ছে। রোজই পাটের দাম কমছে। আপনারা যে কেনার ব্যবস্থা করেছেন তাতে যাদের দিয়েছেন তাদের হাতে সাফিসিয়েন্ট টাকা থাকছে না। ফড়েরা ২ টাকা কম দামে সেই পাট কিনে সরকারি এজেন্টের কাছে তা বিক্রি করছে। গন্ধেশ্বর দে ১/২ মন পালং বেচে ১ সের চিনি কিনে আনতে বলেন কিন্তু চিনির দোকানদার বলল ২.২০ পয়সা চাই। তারপর সেখানে কিছু পনির নিয়ে গিয়ে বিক্রি করে তবে চিনি নিয়ে এল। আলু যা উৎপাদন হয় তার মধ্যে ৩৫

লক্ষ টন আলু হুগলি জেলায় হয়েছে। কিন্তু হিমঘরের মালিকরা নিজের নামে, ছেলের নামে, বড় বড় লোকের নামে সব বণ্ড কিনে নিয়েছে। চাষিরা এর ফলে সেই বণ্ড আপনাদের কাছে গিয়ে ২০০/২৫০ টাকা দিয়ে তবে আলু রাখতে পারছে। কিন্তু তাতে কি আলু বাঁচবে? এর ফলে শতকরা ৯০ জন চাষী কম দামে আলু বিক্রি করতে বাধ্য হচ্ছে। সেজন্য আমি বলছি আরও হিমঘর বাড়ান এবং সমস্ত হিমঘরগুলিকে maintenance করুন। এ না করলে গরিব লোকের কল্যাণ করতে পারবেন না। একথা আমরা বার বার বলছি।

নিশ্চয়ই আজকে আগেকার দিনের চেয়ে দৃষ্টিভঙ্গি অনেক স্বচ্ছ। আমরা আগেকার দিনে বলতাম এই সমস্ত মধ্যবিত্ত চাষি গরীব চাষিরা কম দাম পাচ্ছে, তাদের জন্য ব্যবস্থা করা হোক। আমরা খুব খুশি যে আজকে সরকার সেই কথা ভাবছেন, সরকারের পলিসিও তাই। কিন্তু জিনিসটা হয়ে দাঁড়াচ্ছে এই যে তার কোনও প্রতিকার হচ্ছে না। সরকার যে তার প্রতিকারের কথা ভাবছেন তার সুস্পষ্ট প্রকাশ পাচ্ছি না, সেজন্য আমাদের ক্ষোভ। সেই অবস্থা রাজ্যপালের ভাষণে ফুটে উঠেনি, ওয়ান সাইড হয়ে যাচ্ছে, সেজন্য আমাদের একথা বলতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপরে আমি আর একটা কথা আসছি সেটা হচ্ছে অনেক স্যালো টিউবওয়েল আমাদের এলাকায় আছে। অনেক মন্ত্রী মহাশয় জানেন এই সমস্ত স্যালো টিউবওয়েলের জন্য প্রত্যক্ষভাবে আমি নিজে অনেক চেষ্টা করেছি। আমি ছোট্ট একটা হিসাব দিচ্ছি সেটা হচ্ছে সরকারি টিউবওয়েল ২৭ টা হয়েছে, ২৭টাই অকেজো হয়ে পড়ে আছে। পঞ্চায়েত মারফত ১৬৮টি হয়েছে, তার মধ্যে খবর কম করে ৭৫টা অকেজো হয়ে পড়ে আছে। কো-অপারেটিভ মারফত ৩৪টি স্যালো টিউবওয়েল হয়েছে, তার অন্ততপক্ষে ৫০ পারসেন্ট পড়ে আছে। এখন এই পড়ে থাকার কারণ কি। পয়সা খরচ হয়েছে, এস. এফ. ডি. এ. মারফত হয়েছে, কো-অপারেটিভ মারফত এইসব কাজ হয়েছে। কিন্তু এগুলিকে চালু রাখার জন্য যে চিন্তা থাকা উচিত সেই চিন্তা দেখতে পাওয়া যায়নি। আমি সাত্তার সাহেবকে একাধিকবার বলেছি এই যে জিনিসগুলি গড়ে উঠল এগুলির যদি আপনি রিসিংকিং-এর ব্যবস্থা না করেন তাহলে এগুলি টিকবে না। তিনি বললেন ঠিক আছে, আমরা ভেবে দেখছি। এই ভাবনা যে কবে শেষ হবে জানি না। যেটা গড়ে উঠেছে সেটাকে টিকিয়ে রেখে দেওয়ার পথ আমাদের পশ্চিমবঙ্গ সরকার কবে গ্রহণ করবেন সেটা জানি না। একদিকে গড়ে উঠছে, আর একদিকে নষ্ট হয়ে যাচ্ছে। সেটা প্রতিকারের একটা ব্যবস্থা হওয়া দরকার কিন্তু সেই ব্যবস্থার কথা নেই। আমি একদিন ডিপার্টমেন্টে গিয়েছিলাম, তাদের বললাম আপনারা হুগলি জেলায় ৮শো টিউবওয়েল করেছেন, তার মধ্যে আমার এলাকায় সব থেকে বেশি, তার মধ্যে অনেকগুলি অকেজো হয়ে পড়েছে। তাঁরা বললেন এটা আমাদের জানা নেই। জয়নাল সাহেবের ডিপার্টমেন্ট থেকে স্যালো টিউবওয়েল হয়েছে, কিন্তু জল দিতে পারছেন না। মাননীয় মুখ্যমন্ত্রীকে একটা কথা বলি, আমি কিছুদিন আগে বীরভূম গিয়েছিলাম অজয় প্রকল্প দেখতে। সেখানে টেগোর সোসাইটি মারফত ফোর্ড ফাউন্ডেশানের টাকা, পঃ জার্মানির টাকা, ব্যাংকের টাকায় গ্রুপ লোনের টাকায় এই পশ্চিমবঙ্গ সরকারের প্রকল্প হচ্ছে। সেখানকার একটা গ্রামের কয়েকজন লোক এসে বললেন, দাদা, আমাদের এই প্রকল্পের ভেতর দিয়ে লাভটা কি হল? আমাদের জমি ব্যাংক নিলাম করে নিতে চলেছে। ব্যাংকের কাছে আমাদের জমি বন্ধক রেখে

এই স্যালো টিউবওয়েল করা হয়েছে, টেগোর ডেভেলপমেন্ট সোসাইটি করেছে, করার পর জল উঠছে না অনেক টিউবওয়েলে। তারা বলল কি হবে, আমরা ফসল ফলাতে পারছি না, দেনা আমরা শোধ দেব কোথা থেকে। এখন তাদের দেনা শোধ করতে হবে, কিন্তু দেনা শোধ করবার কোনও উপায় নেই। অতএব তাদের জমি বেচতে হবে। এইরকম অনেক ব্যাপার বলতে পারি। এই যে অবস্থাগুলি সৃষ্টি হচ্ছে এই অবস্থাগুলি সম্বন্ধে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ঠিকমতো ওয়াকিবহাল আছেন কিনা সে সম্বন্ধে আমার মাঝে মাঝে সন্দেহ হয়।

[4-30 — 4-40 p.m.]

আমি মাঝে মাঝে তাদের জানাচ্ছি এবং তারা বলছেন আমরা দেখছি। কিন্তু আমার মনে হয় তারা ওয়াকিবহাল নন। কেরালা সরকার মাথাপিছু খরচ করেছেন ৪৭ টাকা ৯৭ পয়সা। কিন্তু আপনারা খরচ করছেন ৪৬ টাকা ৩ পয়সা। আপনাদের আজকে মনে রাখা দরকার সারা ভারতবর্ষে বিরাট কর্মযজ্ঞ শুরু হয়েছে এবং সারা ভারতবর্ষে দৃষ্টিভঙ্গির একটা পরিবর্তন হয়েছে। কিন্তু আপনারা যদি এগুলি উপেক্ষা করে চলেন এবং বলেন সব ঠিক আছে তাহলে বলব ওয়ান সাইডেড হয়ে যাচ্ছে। রাজ্যপালের ভাষণে এই জিনিস দেখতে পাচ্ছিনা বলে আমি সমস্ত মন দিয়ে এটাকে সমর্থন করতে পারছি না।

শ্রী মৃগেন্দ্রনারায়ণ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কয়েকদিন ধরে লক্ষ্য করছি আমাদের এই পবিত্র বিধানসভায় রাজ্যপালের ভাষণ নিয়ে পক্ষে এবং বিপক্ষে আলোচনা এবং সমালোচনা চলছে। আমি রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং আমাকে এই পবিত্র বিধানসভায় বলার সুযোগ দিয়েছেন বলে আপনাকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সর্বপ্রথম আপনার কাছে অনুরোধ জানাচ্ছি আমার বলার সময় আপনি দয়া করে লালবাতি, নীলবাতি জ্বালাবেন না।

মিঃ স্পিকারঃ আমি দুঃখিত, আজকে বলার সময় মাত্র ৫ মিনিট দিয়েছেন।

শ্রী মৃগেন্দ্রনারায়ণ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমার প্রথম বক্তব্য হচ্ছে আমাদের এই বিধানসভায় ইমারজেন্সি চলা উচিত। আমি লক্ষ্য করেছি অনেক সদস্য এখানে বক্তব্য রাখেন কিন্তু অনেক সদস্যই বক্তব্য রাখার জন্য যথেষ্ট সময় পান না। আমার মতে আপনি যদি সদস্যদের জেলাওয়ারি ভাগ করে দেন অর্থাৎ প্রতিটি জেলা থেকে অন্তত দুজন করে বলার সুযোগ দেন পরে অন্যান্যদের সুযোগ দেন তাহলে আপনার আর ওই লাল বাতি, নীল বাতি জ্বালাবার দরকার হয় না। স্যার, আমাদের উত্তরবঙ্গ বহু শতাব্দি ধরে উপেক্ষিত, অবহেলিত অবস্থায় রয়েছে। কাজেই আমি এই উত্তরবঙ্গ সম্বন্ধে আপনার মাধ্যমে কিছু বক্তব্য রাখব। আমরা যে ২০ দফা কর্মসূচি নিয়ে আলোচনা করছি সেই ২০ দফা কর্মসূচি কিন্তু আমাদের পকেটে পকেটেই থেকে যাচ্ছে। এই কর্মসূচি রূপায়ণের জন্য এবং সর্বসাধারণের কাছে একে প্রচার করবার জন্য আমি দাবি রাখছি প্রধানমন্ত্রীর প্রতিচ্ছবিসহ এই ২০ দফা কর্মসূচি আমাদের এ্যাসেম্বলি, পার্লামেন্ট, সমস্ত অফিস, ব্লক অফিসে, ডি. সি. অফিসের সম্বন্ধে এবং চৌরাস্তার মোড়ে ধর্মস্থানে। এছাড়া যত প্রতিষ্ঠান আছে ভারতের সর্বত্র এসব ভাষায় খোদাই লিপিপদ্ধ করে প্রচার প্রতিষ্ঠান করা হোক।

অধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার পর থেকে আমরা দেখছি যে পশ্চিমবাংলার দক্ষিণবঙ্গে যা খরচ হয় উত্তরবঙ্গে তা হয় না। এই স্বাধীনতার ২৭ বছর ধরে আমরা হিসাব করে দেখছি। এবারের সম্পূর্ণ টাকা ব্যয় করলেও পূরণ হবে না। কাজেই উত্তরবঙ্গের দিকে যাতে আরো বেশি করে দৃষ্টি দেন তারজন্য আমি দাবি করছি। উত্তরবঙ্গে আপনি জানেন স্যার, প্রাকৃতিক সম্পদ, বনজসম্পদ, ডলোমাইট, কয়লা, ধান, পাট, তামাক, আম, আনারস, চা ইত্যাদি যথেষ্ট উৎপন্ন হয়। কাজেই উত্তরবঙ্গে ইণ্ডাস্ট্রি গড়ে তোলার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। সুতরাং আমি দাবি করছি যে এটা গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। কৃষি সম্পর্কে আমি বলতে চাই আপনার মাধ্যমে যে আমার রাজগঞ্জ যে কেন্দ্র থেকে আমি নির্বাচিত উহা পশ্চিমবঙ্গের মধ্যে অনগ্রসর এলাকা এবং এর জমিতে বালি বেশি এবং সেখানে ইরিগেশনের কোনও ব্যবস্থা নেই অথচ সেটা সেচ এলাকা হিসাবে গণ্য করা হয়েছে। কাজেই আমি দাবি করছি যতদিন না সুষ্ঠভাবে সম্পূর্ণ জমিতে সেচ দেওয়া হয়েছে ততদিন এটাকে অসেচ এলাকা বলে গণ্য করে অসেচ সিলিং-এর জমি রাখার নির্দেশদানে দাবি রাখছি। কারণ স্যার, এই সুযোগে জলপ্রকাশ নারায়ণ পন্থী একজন লোক লক্ষ লক্ষ একর জমি হইতে প্রতি দু টাকা করে লক্ষ লক্ষ টাকা আদায় করছেন অসেচ এলাকা করে দোব বলে এবং একত্রে তারা ইতিমধ্যেই একটি সমিতি করেছেন যার নাম রাজগঞ্জ থানা কৃষক স্বার্থ সংরক্ষণ সমিতি। এই দুর্নীতিপরায়ণ জয়প্রকাশ পন্থী লোকদের অবিলম্বে আটক করার জন্য আমি দাবি জানাচ্ছি। তারপর স্যার, ইলেকট্রিফিকেশন-এর কথা আমি বলতে চাই যে চার বছর ধরে ইলেকট্রিফ্রিকেশনের জন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন করছি কিন্তু তিনি কোনও ব্যবস্থা করেননি। আজকে মালদহে, শিলিগুড়িতে ও অন্যান্য জায়গায় ইলেকট্রিফিকেশন হয়েছেন কিন্তু রাজগঞ্জ কেন্দ্রে যেখানে প্রচুর লক্ষ লক্ষ লোক বাস করে সেখানে ইলেকট্রিফিকেশনের কোনও ব্যবস্থা করা হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে দাবি করছি তিনি যেন অবিলম্বে রাজগঞ্জ কেন্দ্রের গুরুত্বপূর্ণ স্থানগুলিতে ইলেকট্রিফিকেশনের দাবি পূরণ করেন।

[4-40 — 4-50 p.m.]

শ্রী যতীন্দ্রমোহন রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল এই হাউসে যে ভাষণ দিয়েছেন আমি তার পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, আপনি জানেন ১৯৬৭ সাল থেকে '৭১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ উন্নতির দিক থেকে অনেক পিছিয়ে পড়েছিল কিন্তু বর্তমান সরকার শাসন ব্যবস্থা গ্রহণ করবার পর থেকে আবার উন্নতির দিকে এগিয়ে যেতে লাগলো। আমাদের দেশের চাষি ও তফসিলি সম্প্রদায়ের উন্নয়নের জন্য বিভিন্ন প্রকার পরিকল্পনা গ্রহণ করেছেন এই সরকার। আমাদের দেশ কৃষি নির্ভরশীল, তাই কৃষির উন্নতির জন্য আমাদের এই সরকার বিভিন্ন প্রকার ব্যাংক তৈরি করেছেন, সবমায় ব্যাংক, ল্যাণ্ড মডগেজ ব্যাংক, গ্রামীণ ব্যাংক, ইত্যাদি ব্যাঙ্ক করে কৃষককে সর্বসময়ে ঋণ দেবার জন্য এগিয়ে এসেছেন যার ফলে দেশে গম ও বোরো ধানের বিশেষ উন্নতি হচ্ছে। এই সরকারের বিশেষ চেষ্টায় মহাজনী ঋণ থেকে চাষি রেহাই পাচ্ছে। আমাদের এই সরকার ভূমিহীনদের ভূমি এবং গৃহহীনদের গৃহ করবার জন্য জমি দেওয়ার ব্যবস্থা করেছেন এবং চির অবহেলিত উত্তরবাংলার দিকে বিশেষ দৃষ্টি দিয়েছেন এবং এরজন্য নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট বোর্ড গঠন করেছেন। এছাড়া আরো আনন্দের বিষয় যে প্ল্যান-এ যে টাকা বরাদ্দ হবে তার দ্বারা তিস্তা ব্যারেজ-এর পরিকল্পনা

করা হয়েছে। এখানে চা শিল্প এবং স্পিনিং মিলের উন্নতির জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। আমি সেইজন্য মন্ত্রী সভার সমস্ত মন্ত্রীদের ধন্যবাদ জানাচ্ছি। বর্তমান সরকার তফসিলি ও উপজাতির ছেলেদের চাকরি দেওয়ার ব্যবস্থা করেছেন এবং তাদের চাকরির আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এই সরকার আসার পর আমরা দেখছি যে গ্রামের দু-একটি ছেলে এই সুযোগে চাকরি পাচ্ছে এবং আশা করি এর চেয়ে আরো অনেক বেশি সুযোগ-সুবিধা পাবে। আগে গ্রামের ছেলেরা কোনওদিন চাকরি পায়নি। এটা খুবই আনন্দে কথা যে বর্তমান সরকার গরিব গৃহহীন চাষিদের গৃহ নির্মাণের জন্য জমি দেওয়ার ব্যবস্থা করেছেন। কিন্তু তাদের গৃহ নির্মাণ করবার ক্ষমতা নেই। আজকে খড় ও বাঁশের যা দাম হয়েছে তাতে এই সমস্ত গৃহহীন চাষিরা গৃহ নির্মাণ করতে পারবে না যদি না সরকার তাদের সাহায্য করেন। এই সমস্ত গরিব চাষিদের সম্বন্ধে শীঘ্রই পরিকল্পনা গ্রহণ করে যাতে তা রূপায়িত করতে পারেন তার জন্য আমি সরকারকে অনুরোধ জানিয়ে এই রাজ্যপালের বক্তব্যকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী হরেন্দ্রনাথ হালদার : মাননীয় স্পিকার, স্যার, রাজ্যপালের ভাষণের ওপর বক্তব্য রাখতে গিয়ে, যে বক্তব্য সমর্থন করছি, সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমি কয়েকটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণ, আজকে পশ্চিমবঙ্গের, সমাজতান্ত্রিক পশ্চিমবঙ্গের অবহেলিত মানুষের জন্য যে ভাষণ দিয়েছেন তারজন্য তাকে আমি সর্বপ্রথম স্বাগত জানাচ্ছি। আজকে এই যে ভাষণ এই ভাষণের মধ্যে কয়েকটি জিনিস লক্ষ্য করছি, আজকে পশ্চিমবঙ্গের কৃষির ক্ষেত্রে, পশ্চিমবঙ্গ ভূমি-বণ্টনের ক্ষেত্রে, পশ্চিমবঙ্গের জমিতে জল সরবরাহের ক্ষেত্রে, বৈদ্যুতিকরণের ক্ষেত্রে উন্নতির চরম শিখরে গিয়ে পৌঁছেছে একথা বললে নিশ্চয়ই সত্য কথা বলা হবে না তবে যে উন্নতি হয়েছে বিগত যুক্তফ্রন্ট সরকার চলে যাওয়ার পর থেকে তা যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখবো যে দরিদ্র মানুষের আশীর্বাদপুষ্ট পশ্চিমবঙ্গের বর্তমান সরকার প্রগতির পথই অগ্রসর হয়েছেন।

আজকে ভূমি-বণ্টন নীতিতে আমরা দেখতে পাচ্ছি তফসিলি এবং উপজাতির লোকদের অগ্রগতির জন্য তাদের ভূমি দেওয়া হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে একটা জিনিস আমরা কিন্তু লক্ষ্য করছি না, যাদের জমি দিচ্ছেন তার সেই জমি সংরক্ষণ করতে পারছেন কিনা। তাই আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং বলতে চাই যে যে জমিগুলি দেওয়া হচ্ছে সেগুলি সংরক্ষিত হচ্ছে কিনা সেটা লক্ষ্য রাখা হয় না। রাজ্যপালের ভাষণে লক্ষ্য করলাম প্রতিটি ব্লকে ওয়েলফেয়ার অফিসার নিয়োগ করা হয়। বর্তমানে পশ্চিমবঙ্গে ন্যূনতম মজুরি কিন্তু যারা খাটে তারা পায়না, তারজন্যই কিন্তু এই ওয়েলফেয়ার নিয়োগ করা হয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে বিশেষ করে খাটে তারা এই মজুরি পায়না। তা ছাড়া গ্রামাঞ্চলের কৃষিজীবিরা বছরে ৬ মাস কাজ পায়, ৬ মাস পায় না, তাদের কাজের ব্যবস্থা করার জন্য, এই যে ৬ মাস তারা কাজ পায়না সে সম্বন্ধে কার্যকর ব্যবস্থা অবলম্বন করবার জন্য আমি সরকারকে দৃষ্টি দিতে বলব। এটা আমি এই কারণেই বলছি বর্তমানে গ্রামাঞ্চলে সমবায় ব্যাঙ্কগুলি বিশেষ করে ঋণ দিতে তৎপর হচ্ছে না। এর কারণ হিসাবে বলা যায় সেই যুক্তফ্রন্টের আমল থেকেই অনেক লোক ডিফল্টার হয়ে আছে। সেই টাকা অনাদায়ের জন্য কিংবা তারা সরকারকে টাকা না দেবার জন্য বা আদায়ে অসুবিধার জন্য বিগত কয়েক বৎসর ধরে লক্ষ্য

করেছি যে যে মনোভাব তাদের মধ্যে তৈরি হয়েছে সেই মনোভাব এখন পর্যন্ত বর্জন করা যায়নি। সরকারকে এই ঋণ আদায় করার জন্য এবং তারাও যাতে এই ঋণ দিয়ে দেয় সেই মনোভাব তৈরি করার জন্য সরকারি কর্মচারিদের তৎপর হতে হবে এবং জনসাধারণ যাতে সুলভে ঋণ পেতে পারে এবং সুন্দরভাবে ঋণ পরিশোধ করতে পারে, সেদিকে লক্ষ্য রাখবার জন্য যে সমবায় ইন্সপেক্টার এবং অডিটার আছে তাদের নির্দেশ দেওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। রাজ্যপালের ভাষণে আমি আর একটা জিনিস লক্ষ্য করছি। তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের যে পুস্তক বিলি করা হয়, এখন ফেব্রুয়ারি মাস চলে যেতে বসেছে, এখন পর্যন্ত সেই পুস্তক ছাত্র-ছাত্রীদের কাছে পৌঁছায়নি। এই ব্যাপারে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোবিন্দ চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বিজ্ঞাপিত সংশোধনী প্রস্তাব প্রথমে মুভ করছি। রাজ্যপালের ভাষণের যে দিকটা বিশেষ আলোচিত হয়নি, আমি প্রথমেই সে দিকটা সভায় বলব। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে—১৪ পাতায়, ৪২ অনুচ্ছেদে, "পৌর কর্মীদের বেতন ও ভাতা সম্বন্ধে সরকার বেতন কমিটির সুপারিশগুলি কার্যে পরিণত করেছেন এবং তার ফলে পৌর কর্মীদের বেতনক্রম ও চাকরিগত সুযোগ-সুবিধা রাজ্য সরকারের কর্মচারিদের সমপর্যায়ে উন্নীত হয়েছে।" কবে হয়েছে আমি জানি না, অন্তত বিধানসভার কাছে কোনও ঘোষণা আসেনি। বিধানসভা বসার আগে পর্যন্ত পশ্চিমবাংলার ৯২টি পৌরসভার অসংখ্যা কর্মচারিদের বেতন সম্বন্ধে সুপারিশ বহু আগেই সরকারের কাছে গিয়েছে, কিন্তু তার সম্বন্ধে কোন ঘোষণা শুনতে পাইনি। এই যে নুতন বেতমক্রম চালু হল, নূতন ভাবে দাবি দাওয়া সরকার স্থির করে দিলেন এটা ঘোষণা করলেন এবং কবে? অথচ রাজ্যপালের ভাষণে এটা লিখে দেওয়া হয়েছে। আমার মনে এটা অসত্য কথা, খুব তাড়াতাড়ি লেখার ফলে এই রকম ধরনের গুরুতর ত্রুটি এখানে থেকে গিয়েছে।

[4-50 — 5-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার পৌর প্রশাসন আজকে প্রায় ভেঙ্গে পড়বার অবস্থায় এসে দাঁড়িয়েছে। বেশ কতকগুলি পৌরসভায় সরকার আজকে এক্সিকিউটিভ অফিসার কিংবা administrator বসিয়ে দিয়ে গণতান্ত্রিক রীতিনীতি বন্ধ করে দিয়েছেন ; দীর্ঘ দিন ধরে সেখানে কোনও নির্বাচন হয়নি। সেখানে নির্বাচন হওয়ার দুরের কথা, সেই সমস্ত নির্বাচিত প্রতিনিধিদের বিরুদ্ধে সরাসরি সঠিক কোনও অভিযোগ না এনে এবং পৌরসভা বাতিল করে তার মাথায় অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করে গণতান্ত্রিক অধিকারের কণ্ঠরোধ করে রাখা হয়েছে। আর বাকি পৌরসভাগুলিতে সরকারের কোনও ভূমিকা নাই। সেখানে ১৯৩০ সালের বি. এম. অ্যাক্ট অস্তিত্ব আছে কিনা সন্দেহ। আমরা দাবি করে আসছি সেই পৌর আইনের সংস্কার করা হোক। এটা দীর্ঘ দিনের দাবি। স্বাধীনতার ২৮ বছরে সেই আইনের উপযুক্ত সংশোধন এখন পর্যন্ত হল না। ১৯৭৪ সালের আগস্ট মাসে একটা পৌর সম্মেলন সরকার ডেকেছিলেন। যেখানে যে সব সুপারিশ গৃহীত হয়েছিল ; তা আজ পর্যন্ত আইনে পরিণত হয় না। পৌর সভাগুলোকে বাঁচাবার জন্য বিভিন্ন সময়ে যে সব কমিটি ও কমিশন

করা হয়েছে। এখানে চা শিল্প এবং স্পিনিং মিলের উন্নতির জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। আমি সেইজন্য মন্ত্রী সভার সমস্ত মন্ত্রীদের ধন্যবাদ জানাচ্ছি। বর্তমান সরকার তফসিলি ও উপজাতির ছেলেদের চাকরি দেওয়ার ব্যবস্থা করেছেন এবং তাদের চাকরির আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এই সরকার আসার পর আমরা দেখছি যে গ্রামের দু-একটি ছেলে এই সুযোগে চাকরি পাচ্ছে এবং আশা করি এর চেয়ে আরো অনেক বেশি সুযোগ-সুবিধা পাবে। আগে গ্রামের ছেলেরা কোনওদিন চাকরি পায়নি। এটা খুবই আনন্দে কথা যে বর্তমান সরকার গরিব গৃহহীন চাষিদের গৃহ নির্মাণের জন্য জমি দেওয়ার ব্যবস্থা করেছেন। কিন্তু তাদের গৃহ নির্মাণ করবার ক্ষমতা নেই। আজকে খড় ও বাঁশের যা দাম হয়েছে তাতে এই সমস্ত গৃহহীন চাষিরা গৃহ নির্মাণ করতে পারবে না যদি না সরকার তাদের সাহায্য করেন। এই সমস্ত গরিব চাষিদের সম্বন্ধে শীঘ্রই পরিকল্পনা গ্রহণ করে যাতে তা রূপায়িত করতে পারেন তার জন্য আমি সরকারকে অনুরোধ জানিয়ে এই রাজ্যপালের বক্তব্যকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী হরেন্দ্রনাথ হালদার : মাননীয় স্পিকার, স্যার, রাজ্যপালের ভাষণের ওপর বক্তব্য রাখতে গিয়ে, যে বক্তব্য সমর্থন করছি, সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমি কয়েকটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণ, আজকে পশ্চিমবঙ্গের, সমাজতান্ত্রিক পশ্চিমবঙ্গের অবহেলিত মানুষের জন্য যে ভাষণ দিয়েছেন তারজন্য তাকে আমি সর্বপ্রথম স্বাগত জানাচ্ছি। আজকে এই যে ভাষণ এই ভাষণের মধ্যে কয়েকটি জিনিস লক্ষ্য করছি, আজকে পশ্চিমবঙ্গের কৃষির ক্ষেত্রে, পশ্চিমবঙ্গ ভূমি-বণ্টনের ক্ষেত্রে, পশ্চিমবঙ্গের জমিতে জল সরবরাহের ক্ষেত্রে, বৈদ্যুতিকরণের ক্ষেত্রে উন্নতির চরম শিখরে গিয়ে পৌঁছেছে একথা বললে নিশ্চয়ই সত্য কথা বলা হবে না তবে যে উন্নতি হয়েছে বিগত যুক্তফ্রন্ট সরকার চলে যাওয়ার পর থেকে তা যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখবো যে দরিদ্র মানুষের আশীর্বাদপুষ্ট পশ্চিমবঙ্গের বর্তমান সরকার প্রগতির পথই অগ্রসর হয়েছেন।

আজকে ভূমি-বণ্টন নীতিতে আমরা দেখতে পাচ্ছি তফসিলি এবং উপজাতির লোকদের অগ্রগতির জন্য তাদের ভূমি দেওয়া হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে একটা জিনিস আমরা কিন্তু লক্ষ্য করছি না, যাদের জমি দিচ্ছেন তার সেই জমি সংরক্ষণ করতে পারছেন কিনা। তাই আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং বলতে চাই যে যে জমিগুলি দেওয়া হচ্ছে সেগুলি সংরক্ষিত হচ্ছে কিনা সেটা লক্ষ্য রাখা হয় না। রাজ্যপালের ভাষণে লক্ষ্য করলাম প্রতিটি ব্লকে ওয়েলফেয়ার অফিসার নিয়োগ করা হয়। বর্তমানে পশ্চিমবঙ্গে ন্যুনতম মজুরি কিন্তু যারা খাটে তারা পায়না, তারজন্যই কিন্তু এই ওয়েলফেয়ার নিয়োগ করা হয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে বিশেষ করে খাটে তারা এই মজুরি পায়না। তা ছাড়া গ্রামাঞ্চলের কৃষিজীবিরা বছরে ৬ মাস কাজ পায়, ৬ মাস পায় না, তাদের কাজের ব্যবস্থা করার জন্য, এই যে ৬ মাস তারা কাজ পায়না সে সম্বন্ধে কার্যকর ব্যবস্থা অবলম্বন করবার জন্য আমি সরকারকে দৃষ্টি দিতে বলব। এটা আমি এই কারণেই বলছি বর্তমানে গ্রামাঞ্চলে সমবায় ব্যাঙ্কগুলি বিশেষ করে ঋণ দিতে তৎপর হচ্ছে না। এর কারণ হিসাবে বলা যায় সেই যুক্তফ্রন্টের আমল থেকেই অনেক লোক ডিফল্টার হয়ে আছে। সেই টাকা অনাদায়ের জন্য কিংবা তারা সরকারকে টাকা না দেবার জন্য বা আদায়ে অসুবিধার জন্য বিগত কয়েক বৎসর ধরে লক্ষ্য

আছেন তাদের যদি জিজ্ঞাসা করা হয় কবে বেতনক্রম শুরু হচ্ছে, তারা বলছেন আমাদের কাছে কোনও সার্কুলার নেই। অথচ রাজ্যপালের ভাষণে গালভরা কথা বলা আছে। বহু ক্ষেত্রে কাজ হয়েছে, আমরা অস্বীকার করি না, কিন্তু তার সঙ্গে বহু অত্যুক্তিও আছে এবং এমন সুর রাজ্যপালের ভাষণে বাঁধা যে পশ্চিমবাংলায় আর কোনও সমস্যা নেই। সমস্ত সমস্যার সমাধান হয়ে গিয়েছে। কিন্তু শ্রমিক কর্মচারিদের ক্ষেত্রে এটা দৃষ্টিকটু আছে। আমার মনে হয় অনেক দপ্তরে এমারজেন্সি চালু হয়েছে। শিক্ষা দপ্তর এবং পৌর দপ্তরকে বাদ দিয়ে। জয়নাল আবেদিন সাহেবের দপ্তরে কি হয়েছে জানি না, এটা তিনিই ভাল জানেন। কিন্তু শিক্ষা দপ্তরে দেখছি ১৮ বছরেও হয় না, তারও বেশি লাগে। এক বছরেও হয়নি কেন বুঝতে পারি না। তারপর অন্যান্য যে বিষয়গুলি আমাদের সংশোধনী প্রস্তাবে বলেছি রাজ্যপালের ভাষণে যে দিকটার উল্লেখ নেই। পশ্চিমবাংলায় ব্যাপকভাবে লক-আউট, লে-অফ ক্লোজার চলছে। দিনের পর দিন একের পর এক শিল্প এই অবস্থাতে চলছে। শ্রমিকদের সেখানে বাধ্যতামূলকভাবে অবসর গ্রহণ করানো হচ্ছে এবং বিভিন্ন বাঁকা রাস্তায় করানো হচ্ছে। যেমন একটু বয়স হয়েছে কিংবা দীর্ঘদিন পরে ফলে হয়ত একটু অসুস্থ হয়েছে তাকে ডাক্তারের কাছে পাঠিয়ে অযোগ্য বলে ঘোষণা করা হচ্ছে এবং ফোরসড রিটায়ারমেন্ট করানো হচ্ছে। কেন এরকম হচ্ছে? আমি যতদূর জানি ২০ দফা কর্মসূচি সব থেকে নিচু তলার লোককে সুযোগ দিতে হবে। এইভাবে যদি মেডিক্যাল গ্রাউন্ডে বাধ্যতামূলকভাবে রিটায়ার করিয়ে দেওয়া হয় বা জোর করে দেশে পাঠিয়ে দেওয়া হয় তাহলে সরকারের হয়ত ২০ দফা রক্ষা হবে। পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্পে কত পরিমাণ লে-অফ, লক-আউট হয়েছে তার বিবরণ এই অল্প সময়ের মধ্যে দেওয়া সম্ভব হবে না। আমি একটা কোম্পানির উদাহরণ দিচ্ছি মারটিন হ্যারিস—সেখানে ঔষধ উৎপাদন হলে সেখানে অ্যাসপ্যারিন উৎপাদন হত, উৎকৃষ্ট মানের ঔষধ উৎপাদন হত এবং সেখানে মালিক পক্ষ থেকে ঔষধের দাম বাড়াবার জন্য সরকারের কাছে চাপ সৃষ্টি জন্য এক তরফাভাবে কারখানা লক-আউট করেছে এবং আজ পর্যন্ত কারখানা খোলার ব্যবস্থা সরকার করতে পারেননি। আমরা সরকারের কাছে গিয়েছি এই কারখানা অধিগ্রহণের জন্য। এই কারখানা অধিগ্রহণ করা হোক। কিন্তু একবার নোটিশ দেওয়ার পর তারা আর কিছু করেননি। অন্যান্য যে সমস্ত কারখানা আছে সেখানে আজকে জরুরি অবস্থার সুযোগ নিচ্ছে একচেটিয়া শিল্পপতিরা। হিন্দমোটরে সুযোগ নিচ্ছে, সমস্ত কারখানায় সুযোগ নিচ্ছে। তারা সরকারের কাছ থেকে অধিকতর কনসেশন আদায়ের ব্যবস্থা করছে। ফোরসড রিটায়ারমেন্ট, লে-অফ, লক-আউট ইত্যাদি দ্বারা শ্রমিকদের আজকে অবসর নিতে বাধ্য করছে, তাদের কর্মচ্যুত করতে বাধ্য করছে। এই রকম অবস্থা চলছে।

[5-00 — 5-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুনছিলাম কিছুক্ষণ আগে শ্রমমন্ত্রী মহাশয় অন্য একটি প্রসঙ্গে বললেন পেমেন্ট অব ওয়েজের অ্যাক্ট অনুযায়ী সেখানে বিনা ক্ষতিপূরণে লে-অফ, করবার সুযোগ আছে। আমি এই প্রসঙ্গ আমি বলতে চাই এইটে একমাত্র ক্ষেত্রে যে ক্ষেত্রে আবার পিস রেটেড ওয়ার্কার আছে, স্ট্যান্ডার্ড অব প্রোডাকশন বেঁধে দেওয়া আছে এবং

স্ট্যান্ডিং অর্ডার অনুযায়ী সেখানে যদি এই রকম নির্দ্দিষ্ট ব্যবস্থা থাকে, সেখানে যদি শ্রমিক কর্মচারী গো স্লো করে তাহলে অ্যাকশন নেওয়ার সুযোগ আছে। কিন্তু ডেলি ওয়ার্কার্স আছে, কেবল পিস রেটেড ওয়ার্কার্স নয়, সেখানে এই কথা উঠে না। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় আর একবার যদি পেমেন্ট অব ওয়েজেস অ্যাক্ট, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট, ফ্যাক্টরিজ অ্যাক্ট চোখ বুলিয়ে দেখেন তাহলে এই সত্য নিশ্চয় তার কাছে ভেসে উঠবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কারখানাগুলির কথা কয়েকদিন ধরে আমি উল্লেখ করছি তার মধ্যে টেক্সম্যাকো, দীপ্তি ল্যানটার্ন, ন্যাশনাল টোবাকো—এই সমস্ত কারখানার কয়েক হাজার শ্রমিক আজকে লে-অফ, লক আউটের সামনে এসে হাজির হয়েছে এবং সেখানে তাদের ধর্মঘটের পথে যেতে বাধ্য করা হয়েছে। দীপ্তি ল্যান্টার্ন কারখানার ৯০০ জন ওয়ার্কমেনকে বাধ্য করা হয়েছে কর্মচ্যুত হতে এবং ২/৭/৭৫ তারিখ থেকে লক আউট করা হয়েছে এবং পরবর্তীকালে ক্লোজার ঘোষণা করা হয়েছে। তাদের দু মাসের আর্ন্ড ওয়েজেস আছে, সেটা পর্যন্ত দেওয়া হচ্ছে না, কোনও কম্পেন্সেশন, গ্রাচুইটি, প্রভিডেন্ট ফান্ডের টাকা পর্যন্ত দেওয়া হচ্ছে না, গভর্নমেন্ট চুপচাপ বসে রয়েছে এবং বহু ক্ষেত্রে সরকারের ভূমিকা হচ্ছে নীরব দর্শক। শুধু তাই নয়, অনেক ক্ষেত্রে যেভাবে চলছে তাতে করে একচেটিয়া মালিকদেরই সাহায্য করা হচ্ছে, শ্রমিকশ্রেণী সাহায্য পাচ্ছে না। টেক্সম্যাকোর ৩ হাজার ওয়ার্কমেন আছে, তাদের ফোর্সড রিটায়ারমেন্ট, ফোর্সড রিট্রেঞ্চমেন্ট করতে বলা হয়েছে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে। স্টেট অ্যাপেক্স বডিতে ১১ই সেপ্টেম্বর তারা যে সিদ্ধান্ত করেছিলেন এবং পরবর্তীকালে আরও সিদ্ধান্ত করেছেন এবং বেসরকারি ক্ষেত্রে যে সমস্ত কারখানায় লে-অফ, লক-আউট ইত্যাদি চলছে, যেখানে শ্রমিকরা কর্মচ্যুত হয়ে যাচ্ছে প্রতক্ষ্য অথবা পরোক্ষভাবে ৩১শে ডিসেম্বর ১৯৭৫ তারিখের মধ্যে সেই অবস্থার অবসান ঘটিয়ে শ্রমিকদের কাজে ফিরিয়ে আনার ব্যবস্থা করে উৎপাদন নতুন করে. শুধু করার ব্যবস্থা করতে হবে—অ্যাপেক্স বডির এই সমস্ত সিদ্ধান্ত সরকার কার্যে পরিণত করেত পারেননি। এই যে ব্যর্থতা—এই ব্যর্থতার স্বীকৃতি কিন্তু রাজ্যপাল মহোদয়ের ভাষণের মধ্যে নেই। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে রাজ্যপালের ভাষণে যে সমস্ত দিকগুলির কথা তুলে ধরা হয়েছে তার মধ্যে কতকগুলি দিকে কাজকর্ম নিশ্চয় হচ্ছে। কিন্তু শহরাঞ্চলের এই যে বিরাট বেকার সমস্যা, তার সঙ্গে আবার নতুন নতুন আরও আনএমপ্লয়মেন্ট যুবক যুক্ত হচ্ছে—নতুন আর একজিস্টিং আনএমপ্লয়মেন্ট, আর তার সঙ্গে অ্যাডিশনাল আন-এমপ্লয়মেন্ট এগুলি এসে যুক্ত হয়েছে। শ্রমিকরা যেখানে নতুন করে কর্মচ্যুত হচ্ছে সেখানে সরকার কিছু করতে পারছে না, নতুন করে কর্মোদ্যোগ সৃষ্টি করা তো দুরের কথা—নতুন করে চাকরি দেবার ব্যবস্থা হচ্ছে না, হবে না, এটাই স্বাভাবিক। তাই আমি আর একবার রাজ্য সরকারকে বলব এদিকটায় একটু দৃষ্টি দিন। শহরাঞ্চলের যে বিরাট বেকার বাহিনী রয়েছে তাদের সমস্যার সমাধান করতে যদি না পারেন তাহলে ল অ্যান্ড অর্ডার প্রবলেম বাড়বে বই কমবে না এবং তার সঙ্গে যে সামাজিক অস্থিরতা সৃষ্টি হবে তাতে করে সেই সর্বনাশের হাত থেকে সরকারও রেহাই পাবে না। শহরাঞ্চলের এই প্রচন্ড বেকার সমস্যার সমাধানের জন্য সরকারের নির্দ্দিষ্ট শিল্পোদ্যোগের কর্মসূচি নিয়ে এগিয়ে আসা উচিত তা না হলে দেশের সামনে এটা একটা বিরাট সমস্যা হয়ে দাঁড়াবে। এই ব্যাপারে আমি আর একবার

নতুন করে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করে বক্তব্য শেষ করছি।

শ্রী বলাইলাল শেঠ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণকে আমি আন্তরিকভাবে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল তার ভাষণে পশ্চিমবাংলার অগ্রগতির যে সমস্ত কথা উল্লেখ করেছেন সেগুলি অনেকেই দেখতে পাননি। স্যার, আমি তাদের বলি, আপনারা মনে করবেন না এটাই রাজ্যপালের শেষ ভাষণ। ১৯৬৮/৬৯ সালেও রাজ্যপালের ভাষণ ছিল এবং আজকেও রাজ্যপালের ভাষণ আছে। স্যার, রাজ্যপালের ভাষণে যে অগ্রগতি হয়েছে তার কথাই স্বীকার করা হয়েছে, সেখানে বাড়িয়ে কিছু বলা হয়নি। মন্ত্রিসভা যে উল্লেখযোগ্য কাজ করেছেন সেটাই রাজ্যপালের ভাষণের মাধ্যমে আমাদের জানানোর চেষ্টা করা হয়েছে। তবে অনেক কাজকর্ম যে হচ্ছে না সে সম্পর্কে শুধু সমালোচনা করলেই হবে না, সেখানে সেটা কেন হচ্ছে না সে সম্পর্কে শুধু সমালোচনা করলেই হবে না, সেখানে সেটা কেন হচ্ছে না তাও আমাদের দেখতে হবে। স্যার, প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচি ঘোষণার পর যারা সেই কর্মসূচিকে বাঞ্চাল করতে চায় তারা কি ভাবে তা করছে সে সম্পর্কে আমি কয়েকটি কথা বলছি। স্যার, যারা ঐ শুধু মিছিল করত তারা আজকে জরুরি অবস্থার পর আর মিছিল করতে পারছে না, সামনা সমনি শয়তানি করতে পারছে না তাই তারা শয়তানি অন্য ভাবে করছে। স্যার, কলকারখানার শ্রমিকদের উপর অত্যাচার করার জন্য তারা সেখানকার উচ্চপদস্থ কর্মচারিদের সঙ্গে হাত মিলিয়েছে। গ্রামে তারা স্যার, ঐ যারা কুচক্রি জোতদার তাদের সঙ্গে হাত মিলিয়েছে। তারা হয়ত সামনে এসে ২০ দফা কর্মসূচি জিন্দাবাদ বলছে কিন্তু ভেতরে ভেতরে তারা এই সমস্ত শয়তানি চালিয়ে যাচ্ছে। এই সমস্ত দুর্নীতিগ্রস্ত লোকদের শায়েস্তা করার কাজটা কিন্তু এই জরুরি অবস্থাতে পুরোপুরি হচ্ছে না। তারা আজও বিভিন্ন অসামাজিক কাজে লিপ্ত থেকে সমাজে বুক ফুলিয়ে নিজেদের আধিপত্য বজায় রেখে চলেছে। সব শেষে আমি বলব, রাজ্যপালের ভাষণকে শুধু সমর্থন করে গেলাম বা সমালোচনা করে গেলাম তা করলে চলবে না এতে যে সমস্ত কাজের কথা বলা হয়েছে তা যাতে বাস্তবে রূপ পেতে পারে তারজন্য মন্ত্রিসভাকে সচেষ্ট হতে হবে এবং আমাদের সকলকে সহযোগিতা করতে হবে। স্যার, আমি বিস্তারিতভাবে আর বললাম না, বিস্তারিতভাবে আমাদের শ্রদ্ধেয় নেতা শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় বলবেন।

শ্রী প্রফুল্লচন্দ্র সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহমান্য রাজ্যপালের ভাষণ আমি খুব মন দিয় পড়েছি, আমি সেদিন উপস্থিত ছিলাম না। প্রথমত, তিনি বলেছেন, আমাদের এই রাজ্য, পশ্চিমবাংলায় শান্তি বিরাজ করছে। অবশ্য একথা ১৯৭৫ সালেও তিনি বলেছিলেন, ১৯৭৪ সালেও বলেছিলেন। আর দ্বিতীয় কথা যেটা তিনি খুব জোর দিয়ে বলেছেন সেটা হচ্ছে, পশ্চিমবাংলায় বিভিন্ন ক্ষেত্রে খুব উন্নতি হয়েছে। আমাদের ভারতবর্ষে ঠিক আজ থেকে ৮ মাস আগে এমারজেন্সি বা জরুরি অবস্থা ঘোষণা করা হয়। তার দুটি উদ্দেশ্য ছিল। একটি হচ্ছে, আমাদের দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা করবার জন্য—ভয়ঙ্কর ব্যাপার নাকি হচ্ছিল।

যাতে সেই ভয়ঙ্কর ব্যাপার না ঘটে তা নিবারণ করবার জন্য জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল, এটা হচ্ছে একটি উদ্দেশ্য।

[5-10 — 5-20 p.m.]

আর দ্বিতীয়ত উন্নয়নের কথা এবং তারজন্য ২০ দফা অর্থনৈতিক কর্মসূচি ঘোষণা করা হয়েছে, ২০ পয়েন্ট প্রোগ্রাম। আমাদের পশ্চিমবঙ্গে গত ৩ বছর থেকে শান্তি আছে। কাজেই সেদিক থেকে ভয়ের কোনও কারণ নেই। আর উন্নয়নের কথা যেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটা আপনি জানেন যে বিভিন্ন পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে—আমাদের পশ্চিমবঙ্গে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৭২ কোটি টাকা খরচ করা হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ১৫৭ কোটি টাকা খরচ করা হল। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৩০৫ কোটি টাকা খরচ হয়েছে। তারপর ৩ বছরে বাৎসরিক পরিকল্পনা হয়েছে। সেই তিন বছরে পশ্চিমবাংলায় ১৬৪ কোটি টাকা খরচ হয়েছে। আর চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পায় ৩২২ কোটি টাকা খরচ করা হয়েছে। প্রথম, দ্বিতীয়, তৃতীয়তে আমরা দেখেছি যে তার আগের পরিকল্পনা থেকেও দ্বিগুণ বেড়েছে, ৭২, ১৫৭, ৩০৫ পর্যন্ত। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় দুঃখের বিষয় অন্যান্য প্রদেশে প্রায় দ্বিগুণ বেড়েছিল কিন্তু আমাদের এখানে ৩০৫ এর জায়গায় মাত্র ৩২২ হয়েছে। আর পঞ্চম পঞ্চমবার্ষিক পরিকল্পনায় সেই হিসাবে আমাদের এখানে হওয়া উচিত ছিল খুব কম ধরলেও ১২ শত কোটি টাকা। ৩ বছরের দুই বছর হয়ে গেছে। এটা তৃতীয় বছর। ১২ শত কোটি টাকা আমাদের খরচ করা হবে। পরিকল্পনা অনুযায়ী আমাদের রাজ্যে ৫ম পঞ্চবার্ষিক পরিকল্পনার খসড়া হয়েছিল। এখন আমাদের ৫ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় পুরোপুরি শেষ সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। যাইহোক, এখন ১২ শত কোটি টাকার পরিকল্পনা যদি হয় তাহলে প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ সেই পরিকল্পনা অনুযায়ী কাজ হয়েছে এবং পঞ্চমেও তাই হবে। কাজেই ২০ দফার সঙ্গে কি সম্পর্ক আছে সেটা কেন্দ্রের কেউ বলেননি, আমাদের রাজ্যেরও কেউ বলেননি। আমাদের এমারজেন্সি ঘোষণা করার পরে শান্তি আনয়ন করা হয়েছে। কাগজে কলমে দেখছি শান্তি বিরাজ করছে। আমরা ২০ দফার অতিরিক্ত কি করছি? পরিকল্পার বাইরে কোনও কোনও কাজ করছি? আর যদি পরিকল্পনা অনুযায়ী কাজ করি তাহলে এত হাক-ডাক, এত হৈ-চৈ কেন? এত ২০ দফা কেন? আজকে আমাদের দেশে, পশ্চিমবাংলায় শান্তি আছে, রাজ্যপাল তার ভাষণে বলেছেন, ২০ দফার কাজ এগিয়ে গেছে। তাহলে আমাদের পশ্চিমবাংলার ভবিষ্যতে আমরা কি কি করব ২০ দফা কাজের জন্য তার হিসাব কোথায়? তার তালিকা কোথায়, তার ফিরিস্তি কোথায়? আমাদের দুঃখ-দারিদ্র দূর হবে। সমস্ত গরিব মানুষ যারা সর্বদিক দিয়ে নিম্নস্তরের তাদের দুঃখ থাকবে না। কিন্তু আমরা দেখেছি, যারা গ্রামবাংলায় ঘুরি আমরা দেখেছি যে সেখানে দারিদ্র বেড়েছে, বেকার সমস্যা বেড়েছে। একটা কথা খুব জোর গলায় বলা হয়েছে যে এই emergency ঘোষণার পর মূল্য হ্রাস পেয়েছে। রেডিওতে বলা হয়েছে, টেলিভিশনে দেখানো হয়েছে, সংবাদপত্রে রোজ বলা হচ্ছে যে দাম কমে গেছে। আমি একটা হিসাব দেখলাম, সরকারি হিসাব, আমার হিসাব নয়, যে সত্যি দাম কতটা কমেছে। এটা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের gazette, তাতে বেরিয়েছে যে আমাদের emergency-র পর ২৬শে জুন এমারজেন্সি হয়, জুলাই মাসে আমাদের এক থেকে একশত যাদের আয় তাদের পার ক্যাপিটা ইনকাম কত ছিল? জুলাইয়ে

ছিল ২৬৮—তার আগে এপ্রিলে ছিল ২৬৯। জুনেরটা এতে দেওয়া নেই। অক্টোবর-এ ছিল ২৭৪ অর্থাৎ এমারজেন্সি—জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর—এই ৩/৪ মাস পরে নভেম্বর-এ ছিল ২৭৫। আর ডিসেম্বর-এ হল ২৭২। আর জানুয়ারি ৩রা তারিখে হ'ল ২৬৪, ১০ তারিখে হ'ল ২৬৬, এর পরে আর নেই, এটা ৫ই ফেব্রুয়ারি গেজেট থেকে বলছি। ১৭ জানুয়ারি আবার হল ২৬৪। এ কি এমন মূল্য হ্রাস হয়েছে? অবশ্য একটা কথা সকলেই জানেন, এবারে ফসল ভাল হয়েছে। অবশ্য ২৬শে জুন এমার্জেন্সি ঘোষণা করা হল, আর এবারে খুব ফসল হয়েছে, ফসল হয়েছে ১১ কোটি ৩০ লক্ষ টন। আমাদের পশ্চিমবাংলায় এত ফসল কোনওদিন হয়নি। ধান হয়েছে বেশি, গম হয়েছে বেশি, রবি শস্য বেশি হয়েছে। কিন্তু ইনডেক্স তো সেই রকম হ্রাস পায়নি? কেন না অনেক মাননীয় সদস্যরা বলেছেন কেরোসিন তেলের দাম বেড়েছে, অনেক জিনিসের দাম বেড়েছে, গরিবের উপর বোঝা তো এমন কিছু কমেনি। মূল্যের দিক থেকে এই তো বললাম। এত যে ফসল হ'ল তাতে আমাদের দেশের অবস্থা কতটা ভাল হয়েছে, সেটা বিবেচ্য বিষয়। আমি সেদিন আমার অঞ্চলে গিয়েছিলাম, সেখানে আলু চাষ খুব হয়, আলু চাষীরা বলল—তারা মাথায় হাত দিয়ে বসে আছে, ১৪ টাকা মন আলু তাদের বিক্রি করতে হচ্ছে। তারা দেড়, দুই, তিন, পাঁচ বিঘা জমিতে আলু চাষ করেছে, তাদের ১৪ টাকা মন আলু বিক্রি করতে হচ্ছে। সরকার এমার্জেন্সির মাধ্যমে তাদের রক্ষার জন্য করছেন কি, চাষীরা ন্যায্য মূল্য পাচ্ছে কি? গত বছর ১৪/১৫ টাকা মন আলু বিক্রি হয়েছিল, তখন এমার্জেন্সি ছিল না। এই আলুই আবার কোল্ড স্টোরেজ থেকে তিন, চার মাস পরে যখন বেরোবে তখন ৪০ টাকা মন দাঁড়াবে। এতে তো গরিবকে বাঁচানো যাবে না, গরিবের যে ক্রয় শক্তি তা হ্রাস পাচ্ছে। ধানের বেলায় দেখুন, যারা বড় চাষী তাদের কথা বলছি না। কিন্তু যাদের একটু উদ্বৃত্ত থাকে, যাদের ৮/৯/১০ বিঘা জমি আছে, তারা চাষ করেছে, তারা তাদের উদ্বৃত্ত ধানের ভাল দাম পাচ্ছে না। অনেকে মাথায় হাত দিয়েছে এবং তারা হিসাব দিয়ে দেখাচ্ছে, তারা কত খরচ করেছে, ঐ বীজের জন্য খরচ হয়েছে, সারের জন্য এত খরচ হয়েছে, সেচের জন্য এত খরচ হয়েছে, তারা বলছে আমাদের তো লাভ হয়নি, আমাদের সর্বনাশ হয়ে গেল। কাজে কাজেই সেদিক থেকে বিচার করলে এমার্জেন্সিতে কোনও লাভ হয়নি। আজকে একটু আগে এই হাউসে একজন মাননীয় সদস্য দুঃখ করে বলছিলেন আমাদের শিল্পের অবস্থা খুব খারাপ। আজকে কাগজে দেখলাম কেন্দ্রীয় মন্ত্রী পাই মহাশয় বলেছেন যে ইন্ডাস্ট্রিয়াল প্রডাকশন পাঁচ পারসেন্ট বৃদ্ধি পাবে। আমাদের পশ্চিমবাংলায় কি হয়েছে? পশ্চিমবাংলায় আমাদের পাট ছিল মস্ত বড় শিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্প ছিল মস্ত বড় শিল্প। আজকে পাটশিল্পের অবস্থা অত্যন্ত শোচনীয় এবং পাট চাষীদের যে শোচনীয় অবস্থা, তাদের রক্ষা করবার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে। আজকে কাগজে পড়লাম জুট কর্পোরেশন সব পাট কিনতে পারেনি। কাজেই আজকে পাট ইন্ডাস্ট্রির শোচনীয় অবস্থা, আজকে সেখানে লে-অফ, লক আউট মাত্রাহীন ভাবে চলছে। শ্রমমন্ত্রী একটু আগে বললেন পশ্চিমবাংলায় ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির অবস্থা অত্যন্ত শোচনীয়। আজকে আমাদের এই পশ্চিমবাংলায় জরুরি অবস্থা ঘোষণার পর সেদিক দিয়ে শিল্পের উন্নয়নের এমন কোনও আমরা অবস্থার পরিবর্তন দেখতে পাচ্ছি না। আমি যে কথা বলতে চাইছিলাম মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক বছর আমাদের যে লোক সংখ্যা বাড়ছে, এবং সব ক্ষেত্রে যে প্রয়োজনীয়তা বাড়ছে, তার সঙ্গে কি সম্পর্ক এই ২০ দফা কর্মসূচির?

পশ্চিমবাংলার আপনি জানেন প্রত্যেক বছর ১১ লক্ষ লোক বাড়ছে। তা যদি বাড়ে তাহলে ১১ লক্ষ বেকার বাড়ছে, আগের যা আছে, তা তো আছেই, সুতরাং কত লোককে আমরা চাকরি দিতে পারব?

[5-20 — 5-30 p.m.]

তার হিসাব কোথায়, তার তালিকা কোথায়, তার স্কীম কোথায়, তার পরিকল্পনা কোথায়? কিছু নেই। আমাদের পশ্চিমবাংলায় শিক্ষা ক্ষেত্রে অনেক টাকা খরচ হয়েছে, তা ১১ লক্ষ লোককে যদি পড়াতে হয় তাহলে হিসাব করে দেখা গেছে তার জন্য ১০ হাজার পাঠশালার দরকার, প্রাথমিক বিদ্যালয় চাই ১০,০০০। তা আমাদের এই ২০ দফা পরিকল্পনা, এতে কি দেখানো হয়েছে যে, আমরা ১৯৭৬ সালে ১০,০০০ নতুন পাঠশালা করব, ১৯৭৭ সালে ১০,০০০ নতুন পাঠশালা আবার করব, ১৯৭৮ সালে আবার ১০,০০০ নতুন পাঠশালা করব—না, তা দেখানো হয়নি, তা নেই। সব দিক থেকে আমাদের পশ্চিমবাংলার অবস্থা শোচনীয়, বস্ত্র শিল্পের অবস্থা শোচনীয়, তাঁত শিল্পের অবস্থা শোচনীয়। আর সামান্য কয়েকটি আমাদের পশ্চিমবাংলায় কাপড়ের কল আছে, তার অবস্থাও শোচনীয়। সেইজন্য আমি বলতে চাই যে, ইমার্জেন্সির পর ভগবানের কৃপায় আমাদের ফসল ভাল হয়েছে, কিন্তু তার জন্য আবার আমাদের কতগুলি সংকট সৃষ্টি হয়েছে, সে কথা আমি উল্লেখ করেছি। শিল্প ক্ষেত্রে আমাদের কোনও উন্নতি হয়নি, কিন্তু মহামান্য রাজ্যপাল বললেন যে, আমাদের এখানে শ্রমিক এবং মালিকের সম্পর্ক খুব ভাল হয়েছে। কোথায় ভাল হয়েছে বুঝতে পারছি না। কাজে কাজেই ইমার্জেন্সি করে আমাদের লাভ কি? আমাদের এখানে শান্তি বিরাজ করছে? সে শান্তি তো '৭৪ সালে বিরাজ করেছে, '৭৫ সালে বিরাজ করেছে, '৭৬ সালেও মহামান্য রাজ্যপাল বললেন শান্তি বিরাজ করছে। কিন্তু ফল কি হয়েছে? ফল, আমাদের সব মুখ বন্ধ, আমার সভা করতে পারছি না। আমি ১৫ই আগস্ট স্বাধীনতা উৎসব পালন করব বলে সভা করতে চাইলাম, আমাকে সভা করতে অনুমতি দেওয়া হল না। আমি ২রা অক্টোবর মহাত্মা গান্ধীর জন্ম উৎসব পালন করতে চাইলাম, আমাকে অনুমতি দেওয়া হল না। ৮ই আগস্ট আমি ১০ জন ভাল লোক নিয়ে, সৎ সত্যাগ্রহী নিয়ে আরামবাগের মায়াপুর গ্রাম থেকে পদযাত্রা শুরু করেছিলাম কাউকে মারব বলে ; তা নয়। অশান্তি সৃষ্টি করার জন্য? তাও নয়। আমরা কি বলেছিলাম? আমরা বলেছিলাম জরুরি অবস্থার অবসান চাই এবং জাতীয় নেতাদের মুক্তি চাই, গণতন্ত্রের সুপ্রতিষ্ঠা চাই। তাতে আমাকে খুব ভাল ব্যবস্থা করে ধরে এনে কলকাতার বাড়িতে পৌছে দেওয়া হল। আর আমার সঙ্গে যে ১০ জন ছিলেন তাদের নিয়ে যাওয়া হল জেলে। তাহলে আজকে একথা বলবার অধিকার নেই। আমরা যদি বলতাম যে, জরুরি অবস্থার অবসান হোক, যদি না হয় তাহলে আমরা খুন করব, তাহলে নিশ্চয়ই জেলে নেওয়া উচিত। কিন্তু আজকে পশ্চিমবাংলায় ঐ কথা বলার জন্য দেড় হাজার লোককে জেলে যেতে হয়েছে। অনেকে অবশ্য বেল পেয়েছেন, তাদের নামে মামলা আছে। কি বলেছেন তারা, কি অন্যায় করেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্বন্ধে বোম্বাই-এর মহামান্য হাই কোর্টের একটা রায় আমি আপনার সামনে পড়ছি। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় মস্ত-বড় আইনজ্ঞ ব্যক্তি, এর মর্ম নিশ্চয়ই ভালকরে উপলব্ধি করতে পারবেন। এই রায়টা মস্ত বড় রায়, ২০০ কত পাতার রায়—এই যে আমি জরুরি অবস্থার অবসান হোক এই কথা বলতে

পারি না, জাতীয় নেতাদের মুক্তি দেওয়া হোক, এই কথা বলতে পারি না, গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত করা হোক এই কথা বলতে পারি না? এর জন্য ধরে নেবেন? তা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন এই রায় সম্বন্ধে। আমি রায়টা এখানে একটু পড়ছি, A Division Bench of the Bombay High Court consisting of Mr. Justice D. P. Madon and Mr. Justice M. H. Kania made important observations on press censorship in the appeal filed by the Special Press Adviser, Mr. Binod Rao, against the judgment of Mr. Justice R. P. Bhatt accepting the petition filed by Mr. M. R. Masani and setting aside certain orders made by Mr. Rao.

Some other comments are here. "His lordship held that the censor must be guided by the Rules read in the light of the Proclamation of Emergency, and observed : 'There is another important factor the censor must also bear in mind. The Press is not only an instrument of disseminating information but it is also a powerful medium of moulding public opinion by propaganda. True democracy can only thrive in a free clearing house of competing ideologies and philosophies—political, economic and social and in this the Press has an important part to play. The day this clearing house closes down would toll the death knell of democracy. It is not the function of the censor acting under the Censorship Order to make all newspapers and periodicals trim their sails to one wind or to two along in a single file or to speak in chorus with one voice. It is not of him to exercise his statutory powers to force public opinion in a single mould or to turn the Press into an instrument for brain-washing the public. Under the Censorship Order the censor is appointed the nurse-maid of democracy and not its grave digger."

আমাদের দেশে সংবাদপত্রের মুখ বন্ধ করে দেওয়া হয়েছে, ভয়ে তারা কিছু ছাপছে না। আমি একটা সভা করলে আমার নাম বের হয় না। মন্ত্রী মহাশয়দের সঙ্গে সভা করলে হয়ত নাম বের হতে পারে। সংবাদপত্রে উপর এটা যে censor এটা একটা ভয়ঙ্কর ব্যাপার? রাজ্যপাল বলেছেন পশ্চিমবঙ্গে শান্তি বিরাজ করছে এবং সবাই বলছে পশ্চিমবঙ্গের অবস্থা খুব ভাল। শান্তি যদি থাকে তাহলে গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত। তাহলে পঞ্চায়েতের নির্বাচন হচ্ছে না কেন? কেন নিচ থেকে দেশকে গড়ার ব্যবস্থা করা যাচ্ছে না? পঞ্চায়েতের যে আইন হচ্ছে সেই অনুসারে কেন নির্বাচন হচ্ছে না? কি ভয়? নির্বাচন হোক, রাজ্যপালের মতো মানুষের যদি শান্তি বিরাজ করে তাহলে আমাদের পশ্চিমবাংলায় এমারজেন্সি কোনও দরকার নেই। একটাও খুন হয়েছে? খুন হয়েছে ঐদিকে খুন হয়েছে। পরস্পর পরস্পরের বিরুদ্ধে খুনোখুনি করেছে? কাগজ বিলি হয়েছে নিশিথ পাল কেন খুন হল—তার মা পারুলবালা আবেদন করেছেন। বিরোধী দল তো খুন করছে না। পরশুদিন বিকেল বেলা খবর পেলাম Presidency Jail ভেঙ্গে কিছু বন্দি পালিয়েছে—কেউ বলছে ১৫০, কেউ বলছে ২০০, কেউ বলছে সমগ্রই পালিয়ে গেছে। খবরের কাগজে এ নিয়ে কোনও খবর নেই। আশা

করেছিলাম মুখ্যমন্ত্রী এ নিয়ে অ্যাসেম্বলিতে বক্তৃতা দেবেন, কিন্তু তা তিনি দেননি। এ নিয়ে নানা রকম গুজব চলছে। আজ সত্যি যদি পশ্চিমবাংলার শান্তি বিরাজ করে তাহলে এমারজেন্সি কোনও দরকার নেই। কারা খুন করছে? আমাকে বক্তৃতা দিতে না দেবার কি কারণ আছে? নেতাজী সুভাষচন্দ্রের নামে কলকাতায় একটা সেন্ট্রাল কমিটি আছে।

[5-30 — 5-40 p.m.]

২৩শে জানুয়ারি নেতাজীর শুভ জন্ম দিবস পালনের জন্য উদ্যোক্তা অধ্যাপক নির্মল বসু পুলিশের কাছে দরখাস্ত করলেন, অনুমতি দেওয়া হল। অধ্যাপক নির্মল বসু আমার কাছে এসে বললেন আজকে আমাদের খুব শুভ সংবাদ যে নেতাজীর জন্মোৎসব পালন করবার জন্য অনুমতি পাওয়া গেছে, আপনি বক্তৃতা দেবেন কি? আমি বললাম যদি ডাকেন নিশ্চয়ই বক্তৃতা দেব।

(**শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ** আপনি নেতাজির ফেভারে কবে থেকে বক্তৃতা দিচ্ছেন?)

নেতাজির ফেভারে অনেক দিন থেকে বক্তৃতা দিচ্ছি। নেতাজির সঙ্গে যে রাজনীতি করেছি, তার সঙ্গে আমাদের মতের অমিল থাকতে পারে, কিন্তু নেতাজির মহান গুণ, তার ত্যাগ, দেশপ্রেম, সাহস, দুঃসাহসের প্রশংসা মহাত্মা গান্ধী করেছেন, আমরাও করেছি। আপনি সেইসব কথা বুঝবেন না। আপনি তখন বিলেতে ছিলেন। যাইহোক, নেতাজীর জন্ম দিনে বক্তৃতা দেওয়ার জন্য আমাকে ডাকা হল। বক্তৃতা সভায় আমি উপস্থিত ছিলাম। অধ্যাপক নির্মল বসু ছুটতে ছুটতে এসে আমাকে বললেন একটু মুশকিল হয়ে গেছে, বক্তৃতায় গভর্নমেন্ট সম্বন্ধে কোনও কথা বলতে পারবেন না, এমারেজেন্সি সম্বন্ধে কোনও কথা বলতে পারবেন না। আমি বললাম তাহলে বক্তৃতার আর দরকার নেই, নেতাজীর সাহসের কথা, তার দেশপ্রেম, গণতন্ত্র, আদর্শের কথা যদি বলতে হয় তাহলে নিশ্চয়ই গভর্নমেন্টের বিরুদ্ধে যেটুকু আমার বলার প্রয়োজনে প্রাসঙ্গিক হবে নিশ্চয়ই বলব। তিনি বললেন না দাদা, আমরা তা মেনে নিয়েছি। আমি পাঁচ মিনিট বললাম, কি আর বলব। শান্তিই যদি বিরাজ করছে তাহলে আমার মতো বিরোধী যে অহিংসায় বিশ্বাসী, আমাদের কেন মিটিং করতে দেওয়া হচ্ছে না? আজকে যে জাজমেন্টটা পড়লাম এই জাজমেন্ট দু'জন জাজ দিয়েছেন। মহামান্য রাজ্যপালের ভাষণে যেটা বলা হয়েছে যে শান্তি বিরাজ করছে তাহলে পশ্চিমবঙ্গে এমারজেন্সির কোনও দরকার নেই, খবরের কাগজের উপর নিষেধাজ্ঞার কোনও দরকার নেই, খবরের কাগজ সব সংবাদ ছাপতে পারবে। ৩১শে জুলাই আমি হরিপালে গেলাম স্বর্গীয় ডাঃ আশুতোষ দাসের মৃত্যু দিবস পালনের জন্য। তার মতো ত্যাগি, সাহসী, বিপ্লবী খুব কম ছিল। তিনি যুদ্ধে গিয়েছিলেন ডাক্তার হয়ে। সেই ডাঃ আশুতোষ দাসের মৃত্যু দিবসে মিটিং হল, সেখানে সংবাদ পত্রের লোক খুব লিখলেন। কিন্তু সংবাদ পত্রের লোক বললেন এটা কি ছাপবে? কেন ছাপবে না, আশুতোষ দাসের শোক সভা, নিশ্চয়ই ছাপবে। কিন্তু দেখা গেল একটি লাইনও বেরুল না। প্রফুল্ল সেন যদি আশুতোষ দাসের শোক সভায় বক্তৃতা দেন তাহলে রাজ্য নষ্ট হয়ে যাবে। মহামান্য রাজ্যপালের বক্তৃতা অনুসারে যদি শান্তি বিরাজ করে তাহলে পশ্চিমবঙ্গ থেকে এমারজেন্সি তুলে দেওয়া উচিত, এই কয়টি কথা বলে আমি এর বিরোধিতা করছি না, পক্ষেও কিছু বলছি না, আসন গ্রহণ করছি।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু বক্তৃতা এই সভায় বসে আমার শোনবার সুযোগ হয়েছে, বাকি বক্তৃতা অফিসে বসে শুনতে হয়েছে অন্য কাজ করতে করতে। প্রত্যেকের বক্তৃতাতে পশ্চিমবঙ্গের সমৃদ্ধির কথা বলা হয়েছে, হয় উত্তরবঙ্গের সমৃদ্ধি, কি দক্ষিণ বঙ্গের সমৃদ্ধি, কিন্তু সেটা প্রকৃতপক্ষে পশ্চিমবঙ্গের সমৃদ্ধি।

সর্ব শেষে আমি পি. সি. সেন মহাশয়ের বক্তৃতা শুনলাম এবং দেখছি তিনি এখন হাউস থেকে চলে যাচ্ছেন। তিনি তার বক্তব্যে প্রধান কথা যেটা বললেন সেটা হচ্ছে এই ২০ দফা কর্মসূচি কেন এবং এত ঢাকঢোল পিটিয়ে এই ২০ দফা কর্মসূচি সম্বন্ধে বলা হল কেন? এই ২০ দফা কর্মসূচি হয়ত পি. সি. সেনকে বিব্রত করেছে, কিন্তু এর দরকার ছিল এবং অনেক বছর আগেই এর দরকার ছিল। এই ২০ দফা কর্মসূচির মাধ্যমে যারা নির্যাতিত, নিস্পেষিত, নিপীড়িত মানুষদের পাশে গিয়ে দাঁড়াতে পারছি। এর প্রত্যেকটা দফা ঠিকভাবে হচ্ছে কিনা সেটা বিচারে বিবেচিত হবে। তবে এ বিষয়ে কোনও সন্দেহ নেই এই ২০ দফা কর্মসূচি অনুযায়ী এমন কতগুলি কাজ করা হচ্ছে যেগুলি এর পূর্বে পশ্চিমবাংলায় কখনও করা হয়নি। যেমন, আমি দেখতে পাচ্ছি ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত ২ লক্ষ ৯৭ হাজার ৭০০ পরিবারকে অর্থাৎ গৃহহীন পরিবারকে গৃহ করবার জন্য জমি দেওয়া হয়েছে। এই জিনিস ইতিপূর্বে কখনও হয়নি। তবে এর ভেতর প্রত্যেকটি লোক জেনুইন কিনা সেটা বলা শক্ত। আমি নিশ্চয়ই একথা বলব না এই ২ লক্ষ ৯৭ হাজার ৭০০ পরিবার যাদের মধ্যে জমি বিতরণ করা হয়েছে তারা প্রত্যেকটি জেনুইন, কোনও ভুল নেই। এটা ঠিক নয়। হয়ত ভুল থাকতে পারে। তবে সেই ভুল যদি থাকে তাহলে বিধানসভার সদস্যরা রয়েছেন, আমি সব দলের সদস্যদের কথাই বলছি তারা সেই ভুল থাকলে দেখিয়ে দেবেন এবং সেটা নিয়ে আমরা পরীক্ষা নিরীক্ষা করে দেখব। কিন্তু আজ পর্যন্ত আমাকে কেউ চিঠি লিখে জানাননি যে ভুল ডিস্ট্রিবিউশন যেটা হয়েছে সেটা অন্যায় ভাবে হয়েছে—এরকম ধরনের কমপ্লেন কেউ করেননি। বিভিন্ন এম. এল. এ.-রা আমাকে বিভিন্ন বিষয়ে চিঠি লেখেন, বিরোধীপক্ষের এম. এল. এ.-রাও লেখেন। কিন্তু আজ পর্যন্ত কোনও এম. এল. এ. বিশেষ করে বিরোধী দলের এম. এল. এ.-দের কাছ থেকে আমি কোনও কমপ্লেন পাইনি এই ব্যাপারে। আমি পি. সি. সেন-দের কাছ থেকেও পাইনি, মিঃ, বেস্টারউইচ-এর দল থেকেও পাইনি, বিশ্বনাথবাবুর দল থেকেও পাইনি, কোনও দল থেকেই পাইনি যে ভুল ডিস্ট্রিবিউশন হয়েছে হাউস সাইট-এর। এছাড়া ৮ লক্ষ ১৬ হাজার পরিবারকে কৃষি জমি দেওয়া হয়েছে। অবশ্য এটা দেওয়া হয়েছে ১ বিঘা, ২ বিঘা, ৫ বিঘা করে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। এর ভেতরে আছে ২ লক্ষ ৮৬ হাজার শিডিউল্ড কাস্ট, ১ লক্ষ ৭৬ হাজার শিডিউল্ড ট্রাইবস এবং ১ লক্ষ ৩১ হাজার মুসলমান। এই বিষয়ে আমার কাছে এমন কোনও কমপ্লেন আসেনি যে, যাদের দেওয়া হয়েছে তারা জোতদার বা অন্য শ্রেণীর মানুষ। বক্তৃতার মাধ্যমে হয়ত কেউ বলতে পারেন, কিন্তু কোনও কমপ্লেন পাইনি যে ডিস্ট্রিবিউশন যেটা হয়েছে সেটা ভুল হয়েছে। যদি সে রকম কোনও কমপ্লেন আসে তাহলে নিশ্চয়ই সেটা ভালভাবে দেখা হবে এবং ভুল ভাবে যদি কেউ পেয়ে থাকে তাহলে তার কাছ থেকে সেটা কেড়ে নেওয়া হবে এটাই হচ্ছে সরকারের নীতি। এই যে হাউস সাইটস ল্যান্ড লেস-দের দেওয়া হল এটা এর আগে কখনও হয়নি। তারপর, অ্যাপ্রুভড হোস্টেলের যারা ছাত্র তাদের দেওয়া হচ্ছে

১,৫০০ গ্রাম গম, ৫০০ গ্রাম করে চাল, ২০০ গ্রাম করে চিনি এবং কেরোসিন তেল। যে সব হোস্টেলে এগুলি এখনও পর্যন্ত গিয়ে পৌঁছায়নি তাদের নাম আমার কাছে আপনারা বলুন। দু-একটা জায়গায় হয়ত গিয়ে পৌঁছায়নি, কিন্তু আজ পর্যন্ত কেউ একথা আমাকে বলেনি। প্রত্যেকটি অ্যাপ্রুভড হোস্টেলে এই জিনিস আমরা দেব যেটা এর আগে কখনও হয়নি। পি. সি. সেন ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত ২০ বছর এখানে মন্ত্রী হিসেবে ছিলেন এবং তার মধ্যে ৫ বছর তিনি মুখ্যমন্ত্রী হিসেবে ছিলেন। তার ২০ বছরের মন্ত্রিত্বে এই জিনিস কখনও হয়নি। ভূমিহীনকে ভূমি দেওয়া, গৃহহীনকে গৃহ দেওয়া, হোস্টেলের ছাত্রদের গম, চাল, চিনি, কেরোসিন তেল দেবার ব্যবস্থা করা এটা এর আগে কখনও শুনিনি। তারপর, পিপলস ক্লথ যেটা জেলায় জেলায় বিক্রি করা হচ্ছে তার কথা আপনারা সকলেই জানেন যে কি রকম ভাবে মানুষ এটা কিনছে। এগুলি যতটা সস্তা দরে পারা যাচ্ছে বিক্রি করা হচ্ছে।

[5-40 — 5-50 p.m.]

এই বিষয়ে কোনওরকম অভিযোগ আসেনি আমার কাছে যে ঠিকমতো দেওয়া হচ্ছে না বা ভুল দেয়া হচ্ছে। এই রকম তো আগে হয়নি, বিস্তৃত হচ্ছে। আমি দার্জিলিং-এ গিয়ে দেখে এসেছি, সেখানে অবশ্য তারা একটা অভিযোগ করল ধুতি কেন পাঠানো হচ্ছে। হ্যাঁ, ঠিক কথা, দার্জিলিং জেলায় ধুতি পাঠানো উচিত নয়, সেখানে লং ক্লথ পাঠাতে হবে, আমি সেই বিষয়ে কথাবার্তা বলেছি, কিন্তু শাড়ি সেখানে বিক্রি হচ্ছে, বিশেষ করে চা বাগানে বেশ ভাল বিক্রি হচ্ছে, প্রত্যেক জেলায় সেটা বিক্রি হচ্ছে। ২০ দফা কর্মসূচিতে আমরা নিম্নতম বেতন বেঁধে দিয়েছি, ইন্সপেক্টর নিযুক্ত হচ্ছে—প্রত্যেক বললে একজন করে ইন্সপেক্টর থাকবে। ইন্সপেক্টর নিযুক্ত হবার পরে আমার কোনও সন্দেহ নেই যে আইনটা ঠিকমতো প্রয়োগ হবে। জায়গায় জায়গায় আমি অভিযোগ পেয়েছি যে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট ঠিকমতো ইমপ্লিমেন্ট হচ্ছে না কিন্তু ইন্সপেক্টর নিয়োগ করা মাত্র শুরু হয়েছে। অনেক জায়গা থেকে চিঠি পেয়েছি তারা নিম্নতম মজুরি পাচ্ছে এই রকম চিঠি ও পেয়েছি। বহু জায়গায় এটা ইমপ্লিমেন্টেড হয়েছে। এই রকমভাবে ২০ দফা কর্মসূচিতে আছে গরিবদের কথা—মহাত্মা গান্ধী যাদের কথা বলতেন তাদের কথা। প্রধানমন্ত্রী চিন্তা করে ২০ দফা কর্মসূচি রচনা করেছেন। আজকে প্রফুল্লদা বলছেন কেন ২০ দফা কর্মসূচি। আশ্চর্য লাগল—বলছেন কেন এত ঢাকঢোল বাজানো হচ্ছে। ঢাকঢোল বাজান হবে না, মানুষকে জানানো হবে না যে ২০ দফা কর্মসূচিতে আপনার অধিকার আছে, গৃহহীন যারা তাদের অধিকার আছে গৃহনির্মাণের জমি পাওয়া, ভূমিহীন তোমার অধিকার আছে জমি পাওয়ার, চাষী দরিদ্র মানুষ, যে গ্রামের মানুষ সেই ব্যাঙ্কে ঋণ নিয়ে, সে জীবন ধারণ করে ঋণ করে, সে মৃত্যুর সময় ঋণ রেখে যায়, তার ঋণ মকুব করে দেয়া হয়েছে, এটা জানাবো না তাকে? এটা বলা হবে না রেডিওর মাধ্যমে, টেলিভিশনের মাধ্যমে, তাদের জানানো হবে না? ২০ দফা কর্মসূচির আসল বাণীটা কি—আসল বাণী মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী তার যে মন্ত্র যে তন্ত্রে তিনি বিশ্বাস করেন সেটা তিনি পরিষ্কারভাবে মানুষের কাছে জানিয়ে দিয়েছেন সেটা তিনি পরিষ্কারভাবে মানুষের কাছে জানিয়ে দিয়েছেন—সেটা কি হল তাদের স্বার্থরক্ষা করবার জন্য তাদের পাশে শ্রীমতী গান্ধী আছেন। যাদের হয়ে কথা বলবার কেউ নেই তাদের পাশে শ্রীমতী ইন্দিরা

গান্ধী আছেন, যাদের কথা চিন্তা কংর কেউ নেই তাদের কথা চিন্তা করতে শ্রীমতী ইন্দিরা গান্ধী আছেন কিন্তু প্রফুল্ল সেন মহাশয়ের আপত্তির কারণ কি তা আমি বুঝতে পারলাম না। আর ইমার্জেন্সির কথা তিনি বলেছেন কেন ইমার্জেন্সি? তিনি কি ভুলে গেছেন কি করতে তারা চেষ্টা করেছিলেন। আমি জানতাম না যে তিনি এই রকম বক্তৃতা দেবেন, তাই আমি সমস্ত তথ্যগুলি আনিনি। কংগ্রেসের চন্ডীগড়ে যে সভা হয়েছিল সেখানে রাজনৈতিক প্রস্তাবটা যখন আমি প্রপোজ করি তখন মাসে মাসে কি বলেছিলেন রেকর্ড থেকে আমি তা দেখিয়েছিলাম প্রায় দেড় বছর ধরে মানুষকে বোঝাবার চেষ্টা করেছিলেন যে বিপ্লব কর, আর এখানে বলছেন যে আমরা অহিংস মানুষ, আমাদের কেন এই সমস্ত অর্ডার দেয়া হচ্ছে, আমরা তো কিছু করিনি। আপনারা কিছু করেননি—আপনারা বলেছিলেন আর্মিকে রিভোল্ট করতে, পুলিশকে রিভোল্ট করতে, আপনারা বলেছিলেন যদি মাও সে তুং-এর বাণী অনুসরণ করে সরকারকে কেউ সরাতে আসে আমরা সেই দলকে সমর্থন করব—বলেননি এই কথা জয়প্রকাশ নারায়ণ? তাকে আপনারা সমর্থন করেননি, সমর্থন করেননি প্রফুল্ল সেন মহাশয়, দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল মানুষদের সঙ্গে—এই কথা ভুলে গেলে চলবে না ধরা পড়ে গেছেন। ধরা পড়ে গিয়েছেন। ধরা পড়ে গিয়ে যখন আন্দোলনটা বাড়াবাড়ি হল তখন ইমার্জেন্সি ইম্পোজ করা হল। ডিসিপ্লিন আনবার জন্য দেশে দেশে যখন জরুরি অবস্থা ঘোষণা করা হল, রাষ্ট্রপতি যখন জরুরি অবস্থা ঘোষণা করলেন, ডিসিপ্লিন যখন আনা হল তখন তারা বুঝলেন যে সর্বনাশ হয়ে গিয়েছে, এই সব কথা বলে ফেলেছি এখন কি করে চাপা দেওয়া যায়। দেড় বৎসর ধরে প্রত্যেক দিন সংবাদপত্রের প্রথম পাতায় বড় বড় করে বক্তব্য এরা ছেপেছেন, এরা ভুলে গেলেন তা এই দেড় বৎসরের মধ্যেই? একটা বক্তৃতা দিয়ে হাউস থেকে চলে গেলেন। কিন্তু কি করেছিলেন তারা তা আজ ভুলে যাচ্ছেন। আজকে আবার তাদের দেব তাদের বলতে সৈন্যদের যে তোমরা সরকারের বিরুদ্ধে বিদ্রোহ কর, পুলিশ তোমরা বন্দুক সরকারের বিরুদ্ধে ব্যবহার কর। তারা আন্দোলন করতে গিয়েছিলেন। সুশীল ধাড়া মহাশয়, প্রফুল্ল সেন মহাশয়, তারা একটা সংঘর্ষ কমিটি, না কি করেছেন, কি করে তারা ঠিক করলেন কোথায় আন্দোলন করবেন? তমলুকে আন্দোলন করবেন। কি আন্দোলন? না বিকল্প সরকার গঠন করতে হবে। বিকল্প পুলিশ বাহিনী সেখানে হবে, বিকল্প আদালত সেখানে হবে, বিকল্প সরকারি অফিস সেখানে হবে। গণতন্ত্রে এই সব কথা বলা চলে? গণতন্ত্রে এই সব কথা প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলে গেলেন। গণতন্ত্রকে কে না রাখতে চান? আমরা চাই গণতন্ত্রকে রাখতে সংবিধান অনুযায়ী। আর তারা চেষ্টা করলেন সংবিধানের বিরুদ্ধে কাজ, যে কাজ গণতন্ত্র সমর্থন করতে পারে না। সংবিধান আমরা মেনে নিয়েছি, সেই সংবিধানে যে গণতন্ত্রের কথা বলা হয়েছে সেই গণতন্ত্র আমরা মেনে নিয়েছি। কোথায় আমাদের সংবিধান বলেছেন, কোথায় আমাদের গণতন্ত্র বলেছে যে বিকল্প সরকার প্রতিষ্ঠা করা যায়, কোথায় আমাদের সংবিধানে বলেছে, গণতন্ত্রে বলেছে যে বিকল্প আদালত করা যায়? কোথায় বলেছে যে সরকারকে ট্যাক্স দেবে না, আমরা আমাদের বিকল্প সরকারকে দেব? আইনগত সরকার, সংবিধান অনুযায়ী প্রতিশ্রুত সরকারকে আমরা ট্যাক্স দেব না, আমরা দেব বিকল্প সরকারকে ট্যাক্স? এই আন্দোলন ওরা করতে চাননি? পালিয়ে গিয়েছেন উনি, সভায় নেই। থাকলে প্রশ্ন করতাম তাকে, তার কাছ থেকে এর জবাব চাইতাম। চালাকি করছেন? সভা তারা করেননি? গোপন সভা? সমস্ত আমার কাছে রিপোর্ট আছে। কত সভা করেছেন, কে কি বলেছেন

সভায়, সমস্ত রেকর্ড আমার কাছে আছে। আমরা ওকে ধরিনি এটা ওর ভাগ্য। প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে আমরা ধরতে চাই না, প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে ধরে কোনও লাভ হবে না, প্রফুল্লচন্দ্র সেন মহাশয় কিছু করতে পারবেন না পশ্চিমবঙ্গে। কিন্তু তিনি চেষ্টা করেছিলেন আর. এস. এস.-দের সঙ্গে, আনন্দমার্গীদের সঙ্গে এবং অন্যান্য যারা ছুটকো ছুটকো দল, সুশীল ধাড়া ইত্যাদি ইত্যাদি মানুষের সঙ্গে নিয়ে। চেষ্টা করেছিলেন এখানে গোলমাল করতে, গোলমাল হয়নি। কারণ পশ্চিমবঙ্গের মানুষ গোলমাল চায় না। পশ্চিমবঙ্গের মানুষ অনেকে গোলমাল দেখেছে, পশ্চিমবঙ্গের মানুষ অনেক অরাজকতা দেখেছে। পশ্চিমবঙ্গের মানুষ তাই আর অরাজকতা চায়নি, পশ্চিমবঙ্গের মানুষ চায় না গোলযোগকে। বক্তৃতার মাধ্যমে তিনি বলে গেলেন, ইমার্জেন্সি কেন হয়েছে। কেন হয়েছে? কিন্তু আমরা যে ২০ দফা কর্মসূচি নিয়েছি সেটা পালন করতে গেলে এই ইমার্জেন্সি দরকার ছিল, প্রয়োজন ছিল। এই ২০ দফা কর্মসূচি নূতন কিছু নয়, এটা কংগ্রেসের কাজের প্রোগ্রাম। এই ২০ দফা দেখলে দেখবেন যে এর মধ্যে আরও অনেক দফা আছে। যেমন ২০ দফা কর্মসূচিতে বলা হচ্ছে যারা গৃহহীন তাদের গৃহের জন্য জমি দেওয়া হবে। কিন্তু এই ২০ দফায় বলা নেই যে জমির উপর আমরা গৃহ করে দেব। কিন্তু সেটাও করতে হবে। আমাদের এটাও একটা দফা। ২০ দফা কর্মসূচিতে বলা আছে যাদের কৃষি জমি নেই তাদের কৃষি জমি দেওয়া হবে, বলা নেই যে সেই জমিতে সেচ পৌঁছে দিতে হবে, বলা নেই যে বীজ দিতে হবে, সার দিতে হবে।

[5-50 — 6-00 p.m.]

কিন্তু সেগুলি আমাদের করতে হবে, সময় লাগবে। সেগুলিও দফা, ২০ দফা কর্মসূচি তার ভিতর অনেকগুলি কথা আছে ইন্ডাইরেক্টলি সেই সমস্ত পয়েন্টস তারই ভেতর আছে, হয়ত ৪০ দফা হয়ে যাবে। ২০ দফার মধ্যে ফ্রি লিগেল এইড-এর কথা নেই কিন্তু সেটা তার সঙ্গে ওতোপ্রোতভাবে জড়িত। ফ্রি লিগেল এইড না হলে যারা জমি পাবে তার জমি রাখতে পারবে না, যাদের মিনিমাম ওয়েজেস দেওয়া হয়, তারা সেই মিনিমাম ওয়েজ পাবে না বা যে ঋণ থেকে মকুব করা হয়েছে, সেই মকুব পাবে না যদি ফ্রি লিগেল এইড না হয়। সেটাই ২০ দফা কর্মসূচির ভিতর আছে। ১৮৮৫ খৃষ্টাব্দ থেকে কংগ্রেস-এর যে কাজ হয়েছে, তার কালমিনেশন হচ্ছে এই ২০ দফা। এটাই শেষ কথা নয়, আরও অনেক দূর এগিয়ে যাব, আরও অনেক দফা আসবে যতদিন পর্যন্ত না ভারতবর্ষ থেকে দারিদ্র দূর করতে পারব, ততদিন পর্যন্ত আসবে। তিনি কি আপত্তি করে গেলেন, কি তার লজিক বুঝতে পারি না, কি তার অ্যানালাইসিস বুঝতে পারি না। প্রফুল্লবাবু কি সমালোচনা করে গেলেন? এই ২০ দফার প্রয়োজন আছে, এটা সিকিউয়েন্স অব ইভেন্টস-এ এসে গিয়েছে। কংগ্রেসের যে চিন্তাধারা যে প্রবাহ চলেছে, তাতেই এসে যাচ্ছে এই ২০ দফা কর্মসূচি। তিনি বললেন এবং আরও দুই একজন বলেছেন যে রাজ্যপালের ভাষণ এমন মনে হচ্ছে যেন সমস্ত সমস্যার সমাধান হয়ে গিয়েছে। কেউ বলেনি যে পশ্চিমবাংলার সমস্যার সমাধান হয়ে গিয়েছে। এখানকার সমস্যা অতি তীব্র, অত্যন্ত গুরুতর সমস্যা, এই সমস্যার সমাধান করতে অনেক সময় লাগবে। সে বিষয়ে সন্দেহ নাই। রাজ্যপালের ভাষণে ৫১ নম্বর প্যারাগ্রাফে পরিষ্কার বলেছেন—I have endeavoured to give illustratively and in bare outline the many care and concerns of my Government. এই কেয়ার অ্যান্ড কনসার্ন্স বিষয়ে

আমাদের চিন্তা করতে হবে। অনেক সমস্যা আছে। সমস্যার শেষ নেই। রাজ্যপালের ভাষণে কতকগুলি উল্লেখ্য কাজ যেগুলি সরকার করেছেন, সেগুলি শুধু বলা হয়েছে। এবং এটা কি অন্যায় হয়েছে? একথা বলুন যে আমরা যখন সরকার গঠন করি তখন কি অবস্থা ছিল পশ্চিমবঙ্গে? প্রফুল্লবাবু যিনি ২০ বছর মন্ত্রী ছিলেন, তিনি খালি সমালোচনা করে গেলেন। খালি সমালোচনা করলেই চলবে না, কি রেখে গেছলেন? গত তিন বছর যখন তিনি মুখ্যমন্ত্রী ছিলেন তখন পশ্চিমবঙ্গের কি অবস্থা ছিল সেটা জানা দরকার। ডাঃ বিধানচন্দ্র রায় মারা যাবার পর পশ্চিমবঙ্গের কি অবস্থা হয়েছিল? ১৯৬৭ সালে পশ্চিমবঙ্গের কেন পরাজয় হয়েছিল? ডাঃ বিধানচন্দ্র রায় মারা যাবার পর যে কংগ্রেস সরকার এসেছিল, সেই কংগ্রেস সরকার যদি জনগণের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে পারতেন তবে কংগ্রেস সরকারের ১৯৬৭ সালে পরাজয় হত না। কংগ্রেস সরকার পরাজিত হল, যুক্ত ফ্রন্ট এল, ১৯৭০ সালে আবার যুক্তফ্রন্ট হল। পাঁচ বছর আইন শৃঙ্খলা ছিল না, ফাইভ ইয়ারস অব টোটাল ললেসনেস বাট ফাইভ ইয়ারস অব টোটাল ললেসনেস ওয়াজ প্রিসিডেড বাই থ্রি ইয়ারস অব ইন্ডিসিশন। কি করবেন না করবেন, ঠিক সিদ্ধান্ত নেওয়া হচ্ছিল না যার ফলে এই অবস্থা হয়েছে, সেই সমস্ত দেখে শুনে আমাদের বিচার করবেন। বিচার অবশ্যই করবেন। সাধারণ আইন অনুযায়ী আসছে বছর আমাদের নিবার্চনের সম্মুখীন হতে হবে। আমরা প্রস্তুত, আমরা মানুষের কাছে যেতে প্রস্তুত। এক বক্তা বলেছেন ভোট দেবেন না, না দেয় না দেবে। একই ব্যক্তিকে চিরকাল মন্ত্রী থাকতে হবে তার মানে নেই। আমরা মানুষের কাছে যেতে প্রস্তুত। তাদের কাছে গিয়ে বলবার নিশ্চয়ই আমাদের অধিকার থাকবে। কি নিয়ে শুরু করেছি, কি রাজ্য পেয়েছিলাম ২০শে মার্চ ১৯৭২ সালে, যখন আমাদের সরকার গঠন করা হয়? আমরা যখন সরকার গঠন করি তখন কি ছিল রাজ্যের অবস্থা?

এত খারাপ অবস্থা ১৯৪৭ সালে ও ছিল না যে অবস্থায় আমরা উত্তরাধিকারী হয়েছিলাম। আমরা কি জেনেছিলাম? কি ছিল সেই সময়কার অবস্থা? সে কথা বার বার বলেছি আবার ও বলছি। এটা বলা দরকার কারণ পাবলিক মানি ইজ শর্ট তার জন্য সমস্ত মানুষকে জানিয়ে রাখতে হবে। ১৩০ কোটি টাকার দেনা দিলাম কেন্দ্রের কাছে। ৩০ কোটি রিজার্ভ ব্যাঙ্কে over draft ছিল ৫৩ কোটি টাকার ঘাটতি বাজেট দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার রেখে গিয়েছিল। সেই ১৩০ কোটি টাকর দেনার এক জায়গাও ঋণ আজ বাকি নাই। ৩০ কোটি টাকার ওভার ড্রাফট সব শোধ করে দেওয়া হয়েছে। আজকে দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের যে ৫৩ কোটি টাকার ঘাটতি বাজেট ছিল তা সব মিটিয়ে আপনারা দেখেছেন ২৭ লক্ষ টাকার উদ্বৃত্ত বাজেট হয়েছে। আগামী বাজেট কি হবে সে কথা আজ আমি বলতে পারব ১লা মার্চে পর্যন্ত আপনারা অপেক্ষা করুন। তখন কি হয় দেখতে পাবেন। কথা হচ্ছে অর্থনৈতিক অবস্থা আমাদের কি ছিল? আমার চিঠি লিখতে হল না গোপনে নিজের হাতে? টাইপিস্ট স্টেনোগ্রাফারকে ডিকটেশন দিতে পারলাম না। কারণ জানাজানি হলে একটি কেলেঙ্কারি হবে। জয়লান সাহেব ছিলেন, অবস্থা আমাদের কাহিল। কিছু পয়সা দাও, না দিলে সরকারি কর্মচারিদের মাইনে দিতে পারব না। অর্থমন্ত্রী জানেন রাত্রি ১০/১১ টার সময় আমরা দুজনে দেখতাম কত টাকা আছে। আমাদের ৩ কোটি দৈনিক খরচ। তখন যদি এ সব কথা বাইরে বলতাম মানুষ অত্যন্ত ভীত হত। আমাদের কারও কোনও অভিজ্ঞতা ছিল না। প্রেসকেও

একথা বলিনি। মানুষ বলবে তোমাদের কোনও অভিজ্ঞতা নাই। এই অবস্থায় রাজ্য শাসনের দায়িত্ব পেয়েছে, তোমরা রাজ্যেও সর্বনাশ করবে। মাসের শেষে নিজের হাতে চিঠি লিখতে হত আসছে মাসে কর্মচারিদের মাইনে দিতে পারব না। যারা এই অবস্থা করে গেলেন। পশ্চিমবঙ্গের তারা আন্দোলন চালাচ্ছেন সরকারি কর্মচারিদের মাধ্যমে আমাদের ডিয়ারনেস অ্যালাওয়েন্স বেশি করে দাও। অথচ আমরা মাস মাইনে দিতে পারছি না। এই তো ছিল অবস্থা। আজকে কি হয়েছ? পরিকল্পনা যাতে আজকে কি হয়েছে আপনারা দেখছেন। ডাক্তার বিধানচন্দ্র রায়ের মৃত্যুর পর থেকে ১৯৭৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে ঘাটতি বাজেট ছিল। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এখন এখানে উপস্থিত নাই, তা নইলে তাকে জিজ্ঞাসা করতাম, তিনি যে কয় বছর মুখ্যমন্ত্রী ছিলেন, তখন উদ্বৃত্ত বাজেট হয় নাই। ডাঃ রায়ের শেষ বছরে উদ্বৃত্ত বাজেট ছিল। তারপর ১৯৭৫ সাল পর্যন্ত ১৩ বছর ধরে ঘাটতি বাজেট ছিল। প্ল্যান অ্যান্ড এক্সপেন্ডিচার ১৯৭১-৭২ থেকে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত প্লানে যে ইনক্রিজ হয়েছে তাতে পশ্চিমবঙ্গের স্থান কোথায় এটা সকলের জানা দরকার।

1976-77—In Maharastra Plan increase 256%, Tamil Nadu Plan increase 221%, Gujrat Plan increase 201%, Andhra Pradesh Plan increase 301%, Bihar Plan increase 249%, Punjab Plan increase 277%, Haryana Plan increase 181%, Karnatak Plan increase 89%, West Bengal Plan increase 351% highest in the whole of India এই ছয় বছরে। সেই ৬ বছরে আমরা কি দেখেছি? ১৯৬৬ সালের শ্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের আমল থেকে ১৯৭১-৭২ সাল পর্যন্ত ঠিক আমাদের ক্ষমতায় আসার আগে পর্যন্ত এই ৬ বছরে দেখছি আমাদের প্ল্যান ইনক্রিজ হয়েছে 6%।

[6-00 — 6-10 p.m.]

প্ল্যানে ইনক্রিস হয়েছে ৫৩ থেকে ৬৬ কোরসেস পার ইয়ার। ৬ বছরে মাত্র ১৩ কোটি টাকা বেড়েছে। প্ল্যানের অ্যানুয়াল আউট-লে সেই জায়গায় আমরা গত চার বছরে বেড়েছে ১৬৬ কোটি টাকা যেখানে ৬ বছরে মাত্র ১৩ কোটি টাকা বেড়েছে। এখানে প্রফুল্ল সেন মহাশয়ের সরকার আছে, জ্যোতি বসু মহাশয়ের সরকার আছে। তাদের আমলে মাত্র ১৩ কোটি টাকা ৬ বছরে বেড়েছিল, আর আমাদের ৪ বছরে ১৬৬ কোটি টাকা বেড়েছে। এটা বলব না মানুষকে? ২৩২ কোটি টাকা এক বছরে আমরা খরচ করছি প্ল্যানে—১লা এপ্রিল থেকে ৩১শে মার্চ ১৯৭৭ সাল পর্যন্ত। আমরা অ্যানুয়াল প্ল্যানের প্রথম তিনটি পঞ্চবর্ষিক পরিকল্পনার ১৫ বছরের যদি পুরো খরচটা নেন ২৩২ কোটি টাকা থেকে কম অর্থাৎ কিনা আমরা প্রথম তিন বছরে যা খরচ করছি ২৩২ কোটি টাকা আর আগের যেগুলো ছিল ১৫০ আর ১৭১ আর ২৩২—এই তিন বছরে আমরা যা খরচ করেছি প্রথম তিনটে পরিকল্পনায় যা খরচ হয়েছিল তার থেকে ৩২ কোটি টাকা বেশি। একথা বলব না মানুষের কাছে? পার ক্যাপিটা ইনকাম কি ছিল, পার ক্যাপিটা এক্সপেন্ডিচার কি ছিল আমরা যখন সরকারের ক্ষমতা পাই? জনসাধারণ যখন আমাদের ক্ষমতা দেন তখন পার ক্যাপিটা প্ল্যান এক্সপেন্ডিচার ছিল ১৩ টাকা। আজকে ৪ বছরে সেটা চারশ গুণ বেড়ে ৫২ টাকা হয়েছে। যেটা অজিতবাবু হিসাবে গোলমাল করলেন—কারণ তিনি একটু কমিয়ে কেরালা থেকে

সামান্য বেশি দেখাতে চেয়েছিলেন। কিন্তু কেরালা থেকে আমাদেরও যথেষ্ট বেশি, ৫২ টাকা হয়েছে। এটা কিছু নয়। ৫২ থেকে অনেক বেশি করতে হবে। পশ্চিমবঙ্গের সর্বনাশ হয়ে গেছে, সেই সর্বনাশ থেকে পশ্চিমবঙ্গকে মুক্ত করতে হবে। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় নেই, তাহলে তাকে বলতাম সাহায্যে করতে, সর্বনাশ যেটা হয়েছে। আমাদের ৫২ হবে, কিন্তু পাঞ্জাবে ১১৪ হয়ে গিয়েছে, হরিয়ানায় ৯৪ হয়ে গিয়েছে মহারাষ্ট্রে ৬৮ হয়েছে, আমাদের ৫২ হবে। এই ৫২কে দ্বিগুণ করতে হবে, তার জন্য স্বার্থ ত্যাগ দরকার, ডেলিকেশন, ডিভোশন দরকার, তাছাড়া হতে পারে না। পশ্চিমবঙ্গে আমরা জোর করে বলছি ঐ ৩ বছরের ইন্ডিসিশন আর ৫ বছরে ললেশনেসের জন্য পশ্চিমবঙ্গ ১৫ বছর পিছিয়ে গেছে, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলে গেলেন। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩২২ কোটি টাকা হয়েছিল। কেন হয়েছিল? তিনি ছিলেন মুখ্যমন্ত্রী। ডাঃ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন সমস্ত ডবল করতে পেরেছিলেন। প্রথম পরিকল্পনায় যা হয়েছিল তার ডবল হয়েছিল দ্বিতীয় পরিকল্পনায় যা হয়েছিল তার ডবল হয়েছিল তৃতীয় পরিকল্পনায়। রিয়েল এক্সপেন্ডিচার চতুর্থ পরিকল্পনায় কেন ডবল হল না? জবাব কে দেবে, আমি দেব, না বিশ্বনাথ মুখার্জি দেবে? জবাব দিতে হবে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে। কেন ৩২২ কোটি টাকা হয়েছিল, কিসের জন্য হয়েছিল? হওয়া উচিত ছিল ৬১০ কোটি টাকা। ৩০৫ ছিল আগের পাঁচ বছরের পরিকল্পনায়। তার ডবল ৬১০ কোটি টাকা হওয়া উচিত ছিল। কেন হয়েছিল ৩২২ কোটি টাকা? অল ইন্ডিয়া প্র্যাকটিস অ্যান্ড প্রসিডিওর যেটা ছিল যে, একটা পরিকল্পনায় যা ধরা হবে তার পরের পরিকল্পনায় ডবল হবে। তিনি ঠাট্টা করলেন আমরা ১,২০০ করতে যাচ্ছি। নিশ্চয় করতে যাচ্ছি ১,২০০।

৩ বছরে ৫৫৪ কোটি হয়ে গেছে, এইবারে সবসুদ্ধ ৫৮২ কোটি হবে, আমাদের ১,২০০ কোটি করতে হবে। কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশন আমাদের বলেছেন ১ হাজার ৭৭ টেন্টেটিভলি এটা যেন গ্রহণ করি—আমরা এটা গ্রহণ করছি না, ১,২০০ কোটি গ্রহণ করছি—আমাদের যে ক্ষতি হয়ে গেছে সেটা আমরা পূরণ করতে পারব আশা করছি। সেটার কথা বলব, সে বিষয়ে চিন্তা করব, না কোথায় কোনও মিটিং-এ যেতে পারল না পারল সে বিষয়টা বড় চিন্তা হবে—সেটাই হচ্ছে আজকে এখানকার বক্তৃতার বিষয়। আমরা একবারও বলিনি, আগেও বলেছি, এখন আবার বলছি সমস্ত সমস্যার সমাধান করতে পেরেছি সমস্যা অনেক আছে। কিন্তু যে কাজ হয়েছে সেটা দেখা দরকার। ১৯৭১/৭২ সালে আমরা যখন সরকারে আসি তখন আমাদের স্টেট ইনকাম ছিল ২ হাজার ৬১৬ কোটি টাকা। ১৯৭৪/৭৫ সালে সেটা হয়েছে ৫ হাজার ১১৭ কোটি টাকা। ১৯৭৫/৭৬ সালে সেটা কত হবে পরে জানতে পারব। ১৯৭৪/৭৫ সালে কোথায় নিয়ে যেতে পেরেছি যার ফলে পার ক্যাপিটা ইনকাম বেড়ে গেছে। ৩/৪ বছরে অনেকটা বেড়েছে। তার জন্য যারা আমাদের সমালোচনা করতে চান নিশ্চয় করুন, কিন্তু সমালোচনার সঙ্গে সঙ্গে সত্যি যে কতকগুলি ঘটনা আছে সেগুলিও তো বলব—বছরে সেলস ট্যাক্স কালেকশন ৫ কোটি টাকার বেশি কখন বাড়েনি—৪ বছরে ২০ কোটি টাকার বেশি সেলস ট্যাক্স কালেকশন পশ্চিমবঙ্গের ইতিহাসে কখনও বাড়েনি, অর্থাৎ কিনা বছরে ৫ কোটি টাকার বেশি কখন বাড়েনি। ৪ বছরে যেখানে ২০ কোটি টাকা সেলস ট্যাক্স কালেকশন হত আমরা সেখানে বছরে ২০ কোটি টাকা করেছি।

আমাদের ৪ বছরে মোট ৮০ কোটি টাকা সেলস ট্যাক্স কালেকশন হয়েছে এবং আমাদের বছরে ২০ কোটি টাকা সেলস ট্যাক্স কালেকশন হয়েছে। স্মল সেভিংস আমরা যখন শুরু করেছিলাম তখন ছিল ৩৪ কোটি টাকা, সেখান থেকে আমাদের স্মল সেভিংস ৮৮ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। এগুলির জন্য খানিকটা চেষ্টা করতে হয়েছে। কারা চেষ্টা করেছে? নিশ্চয় সরকারের তরফ থেকে চেষ্টা করা হয়েছে। সুতরাং এই সব কথাগুলি ভুলে বক্তৃতা দিলে চলবে না। আজকে আমন ধান ৫২ লক্ষ মেট্রিক টন হয়েছে, ইন টার্মস অব আমন রাইস, বোরো ১১ লক্ষ টন হবে এই বারে, গম ১২ লক্ষ টন হবে। কি করে হচ্ছে এইগুলি? কো-অপারেশন, ক্রপ প্রোডাকশন ক্রেডিটের জন্য ৭৭% বেড়ে গেছে। ইন সিক্স মান্থস এন্ডিং অন ৩১ ফার্স্ট ডিসেম্বর, ১৯৭৫ ৭৭% বেড়ে গেছে ক্রম প্রোডাকশন ক্রেডিট কো-অপারেশনের জন্য। ৩০ জুন, ১৯৭৬ এর মধ্যে আমরা ৩৬ কোটিতে পৌঁছতে পারার চেষ্টা করছি। ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের ইনক্রিজ অব ক্রেডিট হয়েছে ১১০%, আর টাকা রিকভারি হচ্ছে ৭৫%। রিকোভারি নিশ্চয় করতে হবে কো-অপারেটিভ মুভমেন্টের মধ্য দিয়ে—৫ বছর ধরে যারা দেয়নি তারা পর্যন্ত শোধ করেছে ৭৫% রিকোভারি হয়েছে। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনে ৫ হাজার ৮০৪ টি শ্যালো টিউবওয়েলে ইলেক্ট্রিফাই করা হয়েছে, ২ হাজার ৯৪টি ডিপ টিউবওয়েলে ইলেক্ট্রিফাই করা হয়েছে, ৬৫০ টি লিফট ইরিগেশনে ইলেক্ট্রিফাই করা হয়েছে নভেম্বর ১৯৭৫ সাল পর্যন্ত।

[6-10 — 6-20 p.m.]

১০ হাজার ২৪৭টি গ্রামে নতুন করে বৈদ্যুতিক শক্তি নিয়ে যাওয়া হয়েছে। সি. এ. ডি. পি. থেকে ৩১টি ডিপ টিউবওয়েল করা হবে ৩১শে মার্চের মধ্যে এবং এটা হলে সংখ্যাটা গিয়ে দাঁড়াবে ১৪২-এ। স্বাস্থ্যের ক্ষেত্রে আমরা যে দিন থেকে মন্ত্রিসভা গঠন করেছি—২০শে মার্চ ১৯৭২, সেদিন থেকে দৈনিক গড়পড়তা ৫টি করে নতুন শয্যা সৃষ্টি করা হয়েছে পশ্চিমবাংলায়। এগুলি কি উঠিয়ে দিতে হবে? এগুলি কি কিছুই নয়? সরকার যদি এসব সম্পর্কে বলে তাহলে কি সরকার অন্যায় করবে? কোথায় ছিলাম আমরা আর আজকে কি অবস্থায় এসেছি? আইনশৃঙ্খলার কথা বলা হয়েছে। কি অবস্থা ছিল ২০শে মার্চ? কটা করে খুন দিনে হত সারা পশ্চিমবাংলায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রফুল্লচন্দ্র সেন মহাশয় খুনের কথা বললেন। নিশ্চয় খুন হয়, ২/৪/১০টা খুন হতে পারে কিন্তু আজকে পশ্চিমবাংলায় খুনের সংখ্যা সবচেয়ে কম সারা ভারতবর্ষের ভেতরে। ক্রাইম ফিগারস যেটা রাজ্যপাল বলেছেন তাতে দেখা যাচ্ছে সেটা নেমে যাচ্ছে প্রত্যেক বছর। সাধারণ খুন, ডাকাতি হবে, সমস্ত তুলে দেওয়া যায় না কিন্তু কি অবস্থায় আমরা ছিলাম আর আজকে কি অবস্থায় আমরা এসেছি সেটা নিশ্চয় তুলনা করে দেখতে হবে। আমরা যখন এসেছিলাম তখন চারিদিকে অরাজকতা। ইন্ডাস্ট্রিজ, কর্মাস, ট্রেড কি অবস্থায় ছিল সেদিন? আজকে স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল ইউনিট কত বেড়েছে তার হিসাব কেউ করেছেন? ১৯৬৫ সালে যেখানে ৮ হাজার কয়েক শো রেজিস্টার্ড ইউনিট ছিল, আজকে সেখানে সেটা বেড়ে ৮৯ হাজার কয়েক শো হয়েছে। গত ৪ বছরের হু হু করে বেড়ে গিয়েছে স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ ইউনিট। কাজেই এগুলিকে না দেখে খালি আক্রমণ প্রত্যক্ষ বক্তৃতা দিলে তাতে কোনও লাভ হয় না। বিশ্বানথবাবু তার বক্তব্যে ডি. এর কথা বললেন। সরকারি কর্মচারিদের ডি. এর ব্যাপারে

আমরা নিশ্চয় চিন্তা করব। আমরা যখন সরকারে আছি তখন নিশ্চয় আমাদের সরকারি কর্মচারিদের কথা আমরা চিন্তা করব। কিন্তু আমাদের অবস্থাটা কি ছিল আর আজকে কি হয়েছে সেটা তো চিন্তা করতে হবে। অবস্থাটা যখন ভাল হবে তখন নিশ্চয় সর্বপ্রথমে আমাদের কর্তব্য হবে সরকারি কর্মচারিদের ডি. এর ব্যাপারটা সে বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু আমাদের তো অন্য জিনিসগুলিও দেখতে হবে। স্যার, একটি প্রশ্ন আমি এই সভার মাননীয় সদস্যদের কাছে রাখতে চাই আপনার মাধ্যমে। আমার প্রশ্ন, আপনারা বলুন, আমরা মাহিনা বাড়াব, না, নতুন চাকরি দেব?

(ভয়েসেস : নতুন চাকরি।)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দুটি ডি. এ দিতে পারতাম কিন্তু তাহলে ঐ সেভেন ক্রোরস অ্যাকসিলেরেটেড ফুড প্রডাকশন প্রোগ্রামটা করতে পারতাম না। ৪।। হাজার শ্যালো টিউবওয়েল যেখানে হয়েছে সেটা না করে আমরা এটা করতে পারতাম। আমি মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করি, সেটা কি আমাদের বাদ দেওয়া উচিত ছিল?

(ভয়েসেস : না না।)

৬ কোটি টাকার রুর‍্যাল প্রডাকশন প্রোগ্রাম সেটা কি আমাদের বাদ দেওয়া উচিত ছিল? (ভয়েসেস : না, না।) আমি একথা বলতে গিয়ে বলছি না যে আমাদের সরকারি কর্মচারিরা সুখে আছে বা তাদের কোনও কষ্ট নেই, অসুবিধা কষ্ট নিশ্চয় তাদের আছে, সেটা আমাদের নিশ্চয় দেখতে হবে, কিন্তু কথা হচ্ছে ৬ কোটি টাকার রুর‍্যাল প্রডাকশন প্রোগ্রাম বা স্পেশ্যাল এগ্রিকালচারাল প্রডাকশন প্রোগ্রাম করে পশ্চিমবাংলার উন্নতি হয়েছে কিনা সেটা আমি মাননীয় সদস্যদের কাছে জানতে চাই।

প্রশ্ন হচ্ছে এগুলি, যে আজকে কোনও দিকে যাব। মাইনা বাড়াব না চাকুরি দেব না, স্পেশাল অ্যামপ্লয়মেন্ট প্রোগ্রাম-এ আরও টাকা দেব? ৩ কোটি টাকা যেটা স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম-এ দেওয়া হয়েছিল—আমরা গ্রামে গ্রামে বৈদ্যুতিক শক্তি নিয়ে যাবার চেষ্টা করব, না গ্রামে গ্রামে জলের ব্যবস্থা করব, না গ্রামে গ্রামে যাতে দুটো, তিনটে চাষ করা যায় তার চেষ্টা করব? কোনওটা আগে করব? কোনওটাকে আগে priority দেব সেটা জানতে চাই? সেই প্রায়রিটি দেখে আমাদের কাজ করতে হবে এবং সেই প্রায়রিটি দেখেই আমরা কাজ করছি। তবে আমি একথা বলতে পারি যে সরকারি কর্মচারিদের কথা যে শুধু বিশ্বানাথবাবুই ভাবছেন তা নয়। তাদের কথা আমরাও ভাবছি। আমরা এরই মধ্যে কতকগুলি ডিয়ারনেস অ্যালাওয়েন্স তাদের দিয়েছি। আমরা যে তাদের কিছু দেইনি তা নয়। আমরা এরই মধ্যে তাদের ৩ ডোজ আর ২ ডোজ এই ৫ ডোজ দিয়েছি। আমরা এরই মধ্যে প্রাইমারি স্কুল টিচারদের বেতন বৃদ্ধির চেষ্টা করেছি। মাধ্যমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির চেষ্টা করেছি। অধ্যাপকদের বেতন বৃদ্ধির চেষ্টা করেছি। ঠিক কথা যে এখনও অনেক প্রাইমারি শিক্ষককে ফিক্স করা হয়নি। এগুলি হয়ত বিলম্ব হচ্ছে কিন্তু এগুলিতো করতে হবে। এগুলিতো আমরা কমিটি এগুলিতো তারা পাবেন from the dates from which they have been announced that they would get. এ বিষয়ে কোনও সন্দেহ নেই। আমরা শিল্পের গত

৪ বছরে যে কাজ করেছি যে যাই বলুক, আমি history দিয়ে দেখাতে পারি। আমি জোর গলায় বলতে পারি যে শ্রমিকদের স্বার্থে এই সরকার গত ৪ বছরে যা করেছেন আর কোনও সরকার পশ্চিমবঙ্গে তা করতে পারেনি। এটা স্লোগান দিয়ে নয়, এটা ইন ক্লাব জিন্দাবাদ দিয়ে নয়, এটা লালঝান্ডা দিয়ে নয়। কিন্তু কাজ করে। আজকে কৃষি শ্রমিক, জুট শ্রমিক, পাট শ্রমিক, সুতাকল শ্রমিক sector by sector, Engineering শ্রমিক প্রত্যেকটি শ্রমিক অবস্থার উন্নয়নের জন্য আমরা চেষ্টা করেছি। যতদূর পারা গেছে সরকার চাপ দিয়ে সেটা করেছে। এর সঙ্গে সঙ্গে এটাও দেখতে হবে যাতে শিল্প বৃদ্ধি হয় আমরা চাই যাতে শিল্পের বৃদ্ধি হয়। আমরা চাই যাতে শিল্পে এখানে আসে। বিশ্বনাথবাবু বললেন যে লে-অফ হচ্ছে, ছাঁটাই হচ্ছে। কিন্তু কিছু হচ্ছে এ বিষয়ে সন্দেহ নেই। সংবাদ পাচ্ছি, খবরের কাগজে বেরুচ্ছে কিন্তু চেষ্টাও হচ্ছে। এর একটা ব্যবস্থা করার কথাও হচ্ছে। সব ক্ষেত্রেই কি মালিকরা জোর করে লে-অফ করছে, ছাঁটাই করছে? এটা চিন্তা করা দরকার। আজকে ব্যাঙ্ক ক্রেডিট ফেসিলিটিজ কি আছে সেটা দেখতে হবে। আজকে পারসোনাল ইনকাম ট্যাক্স স্ট্রাকচারে পার্থক্য কি আছে সেটা দেখা দরকার। কতকগুলি জিনিস আমাদের দেখা দরকার এবং চিন্তা করা দরকার। আজকে কর্পোরেশন ট্যাক্স দেখা দরকার। এটাতো আমাদের দেখার কথা নয়। ভারত সরকার যা করবেন তাই করবেন। কাজেই এগুলি দেখা দরকার। আজকে সবক্ষেত্রেই যে মালিকরা জোর করে ছাঁটাই করছে তা নয়। কিছু কিছু জায়গায় এমনও দেখেছি, গোপালদাস নাগ আছেন, তিনি শ্রমমন্ত্রী তিনি পরীক্ষা করে দেখেছেন এবং আমাকে বলেছেন যে এই অবস্থা। আজকে সিমেন্ট লিফট হচ্ছে না, পেপার লিফট হচ্ছে না। ইনভেন্টারি বেড়ে যাচ্ছে। এটা কি মিথ্যা কথা। প্রত্যেক কারখানায় ইনভেন্টারি বেড়ে যাচ্ছে। অর্থাৎ কিনা জমায়াত যা আছে, stock যা আছে সেটা বেড়ে যাচ্ছে। এটা কি মিথ্যা কথা? ইজ দিস এ ফ্যাক্ট? এটাতো হচ্ছে। আজকে কেন্দ্রীয় সরকার একটা খুব ভাল কাজ করেছেন, অত্যন্ত ভাল কাজ করেছেন স্মাগলারদের টাকা বন্ধ করে, ব্ল্যাক মানি বন্ধ করে। আজকে গদিতে গদিতে ইনকাম ট্যাক্স রেড করেছে। আজকে বিভিন্ন জায়গায় ইনকাম ট্যাক্স রেড করছে ব্ল্যাক মানি আনআর্থ করছে। আজকে তার জন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ দিতে হবে। আজকে স্মাগলারদের বিরুদ্ধে, ব্ল্যাক মানির বিরুদ্ধে, যারা tax দেয়নি তাদের বিরুদ্ধে আপোষহীন সংগ্রাম চালিয়ে গেছেন বলে কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ দিতে হবে। অভিনন্দন জানাতে হবে। কিন্তু সব ভাল কাজের একটা খারাপ দিক আছে। সেগুলি হচ্ছে কতকগুলি জিনিস, কতকগুলি fact of lite—যে এই টাকা দিয়ে জিনিস পত্র কেনা হবে। গত পরশুদিন আমাদের জয়েন্ট সেক্টর ফ্যাক্টরির চেয়ারম্যান, দুর্গা চক্রবর্তী আমাকে বলছিলেন যে টি. ভি. বিক্রি বন্ধ হয়ে গেছে। টেলিভিশনের কারখানার যারা মালিক তাদের স্বার্থে বলছি না, রেফ্রিজারেটার কারখানার মালিক, তাদের স্বার্থে বলছি না, স্কুটার কারখানার মালিক, তাদের স্বার্থে বলছি না, গাড়ির কারখানার মালিক, তাদের স্বার্থে বলছি না, আমি বলছি শ্রমিকদের স্বার্থে। জিনিস বিক্রি যদি না হয়, জিনিস বিক্রি যদি বন্ধ হয়ে যায়, কোথায় গিয়ে দাঁড়াবে, এটা একটু চিন্তা করার দরকার আছে। জিনিসপত্র বিক্রি যদি বন্ধ হয়ে যায় তাহলে শ্রমিকদের কি করে দেওয়া যাবে--আমি চাই না ম্যাসিভ আনএমপ্লয়মেন্ট, আমি চাই না, লে অফ, আইন আসছে, ১লা মার্চ থেকে এই সব লে অফ ইত্যাদি সম্বন্ধে নিশ্চয়ই বিবেচনা করা হবে। এখনও নির্দেশ আছে আমাদের, কোনও কারখানা অন্যায় ভাবে লে অফ করে থাকে, নিশ্চয়ই আমাদের কাছে

আসবেন এবং প্রত্যেকটি কেসে, লে অফ, রিট্রেঞ্চমেন্ট যেখানে হচ্ছে, লেবার মিনিস্টার সেখানে দেখছেন, কি প্রকৃত অবস্থা ইত্যাদি। কিন্তু খালি আক্রমণ করলেই হবে না, সমস্ত জিনিসটা দেখতে হবে। আমরা কি চাই, আমরা দেশের উন্নতি চাই। তাহলে আমাদের দেশের শিল্প বাণিজ্য আমরা চাই, যাতে বাংলার লক্ষ্মী আবার বাংলায় ফিরে আসে এবং সেটা চাইতে গেলে যে অসুবিধাগুলো রয়েছে, সেইগুলো সম্বন্ধে চিন্তা করা দরকার। আজকে হচ্ছেটা কি? বাজারে একবার গিয়ে দেখে আসুন, এই খবর তো সকলেই জানে, কি হচ্ছে। সুতরাং এখানে একটা নুতন চিন্তা দরকার। আজকে ব্যাঙ্কে যদি যান ছোট ছোট ইন্ডাস্ট্রি যারা করেন তারা আসেন, অত্যন্ত সামান্য মানুষ তারা, অত্যন্ত সাধারণ মানুষ আসেন আমাদের কাছে, ১৮ পারসেন্ট ইন্টারেস্ট। ছোট একটা স্মল স্কেলে কিছু করতে যাচ্ছি, তার জন্য ১৮ পারসেন্ট ইন্টারেস্ট, স্মল রুর‍্যাল আর্টিজেন, সে ১৮ পারসেন্ট ইন্টারস্টে দেবে কি করে? ১৬ পারসেন্ট ইন্টারেস্ট দেবে কি করে? ১৬ পারসেন্ট, ১৮ পারসেন্ট যদি ব্যাঙ্ক ইন্টারেস্ট দিতে হয় ছোট ছোট স্মল স্কেল ইন্ডাস্ট্রিকে, সে কি জীবনে লাভ করতে পারবে? তাকে ইনকাম ট্যাক্স দিতে হবে, সেলসট্যাক্স দিতে হবে, এক্সাইজ ডিউটি দিতে হবে, তারপর যদি ১৮ পারসেন্ট ব্যাঙ্ককে ইন্টারেস্ট দিতে হয় তাহলে জীবনে সে লাভ করতে পারবে কিন্তু আবার অন্য দিকে ইনফ্লেশনের কথাও আছে। আমি কেন্দ্রীয় সরকারকে দোষ দিতে পারি না, ব্যাঙ্কের ইন্টারেস্ট সম্বন্ধে যারা চিন্তা করছেন তাদের দোষ দিত পারি না। ইন্টারেস্ট সম্বন্ধে চিন্তা করতে হবে। তাই সমস্ত দিক থেকে চিন্তা করে, একটা ব্যবস্থা ঠিক করা দরকার। আজকে ক্রেডিট পলিসি, যেটা স্কুইজ হচ্ছে, তাতে তো খানিকটা অ্যাফেক্ট করেছে, এই বিষয়ে কোনও সন্দেহ নেই, তাই চারিদিক দিয়ে আমাদের চিন্তা করে দেখতে হবে কি করে আমাদের পশ্চিমবঙ্গকে অগ্রগতির পথে নিয়ে যেতে পারি এবং আশা করি সেই চিন্তা আমরা করব। আর একজন বক্তা বললেন যে আমরা কেন মাত্র তিন লক্ষ টন চাল সংগ্রহ করছি, কেন বেশি করছি না। কেন্দ্রীয় সরকার এটা বেঁধে দিয়েছে। আর একটা জিনিস সেটা বলা দরকার। আমরা দেখেছি আমাদের অভিজ্ঞতা থেকে যে চাল বা গম যা উৎপাদিত হয় পশ্চিমবাংলায়, সেটা যদি বাজারে ছড়িয়ে পড়ে তাহলে দাম হুহু করে কমে যাবে। আমরা দেখেছি গত বছর এই জিনিস ঘটেছে। এই বছর দেখবেন না কি হয়, এই গমটা উঠল বলে, এপ্রিল মাসে গম উঠে যাবে, তারপর বোরো আসবে, আপনারা দেখবেন দাম কি হয়, তারপর আউস আসবে। তখন দেখবেন কি হয়। এখন কথা হচ্ছে যদি সংগ্রহ করতে যাই, হৈ-হৈ করে তো আপনারাই বলবেন অত্যাচার হচ্ছে, অমুক হচ্ছে, তমুক হচ্ছে, অনেক কথা বলবেন। প্রাগমেটিক একটা দৃষ্টিভঙ্গি দরকার, একটা বাস্তব দৃষ্টিতে অ্যাপ্রোচ দরকার, সেই অ্যাপ্রোচ আমরা নেবার চেষ্টা করছি। তিন লক্ষ মেট্রিক টন যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের টার্গেট বেঁধে দিয়েছে, সেই টার্গেটে আমরা রিচ করবই করব এই বিষয়ে কোনও সন্দেহ নেই এবং হয়ত ৩ লক্ষ মেট্রিক টনের বেশি সংগ্রহ হবে। কিন্তু সঙ্গে সঙ্গে, এই যখন নুতন ধান উঠবে, বোরো বা গম আসবে, আউস আসবে, সেটা বাজারে যখন আসবে, তখন দেখবেন দর কত কম হয় এবং সাধারণ মানুষ সস্তা দরে জিনিস পত্র পেতে পারবে, এই আশা আমরা রাখি।

আমরা মোটেই বলছি না—আগেও বলেছি, আবার বলছি, আবার বলব যে, আমরা মোটেই বলছি না যে, আমরা সমস্ত সমস্যার সমাধান করে দিয়েছি। আমরা সবাই সাধারণ

মানুষ, সাধারণ বুদ্ধি দিয়ে সরকার চালাবার চেষ্টা করছি এবং সাধারণ বুদ্ধি দিয়ে সরকার চালিয়ে পশ্চিমবঙ্গকে সমৃদ্ধিশালী করবার চেষ্টা করছি, পশ্চিমবঙ্গকে সুন্দর করবার চেষ্টা করছি। আশা করি আপনাদের সকলের সহযোগিতা এবং সমর্থন আমরা পশ্চিমবঙ্গকে প্রকৃতপক্ষে সমৃদ্ধিশালী করতে পারব, শক্তিশালী করতে পারব এবং সুন্দর করতে পারব। আমরা যদি চারিদিক থেকে এই রকম সকলের আশীর্বাদ পাই তাহলে ৫/৭ বছরের মধ্যে পশ্চিমবাংলার চেহারা পাল্টে দেব, এ বিষয়ে সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি এবং প্রত্যেকটা সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করছি।

Mr. Speaker : Discussion on the Motion of Thanks is over.

I now put to vote all the amendments moved excepting Amendment Nos. 3, 4, 6, 7 and 8 on which I understand division will be demanded.

The motion of Shri Aswini Roy that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(১) নিত্যপ্রয়োজনীয় জিনিসের দরের সঙ্গে সমতা রক্ষা ক'রে ফসলের ন্যায্য মূল্য নির্ধারণ ও কৃষককে উৎসাহজনক মূল্য দেওয়ার উল্লেখ নাই ; এবং

(২) শ্রমিক কর্মচারিদের ন্যায্যমূল্যে খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় জিনিস সরবরাহে উল্লেখ নাই।" was then put and lost.

The motion of Shri Gobinda Chatterjee that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

'কিন্তু দুঃখের বিষয় যে, মহামান্য রাজ্যপালের ভাষণের ৪২ নং প্যারায় "পৌর কর্মীদের বেতন ও ভাতা সম্বন্ধে আমার সরকার বেতন কমিটির সুপারিশগুলি কার্যে পরিণত করেছেন এবং তার ফলে পৌর কর্মীদের বেতমক্রম ও চাকরিগত সুযোগসুবিধা রাজ্য সরকারের কর্মচারিদের সমপর্যায়ে উন্নীত হয়েছে" বলে যা বলা হয়েছে তা সঠিক নয়।' was then put and lost.

The motion of Shri Girija Bhusan Mukherjee that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় যে, মাননীয় রাজ্যপালের ভাষণে—

(১) ক্লোজার, লক-আউট ও লে-অফের ব্যাপারে ভারত সরকার কর্তৃক শিল্প-বিরোধ আইনে যে গুরুত্বপূর্ণ সংশোধন করেছেন,

(২) কত জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে রূপান্তরিত করা হয়েছে, এবং

(৩) এই রাজ্য কত পরিমাণ খাদ্য সংগৃহীত হয়েছে এবং কত পরিমাণ খাদ্য বিধিবদ্ধ রেশনিং ও মডিফায়েড রেশনিং-এর মাধ্যমে বিতরণ করা হয়েছে তার কোনও উল্লেখ নাই।" was then put and lost.

The motion of Shri Shish Mohammad that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় যে—

(ক) শিল্পে ক্লোজার, লে-অফ এবং ছাঁটাই-এর হেতু ক্রমবর্ধমান বেকারি ও তাহার সমাধানের কথা ;

(খ) নূতন শিক্ষাক্রম চালু করিয়া সমগ্র শিক্ষাব্যবস্থাকে লইয়া ছিনিমিনি খেলা হইতেছে এবং শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের সৃষ্টি হইয়াছে, তাহার কোনও ইঙ্গিত ;

(গ) শিক্ষকদের বেতন প্রতি মাসের ১লা তারিখে দেওয়া অবশ্যকর্তব্য এইরূপ কোনও আভাস ;

(ঘ) দুঃস্থ ও রুগ্ন চা-বাগিচাগুলির উন্নয়নের কোনওরূপ ইঙ্গিত দেওয়া হয়নি।

(ঙ) পশ্চিমবঙ্গে বেকার সমস্যা সমাধানে সরকার ব্যর্থ হইয়াছে—এই কথার স্বীকৃতি;

(চ) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে সরকার দলীয় নীতির উর্ধ্বে উঠিয়া কাজ করিতে পারেন নাই—এ কথা স্বীকার করিতে মহাশয় রাজ্যপাল যে অক্ষম তাহার উল্লেখ ;

(ছ) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থা ভাঙ্গিয়া পড়িয়াছে—ইহার স্বীকৃতি ;

(জ) ১৯৭৫ সালের প্রথম দিকে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ঘোষিত মাধ্যমিক শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের নূতন বেতন হার এবং প্রাথমিক শিক্ষকদের নূতন বেতন হার চালু করিতে সরকার আজিও অক্ষম—ইহার স্বীকৃতি ;

(ঝ) মুর্শিদাবাদ জেলার ফরাক্কা ব্যারাজ হইতে ফিডার ক্যানেলে জল ছাড়ার ফলে জঙ্গিপুর মহকুমার ৫৫টি মৌজার কৃষি জমি বিগত এক বৎসর যাবৎ প্লাবিত হইয়া থাকিবার ফলে ঐ মহকুমার ১.১৫ লক্ষ লোক যে দুঃখকষ্টের মধ্য দিয়া দিন যাপন করিতেছে, তাহাদের সাহায্যকল্পে এবং জল নিষ্কাশনের ব্যবস্থাকল্পে সরকার অগ্রসর হইতে অক্ষম হইয়াছেন তাহার স্বীকৃতি ; এবং

(ঞ) পাটের দর নিম্নমুখী হওয়ায় গ্রামবাংলার পাটচাষীদের অবস্থা অত্যন্ত সঙ্কটজনক—এ কথার স্বীকৃতি ;

রাজ্যপালের ভাষণে নাই।"

[26th February, 1976]

was then put and a divison taken with the following result :—

NOES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Anwar Ali, Shri Sk.
Bapuli, Shri Satya Ranjan
Basu, Shri Supriyo
Bauri, Shri Durgadas
Bharati, Shri Ananta Kumar
Bhattacharya, Shri Keshab Chandra
Bhattacharyya, Shri Pradip
Bose, Shri Lakshmi Kanta
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Tapan
Chattopadhay, Shri Sukumar
Das, Shri Bijoy
Das, Shri Sundhir Chandra
Deshmukh, Shri Netai
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Ghose, Shri Sankar
Ghosh, Shri Nitai Panda
Ghosh, Shri Tarun Kanti
Ghosh Moulik, Shri Sunil Mohon
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Halder, Shri Harendra Nath
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shri Patrash
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Kar, Shri Sunil
Khan, Shri Gurupada

Khan, Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
Lakra, Shri Denis
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Ram Krishna
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Mahbubul Haque, Shri
Majhi, Shri Rup Sing
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Arabinda
Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mitra, Shri Somendra Nath
Mohammad Dedar Baksh, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Molla, Tasmatulla, Shri
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar
Mukhrjee, Shri Sanat Kumar
Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhedu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Ardhendu Sekhar
Paik, Shri Bimal
Palit, Shri Pradip Kumar
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Paul, Shri Bhawani
Pramanick, Shri Gangadhar

Pramanik, Shri Monoranjan
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Mrigendra Narayan
Saha, Shri Dwija Pada
Saren, Shrimati Amala
Sarkar, Shri Jogesh Chandra
Sen, Dr. Anupam
Sen, Shri Bholanath
Shaw, Shri Sachi Nandan
Seth, Shri Balai Lal
Singhababu, Shri Phani Bhusan
Sinha, Shri Debendra Nath
Sinha Roy, Shri Bhawani Prasad
Trikey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni

AYES

Shish Mohammad, Shri

The Ayes being 1 and the Noes 83 the motion was lost.

The motion of Shrimati Ila Mitra that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় যে, মাননীয় রাজ্যপালের ভাষণে নিম্নোক্ত বিষয়সমূহের কোনও উল্লেখ নাই ঃ—

(১) সমগ্র দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরুদ্ধে সাম্রাজ্যবাদীদের বিশেষ করে মার্কিন সাম্রাজ্যবাদের নয়া ঔপনিবেশিক চক্রান্ত এবং তাদের সহযোগী অভ্যন্তরীণ দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার গণতন্ত্রবিরোধী চক্রান্ত ;

(২) রাজ্যের অভ্যন্তরে দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার সামাজিক ভিত্তির বিরুদ্ধে সংগ্রাম ও তার জন্য জনসমাবেশে সরকারের ব্যর্থতা ;

(৩) জরুরি অবস্থায় ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য দেশপ্রেমিক জনতা বিশেষ করে গ্রামীণ জনগণকে উৎসাহিত করে সক্রিয়ভাবে অংশগ্রহণ করানোতে সরকারের ব্যর্থতা ;

(৪) ২০ দফা কর্মসূচির সার্থক রূপায়ণের জন্য সম্পূর্ণভাবে আমলাদের উপর নির্ভরতা;

(৫) জরুরি অবস্থার অপব্যবহারের বিরুদ্ধে সরকারের নীরবতা ;

(৬) পৌর কর্মীদের ৫০ বৎসর বয়স পূর্ণ হ'লে জরুরি অবস্থার সুযোগে তাদের খুশিমতো বাধ্যতামূলক অবসর গ্রহণে বাধ্য করার জন্য পৌর কর্তৃপক্ষকে অবাধ ক্ষমতা দেওয়া ;

(৭) জরুরি অবস্থায় সম্পত্তির বিকৃতিসাধন নিবারণের অজুহাত দিয়ে দীর্ঘদিনের সংগ্রামে অর্জিত গণতান্ত্রিক অধিকার হরণ ;

(৮) ১৯৭৪-৭৫ সালে খাদ্য সংগ্রহের ক্ষেত্রে সরকারের চরম ব্যর্থতা ও জোতদার মিলমালিকদের কাছে আত্মসমর্পণ ;

(৯) ১৯৭৫-৭৬ সালের খরিফ মরশুমে প্রচুর ফলন হওয়া সত্ত্বেও খাদ্যসংগ্রহের লক্ষ্যমাত্রা মাত্র ৩ লক্ষ টন নির্ধারণ করে কায়েমি স্বার্থকে খুশি রাখা ;

(১০) সমগ্র রাজ্য জুড়ে জরুরি অবস্থার অপব্যবহার করে শ্রমিক-কর্মচারিদের উপর মালিকপক্ষের আক্রমণের সময় সরকারের নীরব দর্শকের ভূমিকা পালন ;

(১১) অন্যায়ভাবে লক-আউট, ক্লোজার, ছাঁটাই, স্বাস্থ্যপরীক্ষার অজুহাতে বাধ্যতামূলক অবসরগ্রহণ করানো সত্ত্বেও প্রতিবিধানে সরকারের ব্যর্থতা ;

(১২) রাজ্যের বিভিন্ন কলকারখানায় হাজার হাজার শ্রমিক-কর্মচারীকে লে-অফ ক'রে এমন কি লে-অফ-এর দরুণ প্রাপ্য টাকা দিতে মালিক শ্রেণীর অস্বীকৃতির ব্যাপারে সরকারের নীরবতা ;

(১৩) ১৯৭৫ সালের ৩১এ ডিসেম্বরের মধ্যে রাজ্যের সমস্ত লক-আউট, লে-অফ, ক্লোজার, ছাঁটাই ও ধর্মঘট প্রত্যাহার করা হবে এই মর্মে রাজ্য অ্যাপেক্স বডির সর্বসম্মত সিদ্ধান্ত কার্যকর করতে সরকারের ব্যর্থতা ;

(১৪) শ্রমিক-কর্মচারী প্রভিডেন্ট ফান্ড ও ই এস আই স্কীমে মালিকদের দেয় টাকা এমনকি শ্রমিক-কর্মচারিদের কাছ থেকে কেটে নেওয়া লক্ষ লক্ষ টাকা জমা না দেওয়া সত্ত্বেও মালিকদের উপযুক্ত শাস্তি না দেওয়া ;

(১৫) রাজ্যের বেকার সমস্যার ভয়াবহ বৃদ্ধি ও তার প্রতিকারের জন্য কোনও সার্বিক পরিকল্পনা ;

(১৬) জরুরি অবস্থার মধ্যে মিসার ব্যাপক অপপ্রয়োগ ;

(১৭) রাজ্যের প্রশাসনে ও পুলিশের মধ্যে ঘুস, দুর্নীতি বৃদ্ধি ;

(১৮) ন্যূনতম মজুরি আইন কার্যকর করতে ব্যর্থতা ;

(১৯) ২০ দফা কর্মসূচি রূপায়ণের আন্দোলনকে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত করছে যে অসংখ্য পুলিশি মিথ্যা মামলা সেগুলি রোধ করতে সরকারের ব্যর্থতা ;

(২০) জোতদার-আমলা-পুলিশের আক্রমণের হাত থেকে ক্ষেতমজুর ও ভাগচাষীদের রক্ষা করতে সরকারের ব্যর্থতা ;

(২১) অভাবি জমি বিক্রয় আইন কার্যকর করতে সরকারের ব্যর্থতা ;

(২২) গৃহহীনদের গৃহ দেবার জন্য উপযুক্ত জমি দখল দিতে ও গৃহনির্মাণ করতে সরকারের ব্যর্থতা ;

(২৩) পাট, আলু প্রভৃতি অর্থকরি ফসলের ন্যায্য দর পেতে কৃষকদের উপযুক্ত সাহায্য করতে সরকারের ব্যর্থতা ;

(২৪) উৎপাদনের জন্য ও মহাজনদের কবল থেকে দরিদ্র ও মাঝারি কৃষককে জাতীয়কৃত ব্যাঙ্ক থেকে উপযুক্ত ঋণ পাইয়ে দিতে সরকারের ব্যর্থতা ;

(২৫) সেচকর বৃদ্ধি লেভি-বহির্ভূত গরিব চাষীদের উপর 'স্বেচ্ছা-লেভির' নামে জবরদস্তি ধান আদায়, বর্ধিত খাজনা, এমন কি বহু সেচ-বিহীন জমিতেও তিন গুণ সেচকর আদায় প্রভৃতি নানাবিধ চাপের মধ্যে কয়েক বছরের বাকিবকেয়া সমস্ত সরকারি ঋণ চক্রবৃদ্ধিহারে সুদ সহ এককালীন আদায়ের জন্য দরিদ্র ও ক্ষুদ্র কৃষকদের উপর জুলুম রোধে সরকারি ব্যর্থতা ;

(২৬) খাদ্যশস্য ব্যতীত অপরাপর নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র ন্যায্যমূল্যে সরবরাহ নিশ্চিত করায় সরকারের ব্যর্থতা ;

(২৭) অর্থলোভ উদ্বৃত্ত জমি ফাঁকি দেবার ও ভাগচাষী উচ্ছেদের উদ্দেশ্যে ধানচাষের জমিকে ব্যাপকভাবে বেআইনি মেছোঘেরিতে পরিণত ক'রে সেচ ও জলনিকাশি ব্যবস্থাকে বিপর্যস্ত করারএবং ভাগচাষী ও পার্শ্ববর্তী ক্ষুদ্র রায়ত চাষীদের বিপন্ন করার জোতদারি চক্রান্ত ব্যর্থ করতে সরকারের ব্যর্থতা ;

(২৮) বৃহৎ ব্যবসায়ী ও মহাজনদের কবল থেকে ক্ষুদ্র কুটিরশিল্পিদের রক্ষা করতে সরকারের ব্যর্থতা ;

(২৯) বর্তমানে শিক্ষা সঙ্কট দূরীকরণে সরকারের ব্যর্থতা ;

(৩০) বর্তমানে শ্রেণীভিত্তিক বাছাই শিক্ষাব্যবস্থা দূর করা ও তার বদলে গণতান্ত্রিক, বৈজ্ঞানিক, জনগণমুখী শিক্ষাব্যবস্থা প্রবর্তনে সরকারের ব্যর্থতা ;

(৩১) শিক্ষার জাতীয়করণ ও গণতন্ত্রীকরণে সরকারের ব্যর্থতা ;

(৩২) শিক্ষাক্ষেত্রে নয়া-ঔপনিবেশিক অনুপ্রবেশের বিরুদ্ধে সংগ্রামে সরকারের ব্যর্থতা ;

(৩৩) শিক্ষাক্ষেত্রে নির্দিষ্ট সময়ে পরীক্ষা গ্রহণ ও ফলপ্রকাশ নিশ্চিত করায় সরকারের ব্যর্থতা ;

(৩৪) জীবিকা নির্বাহের জন্য কোনও বিকল্প ব্যবস্থা না ক'রেই দুঃস্থ হকারদের এবং বিভিন্ন গ্রাম ও শহরে জবর-দখল হঠানোর নামে অপ্রয়োজনীয় সরকারি ও পৌর জমি থেকে নির্বিচারে ব্যাপক উচ্ছেদ রোধে সরকারি ব্যর্থতা ;

(৩৫) ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য বহু ক্ষেত্রে রাজ্য সরকারি কর্মচারিরা সরকারের সহয়তায় সক্রিয়ভাবে এগিয়ে এলেও সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ্য ভাতা দিতে সরকারের ব্যর্থতা ; এবং

(৩৬) আন্তর্জাতিক নারীবর্ষের পটভূমিকায় জাতীয় উন্নয়নের নারীর উপযুক্ত ভূমিকা গ্রহণের জন্য মেয়েদের শিক্ষা ও জীবিকা অর্জনের ব্যাপকতর সুযোগ দানে সরকারের ব্যর্থতা।"

was then put and a division taken with the following result :—

NOES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Anwar Ali, Shri Sk.
Bapuli, Shri Satya Ranjan
Basu, Shri Supriyo
Bauri, Shri Durgadas
Bharati, Shri Ananta Kumar
Bhattacharya, Shri Keshab Chandra
Bhattacharyya, Shri Pradip
Bose, Shri Lakshmi Kanta
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Tapan
Chattopadhay, Shri Sukumar
Das, Shri Bijoy
Das, Shri Sundhir Chandra
Deshmukh, Shri Netai
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Ghose, Shri Sankar
Ghosh, Shri Nitai Panda
Ghosh Moulik, Shri Sunil Mohon
Gyan Singh, Shri Sohanpal

Habibur Rahaman, Shri
Halder, Shri Harendra Nath
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shri Patrash
Hembram, Shri Kamala Kanta
Hore, Shri Sisir Kumar
Kar, Shri Sunil
Khan, Shri Gurupada
Khan, Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
Lakra, Shri Denis
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Ram Krishna
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitram
Mahbubul Haque, Shri
Majhi, Shri Rup Sing
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Arabinda
Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mitra, Shri Somendra Nath
Mohammad Dedar Baksh, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Molla, Tasmatulla, Shri
Mondal, Shri Amarendra
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar
Mukhrjee, Shri Sanat Kumar

Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhedu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Ardhendu Sekhar
Paik, Shri Bimal
Palit, Shri Pradip Kumar
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Paul, Shri Bhawani
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Madhu Sudan
Saha, Shri Dwija Pada
Saren, Shrimati Amala
Sarkar, Shri Jogesh Chandra
Sen, Dr. Anupam
Sen, Shri Bholanath
Shaw, Shri Sachi Nandan
Sheth, Shri Balai Lal
Singhababu, Shri Phani Bhusan
Sinha, Shri Debendra Nath
Sinha Roy, Shri Bhawani Prasad
Trikey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni

AYES

Bhattacharjee, Shri Shibapada
Bhattacharyya, Shri Harasankar
Chakrabarti, Shri Biswanath
Chatterjee, Shri Gobinda
Dhar, Shri Sachindra Kumar
Ganguly, Shri Ajit Kumar

Ghosal Shri Satya
Shish Mohammad, Shri
Karan, Shri Rabindara Nath
Lahiri, Shri Somnath
Mitra, Shrimati Ila
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shrimati Geeta
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Omar Ali Dr. Sk.
Panda, Shri Bhupal Chandra
Roy, Shri Aswini Kumar
Roy, Shri Saroj
Sinha, Shri Nirmal Krishna
Soren, Shri Jairam

The Ayes being 20 and the Noes 81 the motion was lost.

The motion of Shri Braja Kishore Maity that 'রাজ্যপালকে তাহার ভাষণে প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সম্ভাষণ পাঠানো হউক ঃ

"পশ্চিমবঙ্গ বিধানসভায় ২০শে ফেব্রুয়ারি, ১৯৭৬ তারিখের অধিবেশনের মহামান রাজ্যপাল যে আশাব্যঞ্জক এবং উৎকৃষ্ট ভাষণ প্রদান করিয়াছেন তজ্জন্য আমরা এই সভা সদস্যগণ তাহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।"।'

was then put and a division taken with the following result :—

AYES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Anwar Ali, Shri Sk.
Bapuli, Shri Satya Ranjan
Basu, Shri Supriyo
Bauri, Shri Durgadas
Bharati, Shri Ananta Kumar
Bhattacharya, Shri Keshab Chandra
Bhattacharyya, Shri Pradip
Bose, Shri Lakshmi Kanta
Chakravarty, Shri Bhabataran

Chatterjee, Shri Tapan
Chattopadhay, Shri Sukumar
Das, Shri Bijoy
Das, Shri Sundhir Chandra
Deshmukh, Shri Netai
Ekramul Haque Biswas, Shri
Ghose, Shri Sankar
Ghosh, Shri Nitai Pada
Ghosh, Shri Tarun Kanti
Ghosh Moulik, Shri Sunil Mohon
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Halder, Shri Harendra Nath
Hembrom, Shri Patrash
Hembram, Shri Kamala Kanta
Hore, Shri Sisir Kumar
Kar, Shri Sunil
Khan, Shri Gurupada
Khan, Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
Lakra, Shri Denis
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Ram Krishna
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Majhi, Shri Rup Sing
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Arabinda
Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath

Mitra, Shri Haridas
Mitra, Shri Somendra Nath
Mohammad Dedar Baksh, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Molla, Tasmatulla, Shri
Motahar Hossain, Dr.
Mukhrjee, Shri Sanat Kumar
Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhedu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Ardhendu Sekhar
Paik, Shri Bimal
Palit, Shri Pradip Kumar
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Paul, Shri Bhawani
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Mrigendra Narayan
Roy, Shri Suvendu
Saha, Shri Dwija Pada
Saren, Shrimati Amala
Sarkar, Shri Jogesh Chandra
Sen, Dr. Anupam
Sen, Shri Bholanath
Shaw, Shri Sachi Nandan
Seth, Shri Balai Lal
Singhababu, Shri Phani Bhusan
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prasad

Trikey, Shri Iswar Chandra

Topno, Shri Antoni

NOES

Bhattacharjee, Shri Shibapada

Bhattacharyya, Shri Harasankar

Chakrabarti, Shri Biswanath

Chatterjee, Shri Gobinda

Dhar, Shri Sachindra Kumar

Ganguly, Shri Ajit Kumar

Ghosal Shri Satya

Ghosh, Shri Sisir Kumar

Karan, Shri Rabindra Nath

Lahiri, Shri Somnath

Mitra, Shrimati Ila

Mukherjee, Shri Biswanath

Mukhopadhyaya, Shrimati Geeta

Mukhopadhyaya, Shri Girija Bhusan

Omar Ali Dr. Sk.

Panda, Shri Bhupal Chandra

Roy, Shri Aswini Kumar

Roy, Shri Saroj

Shish Mohammad, Shri

Sinha, Shri Nirmal Krishna

Soren, Shri Jairam

The Ayes being 81 and the Noes 21 the motion was carried.

Adjournment

The House was thn adjourned at 6.39 p.m. till 1 p.m on Friday, the 27th February, 1976 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 27th February, 1976 at 1.00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 9 Ministers, 4 Ministers of State, 1 Deputy Minister and 100 Members.

[1-00 — 1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath)

Starred Questions
(to which oral answers were given)

Panchayats in the 20-Point Economic Programme

*44. (Admitted question No. *60.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Panchayats Department be pleased to state the steps taken for involving the Panchayats in implementing the 20-Point Economic Programme ?

Shri Rajani Kanta Doloi : Sir, the Minister-in-charge is not present.

Mr. Speaker : I am sending information to him. In the meantime I take up the next question.

Dr. Zainal Abedin : Sir, if you permit I may read the answer.

Mr. Speaker : All right, I give you the permission.

ডাঃ জয়নাল আবেদিন ঃ ভারতের প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ২০-দফা অর্থনৈতিক কর্মসূচি রূপায়ণে পঞ্চায়েতকে সংযুক্ত করার উদ্দেশ্যে নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে ঃ

(১) ভূমিহীনদের মধ্যে উদ্বৃত্ত কৃষি ও বাস্তু জমি বন্টন এবং জমি হস্তান্তর সম্পর্কিত বিরোধ নিষ্পত্তির ব্যাপারে জনসাধারণকে সচেতন ও অনুপ্রাণিত করার কাজে পশ্চিমবঙ্গে পঞ্চায়েতিরাজ সংস্থাগুলি নিজেদের যুক্ত করেছেন।

(২) কিছু কিছু নির্বাচিত এলাকায় ক্ষুদ্রচাষী উন্নয়নসংস্থার অধীনে কৃষি উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে পঞ্চায়েত সমষ্টি সেচ প্রকল্প হাতে নিয়েছে ; এরজন্য শতকরা ৫০

ভাগ অর্থ জাতীয় ব্যাঙ্ক থেকে ঋণ হিসাবে পাওয়া গেছে, এবং বাকি ৫০ ভাগ কেন্দ্রীয় সরকার ভরতুকি হিসাবে দিয়েছেন।

(৩) পঞ্চায়েত কর ফাঁকি রোধ ও কর প্রদানে দীর্ঘ অবহেলা দূর করার উদ্দেশ্যে বকেয়া কর আদায়ের এক বিশেষ অভিযান আরম্ভ করা হয়েছে। এর ফলে, আশা করা যায়, এ রাজ্যে এক কোটি টাকার মতো বকেয়া পঞ্চায়েত কর সংগৃহীত হবে। এই ব্যাপারে গত বছরের আগস্ট মাসে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট সকলের কাছে একটি আবেদন প্রচার করেছেন।

(৪) পঞ্চায়েতগুলি তাদের সীমিত সংস্থান থেকে দরিদ্র জনসাধারণের মধ্যে বই, শ্লেট এবং পেন্সিল বিতরণ শুরু করেছেন ; হাওড়া জিলায় এই প্রকল্প চালু হচ্ছে।

(৫) পঞ্চায়েতের মাধ্যমে স্থানীয় নেতৃত্ব বিকাশ প্রকল্পের অধীনে গ্রামাঞ্চলের ভূমিহীন শ্রমিকদের কল্যাণে আঞ্চলিক দক্ষতা ও কারিগরি জ্ঞান স্থানান্তর ও সম্প্রসারণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বকেয়া কর আদায়, ২০ দফা কর্মসূচির কত নম্বর ধারার মধ্যে আছে বলবেন কি?

ডাঃ জয়নাল আবেদিন ঃ কালকে মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তৃতায় বলছেন যে ২০ দফা কর্মসূচি হচ্ছে একটা জিস্ট এর মধ্যে আরও অনেক দফা আছে। আমরা মনে করি নাগরিকদেব দায়-দায়িত্ব মূল কথা। এই স্পিরিটি এর ভিতর ইমপ্লায়েট।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ ক্ষেত মজুরদের নিম্নতম মজুরি আর বকেয়া কর আদায় এটা কি পঞ্চায়েতদের উপর ভার দেওয়া হয়েছে?

ডাঃ জয়নাল আবেদিন ঃ ব্লক লেবেলে আ্যাডমিনিস্ট্রেটিভ উইং সেট আপ করছি। মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর নিয়োগ করা হচ্ছে। তবে এটা বলতে পারি জিনিসটা সবই বিবেচনাধীন আছে।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কিনা যে পঞ্চায়েত অ্যাক্ট-এ হোল্ডিং ট্যাক্স আদায় করা যায় এর সঙ্গে ২০ দফা কর্মসূচির সঙ্গে কোনও সংস্পর্শ নেই। পঞ্চায়েত অ্যাসেসমেন্ট করবে পঞ্চায়েত কর আদায় করবে। ২০ দফা কর্মসূচির মধ্যে এটা কেন আনা হচ্ছে জানি না।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ ১২ নম্বর আইনে কালেকশন অব পেন্টিং ট্যাক্স-এ পরিষ্কার ভাবে বলা আছে। সুতরাং ১২ নম্বর আইটেমে নিশ্চয়ই দায়িত্ব এসে যায়।

শ্রী সরোজ রায় ঃ পঞ্চায়েতকে দিয়ে কর আদায়ের কথা বলেছেন। আমার প্রশ্ন হল মাননীয় মন্ত্রী মহাশয় কি বিবেচনা করেছেন যে এই কর আদায় পঞ্চায়েতের হাতে না দিয়ে অন্য কোনও উইং দিয়ে কর আদায় করবেন ভাবছেন?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : এখনও চিন্তা করি নি।

মিসা ও ভারতরক্ষা আইনে গ্রেপ্তার

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩।) **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৪ সাল হইতে ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত কতজন ব্যক্তিকে কি কি অপরাধে মিসায় ও ভারতরক্ষা আইনে আটক করা হইয়াছে ·

(খ) ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত কতজন মিসায় আটক ব্যক্তিকে মুক্তি দেওয়া হইয়াছে ; এবং

(গ) তন্মধ্যে মহামান্য হাইকোর্ট এবং জেলায় কোর্টগুলির আদেশে কতজন মুক্তি লাভ করিয়াছে?

ডঃ মোতাহার হোসেন :

(ক) রাজ্যের নিরাপত্তা অথবা জন-শৃঙ্খলা রক্ষার পক্ষে হানিকর কাজ, জনসাধারণের পক্ষে অত্যাবশ্যকীয় দ্রব্য সামগ্রী সরবরাহ বা কাজ চালুর রাখার পক্ষে হানিকর কাজ ইত্যাদির জন্য ১৯৭৪ সালের জানুয়ারি মাস হইতে ১৯৭৫ সালের জানুয়ারি মাস পর্যন্ত মোট ৯০৩৭ জনকে মিসায় আটক করা হইয়াছে।

ভারত রক্ষা এবং অভ্যন্তরীণ নিরাপত্তা বিধিতে নিবর্তনমূলক আটকের ব্যবস্থা নাই। যাহা হউক এই বিধিতে গ্রেপ্তারের তথ্য সংগ্রহ করা হইতেছে।

(খ) ১১,৭৯৩ জন।

(গ) হাইকোর্টের আদেশে ৩,৮৭৬ জন। জেলা কোর্ট কোনও বন্দির মুক্তির আদেশ দেননি।

[1-10 — 1-20 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে আটক সংখ্যা এর মধ্যে কালোবাজারির সঙ্গে যুক্ত এই রকম কালোবাজারি কতজন ব্যক্তিকে আটক করা হয়েছে?

ডাঃ মোতাহার হোসেন : এই সময়ে ৬,৪৬২ জনকে দেশের নিরাপত্তা এবং শৃঙ্খলা রক্ষার জন্য ২,৫০৮ জনকে এসেন্সিয়াল কমোডিটিস এবং মিশায় আটক করা হয়েছে।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কোন কোন জেলায় কতজনকে অ্যারেস্ট করা হয়েছে?

ডাঃ মোতাহার হোসেন : জেলা ভিত্তিক সংখ্যা আমার কাছে নেই, নোটিশ দিলে বলতে পারব।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কি, এই যে মিশা আইনে যেমন ন্যায্য গ্রেপ্তার করা হয়েছে কিন্তু এমন অনেক ঘটনা আছে যেখানে মিশার অপপ্রয়োগ হয়েছে এবং বিধানসভায় এই রকম অনেকগুলি ঘটনা ইতিমধ্যেই উল্লিখিত হয়েছে—

ডাঃ মোতাহার হোসেন ঃ এই ধরনের কোনও সংবাদ আমাদের কাছে আসে নি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কোনও সংবাদ আসে নি কেন জানি না তবে এই রকম ঘটনা বিধানসভায় উল্লিখিত হয়েছে তা এখানকার রেকর্ড দেখলেই জানতে পারবেন। এবং এই ব্যাপারে কি ব্যবস্থা নেবেন?

ডাঃ মোতাহার হোসেন ঃ অন্যায় ভাবে কাউকে গ্রেপ্তার করা হয়েছে এই রকম ঘটনা ঘটেনি।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ অকেশনাল রিভিউ করবার যে সিস্টেম ছিল সেটা এখনও চালু আছে কি?

ডাঃ মোতাহার হোসেন ঃ হ্যাঁ, চালু আছে।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ কতদিন পর পর রিভিউ করা হয়?

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় সদস্য জানেন যে আগে নরমাল মিশায় যাদের গ্রেপ্তার করা হয়েছে সেখানে আমরা পিরিয়োডিক্যাল রিভিউ করি না, তবে আমাদের সরকার যারা বহুদিন ধরে ডিটেনশনে আছে তাদের সুয়োমোটো রিভিউ করেন। ইমার্জেন্সির পরে যাদের আটক করা হয় তাদের ৪ মাস অন্তর রিভিউ করার পদ্ধতি আছে।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ মন্ত্রী মহাশয় (ক)-র উত্তরে বলেছেন ৯,০৩৭ জন, মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যারা নির্দিষ্ট তারিখের মধ্যে কালো টাকার হিসাব দাখিল করেনি তাদের কি মিশায় গ্রেপ্তার করা হয়েছে?

ডাঃ মোতাহার হোসেন ঃ তাদের COFEPOSA-তে গ্রেপ্তার করা হয়, মিশায় করা হয় না।

কলকাতা পৌরসভার পরিচালন ব্যবস্থা

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** স্বায়ত্তশাসন বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নাগরিকদের স্বার্থে কলকাতা কর্পোরেশনের পরিচালন ব্যবস্থাকে উন্নত করার জন্য কর্পোরেশনের শ্রমিক কর্মচারীদের সক্রিয় সহযোগিতা লাভের কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, সেগুলি কি এবং কবে চালু হবে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় :

(ক) হ্যাঁ।

(খ) কর্পোরেশনের বাতিলাবস্থায় ইহার পরিচালন ব্যবস্থাকে উন্নত করার জন্য একটি অ্যাডমিনিস্ট্রিটিভ কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিতে কর্মচারিদের কয়েকজন প্রতিনিধি আছেন। এই কমিটি এ পর্যন্ত কয়েকবার মিলিত হয়েছেন। উন্নত পৌর কার্যের জন্য একজন শ্রমিক নেতাকে কম্পারভেন্সি বিভাগের উচ্চ পদে নিয়োগ করা হয়েছে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : এ কথা কি সত্য যে এই অ্যাডমিনিস্ট্রেটিভ কমিটি '৭৩ সালের জানুয়ারিতে তৈরি হওয়ায় '৭৩ সালে মাত্র দুটি সভা হয়েছিল কিন্তু '৭৪ সালে এই কমিটি থাকা সত্ত্বেও আজ পর্যন্ত এর কোনও আর সভা ডাকা হয়নি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : এই সরকার আমরা অধিগ্রহণ করার পর থেকে মোটামুটিভাবে এবং গুরুত্বপূর্ণ ব্যাপারে শ্রমিক কর্মচারিদের মতামত আমরা গ্রহণ করি। এটা ঠিক যে ফরমালি হয়ত মিটিং করা সম্ভব হয়নি, ইনফরমালি এই কমিটির সঙ্গে অন্তত মাসে কম করে একবার বৈঠক করি এবং এইভাবে গুরুত্বপূর্ণ সমস্যাগুলি সমাধান করার চেষ্টা করা হয়।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : মন্ত্রী মহাশয় আগেই বললেন যে অ্যাডমিনিস্ট্রিটিভ কমিটিটাই হচ্ছে সেই রূপ। তারপর অবশ্য তিনি বললেন ইনফর্মালি তিনি ওদের সঙ্গে মিট করতেন, খুবই আনন্দের কথা। কিন্তু ফরমালি একটা যন্ত্র থাকা সত্ত্বেও তাকে কেন দৈনন্দিন প্রশাসনে অ্যাসোসিয়েট করার জন্য ব্যবহার করা হয়নি সে বিষয়ে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে কোনও স্যাটিসফ্যাক্টরি জবাব পেলাম না। দ্বিতীয়ত ইমার্জেন্সির পরে ক্লার্কস ইউনিয়ন পাবলিক ইউটিলিটিতে যাতে আরও ভালভাবে অংশগ্রহণ করতে পারে তারজন্য তারা কমিশনারকে একটা চিঠি দেয় এবং তাদের বলেন যে তোমরা আমার সঙ্গে দেখা করে তোমাদের সাজেশন দাও ২৮ তারিখে। তারা অনেকগুলি সাজেশন দেয় ইনক্লুডিং অ্যাডমিনেস্ট্রিটিভ কমিটির ফাংশন সম্বন্ধেও কিন্তু তার জবাব পর্যন্ত এখনও পায়নি। মন্ত্রী মহাশয় জানাবেন কি, কি পরিস্থিতিতে এটা কন্ডিউসিভ কিনা এদের সাহায্য নেবার দিক থেকে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : এটা তো কথা যে—ইম্প্রুভমেন্ট করার জন্য অনেক সাজেশন আছে, সেই সাজেশন দেশের এবং আন্তর্জাতিকভাবে আছে, এখন দরকার হচ্ছে কাজে সেটা ইমপ্লিমেন্ট করার। সুতরাং শহরকে উন্নত করার জন্য, প্রশাসনকে উন্নত করার জন্য প্রচুর রকম সাজেশন যদি বিভিন্ন ইউনিয়ন থেকে আসতে থাকে—৯০টি ইউনিয়ন আছে, প্রতিটি ইউনিয়ন থেকেই যদি এই সাজেশন আসে, আমি মনে করি না যে এই ৯০টি ইউনিয়ন-এর পক্ষ থেকে যা বলা হয় তা সব নেওয়া সম্ভব হবে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : অ্যাডমিনিস্ট্রেটিভ কমিটি করেছেন কাজ করবার জন্য, এখন শ্রমিকদের পক্ষ থেকে যে সুপারিশ রাখছে সেগুলি কমিটি মারফত নেওয়ার দিক থেকে ব্যবস্থা কিছু করা হয়েছে কিনা দয়া করে জানাবেন কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : আমি বলেছি যে কমিটির মধ্যে একজন কর্মচারী শ্রমিকদের রিপ্রেজেন্টেটিভ, তাকে একটি উচ্চ পদে নিয়োগ করে দিয়েছি এবং তাকে কর্তৃপক্ষের মধ্যে নিয়ে নিয়েছি। সুতরাং আশা করছি এতে ভাল কাজই হবে। যেখানে ডাইরেক্ট সরকারি এবং আধা সরকারি কোনও সংগঠন আছে যেখানে সরাসরি নিযুক্ত থেকে কাজ করতে পারে? তবে আপনার সঙ্গে আমি একমত যে অ্যাডমিনিস্ট্রেটিভ কমিটিকে আরও বেশি যদি সক্রিয় করা যায় তাহলে নিশ্চয়ই করব।

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন কমিটি পরিচালনায় এবং প্রশাসন ব্যবস্থার সঙ্গে সহযোগিতা করার জন্য শ্রমিক কর্মচারীকে নিয়ে আমরা কমিটি করেছি, আমি জানতে চাই যে পৌর প্রতিষ্ঠানে যে সমস্ত ভূয়া কর্মচারী আছে, তাদের ধরার জন্য এই কর্মচারিরা কতটা সহযোগিতা করেছে বা কত লোককে ধরেছে?

মিঃ স্পিকার : এর জন্য নোটিশ দিন।

শ্রী অশ্বিনীকুমার রায় : এই যে দুবার কমিটির মিটিং হয়েছে তাতে উন্নয়নের জন্য কি কোনও সুপারিশ হয়েছে, যদি হয়ে থাকে সেগুলি একটু বিস্তৃতভাবে বলবেন কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : সুপারিশ কিছু কিছু করা হয় বিভিন্ন বিভাগ সম্বন্ধে—রাস্তা, কনজারভেন্সি ওয়ার্ক, কালেকশন, সমস্ত সুপারিশ এখানে আছে। সেই সব পেপার এখন আমার কাছে নাই, যে সমস্ত সুপারিশ আছে তার কিছু কিছু গ্রহণ করা হয়েছে এবং কিছুটা কাজও হচ্ছে।

বাঁকুড়া জেলায় রাস্তা পাকা করার কাজ

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭০।) **শ্রী ফণীভূষণ সিংহবাবু :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রতিটি বিধানসভা কেন্দ্রে ১২ মাইল পাকা রাস্তা করিবার কোনও পরিকল্পনা ছিল কিনা ;

(খ) থাকিলে, তাহা বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(গ) বাঁকুড়া জেলার কোনও কোনও বিধানসভা কেন্দ্রে উক্ত পরিকল্পনা কার্যকর করা হইয়াছে এবং কবে নাগাদ ঐ রাস্তাগুলির কাজ হইবে?

শ্রী ভোলানাথ সেন :

(ক) না। (খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

শ্রী ফণীভূষণ সিংহবাবু : মাননীয় মন্ত্রী মহাশয়ের বোধ হয় স্মরণ আছে যে ১৯৭৩-৭৪ সালে এই বিধানসভায় বলেছিলেন যে প্রতিটি বিধানসভা কেন্দ্রে ১২ মাইল করে পাকা রাস্তা করা হবে, সেজন্য এই বিষয়টার প্রতি আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এ সম্বন্ধে তিনি কিছু বলুন।

[1-20 — 1-30 p.m.] .

শ্রী ভোলনাথ সেন ঃ এটা ভুল হয়েছে তার কারণ "১২ মাইল" একথাটা কোনও জায়গায় নেই। আপনি প্রসিডিংস খুঁজে দেখবেন, একটা করে রাস্তা হবে বলেছি।

প্রশ্নটা যেভাবে আছে, আমি উত্তর ও সেইভাবে ঠিকই দিয়েছি। প্রশ্নে যদি আলাদাভাবে থাকে। তার জবাবও সেই ভাবে দেব।

শ্রী ফণীভূষণ সিংহবাবু ঃ মন্ত্রী মহাশয় বলছেন আমার প্রশ্নটা ঠিক নাই। আমি যে প্রশ্নগুলি করেছি আপনি স্যার পড়ে দেখবেন, ঠিকই আছে। আমার মনে হয় বিধানসভা সদস্যদের মনে আছে—তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে পাকা রাস্তা হবে। তার সে প্রতিশ্রুতি এখন কোথায় গেল? তিনি আমার প্রশ্নের উত্তরে 'না' বলে দিলেন। আমার প্রশ্নে ঠিকই আছে—সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ভোলানাথ সেন ঃ আমি পুনরায় তাকে স্মরণ করিয়ে দিতে চাচ্ছি—প্রশ্নের উত্তর দেবার সময় প্রশ্নটারই উত্তর দেওয়া হয়। আপনার প্রশ্নটা পড়ে দেখুন, তার উত্তর আমি যেটা দিয়েছি সেটাই ঠিক উত্তর দিয়েছি।

শ্রী ফণীভূষণ সিংহবাবু ঃ একটা করে রাস্তা হবে, সেই রাস্তা কি অবস্থায় আছে এবং পরিকল্পনাটা সর্বত্র কার্যকর হচ্ছে কিনা?

শ্রী ভোলানাথ সেন ঃ একটি করে রাস্তা হবার কথা ছিল ; কি অবস্থায় আছে তাব উত্তর দিতে গেলে আলাদা করে আবার প্রশ্ন করবেন।

শ্রী ফণীভূষণ সিংহবাবু ঃ আমার (খ) ও (গ) প্রশ্নে তো রয়েছে ; আবার আলাদা প্রশ্নের প্রয়োজন কি?

শ্রী ভোলানাথ সেন ঃ আপনাকে অনুরোধ করছি আপনার প্রশ্নটা দেখুন আপনার "ক" প্রশ্নের পরিপ্রেক্ষিতে "খ" ও "গ"—প্রশ্নের উত্তর ও না হয়ে যাচ্ছে। আপনার মূল প্রশ্নটা যদি অন্য রকম হত, তাহলে "খ" ও "গ" প্রশ্নের উত্তর ও অন্য রকম হত।

শ্রী কুমার দীপ্তি সেনগুপ্ত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন "ক" প্রশ্নের পরিপ্রেক্ষিতে "খ" ও "গ" প্রশ্নের উত্তর হচ্ছে। তিনি মনে করেন মন্ত্রীর যে বুদ্ধি আছে আমাদের তা নাই। তিনি মন্ত্রী হয়েছেন, আর আমরা এখানে সদস্য হয়ে রয়েছি। যেহেতু তিনি মন্ত্রী তাকে বলতে হবে। প্রতিটি বিধানসভা কেন্দ্রে পাকা রাস্তা হবার প্রতিশ্রুতি রয়েছে তা কি অবস্থায় রয়েছে? তার উত্তর জানা না থাকলে, তাকে বলতে হবে তিনি নোটিশ চান।

শ্রী ভোলানাথ সেন ঃ আমি জানি মাননীয় সদস্য একজন আইন ব্যবসায়ী তাই বলে তাকে বলছি তিন kindly প্রশ্নটা একটু দেখবেন "পশ্চিমবঙ্গে প্রতিটা বিধানসভা কেন্দ্রে ১২ মাইল পাকা রাস্তা করিবার কোন পরিকল্পনা ছিল কিনা, তার উত্তর না। আর থাকিলে, তাহা বর্তমানে কি অবস্থায় আছে। সুতরাং না থাকিলে আর কি অবস্থায় আছে যে প্রশ্ন ওঠে না।

শ্রী কুমার দীপ্তি সেনগুপ্ত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় মনে হইতেছে মহামান্য হাইকোর্টে argument করিতেছেন। আমাদের পশ্চিমবঙ্গের যেহেতু তিনি তা তিনি বাজেট বক্তৃতায় এই বিধানসভায় আশ্বাস দিয়ে ছিলেন এই রাস্তা তৈরি প্রসঙ্গে—সেটা কি অবস্থায় আছে তাহার উত্তরটা দিবেন কি।

শ্রী ভোলানাথ সেন ঃ আপনি প্রশ্ন করিলে উত্তর দেওয়া হইবে।

যুবকেন্দ্র

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৬।) **শ্রী মহম্মদ দেদার বক্স ঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ১নং ও ২নং ব্লকে কোনও যুবকেন্দ্র নাই ; এবং

(খ) অবগত থাকিলে, (১) উক্ত ব্লকগুলিতে ও (২) উক্ত জেলার লালবাগ মহকুমাতে যুবকেন্দ্র স্থাপনের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) হ্যাঁ, বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(২) লালবাগ মহকুমায় জিয়াগঞ্জ একটি যুবকেন্দ্র স্থাপিত হবে। অবশিষ্ট ব্লকগুলিতে পর্যায়ক্রমে বিবেচনা করা হবে।

শ্রী মহম্মদ দেদার বক্স ঃ মন্ত্রী মহাশয় উত্তর দিলেন বিবেচনাধীন আছে। এই বিবেচনা কবে নাগাদ শেষ হবে—এই ভগবানপুর ব্লক দুটিতে যুবকেন্দ্র স্থাপনের ব্যাপারে জানাতে পারেন?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ কবে নাগাদ হবে একজ্যাক্টলি জানাতে পারছি না। আমাদের যে পরিকল্পনা আছে তাতে প্রতি কেন্দ্রে একটা করে যুবকেন্দ্র স্থাপন। আমরা আশা করছি মুর্শিদাবাদে অন্তত শতকরা ৬০ ভাগ হয়ে যাবে আগামী বছরে।

শ্রী মহম্মদ দেদার বক্স ঃ একটা যুব কেন্দ্র করতে কত টাকা খরচ হয় জানাবেন কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ এটা এখনই বলতে পারব না।

শ্রী মহম্মদ দেদার বক্স ঃ যুবকেন্দ্রের মোটামুটি কাজ কি, উদ্দেশ্য কি?

(নো রিপ্লাই)

শ্রী সুব্রত মুখার্জি ঃ প্রতিটি ব্লকে একটি করে যুবকেন্দ্র করার উদ্দেশ্য হল সকল শিক্ষিত এবং অশিক্ষিত যুবকদের জন্য বিভিন্ন প্রোগ্রাম করা হয়। সরকার খরচে বিভিন্ন স্কীম

অনুযায়ী শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। শিক্ষা দেওয়ার পর ছোট ছোট শিল্প করার ব্যবস্থা আছে। শিক্ষিত ছেলেদের জন্য পত্র পত্রিকা রাখা হয় জ্ঞান অর্জনের জন্য শিক্ষিত যুবকদের দিয়ে অশিক্ষিত যুবকদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা হচ্ছে। এই সব ব্লক যুব কেন্দ্রের সাথে নেহরু যুব কেন্দ্রের সম্পর্ক যুক্ত করা হচ্ছে। নেহরু যুব কেন্দ্রে আরও বহু বিষয়ে শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। এইভাবে ব্লক, নেহরু যুব কেন্দ্র, জেলা এবং পরবর্তী পর্যায় রাজ্য যুবকেন্দ্র আস্তে আস্তে শিক্ষা দেওয়ার বড় বড় ধাপে নিয়ে যাওয়া হচ্ছে।

শ্রী সরোজ রায় ঃ যুবকদের কিভাবে সিলেক্ট করা হয়? গ্রুপ বাই গ্রুপ হয় কি? সিলেক্ট করার জন্য কোনও কমিটি আছে কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ সিলেক্ট করার ব্যাপার নয়, যে ইন্টারেস্টেড হবে সেই পরবর্তী গ্রুপে যেতে পারবে এবং নিজেকে এর সঙ্গে যুক্ত করতে পারবে।

শ্রী সরোজ রায় ঃ যদি দু' হাজার আসে কেমন করে করবে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ দু' হাজার এলে পারা যাবে না। সেখানে অফিসার আছেন যারা মোটামুটি বেশি ইন্টারেস্টেড তারা এসে যুক্ত হতে পারে। বেশি সংখ্যায় এসেছে ওভার লোডেড হয়েছে এ রকম কোনও সংবাদ আমার জানা নেই।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি ঃ মন্ত্রী মহাশয় বলছেন শিক্ষিত-অশিক্ষিত যুবকদের সংগঠিত করার চেষ্টা হচ্ছে। পশ্চিমবঙ্গের একটা ব্লকের নাম করতে পারেন যেখানে যুবকদের জন্য কোনও ব্যবস্থা করেছেন? কেউ টেকনিক্যাল ট্রেনিং নিয়ে রেডিও মেরামতি করছে বা টেলারিং শিখেছে এই স্কীমে? হোল ওয়েস্টবেঙ্গলে বলুন না যেখানে এই ধরনের স্কীমে কিছু ছেলের সংস্থান হয়েছে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ বাঁকুড়া জেলার এম. এল. এ. আছেন কিনা জানি না। সেখানে আমি রিসেন্টলি গিয়েছিলাম। সেখানে ব্লকে ট্রেনিং নিয়ে প্রিন্টিং মেশিনারি স্থাপন করেছে, এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে এগ্রিকালচার ট্রেনিং নিয়ে আমাদের থ্রু দিয়ে চাকুরি হয়েছে। .... (**শ্রী অজিত গাঙ্গুলি ঃ আপনি বনগাঁর স্পেসিফিক ব্লকের কথা জানেন?**) প্রত্যেক ব্লকের কথা স্পেসিফিক এখন বলতে পারব না।

অজয় নদীর উপর সেতু

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৩।) **শ্রী শচীনন্দন সাউ ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় অজয় নদীর উপরে ভীমগড় ও পান্ডবেশ্বরের মাঝে যোগাযোগ ব্যবস্থার জন্য উক্ত নদীতে একটি সেতু তৈরির প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কতদিনে বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী ভোলানাথ সেন :

(ক) না ;

(খ) প্রশ্ন ওঠে না।

[1-30 — 1-40 p.m.]

শ্রী শচীনন্দন সাউ : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন এই অজয় নদের উপর সেতুটি ভীমগড় ও পান্ডবেশ্বর আসানসোল, রানীগঞ্জের কয়লা খনি অঞ্চলের সঙ্গে শুধু বীরভূম জেলা নয়, উত্তরবঙ্গের সমস্ত জেলাগুলির সঙ্গে যোগ সাধন করবে?

শ্রী ভোলানাথ সেন : আমি জানি এবং এটার প্রয়োজনীয়তাও আমি জানি এবং ইন ফ্যাক্ট ওখান থেকে সেতুর উপর দিয়ে উত্তরবঙ্গ অবধি যাওয়া উচিত আপ টু দার্জিলিং এবং ন্যাশনাল হাইওয়ে হওয়া উচিত সেটাও আমি জানি কিন্তু বিবেচনাধীন বলতে পারছি না। কারণ এই সরকারের বিবেচনাধীন করবার মতো অবস্থা এখনও এসে পৌঁছায় নি।

শ্রী কুমারদীপ্তি সেনগুপ্ত : মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্রিজের প্রয়োজনীয়তার কথা স্বীকার করে বলেছেন যে, এটা বিবেচনাধীন। স্যার, ১৯০৫ সালে ব্রিটিশ গভর্নমেন্ট বলতো ডেমিনিয়ান স্ট্যাটাস কি ইন্ডিপেন্ডেন্স সেটা আমাদের বিবেচনাধীন, তার সমাপ্তি ঘটেছিল ১৯৪৭ সালে। আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিবেচনার সমাপ্তি কবে ঘটবে জানাবেন কি?

শ্রী ভোলানাথ সেন : মাননীয় সদস্য আবার ভুল করছেন কারণ আমি বলেছি এটা আমার বিবেচনাধীন। আমার বিবেচনাধীন মানে দপ্তরের বিবেচনাধীন নয়। আমি একথা ভাবছি যে এটা ন্যাশনাল হাইওয়ে হওয়া উচিত এবং এটার প্রয়োজনীয়তা আছে। কিন্তু সেই স্টেজে আছে যে স্টেজে আমি বলতে পারি এটা দপ্তরের বিবেচনাধীন।

বোলপুরকে মহকুমাকরণ

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২।) **শ্রী হরশঙ্কর ভট্টাচার্য :** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বোলপুরকে নূতন মহকুমা করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে প্রশাসনিক নির্দেশ কতদিনের মধ্যে ঘোষণা করা হইবে?

ডাঃ মোতাহার হোসেন :

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে তাহা বলা সম্ভব নয়।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য : বীরভূমের জেলা ম্যাজিস্ট্রেট কমিশনারের মাধ্যমে একটি প্রস্তাব আপনার দপ্তরে পাঠিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সেই প্রস্তাব আপনার দপ্তরে কবে এসেছে?

ডাঃ মোতাহার হোসেন ঃ অনেক আগে থেকেই একটা প্রস্তাব আছে। তা ছাড়া সাম্প্রতিককালে আরও একটি রিপোর্ট আমার দপ্তর থেকে চাওয়া হয়েছিল এবং সেই রিপোর্ট ডিভিসনাল কমিশনারের থ্রু দিয়ে এসেছে। তবে কবে এসেছে সেটা নির্দিষ্ট আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ ওখানে এস. ডি. ও., অ্যাডিশনাল, এস. ডি. ও., এস. ডি. পি. ও এই সমস্ত হয়ে গিয়েছে। তার মানে খুব বেশি ফাইনান্সিয়াল ইনভলভমেন্ট নেই। সেখানে শুধু জেল ছাড়া আর যা যা অফিস দরকার তা হয়ে গিয়েছে। এখন বেঙ্গল ডিস্ট্রিক্টস অ্যাক্ট বলে একটা আইন আছে এবং সেই আইন অনুযায়ী একটা নির্দেশ দিতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন সেই আইন অনুযায়ী নির্দেশটা আপনার দপ্তরে রচিত হয়েছে কি?

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোলপুরে একটা মহকুমা স্থাপিত হলে মাননীয় সদস্য মহাশয়ের থেকে আমি কম খুশি হব না তার কারণ আমিও বীরভূম জেলার সদস্য। স্যার, এই প্রসঙ্গে জানাই যে, এটা সারা পশ্চিমবাংলার পরিপ্রেক্ষিতে রচিত আইন। পশ্চিমবাংলায় ১৩টি প্রস্তাব বিভিন্ন স্তরে আছে। এই সম্পর্কে বলি যে, যখন নকশাল মুভমেন্ট হয় বীরভূমে তখন তার দরকার হয়েছিল। অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়ান্সের জন্য সেটা করা হয়েছিল।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ ১৩টি যখন বিবেচিত হবে তখন বোলপুর অগ্রাধিকার পাবে এ রকম কোনও প্রতিশ্রুতি মাননীয় মন্ত্রী মহাশয় আজকে দিতে প্রস্তুত আছেন কি?

ডাঃ মোতাহার হোসেন ঃ সবগুলি রিপোর্ট নিয়ে বিবেচনা করে অগ্রাধিকারের ভিত্তিতে ঠিক করা হবে। আজকে কোনও প্রতিশ্রুতি দেওয়া আমার পক্ষে সম্ভব নয়।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ বোলপুরে শান্তিনিকেতনের অবস্থিতি এর অগ্রাধিকারের ব্যাপারে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার বলে মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেন কি?

ডাঃ মোতাহার হোসেন ঃ নিশ্চয় করি।

Sub-Assistant Engineers of the Public Works Department

***53.** (Admitted question No. *451.) **Shri Girija Bhusan Mukhopadhyay :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the total number of Sub-Assistant Engineers working in the Public Works Department ;

(b) the number of them that are—

(i) permanent,

(ii) temporary although working for more than 5 years,

(iii) temporary although working for more than 10 years ; and

(c) the difficulties that stand in the way of their confirmation or making them permanent ?

Shri Bholanath Sen :

(a) 1261 ;

(b) (i) 399 ;

(ii) 227 ;

(iii) 300 ;

(c) Permanently of temporary Govt. servants is dependent on the availability of permanent vacancies. There are at present 199 vacancies in the permanent Cadre of Sub-Assistant Engineers. These vacancies arose from time to time. Filling up of these vacancies involves verification of the service records of temporary Sub-Assistant Engineers appointed under the P. W. D., P. W. (Roads) Department and the Housing Department which have joint Engineering cadres and also of those serving on deputation outside. The matter is now under active consideration and the required particulars are being collected.

[1-40 — 1-50 p.m.]

শ্রী গিরিজাভূষণ মুখোপাধ্যায় ঃ আপনি সবশুদ্ধ বললেন ১,২৬১ জন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার আছে, তার মধ্যে ৩৯৯ জন পারমানেন্ট। এটা কি অভূতপূর্ব ঘটনা নয় ১,২৬১ জনের মধ্যে ৩৯৯ জন মাত্র পারমানেন্ট, বাকি সব টেম্পোরারি—১০ বছর ধরে যারা কাজ করছে তারাও সব টেম্পোরারি—এই ঘটনা কি আমাদের সরকারের সম্মান বাড়াচ্ছে?

শ্রী ভোলানাথ সেন ঃ এটাতে একটা জিনিস আপনারা জানেন যে টেম্পোরারিই হোক আর পারমানেন্টই হোক সার্ভিস কন্ডিশন ৫ বছর হয়ে গেলে দে আর ট্রিটেড অ্যাজ পারমানেন্ট ইন অল রেস্পেক্টস। কিন্তু পারমানেন্ট পোজিশন যেটা ক্রিয়েট হয় সেটা ক্রিয়েট হয় অ্যাকর্ডিং টু সার্টেন নর্মস। কতকগুলি কাজ বা অর্গানাইজেশনকে মনে করা হয় পারমানেন্ট অর্গানাইজেশন, কতকগুলিকে মনে করা হয় টেম্পোরারি অর্গানাইজেশন বা টেম্পোরারি অর্গানাইজেশন সেগুলিকে পারমানেন্ট অর্গানাইজেশন বলে মনে করা হয়, তাদের পোস্টগুলি পারমানেন্ট বলে ডিক্লেয়ার করা হয়। আর এখানে একটা ৫/৭ বছরের বেশি কাজ করলে ধরে নেওয়া হয় দি ম্যান ইজ পারমানেন্ট। সুতরাং ভয়ের কোনও কারণ নেই।

কারণ এই জিনিস নিয়ে নানা রকম আলাপ আলোচনা হচ্ছে। আই হ্যাভ ফুল সিমপ্যাথি উইথ দেম এবং এটা ঠিক যে টোটাল ক্যাডার সিলেকশন গ্রেড যেটা করা হয়েছে

সেটা ইনক্লুডিং টেম্পোরারি ওয়াকর্স যাতে অন্তত তাদের কিছুটা বেনিফিট হয় এবং এই সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়াররা জেনারালি স্পিকিং যে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারস হ্যাভ রিয়ালি বিন বেনিফিটেড। আপনারা জিজ্ঞাসা করে দেখতে পারেন ফর দি লাস্ট ওয়ান অ্যান্ড এ হাফ ইয়ারস অর টু ইয়ারস দে আর রিয়্যালি মাচ বেটার অফ দ্যান দে অয়ার বিফোর। আইডিয়াল কন্ডিশন নয় ঠিক কথা, কিন্তু আগে যা ছিল এখন তার চেয়ে অনেক বেটার।

শ্রী গিরিজাভূষণ মুখোপাধ্যায় : আপনি অন্তত এটুকু বলুন যে তারা যাতে এ্যাকজামিনেশনে অ্যাপিয়ার হতে পারে তার জন্য চেষ্টা করবেন।

শ্রী ভোলানাথ সেন : আমি এই কথা বলছি যে তাদের প্রতি আমার সহানুভূতি আছে এবং আমি সব নজর রাখছি। আমি যত তাড়াতাড়ি পারি তার চেষ্টা করছি, হিয়ার ইজ এ কেস, কিন্তু অফিসিয়াল আমি কিছু করতে গেলে অফিসিয়াল সোর্সের থ্রু দিয়ে যেতে হবে।

সুতি লিঙ্ক রোড

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৬।) **শ্রী শীশ মহম্মদ :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতি লিঙ্ক রোড হইতে সজিনীপাড়া স্টেশন পর্যন্ত রাস্তা পাকা করিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে—

(১) উক্ত রাস্তা নির্মাণের জন্য সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন ;

(২) উক্ত রাস্তার কাজ কতদিনের মধ্যে আরম্ভ হইবে?

শ্রী ভোলানাথ সেন :

(ক) হ্যাঁ ;

(খ) (১) রাস্তাটির প্রাক্কলন চলতি বছরের জন্য ৫০,০০০ টাকা ধরা হয়েছে।

(২) বর্তমানে রাস্তা নির্মাণের প্রাথমিক কাজ আরম্ভ হইয়াছে।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বর্তমান আর্থিক বছরে পঞ্চাশ হাজার টাকা ধরা আছে তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ রাস্তার কাজ ত্বরান্বিত করার জন্য ঐ টাকা থেকে কিছু টাকা খরচ হয়েছে কি না, হয়ে থাকলে কত পরিমাণ টাকা খরচ করা হয়েছে?

শ্রী ভোলানাথ সেন : আমার যা নোট রয়েছে তাতে আমি দেখতে পাচ্ছি, টোটাল এস্টিমেট ধরা হয়েছিল ৬ লক্ষ ৩৩ হাজার টাকা এবং টোটাল অ্যামাউন্ট ৩১শে মার্চ ১৯৭৫

সাল পর্যন্ত খরচ করা হয়েছিল ৮০ হাজার ২৭৪ টাকা এবং ল্যান্ড অ্যাকুইজিশন কস্ট অ্যান্ড কালেকশন অব রোড অ্যান্ড বিল্ডিং মেটিরিয়ালস এর জন্য এটা খরচ হয়েছিল এবং আমাদের এখনও পুরোপুরি হিসাব এসে পৌছয়নি। আমরা প্রায় ৫০ হাজার টাকা আশা করছি এই রাস্তার জন্য খরচ করতে পারব।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় মন্ত্রী মহাশয় খরচের কথা বললেন, কিন্তু আপনি কি বলতে পারবেন যে কি কি কাজে সেই টাকা খরচ হয়েছে?

শ্রী ভোলানাথ সেন : এখানে যেটা দেখতে পাচ্ছি, তাতে দেখা যাচ্ছে ল্যান্ড।

[1-50 — 2-00 p.m.]

৬ লক্ষ ৫০ হাজার টাকার যেটা বলেছিলাম দ্যাট ইজ দি মেন রোড ভিলেজ রোড, সেটার কথা বলেছিলাম। কিন্তু সো ফার অ্যাজ দিস ইজ কর্নাল্ড, এটা সম্বন্ধে বলা হয়েছে, ৫০ হাজার টাকা আমার মনে হয় আর্থ ওয়ার্কের জন্য ফার্স্ট স্টেজে লাগছে আফটার দি রিভিসন অফ দি রেটস হ্যাভ বিন ডান।

শ্রী শীশ মহম্মদ : এই যে আর্থিক বছর চলছে এই আর্থিক বছরের মধ্যে, অর্থাৎ ৩১শে মার্চ-এর মধ্যে আপনি কি ঐ ৫০ হাজার টাকা খরচ করতে পারবেন এবং আর্থ ওয়ার্কের কাজ আরম্ভ করতে পারবেন কি?

শ্রী ভোলানাথ সেন : এটা আমি অলরেডি বলেছি যে, আশা করা যাচ্ছে হবে।

দ্বিতীয় হুগলী সেতু

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩।) **শ্রী কাশীনাথ মিশ্র :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতায় হুগলি নদীর উপর দ্বিতীয় সেতুর কাজ আরম্ভ হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) কবে নাগাদ উক্ত সেতুর কাজ শেষ হইবে ; ও

(২) উক্ত সেতুর নির্মাণ কাজের জন্য ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত ঐ ব্যাপারে কি কি বাবদ কত টাকা ব্যয় করা হইয়াছে?

শ্রী ভোলনাথ সেন :

(ক) হ্যাঁ। আশা করা যাইতেছে যে যদি কোনও বাধা না আসে তাহলে ১৯৮১ সালের জুন মাস নাগাদ হুগলি নদীর উপর দ্বিতীয় সেতুর নির্মাণ কার্য শেষ হইবে। উক্ত

সেতুর নির্মাণকার্যের জন্য ১৯৭১ সাল হইতে ১৯৭৬ সালের জানুয়ারি পর্যন্ত নিম্নলিখিত খাতে মোট ৫,৫৩,৬০,৬৭৫.১৫ টাকা ব্যয় করা হয়েছে।

(খ)	কলকাতাস্থিত সংযোগকারী রাস্তা বাবদ	২,৩০,৫০,০০০	টাকা
	হাওড়াস্থিত সংযোগকারী রাস্তা বাবদ	১,৩৮,৫০,০০০.০০	”
	বিদেশি উপদেষ্টা বাবদ	২৮,৭৬,২১০.৬৫	”
		৫২,৬৯৮.৭৭	”
	রয়েল কলিকাতা স্টাফ ক্লাবের জমি বাবদ	৮০,০৪৮.০০	”
	হাওড়া কালেক্টরেটের জমি বাবদ	২০,০০০.০০	”
	হুগলি নদী সেতু সংস্থার খরচ বাবদ	৯,৮১,৭৬৭.০০	”
		৫,৫৩,৬০,৬৭৫.১৫	”

শ্রী কাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, আপনি বললেন কোনও বাধা যদি না আসে তাহলে '৮১ সালে কাজ শেষ হবে, '৮১ সালের জুন মাসে, আপনি এখানে কি কি বাধার আশঙ্কা করছেন?

শ্রী ভোলানাথ সেন ঃ আমার এই কয়েক বছরের অভিজ্ঞতায় আমি যে সব বাধা দেখেছি তার চেয়ে কতগুলি জটিলতর পরিস্থিতি আছে এবং এর মধ্যে দিয়ে কাজ চালাতে হচ্ছে, সেগুলি হচ্ছে এই যে নদী এই নদীতে—শুধু এই নদী কেন পৃথিবীর কোথাও এই জাতীয় আর কখনও হয়নি, ঠিক এই জিনিস আর কখনও কোথাও হয়নি। এটা একটা পয়েন্ট, সুতরাং ইঞ্জিনিয়ারিং চ্যালেঞ্জ টেকেন বাই আস। এর মধ্যে অনেক জটিলতা আছে এবং সেগুলির মোকাবিলা করতে হবে। দ্বিতীয় আপনারা অনেকেই জানেন যে হুগলি নদী যে পথে চলছিল আস্তে আস্তে সেই পথ থেকে সে সরে গিয়েছে। কলকাতার এই ইতিহাস আপনারা অনেকেই জানেন।

এই মাটির কতটা নিচে বালি আছে মাটির ক্যারেক্টারটা পুরোপুরিভাবে জানা সম্ভব হলে শেষ পর্যন্ত কি জিনিস হবে বলা শক্ত। যেমন মুন্ডেশ্বরী ব্রিজের অবস্থা হয়েছিল। তৃতীয়ত সিমেন্ট স্টিল আছে। চতুর্থ এর হাইট অফ দি ব্রিজ তার টেকনিক্যাল অ্যাসপেক্ট আছে। পঞ্চম এত বিশেষজ্ঞ আছে যে একজন জার্মানি, একজন ইংলন্ডে, একজন ক্যালকাটা পোর্ট ট্রাস্ট বিশেষজ্ঞ কন্ট্রাক্টর বিশেষজ্ঞ—কন্ট্রাক্টর এর একটা পার্ট সেন্ট্রাল গভর্নমেন্ট ম্যানেজিং বাই ওন। আর একটা পার্ট হল প্রাইভেট সেক্টরের। এরকম ভাবে কাজ করতে গেলে নানা সমস্যার সম্মুখীন হতে হয়। এই কারণে আশা করছি যদি কোনও অসুবিধা না হয় তাহলে ১৯৮১ সালে জুন মাসে শেষ হবে।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ ১৯৭৫-৭৬ সালের জন্য টাকা বরাদ্দ ছিল তা পুরো খরচ করা হয়েছে কিনা এবং এই ব্রিজটা শেষ করতে total কত টাকা খরচ হবে?

শ্রী ভোলানাথ সেন ঃ আমরা এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সাহায্য টাকার ব্যাপারে পাচ্ছি এবং লোন হিসেবে এই টাকা পাচ্ছি। এই কারণে টাকার অভাব আমাদের হচ্ছে না।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ এই ব্রিজ নির্ধারণের জন্য সব টাকাটাই কি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসছে, না কি অন্য কোনও source থেকেও আসছে?

শ্রী ভোলনাথ সেন ঃ শতকরা ১০০ টাকাই কেন্দ্রীয় সরকার ঋণ বাবদ দিচ্ছেন।

শ্রী নন্দলাল ব্যানার্জি ঃ এই রকম সেতু বিশ্বের কোথাও নেই—তাহলে এটা কি অষ্টম আশ্চর্য হবে?

শ্রী ভোলনাথ সেন ঃ যদি বলেন—তাই।

কলকাতা কর্পোরেশনের কর্মচারিদের বাধ্যতামূলক অবসরগ্রহণ

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩০।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতা কর্পোরেশনের অনেক স্থায়ী শ্রমিক ও কর্মচারীকে বিভিন্ন কারণে উদ্বৃত্ত দেখিয়ে বাধ্যতামূলকভাবে অবসরগ্রহণ করবার পরিকল্পনা করা হচ্ছে ;

(খ) সত্য হ'লে, এইসব কর্মচারিদের কিসের ভিত্তিতে উদ্বৃত্ত ঘোষণা করা হচ্ছে ; এবং

(গ) এই সমস্ত উদ্বৃত্ত কর্মীদের জন্য কর্পোরেশনে বিকল্প কাজ দেওয়ার কোনও পরিকল্পনা আছে কিনা?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ (ক) না ; (খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ অবসর গ্রহণের জন্য একটা কমিটি হয়েছে বলে সংবাদ যা খবরের কাগজে বেরিয়েছে সেটা কি?

শ্রী সুব্রত মুখার্জি ঃ আপনার (ক) প্রশ্নের জন্য কিন্তু দেবেশ দাস কমিটি নয়। এই কমিটির দেখবার কথা আছে কোথায় উদ্বৃত্ত আছে? জোর করে রাখা হয়েছে অন্য কাজের জন্য ইত্যাদি। অর্থাৎ re-oriented এরজন্য আর একটা প্রশ্ন করেছেন সেটা স্বতন্ত্র জিনিস।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ তাহলে এইভাবে অবসর গ্রহণ করানোর কোনও পরিকল্পনা নেই তো?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ ৫০ বছর হলে অবসর গ্রহণের একটা প্রস্তাব আছে, সে সম্বন্ধে আজকে একটা আইন আসছে, কিন্তু উদ্বৃত্ত দেখিয়ে অবসর গ্রহণ করানোর কোনও পরিকল্পনা নেই।

Starred Questions
(to which written answers were laid on the Table)

দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৫) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৬ সালের ১০ই ফেব্রুয়ারি পর্যন্ত দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়েতে শুধুমাত্র নির্মাণ কাজের জন্য (কর্মচারিদের মাহিনা ছাড়া) কত অর্থ ব্যয় করা হইয়াছে ;

(খ) ঐ রাস্তাটির নির্মাণকার্য কবে শুরু হয় এবং উহা কবে শেষ করার কথা ছিল ;

(গ) (১) রাস্তাটির জন্য প্রথমে কত টাকা খরচ হইবার কথা ছিল, (২) এখন পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে, ও (৩) বর্তমান বাজারদরে রাস্তাটি শেষ করিবার জন্য কত টাকার প্রয়োজন হইবে ; এবং

(ঘ) রাস্তাটি কবে নাগাদ সম্পূর্ণ হইবে বলে আশা করা যায়?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ৬২.৫৫ লক্ষ টাকা।

(খ) কলকাতা-পালশিট অংশের কাজ ১৯৬১ সালে শুরু হয়। আর্থিক কারণে নির্মাণ কাজ শেষ করার কোনও সময়সীমা নির্দিষ্ট ছিল না।

(গ) (১) ১০.৩৫ কোটি টাকা।

(২) ২,৯২,৭৬,৮৫৬ টাকা।

(৩) এখন বলা সম্ভব নয়, কারণ কলকাতা-পালশিট অংশের নির্মাণ-সংক্রান্ত আনুমানিক ব্যয়ের হিসাব পুনরায় করা হইতেছে।

(গ) রাস্তাটি সম্প্রতি জাতীয় সড়ক হিসাবে কেন্দ্রীয় সরকার গ্রহণ করিয়াছেন। তাঁহাদের আর্থিক বরাদ্দের উপর ইহার নির্মাণ কার্য সমাপ্তি নির্ভর করিতেছে।

Shahid Kshudiram Memorial in Midnapore District

*57. (Admitted question No. *63.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Public Works Department be pleased to state—

(a) whether there is any proposal for construction of a memorial for Shahid Kshudiram Bose in Midnapore district; and

(b) if so, what is the present position in the matter?

The Minister-in-charge of the P.W. Department :

(a) No.

(b) Does not arise.

পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহে অনুমোদিত রাস্তা

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬১) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় অনুমোদিত কতগুলি রাস্তার কাজ ১৯৭৬ সালের জানুয়ারি মাসেও শেষ হয় নাই ;

(খ) এইগুলি শেষ করিতে বর্তমান বাজার মূল্যে কত অর্থের প্রয়োজন ;

(গ) (১) পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রথম তিন বৎসরে রাস্তা নির্মাণের কি পরিমাণ অর্থ বরাদ্দ ছিল ;

(২) সেন্ট্রাল বোর্ড ফাণ্ডের হিসাবের বাহিরে পরিকল্পনা বহির্ভূত কত কিলোমিটার পথ ১৯৭২ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৬ সালের ১০ই ফেব্রুয়ারি পর্যন্ত নির্মিত হইয়াছে এবং

(ঘ) এইগুলি নির্মাণের জন্য কত অর্থ ব্যয় করা হইয়াছে ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) প্রায় ৪৫০ (বৃহৎ সেতু বাদে)।

(খ) আনুমানিক ৪২ কোটি টাকা।

(গ) (১) ১৯৭৪-৭৫—৪৪২.৫৩ লক্ষ টাকা, ১৯৭৫-৭৬—৬৪৮.০০ লক্ষ টাকা, ১৯৭৬-৭৭—সালের বাজেট এখনও হয় নাই।

(২) প্রথমটি বোধগম্য হচ্ছে না ; সেন্ট্রাল বোর্ড ফাণ্ডের হিসাবের বাহিরে পরিকল্পনা বহির্ভূত কোনও রাস্তা এই বিভাগ করেন না ;

(ঘ) প্রশ্ন ওঠে না।

ইলামবাজার-সিউড়ি রাস্তা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৪) **শ্রী শচীনন্দন সাউ :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার ইলামবাজার হইতে সিউড়ী ভায়া বনশংকা রাস্তাটি কোন্ সালে অনুমোদিত হয়েছে ; এবং

(খ) এই রাস্তার কাজ বর্তমানে কি অবস্থায় আছে?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) প্রশ্নটি ১৯৭২-৭৩ সালে পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে ;

(খ) মাটির কাজ চলছে।

রাজগ্রামে সেতুর কাজ

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭।) **শ্রী কাশীনাথ মিশ্র :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পূর্ত বিভাগ কর্তৃক সার্ভে, বোরিং, এবং অন্যান্য সমস্ত কাজ সম্পন্ন হইবার পর ১৯৭৪ সাল হইতে বন্যা বিধ্বস্ত রাজগ্রাম সেতুর কাজ একেবারে অচলাবস্থায় আসিয়াছে, যার ফলে ব্যাপকভাবে কুটিরশিল্পী এবং দক্ষিণ বাঁকুড়ার কয়েক লক্ষ লোকের যোগাযোগ ছিন্ন অবস্থায় রহিয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত কাজ হঠাৎ বন্ধ হইবার কারণ কি ; এবং

(গ) পূর্ত দপ্তর উক্ত সেতুটি নির্মাণ করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) না, অচলাবস্থায় আসে নাই। প্রাথমিক জরিপের কাজের পর সেতুটির পুনর্নির্মাণের স্থান নির্ধানের জন্য বিকল্প প্রস্তাবগুলি পূর্ত দপ্তরে বিবেচনাধীন আছে। ঐ সম্পর্কিত সিদ্ধান্ত চূড়ান্তভাবে স্থির হইবার পর এবং যথাযথ আর্থিক সংস্থানের পর সেতুটির নির্মাণ কাজ শুরু হইবে।

Clearing of pavements of Calcutta

*61. (Admitted question No. *64) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Home (Police) Department be pleased to state the steps taken or proposed to be taken to clear the pavements of Calcutta City streets and to remove the unauthorised encroachments thereon ?

Minister-in-charge of the Home (Police) Department :

Drive against unauthorised encroachments in the City pavements are being undertaken by C. P. Calcutta jointly with the Calcutta Corporation staff in a phased manner. Operation against shops which are found displaying their goods on the pavements as stackyard has been started from 10.2.76. Many areas have already been cleared. Many hawkers removed their stalls of their own after the Notification by Calcutta Corporation.

ইলামবাজার-জয়দেবপুর রাস্তা

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৫।) **শ্রী শচীনন্দন সাউ :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার ইলামবাজার হইতে জয়দেবপুর পর্যন্ত রাস্তাটির কাজ বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) কতদিনে ইহা শেষ হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত সড়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) রাস্তাটির মাটির কাজ চলিতেছে।

(খ) প্রয়োজনীয় অর্থ সংস্থান ও জমি দখল পাওয়ার উপর নির্ভর করিতেছে।

[2-00 — 2-10 P.M.]

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : The Hon'ble Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of lockout in Bata Shoe Company. Attention has been called by Shri Netaipada Sarkar on the 24th February, 1976. I think the Hon'ble Labour Minister clarified the position day before yesterday also. However, he may make the statement now.

ডাঃ গোপালদাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাটা ইণ্ডিয়া লিমিটেডের ব্যাপারে মাননীয় সদস্য শ্রী নিতাইপদ সরকারের দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে মাননীয় অধ্যক্ষের সম্মতি নিয়ে আমি আমার এই বক্তব্য রাখছি। আমি ২৪ তারিখে মাননীয় সদস্যদের অবগতির জন্য রাজ্যপালের ভাষণ নিয়ে বিতর্কের সময় এই ধর্মঘট সম্পর্কে বক্তব্য রেখেছি। বাটা কোম্পানির কর্তৃপক্ষ তাদের পশ্চিমবঙ্গের প্রতিষ্ঠানের কোনও লক-আউট ঘোষণা করেননি। কোম্পানির কর্তৃক বোনাস আইনের সংশোধনের পরে পূর্বের চুক্তি মতো বোনাস দিতে অস্বীকার করার অভিযোগে বাটা মজদুর ইউনিয়ন গত ১৮/২/৭৬ তারিখ থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করেছেন। ইউনিয়নের বক্তব্য যে ১৯৭২ সালের সুপ্রীম কোর্টের রায়ের ফলে চুক্তি অনুসারে যে বোনাস শ্রমিকদের দেয় তাহা প্রোডাকশনের সহিত যুক্ত বোনাস বলিয়া পরিগণিত হইবে। মালিকপক্ষ ইউনিয়নের এই বক্তব্য মানিতে রাজি নহে। যেহেতু তাহাদের মতে বর্তমান বোনাস অর্ডিন্যান্স অনুযায়ি ৩৪(৩) ধারায় যে চুক্তি হয়েছিল তাহা বাতিল হইয়া গিয়াছে এবং কোম্পানি সংশোধন বোনাস আইন অনুযায়ি বোনাসই দিতে পারেন।

বোনাস সংক্রান্ত বিরোধের ব্যাপারে মীমাংসার জন্য মালিক ও শ্রমিক পক্ষের সঙ্গে ১০/২/৭৬ তারিখে আবার যুগ্ম আলোচনা হয় এবং আমি দু'পক্ষকে আলাপ-আলোচনার

মাধ্যমে বিরোধের মীমাংসা করবার জন্য বলি এবং ধর্মঘট যাতে না হয় সেদিকে দৃষ্টি রাখতে বলি। উভয়পক্ষ আমার প্রস্তাবে রাজি হন এবং আমাকে আলোচনার ফলাফল জানানোর প্রতিশ্রুতি দেন। কন্সিলিয়েশন অফিসার এরপরে উভয়পক্ষকে পত্র দিয়া জানান যে যেহেতু শ্রমমন্ত্রী বিষয়টি নিয়ে আলোচনা করেছেন, সেইহেতু এমন কোনও পন্থা যেন অবলম্বন না করা হয় যাতে উৎপাদন বিঘ্নিত হতে পারে। ১৬/২/৭৬ তারিখে বাটা মজদুর ইউনিয়নকে ধর্মঘটের পথ অবলম্বন না করে আলাপ-আলোচনা চালানোর জন্য শ্রম সচিব আবার লিখিত অনুরোধ জানান।

আমি পূর্বেই বলেছি ১৮ তারিখ থেকে ধর্মঘট শুরু হয়েছে। প্রায় ১২ হাজার ২শো শ্রমিক এই ধর্মঘটের সঙ্গে জড়িত। আমি উভয়পক্ষের সাথে বিরোধের মীমাংসার জন্য আবার গত ২৫ তারিখে আলোচনা করি এবং গতকাল ইউনিয়নের সঙ্গে আলাপ-আলোচনা করি। বিরোধটির সাথে আইনের প্রশ্নও জড়িত আছে। আমরা সমাধানের জন্য উভয় পক্ষের সাথে আলোচনা চালিয়ে যাচ্ছি।

CALLING ATTENTION

Mr. Speaker : I have received 26 notices of calling attention on various subjects out of which I have selected the notices of Shri Md. Safiullah and three others on the subject of Commissioning of Dankuni Dairy.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : Sir, the statement will be made on the 5th.

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

1. Supply of text books to primary students — from Shri Md. Safiullah.
2. Compost manure from garbages — from Shri Md. Safiullah.
3. Supply of Text books to S. C. & S. T. students — from Shri Md. Safiullah and another.
4. Setting up of modern slaughter house — from Shri Md., Safiullah and another.
5. Fish import from other states — from Shri Md. Safiullah and another.
6. Deep sea fishing by mechanised boats — from Shri Md. Safiullah & another.

7. Development of Pisciculture — from Shri Md. Safiullah and 2 others.

8. Fall of jute price — from Shri Md. Safiullah and 2 others.

9. Control of unhyginic meal shops — from Shri Md. Safiullah and 2 others.

10. Steps to check that refusal cases — from Shri Md. Safiullah and 3 others.

11. Control of beggars — from Shri Md. Safiullah and 3 others.

12. Beautification of parks and gardens — from Shri Md. Safiullah and 3 others.

13. Implementation of proposed Industrial Estates — from Shri Md. Safiullah and 3 others.

14. Commissioning of Dankuni Dairy — from Shri Md. Safiullah and 3 others.

15. Anthax epidemic within Jaldapara wild life sanctuary — from Shri Md. Safiullah and 3 others.

16. Non-availability of blood in blood banks — from Shri Md. Safiullah and 3 others.

17. Break out of small pox and cholera in Sunderbans — from Shri Md. Safiullah and 6 others.

18. Power from the tidal wave in Sundarbans — from Shri Md. Safiullah and 3 others.

19. Purchase of Parboiled rice from Nepal — from Shri Md. Safiullah and 3 others.

20. Mismanagement in conducting the oral examination of Secondary Examination — from Shri Kashinath Misra and 8 others.

21. Closure, lay-off and lockout in the industries of West Bengal — from Shri Kashinath Misra and 9 others.

22. Shortage of medicine and doctors in the jails and sub-jails in the districts of West Bengal — from Shri Kashinath Misra and 9 others.

23. Minimum wage for the Bidi-labourers, Khet-majdoor and others — from Shri Kashinath Misra and 7 others.

24. Irregularity in train services in Sealdah Division — from Shri Md. Dedar Baksh and 2 others.

25. Illegal electrical connections in East Putiary area of South Calcutta — from Shri Md. Dedar Baksh and 2 others.

26. Death of one person and injury to several others in an accident in the boiler of a workshop in Garden Reach area — from Shri Md. Dedar Baksh and another.

Mention Cases

Mr. Speaker : I would request the honourable members to be very brief.

শ্রী অরবিন্দ মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি জরুরি বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার করিমপুর থানা বাংলাদেশ বর্ডার সংলগ্ন। আজকে মধুগারি, হরেকৃষ্ণপুর, হোগলবাড়িয়া, শিকারপুর, মুরুটিকা এবং দিঘলকান্দি প্রভৃতি অঞ্চলের চাষিরা কি নিদারুণ দুঃখের মধ্যে পড়েছে সেই বিবরণ আমি আপনার মাধ্যমে দিচ্ছি। মুজিব সরকারের পতনের পর ওপার বাংলার কিছু কিছু অসামাজিক লোক এবং দুর্বৃত্ত লোক এপারে এসে রাত্রিতে চাষিদের গরু, মহিষ চুরি করে নিয়ে যাচ্ছে এবং ডাকাতি করছে। এর ফলে চাষিরা সর্বশান্ত হয়ে বর্ডার থেকে তাদের ঘরবাড়ি ভেঙ্গে ভেতরে চলে আসছে। স্যার, ১ জোড়া গরুর দাম হচ্ছে ৩ হাজার টাকা এবং ১ জোড়া মহিষের দাম হচ্ছে ৫ হাজার টাকা। আজকে এইভাবে অপহরণের ফলে চাষিরা নিঃশেষ হয়ে যাচ্ছে। সেখানে যে বি. এস. এফ. রয়েছে তারা এই ব্যাপারে নিস্ক্রীয় হয়ে রয়েছে এবং সাধারণ মানুষের অভিযোগ এই কাজে বি. এস. এফ যুক্ত আছে। থানায় গিয়ে এর প্রতিকার দাবি করলে উপকার হয় না, উল্টে অপমানিত হতে হয়। আমি অনুরোধ জানাচ্ছি অসহনীয় অবস্থা থেকে চাষিদের অবিলম্বে রক্ষা করুন। আমার কাছে কতগুলি কাগজ আছে যেগুলি সেখানকার সাধারণ মানুষ আমার কাছে দিয়েছে এবং এতে দেখা যাচ্ছে দুজন অঞ্চল প্রধানের গরু-বাছুরও চুরি হয়েছে। আমি এই কাগজগুলি আপনার কাছে রাখছি এবং আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি মন্ত্রী মহাশয় এর প্রতিকার করবেন।

শ্রী শচীনন্দন সাহু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের বীরভূম জেলায় ৫/৬টি কলিয়ারি আছে যেগুলি পূর্বে ন্যাশনালাইজ হয়নি, এখন ন্যাশনালাইজ হয়েছে। কিন্তু আমরা লক্ষ্য করছি সি. এম. এ.-র গাফিলতির জন্য এই কলিয়ারিগুলি চলতে পারছে না। কাকরতলা কলিয়ারি বন্ধ হয়ে যাচ্ছে এবং গঙ্গাপুরচক কলিয়ারি বন্ধ হয়ে গেছে। সেখানে একটা ডেভেলপমেন্ট কমিটি করা হয়েছে এবং আমি তার একজন মেম্বার। কলিয়ারি কর্তৃপক্ষ বলছেন রাস্তার অভাবে কলিয়ারি চালানো যাবে না। সেই রাস্তার জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে অথচ দেখছি রাস্তার কাজ হচ্ছে না। সেখানে কোথায় ব্রিজ হবে সেটা ঠিক করতে পারছে না এই হচ্ছে অবস্থা। এই অব্যবস্থার ফলে সেখানকার শ্রমিকরা কাজ পাচ্ছে না। আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন বীরভূম জেলার শ্রমিকরা যদি কাজ না পায় তাহলে সেই এলাকার মানুষের চরম দুরবস্থা হবে। এই চরমতম বেকার সমস্যার দিনে সেই শ্রমিকরা যাতে চাকুরি থেকে বরখাস্ত না হয় এবং কলিয়ারি তাড়াতাড়ি চলে এই অনুরোধ আমি আপনার মাধ্যমে

জানাচ্ছি। শ্রমমন্ত্রীর দপ্তর থেকে কলিয়ারি ন্যাশনালাইজ করবার চেষ্টা করা হল এবং সেখানে কমিটিও হয়েছে। কিন্তু আজকে কলিয়ারি যদি না খোলে এবং শ্রমিকরা কাজ না পায় তাহলে কি নিদারুণ অবস্থা যে সৃষ্টি হয়েছে সেটা আপনি বুঝতে পারছেন। একটি কলিয়ারি বন্ধ হয়েছে এবং আর একটি বন্ধ হবার মুখে, কাজেই মানুষ আজ দিশেহারা। আমি এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10 — 2-20 p.m.]

ডাঃ একরামুল হক বিশ্বাস : মাননীয় স্পিকার মহাশয়, একটা জরুরি বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা জানি জরুরি অবস্থা ঘোষণা করার পর দেশে শান্তি শৃঙ্খলা বজায় আছে কিন্তু আমার আগে মাননীয় সদস্য শ্রী অরবিন্দ মন্ডল মহাশয়, যে ঘটনার উল্লেখ করলেন তার সুরে সুর মিলিয়ে বলতে চাচ্ছি যে মুর্শিদাবাদ জেলায় বাংলাদেশের সীমান্তে যে সমস্ত বর্ডার আছে সেখানে প্রতিদিন রাত্রের অন্ধকারে চোর ডাকাত এসে মোষ, গরু এবং জনমানবের উপর অহরহ অত্যাচার করছে। ফলে বর্ডার লাইনে সন্ত্রাসের সৃষ্টি হয়েছে এবং গ্রামবাসীরা আহার নিদ্রা সম্পূর্ণভাবে ছেড়ে দিয়েছে এবং যেটা মাননীয় সদস্য বললেন যে বি. এস. এফের সঙ্গে চোর ডাকাতদের সহযোগিতা আছে। থানাতে বললে তারা বলে যে তাদের আওতার বাইরে। লোকে অসহায় নিরুপায় হয়ে আমাদের কাছে ছুটে আসছে। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে আমি বিশেষভাবে অনুরোধ করছি মুর্শিদাবাদ জেলার ডোমকল, জলঙ্গি, রাণীনগর, ভগবানগোলা, সামসেরগঞ্জ যে সমস্ত এলাকা বর্ডার আছে বাংলাদেশের সঙ্গে সেই সমস্ত এলাকায় রাত্রের অন্ধকারে পুলিশ যাতে টহল দেয় তার ব্যবস্থা করুন।

শ্রী মহম্মদ দেদার বক্স : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্রে মহম্মদ থেকে চুলকাটি দাঁড়া বলে একটা ক্যানাল কাটার জন্য একটা স্কীম জেলা থেকে সেচ দপ্তরে পাঠানো হয়েছিল। স্যার, এই ক্যানেল কাটলে হাজার হাজার বিঘাতে যেখানে জমিতে জল থাকে বর্ষার সময় সেই জল নিষ্কাশিত হয় এবং তার ফলে হাজার হাজার বিঘা রবি শস্যের উপযুক্ত হবে, বিশেষ করে বন্যার সময় এই জল জমিতে জমে থাকে। তার পর গোপীরমনপুরে একটা স্লুইস গেট করার জন্য অনেক দিন ধরে একটা স্কীম এসে সেচ দপ্তরে পড়ে আছে। আমরা জানি আমাদের শ্রদ্ধেয় নেত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী ২০ দফা কর্মসূচি ঘোষণা করেছেন, সেই কর্মসূচিতে কৃষি সংক্রান্ত ব্যাপার যেগুলি যেমন অ্যাক্সিলারেটেড ফুড প্রগ্রাম সেগুলি কার্যকরী করা হচ্ছে। স্যার, আমাদের সরকার আজকে প্রতিশ্রুতিবদ্ধ যে চাষীর মুখে হাসি ফোটাতে হবে। খাদ্য উৎপাদন করতে গেলে এই হাজার হাজার বিঘা জমি যেটা বর্ষাকালে বন্যার সময় জল জমে থাকে যার জন্য রবিশস্যের উপযোগী হচ্ছে না—যদি এই জমিগুলি রবিশস্যের উপযোগী করা যায় তাহলে এমন ও হতে পারে যে সেই এক ফসলা জমিকে দু ফসলা এবং সময়ে তিন ফসলাও করা যেতে পারে যেটা নিয়ে সাত্তার সাহেব বিপ্লব শুরু করেছেন। এই প্রগতিশীল কংগ্রেস সরকারের নৈতৃত্বে তাহলে গ্রামের লোক দুবেলা পেট ভরে খেতে পারবে এখন যেখানে তারা একবেলা খেতে পারছে না। ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী এখানে তাদের অনেক জমি রয়েছে, তারা কোনও সুবিধা পাচ্ছে না। এখানে মাননীয় সেচ

পুরের মন্ত্রী মহাশয় উপস্থিত নেই, আমি তাই আপনার মাধ্যমে বলছি এই বছরেই যেন ক্যানেল কাটার কাজ শুরু করা হয়—তাহলে এই যে মরশুমি বেকার আছে তারা সেখানে কাজ পাবে এবং এটা যাতে অনতিবিলম্বে হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে আমাদের এখন যে কর্মযজ্ঞ চলছে সেই কর্মযজ্ঞে কিছুটা ব্যাঘাত সৃষ্টি হচ্ছে কতকগুলি কারণে যার প্রতি আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন আমাদের যে সমস্ত ব্লক উন্নয়ন অফিস আছে সেই অফিসগুলি যদি আপনি দেখেন তাহলে দেখবেন যে এর অধিকাংশ অফিসে বি. ডি. ও. নেই। অনেক অফিসে হেড ক্লার্ক নেই, অনেক জায়গায় এস, এ, ই, নেই। আপনি দেখবেন, স্যার, এই কর্মযজ্ঞ শুরু করার জন্য ৩ লক্ষ টাকা প্রতি কেন্দ্রে বিভিন্ন প্রকল্পে, যেমন এস. এ. ই. প্রোগ্রাম, আর বি. পি. প্রগ্রাম ইত্যাদিতে আমাদের ব্লকে কৃষি উন্নয়ন, রাস্তাঘাট উন্নয়ন ইত্যাদি এই সব কাজ নেওয়া হয়েছে, কিন্তু অধ্যক্ষ মহাশয়, এই সব কাজের ভীষণ ক্ষতি হচ্ছে। এমন সব ব্লক আছে যেখানে বি. ডি. ও. নেই। বহু ব্লক অফিসে জিপ গাড়ি দেওয়া হয়নি। এর ফলে যেখানে কয়েক মাইল নিয়ে কাজ হচ্ছে সেখানে কি করে কাজ হবে। এদিকে বলা হচ্ছে যে মার্চ মাসের মধ্যে কাজ শেষ করতে হবে। এই অবস্থায় কি করে কাজ হবে? একদিকে আমরা বলছি যে পশ্চিম বাংলায় গ্রাম বাংলার কথা, মানুষের সহযোগিতা নিয়ে গ্রামবাংলাকে উন্নয়নমুখী করার স্বপ্ন আমরা দেখছি কিন্তু আমরা এটা বাস্তবে রূপায়িত করতে পারব না। অধ্যক্ষ মহাশয়, আমাদের ব্লক অফিসে যদি বি. ডি. ও. না থাকে, সাব অ্যাসিস্টান্ট ইঞ্জিনিয়ার না থাকে, যদি তাদের জিপ গাড়ি না দেওয়া হয়, অফিসে যদি হেড ক্লার্ক না থাকে, তাহলে এই সব উন্নয়নমূলক কাজ হবে কি করে। এই দিকে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

Legislation

The West Bengal Restoration of Alienated Land (Amendment) Bill, 1976

Shri Gurupada Khan : Sir, I beg to introduce the West Bengal Restoration of Alienated Land (Amendment) Bill, 1976. Sir, I now place a statement before the House as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Restoration of Alienated Land (Amendment) Bill, 1976, be taken into consideration.

শ্রী গুরুপদ খাঁন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল রুর‍্যাল ইন্ডেটেডনেস রিলিফ অ্যাক্ট নাইন্টিন সেভেন্টিফাইভ-এর বিধান অনুযায়ী ঐ আইন কার্যকর হওয়ার তারিখ

থেকে দু বৎসরের মধ্যে ঋণ আদায়ের জন্য খাতকের বিরুদ্ধে কোনওরূপ মামলা করা চলবে না। কোনও ডিক্রি জারি করা যাবে না এবং যে মামলা আগে দায়ের করা হয়েছে সেগুলিও স্থগিত থাকবে। ওয়েস্ট বেঙ্গল রেস্টোরেশন অফ অ্যালিয়েনেটেড ল্যান্ড অ্যাক্ট-এর বিধান অনুসারে যারা হস্তান্তরিত জমি ফেরৎ পাবার আদেশ পাবেন তাদেরও অনুরূপ সুবিধা অনতিবিলম্বে দেওয়ার জন্য উদ্ধৃত আইনের আশু সংশোধন প্রয়োজনীয় হয়ে পড়ে। হস্তান্তরকারি যে জমি ফেরৎ পাবেন সে জমি যাতে তিনি বারো বৎসরের মধ্যে আবার হস্তান্তর করতে না পারেন তার জন্যেও বিধান রাখা আবশ্যক হয়ে পড়ে ; না হলে, যাদের জমি ফেরৎ দেওয়া হল তারা আবার ভূমিহীন হয়ে পড়বেন।

বিধানসভার অধিবেশন তখন না থাকায় এবং বিষয়টি জরুরি বিবেচিত হওয়ায় রাজ্যপাল ওয়েস্ট বেঙ্গল রেস্টোরেশন অফ অ্যালিয়েনেটেড ল্যান্ড (অ্যামেন্ডমেন্ট) অর্ডিনেন্স ১৯৭৬ জারি করেন।

এই অর্ডিনেন্স-এর বিধান অনুযায়ী হস্তান্তরকারিকে জমি ফেরৎ পাবার জন্য ওয়েস্ট বেঙ্গল রুর‍্যাল ইন্ডেটেডনেস রিলিফ অ্যাক্ট কার্যকর হবার তারিখ অর্থাৎ ১৯৭৫ সালের ১৬ই অক্টোবর থেকে দু বৎসরের মধ্যে কোনও টাকা দিতে হবে না। যিনি ইতিমধ্যে জমি ফেরৎ পেয়েছেন তার ক্ষেত্রেও স্পেশ্যাল অফিসার কর্তৃক নির্ধারিত কিস্তির টাকা ঐ সময়ের মধ্যে প্রদেয় হবে না। কোনও সুদও ঐ সময়ের জন্য লাগবে না। প্রয়োজন হলে সরকার এই দু' বৎসরের সময়-সীমা এককালীন এক বৎসর পর্যন্ত বাড়িয়ে দিতে পারবেন। যিনি হস্তান্তরিত জমি ফেরৎ পেলেন তিনি ব্যাঙ্ক, কো-অপারেটিভ সোসাইটি, স্থানীয় বা বিধিবদ্ধ সংস্থা এবং লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশন-এর কাছে মোর্টগেজ দেওয়া ছাড়া অন্য কোনও ভাবে বার বৎসরের মধ্যে আবার ঐ জমি হস্তান্তর করতে পারবেন না।

উক্ত অর্ডিনেন্স-এর বিধানগুলি বিধানসভার মাধ্যমে বিধিবদ্ধ করার জন্যই বর্তমান বিধেয়কটি উপস্থাপিত করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি মাননীয় সদস্যগণ সকলেই এই বিধেয়কটি সমর্থন করবেন।

[2-20 — 2-30 p.m.]

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন , সেই বিলের প্রতি সমর্থন জানাই। সমর্থন জানাতে গিয়ে আমি দুই একটি কথা উল্লেখ করা দরকার বোধ করছি। গত বছর যখন অ্যামেন্ডমেন্ট বিল আলোচিত হয়, তখন তিনি প্রশ্নের জবাবে বিশেষ করে একটা ছবি তুলে ধরেছিলেন। এবার দুর্ভাগ্যক্রমে গতকাল আমার প্রশ্নটা হেল্ড ওভার হয়ে গেল তাই এ বিষয়ে সম্যক ছবিটা পেলাম না, এই বিল আসার আগে সেটা পেলে অবস্থাটা যে কি বিশেষভাবে বুঝতে পারতাম। মাননীয় মন্ত্রী মহাশয় জানতে পারেন, তার প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে। যাই হোক আমি দুই একটি কথা বলছি। এই বিলে যে ব্যবস্থাই করুন না কেন, অবস্থার যদি পরিবর্তন না হয় সিরিয়াসলি যে কিছু হবে তা মনে হয় না। পাশকুড়া এক নম্বর এবং দু নম্বর ব্লকে

৪০০ দরখাস্ত পেন্ডিং, একটা ডিস্পোজড হয়েছে। নন্দীগ্রামে ১ নং এবং ২ নং ব্লকে ৩৫০টি দরখাস্ত পেন্ডিং, ৩৯টি মাত্র ডিসপোজড হয়েছে এবং একটি মাত্র চাষীর ফেবারে গেছে, বাকি ৩৯টি ফোর্সড কম্প্রোমাইজ। এই যে পাওয়ার দিয়েছেন জে. এল. আর. ও-কে তিনি চাষীদের ধরে পাকড়াও করে বলছেন যদি কম্প্রোমাইজ না কর তাহলে বিপক্ষে রায় দেব। ফলে এই ৩৯টি মেজর অংশ জমি ছেড়ে দিয়ে কম্প্রোমাইজ করেছেন। আমাদের জয়নাল সাহেব যেহেতু বিধানসভার চূড়ামনি, তার জেলা পশ্চিম দিনাজপুরে সাতটি, একটির বেলায় এ পর্যন্ত বিচার হয়েছে। এই হচ্ছে মোটামুটি অবস্থা। এই যে দু' বছরের মোরেটেরিয়ামের ব্যবস্থা এটা খুব ভাল সুযোগ, কিন্তু এ বিষয়ে যদি ব্যবস্থা না করতে পারেন তো কিছু হবে না। অবস্থাটা বললাম, ৪০০ অ্যাপ্লিকেশন পেন্ডিং, তাহলে কি করে বিচার হবে? বি. ডি. ও.-এর উপর ভার দেওয়া হয়েছে, এই বি. ডি. ও. হচ্ছেন সকল কাজের কাজি।

তারপর বর্তমানে মেদিনীপুর জেলায় সরকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বি. ডি. ও.-দের হুকুম দিয়েছেন, বি. ডি. ও. অফিসে একমাত্র নাইট গার্ড থাকবে। তাহলে বি. ডি. ও. কি করবে? বি. ডি. ও. প্রতি অঞ্চলে গিয়ে শুধু ঋণ আদায় করছে ক্যাম্প করে করে। জে, এল. আর. ও.-দের স্পেশ্যাল অফিসারের মতো স্পেশ্যাল সুযোগ দেওয়া হচ্ছে। তারা কি কীর্তি না করছেন। বাস্তবে তারা তাড়াতাড়ি বিচার করবেন। আপনার প্রভিসন হয়েছে স্পেশ্যাল অফিসাররা এ বিষয়ে এক্সক্লুসিভলি ডিল করবে। তাদের এমন ভাবে সব দেখে শুনে আলাপ আলোচনা করে নিয়োগ করবেন যাতে speedy disposal হতে পারে। এই সব কেসে-এর বিপক্ষে এত রায় দিচ্ছেন কেন ওটা distress-এর জন্য সেল হয় নাই ; কেউ বাপের শ্রাদ্ধের জন্য সেল করে, কেউ বা মেয়ের বিয়ের জন্য সেল করেছে। এসব ডিসট্রেস সেল বলে প্রায়ই মানা হয়নি। এ যেন সখের প্রাণ, গড়ের মাঠ। মন্ত্রী মশায় যদি পরিষ্কার করে লিখে দেন কি হলে distress sale হয়। এখানে বিপুল ঘুস চলছে। তিনি যদি ও সম্পর্কে পরিষ্কার স্পষ্ট করে লিখে দিতেন, তাহলে কিছুটা সুবিধা হতে পারে। এ বিষয়ে তাকে বিশেষ একটু নজর দিতে বলব। মাঝখানে একটা আইন পাস হয়েছে মর্টগেজ প্রমাণিত বিল লিকুইডেশনে যাবে। এই আইনে মোরাটোরিয়াম দেওয়া হচ্ছে। তার distress sale প্রমাণিত হলে সে জমি ফেরৎ পাবে। এই বিচার করতে গিয়ে ওয়ান হেক্টার নন-ইরিগেশন বিচার করছে। সে গিয়ে যদি বলে মর্টগেজ তাহলে সত্যি তা লিকুইডেশন হয়ে যাওয়া উচিত। আগের আইনের এখনও রুল হয়নি। কে বিচার করবে, কি প্রসেস হবে এ সব কিছুই এখনও ঠিক হয় নাই। এই আইন সম্বন্ধে বলবার সময় ঐ আইনের এক্সপিডাইট করবার আবশ্যকতা বোধ করছি। এই দুটি আইন পরস্পরের পরিপূরক। এর সঙ্গে সমর্থক হয়ে আরও বেশি জটিল হয়ে যাবার সম্ভাবনা আছে। এ সম্পূর্ণ একটি অরাজক অবস্থা as far as land alienated is concerned এত আইনের পর আইন হয়ে যেন উল্টো আইন হচ্ছে। জমি ফেরৎ যাচ্ছে এই তো ব্যাপার। কাগজ কলমে এত সব না রেখে যাতে দ্রুত কাজ হয় তার ব্যবস্থা করবার জন্য বলছি। জে. এল. আর. ও.-দের হাত থেকে এদের বাঁচান। ঐ বি. ডি. ও., স্পেশ্যাল অফিসার সব এক একটা অবতার। আর যাই করুন ঐ সব অফিসারের অস্টোত্তর শতনাম বাদ দিতে অন্য অফিসার ঠিক করুন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রী পশ্চিমবঙ্গ হস্তান্তরিত জমি প্রত্যর্পণ সংশোধন বিধেয়ক ১৯৭৬ সেটা বিল আকারে এনেছেন তার প্রতি আমি পূর্ণ সমর্থন করছি। আমি সমর্থন করছি এই কারণে যে আমরা দেখতে পাচ্ছি দীর্ঘদিন ধরে ঐ ১৯৬৮ সালের পর যে সময় দুঃস্থ গরিব বা যারা অসহায় লোক বিশেষ কারণে তাদের জমি হস্তান্তরিত করেছিলেন আজকে তাদের সেই হস্তান্তরিত জমি এখন যদি তারা সরকারের কাছে ফেরৎ চান, বি. ডি. ও.-র মাধ্যমে আবেদন করেন, তাহলে সেই ব্যাপারে সরকার যে আজ চেষ্টা করছেন যার ফলে আমরা মনে করি যে অসহায় মানুষকে এই সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন দুঃস্থ অসহায় মানুষের পাশে আমরা থাকব, এদের আজকে অন্তত গৃহহীন করব না। আজকে তাদের বাস্তুভিটা থেকে উচ্ছেদ করবার জন্য স্বার্থান্বেষীদের প্রকল্প ও চক্রান্তের বিরুদ্ধে আঘাত করা হচ্ছে। এই যে আজকের দিনে খুব সুন্দর আইনকে বাস্তব রূপদান করবার জন্য মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, তার জন্য আপনার মাধ্যমে আমি আন্তরিক ধন্যবাদ তাকে জানাচ্ছি।

[2-30 — 2-40 p.m.]

তাঁর এই চেষ্টা, বিশেষত আমাদের সরকারের এই প্রচেষ্টা এবং এটা হচ্ছে দরিদ্র এবং দীর্ঘদিন শোষিত মানুষ তাদের আজকে একটা সম্বল হয়েছে এবং যে সম্বলের মাধ্যমে অন্তত কিছু এই যারা বিপদগ্রস্ত আজকে তারা একটা সাহায্য পাচ্ছে। আজকে এটাকে কার্যকর করতে যে বাধা আসছে যেটার কথা শ্রদ্ধেয়া গীতাদি বললেন বিভিন্ন জায়গায় হয়ত সুবিধা হচ্ছে, বিভিন্ন জায়গায় প্রশ্ন উঠছে। আমি মনে করি একটা মহৎ কাজকে বাস্তবে রূপ দিতে গেলে সেখানে নিশ্চয় কিছু বাধাবিপত্তির সম্মুখীন হতে হয়। দীর্ঘ দিন যে জিনিস হয়নি, সেই কাজ বাস্তবে রূপদানের জন্য হয়ত আমাদের কাছে একটা দিন এসেছে, সময় এসেছে। তবে আমি মনে করি সরকারের শুধু এটা একার দায়িত্ব নয়, এটা আমরা যারা নির্বাচিত প্রতিনিধি আছি তাদের তো আছেই, প্রত্যেক জনসাধারণকেও এর মধ্যে সামিল হতে হবে এবং এটা আমি মনে করি যদি আমাদের কোনও জায়গায় নির্দেশ দেওয়া সত্ত্বেও কোনও জায়গায় ব্যতিক্রম ঘটে থাকে সে ব্যতিক্রম পরিবর্তনের সময় এসেছে এবং সেই পরিবর্তন করতে গেলে আমাদের সেখানে অন্তত সরকারের দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন। আমি মনে করি যে উদ্দেশ্যে এবং হেতু সেই উদ্দেশ্য এবং হেতু আমরা যদি কোনও জায়গায় মনে করি এই রকম যারা কায়েমি স্বার্থন্বেষী, যারা হস্তান্তরিত করছে না বা বি. ডি. ও অফিস থেকে কোনও রকম সহযোগিতা করছে না, আজকে প্রশাসন থেকে কোনও রকম সহযোগিতা না করে সেগুলো সরকারের দৃষ্টিগোচরে আনা একান্ত প্রয়োজন। আজকে এই পরিপ্রেক্ষিতিতে দেশে জরুরি অবস্থা আছে। শ্রীমতী গান্ধী ২০ দফা কর্মসূচিতে অধিকাংশ জায়গায় ভূমিহীন-গৃহহীন, দুঃস্থ অসহায়-এর কথা বারবার তিনি উল্লেখ করেছেন এবং আমাদের সরকারও তা উল্লেখ করেছেন বারবার। আজকে যেসব অসুবিধা আমাদের কাছে আসছে, কোনও জায়গায় অসুবিধা হয়ে থাকলে সেটা অন্তত সরকারের দৃষ্টিগোচর করা দরকার। সেই কারণে আমি মনে করি আজকের দিনে এই সরকারের আনীত যে বিলটা সেই বিলটা অন্তত আমি সমর্থন করি। আগামী দিনে যদি বাস্তবে কিছু ত্রুটি দেখা দেয় বাস্তবে রূপদানের জন্য আমি আশা করি

সরকার আরও সজাগ হবে। এই ব্যাপারে আমাদের তরফ থেকে সহযোগিতা দরকার। এই বিলটাকে পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ, বন্দেমাতরম।

শ্রী সরোজ রায় : স্পিকার স্যার, আমি মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা বলতে চাই। যখন প্রথম এই অ্যাক্ট পাস হল, তখন সত্যি কথা পশ্চিমবাংলার গ্রামের মানুষের মনে একটা প্রচন্ড উৎসাহ এসেছিল—দরিদ্র মানুষের মাঝখানে এবং আমাদের মাঝখানে। কিন্তু তারপরের ঘটনা যথেষ্ট হতাশার। সেটা কি করে কাটাতে পারি, এই অ্যাক্টের ভিতর দিয়ে নয়, কতকগুলো রুলের ভিতর দিয়ে সেটা দেখতে হবে। যে কথাটা কাশীবাবু বললেন সেটা সত্যি—মহৎ কাজে বাধা আসবে, মহৎ কাজে বাধা দেবে অসৎ লোকেরা। গীতাদি যে কথা বললেন নানা রকম ঘুস, দুর্নীতি ইত্যাদি করে ফোর্সিবলি সেখানে কম্প্রোমাইজ করিয়ে দেওয়া হচ্ছে। এখানে আমি মাত্র দুটি সাজেশন্স রাখতে চাই। একটি সাজেশন হল আপনি একটু খোঁজ নিয়ে দেখবেন—আমি ইন্ডিভিজুয়ালি ৩ জন বি. ডি. ও-র সঙ্গে আলাপ আলোচনা করে দেখেছি, তাদের নাম আমি করতে চাই না, একজন আমাকে বললেন আর এক বিপদ আমাদের ঘাড়ে এসে পড়ল, বিচারক হতে হবে, ৭০০/৮০০ করে অ্যাপ্লিকেশন আসছে, কবে হবে জানি না। আমাকে বলল আপনারা আইনসভায় একটা পন্থা যদি দয়া করে বের করতে পারেন তাহলে ভাল হয়, দ্যাট উইল বি হেল্পফুল টু আস। আমরা হতাশা ফিল করছি। তাদের লক্ষ কাজের ভিতর আবার এই কাজ ঘাড়ে এসে পড়েছে। জনৈক বি. ডি. ও. বললেন, তার নাম করতে চাই না, আমি অ্যাপ্লিকেশনগুলোতে এখনও হাত দেবার সময় পাইনি, দেখা তো দূরের কথা, কবে হবে জানি না। এখন এই অবস্থায় সেখানে নতুন মেশিনারি কিছু করতে পারেন কিনা দেখুন, যদি আপনি এই কাজটা করতে চান—দু নং হল আমি আগে যে কথা বললাম অন্তত মহৎ কাজে বাধা যাতে দিতে না পারে সেইজন্য আমি আবার বলছি জে. এল. আর. ও.দের বিচারক নিযুক্ত যেন না করেন—৩ নং হচ্ছে একটা ডাইরেকশন দেওয়া দরকার, এখানে নানারকম প্রশ্ন উঠেছে। এখন ডিসট্রেস বলতে কি বোঝায়, ডিসট্রেস মানে কি, ডিসট্রেস সেল মানে কি, ডিসট্রেস বলতে কাদের বোঝায়—এদিকে যদি একটা ডাইরেকশন দেওয়া যায়—আমি আমার শেষ প্রশ্নটা বলে শেষ করছি সেটা হচ্ছে এই, এত হাজার হাজার যে অ্যাপ্লিকেশন আসছে সেটা যদি দীর্ঘদিন ফেলে রাখেন তাহলে আপনি যে উৎসাহ সৃষ্টি করেছিলেন সেই উৎসাহ আর আসবে না, হতাশা আসবে এবং যাদের কাছে তুমি ক্রমবর্দ্ধক দিয়েছ তারা বিভিন্ন জায়গায় খোঁজ নিয়ে বলছে তোদের কিছু হবে না, আমাদের সঙ্গে কমপ্রোমাইজ করে অ্যাপ্লিকেশনগুলো উইথড্র করেন—এই জিনিস শুরু হয়ে গেছে। গরিব চাষি, কৃষকদের উপর এইভাবে ফোর্সড করা হচ্ছে। মহাজনরা নিজেরা এসে বলছে কমপ্রোমাইজ করে নাও সরকার থেকে তোমাদের জন্য কিছু করবে না, এইরকম বড় বড় কথা বলছে। কাজেই এই জিনিসের একটা সমাধান করার জন্য যা যা করা দরকার সেটা আপনি করুন।

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ভূমি ও ভূমি সদ্ ব্যবহার মন্ত্রী মহাশয় ভূমি হস্তান্তর প্রত্যার্পণ সংশোধনী বিলটি হাউসে উপস্থিত করেছেন তাকে আমি

সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজস্বমন্ত্রী মহাশয় এই হাউসে অনেকগুলি বিল এনেছেন। তার মধ্যে এই বিলটি যেদিন পেশ করেন সমস্ত বিলগুলির মধ্যে এটা নিশ্চয় উন্নততর ধরনের বিল যাতে কল্যাণ এবং মঙ্গল রয়েছে। এই সংশোধনীতে বলা হয়েছে কিস্তির টাকা সময় মত দিতে না পারলে অধিকার থেকে সে যাতে বঞ্চিত না হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ—এই বিল গ্রাম এলাকায় আলোড়ন এনেছে। ছোট চাষী যারা ভূমি থেকে বঞ্চিত হচ্ছিল, ছোট ছোট চাষী মার্জিন্যাল ফারমার যারা ভূমিহীনে পরিণত হচ্ছিল এই বিল আনার ফলে তাদের খানিকটা উপকার হয়েছে এবং ভূমিহীনের সংখ্যা যাতে না বাড়ে তারই জন্য এই বিল আনা হয়েছে—এ জন্য তিনি নিশ্চয় ধন্যবাদের পাত্র। কিন্তু যে সংশোধনী এনেছেন সেই তাতে করে তার সেই উদ্দেশ্য সাধিত হবে কিনা আমদের যথেষ্ট সন্দেহ রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা দেখছি বর্গাদাররা সকলে মিলে বি. ডি. ও.-র কাছে আবেদন করছেন। যারা জমি প্রত্যার্পণ করবেন তারা এমন সব ফাঁকড়া সৃষ্টি করছেন তাতে ছোট চাষীদের ভূমি ফেরত পেতে অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। কারণ, স্যার, আপনি জানেন যে সময় দলিল সম্পাদন করা হয় সেখানে কারণ দেওয়া হয়—পিতা, মাতার শ্রাদ্ধের জন্য ঋণ, ছেলেমেয়ের বিয়ের জন্য। এখন বি. ডি. ও.-রা বলছেন আমাদের এত চিন্তা করতে হয় তার মধ্যে আবার একটা চিন্তা এসে পড়ল যে জমি বিক্রি করেছে সেই জমি ফিরিয়ে দিতে হবে।

[2-40 — 2-50 p.m.]

স্যার, এখানে এক ইঞ্চি জমির জন্য লোকে অস্ত্রের আঘাত সহ্য করেছে সেই জমি কি কেউ বিনা অভাবে বিক্রী করে? স্যার, যে জমি লোকে জঙ্গল কেটে উদ্ধার করেছে এবং পুরুষানুক্রমে চাষ করছে সেই জমি কি কেউ বিনা অভাবে বিক্রি করে? অথচ স্যার, বি. ডি. ও.-রা এই অভাবের তাৎপর্যটা বুঝতে পারছেন না। এখানে অভাবজনিত কথাটা প্রমাণ করতে ছোট চাষীরা হিমশিম খেয়ে যাচ্ছে। স্যার, আমরা জানি মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রী খুব বড় চাষী নন এবং জমি সম্বন্ধে তার কিছু অভিজ্ঞতা আছে এবং তিনি খুব বড় শহরে বাস করেন না, তিনি সবই জানেন। তিনি জানেন, বিনা অভাবে কেউ জমি বিক্রি করে না কিন্তু স্যার, বি. ডি. ও.-রা তা বুঝতে চাইছেন না। পিতা-মাতার শ্রাদ্ধ, ছেলেমেয়ের বিয়ের জন্য জমি বিক্রি করেছে—২/৪ জন বি. ডি. ও অর্ডার দিয়ে দিয়েছেন যে অভাবের তাৎপর্য এটা হচ্ছে না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এটাকে আরো সংশোধন করুন। যেভাবে সারা পশ্চিমবাংলায় ভূমিহীনদের সংখ্যা বাড়ছে সেই পরিপ্রেক্ষিতে যদি আপনার উদ্দেশ্যে হয় আর ভূমিহীনের সংখ্যা না বাড়ানো বা যাদের কিছু কিছু জমি আছে তাদের হাতে সেই জমি রাখা হয় তাহলে আপনি এই অভাবজনিত শব্দটা তুলে নিন এবং একটা ব্যাপক সংশোধন করুন। কারণ এই কথাটা নিয়েই তারা ফ্যাকড়া তুলছে। আপনি এটা করুন যে, ১৫ বিঘা বা তার কম জমি যাদের আছে সেখানে বিক্রিদান, বা হস্তান্তর রহিত করে দিন। আর যাতে লোক ভূমিহীনে পরিণত না হয়, কৃষিমজুরে পরিণত না হয় বা ভিখারিতে পরিণত না হয় সেটা দেখাই যদি আপনার উদ্দেশ্য হয় তাহলে আপনি এটা করুন এবং তা যদি করেন তাহলে আর বি. ডি. ও.-দের কাছেও যেতে হবে না, উকিলের কাছেও যেতে হবে না এবং আপনাকে বার বার সংশোধন আনতে হবে না। স্যার, গ্রামের লোক টাঙ্গি, বোমা, পিস্তলকে ভয় করে না, তার ভয় করে আইনকে কারণ আইন তারা জানে না। তারা আইন জানে

না বলেই সেখানে নানাভাবে ফাঁকড়া তুলে প্রগতিশীল কাজে বাধা দেওয়া হচ্ছে এবং তাদের কল্যাণ করা হচ্ছে না। আমি তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, বি. ডি. ও.-রা কি জাজমেন্ট দিয়েছে তার সমস্ত রিপোর্ট জানান এবং সেগুলি নিয়ে মন্ত্রিসভায় যারা ব্যারিস্টার আছেন তাদের সঙ্গে পরামর্শ করে একটা ব্যাপক সংশোধন আনুন। আমি জানি মাননীয় মন্ত্রী মহাশয়ের আমলে অনেক কল্যাণকর এবং ভাল ভাল আইন হয়েছে কিন্তু সেটা রূপান্তরিত করবার পথে যে সমস্ত বাধার সৃষ্টি হচ্ছে সে সম্পর্কে তার কোন ধ্যান-ধারণা নেই। তিনি শিক্ষক মানুষ, আইনজ্ঞ নন কাজেই সেখানে নানান ফ্যাঁকড়া তোলা হচ্ছে। আমি তাই আবার বলব, যেগুলিতে হেরে গিয়েছে সেই সমস্ত জাজমেন্টের কপি আপনি আনান এবং তা দেখে ব্যাপকভাবে একটা সংশোধনী আনুন। এটা করলে তবেই আপনার উদ্দেশ্য সার্থক হবে, তা না হলে হবে না। এই বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

শ্রী গুরুপদ খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বিধানসভার সদস্যরা যে বক্তৃতা রাখলেন আইনের সংশোধনী সম্পর্কে সেটা যে খুব কল্যাণকর সে বিষয়ে সকলেই নিঃসন্দেহ হয়েছেন। এই আইনটাকে কাজে পরিণত করবার সময়ে কিছু কিছু অসুবিধা যে দেখা দিয়েছে সেটা সম্বন্ধে আমি আপনাদের সঙ্গে একমত না হয়ে পারছি না। বিভিন্ন কারণের জন্য আমাদের বিচারক হিসাবে যেসব অফিসারদের নিয়োগ করা হয়েছিল বি. ডি. ও. ইত্যাদি—তারা বিভিন্ন কাজে ব্যস্ত থাকার জন্য সবগুলি সময়মতো আশানুরূপভাবে করতে পারেন নি বলে আমরা কিছুদিন আগে যাতে এই বিচারক অফিসারদের আরো বাড়ানো হয় তার জন্য সংশোধন করে কমিশনারদের ক্ষমতা দিয়েছিলাম তারা যে কোনও গেজেটেড অফিসারদের নিযুক্ত করতে পারবেন এই সমস্ত কেসগুলি নিষ্পত্তি করবার জন্য। সেই অনুযায়ি আমরা কমিশনারদের কাছ থেকে যে খবর পেয়েছি বি. ডি. ও. ছাড়া অনেক জেলায় একজিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জয়েন্ট বি. ডি. ও. সাব-ডিভিসনাল ল্যাণ্ড রিফর্মস অফিসার, গেজেটেড অফিসার, সোশ্যাল এডুকেশন, ইণ্ডাস্ট্রি ইত্যাদি এদের মধ্যে অনেকেই গেজেটেড অফিসার এই বিচারগুলি করবার জন্য ক্ষমতা দিয়েছেন। আর সংখ্যাটা অনেক বেড়ে গেছে। কেন না, আবেদন করবার শেষ সময়ে যেটা ছিল সেটাকে আরো বাড়িয়ে ১৯৭৭ সালে ৪ঠা মে পর্যন্ত করা হয়েছে বলে অনেক আবেদনপত্র নতুন করে আমাদের বিভিন্ন অফিসে জমা পড়ছে। তার ফলে আমাদের কেসগুলি যে সময়ে নিষ্পত্তি হওয়া উচিত ছিল তার সবগুলি ঠিক সময়মতো হয়ে ওঠেনি। তাই সংখ্যাটা নিশ্চয়ই বেড়ে গেছে। একটা মুশকিল হয়েছে যে প্রথম যিনি ট্রান্সফর্মার বিক্রি করেছেন এবং প্রথম ক্রেতা, তারপরে আর যদি হস্তান্তর না হত তাহলে হয়ত এটাতেই তাড়াতাড়ি বিচার করা হয়ে যেত। এর পরে দেখা গেছে অনেক ক্ষেত্রে প্রথম যিনি ক্রেতা হলেন তিনি আবার দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ—এই ভাবে অনেকবার হস্তান্তর করেছেন। কাজেই শেষ ক্রেতা কে হল তাকে না ধরা পর্যন্ত, তার কাছে নোটিশ না যাওয়া পর্যন্ত ঠিকমতো বিচার হবে না বলেই কিছু কিছু সময়ের প্রয়োজন হয়ে গেছে আমাদের অফিসারদের আপনারা সেটা নিশ্চয় স্বীকার করে নেবেন। তাছাড়া আমরা এটাকে ডিস্ট্রিক্ট অফিস বা সাবডিভিসনাল অফিসের মধ্যে আবদ্ধ রাখিনি যাতে করে গরিব চাষী যারা জমি বিক্রি করতে বাধ্য হয়েছে কাছাকাছি ব্লক অফিসে আসার সুবিধার জন্যই এটা করা হয়েছে। তবে দেখা গেছে অনেক জায়গায় বিভিন্ন পার্টি তারা ঠিক সময় মতো হাজির হচ্ছে না। এই

কারণে সময়ের প্রয়োজন হয়ে গেছে। বিভিন্ন অফিসার নিয়োগ করে এই কেসগুলি যাতে তাড়াতাড়ি নিষ্পত্তি করা যায় সে সম্বন্ধে আমরা চিন্তা করছি। তবে আমাদের সময় বাড়ানোর ফলে অনেক কেস আসতে শুরু করেছে। সেই জন্য আমাদের বিভিন্ন গেজেটেড অফিসারদের ক্ষমতা দেওয়া হয়েছে এবং এই কেসগুলি নিষ্পত্তি করবার জন্য তাদের বিচারকরূপে নিযুক্ত করা হয়েছে। এখন যদি দেখা যায় আশানুরূপভাবে হচ্ছে না তাহলে নিশ্চয় পরিবর্তন করতে হবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। শরৎ দাস মহাশয় একটি প্রশ্ন তুলেছেন যে অভাবের জন্য যে জমি বিক্রি করেছেন সেই জমি ফেরৎ যোগ্য হবে—অতএব অভাব বোঝবার জন্য অনেক অসুবিধা হচ্ছে—এখানে সেকশন ৪(এ)-তে পরিষ্কার বলে দেওয়া আছে, "such trasfer was made after he expiry of the year 1967 being in distress" নিশ্চয় ডিস্ট্রেস আছে, "or in need of the money for the maintenance of himself and his family." যদি তার নিজের কিম্বা পারিবারিক ভরণপোষণের জন্য যদি দরকার সেই জন্য যদি বিক্রি করে থাকেন কিম্বা "for meeting the cost of his cultivation." কিম্বা তার নিজের জমি চাষ করবার জন্য জমি বিক্রি করে থাকেন সেই ক্ষেত্রে এই আইনের সুযোগে যিনি গরিব চাষী বিক্রেতা তিনি পাবেন সে বিষয়ে কোনও সন্দেহ নেই। তবে যদি আমরা একেবারে ঢালাও বলে দিই যিনি ক্ষুদ্র চাষী ১৫ বিঘা বা দু হেক্টরের কম জমি আছে তারা যে সব ক্ষেত্রে বিক্রি করছেন সবাই এর আওতায় আসবেন—তারপরে যিনি নিজের সুবিধার জন্য অন্য জায়গায় জমি কেনবার জন্য অন্যান্য বিভিন্ন কাজের জন্য বিক্রি করতে চান সেই ক্ষেত্রে তার অসুবিধা হয়ে দাঁড়াবে, এই রকম ঢালাও আদেশ যদি দিয়ে দিই। তাই পরিষ্কারভাবে এখানে আমাদের বলা আছে অভাবে পড়লে কিংবা তার নিজের পরিবারের প্রকৃত ভরণপোষণের জন্য প্রয়োজন হলে কিংবা চাষ করবার জন্য যদি প্রয়োজন হয়, সেই জন্য যদি বিক্রি করে তাহলে তিনি এই আইনের সুযোগ পেতে পারবেন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : ভরণপোষণ কথাটার একটা ক্লারিফিকেশন হতে পারে না? কারণ এটাকে কেন্দ্র করে কিন্তু রায়গুলো—মেয়ের বিয়ে বা বাপের শ্রাদ্ধ এই সব মিছে কথা হচ্ছে। এই সব বলে দিচ্ছে, সুতরাং এটাকে আর একটু স্পষ্ট করে দিলে ভাল হয়, মানে মানুষকে বেঁচে থাকতে হলে মেয়ের বিয়ে দিতেই হবে, সেটা আলাদা কথা। কিন্তু সে মেয়ের বিয়ে দিয়েছে, সুতরাং সেটা ধরে নিচ্ছেন এই টাকাটা মেয়ের বিয়ের জন্য খরচ হয়েছে, কে বললে? তার বাঁচবার জন্য খরচ হয়েছে। ভরণপোষণ কথাটাকে বাদ দিয়ে এই রকম প্রত্যেক ক্ষেত্রে—তার নিশ্চয়ই ইন কোর্স অব টাইম মেয়ের বিয়ে হয়েছে, ইন কোর্স অব টাইম বাপের শ্রাদ্ধও হয়েছে, কিন্তু সেই সবকে দিয়ে পাকড়াচ্ছে। এটার বিষয় কি ব্যবস্থা করছেন? সুতরাং এই ভরণপোষণটাকে আপনি যদি আরও স্পষ্ট করে বলেন—বেঁচে তো থাকতে হবে, সেই কারণে নইলে এটা কিন্তু মিস ইউজে দাঁড়াবে।

[2-50 — 3-30 p.m.] (Including adjournment)

শ্রী গুরুপদ খাঁ : যদিও দলিলে লেখা থাকে মেয়ের বিয়ে বা কিছু, সত্য সত্যই তার যদি ভরণপোষণের জন্য করেছেন, অর্থাৎ বেঁচে থাকবার জন্য, চাল কেনবার জন্য, গম কেনবার জন্য, যদি সে বিক্রি করেছে এটা যদি সত্য হয়, অথচ দলিলে লেখা আছে,

তাহলেও আমার প্রভিসন দেওয়া আছে, এখানে আপনারা যদি দয়া করে সেকশন ফোর, সাব সেকশন ফাইভ দেখেন তাতে বলা আছে, "Not withstanding any thing contained in the Indian Evidence Act, 1972." দলিলটা বড় এভিডেন্স হওয়া সত্ত্বেও any evidence adduced by a transfer or varying adding or substracting from, the terms of the sale deed. এটা তাকে প্রমাণ করতেই হবে to prove the necessity or purpose for which the transfer was made. হয়ত দলিলে লেখা আছে মিছে করে, অন্য কিছু হয়ত, সাইকেল, রেডিও কেনবার জন্য এই সব লেখা আছে, কিন্তু এটা যদি প্রমাণ করা যায় varying, adding, or substracting from, the terms of the sale deed to prove the necessity or purpose for which the transfer was made or the amount of consideration. লেখা আছে দলিলে অনেক জায়গায়, এটা আপনারা বলেছেন ৫০০ টাকা নগদ দিয়েছে, হাজার টাকা লেখা আছে—একটা নিশ্চয়ই কিছুর উপর বেস করে এগোতে হবে। Amount of consideration actually paid by the transferec to the transferor shall be admitted". সুতরাং বলে দেওয়া আছে, যদি সাক্ষ্য প্রমাণ দিয়ে ঠিকমতো ভাবে বলা যায় এবং প্রমাণ করা যায় তাহলে ঐ সেকশন ফোরের সাবসেকশন ফাইভে যে সুযোগ দেওয়া আছে, যারা গরিব চাষী যারা জমি বিক্রি করেছেন তারা ফিরিয়ে নিতে পারবেন। নির্ভর করছে সাক্ষ্য প্রমাণ নিয়ে আসার উপর। এবং এটাও তাদের সবিনয়ে জানাচ্ছি যাতে সাক্ষ্য নিয়ে আসতে পারে—জেলা কোর্টে যেতে হলে ঐ গরিব লোককে যদি পাঁশকুড়া থেকে মেদিনীপুরে ১০ জন সাক্ষীকে নিয়ে যেতে হয় তাহলে সেখানে অসুবিধা হবে। অথচ গ্রাম থেকে ঐ ব্লকের যে হেড কোয়ার্টার রয়েছে, বিভিন্ন সময়ে তারা আসে, সেখানে আসার অসুবিধা হবে না বলেই সেই উদ্দেশ্যে আমরা ব্লক হেড কোয়ার্টারে যে সমস্ত অফিসার ছিলেন, বি. ডি. ও.-রা এবং এখনও যারা ব্লক হেড কোয়ার্টারে অফিসাররা রয়েছেন, যাতে যারা ধনী লোক, যারা কিনেছে, তারা সাক্ষী নিয়ে যাবেন ২০/২৫/৩০ টা, অথচ গরিব লোক নিয়ে যেতে পারছে না, এরা মুড়ি, চিঁড়ে বেঁধে গরিব লোক গরিব লোকের উপর সহানুভূতি সম্পন্ন হয়ে এখানে সাক্ষী দিতে পারেন সেই ব্লকের হেড কোয়ার্টারে, সেই জন্য আমরা এই বিচারের আদালতগুলোকে সেখানে বলাবার চেষ্টা করেছি। সুতরাং এই রকম ধরনের সকলের মনের মধ্যে যে আলোড়ন এসেছে, যেটা বললেন আমাদের শরৎ দাস মহাশয়, কাশীবাবু এবং সরোজ রায় মহাশয়, এটা যদি ঠিকমতো যারা দরদি গরিব, সহানুভূতি সম্পন্ন লোক রয়েছেন তারা সাক্ষীটা এসে দিলে তার উপর বিচার করতে বাধ্য হবেন। বিচারের পর আবার অ্যাপিল করবার প্রভিসন রয়েছে কালেক্টরেটের কাছে যাওয়ার, যদি সেখানে অন্যায় হয়। তবুও আমি বলছি, বর্তমানে যে বিধেয়ক নিয়ে এসেছি সেটা হচ্ছে দু বছরের মরেটোরিয়াম দেওয়া। এই প্রসঙ্গে আপনারা এই কথাটা বললেন, নিশ্চয়ই এটা চিন্তা করার কথা। আমিও দেখেছি, আপনাদের গত বছরে প্রশ্নের উত্তর যা দিয়েছিলাম, তারপরও আপনি যে প্রশ্নটা গতকাল করেছেন, আমরা সেটা পাইনি, আপনি ওয়েস্ট দিনাজপুরের কথা তুলেছেন। সেখানে খুব ভাল ফিগার নেই। বিভিন্ন জেলায় হয়েছে, আমরা ঠিকমতো উত্তর পাইনি বলে উত্তর দিতে পারিনি। আমরা রেডিওগ্রাম পাঠিয়েছি উত্তর পাবার জন্য, যাতে এই প্রশ্নের ঠিকমতো উত্তর দিতে পারি। ১৭৯টি ডিসপোস অফ হয়েছে, এটা নিশ্চয়ই যে খুব ভাল নয় তা স্বীকার করতেই হবে। আমাদের ৫১টির

রেস্টোরেশন হয়েছে, নাম্বার অফ কেসেস ট্রান্সফার্ড অ্যান্ড রিসিভড পজেশন—পজেশন পাওয়া গিয়েছে ৫১-টির, ১৯৬৭-টির ক্ষেত্রে, এটা খুব ভাল ফিগার হচ্ছে না। দরখাস্ত আসছে, আরও দরখাস্ত আসবে, যাদের অফিসার নিয়োগ করা হয়েছে তারা দেখবেন। এই অফিসারদের বিভিন্ন কমিশনাররা নিয়োগ করেছেন, তারা এটা গভীর ভাবে চিন্তা করবেন। আমরা যদি সকলের সহযোগিতা ও সহানুভূতি পাই তাহলে ঐ দরিদ্র—যারা জমি বিক্রি করতে বাধ্য হয়, তাদের সম্বন্ধে আইনে যে প্রভিসন দেওয়া হয়েছে সেই প্রভিসন অনুযায়ী তারা যাতে জমি পান তার ব্যবস্থা করতে পারব। তারা নিশ্চিতভাবে জমি পাবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। কোনও অ্যামেন্ডমেন্ট নেই, সুতরাং সে সম্বন্ধেও কিছু বলবার নেই।

The motion of Shri Gurupada Khan that the West Bengal Restoration of Alienated Land (Amendment) Bill, 1976 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

শ্রী গুরুপদ খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহৎ কাজ করার পিছনে সকলের যে সহানুভূতি, আন্তরিক সহানুভূতি আছে সেটার আজকে একটা উজ্জ্বল প্রমাণ পাওয়া গেল।

Sir, I beg to move that the West Benal Restoration of Alienated Land (Amendment) Bill, 1976, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for half an hout)

[3-30 — 3-40 P.M.] (After adjournment)

The West Bengal Land Reforms (Amedment) Bill, 1976

Shri Gurupada Khan : Mr. Speaker Sir, I beg to introduce The West Bengal Land Reforms (Amendment) Bill, 1976, and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shr Gurupada Khan : Mr. Speaker Sir, I beg to move that The West Bengal Land Reforms (Amendment) Bill, 1976, be taken into consideration.

শ্রী গুরুপদ খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের সফল প্রয়োগের ক্ষেত্রে কতকগুলি বাঁধা অপসারণের জন্য ঐ আইনের কিছু আশু সংশোধনের

প্রয়োজন। ১৪টি (৩) উপধারা অনুসারে রেভিন্যু অফিসাররা স্থির করেন কত জমি সিলিং অতিরিক্ত হওয়ায় তা সরকারে ন্যস্ত হবে। রেভিন্যু অফিসারের সিদ্ধান্তের পর অনেক সময় নূতন তথ্য পাওয়ার ফলে পূর্বেকার আদেশ সংশোধন করার দরকার হয়। আইনে এর কোনও বিধান না থাকায় আইনের সংশোধন করে রেভিন্যু অফিসারকে প্রয়োজন হলে পূর্বেকার সিদ্ধান্ত পরিবর্তন করে কত জমি সরকারে ন্যস্ত হবে তা পুনর্নির্ধারনের ক্ষমতা অবিলম্বে দেওয়া অপরিহার্য হয়ে পড়ে। যাদের সিলিং অতিরিক্ত জমি হচ্ছে এমন অনেক রায়ত ৭(a) form-এ তাদের জমির return দাখিল করেননি। Return দাখিল না করা অথবা ইচ্ছাকৃতভাবে ভুল Return দেবার জন্য আইনে হাজার টাকা পর্যন্ত জরিমানার বিধান ছিল। যারা Return দেয় তারা যাতে সকলে Return দাখিল করতে বাধ্য হন সেজন্য সঙ্গত কারণ ব্যতিরেকে Return দাখিল না করা অথবা ইচ্ছাকৃতভাবে Return ভুল অথবা অসম্পূণতার কারণে অপরাধে দন্ড বাড়িয়ে ২ বছর পর্যন্ত জেল বা ৫ হাজার টাকা পর্যন্ত জরিমানা, অথবা জেল ও জরিমানা দুই হতে পারে। সিলিং জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন করার কথা অনেক সময় দেখা যায় এই সব জমি এমন অনেক লোক দখল করে আছে যা আইনের ৪ নং ধারা বিধান অনুযায়ী ন্যস্ত কৃষি জমির বন্দোবস্ত পেতে পারে না। যোগ্য ব্যক্তিদের মধ্যে ঐ সব জমি বিলি করার পরে যারা জমি পেলেন তাদের দখল নিতে বাধা সৃষ্টি করেন। ন্যস্ত কৃষি জমির বিলি বন্দোবস্ত যাতে সুষ্ঠু রূপে হয় যোগ্য প্রার্থী যাতে জমির দখল পান এবং বিলির পর দখল পেতে যাতে অনর্থক অসুবিধা না হয় সেজন্য নোটিশ দেবার পর যারা বেআইনি ভাবে রাখা জমি দখল ছাড়বেন না অথবা যাদের ঐ জমি বিলি করা হয়েছে তাদের দখল নিতে বাধা সৃষ্টি করবেন তাদের ১ বছর পর্যন্ত জেল বা ২ হাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা জেল জরিমানা দুই দন্ড হিসেবে দেওয়া বিধানে প্রয়োজন হয়। বিধানসভার অধিবেশন তখন না থাকায় এবং বিষয়টা অত্যন্ত জরুরি বিবেচনা হওয়ায় রাজ্যপাল পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার সংশোধনী মধ্যাদেশ (odinance) ১৯৭৬ সালে জারি করেন। ঐ অধ্যাদেশের বিধানগুলি বিধানসভায় মাধ্যমে বিধিবদ্ধ করার জন্য বর্তমান বিধেয়ক উপস্থিত করা হয়েছে। মাননীয় অধ্যাক্ষ মহাশয়, আশা করি এই বিধেয়কটি সকল মাননীয় সদস্যদের অনুমোদন লাভ করবে।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি : মিঃ স্পিকার, স্যার, গুরুপদবাবুর সঙ্গে আমার একটা আত্মিক সৌহার্দ্য আছে, সেজন্য অ্যামেন্ডমেন্ট দিইনি। উনি মহৎ উদ্দেশ্য নিয়ে করেছেন সেজন্য অ্যামেন্ডমেন্ট আসেনি তা নয়, উনি যদি সহযোগিতার কথা বিবেচনা করেন তাহলে রুলসের মধ্যে আমার বক্তব্য বিবেচনা করবেন। উনি শ্রীমতী গীতা মুখার্জির সময় বলেছিলেন মহৎ উদ্দেশ্য নিয়ে করে থাকলে বাধা বিপত্তি আসে না। মহৎ উদ্দেশ্য সম্বন্ধে বলতে গিয়ে একটা ঘটনার কথা মনে পড়ে গেল। কৃষ্ণনগর কলেজের প্রিন্সিপ্যাল এ. কে. চন্দ্র, তিনি একদিন হোস্টেলে একটি ছেলে খুব ভাল বুদ্ধদেবের ছবি এঁকেছিল দেখতে গিয়েছিলেন। ছবি দেখে তিনি বললেন ফ্রেমটা খুব ভাল হয়েছে। সুতরাং প্র্যাগমাটিজম কোনও মহৎ উদ্দেশ্য সিদ্ধ করে না। স্যার, বিধানসভায় এই বিলের সময় এই সতর্ক বাণী আমি উচ্চারণ করেছিলাম আজকে যেটা অ্যামেন্ডমেন্ট আকারে এসেছে। যারা জমির রিটার্ন দিল না, জোর করে চুরি করে রাখল তারজন্য যে শাস্তির ব্যবস্থা নিয়েছেন সেটা আমি সর্বান্তকরণে সমর্থন করি। কিন্তু

একটা কথা এর মধ্যে নেই—ধরুন আমি যদি লাখ টাকা চুরি করতে পারতাম তাহলে বুকের বোতাম খুলে বলতাম আমাকে মার, কিন্তু আমার তো লাখ টাকা রয়ে গেল, এই যে জমিগুলি মেরে খাচ্ছিল তারজন্য সেখানে ক্ষতিপূরণের কোনও ব্যবস্থা নেই। যারা ধরা পড়বে এখন পানিশমেন্ট হয়ত আপনি দিয়েছেন ৫ হাজার টাকা, এতে আমরা খুশি, কিন্তু তখন আমরা একথা বলেছিলাম, কিন্তু জমি রেখে এতদিন কি পরিমাণ লুটেছে সেটা একটু পানিশমেন্ট ক্যাটাগোরিতে থাকলে ভাল হত। যাইহোক, এটা এনে ভাল করেছেন। কারণ, অনেক জিনিস ঠেকে শিখতে হয়। লোকে দেখে শেখে, ঠেকে শেখে, দুইই প্রয়োজন। ফিলোজফিতে সব সময় ঠেকে শেখে না, ফিলোজফিতে সবসময় দেখার মধ্য দিয়ে শিখতে হয়। ভূমির ব্যাপারে ইংরাজ আমলের দিকে তাকালে দেখা যাবে পার্মানেন্ট সেটেলমেন্টের টাইমে একটা প্রসেসের মধ্য দিয়ে একজন মানুষ শোষণের কাঠামোর মধ্যে বসে বিলাস ব্যসনে দিন কাটাতে পেরেছে, আজও তার রেস চলছে। জমি থেকে উচ্ছেদ করবার জন্য সেই প্রসেস সম্বন্ধে আমি বলব গুরুপদবাবু নিশ্চয়ই বিবেচনা করবেন। এর আগে যখন বললেন হিয়ারিং দেবেন রেভেনিউ অফিসার, স্যার, আপনি ল-ইয়ার, আপনি দেখবেন সেকশন ৪৯(এ) যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেখানে হিয়ারিং-এর প্রভিসন আছে সেটেলমেন্টের সময় যেখানে ম্যালাফাইডি সেটেলমেন্ট হয়েছে, সেটা দেখবেন সেকশন ৪৯(এ)-তে হিয়ারিং-এর প্রভিসন রেখেছেন। কিন্তু এখানে কোনও হিয়ারিং-এর প্রভিসন দেয়নি। আমার ইচ্ছা ছিল অ্যামেন্ডমেন্ট দেব, কিন্তু আমি অ্যামেন্ডমেন্ট দিইনি, গুরুপদবাবু দেখবেন, রুলস করার সময় কন্সিকোয়েন্সিয়াল করে যদি করতে পারেন। অ্যাগ্রারিয়ান রিফর্মস কমিশন যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট বসিয়েছিলেন, তারা খুব গভীরভাবে একটা জিনিস তদন্ত করে বলেছেন। পশ্চিমবঙ্গ কৃষকসভা ভূমি বন্টনের ব্যাপারে অগ্রগামী হয়ে বহু জমি উদ্ধার করেছে, মন্ত্রী মহাশয় এটা অস্বীকার করতে পারবেন না। আজও একথা জোরের সঙ্গে বলতে চাই যে বহু ভেস্টেড জমি যে জমিতে লোক বসেনি আমরা সেই জমি ধরে ছিলাম। বেআইনিভাবে সেই জমি রেখেছিল, রিটার্ন দেয়নি, সেই জমি ভেস্ট করেছে, সেইসব জমিতে ল্যান্ডলেস পুওর পেজেন্টদের বসিয়ে দিয়ে ছিলাম, কিন্তু গভর্নমেন্ট পাট্টা দেয়নি, গভর্নমেন্ট খোঁজ রাখেনি কখন সেই জমিতে বসিয়েছি। আমি বসিরহাটের অনেক উদাহরণ দিতে পারি, টুকে আনিনি। অজস্র জমিতে দেখছি সরকারি কর্মচারিদের দুর্নীতির ফলে সেই জমিতে লোক বসাবার চেষ্টা চলছে। বহু জমির মালিক, তার ছেলেকে দিয়ে দরখাস্ত করিয়ে দেওয়া হচ্ছে যে এ ভূমিহীন, একে সেই জমিতে বসিয়ে দেওয়া হোক। যারা ল্যান্ডলেস পুওর পেজান্টস তাদের বসিয়েছি ইন অ্যান্টিসিপেশন যে এই গভর্নমেন্ট তাদের দখল দেবেন। এই রকম ঘটনা বাস্তুহারা আন্দোলনের সময় ঘটেছে, সেই অভিজ্ঞতা আমাদের আছে। বহু স্কয়াটার্স কলোনিকে প্রথমে আপনারা পাট্টা দেননি কিন্তু আল্টিমেটলি অর্পণপত্র দিতে হয়েছে।

[3-40 — 3-50 p.m.]

তখন তাদের করা হত না। হাজার হাজার বাস্তুহারা পরিবার এবং কৃষকদের স্বার্থের জন্য কৃষক সমিতি এবং আমরা বার বার বলা সত্ত্বেও যখন এটা হয়নি তখন আমরা তাদের বসিয়ে দিয়েছি যে গভর্নমেন্ট ল্যান্ডলেস হিসেবে ভবিষ্যতে তাদের জমি দেবে। এখন গভর্নমেন্ট যখন এটা করতে যাচ্ছেন তখন আমরা মনে করি এটা তারা সঙ্গতভাবেই করছেন। তবে লক্ষ্য রাখবেন এইসব লুপহোলস যেন দেখা না দেয়, এইসব ল্যাকুনা যেন দেখা না দেয়।

আমরা জানি জমি চোররা ফলস লোক দেখিয়ে তাদের আত্মীয়স্বজনদের নামে যেখানে কোনও রেকর্ডেড জমি নেই তাদের দেবার চেষ্টা করছে এবং হিয়ারিং না হলে এর প্রমাণ পাওয়া ডিফিকাল্ট। আমি মন্ত্রী মহাশয়ের সৎ উদ্দেশ্য মেনে নিয়েও একথা বলছি আপনি আমার স্পিরিটটা উপলব্ধি করুন যে এই ব্যবস্থা করতে হবে, না হলে আপনি দেখবেন আপনি যে জিনিসটা নিয়ে এগিয়ে যাচ্ছেন তাতে সামনের বছরে আপনাকে আবার অ্যামেন্ডমেন্ট নিয়ে আসতে হবে। আপনি দেখবেন এখানে অনেক গলতি বেরুবে এবং তখন আমরা সকলে মনে করব এবং দেখব অনেক অবিচার ঘটছে এবং সেই অবিচার হচ্ছে গরিব মানুষদের উপর। মন্ত্রী মহাশয় যে দৃষ্টিভঙ্গি থেকে এটা এনেছেন আমি তাকে সমর্থন করি, কিন্তু আপনাকে মনে রাখতে হবে যে, প্রিভিয়াস ল্যান্ড ওনাররা সেখানে বসে রয়েছে। আপনার যে স্পিরিট দ্যাট ইজ কারেক্ট, কিন্তু যে সব ল্যাকুনা রয়েছে সেগুলি সম্বন্ধে আপনাকে ভাবতে হবে। অনেক বোনাফাইডি লোক সেখানে বসে রয়েছে, কিন্তু আপনি মনে রাখবেন সরকারি কর্মচারী যারা ওখানে রয়েছে তারা কিন্তু সকলেই সৎ লোক নন। কাজেই রুলস যখন ফ্রেম করবেন তখন দেখবেন এদের আগে বসাতে পারেন কিনা আফটার প্রপার হিয়ারিং। এখানে কনস্টিটিউশনের কথা আসছে। এবারে বোধ হয় লোকসভায় সংবিধান পরিবর্তনের বিল আসবে। আমরা আমাদের পার্টি থেকে অনেক প্রোপোজাল দিয়েছি এবং আমরা এই স্পিরিটটাই রাখতে চাইছি। এই ব্যাপারে আমরা প্রধানমন্ত্রীকেও খুব জোর দিয়ে বলেছি। আমরা মনে করি জনসাধারণের সহযোগিতা ছাড়া শুধু কর্মচারীদের উপর নির্ভর করে কোনও কাজকে সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যাওয়া যাবে না। এটা রিয়ালাইজড হয়েছে, এবং প্রত্যেকে আমরা রিয়ালাইজড করেছি। তার কারণ সরকারি কর্মচারী সবাই অপদার্থ তারা কিছুই বোঝেন না ইট ইজ নট এ ফ্যাক্ট। কিন্তু এটা তো ঠিক যে কর্মচারিরা সব স্বর্গ থেকে নেমে আসেনি, তারা এই সমাজেরই মানুষ। তারা একটা ফ্রেম ওয়ার্কের মধ্যে দিয়ে দীর্ঘদিন চলেছে। আজকেই একজনকে বলছিলাম ট্রাডিশনালরে মূল্য আছে। জমিদারের ছেলে যদি ভিখারিও হয় আর সে যদি দশ পয়সা আপনার কাছে ভিক্ষাও চায় আর যদি সে না পায় তাহলে সে বলবে 'হ্যা লাট সাহেব হয়েছেন ১০ পয়সা দিতে পারেন না' কারণ পুরানো জমিদারি রক্ত আছে তার মধ্যে। একটা সাধারণ গরিব মানুষ সে এ কথা বলবে না। অবস্থাপন্ন যদি পড়ে গিয়ে থাকে এবং ঐ রকম দুরবস্থায় পড়ে তাহলেও তার পুরানো দিনের মেজাজটা থেকে যায়। সেটা সহজে যায় না। এটাই হচ্ছে লিগেসি। সেজন্য আমি বলি যে মন্ত্রী মহাশয় এটা নিশ্চয়ই বুঝবেন যে এর জন্য মেশিনারি করতে হবে, পিপলস কমিটি—সেটা কিভাবে ইলেক্টেড হবে, কাকে নিয়ে কম্পোজিশন হবে সেগুলি উনি রুলের মধ্যে ফ্রেম করে নিতে পারেন, তাহলে আমরা বুঝে নিতে পারি যে কম্পোজিশন অব দিস ট্রাইব, যে এম. এল. এরা থাকবেন, ল-ইয়ার থাকবেন যারা ঐ অফিসারদের হেলফ করবেন। এটা মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে বলি। স্যার, আমি গুরুপদবাবুকে ১৬ আনা সমর্থন করে বলি যে এর মধ্যে কিভাবে রুলস টাকে রাখা যায় দেখুন, আপনি বলেছেন shall be punishable with imprisonment which may extend to one year or with fine which may extend to two thousand rupees or with both ব্যাপারটা হচ্ছে যে গরিব মানুষদের জমি বিলির কথা বলছেন, দুই চারটা রাঘব বোয়াল থাকে তা নয়, আমি বলতে চাই যে দেখুন কিছু ফাইন কমানো যায় কিনা, কেননা এমন অনেক দুস্থ লোক, অল্প জমির মালিক এসে যেতে পারে,

তাকে দুই হাজার টাকা পানিশমেন্টটা খুব হেভি হয়ে যায় কিনা। আমি জানি আপনি আপ-টু করেছেন, এতে কম ও হতে পারে। এটা নিয়ে আপনাকে আমি খুব জোর করছি না। কিন্তু আগে যা বলেছি যে হিয়ারিং এ এবং কমিটি যাতে সুবিচার হয় সেটা দেখবার জন্য রুলসে রাখার জন্য অনুরোধ করছি এবং যে সহযোগিতা এবং মহৎ উদ্দেশ্য নিয়ে এটা করতে চলেছেন তাতে আই এক্সটেন্ড মাই হ্যান্ড অব কোঅপারেশন অ্যান্ড দি গ্রাটিচুড।

শ্রী বিমল পাইক: মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয়, ল্যান্ড রিফর্ম অ্যাক্টের উপরে একটা সংশোধনী এনেছেন। সংশোধনীটা ঠিক অজিতবাবু যে ভাবে বললেন এই সংশোধনীটা তা নয়। এই সংশোধনীটা জমিদারি উচ্ছেদ আইনের যে ভেস্টিং সে ভেস্টিং না। ল্যান্ড রিফর্ম অ্যাক্টের ১৪ সেকশনে দেখছি ভেস্টিং এবং এটা সূচনা থেকেই হবে। প্রথমে একটা কথা বলি যে গুরুপদবাবু জমিদারি উচ্ছেদ আইনে অনেক ঘা খাওয়ার পরে এই বার আমার বিশ্বাস যে একটু সতর্কতার সঙ্গে চলেছেন। কেননা জমিদারি উচ্ছেদ আইনেও সম্পত্তি ভেস্টেড হয়েছিল, এবং যে সম্পত্তি দখল নেওয়া হয়েছিল সে সম্পত্তিও বিলি বন্দোবস্ত হয়েছিল। কিন্তু দেখা যাচ্ছে বহু ক্ষেত্রে যাদের জমি দেওয়া হয়েছে তারা দখল পায়নি। আমার অভিজ্ঞতা আছে ধরুন যে জমিটা একটা ভেস্টেড ল্যান্ড, এই ভেস্টেড ল্যান্ডে একজন বর্গাদার ছিল, সেই ভেস্টেড ল্যান্ডটা এই রকম ভাবে সেখানে নিয়ে বন্দোবস্ত দেওয়া হল একজন গরিব লোককে, কিন্তু যে প্রকৃতপক্ষে বর্গাদার সে জমিটা ছাড়ল না। দেখা গেছে যাকে বন্দোবস্ত দেওয়া হয়েছে তিনি সেই জায়গায় দখল নিতে পারছেন না।

[3-50 — 4-00 p.m.]

আর ঠিক এই রকম দখল করবার জন্য বহু রকম, সেকশন ৩৪, এই রকম বহু ক্রিমিন্যাল প্রসিডিয়োরে আসছে এবং সেখানে দখল পাচ্ছে না। বহু লোক জমিদারি উচ্ছেদের সময় বেনাম করেছিল তাই আজকে ল্যান্ড রিফর্মস অ্যাক্টের ১৪(এস)-কে সেখানে প্রবর্তন করতে চেয়েছেন। এটা জমিদারি উচ্ছেদের আইনের অপশনাল ফর্মের রিটার্ন নয়, এই রিটার্নটা অন্য ধরনের রিটার্ন, সেই রিটার্ন-এ দিতে হবে। যদি না দেয় তাহলে সেখানে তার জরিমানা হবে, তার সেখানে জেল হবে। মাননীয় স্পিকার, স্যার, এতো ঠিক কথাই যে ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় জমি পেয়ে সেই জমি বেশি বাড়লে গরিব লোককে বিতরণ করবেন সেই উদ্দেশ্যেই এই জমি নেবার প্রচেষ্টা করছেন। একটা কথা আমার মনে জেগেছে যে জমিদারি উচ্ছেদ আইনের সময় ছিল যে অনেকে বেনামি করে রেখেছিল, অনেকে সেটা দেখায়নি, আজকে সেটা রোধ করবার জন্য প্রথম থেকেই তারা পথ নিয়েছেন। তিনি একটা কথা বলেছেন যেটা সম্পর্কে একটু সতর্ক হতে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি। জমির রিটার্ন না দিলে বা যদি কোনও ভুল তথ্য দেওয়া হয় তাহলে সেখানে জেল হবে, জরিমানা হবে। আজকে এই '৭৬ সালের ২৭শে ফেব্রুয়ারি ধরুন আজকে আমার ফ্যামিলি মেম্বার দু'জন, অ্যাকর্ডিং টু ল' আমি ৭।। একর পর্যন্ত জমি পাবার অধিকারী। হঠাৎ হল কি, সেখানে জমি রিটার্ন দেওয়ার পর—ভগবান না করুন, আমার একটা ফ্যামিলি মেম্বার মারা গেল তখন কি হবে? তখন সেই জায়গাটা কি হবে? এই রিটার্নটা ঠিক দিয়েছে কিনা। সেই যখন দেওয়া হয়েছিল তখন ফ্যামিলি মেম্বার কি রকম আর যখন এনকোয়ারি করতে আসছে তখন

আমার ফ্যামিলি মেম্বার ঠিক সেই পর্যায়ে আছে কিনা এই নিয়ে খুব গোলমাল দেখা দিতে পারে। ধরুন আমার একটা আন ম্যারেড ডটার আছে ; তার নামে জমি আছে কিন্তু তিন মাস পর তার বিয়ে হয়ে গেল তখন তো আমার ফ্যামিলি মেম্বার কমে গেল, আবার কি তখন রিটার্ন দিতে হবে? তখন কি হবে অবস্থা? তাহলে একজন লোককে রিটার্ন দিতে হলে সারা জীবন ধরেই তাকে রিটার্ন দিতে হচ্ছে এই রকম জিনিস আমার মনের মধ্যে জেগেছিল যে এটা হবে কি করে। কারণ ভুল রিটার্ন দিলে আমরা সেখানে জেল দিতে পারি, জরিমানা হতে পারে। আজকে আমার দুটি মেয়ে আছে, আমি ১৪ একর জমি রিটার্ন দিয়েছি তারপর সেই মেয়ে দুটির বিয়ে হয়ে গেল তখন কি অবস্থা দাঁড়াবে সেখানে? মাননীয় স্পিকার মহাশয়, এই জিনিসটা ঠিক প্র্যাক্টিক্যাল কিনা দেখুন, এদিক দিয়ে একটু অসুবিধায় পড়তে হচ্ছে কিনা। আমার ফ্যামিলি মেম্বার মাত্র দু'জন দেখিয়েছি এবং সেখানে ৭।। একর জমি রাখতে পারছি, পরে সেখানে ৫ জন ছেলেমেয়ে হল কিন্তু আমি এখানে ৭।। একরের বেশি জমি আনতে পারছি না। আমি বুঝতে পারছি যে এখানে কড়াকড়ি করছেন কিন্তু একথা ভবিষ্যত সম্পর্কে একটু চিন্তা করে দেখুন এটা প্রকৃতপক্ষে মেটিরিয়ালাইজ করা যাবে কিনা। আজকে যে ফ্যামিলি মেম্বার আছে কালকে সেই ফ্যামিলি মেম্বার থাকতে পারে কিনা কারণ সেখানে জমিটাকে ফ্যামিলি মেম্বারের সঙ্গে একত্র করে দেওয়া হয়েছে। এখানে আমার বিশ্বাস যে প্রতি বছরে রিটার্ন দিতে হতে পারে। অতএব এই জিনিসটা সম্বন্ধে আমি ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এইদিকে একটু দৃষ্টি রাখবেন। এটা তো পেনাল সেকশন গেল, জমি ধরার জন্য যারা বি অপশন ফর্মে ফাঁকি দিয়েছিল তাদের দিকে আপনার দৃষ্টি রয়েছে এবং জমিদারি উচ্ছেদ আইনে যে সমস্ত ত্রুটি ছিল সেইগুলিকে বন্ধ করবার জন্য চেষ্টা করেছেন কিন্তু এর দ্বারা লোকের হার্ডশিপ হবে কিনা সেদিকে লক্ষ্য রাখবেন। মাননীয় স্পিকার মহাশয়, মোটামুটি একথা ঠিক যে জমি রিটার্ন দেবার জন্য যেটুকু জিনিস তিনি করেছেন সেটা গ্রহণযোগ্য। আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় স্পিকার মহাশয়, বক্তৃতা দিতে গিয়ে বিমল পাইক মশাই যখন বলছিলেন, তখন মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, আর পারবে না এখন আইন হয়ে গেছে পুত্র সন্তানের ব্যাপারে। এখন এ সম্বন্ধে আমার একটু সন্দেহ রয়েছে, সেই সন্দেহ দূর করে নিতে চাই। যদি কোনও লোকের দুবারে দুটি সন্তান না হয়ে একবারেই দুটি পুত্র সন্তান হয়, তাহলে সেই সময় গভর্নমেন্ট আইনকে কিভাবে প্রয়োগ করবেন? আজকে আমাদের ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী যে সংশোধনী বিধেয়ক এখানে উত্থাপিত করেছেন, সেই বিলের উপর আমি কোনও লম্বা চওড়া বক্তৃতা করতে চাই না। গ্রাম্যভাষায় যে কথাগুলি বলতে চাই সেই কথাগুলি এজন্য বলতে চাই যে সেগুলি ভবিষ্যতে যদি কোনও কাজে লাগে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন বিলের মধ্যে, যদি কোনও লোক সরকারি জমি দখল করে থাকে তাহলে যদি নোটিশ দেয় এবং যদি না ছাড়ে তাহলে তার উপর যে সমস্ত সংশ্লিষ্ট ধারা আছে সেগুলি প্রযুক্ত হবে। পানিশমেন্ট হবে। গ্রামাঞ্চলে টুয়েন্টি প্রোগ্রাম অনুসারে দেখছি রাস্তাঘাট পরিষ্কার হচ্ছে, বাড়ি ভাঙা পড়ছে। কিন্তু পাড়াগ্রামে রাস্তার বেলা দেখেছি সকলেই আপন আপন জমি নিজের দিকে রাখতে চায়, তাই জমি কম পড়ে সরকারি রাস্তার বেলায়। তার কারণ হচ্ছে এই যে সরকারি রাস্তার কোনও মা বাপ নাই, যতটা তাই কম পড়ে

সরকারি রাস্তায়। কিন্তু সেখানে যদি সরকারের কোনও লোক দাঁড়িয়ে থাকত এবং বাধা দিত তাহলে সেই রাস্তা ছোট হত না। আমি মনে করি এই বিলটা এ ব্যাপারে কিছুটা সুবিধা দেবে। সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, যে সমস্ত জমি দেওয়া হবে, খাস জমি, সেটা দেওয়ার ক্ষেত্রে যদি কেউ কোনও বাধা দেয়, তাহলে তাকে পানিশমেন্ট দেওয়া হবে। আমি এ ব্যাপারে বিরোধিতা করছি না। আমি যেটা অনুরোধ করতে চাই সেটা হচ্ছে এই রকম বহু জমি খাস জমি বন্টন করেছেন কিন্তু এখনও পর্যন্ত তার দখল পায়নি। দখল নেওয়ার ক্ষেত্রে জে. এল. আর. ও কিছু বলতে পারে না, থানায় গেলে কিছু হয় না, যার পয়সা বেশি আছে, সে দিকেই যাচ্ছে। কাজেই উদ্দেশ্য ভাল থাকলেও সেই উদ্দেশ্য ব্যর্থ করে দিচ্ছে খাকি পোষাকের দল। এদের বিরুদ্ধে ব্যবস্থা যদি থাকে করুন। আমি এখানে একটা প্র্যাক্টিক্যাল প্রমাণ দিচ্ছি। খাস জমি আমাদের পাড়াগাঁয়ে পরিমাণ দশ কাঠা হবে সেই জমি ভূমিহীন গরিব চাষীকে দেওয়ার আমরা সিদ্ধান্ত গ্রহণ করলাম। আমরা মোটামুটি লোককে নিয়ে মিটিং করলাম, মিটিং-এ যারা উপস্থিত ছিলেন সরকার পক্ষের সদস্য তাদের ইনফ্লুয়েন্স করলে পর বলা হল সেখানে গোরস্থান হবে। আমরা বললাম বড় বড় টাকাওয়ালা লোক টাকা খরচ করে গোরস্থান করে, এই জমি গরিব লোকটিকে দেওয়া হবে। কিন্তু গরিবের বেলায় কি দেখা গেল কিছু দিন পর যখন আবার মিটিং হল, সেখানে নাকি কবর দেওয়া আছে। যেখানে ট্রেসপাসার্স হয়েছে সেখানে আইনে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। এইভাবে গরিবকে জমি দিতে গিয়ে দেখা যাচ্ছে বাধার সৃষ্টি হচ্ছে। গ্রামাঞ্চলে যখন ভেস্টেড জমি বন্টন করতে যাবেন জমির যখন জরিপ টরিপ হল হঠাৎ দেখা গেল রাতারাতি কে যেন সেখানে ঘর তুলে দিয়ে বসে থাকল। এটা কেন? গরিবকে যেন জমি না দিতে পারা যায়। এই দুর্নীতিগুলি গ্রামাঞ্চলে চলেছে। অনেক সময় এই জিনিসগুলি বলবার জন্য মন্ত্রী মশায়ের ঘরে আমরা যাই আমরা হলাম বিশেষ করে অপোজিশনের লোক, সেখানে নিজ দলের সদস্যরা বসে কথা বলেন, তাই অনেক সময় আমরা বলার সুযোগ পাই না। আমি এটা নিয়ে কোনও বক্তৃতা করতে চাই না কিন্তু আবেদন করে বলছি যে এই জিনিসগুলি এখন ও বলছে, এগুলি সম্বন্ধে ব্যবস্থা করা উচিত।

আরও আমরা দেখতে পাচ্ছি যে পাইন মশায় বললেন এর পূর্বে যে জমিদারি অধিগ্রহণ আইন অনুসারে ল্যান্ড রিফর্মের কথা বলেছেন—আমাদের এলাকায় জানি ১৭৫০ বিঘা সম্পত্তির মালিকের জমি সরকারে ভেস্ট হল। তার সেই জমি কতকগুলি গরিব দুঃস্থ মানুষকে দেওয়া হল। ওদিকে মালিক কতকগুলি ভুয়ো বর্গাদার সাজিয়ে দিল। আজ চার বছর হল সেই কেস চলছে। আর সেই গরিব মানুষেরা দিনের পর দিন মামলার খরচ পত্র চালাতে পারছে না। একবার তো মামলা খারিজ হয়ে গেল টাকা নাই ; যে J. L. R. O. জমি দিচ্ছে, আর সেই জে. এল. আর. ও. সেই জমি খারিজ করে দিচ্ছে। ঐ যে সদস্যরা বললেন এ ব্যাপারে একটি কমিটি থাকা দরকার। কিন্তু সেই কমিটি কি কারণে ব্যর্থ হয়ে যাচ্ছে? কারা সেই কমিটির মধ্যে থাকবে? সরষের মধ্যে ভূত ঢুকে যাচ্ছে। আমার এলাকায় দেখা যাচ্ছে বড় বড় জোতদারদের জমি হচ্ছে লোকের নামে অ্যালটমেন্ট হয়ে গেছে। কেন তা করল? কি পরিমাণ জমি করল তা জানি না যে জানতে যাবে তার উপর পিটানি আসবে থানায় গেলেও কোনও ফল হয় না। এ সম্বন্ধে আপনি একটু ব্যবস্থা করবেন।

আপনার এই বিলের উদ্দেশ্যে ভাল, তার জন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু যে সব লুপ হোল রয়ে যাচ্ছে তা বন্ধ না করতে পারলে আপনার ভাল উদ্দেশ্য সব ব্যর্থ হয়ে যাবে, আপনার লক্ষ্যে পৌছানো যাবে না। সরকার গরিবদের জমি দিচ্ছেন ঠিকই। কিন্তু সরকারের ঐ আমলারা শয়তানরা যে ওখানে বসে আছে। আপনার মাধ্যমে ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়কে বলব এই সমস্ত মতলববাজদের ধরবার চেষ্টা করুন যাতে আপনারা গরিবদের পাশে দাঁড়িয়ে থাকতে পারেন। তা না হলে আপনাদের সব প্রচেষ্টা ব্যর্থ হয়ে যাবে।

[4-00 — 4-10 p.m.]

শ্রী মহঃ দেদার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় যে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার সংশোধনী বিধেয়ক ১৯৭৬ এখানে উপস্থাপিত করেছেন, আমি তা সম্পূর্ণ সমর্থন করছি। আমি এই সংশোধনী বিলটি পড়েছি। তাতে মোটামুটি আমি দেখতে পাচ্ছি এই বিলের উদ্দেশ্য মহৎ। এই যে জমি চোররা যারা return দিত না, দিলেও ভুল return দিত তাদের এখন সঠিক নির্ভুল রিটার্ন দাখিল করাটা বাধ্যতামূলক করা হচ্ছে। ভুল বা অসত্য রিটার্ন দিলে তার জন্য তাদের শাস্তির ব্যবস্থা করা হয়েছে। যে সমস্ত জমি ভূমিসংস্কার কমিটির মাধ্যমে বন্দোবস্ত দেওয়া হয়, যে সমস্ত প্রজা জমি পাবার যোগ্য তাদের জমির পাট্টা দিয়ে দেবার পর দখল নেবার পরে দেখা যাচ্ছে বড় বড় জোতদাররা উকিল দিয়ে তাদের উপর নোটিশ দিয়ে অহেতুক তাদের মামলায় জড়িত করে হয়রানি করছে যাতে সেই সব গরিব প্রজারা জমি ছেড়ে পালিয়ে যায়।

১৯৫৫ সালে ভূমি সংস্কার আইন এখানে যেটা ছিল 14T ধারা রেভেন্যু অফিসার সম্বন্ধে সেই ধারা সংশোধন করে এখন 14T (3A) একটা উপধারা যোগ করা হচ্ছে। যদি কোনও রায়ত দরখাস্ত করেন তাহলে রেভেন্যু অফিসার সেটা পুনর্বিবেচনা করতে পারবেন, পরীক্ষা করে দেখতে পারবেন যে এর জমি সত্যিকার কত আছে সরকারে যে জমি ভূমিসংস্কার আইন অনুযায়ী বর্তাবে এই বিলে তাকে সেই ক্ষমতা দেওয়া হয়েছে। আর ভুল বা অসত্য রিটার্ন কোনও জোতদার দাখিল করলে তার জন্য জরিমানার পরিমাণও এখন এক হাজার টাকা থেকে ৫ হাজার টাকা পর্যন্ত করার ব্যবস্থা হয়েছে, অথবা দু বছর কারাদন্ড বা উভয়ই হতে পারবে। তাহলে এইবার যারা ভূমিচোর তারা এবার বুঝতে পারবে এবং নিশ্চয়ই দেবে। কিন্তু আমি মন্ত্রী মহাশয়ের কাছে একটা আবেদন করব। আপনি শুনেছেন স্যার হাউসের অনেক সদস্য মেনশনে উল্লেখ করেছেন, সেচ এলাকা নিয়ে একটা গন্ডগোল হয়েছে। কারণ মৌজাকে সেচ এলাকা বলে ঘোষণা করা হচ্ছে—অর্ধেক বা সিকি ভাগ সেচ এলাকা বলে নির্দিষ্ট না থাকলেও রেকর্ড ভুল থেকে যাবে। কিন্তু ভুল থাকার জন্য নির্দোষ ব্যক্তি দোষী হয়ে যাবে। তৃতীয়ত সত্যিকার জমি ভূমিহীন প্রজা পাওয়ার যোগ্য তাদের বিলি করা হয়েছে। কিন্তু দখল পাচ্ছে না। পুলিশকে খবর দিলে পুলিশ যায় না। মন্ত্রীকে বলেছিলাম, মন্ত্রী বলেছেন পুলিশকে ক্ষমতা দেওয়া আছে। কিন্তু তাতে কোনও কাজ হয় না। এই আইন সংশোধন করা হলে সত্যিকার যাতে হয়রানি না হয় সেদিকে দেখতে হবে। যদিও বহু জায়গায় যারা প্রকৃত পাওয়ার যোগ্য তারা জমি পেয়েছে। কিন্তু বহু জায়গায় বর্গাদার সাজিয়ে জমিতে বসিয়েছে। এটা বন্ধ করতে হবে। যদি আনঅথরাইজড জমি থাকে তাহলেও তাকে

এক বছর জেল অথবা ২ হাজার টাকা জরিমানা হবে। এই যে কঠোরতম শাস্তির বিধান আছে এর দ্বারা এইবার কঠোরতমভাবে ভূমি সংস্কার আইন প্রযোজ্য হবে এবং সঠিকভাবে বন্দোবস্ত হবে। এই বলে বক্তব্য শেষ করছি।

শ্রী সরোজ রায় : স্পিকার স্যার, আমার ইচ্ছা ছিল দু মিনিট বলব। কিন্তু বিমল পাইক মহাশয় এমন একটা কথা বললেন আমার বলার সময়টা বাড়িয়ে দিলেন। প্রথমত তার কথার জবাব দিই। তিনি প্রশ্ন তুলেছেন জমি বর্গাদার ৩৬ বিঘে জমি ছেড়ে দিয়েছে, তারপর বর্গাদার বসিয়ে দিয়েছে, বর্গাদারকে রেকর্ড করে দিয়েছে, বর্গাদারের সমস্ত ধান মালিকের ঘরে যাচ্ছে। আমার ডিস্ট্রিক্টে বহু জমি চলে গিয়েছে, পরে বর্গাদার বসিয়ে দিয়েছে। ক্ষেতমজুরের কাছে জমি যাচ্ছে না। সেইজন্য মন্ত্রী মহাশয়কে প্রথমেই একটা অনুরোধ করছি। এই ৩(এ) এইটাতে যে স্পিরিট আছে তা দেখতে গেলে ভালই আছে। কিন্তু যা হচ্ছে সেটা হচ্ছে যে জমি আবার রেখে দিচ্ছে। সেই রকম জয়াগায় একটা চূড়ান্ত শাস্তি বিধান করা হয়েছে। আমি সেইটাকে সম্পূর্ণ সমর্থন করি। সেই স্পিরিটের দিকে লক্ষ্য রেখে যারা জমি রেখে দিয়েছে এবং ওই ভাবে বর্গাদার যারা রেখেছে, নামে তারা বর্গাদার, কিন্তু ধান যাচ্ছে জোতদারের ঘরে। আর একটা লক্ষ্য করার বিষয় আছে বিইং ইন আনঅথরাইজড অকুপেশন অজিতদা সেটা একটু বলে গিয়েছেন, এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট পাস হবার পর জমি যখন আদায় হচ্ছিল না আমরা কৃষক সমিতির পক্ষ থেকে ১৯৭০-৭১ সালে জোতদারদের কাছ থেকে জমি আদায় করেছি এবং সরকারি আইন কার্যকর করার জন্য এবং এটাই হলে পিপলস কো-অপরেশন টু দি গভর্নমেন্ট। সেখানে বহু জায়গায় জেল জরিমানা হয়েছে এবং আমরা সেটা ফেস করেছি ফর দি ইন্টারেস্ট অফ ল্যান্ড রেকর্ড। সেখানে যে সমস্ত ক্ষেত মজুরকে দেওয়া হয়েছে সেটা প্রধানত ভূমিহীনদের দেওয়া হয়েছে বহু জায়গায়। সেটা ডিপার্টমেন্টালি যথেষ্ট উদারতা এবং ন্যায় সঙ্গতভাবে দেওয়া হয়েছে। আবার বহু জায়গায় এখনও দেওয়া হয়নি। সেইগুলো দেখতে হবে এবং সেখানে প্রধান কথা আসবে। যারা জমি দখল করে আছে তাদের মধ্যে বোনাফাইড বা ম্যালাফাইড কিভাবে ঠিক করবেন সেটা যদি ঠিক করেন তাহলে এর যা স্পিরিট তা কার্যকর হয়।

[4-10 — 4-20 p.m.]

দু নং হল আমি সেদিন একটি প্রশ্ন করে গিয়েছিলাম যে ধরুন কো-অপারেশন—এখন এই কো-অপারেশনের কথা যখন উঠল তখন বলি যেমন জমি দখল করতে গিয়েছিলাম এবং মন্ত্রী মহাশয়ও জানেন যে বাংলাদেশের ভূমি ব্যবস্থা ভয়ঙ্কর কমপ্লিকেটেড। এক কথায় যদি বলি যে সমস্ত ভূমি সমস্যার সমাধান করব তাহলে আমি বলব এই রকম অবস্থায় করা অসম্ভব ব্যাপার, কেন না এটা অত্যন্ত কমপ্লিকেটেড ব্যাপার। নানা দিক থেকে নানা রকম পুরানো আইন আছে, নতুন আইন আছে, তারপরে আবার লক্ষ লক্ষ অ্যামেন্ডমেন্ট হয়েছে। সুতরাং নানা রকম কমপ্লিকেশন আছে এটা অস্বীকার করার কিছু নেই। কিন্তু এই কমপ্লিকেশনের মাঝখানে একদল চোর, জোচ্চোর, বদমায়েস ডকুমেন্টস জাল করতে শুরু করল। আমাদের দিক থেকে আমরা মন্ত্রী মহাশয়কে গর্ব করে বলতে পারি সেই সমস্ত জাল ডকুমেন্টস উদ্ধার করেছি। সরকারি জমি ডকুমেন্টস জাল করে মেরে নেবার যে চেষ্টা করছিল সেগুলি আমরা

উদ্ধার করেছি। ঐ সমস্ত জমি ভেস্টেড হবার পরে যারা দখল করে রেখেছে তাদের জন্য আইন আসছে, কিন্তু যারা দলিল জাল করে সরকারি জমি রেখে দিয়েছে যেটা প্রমাণিত হয়ে গেছে, তাদের জন্য কি ব্যবস্থা নিচ্ছেন সেটা যেন মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণে উত্তর দেন। মন্ত্রী মহাশয় আমাদের জানালেন এই ব্যাপারে যে সমস্ত কর্মচারী জড়িত আছে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন—এতে তিনি নিশ্চয় যোগ্যতার পরিচয় দিয়েছেন। কিন্তু একজন সিটিজেন যে নাকি দলিল জাল করল সরকারি কর্মচারীকে ঘুস দিয়ে ইনফ্লুয়েন্স করে তার সম্বন্ধে কি হবে—এই রকম জাল দলিলের দোহাই দিয়ে হাইকোর্টে হাজার হাজার কেস ঝুলিয়ে রেখেছে অথচ ক্ষেত মজুরদের জমি বন্টন করার পরেও তারা অধিকার পাচ্ছে না। কাজেই এই দিকটা চিন্তা করে আপনার রুলসের মধ্যে সেই রকম একটা কিছু করতে পারেন কিনা আপনার জবাবি ভাষণে সেটা আমাদের বলে দেবেন।

শ্রী গুরুপদ খাঁ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভারতের প্রধানমন্ত্রী বিঘোষিত ২০ দফা কর্মসূচির মধ্যে ভূমি সংস্কার একটি উল্লেখযোগ্য স্থান অধিকার করে রেখেছে এই জন্য যে একটা নির্ধারিত সীমার বাহিরে যাদের জমি আছে সেই সমস্ত কৃষিজমিকে নিয়ে ভূমিহীন অল্প জমির মালিকদের সেই জমিতে নিয়ে এসে সমস্ত কৃষিজমিকে নিয়ে ভূমিহীন অল্প জমির মালিকদের সেই জমিতে নিয়ে এসে যতটা সম্ভব তাদের নিজেদের উপার্জনের সুযোগ সেখান থেকে পেতে পারেন—এছাড়া যারা বাস্তুহীন রয়েছেন তাদের বাস্তু গৃহ তৈরি করবার জন্য বস্তু জমি বিতরণের কাজও এর সঙ্গে অত্যন্ত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট হয়ে রয়েছে। আমাদের এখানে ভূমি সংস্কার আইন বেশ কিছুদিন আগে পাস হয়ে গেছে। ভূমি সংক্রান্ত যে উর্ধ্বসীমা রয়েছে সেই খুব বেশি দিন এখানে পাস হয়নি। এটা কাজে পরিণত করতে গিয়ে এখানে কতকগুলি অসুবিধা সৃষ্টি হয়েছে। সেই অসুবিধা দূর করতে গিয়েই এই সংশোধনী এনেছি। আগে ৭(ক) ফর্মে যারা রিটার্ন দাখিল করেছিলেন সেগুলি ঠিকমতো স্ক্রুটিনাইজিং করে কত জমি ভেস্ট করা উচিত সেটা ঠিকমতো করা সম্ভব হয়নি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন নতুন করে আমাদের জরিপ বিভাগের যে সহস্র সহস্র অভিজ্ঞ ব্যক্তি রয়েছেন, যারা এই বিষয়ে ট্রেনিং প্রাপ্ত হয়েছেন, এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টে জমি ভেস্টিং-এর সময় যারা কাজ করেছিলেন তাদের হাতে এই কাজের ভার আমরা তুলে দিয়েছি যাতে তাড়াতাড়ি করে এই কাজটা করতে পারেন এবং এই রকম বহু সহস্র কর্মচারী আমাদের এই কাজে লিপ্ত আছেন। আইনের বাহিরে যে সমস্ত বিগ রায়তদের বেশি জমি আছে তারা যাতে ৭(ক) ধারায় তাদের জমির হিসাব দিতে পারেন তার জন্য আমরা ৩১শে মার্চ পর্যন্ত হিসাব দাখিলের সুযোগ করে দিয়েছি। এই সুযোগ তারা যদি ঠিকমতো গ্রহণ না করেন এবং এরপর যদি আবিষ্কৃত হয় যে তাদের জমি লুকানো আছে, ঠিকমতো হিসাব দাখিল করেননি তাহলে তাদের জন্য শাস্তির ব্যবস্থা নিয়ে এসেছি এই সংশোধনী মারফৎ।

জমির নির্দ্দিষ্ট সিলিং যা রয়েছে তার অতিরিক্ত জমি যাদের আছে তাদের কাছ থেকে জমি আমাদের উদ্ধার করতেই হবে। এই উদ্দেশ্যে করতে হবে যে সেই উদ্ধার করা জমি যাতে দরিদ্র ব্যক্তি বা ভূমিহীনদের মধ্যে বিতরণ করতে পারি। সুতরাং প্রধানমন্ত্রীর ঘোষিত যে ২০ দফা কর্মসূচি তার একটা উল্লেখযোগ্য কাজের সঙ্গে আমরা ঘনিষ্ঠভাবে যুক্ত হয়ে রয়েছি। সেটাকে ঠিকমতো রূপায়িত করার জন্য আমরা এই সংশোধনীকে অস্ত্র রূপে ব্যবহার

করব। অজিত গাঙ্গুলি মহাশয় ৪৯(এ)-এর কথা বলেছেন, তাতে হিয়ারিং দেবার কথা উনি বলেছেন। আমরা সেটা নিশ্চয় চিন্তা করে দেখব। সত্যই আমরা কারুর প্রতি অবিচার করতে চাই না। আমাদের সরকারের উদ্দেশ্য হচ্ছে, যারা একেবারে নিপীড়িত, চাষের উপরই যারা নির্ভরশীল, কৃষি শ্রমিক—যারা নিজের হাতে লাঙ্গল ধরে চাষ করছে কিন্তু নিজের জমি নেই বলে ফসল পাচ্ছে না তাদের হাতে যতটা সম্ভব জমি দেওয়া। সেখানে যদি দেখা যায় কারুর প্রতি অবিচার হচ্ছে তাহলে নিশ্চয় আমরা সে অবিচার দূর করার জন্য গভীর ভাবে চিন্তা করব। তাকে ধন্যবাদ, তিনি এ কথাটা আমাদের মনে করিয়ে দিয়েছেন বলে। তবে আমরাও সেটা ভেবেছি, সেই জন্য গ্রামে গ্রামে কারা জমি পাবার উপযুক্ত সেই যোগ্য ব্যক্তির তালিকা প্রস্তুত করার জন্য অনেক আগে থেকেই বিভাগ থেকে নির্দেশ দিয়েছি এবং সেই অনুযায়ী তালিকাও প্রস্তুত হয়েছে। তার মধ্যে যারা রয়েছে তাতে সমাজের যারা চির অবহেলিত ঐ শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের অগ্রাধিকার দেবার কথা আমরা বলেছি। তবে এমন যদি কেউ থাকেন যে অনেকদিন ধরে চাষ করছেন এবং সেই জমির উৎপাদনের উপর নির্ভরশীল অথচ যোগ্য হয়ে থাকেন তাহলে তাকে যাতে প্রেফারেন্স দেওয়া হয় সে মর্মে নির্দেশনামা অনেকদিন আগেই বিভাগের অফিসে অফিসে পাঠানো হয়েছে। তারপর বিমলবাবু কয়েকটি কথা বলেছেন, তিনি একজন ভাল উকিল, আইনের খুঁটিনাটি প্রশ্ন তিনি নিশ্চয় তুলবেন, আমি নিজে আইনজ্ঞ নই তবুও বলব, আইনে যেটা পরিষ্কার ভাবে দেওয়া আছে সেটা যদি তিনি পড়তেন তাহলে বুঝতে পারতেন যে, পরিবারে কতগুলি লোক রয়েছে বা পরিবারের লোক সংখ্যা কত সে সম্পর্কে একটা সুনির্দিষ্ট দিন দেওয়া আছে। সেই দিনটা আমাদের পরিষ্কারভাবে মনে রাখা উচিত। ১৫ই ফেব্রুয়ারি ১৯৭১ সাল এই দিনটিতে পরিবারের যে অবস্থা ছিল সেটা আইনের সংজ্ঞায় দেওয়া আছে। সেই দিনে আমাদের আইন অনুযায়ী যে লোক সংখ্যা ছিল তারপর যদি কেউ বিগত হন বা কেউ জন্ম গ্রহণ করে থাকে তাহলে সেটা হিসাবের বাইরে থাকবে। এমন কি আজকেও হিসাব দিলেও সেই নির্দিষ্ট দিনটিকে লক্ষ্য করেই দিতে হবে। প্রশ্ন উঠতে পারে, পরিবারের লোক বাড়লে বা কমে গেলে সে ক্ষেত্রে কি হবে? আমাদের আইনে সেইমতো ভাবে যাতে ব্যবস্থা করা যায়—এখন সেটা করতে না পারলেও আমরা খুবভাল ভাবে বিভিন্ন প্রদেশে গিয়ে সেটা দেখে এসেছি। আমাদের এখানে রেকর্ড আপ ডেটিং যাতে করা যায়, ঠিক ঠিক ভাবে পরিবর্তনের যা হচ্ছে সেই পরিবর্তন সঙ্গে সঙ্গে রেকর্ড ঠিকমতো করা যায় তারজন্য পশ্চিমি প্রদেশগুলিতে যা রয়েছে পাটোয়ারি সিস্টেম সেটা আনবার জন্য আমরা চিন্তা করছি। তবে সেজন্য আমরা কাজকর্ম শুরু করেছি বলব না, কাগজে কলমে কিছু কাজ শুরু করেছি, দেখছি কি ভাবে করা যায়। তবে এই আইনে পরিষ্কারভাবে বলা আছে ১৫. ২. ৭১ তারিখে পরিবারের যে অবস্থা ছিল সেই অবস্থায় যে সদস্য সংখ্যা তার উপর নির্ভর করেই আমাদের হিসাব দাখিল করতে হবে।

[4-20 — 4-30 p.m.]

এখানে আর কোনও গোলমাল থাকার কারণ নিশ্চয়ই নেই। তবুও শীশ মহম্মদ সাহেব বললেন, তিনি চলে গেছেন, ওদের মুখে সব সময় দুর্নীতি লেগে আছে। জানিনা দুর্নীতিটা ওদের মুখে সব সময় গজ গজ করছে কিনা। উনি যদি ভাল করে আইনটা পড়তেন তাহলে দেখতেন যে সেখানে সেকশন ৪৯-য়ে পরিষ্কার ভাবে দেওয়া আছে যদি কেউ বাই ফ্রড বা

মিসপ্রেজেন্টেশন জমি নিয়ে থাকে বা দেওয়া হয়ে থাকে তাহলে সেই পাট্টা দেওয়া হলেও সেটাকে অ্যানাল করে দেওয়া হবে সেই প্রভিসন আমাদের এখানে আছে। কোথাও কোথাও থেকে অভিযোগ পাওয়া গেছে। আমরা সেগুলি ঠিকমতো ভাবে এনকোয়ারি করিয়েছি এবং অ্যানাল করিয়েছি সেই রকম ধরনের উদাহরণ আমি দিতে পারব। তবে অফ হ্যান্ড দিতে পারব না, তবে এই রকম হয়েছে যদিও সেটা প্রমাণ সাপেক্ষ। আমরা এখানে বসে কোনও একটা জিনিসকে নাকচ করে দিতে পারি না। এগুলি ঠিকমতো পরীক্ষা-নিরীক্ষার পর, বিচার বিবেচনার উভয়পক্ষকে শুনে তবে আমাদের যারা উপযুক্ত অফিসাররা রয়েছেন তারা বিচার করে সেটাকে অ্যানাল করবেন। এস. ডি. ও.-র কাছে যে পাট্টা দেওয়া হচ্ছে সেগুলি তিনি অ্যাপ্রুভ করবেন। এস. ডি. ও.-র কাছে যদি এই সংবাদ যায়, এ. ডি. এম.-এর কাছে যদি এই সংবাদ যায়, যিনি আমাদের সঙ্গে সরাসরি যুক্ত রয়েছেন, ভূমিসংস্কারের কাজে তার হাতে যথেষ্ট ক্ষমতা আছে। দুর্নীতি করে, বেআইনি করে আমরা যদি আমাদের ছেলের নামে কিম্বা আমরা যদি কোনও আত্মীয়স্বজনের নামে, যে পরিবারের এক হেক্টরের কম জমি আছে, যে পরিবার চাষ করে না, যা আমাদের আইনে আছে তথাপি যদি জমি নিয়ে থাকে সেই পাট্টা নাকচ করে দেবার ব্যবস্থা যথেষ্ট রয়েছে এই আইনের মধ্যে। দেদার বক্স মহাশয় বলেছেন এবং শুধু তিনি নয়, আরও অনেকে বলেছেন, সেচ এলাকা এবং অসেচ এলাকা সম্বন্ধে বলেছেন। অনেক জায়গাতে সেটেলমেন্ট চলছে বলে অনেক সদস্যর মনে এটা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। আমি পরিষ্কারভাবে বলে দিচ্ছি, আমরা যেটা সেচ এলাকা বলি ইরিগেশন ডিপার্টমেন্টের অফিসারদের নিয়ে এমন কি মিনিস্টার পর্যন্ত ছিলেন—এগ্রিকালচার ডিপার্টমেন্ট যেমন ইরিগেশনের ব্যবস্থা করেন তাদের বড়বড় অফিসাদের নিয়ে—আমরাও বসেছি এবং তাদের সঙ্গে আলোচনা করার পর আমরা এটা ঠিক করেছি। অ্যাসেসমেন্ট লিস্ট যারা করে থাকেন অর্থাৎ যে জমিতে জল পাবে এই রকম ভাবে অ্যাসেসড করেছি। কম্যান্ড এরিয়া, নিয়ার ফিউচারে পাবেন বলে আশা করছে সেই এলাকাগুলি তাদের কাছ থেকে যথাযথ সার্টিফিকেট না হলেও কাগজ-পত্র পাবার পর আমরা সেগুলি সেচ এলাকা হিসাবে ধরব। আমি স্বীকার করি এমন কি আমার নিজের জেলায় আমি দেখেছি—আমাদের অমলা সোরেন মহাশয়ার কনস্টিটিউয়েন্সিতে রানীবাঁধ বলে একটা জায়গায় সেখানে কোনওদিন আমরা সেচের জল কংসাবতী থেকে নিয়ে যেতে পারব না। অথচ কয়েকটি মৌজায় হয়েছে বলে—আমি দেদার বক্স সাহেবের মনের আশঙ্কা দূর করে দিচ্ছি। রানীবাঁধ থানার কয়েকটি মৌজায় হয়েছে বলে গোটা থানাটা আমাদের এখানে নটিফায়েড হয়ে গেছে। সেটা যাতে না হয় সে সম্বন্ধে ইতিমধ্যেই আমরা ব্যবস্থা গ্রহণ করেছি। এই সম্পর্কে আপনাদের আশঙ্কার কোনও কারণ নেই। গোটা থানার ২টি কি ৩টি মৌজা যদি ইরিগেটেড হয়, গোটা থানাটা আগে যে রকম ভাবে নোটিফায়েড হয়েছিল সেই রকম ভাবে যাতে না হয় সেই রকম ব্যবস্থা আমরা করে দিয়েছি। সুতরাং আপনাদের আশঙ্কার কোনও কারণ নেই। আর সরোজবাবু প্রশ্ন তুলেছেন জাল রেকর্ড উদ্ধারের। আমি এটা বিস্তৃত আলোচনা করব না। কারণ এটা সম্পর্কে একটা মামলা ঝুলছে কাজেই এটা সম্পর্কে বিশেষ কিছু বলতে চাই না। আমাদের তরফ থেকে যা করার সেটার আমরা ব্যবস্থা গ্রহণ করেছি এবং এই মামলার নিষ্পত্তি কি হয় না দেখা পর্যন্ত এটা সম্পর্কে বেশি বক্তব্য রাখা সমীচীন হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সংশোধনী আমি এনেছি এর একমাত্র উদ্দেশ্য হল যাদের সিলিংয়ের বাইরে জমি আছে সেই জমিকে

ঠিকমতো ভাবে নিয়ে আসা এবং গরিব লোকেদের বিতরণ করা এবং বিতরণটা যাতে ঠিক হয় সেটা করা। দ্বিতীয়ত অনেক জোতদার, তারা ভেস্টেড জমি আটকে রেখেছেন সেগুলি যাতে আমরা তাড়াতাড়ি নিয়ে আসতে পারি এবং এগুলি গরিব লোকেদের তুলে দেবার পথে কোনও বাধা সৃষ্টি না হয় সেজন্য এই সংশোধনী এনেছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Gurupada Khan that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1976, be taken into consideratuon, was then put and agreed to.

Clauses 1-4 and Preamble

The question that Clauses 1-4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

PRESENTATION OF REPORT

Second Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the second report of the Business Advisory Committee which, at its meeting held on the 27th February, 1976, in my chamber, considered the question of allocation of dates and time for the disposal of the legislative business and recommended as follows :

Thursday, 4th March, 1976	—	(1) The West Bengal Medic ' and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Bill, 1976—(Introduction, Consideration and passing)—1 hour.
		(2) General discussion on the budget—4 hours.
Friday, 5th March, 1976	—	(1) The Gangasagar Mela Bill, 1976 (Introduction, consideration and passing)—$^1/_2$ hour.
		(2) The West Bengal Requisitioned Land (Continuance of power) (Amendment) Bill, 1976 Introduction, Consideration and passing))—$^1/_2$. hour.
		(3) General discussion on the budget—4 hour.

Saturday, 6th March, 1976 — (1) The Oriental Gas Company (Amendment) Bill, 1976 (Introduction, Consideration and passing))—1 hour.

(2) General discussion on the budget—4 hour.

The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the second report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

Mr. Speaker : I think the motion is adopted.

The motion was adopted

Extension of time for presentation of the report of the Committee of Privileges on Satyajug Issue

Mr. Speaker : I have to inform the House that as the House was not in session the Chairman of the Committee of Privileges informed me on the 3rd February, 1976, that the report of said Committee on the case of breach of privileges arising out of the news items published in the Bengali daily Satyajug on the 30th April, 1975 and 7th May,, 1975, referred to the Committee of Privileges by me for examination, investigation and report would not be ready for presentation by the stipulated date, viz., the 5th February, 1976, and requested me to extend the time for presentation of the said report up to 5th April, 1976. Accordingly on behalf of the House I have granted extension of time for presentation of the said report up to the 5th April, 1976.

LEGISLATION

The West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1976

Shri Sankar Ghose : Sir, I beg to introduce the West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Recently under the Additional Employment Programme self-employment schemes are being implemented in the fields of industry, commerce and services to create employment opportunities for the educated jobless.

[4-30 — 4-40 p.m.]

The nationlised banks and the financial institutions advanced 90 per cent of the total project cost in respect of these schemes. They have approached the State Government for declaring banks' dues under such scheme as public demand to be recoverable under the Bengal Public Demands Recovery Act, 1913 (Bengal Act III of 1913) as has been in some other states, such as, Andhra Pradesh and Bihar. In order to create confidence among the bankers and thereby accelerating the employment-oriented lendings under the Additional Employment Programme it was considered necessary that the provisions of the Bengal Public Demands Recovery Act, (Bengal Act III of 1913), to be extended to cover such lendings by the banks and other financial institutions under the Additional Employment Programme.

As the State Legislature was not in session and the matter was considered to be urgent necessitating immediate action, and ordinance, namely, the West Bengal Employment Scheme Loans (Recovery) Ordinance, 1976, was promulgated, and was published in the Calcutta Gazette Extraordinary of 3rd February, 1976.

(Secretary then read the Title of the Bill.)

Shri Sankar Ghosh : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1976, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা আনা হয়েছে যাতে ব্যাঙ্ক টার্মলোন, কিম্বা মেয়াদি ঋণ, পাবলিক ডিমান্ড কিম্বা ভূমি রাজস্বের বকেয়া হিসাবে আদায় করা যায়, অতিরিক্ত কর্ম সংস্থান প্রকল্পে শিক্ষিত বেকারদের যাতে ব্যাঙ্করা আরও বেশি করে ঋণ দেয় সেই জন্য এই বিল আনা হয়েছে। এই অতিরিক্ত কর্ম সংস্থান প্রকল্প শিক্ষিত বেকারদের জন্য আমরা চালু করেছিলাম সর্ব প্রথম ১৯৭৩/৭৪ সালে। এই কর্মসূচিতে আমরা রাজ্য সরকার থেকে মার্জিন মানি, কিম্বা প্রান্তিক সাহায্য ১০ শতাংশ দিই ব্যাঙ্ক যাতে শিক্ষিত বেকারদের টাকা দিতে রাজি হয় সেই জন্য। আমরা ১৯৭৩/'৭৪ সালে এই খাতে শিক্ষিত বেকারদের জন্য ৮৫ লক্ষ টাকা মার্জিন মানি সাহায্য দিয়েছিলাম। গত বছর '৭৪/৭৫ সালে এই খাতে আমরা ১ কোটি ২৭ লক্ষ টাকা দিয়েছিলাম। গত বছর '৭৪/৭৫ সালে এই খাতে আমরা ১ কোটি ২৭ লক্ষ টাকা দিয়েছিলাম। আর এ বছরের জানুয়ারি মাস পর্যন্ত আমাদের যে হিসাব আছে তাতে গত বছর যে প্রান্তিক সাহায্য দিয়েছিলাম প্রায় সেখানে আমরা এসে গেছি। সুতরাং এ বছর আরও বেশি কাজ হবে বলে আমরা আশা করছি। এ বছরের জানুয়ারি মাস পর্যন্ত আমরা ১ কোটি ২৬ লক্ষ টাকা প্রান্তিক ঋণ হিসাবে শিক্ষিত বেকারদের জন্য দিতে পেরেছি। এই প্রকল্পে যে ঋণ দেওয়া হচ্ছে তাতে পশ্চিমবঙ্গ সব চেয়ে বেশি ঋণ ব্যাঙ্কের কাছ থেকে আনতে সক্ষম হয়েছে অন্য রাজ্যের তুলনায়। আমাদের পশ্চিমবঙ্গে যে বেকার সমস্যা সেই

পরিপ্রেক্ষিতে ব্যাঙ্ক যাতে আমাদের আরও অনেক বেশি ঋণ দেয় শিক্ষিত বেকারদের জন্য সেটা আমাদের সুনিশ্চিত করতে হবে এবং ব্যাঙ্কের মনে যাতে কোনও দ্বিধা না থাকে সে জন্য আমরা এই বিল এনেছি। আরও কয়েকটি রাজ্যে উত্তর-প্রদেশ এবং বিহারে এই জাতীয় আইন ইতিমধ্যে পাস হয়ে গেছে। সেই দৃষ্টান্ত অনুসরণ করে পশ্চিমবঙ্গে যাতে আরও ঋণ পাওয়া যায় সেই উদ্দেশ্যে ব্যাঙ্ককে এই স্কীম আমরা এই আইনের মাধ্যমে দিচ্ছি।

আমাদের যে ঋণ দেওয়া হয়েছে এর রিজার্ভ ব্যাঙ্ক থেকে যে পরিসংখ্যান এনেছি তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় এ পর্যন্ত সবচেয়ে বেশি দেওয়া হয়েছে। পশ্চিমবাংলায় এখন ৭ কোটি ৩ লক্ষ টাকা আউটস্ট্যান্ডিং ক্রেডিট এবং শিক্ষিত বেকাররা এই প্রান্তিক ঋণ প্রকল্পে আছে। তারপর আসে কর্ণাটক ৫ কোটি ১২ লক্ষ টাকা। তৃতীয় স্থান অধিকার করেছে মহারাষ্ট্র ৩ কোটি ৯৭ লক্ষ টাকা। তারপর আর সবাই ২ কোটির নিচে। এখন যা আছে তাতে পশ্চিমবাংলা ৭ কোটির উপরে, কর্ণাটক ৫ কোটির উপরে, মহারাষ্ট্র ৩ কোটির উপরে। পশ্চিমবাংলার ক্ষেত্রে সবচেয়ে বেশি ঋণ এসেছে। আমাদের দেখতে হবে যাতে আরও বেশি ঋণ আসে। কারণ সমস্যা খুব জটিল। ব্যাঙ্ককে আরও অনেক বেশি এগিয়ে আসতে হবে। ব্যাঙ্কের এই আইনের পর আর কোনও দ্বিধা থাকা উচিত নয়। ব্যাঙ্ক-এর কাছ থেকে কিছু ঋণ পাওয়া যাচ্ছে ট্রান্সপোর্ট সেক্টর, ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রে, কৃষি ক্ষেত্রে এবং আরও অন্যান্য ক্ষেত্রে। ট্রান্সপোর্ট সেক্টর-এ যে ঋণ জমেছে তাতে প্রথম বছর ১৯৭৩-৭৪ সালে ১০০টি mini bus প্রকল্পের আওতায় ব্যাঙ্ক-এর ঋণ এসেছিল। তারপর ১৯৭৪-৭৫ সালে ১০০ বেড়ে ২০০ হয়। এ বছর এ পর্যন্ত ১০৫টি বড় বাস প্রথম বছর এই প্রকল্পে ছিল না। দ্বিতীয় বছরে এসেছে। দ্বিতীয় বছর এক্ষেত্রে ঋণ পাওয়া গিয়েছিল ৪২টির ক্ষেত্রে। ৩ বছরের মধ্যে ২০৭টির ক্ষেত্রে ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়া গেছে। অর্থাৎ সর্বসাকুল্যে ২৪৯ বড় বাসের ক্ষেত্রে এই ঋণ এসেছে। ট্রাক-এর ক্ষেত্রে প্রথম বছরে এসেছে একটি। দ্বিতীয় বছর ১৯৭৪-৭৫ সালে ২২টিতে ঋণ এসেছে। অর্থাৎ সমস্ত মিলিয়ে ২৬০টি এসেছে। আমরা দেখছি mini bus, বড় বাস ও ট্রাক-এ ক্ষেত্রে। এই ঋণ অনেকে বেড়েছে। কিন্তু অটোরিক্সার ক্ষেত্রে ব্যাঙ্কের কাছ থেকে পাওয়া যে ঋণ তা শোধ দেওয়া হয়নি। প্রথম বছর ১৯৭৩-৭৪ সালে ৭০১টি Auto-Rickshaw-র ক্ষেত্রে ব্যাঙ্ক-এর কাছ থেকে এই ঋণ পাওয়া গিয়েছিল। এ বিষয়ে কিছু সমস্যা দেখা যায় এবং ব্যাঙ্ক-এর মনে কিছু সন্দেহ আছে। তারপরের বছর একটাও অটো-রিক্সা এই আওতায় পায়নি।

[4-40 — 4-50 p.m.]

এ বছর ব্যাঙ্ক থেকে অন্তত ৯টা পাওয়া গেছে। সব মিলিয়ে অটো-রিক্সা ৭১০। সুতরাং দেখতে পাচ্ছি মিনি বাসের ক্ষেত্রে ভালর দিকে যাচ্ছে, বাস, ট্রাকের ক্ষেত্রে উন্নতি হচ্ছে, অটো-রিক্সার ক্ষেত্রে সমস্যা রয়েছে। যা কিছু সমস্যা ছিল এই আইন রচিত হওয়ার পর ব্যাঙ্কের মনে আর কোনও সন্দেহ থাকা উচিত নয়। ব্যাঙ্ককে সিকিউরিটি ওরিয়েন্টেড আউটলুক না নিয়ে ডেভেলপমেন্ট ওরিয়েন্টেড আউটলুক নিয়ে এগিয়ে আসতে হবে। ব্যাঙ্ক জাতীয়করণের এই উদ্দেশ্য ছিল কেবলমাত্র বড় মানুষরাই ঋণ পাবে না, সাধারণ মানুষ, শিক্ষিত বেকার যুবকরাও ঋণ পাবে। ব্যাঙ্ক জাতীয়করণ হয়েছিল ১৯৬৯ সালে, ১৯৭৩-৭৪ সালে সেই

প্রকল্পের মাধ্যমে শিক্ষিত বেকার যুবকরা ঋণ পাচ্ছে। ব্যাঙ্ক জাতীয় করণের যে মূল উদ্দেশ্য সেটাকে সার্থক করতে হলে এই শিক্ষিত বেকার যুবকদের অগ্রাধিকার পাওয়ার ক্ষেত্রে ব্যাঙ্ককে অনেক বেশি এগিয়ে আসতে হবে। ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ব্যাঙ্ক যে ঋণ দিয়েছে জুন ১৯৭৪ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে কেবল ক্ষুদ্র শিল্প প্রকল্প নয়, সমস্ত প্রকল্প নিয়ে, স্মল স্কেল সেক্টরে সেটা হচ্ছে ৭৫ কোটি টাকা। কিন্তু এটাকে আরও বাড়াতে হবে। আমরা সর্বশেষ পরিসংখ্যান যেটা পেয়েছি মার্চ ১৯৭৫ সালে, ৭৫ কোটি টাকা বেড়ে ৭৯ কোটি টাকা হয়েছে। ব্যাঙ্ক যে ঋণ দেয় ক্ষুদ্র শিল্প ক্ষেত্রে সেটা সামগ্রিক ঋণের কেবলমাত্র ৭.২ পারসেন্ট। এই পারসেন্টেজ অনেক বাড়াতে হবে। এই অতিরিক্ত কর্ম সংস্থান প্রকল্পের জন্য শিক্ষিত বেকার যুবকদের ক্ষেত্রে এই আইন প্রণয়ন হবার পর যদি ব্যাঙ্ক আরও এগিয়ে আসে তবে সার্বিক উন্নতি দেশের হবে। আমাদের পশ্চিমবঙ্গের ব্যাঙ্ক যেখানে সামগ্রিক ঋণের ৭.২ শতাংশ ক্ষুদ্র শিল্পে দিচ্ছে, মহারাষ্ট্রে সেটা ১০ শতাংশ দিচ্ছে, তামিলনাড়ুতে সেটা ১৪ শতাংশ। সুতরাং এটাকে সেইভাবে কাজ করতে পারলে আমাদের দেশের সার্বিক উন্নতি হবে। ঋণ দেওয়ার ব্যাপারে আর একটা সমস্যা রয়েছে, ব্যাঙ্কের দৃষ্টিভঙ্গি যাতে আরও উন্নয়নমূলক হয় সেটা দেখতে হবে। ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে, শিক্ষিত বেকারদের ক্ষেত্রে ব্যাঙ্ক যাতে আরও ঋণ দিতে পারে সেটা দেখতে হবে। ব্যাঙ্ক যাতে আরও খোলা যায় পশ্চিমবঙ্গে, যাতে সেই সমস্ত ব্যাঙ্কের সাথে যোগাযোগ করে আমাদের শিক্ষিত বেকাররা ঋণ পেতে পারে সেটা দেখতে হবে। যখন ব্যাঙ্ক জাতীয় করণ হয়েছিল তখন ৮৭ হাজার মানুষের জন্য পশ্চিমবঙ্গে কেবল মাত্র একটা ব্যাঙ্ক ছিল।

পরিসংখ্যান থেকে এটা দেখা যায় পশ্চিমবাংলাতে ব্যাঙ্কের সংখ্যা কম ছিল। আমাদের ব্যাঙ্ক জাতীয়করণ হয়েছে ১৯৬৯ সাল থেকে। ১৯৭৫ সালের ৩০শে জুন পর্যন্ত এই ৫/৬ বছরে ব্যাঙ্কের কি উন্নতি হয়েছে সেটা দেখুন। ব্যাঙ্কের সংখ্যা পূর্বের চেয়ে এখন দ্বিগুণ হয়েছে। আগে ৮৭ হাজার মানুষের জন্য একটা ব্যাঙ্ক ছিল, কিন্তু এখন ৪১ হাজার মানুষের জন্য একটা ব্যাঙ্ক হয়েছে। আমরা মনে করি একে আরও বাড়াতে হবে কারণ সর্বভারতীয় গড় হচ্ছে ২৯ হাজার মানুষের জন্য একটা ব্যাঙ্ক। পশ্চিমবাংলায় জাতীয়করণের সময় ছিল ৮৭ হাজার মানুষের জন্য একটা ব্যাঙ্ক সেটা কমে এখন ৪১ হাজার হয়েছে। এটা যাতে আরও কমে ২৯ হাজার হয় অর্থাৎ সর্বভারতীয় গড় যেটা সেখানে যাতে আসতে পারে সেটা আমাদের দেখতে হবে। আমাদের পূর্বাঞ্চল ব্যাঙ্ক খুব কম। পূর্বাঞ্চলের রাজ্যের দিকে যদি তাকান তাহলে দেখবেন, যেমন বিহার, সেখানে ৭১ হাজার মানুষের জন্য একটা ব্যাঙ্ক, আসামে ৬৮ হাজার মানুষের জন্য একটা ব্যাঙ্ক। কিন্তু মহারাষ্ট্রের দিকে তাকিয়ে দেখুন সেখানে ২৩ হাজার মানুষের জন্য একটা ব্যাঙ্ক। কাজেই পশ্চিমবাংলায় ব্যাঙ্কের শাখা আরও খুলতে হবে। আমরা মনে করি ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে এবং শিক্ষিত বেকারদের ক্ষেত্রে ব্যাঙ্ককে এগিয়ে আসতে হবে। ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে যেখানে ৭৫ কোটি টাকা ছিল ১৯৭৪ সালের মার্চ মাসে সেটা ৭৯ কোটি টাকা হয়েছে। ছোট ছোট ট্রান্সপোর্ট অপারেটরদের ক্ষেত্রে ব্যাঙ্ক ১৪ কোটি টাকা ঋণ দিয়েছে, এটাকে আরও বাড়াতে হবে। আমরা যে আইন এনেছি তাতে ব্যাঙ্কের মনে সন্দেহ দূর হবে এবং তাদের ঋণ আদায়ের ব্যাপারে সুবিধা হবে। আমি আশা করি এই আইনের পরিপ্রেক্ষিতে তারা আগের চেয়ে আরও বেশি করে শিক্ষিত বেকারদের

সাহায্য কল্পে এগিয়ে আসবে এবং সেই উদ্দেশ্য নিয়েই আমি এই বিল হাউসে রাখছি।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাঙ্ক জাতীয়করণ করবার পর ব্যাঙ্কের নীতি কি বদলেছে সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় বললেন, এখন ক্ষুদ্র শিল্পে শতকরা ৭ পারসেন্ট লোককে দেওয়া হচ্ছে, পূর্বে এটা এক পারসেন্ট ছিল। আমাদের মনে রাখতে হবে এই যে ৭ পারসেন্ট হয়েছে এটা কিন্তু ৭ বছরে হয়েছে। কাজেই দেখা যাচ্ছে খুব অল্পই পাল্টাচ্ছে এবং খুব ধীরে ধীরে পাল্টাচ্ছে। শুধু তাই নয়, যে সমস্ত ক্ষুদ্র শিল্পের নামে ঋণ দিয়েছে সমস্ত ক্ষেত্রে কিন্তু ভালভাবে ঋণ দেওয়া হয়নি। আমাদের এখানে অনেকবার আলোচিত হয়েছে যে, বিগ হাউসেসগুলি স্মল স্কেল ইন্ডাস্ট্রির নামে স্বনামে এবং বেনামে সুযোগ সুবিধা নেবার জন্য এবং ব্যাঙ্কের কাছ থেকে অর্থ পাবার জন্য এর মধ্যে এসে পড়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে একটা রিভিউ হয়েছিল এবং তাতে দেখা যাচ্ছে তারা কিন্তু প্রাইওরিটি সেক্টরে উৎপাদন করছে না, তারা ধনীদের ব্যবহার্য জিনিস উৎপাদন করছে। তবে এই সমস্ত দোষ ত্রুটি থাকা সত্ত্বেও আমরা মনে করি ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিয়ে কিছু কিছু ছেলে ইন্ডাস্ট্রি করবার চেষ্টা করছে এবং কিছু কিছু টেকনিক্যালি কমপিটেন্ট ছেলে কিছু কিছু ইন্ডাস্ট্রি করছে। তবে রাজ্য সরকার ব্যাঙ্কের হাতে এই যে অস্ত্র তুলে দিচ্ছেন এটা আমাদের ঠিক পছন্দ হচ্ছে না। ব্যাঙ্কের আচরণ কি সে সম্বন্ধে আপনি কি চিন্তা করেছেন। ব্যাঙ্কের হাতে এই অস্ত্র তুলে দেবার আগে এটা যদি আপনি বিধানসভায় বলতেন যে ব্যাঙ্কগুলি কি কি ভাল কাজ করতে পারে তাহলে এই বিল আমরা খোলা মনে মেনে নিতে পারতাম। আমরা দেখেছি কেউ যদি ব্যাঙ্কের কাছে দরখাস্ত করে তাহলে ব্যাঙ্ক কোনও কোনও ক্ষেত্রে ৩ বছর সময় নেয়। আমাদের অর্থমন্ত্রী যখন একবার বীরভূমে গিয়েছিলেন তখন তার সামনেই বলেছিলাম ব্যাঙ্ক ৩ বছর ফেলে রেখে দিয়েছে, তাদের ঋণ দেয়নি এবং হ্যাঁ বা না কিছুই বলেনি। তারপর, আর একটা অসুবিধা হচ্ছে ডুয়েল কন্ট্রোল নিয়ে। এস. আই. এস. আই.-র টেকনিক্যাল অফিসাররা যদি ভেট করে দিয়ে থাকেন তাহলে ব্যাঙ্ক আবার সেটা ভেট করতে চাচ্ছে কেন? এই ডুয়েল কন্ট্রোল থাকার ফলে লোকদের ঋণ পাবার ব্যাপারে খুবই অসুবিধা হচ্ছে। তারপর, অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম এটা হচ্ছে বাঙালি ছেলে যাদের ক্যাপিটাল নেই তাদের ক্ষেত্রে ঠিক হয়েছে গভর্নমেন্ট টেন পারসেন্ট দেবে এবং ব্যাঙ্ক নাইন্টি পারসেন্ট দেবে।

[4-50 — 5-00 p.m.]

আপনি শুনলে অবাক হবেন একটা কেসেও ৯০% টাকা ব্যাঙ্ক দেয় না। ব্যাঙ্ক ৭০% দেয়, ব্যাঙ্ক বলে আপনি ২০% দিন। **(শঙ্কর ঘোষ ঃ ৯০% দেয় না একথা বলবেন না, তাহলে অবস্থা আরও খারাপ হবে।)** আমার অভিজ্ঞতায় আমি বলছি মিনি বাসে দেয়, কিন্তু ব্যবসার ক্ষেত্রে অন্তত আমি জানি, আর অভিজ্ঞতা থেকে বলছি আমি অন্তত ২৫টি স্মল স্কেল ইন্ডাস্ট্রি করেছি বীরভূম এবং বর্দ্ধমানে এই ২৫টির মধ্যে অন্তত একটি ক্ষেত্রেও আমি ৯০% ব্যাঙ্কের কাছ থেকে আদায় করতে পারিনি, ঘটি, বাটি বন্ধক দিতে হয়েছে। অথচ আপনি স্যার, শুনলে অবাক হয়ে যাবেন, এই যে অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম অর্থমন্ত্রী জানেন, কেন তিনি চাপ দিচ্ছেন না জানি না? এখানে জয়নাল সাহেব উপস্থিত আছেন, ক্ষুদ্র শিল্পের, মন্ত্রী কেন তিনি চাপ দিচ্ছেন না? স্যার, এই পুরো টাকাটা রিজার্ভ ব্যাঙ্ক অফ

ইন্ডিয়ার ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন থেকে দেয়। পুরো টাকাটা ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন ব্যাঙ্কগুলিকে রি-ফাইনান্স করে দেয়, এক বার রিজার্ভ ব্যাঙ্ক গ্যারান্টি দিয়ে দিচ্ছেন তার ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশনের মাধ্যমে, তার পরে আবার ছেলেগুলো ঘটি, বাটি বন্ধক দিচ্ছে, তা না দিলে হচ্ছে না। এছাড়াও আবার ঘুষ আছে, ব্যাঙ্কের ম্যানেজাররা, এজেন্টরা আজকাল একটু সুযোগ সুবিধা পেয়ে গেছে। সুতরাং কাকে রাজ্য সরকার মার্জিন মানি দিচ্ছেন তা আমি বুঝতে পারছি না। ব্যাঙ্ক-এর ম্যানেজার, এজেন্টরাই মার্জিন মানি পেয়ে যাচ্ছে। আমাদের সদস্য সত্য ঘোষাল মহাশয় একটা চিঠি দিয়েছেন, তাতে তিনি বলেছেন ১,০০০ টাকা অ্যাডভান্স নিতে গেলে ১০০ টাকা কালীপূজার চাঁদা দিতে হয়। এসব কি হচ্ছে? তারপরে আসুন, রেট অফ ইন্টারেস্ট। শঙ্করবাবু আছেন, জয়নাল সাহেব আছেন, এরা কি অর্থ মন্ত্রীকে বলতে পারেন না ডিফারেন্সিয়াল রেট অফ ইন্টারেস্টের কথা, যা এই অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীমে দিতে হবে। ডিফারেনসিয়াল রেট অফ ইন্টারেস্ট কেন ইন্ট্রোডিউস হচ্ছে না এদের ক্ষেত্রে। সুতরাং এগুলি তো আগে দেখতে হবে। একটা জেস্টেশন পিরিয়ড আছে, আপনি যদি একটা ব্যবসায় নামেন, ব্যবসা করতে গেলে একটা জেস্টেশন প্রিয়ড দরকার হয়, ৬ মাস, ১ বছর তো টাইম দেবেন? সে প্রোডাকশন করবে, মার্কেটে যাবে, তার প্রোডাক্টকে মার্কেটে পরিচিত করবে, তবে তো। কিন্তু ব্যাঙ্ক যে দিন থেকে লোন দিল, তার পরের মাস থেকে ফেরত চাইতে আরম্ভ করল। একটা রিজনেবল জেস্টেশন পিরিয়ড দিয়ে আপনাদের কথা বলা উচিত। আপনি তো ৮৯ হাজার কোম্পানি তৈরি করে ছেড়ে দিলেন, তারপরে আর কোনও হেলপ করছেন না। ওদের অবস্থা অবাধে স্বাধীন ভাবে চরে বেড়াও, পার তো বাঁচ, না পার তো বাঁচবে না। এই রকম একটা অবস্থা হয়েছে। তাছাড়া আমাদের ওয়েস্ট বেঙ্গলের ইকোনমি, সে তো মোনোপলি ডমিনেটেড। এই ইকোনমিতে ছোট ছোট ইন্ডাস্ট্রিগুলি বাঁচতে পারছেন। কিন্তু অটো রিকসা, মিনি বাস আর বড় বাসগুলি, তারা শোধ দেয়নি। কি জানি পলিটিক্যাল পেট্রোন্টে এর পিছনে আছে কিনা জানি না, কেন শোধ দিচ্ছে না? ব্যাঙ্কগুলিও আদায় করতে পারছে না, পলিটিক্যাল দাদা-রা এর পিছনে আছে? কথা হচ্ছে, এই সব কারেণে ব্যাঙ্কগুলির ক্রেডিট রোধ করবার জন্য অর্থ মন্ত্রী এই বিলটা এনেছেন, যেমন ভাবে পার চরে খাও, স্থাবর, অস্থাবর করে নাও। আমি যদিও এই বিলটার অপোস করছি না, কিন্তু এই কাজ করার আগে আরও চারটে কাজ ওকে করে নিতে হবে এরই সঙ্গে সঙ্গে। তা না হলে বিলটা একেবারেই আক্রমণ করবে বাচ্চা ছেলেদের ওপরে। বড় বড় কোম্পানিকে অ্যান্সিলিয়ারি করবার পারমিশন কেন দেওয়া হচ্ছে। তারা নিজেরা নিজেদের কম্পোনেন্ট পায়, তারা তৈরি করে নিতে পারবে না। এটা জাপানে এবং আমেরিকাতে আছে।

আমেরিকাতে এই আইন দেখবার জন্য প্রেসিডেন্টের নিজস্ব কমিটি আছে। তাহলে দেখুন সেখানে ঐ রকম একটা বড় বড় পুঁজিপতিদের দেশে এই প্রটেকশনটুকু থাকে কিন্তু, স্যার, আমাদের মতো দেশে আর পশ্চিমবঙ্গের মতো বিগ হাউস ডোমিনেটেড দেশে তা নেই। অন্য রিজিয়নে দেখুন, আপনি জাপানের মডেল চান? জাপানের মডেল নিন, জাপানে ২২টি আইন আছে ইন অর্ডার টু প্রটেক্ট দি স্মল স্কেল ইন্ডাস্ট্রি আপনি জাপানে পাঠিয়ে দিন আপনাদের সেক্রেটারিদের তারা আইন টাইনগুলি দেখে আসুক। মাননীয় স্পিকার, স্যার, র'মেটিরিয়ালসের কোটা এখনও বিগ হাউসেসগুলি বেশি পাচ্ছে। তার কারণ কি? তাদের যে লাইসেন্সিং

ক্যাপাসিটি সেই লাইসেন্সিং ক্যাপাসিটিটা বেশি দেখানো আছে? আনইউসড ক্যাপাসিটি আছে। অথচ সেই বাড়তি কোটাটা নিয়ে বাজারে বিক্রি করছে। এতে কি স্মল স্কেল ইন্ডাস্ট্রিসের ডেভেলপমেন্ট হতে পারে? স্যার, আইনের কথা না হয় ছেড়ে দিন, ব্যাঙ্কের ইন্টারেস্ট আপনাকে কমাতেই হবে। আজকে কি অবস্থা দেখুন। ব্যাঙ্কগুলি ডিপোজিট নিচ্ছে তারজন্য ১০ পারসেন্ট সুদ দিচ্ছে আর লেন্ড করছে ১৭ পারসেন্ট। ৭ পারসেন্ট এই পরের টাকাতে মহাজনী। মাঝখান থেকে ৭ পারসেন্ট দালালি। এটা কস্ট রেশিয়ো অনুযায়ী ইন্টারেস্টটা ঠিক করবেন। শুধু তাই নয়, এই যে বেশি টাকা, এতে আপনি যদি ফিক্সড ডিপোজিটের ইন্টারেস্ট বাড়ান তাহলে তো লোকে ব্যবসা বাণিজ্যে টাকাটা খাটাবে না। লোকে এক লক্ষ টাকা ব্যাঙ্কে জমা রেখে দেবে, বৎসরে ১০ হাজার টাকা সুদ পাবে। কোনও তার পরিশ্রম নেই। শুধু তাই নয়, চিন্তা করুন একটা আরবান রেন্টার ক্লাশ তৈরি হয়ে যাচ্ছে। আমি ভাবছি যে আমি হরশঙ্কর ভট্টাচার্য, আমি কলেজের মাইনে, প্রভিডেন্ট ফান্ডের টাকা, বই লেখার টাকা নিয়ে কোনও মতে একবার ফিক্সড ডিপোজিটে ফেললেই ব্যাস জমিদারি হয়ে গেল। এতো, স্যার, বর্ধমানের মহারাজা যেমন রেন্টার ক্লাস ছিলেন আমাকেও তো স্যার, রেন্টার ক্লাস হতে প্রলুব্ধ করা হচ্ছে। ডিপোজিটে এত হাই রেট অব ইন্টারেস্ট কেন হবে, হোয়াই দিস আরবান রেন্টার ক্লাস? এক একজন ব্যবসাদার অথবা চাকুরিজীবী সেখানে কোনও মতে কিছু টাকা নিয়ে ব্যাঙ্কে ফেলতে পারলেই হল—সে রেন্টার ক্লাস হয়ে গেল, জন্ম জন্মান্তরের মতো কাজ হয়ে গেল। যার ২৫ বিঘা জমি, তার কোনওখানে এক্সেস ল্যান্ড ছিল, বেচে দিয়ে এক লক্ষ টাকা ফিক্স ডিপোজিট রেখে দিল। আপনারা, অর্থমন্ত্রী আপনারা এক্ষুনি চেঁচাতে শুরু করুন যে ডিপোজিট রেট কমাও। গরিব বিধবাকে দিন, আপনারা একটা অ্যামাউন্ট ঠিক করুন যে পাঁচ হাজার টাকা রাখবে তাকে ১০ পারসেন্ট ইন্টারেস্ট দেব। লেন্ডিং রেটের ক্ষেত্রে আপনি যদি মাল্টিপুল রেট অব ইন্টারেস্ট করতে পারেন, ডিফারেন্সিয়াল রেট অব ইন্টারেস্ট স্মল স্কেলের জন্য পৃথক, বিগ হাউসের জন্য পৃথক, শেয়ার মার্কেটের জন্য পৃথক করতে পারেন তাহলে আপনি ডিপোজিটের ক্ষেত্রে মাল্টিপুল রেট অব ইন্টারেস্ট করতে পারেন না? যতদিন না, এই যে আরবান রেন্টাল ক্লাশ তৈরি হচ্ছে, একটা ফিউডালিজিম চলে গিয়ে শহুরে ফিউডালিজিম—এই শহুরে ফিউডালিজিম যে তৈরি হচ্ছে, সেখানে ডিপোজিট রেট অব ইন্টারেস্ট কমাবার জন্য আপনি যদি চেষ্টা না করেন তাহলে পর আপনি কিছুতেই রেট অব ইন্টারেস্টটা কমাতে পারবেন না এবং এইগুলি যদি না করেন তাহলে, স্যার, বিলটা করে বাচ্ছা বাচ্ছা ছেলেদের উপর আক্রমণ হচ্ছে। অবশ্য এর ভিতর দিয়ে কিছু কিছু পলিটিক্যাল সাপোর্ট কমবে বলে মনে হচ্ছে। যাই হোক এটা ভাল হচ্ছে। কিন্তু আর একটা কথা, এই অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম নিয়ে, স্যার, এসটিমেটস কমিটি লোকসভাতে একটা রিপোর্ট বের করেছিল, এখানকার এসটিমেটস কমিটিও একটা রিপোর্ট বের করেছিল, সেভেনটিস্থ রিপোর্ট অব দি এসটিমেটস কমিটি, গত বৎসর ইট ওয়াজ পাবলিশড, স্যার, আমাদের মন্ত্রীরা তো কোনও রিপোর্টই পড়ে দেখেন না, ওদের নিজেদের কমিটির রিপোর্টগুলিই পড়ে দেখেন না, সেখানে কতকগুলি সাজেশন ছিল—ভাল হোক, মন্দ হোক, আরও ভাল সাজেশন নিশ্চয়ই সেই কমিটির রিপোর্টে থাকতে পারত, সেই এসটিমেটস কমিটির রিপোর্টটা আপনাদের এই অ্যাসেম্বলির, তাহলে সেই সাজেশনগুলি নিয়ে কি ওরা ব্যাঙ্কের কাছে গিয়েছেন, বলেছেন তাদের যে এই সব কথা বলছে আমাদের এসটিমেটস কমিটির তোমরা এইগুলি কর তারপর তোমাদের হাতে

এই অস্ত্রটা দিয়ে দেব? যখন তখন মাথা কাটবেন এবং যখন তখন স্থাবর, অস্থাবর, ক্রোক করে নেবেন, এই সমস্ত কাজগুলি না করেন। লাল চিঠি পাঠানোর অধিকার, আর স্থাবর, অস্থাবর, সমস্ত কিছু ক্রোক করবার অধিকার দিয়ে আজকে কতটুকু কাজ হবে জানি না। তবে এটা অপোজও করতে পারছি না, মানতেও পারছি না, তাই এই অবস্থায় আমি বসে পড়লাম।

[5-00 — 5-10 p.m.]

শ্রী তপন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ভয়াবহ বেকার সমস্যার সমাধানের জন্য অ্যাডিশনাল অ্যামপ্লয়মেন্ট প্রোগ্রাম সেলফ অ্যাপ্লয়মেন্ট প্রোগ্রাম যখন চালু হয়েছিল তখন আমরা তাকে স্বাগত জানিয়েছিলাম। আমাদের অর্থমন্ত্রীর নিশ্চয়ই মনে আছে তিনি আলিপুর ২৪ পরগনার এম. এল. এ.-দের নিয়ে মিটিং ডেকেছিলেন এবং সেই সভায় তিনি স্কীম সম্পর্কে বিস্তৃত বিবরণ দিয়েছিলেন। কাল বিধানসভায় মুখ্যমন্ত্রী মহাশয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের উপর যখন ভাষণ দিচ্ছিলেন তখন তিনিও স্বীকার করেছেন যে ১৮ পারসেন্ট সুদ দিয়ে বেকার যুবকেরা ব্যবসা চালাতে পারে না এবং সেই ব্যবস্থা কোনও দিন দাঁড়াতে পারে না। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর সঙ্গে সুর মিলিয়ে আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করব যে যদি সত্যিকারের বেকার যুবকদের ব্যবসায়ে প্রতিষ্ঠিত করতে হয়, তাহলে তাদের এই ১৮ পারসেন্ট সুদ অনেক কমিয়ে দেওয়া উচিত। তাহলে এই ছোট ছোট ব্যবসায়ীরা বেকার যুবকেরা অন্তত প্রাণে বেঁচে থাকার ব্যবস্থা করতে পারবে। তা না হলে যে সেলফ এমপ্লয়মেন্ট প্রোগ্রামের কথা বার বার ঢাক ঢোল পিটিয়ে বলছেন, ব্যর্থ হবে। এস. আই. এস. অফিসে বহু স্কীম রেডি থাকে, ব্যাঙ্কে পাঠানো হয়, ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হয় না। দিনের পর দিন এই যে সমস্ত প্রোডাক্টিভ ইউনিট আছে, ব্যাঙ্কের কাছে হাজার হাজার স্কীম দেওয়া হয় কিন্তু ব্যাঙ্ক সেই সমস্ত স্কীম মঞ্জুর করছে না। আমি এই বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি নিবদ্ধ করছি। এ ছাড়া ম্যাটিরিয়েলস পাওয়া যায় না। অনেক আইটেম আছে—যেমন প্যারাফিন, এর কোটা পাওয়া যায় না, পলিথিন-এর কোটা পাওয়া যায় না। এই রকম বহু আইটেম আছে যা পাওয়া যায় না। কাজেই যে উদ্দেশ্য নিয়ে ব্যাঙ্কের কাছে যায় সেই টাকা পায় না, কোটা পায় না, ফলে তারা দিনের পর দিন ঘুরে বেড়াচ্ছে। সুতরাং যে সমস্ত উদ্দেশ্য নিয়ে সেলফ এমপ্লয়মেন্ট স্কীম চালু হয়েছিল, সেই উদ্দেশ্য কিন্তু অনেকটা বাঞ্চাল হতে বসেছে। এই উদ্দেশ্যকে সত্যিকারের রূপ দিতে হবে, বেকারদের মুখে হাসি ফোটাতে হবে। কারণ আমরা একথা স্বীকার করে নিয়েছি যে পশ্চিমবাংলার সমস্ত বেকার যুবকদের চাকুরি দেওয়া সম্ভব নয়। আজকে তারা নিজেদের পায়ে দাঁড়াবার চেষ্টা করছে, এই সরকার সততার সঙ্গে এই উদ্দেশ্যে এগিয়ে যাচ্ছে, আজকে আমাদের অর্থমন্ত্রীকে এই দিকে দৃষ্টি নিবদ্ধ করতে হবে। এ ছাড়া নানা রকম দুর্নীতি ব্যাঙ্কের মধ্যে প্রবেশ করেছে এবং সেই দুর্নীতির ফলে অনেকে আজকে টাকা দিতে গেলে সুদ ছাড়াও তাদের আরও কিছু দিতে হয়। যার ফলে সত্যিকারের ঋণ আদায়, ঋণ নেওয়া এবং নিয়ে ব্যবসা পরিচালনা করা খুব কঠিন। আজকে এই ব্যাপারে ক্ষুদ্র শিল্প এবং অর্থ দপ্তর জড়িত। সুতরাং বেকার যুবকদের সহযোগিতা করতে গেলে দুইটি দপ্তরকে সচেষ্ট হতে হবে, তা না হলে এই বিলের উদ্দেশ্য বাঞ্চাল হবে। এ সম্বন্ধে আমি অর্থমন্ত্রী মহাশয়ের বক্তৃতা শুনলাম, অটো রিক্সা টাকা

দিচ্ছে না, অটো রিক্সার যে সমস্যা, আমরা চাপি জানি, প্রতিটি ড্রাইভারই বলে আমাদের কলকাতায় দিচ্ছে না। সিঁথির মোড় পর্যন্ত আসতে পারি। সেখানে ২০ পয়সা ভাড়া দিয়ে বাসে করে তিন মাইন চলে যাই কিন্তু অটো রিক্সাতে উঠলে মিনিমাম ভাড়া দিতে হয় ৮০ পয়সা।

[5-00 — 5-10 p.m.]

সুতরাং আজকে আমি মনে করি কলকাতার বাইরের এবং তার পার্শ্ববর্তী এলাকা ব্যারাকপুর মহকুমায় অটোরিক্সার লাইসেন্স ইস্যু করা অন্যায় হয়েছে। এরা কোনও দিন ধারের টাকা পরিশোধ করতে পারবে না। এই অটোরিক্সা যদি চালাতে হয় তাহলে কলকাতায় সেটা চলতে পারে এবং রোজগারও হত। তা না হলে কলকাতার বাইরে অটোরিক্সা চালিয়ে লাভ হবে না। এই অটোরিক্সা কোম্পানির মালিকরা জুয়াচুরি করে অনেক টাকা আয় করছে। একটা অটোরিক্সার দাম ১১ হাজার টাকার ও বেশি। আর একটি স্কুটারের দাম ৪ হাজার টাকা। এর পিছনে আর একটা শীট বসিয়ে আরও ৭ হাজার টাকা বেশি দাম নেওয়া হচ্ছে। এর মধ্যে কোম্পানির জুয়াচুরি রয়েছে। এই অটোরিক্সার প্রকৃত দাম সম্বন্ধে একটা কস্টিং হিসেব হওয়া দরকার। কারণ একটি অটোরিক্সার দাম ১১ হাজার টাকা কোনও ক্রমেই হতে পারে না। সরকার তাদের এই ১১ হাজার টাকা ধার দিয়ে এখন যেভাবে আদায় করে নেবার ব্যবস্থা করেছেন তাতে এই অটোরিক্সাওয়ালারা বাঁচতে পারে না। তখন কি করে যে তারা এই ব্যাঙ্ক লোনের টাকা শোধ দিতে পারবে যে কথা আমার মাথায় আসে না আমার সময় কম, অথচ বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সম্পর্কে আরও খতিয়ে দেখার প্রয়োজন আছে। পশ্চিমবঙ্গকে যদি বেকার মুক্ত করতে হয়, যদি এই বেকারদের মুখে হাসি ফোটাতে হয়, যদি পশ্চিমবঙ্গে ক্ষুদ্র শিল্পের অগ্রগতি ঘটাতে হয় তাহলে এ সম্বন্ধে একটা পূর্ণাঙ্গ আলোচনার প্রয়োজন আছে যাতে অটোরিক্সা বাঁচতে পারে, তারা লোনমুক্ত হতে পারে। মাননীয় স্পিকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এখানে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ মাননীয় স্পিকার মহোদয় আমি মাননীয় অর্থমন্ত্রী তথা পরিকল্পনা মন্ত্রীর বক্তব্য মন দিয়ে শুনছিলাম। এই বিলটা রাখার সময় তিনি যেটা বললেন, আমি যেটুকু বুঝেছি তিনি বলতে চাচ্ছেন পশ্চিমবঙ্গে যে ভয়াবহ বেকারত্ব বলেছে সেই বেকারত্ব দূর করবার জন্য শিক্ষিত বেকারদের কিছু শিল্পে, কিছু কাজকর্মে লগ্নি করে দেবার জন্য একটা মার্জিনাল মানি ব্যাঙ্কের কাছ থেকে লোন পাওয়ার ব্যবস্থা করে দিয়েছিলেন আমাদের সরকার। এখন সেই ব্যাঙ্কের টাকা ফেরত না পাবার জন্য ব্যাঙ্ক পুনরায় আবার টাকা লগ্নি করতে উৎসাহ পাচ্ছে না। পশ্চিমবঙ্গের বেকারত্ব দূর করবার জন্য যে পরিকল্পনা সরকার নিলেন ব্যাঙ্কের টাকা লগ্নি করবার জন্য, আজকে এই আইনটা পাস করিয়ে দেওয়ায় ব্যাঙ্ক হয়ত উৎসাহবোধ করবে আবার টাকা লগ্নি করতে, কিন্তু যারা বেকার তারা উৎসাহবোধ করে ব্যাঙ্কের কাছে যাবে না টাকা নিতে, কেন এই বিল পাস করিয়ে যে ভয়াবহ বেকার সমস্যা ছিল তা আরও কেন অধিকতর ভয়াবহ করে আপনারা তুলছেন তা বুঝতে পারছি না। আপনাদের অভিজ্ঞতা আছে ঠিকই আমারও কিঞ্চিৎ অভিজ্ঞতা আছে। যে সমস্ত ক্যান্ডিডেট সিলেক্ট করা হয়েছে জেলায় জেলায়, সেখানে এই সিলেক্ট এর মধ্যে প্রচুর গলদ রয়েছে। এই

সম্পর্কে একটি উদাহরণ দিলে বুঝবেন কেউ ইন্সটলমেন্ট শোধ করতে ডিফল্ট করছে তাকে নোটিশ দেওয়া হল। পোস্ট অফিস থেকে সেই নোটিশ ফেরৎ এল নট নোন, এতে করে ব্যাঙ্ককে চিট করছে, রেকমেন্ডিং অথরিটিকেও চিট করছে। আমাদের এম. এল. এ. যারা সই করে দিয়েছেন গ্যারান্টি দিয়েছেন, তারা অস্বস্তি বোধ করছেন। উকিলের চিঠি গেলে ফিরে আসছে। নট নোন ও নট ফাউন্ড এর লিগ্যাল ইন্টারপ্রিটেশন কি আছে জানি না ; তবে এই নট নোন আর নট ফাউন্ড এর মধ্যে একটা মস্ত ডিফারেন্স ফ্রম লিগ্যাল পয়েন্ট অফ ভিউ রয়েছে। মোটের উপর কথা হচ্ছে তারা চিট করেছে দে হ্যাভ ক্রিমিন্যাল ল অনুযায়ী ব্যবস্থা অবলম্বনের প্রয়োজনীয়তা আছে। যারা জেনিউইন যারা টাকা নিল, তারা সবেমাত্র দু-তিন বছর '৭৩, ৭৪, ৭৫ সালে কিছু কিছু করে টাকা পেয়েছে, সবেমাত্র তারা কাজ করতে আরম্ভ করেছে, এর মধ্যেই তাদের উপর ব্যাঙ্ক নোটিশ দিতে আরম্ভ করেছে টাকা দাও। অধিকাংশ জায়গায়ই তারা অনভিজ্ঞ ছেলে। তাদের যে গাইডেন্স দেওয়ার ছিল সরকারের তরফ থেকে, তারাও সে গাইডেন্স চায়নি, সরকারও সে গাইডেন্স দিতে এগিয়ে যাননি। অভিজ্ঞতা না থাকায় অনভিজ্ঞতার ফলে এবং কাঁচা পয়সা হাতে পাওয়ার ফলে আমি জানি একটি সংস্থা ৫০ হাজার টাকা ব্যাঙ্ক থেকে লোন নিয়েছে, তারা ১০ হাজার টাকার মেশিন কিনেছে, আর ৪০ হাজার টাকা ক্যাপিটাল ইনভেস্ট করেছে—এই সমস্ত তেলের বীজ-টিজ কেনবার জন্য। সে সময় তেলের বীজ পাওয়া গেল না। সেই ৪০ হাজার টাকা পোস্ট অফিসে বা ব্যাঙ্কে জমা দিয়েছিল। আস্তে আস্তে খরচ হয়ে গেল, জামা-কাপড় কিনল। ৫ জন শেয়ার হোল্ডার ৮ হাজার টাকা করে হাতে রাখল। সেইটা খরচ হয়ে গেল। তার টাকা খরচ হয়ে গেল কিনা সে সুপারভিসনের কোনও ব্যবস্থা ব্যাঙ্কেরও নেই, সরকার-এরও নেই। গ্যারান্টার যে তারও দেবার কোনও ব্যবস্থা নাই। তারা টাকাগুলোকে ভেঙ্গে ফেলল, অনেক ক্ষেত্রে জেনুয়েনলি ভেঙ্গে ফেলেছে, অনেক ক্ষেত্রে অনভিজ্ঞতার জন্য ভেঙ্গে ফেলেছে। ব্যবসায় অভিজ্ঞতা না থাকার জন্য বা গাইডেন্স না থাকার জন্য ভেঙ্গে ফেলছে, সুপারভিসন না থাকার জন্য ভেঙ্গে ফেলছে। আজকে যে বেকার যুবকদের প্রতিষ্ঠিত করার জন্য, বেকারিত্ব দূর করার জন্য, পশ্চিমবাংলার সম্পদ বৃদ্ধি করবার জন্য পশ্চিমবাংলার উন্নতি করবার জন্য, সরকার পরিকল্পনার ঢাকঢোল পেটালেন যে এত বেকার যুবকদের যে আনএমপ্লয়েড আছে তাদের সেলফ এমপ্লয়েড করে দিয়েছেন। ব্যাঙ্কের মাধ্যমে মারজিন মানি দিয়ে যেসব আন-এমপ্লয়েড ইয়ুথ এই সব করেছিল তাদের এই আইনের মাধ্যমে ব্যাঙ্কের হাতে তুলে দিচ্ছেন। আন-এমপ্লয়েড ইয়ুথ যারা ছিল দে উইল বি টারন্ড ইনটু স্ট্রিট বেগারস। কোনটা ভাল, আন-এমপ্লয়েড ইয়ুথ ভাল, না স্ট্রিট বেগার ভাল—মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি চিন্তা করে দেখুন। অতএব এই আইন পাস করার দরকার হবে নিশ্চয় যদি কেউ টাকা না দেয়, চিট করে টাকা না দিতে পারে, সরকারের টাকা হোক বা সরকারি কর্পোরেশনের টাকা হোক বা ব্যাঙ্কের টাকা হোক, তার টাকা আদায় করতে হবে। কিন্তু তার দেওয়ার ক্ষমতা আছে কিনা, টাকাগুলো ঠিকমতো লগ্নি করতে পারল কিনা, কেন ক্ষতি হল, কেন ক্ষতি রোধ করা গেল না, তাকে সময় না দিয়ে যদি এই ধরনের ক্ষমতা ব্যাঙ্কের হাতে তুলে দেন তাহলে সমূহ ক্ষতি হবে—পশ্চিমবঙ্গের ক্ষতি হবে, পশ্চিমবঙ্গের বেকার যুবকদের ক্ষতি হবে। সরকার-এর সমস্ত পরিকল্পনা এবং এই সমস্ত আন-এমপ্লয়েড ইয়ুখদের প্রতিষ্ঠিত করবার যে পরিকল্পনা তা ব্যর্থ হবে। সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে বিনীতভাবে অনুরোধ করছি,

এখন এই আইন পাস করুন, কিন্তু এই আইন প্রয়োগের ক্ষমতা ব্যাঙ্ককে দেবেন না যতক্ষণ না বুঝবেন সরকার যে সরকার যে আন-এমপ্লয়েড ইয়ুথদের সত্যিকারের টাকা শোধ করবার ক্ষমতা হয়েছে অথচ ইচ্ছা করে টাকা শোধ করছে না। সেই পর্যন্ত ব্যাঙ্কের হাতে ক্ষমতা দেওয়া উচিত হবে না। এই কটি কথা বলে আমি আসন গ্রহণ করছি এবং বেকার যুবকদের প্রতি সহানুভূতির দৃষ্টি দিয়ে সব আইনটা দেখাতে।

শ্রী শঙ্কর ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর তিন জন মাননীয় সদস্য বক্তব্য রেখেছেন। শঙ্কর ভট্টাচার্য মহাশয় তিনি বলেছেন ব্যাঙ্কের উপর চাপ সৃষ্টি করার জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই স্কীম চালু হওয়ার আগে শিক্ষিত বেকারদের ক্ষেত্রে ঋণ দেবার জন্য ব্যাঙ্কের উপর কোনও রকম চাপ ছিল না। এই স্কীমের আগে শিক্ষিত বেকারদের এই জাতীয়ভাবে ব্যাঙ্কের কোনওদিন কোনও ঋণ দেয়নি, এক পয়সাও দেয়নি। আজকে যে চাপ সৃষ্টি করা হয়েছে ব্যাঙ্কের উপর এবং আরও যে চাপ সৃষ্টি করা হচ্ছে তার মাধ্যমে পশ্চিমবঙ্গের সবচেয়ে বেশি ঋণ দেওয়া হয়েছে। আপনারা দেখেছেন রিজার্ভ ব্যাঙ্কের পরিসংখ্যান তাতে দেখবেন ৭ কোটি টাকার বেশি পশ্চিমবঙ্গ পেয়েছে। তারপরে আসছে অন্ধ্রপ্রদেশ ৫ কোটি টাকা, মহারাষ্ট্র ৩ কোটি টাকা। আর কোনও রাজ্য দু কোটি টাকার উপরে নয়। এই স্কীম চালু হবার পরে আমরা স্টেট লেভেল কো-অর্ডিনেশন কমিটি করেছি যেখানে ব্যাঙ্ককে আসতে হয়। কেবল ১৯৭৩ সালেই স্টেট লেভেল কো-অর্ডিনেশন কমিটি চারবার মিটিং করেছিলাম, ব্যাঙ্কের উপর চাপ সৃষ্টি করেছিলাম এই স্কীমে আসার পরে। আমরা ডিস্ট্রিক্ট লেভেল কো-অর্ডিনেশন কমিটি করেছি যেখানে ব্যাঙ্কের প্রতিনিধি আছেন, যেখানে ব্যাঙ্কের প্রতিনিধিকে আসতে হয়। আজকে রাজ্যস্তরে এবং জেলা স্তরে একটা মিটিংয়ের ব্যবস্থা হয়েছে যেখানে ব্যাঙ্ককে আসতে হয়। এখানে অনেক মাননীয় সদস্য আছেন জেলার এই সমস্ত মিটিংয়ে যারা যান। ব্যাঙ্কের যেখানে গলদ আছে তারা প্রকাশ্যে তুলে ধরেন, বারে বারে এই জিনিসটা বলেন, যাতে আরও কিছু টাকা ব্যাঙ্ক থেকে আসতে পারে, জেলার ব্যাঙ্কগুলো যাতে আরও ঋণ দেয়। আমি ব্যক্তিগতভাবে কেবল ১৯৭৩ সালের জুন মাসে, আগস্ট মাসে, অক্টোবর, নভেম্বর মাসে বিভিন্ন জেলায় গিয়ে মিটিং করেছি। বিভিন্ন মন্ত্রীরাও যেয়ে মিটিং করেছেন। এম. এল. এ.রাও চাপ সৃষ্টি করছেন। এই কিছুদিন আগে গত বছরের নভেম্বর মাসে আই. কে. গুজরাল কেন্দ্রীয় পরিকল্পনা মন্ত্রীকে আনা হয়েছিল ব্যাঙ্কের উপর যাতে আরও চাপ সৃষ্টি করা যায়।

ব্যাঙ্কের উপর আরও চাপ সৃষ্টি করা এবং সেই চাপ সৃষ্টি হয়েছে বলেই আমরা যখন স্কীম চালু করলাম জুন ১৯৭৪ সালে তখন পশ্চিমবাংলায় ব্যাঙ্কের আউটস্ট্যান্ডিং ক্রেডিট ছিল ১ কোটি ২১ লক্ষ, মহারাষ্ট্রের ১ কোটি ৫২ লক্ষ, তামিলনাড়ুর ১ কোটি ১০ লক্ষ, তারপর থেকে এখন যা অবস্থা হয়েছে সেটা হচ্ছে এই, আগে পশ্চিমবঙ্গ মহারাষ্ট্রের নিচে ছিল এখন পশ্চিমবঙ্গের ৭ কোটি ৩ লক্ষ হয়েছে, আর মহারাষ্ট্রের ৩ কোটি ৯৭ লক্ষ। সুতরাং মহারাষ্ট্র ১ কোটি থেকে ৩ কোটিতে গেছে, আর পশ্চিমবঙ্গ ১ কোটি থেকে ৭ কোটিতে গেছে, এইভাবে ব্যাঙ্কের উপর চাপ রাখা হয়েছে। চাপ আরও যে বাড়াতে হবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। হরশঙ্করবাবু বলেছেন ৯০% কোন কেসে দেয়নি। এটা ঠিক নয়, অনেক কেসে দিয়েছে, আরও অনেক কেসে দেওয়া উচিত। সুতরাং ঐ জাতীয় প্রিটেক্স যাতে না আনতে

পারে সেটা দেখতে হবে। তিনি বললেন পলিটিক্যাল পেট্রোনেজ ছিল। এখন পলিটিক্যাল পেট্রোনেজের জন্য যদি প্রোটেকশন দিতাম তাহলে আমরা এই আইন আনতাম না। তবে তিনি কি বলবেন সেটা তিনি ঠিক করতে পারেননি। ন যযৌ ন তসস্থৌ, কি বলবেন তিনি ঠিক করতে পারেন নি, একবার বলছেন বিলটি ভাল, একবার বলছেন বিরোধিতা করছি না, আবার বলেছেন অটোরিক্সার ক্ষেত্রে ব্যাঙ্কের টাকা শোধ হচ্ছে না। এখানে যে পরিসংখ্যান আছে সেটা পরিষ্কার—অটোরিক্সার ক্ষেত্রে সমস্যা ছিল, ব্যাঙ্কের দ্বিধা ছিল মিনিবাসের ক্ষেত্রে, কিন্তু সেখানে আমরা দেখছি প্রতি বছর মিনিবাস বেড়ে যাচ্ছে। বাসের ক্ষেত্রে দেখতে পাচ্ছি আগে যেখানে ৪২ ছিল এখন ১৯৭৪/৭৫ সালে তার ৫ গুণ বেড়েছে, ট্রাক যেখানে ২২ ছিল এবারে ২৪২ হয়েছে, প্রায় ১০ গুণ বেড়েছে। মাননীয় সদস্য তপন চ্যাটার্জি মহাশয় রেট অব ইন্টারেস্ট সম্পর্কে যে কথা বলেছেন সে সম্পর্কে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় কেন্দ্রের সাথে এই ডিফারেন্সিয়াল ম্যাটার নিয়ে আলাপ আলোচনা চালাচ্ছেন এবং আমাদের দিক থেকে যেটা করা দরকার সেটা চেষ্টা করছি যাতে একটা রিজনেবল রেট অব ইন্টারেস্ট হয়। প্রদ্যোত মহান্তি মহাশয় বলেছেন এত ঢাক ঢোল পেটানো হয়েছে, কারণ ৭ কোটি হয়েছে। আমি আগেও বলেছি এখনও বলছি এখানে সব চেয়ে বেশি এসেছে, আরও বেশি আসা উচিত। সুতরাং যতটুকু বেড়েছে সেটাকে আরও বাড়াতে হবে। ব্যাঙ্ক জাতীয়করণের পর ১৯৭৩/৭৪ সালে সর্বপ্রথম এই স্কীম আসার পরে ৪০৫ টি মিনিবাস ৪০৫ জন শিক্ষিত বেকারকে দিতে পেরেছি—তবে আরও নানা রকম উন্নয়ন প্রচেষ্টা আমাদের চালাতে হবে। আমরা যদি কিছু না করতাম তাহলে কি করে ৪০৫ জন যুবক মিনি বাস পেল, কি করে ২৬৫টি ট্রাক পেল, কি করে ৭১০ জন শিক্ষিত বেকার ছেলে অটোরিক্সা পেল? আমাদের এই পথে এগিয়ে যেতে হবে। কোনও সদস্যই বিরোধিতা করেননি, প্রদ্যোত মহান্তি মহাশয়ও পর্যন্ত—তবে তারা বলেছেন ব্যাঙ্ককে আরও এগিয়ে আসতে হবে। উত্তরপ্রদেশ, বিহার এই বিল পাস করেছে এবং এই বিলে পশ্চিমবাংলায় ব্যাঙ্কের আরও অনেক বেশি দায়িত্ব থাকবে যাতে তারা আরও বেশি করে ঋণ দেয়। এই কথা বলে আমি এই বিলটি হাউসের কাছে রাখছি।

The motion of Shri Sankar Ghose that the West Bengal Employment Scheme loans (Recovery) Bill, 1976, be taken into consideration, was then put and agreed to.

[5-20 — 5-30 p.m.]

Clauses 1 to 6 and the Preamble

The question that clauses 1 to 6 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghose : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1976, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Municipal Employees (Compulsory Retirement) Bill, 1976.

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to introduce the West Bengal Municipal Employees (Compulsory Reitrement) Bill, 1976.

Mr. Speaker : Mr. Mukhopadhaya, you are requested to make a statement as required under rule 72(1) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly.

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা বন্ধ থাকায় আমাদের অর্ডিন্যান্স করতে হয়েছিল, এখন বিধানসভা চালু হওয়ায় সেই অর্ডিন্যান্সটি বিল আকারে পেশ করলাম।

(Secretary then read the title of the Bill.)

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the West Bengal Municipal Employees (Compulsory Retirement) Bill, 1976, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ পৌর কর্মচারী (বাধ্যতামূলক অবসর) বিধেয়ক, ১৯৭৬ বিবেচনা করার জন্য পেশ করার অনুমতি চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে শহর এলাকায় পৌরসভার গুরুত্ব সম্বন্ধে নতুন করে বলার কিছু নেই, কিন্তু বর্তমানে অধিকাংশ পৌরসভা পৌর কর দাতাদের প্রয়োজনীয় সুযোগ সুবিধা দিয়ে ঠিকমতো সেবা করতে পারছেন না। সেজন্য আজ যে অসন্তোষের সৃষ্টি হয়েছে সে সম্বন্ধে আপনারা অবহিত আছেন। আপনারা এও জানেন যে কিছু সংখ্যক দুর্নীতি পরায়ণ ও অদক্ষ পৌর কর্মচারীর জন্যই অধিকাংশ পৌরসভাকে বদনামের গ্লানি বহন করতে হচ্ছে। এই অবস্থা থেকে মুক্তির একমাত্র উপায় হল এই সব অদ্যক্ষ ও দুর্নীতিপরায়ণ কর্মচারিদের চাকরি থেকে অপসারণ। কিন্তু কলকাতা পৌর আইন ১৯৫১, বঙ্গীয় পৌর আইন ১৯৩২ বা অন্য কোনও পৌর আইনে এই সব কলঙ্কজনক কর্মচারিদের বাধ্যতামূলক অবসর গ্রহণের কোনও বিধান না থাকায় পৌর শাসন কর্তাদের বাধ্য হয়ে অসহায় দর্শকের ভূমিকা গ্রহণ করতে হয়েছে।

বর্তমান সরকার ক্ষমতায় এসে পরিচ্ছন্ন শাসন ব্যবস্থা গড়ে তোলার দিকে দৃষ্টি দিয়েছেন এবং উদ্দেশ্য দুর্নীতিপরায়ণ ও অদক্ষ সরকারী কর্মচারিদের অবসর গ্রহণের বয়সের আগেই বাধ্যতামূলক অবসর গ্রহণের নীতি গ্রহণ করেছেন। কিন্তু এই নীতি পৌর কর্মচারিদের ক্ষেত্রেও প্রয়োগ করতে না পারলে সরকারের উদ্দেশ্য সম্পূর্ণ সিদ্ধ হবে না। তাই জনস্বার্থে এবং পৌর শাসন ব্যবস্থা থেকে দুষ্কৃত অপসারণের উদ্দেশ্যে সরকার পশ্চিমবঙ্গ পৌর কর্মচারী (বাধ্যতামূলক অবসর) অর্ডিন্যান্স, ১৯৭৫ বলবৎ করেছেন। এই অর্ডিন্যান্স অনুযায়ী ৫০ বৎসর বয়স্ক ও মাসিক ২৫০ টাকার বেশি মূল্য বেতনভোগী অদক্ষ ও দুর্নীতি পরায়ণ পৌর কর্মচারিদের ৩ মাসের নোটিশ বা ৩ মাসের ভাতাসহ বেতন দিয়ে অবসর গ্রহণ করানোর ক্ষমতা পৌর শাসন কর্তাদের দেওয়া হয়েছে। কর্মচারিরাও ঐ বয়সে ঐ রূপ নোটিশ দিয়ে স্বেচ্ছায় অবসর গ্রহণ করতে পারেন। তবে এই নিরঙ্কুশ ক্ষমতার অপব্যবহার যাতে না

হয় সেজন্য এই ধরনের অবসর গ্রহণ করাবার আগে প্রতিক্ষেত্রে পৌর শাসন কর্তাদের সরকারের কাছ থেকে আগে অনুমোদন গ্রহণের বিধান অর্ডিন্যান্সে সন্নিবিষ্ট হয়েছে। এই অর্ডিন্যান্সের ধারাগুলি পাকাপাকি ভাবে বহাল রাখার প্রয়োজনীয়তা সকলেই স্বীকার করবেন। তাই আমি পশ্চিমবঙ্গ পৌর কর্মচারী (বাধ্যতামূলক অবসর) বিধেয়ক, ১৯৭৬ আইন সভায় পেশ করছি এবং আমি আশা করি এই বিলটি আইন সভার পূর্ণ সমর্থন লাভ করবে। এই বলেই আমি আমার প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

Mr. Speaker : There are motions for circulation of the Bill by Shri Shish Mohammad, Shri Biswanath Mukherjee and Shri Sisir Ghosh. Amendments are out of order in as much as the Bill seeks to continue the provision of the West Bengal Municipal Employees (Compulsory Retirement) Bill, 1975 (West Bengal Ordinance No. XXIII of 1975) which will cease to operate on and from the 2nd April, 1976 in accordance with clause 2 of Article 213 of the Constitution and the effect of the amendments will defeat the purpose of the Bill. Though all the circulation motions are out of order I allow honorable members to speak on the Bill.

শ্রী বিশ্বনাথ মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে আপনি এই বিষয়ে যে একটু বলবার সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি এই যে মোশানটা এনেছি, আমি এই বিষয়ে বক্তৃতা করব না, আমার হয়ে বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় এবং শিশির ঘোষ মহাশয়, এরা বক্তৃতা করবেন। আমি শুধু এই সুযোগে মন্ত্রী মহাশয় এবং গভর্নমেন্টের কাছে অনুরোধ করব, এর একটা ওয়াইড ইমপ্লিকেশন্স আছে, এটা ডিসকাশন না করে পাস করবেন না। সুতরাং এটা সিলেক্ট কমিটিতে পাঠান। এই অনুরোধ আমি মন্ত্রী মহাশয় এবং পরিষদীয় মন্ত্রী মহাশয়কে আগেই করেছি, এবং এই গুরুত্বপূর্ণ বিষয়ে যেন ডিসকাশনের সুযোগ থাকে সুতরাং এটা সিলেক্ট কমিটিতে পাঠানোর ব্যবস্থা করুন। তারপর আলাপ আলোচনা করে যা দাঁড়াবে, সেই রকম ভাবে এটা আসুক। এই গুরুত্বপূর্ণ বিষয়ে একটা থরো ডিসকাশনের দরকার আছে, কারণ এর একটা ওয়াইড সোশ্যাল ইমপ্লিকেশন আছে। আমার তরফের বক্তব্য মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় বলবেন, এই অনুরোধ আমি করছি।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পৌর মন্ত্রী মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়িজ (কম্পালসারি রিটায়ারমেন্ট) বিল এই হাউসে উপস্থিত করেছেন আমি এই বিলের আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে আমি বলব, আমি বিলটা মোটামুটি ভাবে পড়েছি এবং মন্ত্রী মহাশয় এই বিলের উপর যে বক্তব্য রাখলেন তাও মোটামুটি ভাবে বোঝবার চেষ্টা করেছি। সত্যই এটা খুব গুরুত্বপূর্ণ বিল এবং শ্রদ্ধেয় বিশ্বনাথ বাবু যা বললেন, যে এটা সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, আমিও অনুরোধ করছি এটা যদি সিলেক্ট কমিটিতে যায়, এবং আমরা যদি এটাকে সুষ্ঠু ভাবে আলোচনা করি তাহলে আমার মনে হয় বিলটা খুব ভাল হবে। যাই হোক উনারা বিবেচনা করুন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়,

একটা জিনিস আমার খুব চোখে লাগছে। পৌরসভায় আগে ছিল ৫৮ বছরে রিটায়ারমেন্ট, তারপর করলেন ৫৫ বছরে, আবার এখন আনছেন ৫০ বছরে রিটায়ারমেন্ট করবার বিষয় বিল। কিন্তু আজকে পশ্চিমবাংলা সরকার মাননীয় মন্ত্রী মহাশয়কে অর্থাৎ সুব্রতবাবুকে গিনিপিগের মতো ব্যবহার করছেন। গিনিপিগের উপর প্রথম যেমন ওষুধ প্রয়োগ করে পরীক্ষা চালানো হয়, তেমনি সুব্রতবাবুর পৌরসভার কর্মচারিদের উপর এই ৫০ বছরে রিটায়ারমেন্টের ওষুধ প্রয়োগ করে পরীক্ষা করে দেখছেন আবহাওয়াটা কি রকম দাঁড়ায়। আগেরকার দিনে ছেলেদের চাকরি হত খুব তাড়াতাড়ি, ১৮ বছর বা ২০ বছরের মধ্যে চাকরি হত। কিন্তু আজকালকার দিনে একটা যুবককে চাকরির জন্য হন্যে হয়ে ঘুরে বেড়াতে হয় এবং কত জায়গায় তেল দিতে হয়।

[5-30 — 5-40 p.m.]

সরষের তেল যায়, রেড়ির তেল যায়,বাদাম তেল যায়, নারকেলের তেল যায়, নানা রকম তেল দিতে তারপর এখানে যাও, ওখানে যাও ইত্যাদি সেই তেল খরচ করে যখন চাকুরি হল তখন দেখা গেল যে তার বয়স ২৯ চলছে। এবারে তার ৫০ বছরে রিটায়ারমেন্ট। ৫০ শে রিটায়ারমেন্ট হলে সময় পেল কোথায়? আগেরকার দিনে যারা ছিল তারা অন্তত ৩০/৩২ বছর চাকুরি করতেন কিন্তু এখন ২০ বছরের মেয়াদে শেষ হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জিনিস কিন্তু আমাদের সমাজের প্রতি ইঞ্জাস্টিস চলছে। এই দেশের সরকার, স্বাধীন দেশ, আমরা যারা রাজনীতি করি, আমাদের যদি ৮০ বৎসর বয়স হয় আমরা খুব পাকা হয়ে যাই। ৮০ বছরে ব্রেন খুলে যায় যারা রাজনীতি করেন। যারা মন্ত্রিত্বে যায়, ৮০ বছর বয়স পর্যন্ত ব্রেন খুলে যায়। আর সরকারী কর্মচারি হলে কিন্তু ৫০ বছরে তারা ইনভেলিড, তাদের ব্রেন ঠিক থাকে না। সে জন্য তাদের ৫০ বছরে বিদায় হতে হয়। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি অনুরোধ করি যেমন সরকারি কর্মচারিদের এই রকম করা হয়েছে তেমনি একটা সীমাবদ্ধ করে দেওয়া হোক যে ৫০ বছর হলে আর কেউ মন্ত্রিত্বে যেতে পারবেন না। আমার মনে হয় সেটা হলে ভাল হয়। কেননা, এমন একটা অবিচার চলে যাচ্ছে যে ৫০ বছরে তার চলাফেরার ক্ষমতা থাকা সত্ত্বেও দেখতে পাচ্ছি যে তাকে বাধ্যতামূলকভাবে অবসর নিতে হচ্ছে। সুব্রতবাবু যে কথা বললেন সেটা আরও মারাত্মক যে কতকগুলি দুর্নীতি পরায়ণ লোক আছে। আপনাদের গোয়েন্দা বিভাগ আছে তাদের বিরুদ্ধে ইনভেস্টিগেশন করে কেস পুট আপ করুন। তা না হলে কতকগুলি দুর্নীতি পরায়ণের সুযোগ নিয়ে—সুব্রতবাবু হয়ত জানতে পারবেন না, যে সমস্ত উচ্চপদস্থ কর্মচারীকে দুর্নীতি পরায়ন বলছেন সে হয় ভাল লোক, সে হয়ত তার উপরওয়ালাকে সন্তুষ্ট করতে পারেননি বলে গলাটা কেটে দিল। এই রকম যে হবে না সেই রকম কোনও ফিরিস্তি এতে নেই। হয়ত সুব্রতবাবু এটা সরল মনে দিয়েছেন কিন্তু যদি চিন্তা করে দেখেন তাহলে এই রকম হবে। আমরা দেখতে পাচ্ছি ঋণ আইনের ক্ষেত্রে এবং গ্রামাঞ্চলে আমরা বাস করি, টাউনে আছি, আমরা দেখছি কি ভাবে মানুষের উপর আমলারা সমস্ত দুর্নীতি চালিয়ে যাচ্ছে। কাজেই এখানে যে হবে না তা বলা যায় না। এ যেন আমলাদের একটা অত্যাচার করার সুযোগ দেওয়া হল। এক একটা পরিবারকে ধ্বংস করবার সুযোগ দেওয়া হল। আমি অনুরোধ করছি যে এই সম্পর্কে একটু বিবেচনা করবেন। আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম ৫৮।

৫০ এর জায়গায় আমি ৫৮ দিয়েছিলাম আউট অব অর্ডার হয়ে গেছে। কাজেই আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি, আমি বিশেষ কিছু বলতে চাচ্ছি না, আপনি এই সম্পর্কে কন্সিডারেশন করুন এবং বিশ্বনাথদা সিলেক্ট কমিটির যে প্রস্তাব রেখেছেন, এদের সঙ্গে আমি একমত। কাজেই এটা আলোচনা করে করলে ভাল হয়। কারণ এর পূর্বে মৃত্যুঞ্জয়বাবু যে কয়টি বিল এনেছেন। তিনি আলোচনা করে সুষ্ঠভাবে এনেছেন সমালোচনা কিছু হয়নি। তবে টুকটাক থেকে যায় এবং পরবর্তীকালে অ্যামেন্ডমেন্ট আনা হয়। কাজেই আপনি যেটা করতে যাচ্ছেন, এটা করার আগে একটু ভেবে করবেন। এটাকে সিলেক্ট কমিটিতে নিয়ে আসুন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি এবং আমি আমার সার্কুলেশন মোশন মুভ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I support the West Bengal Municipal Employees (Compulsory Retirement) Bill, 1976. I have just now heard and also heard in the past, my friends always speaking about the eradicaton of evils, rooting out the corruption from the machinery and removing the bureaucrats who are not working porperly in the Government. I say, they should come forward to encourage and welcome this measure which is just to fulfil their desire. They themselves want eradication of evils from the employees and that corrupt practice should be wiped out. There should not be corrupt employees. Mr. Speaker, you know, my friends very well know these economic offences. There are people to catch hold of them and they have been arrested. And even out of those who have been arrested they have again been arrested. It shows how the Government is impartial because when any corruption was found or detected in those persons who were responsible to catch hold of the corrupt and economic offences or when they were found not doing their duties, these people also were caught hold of and were removed. Here it is the same thing. In the Calcutta Municipal Act of 1951 and the Bengal Municipal Act of 1932 and in other municipal rules there is no such provision that we can force them to retire before the date of superannuation knowing fully well that there are certain employees doing something wrong and taking shelters. My friends have times without number, drawn in this House the attention of the Ministers and other responsible members that there are so many evils inside the municipalities and the corporations. Who are commiting those wrong ? Well the municipal services are supposed to be the essential services. Before a man gets up in the morning the services of the municipality are performed. So t. sponsibility is very serious and very important. We have found them and seen them even to-day in most of the municipalities—people are not satisfied. Why? If you go into the analysis you will find that there are corrupt practices, there are men who are not working honestly and sincerely but there is no rule or there is no Act by which we can drive them out and we can force

them to go away. Well, this Bill is just to help our Prime Minister's 20-point programme. It is just to remove the evils which is existing in our society. Well, Sir, a doctor prescribes for a patient it is just like a prescription of 20-point programme—but sometimes after prescription the patient cannot be cured. Now the responsibility lies on the patient also. Unless the patient fulfils his part of responsibility he cannot be curred. Sir, here also you find the Minister in charge has brought certain rules in this Bill by which he is trying to eradicate the evils and corrupt practices from officers—bad officers. I have read in the paper that even the State Government has removed so many officers from the various departments and they have forced them to retire before the date of their superannuation and nobody came here and objected to it. It is a similar thing there are corrupt officers existing in the municipalities. Why do you preimagine that they will victimise the honest men and sincere men ? The Bill also empowers that before the action is approved in the municipalities, before the men are discharged, the cases will be forwarded to the Government. It requires the approval of the Government and without the approval of the Government they cannot be discharged. So, you must have full confidence in the present Government in the persons who are responsible for running the Government. Well, the responsibility lies on all and not only on the persons who are in the Ministry and not on the party which is running the Government, but on every citizen who is living in this land. As a citizen I have got also to perform some duties. As a citizen you have got also to perform certain dutes. Now you have to check up your own account of performance that how far you have performed you responsibility. So, I think, we have nothing to be afraid of in advance. You are thinking something pessimistic. It is quite clear, as clear as I can say that today is Friday. If I say, it is Friday, it does not require any document to prove it. It does not require any proof or any evidence. I say, if you go deep into it, if you go with clear heart and clear mind, clear vision, you will find it is clearly stated that in order to stop and remove the corrupt officers the Bill is coming for. Do you want that they should remain and that there should not be any such rules to remove them when the Government in various departments is taking various measures to remove the evils ? The Minister in charge of the Municipal Services Department has come forward with a Bill just to help. Do not be afraid, do not be pesimist but let us be clear hearted. Well, Sir, I do not want to take much of the time. But I speak to my friends. I know, Biswanath Babu will also criticise. I know some friends of ours are anxious for the Select Committee. For what discussion ? What is that? Everybody here agreed that we want to remove the culpurits from the

Government who are in the responsible posts. We want to remove those who are not fuctioning properly, who are acting on corrupt practices, who are taking bribes, and who are not discharging the responsibilities properly and now we want to put them out of the Government. Here the Bill is for them. But as the authorities of the Calcutta Corporation and the municipalities have not been given the full power of that, it will go to the Government. Now, I know the Government must be responsible and the Government is responsible and they will screen it, they will examine it and then they will, I am sure, give the right and correct decision. It is not necessary that the case be forwarded by any municipal authority or from any corporation and actually by forwarding it will be accepted by the Government. It is a fact that from a Gully-pit boy right upto the executive head of the Calcutta Corporation or any municipality, everybody has got to perform certain duties.

[5-40 — 5-50 p.m.]

Here, they have given a basic salary of Rs. 250/- p.m. But why my firends are afraid that the lower section of people will be affected? Why are you afraid that some officers will be affected ? Of course, they should be, if they are found guilty, if they are found doing something wrong against the spirit of our constitution and against the spirit for which they have been appointed and against the spirit for which they have taken allegiance to serve the citizens and the municipalities. So, I do not feel that there is any apprehension. I would rather appeal my friends in he opposition—of course it is very easy to oppose, it is very easy to say anything in criticism, it is very easy to say something against, Sir that they have got to be very passionate. Do not be sentimcntial. Be reasonable, be calm and quiet because sentiment would not help you. So, if you calmly and quitely and without sentiment consider this Bill, I think you will agree with the Minister in charge and I hope my friends here who have tabled this motion for the Select Committee, will agree with me because there is a way. The final authority is not with the municipal authority to discharge him and ask him for compulsory retirement. It is the Government. They will only recommend it and if the Govenment feels that the case is just and correct then on that ground only the decision will be taken. But in the interest of nation, in the interest of the country, in the interest of people, in the interest of the common man I will request all of you for eradicating the evils and for helping the 20-point programme, and I say, this is also going to help that part. I do not say the entire building but of course every brick of this House is helping to stand the building. Do not take and do not imagine that one brick is very small fry. Every

brick has got its value. So, I should not give up its importance. If something wrong happens there, of course it defaces the whole building. So, every brick has got importance. So, I say here it is also the similar thing. I again support this Bill. Thank you.

Shri Biswanath Chakrabarti : Mr. Speaker, Sir, Mr. Ansari has put a more passionate and stronger argument than the Minister-in-charge himself. I should like to ask first of all, Mr. Ansari, whether he is advising the Minister to enact a law so that corrupt Commissioners of the Corporation can be called off ? It is my first question to him.

স্যার, আমি এই আইনটি পড়ে তার কতকগুলি আশঙ্কার কথা আমাকে মূলত বলতে হবে। শীশ মহম্মদ সাহেবের বক্তৃতা শুনেছি। আমি ব্যাপারটা খুব লঘুভাবে নিচ্ছি না। কারণ সরকার যখন একটা আইন করেন তখন তার প্রভাব সমস্ত সমাজের উপর পড়ে। আমাদের দেশে সরকার একমাত্র এমপ্লয়ার নয়, অন্যান্য এমপ্লয়ার রয়েছে এবং তাদের সংখ্যাই বেশী। কিছু দিন ধরে এমারজেন্সি হবার পর একটা হাওয়া উঠেছে যারা কাজ কর্ম করে না তাদের তাড়িয়ে দেওয়া হবে। ৫০ বছর পর আমাদের মন্ত্রী মহাশয় বয়সে তরুণ। তিনি হয়ত জানেন যে বৃটিশ আমল থেকে আমাদের দেশে সারভিস কন্ডিশনের অধিকারগুলি পাবার জন্য বহু লড়াই হয়েছে। এই যে চাকরির শর্ত, রাজার ইচ্ছায় যাকে ইচ্ছা চাকরি থেকে তাড়িয়ে দিল, এটার বিরুদ্ধে চাকরি করে খাবার অধিকার নিয়ে প্রচন্ড লড়াই করতে হয়েছে। আমাদের দেশের যে সংবিধান সেই সংবিধানে সমস্ত অধিকারগুলি অনেক বেশি মৌলিক অধিকারভুক্ত হয়ে লেখা নেই, ডাইরেক্টিভ প্রিন্সিপলসে আছে, তাতে প্রত্যেক মানুষের অধিকারের মধ্যে বলা হয়েছে চাকরি করতে পারবে, খেতে পাবে, নিজেকে ডিফেন্ড করতে পারবে। সেই অধিকারগুলি অনেক লড়াই করে আদায় করতে হয়েছে আমাদের দেশে। এখন এই যে আইন হচ্ছে ৫০ বছর বয়সে তাড়িয়ে দেওয়া যেতে পারে উইদাউট অ্যাসাইনিং এনি কজ, কোনও কারণ না দর্শিয়ে এর প্রভাবকে একটু বুঝতে হবে। যদি এই কথাটা থাকত যে দুর্নীতি পরায়ণ লোকদের তাড়িয়ে দেওয়া হবে তাহলে বুঝতাম, যদিও আমি মনে করি তারজন্য এই আইনের দরকার নেই, দুর্নীতিপরায়ণ লোকদের তাড়িয়ে দেবার অনেক উপায় সরকারের হাতে এখনও আছে। সরকার তা করতে পারেন। স্যার, অদক্ষ লোকের কথা আছে। দুর্ভাগ্যবশত আমাদের দেশে দক্ষতা বিচার করার কোনও ফুল প্রুফ মাপকাঠি তৈরি হয়নি। স্যার, আপনাকে খুব শ্রদ্ধা করি, আমি মনে করি শ্রী অপূর্বলাল মজুমদার, আমাদের স্পিকার মহাশয়, অত্যন্ত দক্ষ স্পিকার। আমার বন্ধু হরশঙ্করবাবু, আমি জানি না, মনে নাও করতে পারেন। দক্ষতার মাপকাঠি আমাদের দেশে তৈরি হয়নি। মাননীয় জয়নাল সাহেব যদিও, আমাদের গালাগালি দেন, আমি মনে করি তিনি খুব দক্ষ মন্ত্রী, কিন্তু অন্য কেউ মনে নাও করতে পারেন। সুতরাং দক্ষতার মাপকাঠি তৈরি হয়নি। কারা করবে বা কারা করছে—আমি যে কথা আনসারি সাহেবকে বললাম যে আগে পৌর আইনের সামগ্রিক পরিবর্তন হল না, বিধানসভায় দাঁড়িয়ে আমরা আইন করে বলতে পারলাম না যে পৌর কমিশনার চোর, দুর্নীতিপরায়ণ, যারা বেনামে মিউনিসিপ্যালিটি কর্পোরেশনের কন্ট্রাক্ট নেয়, যারা ঘুস নিয়ে লোক অ্যাপয়েন্ট করে, যাদের এলাকায় পিচ ইট রাস্তা থেকে উড়ে যায় অথচ বিল হয়ে টাকা বেরিয়ে যায়, তাদের

কল আপ করার ক্ষমতা জনসাধারণের নেই কারোর নেই। তারাই তো অ্যাপয়েন্টমেন্ট দেয়। তাদের ডেকে নিয়ে এসে তাদের সরিয়ে দেবার কোনও ক্ষমতা নেই, ক্ষমতা আছে কর্মচারিদের তাড়িয়ে দেওয়ার। এই রকম আংশিক পরিবর্তন করতে গেলে সোকিয়াল রিপারকাশন সাংঘাতিক হয়। আপনি ভেবে দেখুন এরপরে কলকাতার সমস্ত ব্যবসায়ীরা, পশ্চিমবঙ্গের বড় বড় শিল্পপতিরা বলবে আমরা সরকারের পদাঙ্ক অনুসরণ করব। আমি জানি না গোপালদাস নাগ মহাশয় কি অ্যাটিচুড নেবেন। গভর্নমেন্টের কি মোরাল রাইট থাকবে তাকে বাধা দেবার? সুতরাং এটা বুঝতে হবে। দ্বিতীয় প্রশ্ন যেটা সেটা হচ্ছে উনি বয়সের কথা বলেছেন ৫০ বছর, ৫০ বছর পরে তাকে রিটায়ার করাতে পারবেন। একজন যদি ৩০ বছর বয়সে চাকরি পায় তাহলে ২০ বছর নির্বিবাদে হি ক্যান গো অন উইথ করাপ্ট প্র্যাক্টিস। সে ঘুস নিতে পারে সব করতে পারে, ৫০ বছর যেই হল তখন গভর্নমেন্ট বলবে এই আমি পাইয়াছি অস্ত্র, এবারে গলা কাটিব। সুতরাং যারা দুর্নীতি করবে, জয়নাল সাহেব, ৫০ বছরে তারা যথেষ্ট কামিয়ে নেবে। ৩০ বছরের যে ছেলে করাপ্ট হবে সে ৫০ বছরের আগেই গুছিয়ে নিয়ে চলে যেতে পারে। কথাটা তা নয়, কথাটা হচ্ছে আমরা পৌর সভার উন্নতি করতে পারি, দুর্নীতি বন্ধ করতে পারি, তারজন্য সামগ্রিক পরিবর্তনের প্রয়োজন হয়, জনসাধারণের সহযোগিতার দরকার হয়, আইনগুলির পরিবর্তনের দরকার হয় এবং সরকারের ডিটারমিনেশনের দরকার হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিউনিসিপ্যালিটিগুলিতে অ্যাপয়েন্টমেন্ট কিভাবে হয়েছে আপনি সব জানেন, আপনি হাওড়া মিউনিসিপ্যালিটি সম্বন্ধে জানেন, আনসারি সাহেব কর্পোরেশন সম্বন্ধে জানেন, সেখানে দাদারা অ্যাপয়েন্টমেন্ট দেয়।

[5-50 — 6-00 p.m.]

আমি একটা মিউনিসিপ্যালিটির সঙ্গে যুক্ত আছি যার নাম হচ্ছে সাউথ সুবারর্বান মিউনিসিপ্যালিটি এবং ২২ বছর হয়ে গেছে আমি সেখানকার একজন কমিশনার। আপনি দক্ষতার কথা যেটা বললেন তাতে আমার বক্তব্য হচ্ছে, ধরুন, কোথাও ১০০ ক্ল্যার্ককে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে কিন্তু দেখা যায় হয়ত তাদের মধ্যে ৪/৫ জন লোক আছে যারা ইংরেজি জানে এবং তারাই চিঠিপত্র লেখে। এই অবস্থাই তো সর্বত্র দেখছি। আমাদের দেশে সমস্ত চাকুরির ক্ষেত্রে এবং এমন কি আই. এ. এস. অফিসারদের মধ্যেও অনেক অদক্ষ লোক আছেন। কাজেই আমাদের দেশে দক্ষতার মাপকাঠি বিচার করা খুবই শক্ত। রাজনৈতিক কারণে কাউকে ছাঁটাই করা যাবে এটা হতে পারে। কিন্তু আইন যেভাবে হচ্ছে তাতে জিনিসটাই হবে যে, যার হাতে ক্ষমতা রইল তিনিই ছাঁটাই করবেন। ধরুন, কোনও একটা মিউনিসিপ্যালিটিতে চেয়ারম্যান হচ্ছেন সি. পি. আই.-র লোক—তিনি যদি দেখেন সেখানে জয়নাল সাহেবদের দলের লোক আছে তাহলে তাকে তিনি ছাঁটাই করতে পারেন এবং তার সম্বন্ধে অভিযোগ প্রুফ করবার ব্যাপারে রাইটার্স বিল্ডিংস থেকে পার্মিশন আনার কোনও অসুবিধা হবে না। আজকে কার ক্ষমতা আছে সেটা বড় কথা নয়। কাজেই এটা যদি করেন তাহলে তার প্রচন্ড সোশ্যাল রিপার্কেশন হবে। কলকাতা কর্পোরেশন আজ কয়েক বছর হল গভর্নমেন্ট হাতে নিয়েছেন। আপনি দক্ষতা-অদক্ষতার কথা বলছেন, কিন্তু শুনুন কর্পোরেশনের একটা ওয়ার্কশপ আছে যেখানে কোনও কাজ হয় না, তারা শ্রমিকদের কোনও কাজ দিতে পারে না। সেখানে গিয়ে দেখুন মোট রিপেয়ারিং-এর শ্রমিকরা কাজের অভাবে বসে রয়েছে

সরকার তাদের কোনও রমেটেরিয়ালস দিতে পারে না। আপনি কি সেখানে গিয়ে বলবেন এরা অদক্ষ কর্মচারী, এদের তাড়িয়ে দাও? অনেক ডিপার্টমেন্টে দক্ষ লোক আছে কিন্তু দেখা যায় আপনারা তাদের কাজ দিতে পারেন না। তারপর দেখুন, এই কলকাতা শহর বর্ষাকালে ভেসে যায় হাইড্রেন পরিষ্কার হয় না। আসল কথা হচ্ছে ম্যাল ডিস্ট্রিবিউশন। মন্ত্রী মহাশয় একটা কমিটি করেছেন, দেবেশ দাস কমিটি, উদ্দেশ্য হচ্ছে কর্পোরেশনে বেশি লোক আছে কিনা সেটা তারা দেখবেন। তাদের অনেক কথা বলা হয়েছে, যেমন, একজামিন দি ওয়ার্কলোড, এটসেটট্রা। অর্থাৎ কাজ আছে কিনা দেখ। কিন্তু এই টার্মস অব রেফারেন্সের মধ্যে কোথাও কিন্তু বলা নেই সিভিক অ্যামিনিটিস সম্বন্ধে। বেশি লোক আছে কিনা বা কম লোক আছে কিনা সেটা শুধু দেখ এটা বলেছেন। এরকম একটা টার্মস অব রেফারেন্স বিড়লা এবং ডানকান ব্রাদার্স দিতে পারে। কেন এটা অ্যাসেস করা হবে সেটা কিন্তু টার্মস অ্যান্ড রেফারেন্সের মধ্যে বলা হয়নি। কাজেই দেখা যাচ্ছে একটা মেক্যানিক্যাল রিপোর্ট তৈরি হবে। আপনি এই যে হাতিয়ার আমলাতন্ত্রের হাতে তুলে দিচ্ছেন এতে প্রচন্ড ক্ষতি হবে। আনসারি সাহেবকে স্বীকার করতেই হবে যে করাপশনের উৎস কর্মচারিরা নয়, পৌর পিতারা হচ্ছে এর উৎস অর্থাৎ সিটি ফাদাররা হচ্ছেন এর উৎস। (**শ্রী আবদুস রাউফ আনসারি ঃ আই ডু নট এগ্রি, স্যার।**) আমি নাম করে বলতে পারি কোনও একটা মিউনিসিপ্যালিটিতে ৪ জন কমিশনার বেনামিতে কন্ট্রাক্টরের কাজ করেন। এগুলি দূর করতে না পারলে করাপ্ট প্র্যাক্টিস আপনারা দূর করতে পারবেন না। আপনারা করাপ্ট অফিসিয়ালসদের সম্বন্ধে ভালভাবে সচেতন হন। মন্ত্রী মহাশয় যে আইন এনেছেন সেটা তিনি ভাল চিন্তা করেই এনেছেন কিন্তু এর যে সোশ্যাল ইমপ্লিকেশনস হবে সেটা ভাবা দরকার। আপনারা মনে রাখবেন এর সুযোগ অন্য লোক নেবে এবং প্রাইভেট এপ্লয়ার্সরা যদি গভর্নমেন্টের নিদর্শন দেখিয়ে রিটায়ারমেন্ট-এর সুযোগ নেয় তাহলে খুব ক্ষতি হবে।

আমি পরিশেষে বেশি বক্তৃতা দেব না, মাত্র দু-একটি কথা রাখব। আপনি বলেছেন ৫০ বছর হলে তাড়িয়ে দেবেন, ভাল কথা। শীশ মহম্মদ সাহেব বাস্তব কথা বলেছেন, যে চাকুরি পেতে পেতেই দেরি হয়ে যাচ্ছে, গভর্নমেন্টেরই ৩০ বছর বয়স আছে, কিন্তু মিউনিসিপ্যালিটিগুলিতে কোনও বয়স নাই। কর্পোরেশনে এবং মিউনিসিপ্যালিটিতে এমন ডিপার্টমেন্ট আছে যেখানে ৪০ বৎসর বয়সেও চাকুরি দেওয়া যায়। এর ফলটা কি হবে? রাজ্যপাল মহাশয় বলেছেন সামাজিক প্রভাবের কথা। অন্য দিক থেকে দেখুন ১০ বছরের ছেলে নিয়ে একটা লোক ৫০ বছরে রিটায়ার করল, তাহলে সে খাবে কি? পেনশন করতে পেরেছেন? (**শ্রী সুব্রত মুখার্জি ঃ পেনশন হয়ে গেছে, অর্ডার দিয়ে এসেছি।**) সর্বত্র কি পেনশন চালু করতে পেরেছেন? কি হারে তারা প্রভিডেন্ট ফান্ড পাবেন। আগে সেগুলি চালু করুন, তারপরে আইনটা চালু করুন। আপনি মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনের এমপ্লয়িদের অনেক টাকা দেবেন বলেছেন, ভাল কথা। আমি যেটা বলতে চাই যে একটা পরিবেশ তৈরি করুন, তারপরে এই সমস্ত আইন চালু করবেন, তখন না হয় ভাবা যাবে। মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে আইনটা যত সহজ ভাবছেন তা নয়, কর্পোরেশনের ভিতরে ভুতুড়ে কর্মী ধরেছেন, কোরাপশন তাড়াচ্ছেন, খুব ভাল ইচ্ছা। কিন্তু আপনি কি বুঝবেন কোরাপশন কারা করে, কোথা থেকে কোরাপশন আসছে, কলকাতা শহরের প্ল্যান এবং অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্টকে

কারা কোরাপ্ট করে? কলকাতার বড়লোকেরা। আমি বেহালা মিউনিসিপ্যালিতে দেখেছি যে, অ্যাসেসমেন্ট এবং ট্যাকসেশন ডিপার্টমেন্টের লোকেদের কারা কোরাপ্ট করে, সেখানকার বড়লোকেরা। সুতরাং এগুলিকে বন্ধ করতে হলে শহরের সম্পত্তির সীমা কমিয়ে আনুন, অনেক বাড়ি রাখা বন্ধ করে দিন, বাড়িগুলিকে নিয়ে নিন, তারপরে সাইন্টিফিক অ্যাসেসমেন্ট প্রসেস তৈরি করুন, তাহলেই দেখবেন কর্পোরেশন মিউনিসিপ্যালিটিগুলিতে অনেক পরিমাণে দুর্নীতি কমে যাবে। তার আগে যদি কর্মচারিদের ধাক্কা দেন, তাহলে সেটা খুব খারাপ হবে। আমি আর একবার আবেদন করব যে, এই বিলটি তুলে নিয়ে ভাবুন যে অন্য দিক থেকে কি করা যায়। ভুতুড়ে কর্মী যদি সত্যিই কিছু থাকে তাহলে তাদের তাড়ান আপত্তি নেই। যে কমিটি করেছেন তারা ঠিক করুক সত্যি সত্যিই সিভিক অ্যামিনিটিস দেবার জন্য আরও কর্মী দরকার কিনা। আমার নিজের ধারণা ক্যালকাটা কর্পোরেশনে উদ্বৃত্ত কর্মী নেই, ম্যান ডিস্ট্রিবিউশন অফ ওয়ার্ক আছে। এক ডিপার্টমেন্ট থেকে আর এক ডিপার্টমেন্টে নিয়ে গেলে হয়ত ভাল কাজ হতে পারে। এই কয়েকটি কথা বলে, এই বিলটিকে সার্কুলেশনে দেবার জন্য যে অ্যামেন্ডমেন্ট এনেছি, আশা করি তা মেনে নেবেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিশিরকুমার ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী মহাশয়, যে বিলটা এখানে উপস্থিত করেছেন তার উপর আমাদের বেঞ্চ থেকে মাননীয় সদস্য বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় কিছু বক্তব্য রেখেছেন। স্যার, এই আইনটা আনবার আগে আমরা বলেছিলাম যে এই বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠানো হউক এবং সেখানে পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করে তবেই এই বিল হাউসে আনুন কিন্তু দুঃখের বিষয় মাননীয় মন্ত্রী সেই অনুরোধে সাড়া দেননি।

[6-00 — 6-10 p.m.]

মাননীয় স্পিকার, স্যার, আপনি জানেন যে পশ্চিমবাংলায় বেশ কিছু মিউনিসিপ্যালিটিতে, বেশির ভাগ মিউনিসিপ্যালিটি, এখন একজিকিউটিভ অফিসারের মাধ্যমে পরিচালিত হচ্ছে এবং এই একজিকিউটিভ অফিসার দিয়ে যখন মিউনিসিপ্যালিটিগুলিকে পরিচালিত করছি তখন তার হাতে এই আইনটা প্রথমেই আমরা তুলে দিচ্ছি। মাননীয় স্পিকার, স্যার, এই আইনের বিষয় এবং কারণ, অবজেক্টিভলি, তিনি যা বলেছেন সেটায় যাওয়ার আগে একটা কথা খালি জিজ্ঞাসা করি যে ৫০ বৎসর বয়সে যদি কোনও কর্মচারীকে অযোগ্য বলে প্রতিপন্ন করে তাকে চাকুরি থেকে সরিয়ে দেওয়া হয় তাহলে সেই কর্মচারীর পক্ষে কি পশ্চিমবাংলোয় কোনও কারখানায় বলুন, কোনও দপ্তরে বলুন, কোনও অফিসে বলুন, কোথায়ও তার আর কোনও কাজের সম্ভাবনা থাকে? অর্থাৎ ৫০ বৎসর বয়সে যে লোকটাকে আমরা অযোগ্য প্রতিপন্ন করে তাড়াব তারপর তার জীবনের বাকি কয়েকটি দিন তাকে বেকার হয়ে থাকতে হবে। অথচ আমরা জানি যে তীব্র বেকার্র সমস্যার সময়ে একজনের ৩০/৫০ বৎসর পর্যন্ত হয়ে যায় তার একটা চাকুরি জোগাড় করতে এই অবস্থাতেও ৫০ বৎসরে আমরা বললাম অযোগ্য প্রতিপন্ন বলে তোমাকে চাকুরি থেকে সরে যেতে হবে। সাথে সাথে একটা কথা বলা হল যে সরিয়ে না দিলেও ৫০ বৎসরে ইচ্ছা করলে তুমিও নোটিশ দিতে পার

যে আমি চাকুরি ছেড়ে দিচ্ছি। এই নিয়ে কিছু বার্গেনিং হবে। অর্থাৎ তুমি ভালয় ভালয় চাকুরি ছেড়ে দাও ভাই, তোমার চাকুরির, সার্ভিস বুকে খারাপ হবে না, আমরা দেখব বিচার করে। এটা যেমন একদিকে হবে, অন্য দিকে এই যে ৫০ বৎসর বয়সের পরে চাকুরি উইদাউট অ্যাসাইনিং এনি রিজিন এই কথা বলে বোর্ড অব কমিশনারস বলুন, একজিকিউটিভ অফিসার বলুন, সরকারি দপ্তরখানায় তাদের বক্তব্য বললেন কিন্তু যার সম্পর্কে অভিযোগ সে কিছুই জানতে পারল না যে তাকে চাকুরি থেকে সরিয়ে দেওয়া হবে। বোর্ড অব কমিশনার্সএর তরফ থেকে জানিয়ে দিল সরকারকে এবং সরকারকে যখন জানানো হবে তখন সেই ভাবেই কাগজপত্র প্রস্তুত হবে এবং সরকার সেই কাগজের বলেই তার সম্পর্কে অ্যাপ্রুভ্যাল দেবেন কি দেবেন না তা ঠিক করবেন। সাধারণত এই রকম অ্যাপ্রুভ্যালগুলি পাওয়াই যায়। দ্বিতীয় কথা বলছেন কোরাপশন, কোরাপটেড অ্যামপ্লইজ যদি হয় তাকেও ৫০ বৎসর পর আমরা কম্পালসারিলি রিটায়ার করিয়ে দেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩০ বৎসর বয়সে যদি কোনও মিউনিসিপ্যাল এমপ্লয়ি তার ট্যাক্স কালকেশন থেকে কিছু টাকা জমা না দিয়ে বা কোনও মিউনিসিপ্যাল ওভারসিয়ার যদি অন্যায়ভাবে ঘুস নিয়ে প্ল্যান পাস করে বা কোনও লাইসেন্স ইন্সেপেক্টারকে যদি দেখেন মিউনিসিপ্যালিটির লাইসেন্স ইস্যু করছে টাকা নিয়ে তাহলে ৩০ বৎসর যেহেতু তার বয়স তাকে কি আরও ২০ বৎসর অপেক্ষা করতে হবে যে যখন তার ৫০ বৎসর বয়স হবে তখন তাকে দেখে নেবেন? মাননীয় স্পিকার মহাশয়, আমি বহুদিন ধরে পৌরসভার কমিশনার আছি, আমি জানি যে যদি এই রকম কোনও দুর্নীতির অভিযোগ কারও বিরুদ্ধে থাকে তাহলে সেই পৌরকর্মীকে সরাবার জন্য পৌর আইনে কোনও বাধা নেই। এবং আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে আমি যে মিউনিসিপ্যালিটির কমিশনার, টিটাগড় মিউনিসিপ্যালিটি, সেই মিউনিসিপ্যালিটিতে এই রকম দুর্নীতিপরায়ণ কর্মচারিদের আমরা সরিয়ে দিই। মাননীয় স্পিকার মহাশয়, সেই জন্য এই আইনটা পাস করে কর্মচারিদের বোর্ড অব কমিশনারদের কৃপার পাত্র করে রাখবেন না। সর্ব সময়ে তাদের মনে এই আশঙ্কা জাগবে যে কমিশনারদের যদি সন্তুষ্ট করে রাখতে পারি, যদি কমিশনারদের কথামতো চলতে না পারি, যদি কমিশনারদের কোনও অন্যায় আবদার না মানতে পারি আইনসম্মতভাবে, তাহলে এই কমিশনারদের এতবড় পাওয়ার আছে যাতে আমার ৫০ বৎসর হয়ে গেলে হয়ত আর চাকুরি থাকবে না।

সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইনটা বিচার করার জন্য আমি মাননীয় পৌর মন্ত্রীকে অনুরোধ করব।

দ্বিতীয় কথা হচ্ছে এই আইন পাস হওয়ার আগে আমি জানি আমাদের মিউনিসিপ্যালিটিগুলিতে এটা প্র্যাক্টিসে দাঁড়িয়ে গেল, যে বোর্ড আসবে কিছু কিছু লোককে তারা অ্যাপয়েন্টমেন্ট দিয়ে যাবে এবং যার জন্য আজকে বহু মিউনিসিপ্যালিটি ওভার বার্ডেন্ড, এটা আমরা দেখেছি স্বীকার করি। কারা এই অ্যাপয়েন্টমেন্টের অধিকারি ছিলেন? পৌর পিতারা যারা অন্যায়ভাবে পৌরসভায় অ্যাপয়েন্টমেন্ট দিয়ে গেলেন, যাদের কাজ করাচ্ছেন অন্য জায়গায়, তাদের আজকে অযোগ্যতার সার্টিফিকেট দিয়ে ৫০ বছরে বিদায় নিতে হবে। আমি জানি তাদের কোয়ালিফিকেশন নেই, বাই রিজোলিউশন তাদের প্রমোশন দিয়েছেন পৌর পিতারা এবং এই অযোগ্য লোকদের সেই পৌর পিতারা নিজেদের স্বার্থে রাখবেন, বয়স

তাদের ৫০ হোক, ৫২ হোক আর ৫৫ হোক। যতদিন তারা মনে করবেন ততদিনই এই নিজেদের গ্রুপের লোকদের, পরিচিত লোকদের রাখবেন, রেখে দিয়েছেন। কিন্তু যখন যোগ্য লোক আসবে, তখন তাদের কাছে প্রশ্ন উঠবে যে যদি তারা কমিশনারকে সন্তুষ্ট করতে না পারে তাহলে তাদের ৫০ বছরের পর যে কোনও সময়ে চাকুরি চলে যাবে, সেজন্য তারা যোগ্য লোক হওয়া সত্ত্বেও আরও অন্যত্র চাকুরির চেষ্টা করবে। অন্যত্র যদি যোগ্য চাকুরির চেষ্টা করতে থাকে তাহলে পৌরসভা দুর্বল হয়ে পড়বে। এখন যে সমস্ত সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার তাদের বেতন কম বলে রিজাইন দিয়েছে সেখনে সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার পাওয়া যাচ্ছে না, আমরা জানি ওভারশিয়ার পাওয়া যাচ্ছে না কেননা তাদের সরকারি কর্মচারিদের চেয়ে কম। সেজন্য যাতে অবিলম্বে পৌরসভা দুর্বল না হয় তার জন্য যোগ্য লোকদের প্রমোশন দেবার প্রয়োজন ছিল। কিন্তু সে ব্যবস্থা না হওয়ায় আমি এই আইনের তীব্র বিরোধিতা করছি। এই বলে বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ ধরে যে বিল সভায় পেশ করেছি, তার সম্পর্কে আলোচনা শুনছিলাম। আলোচনায় যারা অংশ গ্রহণ করেছেন, আমি তাদের বক্তব্য বিশেষ মনোযোগ দিয়ে শুনবারও পরেও মোটামুটি কয়েকটি কথা আমি এখানে রাখতে চাই। প্রথম হল এটা সিলেক্ট কমিটিতে পাঠানো প্রসঙ্গে বলেছেন, আমিও এক সময়ে ভেবেছিলাম এটাকে সিলেক্ট কমিটিতে পাঠাবার কথা, কিন্তু এখন এখানে তাদের বক্তব্য শোনার পর মনে হচ্ছে তাতে কোনও লাভ হবে না, শুধু সরকারের কিছু আর্থিক ক্ষতি ছাড়া। এই সিলেক্টি কমিটি বসবে দার্জিলিং-এ, তার পরের মিটিং দিঘায়।

শ্রীমতী ইলা মিত্র ঃ এই হাউসেই সকালে এবং বিকালে বসে, শনিবারে এবং রবিবারে বসে আমরা প্রাইমারি এডুকেশন বিল পাস করে দিয়েছি।

শ্রী বিশ্বনাথ মুখোপাধ্যায় ঃ এই সিলেক্ট কমিটিকে তুচ্ছ তাচ্ছিল্য করবেন না। পার্লামেন্টের নুতন প্রস্তাব আসছে সরকার পক্ষ থেকে সমস্ত বিলই ভবিষ্যতে সিলেক্ট কমিটিতে বিবেচিত হয়ে তারপর ফাইনালি হাউসে আসবে এবং তাদেরই পার্টি সার্কুলেট করছে।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ আমি মনে করি, এর প্রয়োজন এত তীব্র যার জন্য এক সময় অর্ডিনান্স করতে হয়েছিল, এর জন্য নূতন করে আলোচনা করার সুযোগ দিয়ে কোনও লাভ হবে না।

[6-10 — 6-20 p.m.]

আমি কয়েকটি কথা শুধু নিবেদন করছি মাননীয় সদস্যদের যারা মনে করছেন এই বিলের মধ্য দিয়ে একটা দারুণ সামাজিক ক্ষতি হয়ে যাবে। বরং আমি মনে করি যে ক্ষতি ১৯৩২ সালের পর থেকে ১৯৭৬ সাল পর্যন্ত ক্রমান্বয়ে হয়ে যাচ্ছে, সেই সামাজিক ক্ষতির হাত থেকে বোধহয় এর মধ্য দিয়ে কিছু আমরা বাঁচাতে পারব। আমি এটা ঠিক জানি এই একটি আইনের মধ্য দিয়ে সমস্ত দুর্নীতি রোধ করা সম্ভব নয়। তবে যে ধরনের দুর্নীতি কলকাতা এবং সারা পশ্চিমবাংলার পৌর সভাগুলির মধ্যে বাসা বেঁধে রয়েছে, তার হাত থেকে দেশের মানুষদের রেহাই দেওয়া একটা বিচ্ছিন্ন আইনের পক্ষে সম্ভব নয়। এই বিশেষ

আইনটি বর্তমানে দুর্নীতিগ্রস্ত মানুষকে বস্তুত খানিকটা সতর্ক করে দেবে মাত্র। এর কোনও বিকল্প চিন্তা আমাদের কাছে আসেনি আমার নিজের অভিজ্ঞতা এই ৩ বছরে আমাদের ৯০টি পৌরসভার সম্পর্কে হাওড়ায় আমি দেখেছি সেবামূলক প্রতিষ্ঠানের চিন্তা থেকে এই কর্মচারিরা আজকাল বহুদূরে সরে গেছেন। একটি সামাজিক উপকার করবার জন্য লড়াই করে একদিন আমাদের পূর্বপুরুষেরা বৃটিশের হাত থেকে ক্ষমতা ছিনিয়ে নেবার স্বপ্ন দেখেছিলেন। এই আইনের দ্বারা প্রকৃতপক্ষে আঘাত করা হয়েছে একেবারে মূল সৌধে। এই পৌরসভা কর্মচারিরা বিভিন্ন জায়গায় কেবলমাত্র রাজনৈতিক ব্লাকমেল করা ছাড়া প্রায় এক যুগ ধরে অন্য কোনও কাজ করত না। সাধারণভাবে পৌরসভা সম্পর্কে মানুষের মধ্যে এত বিতৃষ্ণা ও বিরাগ জন্মেছে যে সেটা আমাদের সকলের কাছে একটি অত্যন্ত নিন্দার কারণ হয়ে পড়েছে। যাতে তারা তাদের সেবামূলক চিন্তা থেকে অফ দি ট্রাক হয়ে না যায়, তাদের জন্য বাধ্য হয়ে ইন দি ট্র্যাক করবার জন্য কোনও একটি গণতান্ত্রিক আইনের মধ্য দিয়ে এই ব্যবস্থা আমাদের অবলম্বন করতে হয়েছে। তবে এই আইন তারপরে ও অপব্যবহার করবার সুযোগ যে একেবারে নাই তা আমি মনে করি না। সমস্ত আইনেরই অপব্যবহার করা হবে ধরে নিয়ে সঠিক ঐ দৃষ্টিভঙ্গি নিয়ে কোনও গণতান্ত্রিক শাসন ব্যবস্থার আলোচনা করা উচিত বলে আমি মনে করি না। সংসদীয় গণতান্ত্রিক পথে না সমালোচনা করলে নূতন কিছু সামাজিক সুযোগ সুবিধা আমরা অর্জন করতে পারব না। আপনারা জানেন সমস্ত পৌরসভা স্থাপনের পিছনে একটা ইতিহাস আছে। এটা সকলে স্বীকার করবেন যে স্বাধীনতা যুদ্ধের সঙ্গে পৌরসভা খানিকটা অঙ্গাঙ্গিভাবে যুক্ত আছে। তার ফল ভালই হয়েছে। সাম্রাজ্যবাদী বৃটিশের সঙ্গে লড়াই করবার সময় পৌরসভাকে এক সময় অস্ত্র হিসেবে ব্যবহার করা হয়েছিল। তার ফল যেমন ভাল হয়েছে, অন্যদিকে আবার খারাপও হয়েছে। রাজনৈতিক বহু মানুষকে যোগ্যতা বিচার করে এই সেবামূলক প্রতিষ্ঠানে আমদানি করা হয় নাই। পরবর্তীকালে সেই ট্রাডিশন পরিবর্তন করবার যাদের দায়িত্ব ছিল, তাদের আমি সমালোচনা করতে চাই না। সামাজিক দায়িত্ব যে বা যারা পালন করেন নাই। ফলে সেই খারাপ দিকটা এখনও রয়ে গেছে বৃটিশরা চলে যাবার পরেও। আজকে পৌরসভার চেয়ারে চেয়ারে এই স্লোগান লেখা দেখতে পাওয়া যায় আমি দেখেছি তারা লিখেছেন—"আসি যাই, মাইনা পাই, কাজ করলে উপরি পাই।" বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়বার সময় মানুষ কিন্তু এই স্লোগান দেখে হাততালি দিয়েছে। তারপর ১৯৭৪, ১৯৭৫ সালে মন্ত্রী হয়ে গিয়ে দেখেছি দরজায় দরজায় দেওয়ালে দেওয়ালে এই স্লোগান লেখা আছে।

"আসি যাই মাইনে পাই
কাজ করলে উপরি পাই।"

এই স্লোগান লেখা আমি দেখেছি "৫০ বছর" হল তাদের সচেতন করবার জন্য। এই শাস্তিমূলক ব্যবস্থা প্রতিনিয়ত ব্যবহার করা হবে এবং ৫০ বছর হলেই সর্বনাশ করবার চেষ্টায় উদ্যত হবে একথা আমি মনে করি না। আমাদের দেশে আমলাতন্ত্র আছে, আমলাতন্ত্রের অনেক কুফলও আছে। কিন্তু আমলাতন্ত্রের প্রতি বাঁধনও আছে। আজকে অমলাতন্ত্রের প্রতি যতটা সতর্কতা থাকা উচিত তারজন্য ইলেক্টেড রিপ্রেজেন্টেটিভ আছে। তাদের প্রতি আমাদের মিনিমাম শ্রদ্ধা বা বিশ্বাস আমাদের রাখতে হবে। সেটা পৌরসভাতেও আছে। শুধু পৌরসভার

অধিকর্তাদের উপর আমি সমস্ত ক্ষমতা দিইনি। সেখানে সরকারের উপরও ক্ষমতা দেওয় আছে। সেখানে আমলাতন্ত্র রয়েছে, তার উপরে মানুষের শুভেচ্ছা নিয়ে প্রতিনিধিরা রয়েছেন স্বভাবতই প্রতি স্তরে যে ভয় এবং শঙ্কা রয়েছে তার থেকে নিস্তারের কিছু কিছু পদ্ধতি এর মধ্যে রয়েছে। আমি শুধু এইটুকু বলব একটা ভয়াবহ জিনিষ সৃষ্টি হয়েছে। যখন একেবারে চূড়ান্ত অবক্ষয়ের দিকে কোনও প্রশাসন চলে যায় তখন কখনও কখনও অনুশাসনের জন কঠোর হতে হয়। এটা পছন্দ এবং অপছন্দ-র কথা নয়। এটা বাস্তবকে স্বীকার করে মানুষের বৃহত্তর স্বাচ্ছন্দ মানুষের কাছে পৌঁছে দেবার জন্য একটা পথ। আজকে যে রিপোর্ট পেয়েছি তা থেকে বলতে পারি যে পরিমাণ শুধু ভুতুড়ে কর্মচারীর বেতন দিই তাতে আমাদের কলকাতার যে সিভিক অ্যামিনিটিস আছে.......(**শ্রী বিশ্বনাথ মুখোপাধ্যায় : এতে তো ৫০ বছরের কথা আছে। ভুতুড়ে কর্মচারী তো ৫০ বছরের মধ্যেও আছে**) জানি তা আছে। কিন্তু আমাদের প্রশাসনের নিয়মে যত বেশি বয়স হয় তত বেশি ক্ষমতা তার হাতে আসে প্রমোশনের মধ্য দিয়ে এবং অন্যান্যভাবে বিভিন্ন সময়ে সেই ক্ষমতা এসে এসে ৫০ বা তার উর্ধ্বে বয়সে যখন আসে তখন চূড়ান্ত ক্ষমতার অধিকারি হয়। মফস্বলের বা শহরতলির পৌরসভাগুলির সাথে যারা যুক্ত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তারা জানেন ওখানে কোনও কোনও জায়গায় চেয়ারম্যানের চেয়ে হেড ক্লার্কের ক্ষমতা অনেক বেশি। তাদের সরাসরি মদত ছাড়া ভুতেরা কাজ পায় না, কারণ তাদের নাম লিখতে হয়, নাম রেজিস্ট্রি করতে হয়, তাদের নাম লিখতে হয়, তাদের মাইনে দিতে হয়, তাদের মাইনে থেকে শেয়ার নিতে হয়। আজকে প্রথম রিপোর্ট ডিস্ট্রিক্টের পেলাম। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন, আপনার চিন্তা করুন সেখানে ৫০ বছরের উর্ধ্বে হেড ক্লার্ক বা ওই ধরনের সিনিয়ার মানুষ যদি জড়িত না থাকে তাহলে কি করে এই সব সম্ভব?

[6-20 — 6-30 p.m.]

Mr. Speaker : Mr. Mukhopadhyay, I am sorry to interrupt you. The time for discussion of this Bill was allotted for one our and it will expire at 6-20 p.m. So, I take the sense of the House under rule 290 that the time may be extended by half an hour. I think, the honourable members will agree.

(Voices : Yes)

So, with the sense of the House I extend the time by half an hour.

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : আমি আজকে একটি সংবাদ পেলাম ৪টি জেলার মধ্যে একটি জেলায় এর পিছনে সরাসরি পৌরসভায় প্রবীণতম মানুষরা যদি না থাকেন তাহলে এই জিনিস কখন সম্ভব নয়—বি. এ. পাশ করা ম্যাথর শুধু এই ধরনের জিনিস ১০০ জনের মতো নাম লেখা রয়েছে। সাধারণ জ্ঞানে কি বলে? বাংলাদেশের সমাজের যা চরিত্র তাতে করে বি. এ. ম্যাট্রিক পাশ করা ছেলেরা ম্যাথরের কাজ কেউ করে না। দীর্ঘ ১৫/২০

বছর ধরে বেতন পেয়ে যাচ্ছে। টোটাল একটি জেলায় ৪৮৮ জন বিনা কারণে বেতন নিয়ে চলে যাচ্ছে। হিসাব করে দেখা যায় মিনিমাম বেতন ২৫০/৩০০ টাকা। আমি পরিষ্কার রিপিট করছি এর পিছনে ৫০ বা তদোর্ধ মানুষের সরাসরি সক্রিয় সহযোগিতা ছাড়া এই জিনিস সম্ভব নয়। সেই জন্য যে ভয় বা আশঙ্কা করছেন সেই আশঙ্কা অমূলক এবং সেই আশঙ্কা যাতে না থাকে তার জন্য সরকার এবং পৌরসভার নির্বাচিত প্রতিনিধিরা নিশ্চয় দায়িত্ব নিয়ে কাজ করবেন—সে বিশ্বাস তাদের প্রতি রাখতে হবে। আমি নিজে আশাবাদী। আমি আর দীর্ঘ বক্তৃতা না করে বিশ্বনাথবাবুর একটি কথার উত্তর দিয়ে আমার বক্তব্য শেষ করব। বিশ্বনাথবাবু বলেছেন ওয়ার্কশপে কাজ করতে গিয়ে কাজ পায় না। আপনি একটি কথা শুনেছেন কিনা জানি না—ওয়ার্কশপ হচ্ছে একটি ম্যাজিক পাত্র। আপনি যতই র-মেটিরিয়ালস দিন, সকালবেলা দিলে সন্ধ্যাবেলায় সব উড়ে যায়। আমি নিজে একবার এই দায়িত্ব নিয়ে প্রায় ২৫ লক্ষ টাকার-মেটিরিয়ালস দিয়েছিলাম। এক সপ্তাহ পরে আগে যে অবস্থা ছিল সেই অবস্থায় ফিরে এসেছে। সুতরাং ওয়ার্কশপে মানুষ কাজ পায় না—কাজ পাবে না, যতক্ষণ পর্যন্ত না আমরা সতর্ক হতে পারব, প্রশাসন যন্ত্রের দিক থেকে মেশিনারি রিওরিয়েন্টেড করতে পারব এবং উপযুক্ত ব্যবস্থা নিতে পারব। সেই জন্য আমি আপনাদের কাছে অনুরোধ করছি, এটা কোনও শাস্তিমূলক ব্যবস্থা নেবার জন্য নয়। মানুষের জীবন যাত্রার মান যাতে উন্নত হয় তারই প্রচেষ্টা সুতরাং তারা যাতে তাদের নিজেদের নৈতিক মান উন্নতি করতে বাধ্য হয় সেই জন্যই বিচ্ছিন্নভাবে হলেও এই আইনটি পেশ করেছি—আমি আর বিস্তৃত কথা না বলে পশ্চিমবঙ্গ পৌরকর্মচারী বাধ্যতামূলক অবসর গ্রহণ বিধেয়ক ১৯৭৬, যে বিলটি পেশ করেছি, আশা করি আপনার বিচার বিবেচনা করে পেশ করবেন।

The motion of Shri Subrata Mukhopadhyaya that the West Bengal Municipal Employees (Compulsory Retirement) Bill, 1976, be taken into consideration, was then put and a division taken with the following result :

AYES

Abdur Rauf Ansari, Shri

Abedin, Dr. Zainal

Anwar Ali, Shri Sk.

Bijali, Dr. Bhupen

Chakravarty, Shri Bhabataran

Chatterjee, Shri Kanti Ranjan

Chatterjee, Shri Tapan

Gyan Singh, Shri Sohanpal

Hembrom, Shri Patrash

Hemram, Shri Kamala Kanta

Isore, Shri Sisir Kumar

Kar, Shri Sunil
Khan, Shri Gurupada
Khan, Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
Mahato, Shri Satadal
Mandal, Shri Santosh Kumar
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mondal, Shri Aftabuddin
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Subrata
Mukhopadhyaya, Shri Subrata
Mukhopadhyaya, Shri Ajoy
Singhababu, Shri Phani Bhusan
Sinha, Shri Atish Chandra
Sinha Roy, Shri Bhawani Prosad
Tirkey, Shri Iswar Chandra
Wilson-de Roze, Shri George Albert

NOES

Bhattacharyya, Shri Sakti Kumar
Chakrabarti, Shri Biswanath
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Roy, Shri Aswini Kumar
Shish Mohammad, Shri
Soren, Shri Jairam

The Ayes being 31 and the Noes 11, the motion was carried.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Biswanath Chakrabarti : Sir, I beg to move that clause 3(1) be omitted.

I also beg to move that clause 3(2) be omitted.

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আর নতুন করে কিছু বলার নেই, আমার বক্তৃতার সময়ই আমি বলেছি। এখানে উইদাউট অ্যাসাইনিং এনি রিজিন বলে যেটা বলা হয়েছে এটা খুব ক্ষতি করবে এবং ভবিষ্যতে মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনে একটা অদ্ভুত ধরনের স্বৈরাচারের পথ প্রশস্ত করবে বলে আমরা মনে করছি। সেই কারণে আমরা এটা তুলে দিতে বলেছি, আশা করি মন্ত্রী মহাশয় এটা গ্রহণ করবেন।

Shri Shih Mohammed : Sir I beg to move that in clause 3 line 5, for word "fifty" the words "fiftyeight" be substituted. আমি আমার বক্তব্য রাখার সময় সবই বলেছি, এখন আর বলার কিছু নেই, আমি শুধু এটা মুভ করলাম।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই অ্যামেন্ডমেন্টগুলি মানতে পারলাম না।

[6-30 — 6-35 p.m.]

The motions of Shri Biswanath Chakrabarti that clause 3(1) be omitted, the clause 3(2) be omitted, and the motion of Shri Shish Mohammad that in clause 3, line 5, for the word "fifty" the words "fifty eight" be substituted, were then put and a division taken with the following result :—

NOES

Abdur Rauf Ansari, Shri

Abedin, Dr. Zainal

Anwar Ali, Shri Sk.

Bijali, Dr. Bhupen

Chakravarty, Shri Bhabataran

Chatterjee, Shri Kanti Ranjan

Chatterjee, Shri Tapan

Gyan Singh, Shri Sohanpal

Hembrom, Shri Patrash
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Kar, Shri Sunil
Khan, Shri Gurupada
Khan, Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
Mahato, Shri Satadal
Mahbub Haque, Shri
Mandal, Shri Santosh Kumar
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mondal, Shri Aftabuddin
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Subrata
Mukhopadhyaya, Shri Subrata
Mukhopadhyaya, Shri Ajoy
Singhababu, Shri Phani Bhusan
Sinha, Shri Atish Chandra
Sinha Roy, Shri Bhawani Prosad
Tirkey, Shri Iswar Chandra
Wilson-de Roze, Shri George Albert

AYES

Bhattacharay, Shri Shibapada
Chakraborti, Shri Biswanath
Dhar, Shri Sachindra Kumar
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shri Girija Bhusan

Shish Mohammad, Shri

Soren, Shri Jairam

The Ayes being 11 and the Noes 32, the motions were lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 4, 5 and Preamble

The question that clauses 4, 5 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to move that the West Bengal Municipal Employees (Compulsory Retirement) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following result :

AYES

Abdur Rauf Ansari, Shri

Abedin, Dr. Zainal

Anwar Ali, Shri Sk.

Bijali, Dr. Bhupen

Chakravarty, Shri Bhabataran

Chatterjee, Shri Kanti Ranjan

Chatterjee, Shri Tapan

Gyan Singh, Shri Sohanpal

Hembrom, Shri Patrash

Hemram, Shri Kamala Kanta

Isore, Shri Sisir Kumar

Kar, Shri Sunil

Khan, Shri Gurupada

Khan, Samsul Alam, Shri

Kolay, Shri Akshay Kumar

Mahato, Shri Satadal

Maitra, Shri Kashi Kanta

Mandal, Shri Santosh Kumar

Md. Shamsuzzoha, Shri

Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mondal, Shri Aftabuddin
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Subrata
Mukhopadhyaya, Shri Subrata
Mukhopadhyaya, Shri Ajoy
Singhababu, Shri Phani Bhusan
Sinha, Shri Atish Chandra
Sinha Roy, Shri Bhawani Prosad
Tirkey, Shri Iswar Chandra
Wilson-de Roze, Shri George Albert

NOES

Bhattacharay, Shri Sakti Kumar
Chakraborit, Shri Biswanath
Dhar, Shri Sachindra Kumar
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Roy, Shri Aswini Kumar
Shish Mohammad, Shri
Soren, Shri Jairam

The Ayes being 32 and the Noes 12, the motions was carried.

Mr. Speaker : The House stands adjourned till 1 p.m. on Monday, the 1st March, 1976.

Adjournment

The House was accordingly adjourned at 6-35 p.m. till 1 p.m. on Monday, the 1st March, 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 1st March, 1976 at 1-00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 11 Ministers, 5 Ministers of State and 100 Members.

[1-00 — 2-00 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

There was none to take Oath

Financial Budget Estimates of the Government of West Bengal for 1976-77

শ্রী শঙ্করকুমার ঘোষ : মাননীয় স্পিকার মহাশয় পশ্চিমবঙ্গ রাজ্যের জন্য আমি ১৯৭৬-৭৭ সালের আর্থিক বৎসরের বাজেট বরাদ্দ পেশ করছি।

অর্থনৈতিক পরিস্থিতি ও মুদ্রাস্ফীতি—সাম্প্রতিক কয়েকটি বৎসরে ভারতীয় অর্থনীতি এক অভূতপূর্ব অর্থনৈতিক প্রতিকূল অবস্থার সম্মুখীন হয়েছিল। পূর্ব পাকিস্তানের (এখন বাংলাদেশ) লক্ষ লক্ষ উদ্বাস্তুর জন্য প্রভূত খরচ, পাকিস্তানের সঙ্গে যুদ্ধের জন্য প্রচন্ড প্রতিরক্ষা-ব্যয়, এবং দুর্যোগপূর্ণ আবহাওয়ার দরুন কৃষি-উৎপাদনের পর পর দুই বৎসর ঘাটতি,—এ সবই আমাদের অর্থনীতির উপর প্রবল চাপ সৃষ্টি করেছিল। তার উপর কয়েক বৎসর ফসল ভাল না হওয়ার দরুন আমাদের খাদ্যশস্য আমদানি করতে হয়েছিল, কিন্তু আন্তর্জাতিক বাজারে খাদ্যশস্যের দাম ছিল খুবই বেশি। সুতরাং খাদ্যশস্য আর তেলের আমদানির, যে দুটি জিনিসের আন্তর্জাতিক দাম নিদারুণ বেড়ে গিয়েছিল, এই করতে গিয়ে আমরা মুদ্রাস্ফীতিও আমদানি করেছিলাম। এইসব কারণে আবার মুদ্রাসম্প্রসারণও অনিবার্য হয়ে উঠেছিল আর তার ফলে অর্থনীতিতে যে মুদ্রাস্ফীতির প্রবণতা এমনিতেই ছিল তা আরও বেড়ে গিয়েছিল।

এইরকম উদ্বেগপূর্ণ পরিস্থিতির সম্মুখীন হয়ে সরকার বেশ কয়েকটি রাজস্ব, মুদ্রা এবং অন্যান্য বিষয়ে সংশোধনমূলক ও প্রতিকারমূলক ব্যবস্থা নিয়েছিলেন। মুদ্রাস্ফীতি কমানোর জন্য মুদ্রা-সরবরাহ কমিয়ে দেওয়া হয়েছিল। তাছাড়া ভোগ্যপণ্যে ব্যয় হবে এমন কাঁচাটাকার আয় নিয়ন্ত্রিত করার জন্য অতিরিক্ত কর সংগ্রহ ও অন্যান্য ব্যবস্থাও নেওয়া হয়েছিল। বাড়তি মহার্ঘ ভাতা ও বেতন সংশোধনজনিত বর্ধিত আয়ের একটি অংশ কেটে রেখে দেওয়ার

আইন, সুদের হার বাড়িয়ে দেওয়া, অতিরিক্ত দ্রব্যাদির মজুত রোধের জন্য বাণিজ্যিক ক্ষেত্রে ব্যাঙ্ক ঋণ সম্প্রসারণের উপর আরও জোরদার অনুশাসন আরোপ,—এই সব কিছুর উদ্দেশ্যই ছিল মুদ্রাস্ফীতির চাপ সংযত করা। ব্যাপক অভিযানও চালানো হয়েছিল চোরাকারবারি মজুতদার আর কালোবাজারিদের বিরুদ্ধে। একসঙ্গে এইসব ব্যবস্থা নেওয়ায় দ্রব্যমূল্যের উপর তার সুফল দেখা দিয়েছিল।

পাইকারি দ্রব্যমুল্যের সূচক সংখ্যা (১৯৬১-৬২=১০০ ধরে) ১৯৭২-৭৩ সালে ছিল ২১৮.৫, ১৯৭৩-৭৪ সালে বেড়ে হয়েছিল ২৮৪.৪, ১৯৭৪-৭৫ সালে ৩০৬.৩ এবং ১৯৭৪ সালে ২৮শে সেপ্টেম্বর আরও বেড়ে দাঁড়িয়েছিল ৩৩০.৬, কিন্তু ১৯৭৬ সালের ১০ই জানুয়ারি মুদ্রাস্ফীতিবিরোধী নানারকম ব্যবস্থা নেওয়ার ফলে তা কমে গিয়ে হয়েছিল ২৮৯.৯।

পৃথিবীর মুষ্টিমেয় যে কয়টি দেশ মুদ্রাস্ফীতি রোধ করতে পেরেছে, তাদের মধ্যে ভারত হচ্ছে অন্যতম। তথ্যগতভাবে ১৯৭৫ সালের এপ্রিলে মুদ্রাস্ফীতির গড় হার স্বল্প-উন্নত দেশগুলিতে ছিল ২৫.৭ শতাংশ। আমেরিকার যুক্তরাষ্ট্রে ১৯৭৫ সালের এপ্রিলে মুদ্রাস্ফীতির হার ছিল ১০.৩ শতাংশ, আর যুক্তরাজ্যের অর্থাৎ ইংলন্ডে যেখানে ১৯৭৪ সালের এপ্রিলে তার হার ছিল ১৫.২ শতাংশ, সেখানে ১৯৭৫ সালের এপ্রিলে তা বেড়ে হয়েছিল ২১.৭ শতাংশ। কয়েকটি উন্নয়নশীল দেশে, যেমন ব্রেজিল ও আর্জেন্টিনায়, অঙ্কটা যেখানে ১৯৭৪ সালের এপ্রিলে ছিল যথাক্রমে ২৫.২ শতাংশ ও ১২.৯ শতাংশ, সেখানে ১৯৭৫ সালের এপ্রিলে বেড়ে দাঁড়িয়েছিল ২৫.৮ শতাংশ এবং ৯৭.৫ শতাংশ।

নিচের সংখ্যাগুলিতে দেখা যাবে, যেখানে অন্যান্য বহু দেশে এখনও দ্রব্যমূল্য বেড়ে চলেছে, সেখানে ভারতে মুদ্রাস্ফীতি রোধ করা সম্ভব হয়েছে।

সূচক ১৯৭০ = ১০০

সমস্ত দ্রব্য

		আগস্ট
যুক্তরাজ্য (ইংলন্ড)	১৯৭৪	১৫০.২
	১৯৭৫	১৯০.৬
আমেরিকা	১৯৭৪	১২৮.৯
	১৯৭৫	১৪০.০
জাপান	১৯৭৪	১৫৬.৭
	১৯৭৫	১৭২.৪
ভারত	১৯৭৪	১৭৪.৫
	১৯৭৫	১৭৪.৫

মুদ্রাস্ফীতি রোধের সংগ্রামে ভারত যদিও অসাধারণ সাফল্য অর্জন করেছে, তবু আত্মতুষ্টির

কোনও কারণ নেই। তাছাড়া একথাও মনে রাখতে হবে যে, অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য রাজস্ব-সম্বন্ধীয় ও আর্থিক ব্যবস্থাগুলি শুধু স্বল্পমেয়াদী ব্যবস্থা হিসাবেই গণ্য হতে পারে ; এর সঙ্গে সঙ্গে উৎপাদন বৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী কর্মপন্থাও গ্রহণ করা দরকার। প্রকৃতক্ষে, অর্থনীতির স্থিতিশীলতা নির্ভর করে শুধু মূল্যের স্থিতিশীলতার উপরেই নয়, বরং আরও বেশি নির্ভর করে উৎপাদনের স্থিতিশীলতার উপর। মূল্যকে শুধু যুক্তিসঙ্গত নিচু স্তরে স্থিতিশীল রাখলেই চলবে না, উৎপাদনকেও স্থিতিশীল করে তুলতে হবে উঁচু এবং ক্রম-উন্নয়নশীল স্তরে।

জাতীয় আয়ের সামগ্রিক বৃদ্ধির হার ছিল (১৯৬০-৬১-র মূল্যমানে) প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সময় ৩.৫ শতাংশ, দ্বিতীয় পরিকল্পনার সময় ৪.১ শতাংশ, তৃতীয় পরিকল্পনায় সময় ২.৭ শতাংশ, আর চতুর্থ পরিকল্পনায় সময় ২.৮ শতাংশ। ১৯৬০-৬১ থেকে ১৯৭৩-৭৪ সাল পর্যন্ত জাতীয় আয় বেড়েছিল বৎসরে গড়ে প্রায় ৩ শতাংশ। এই পরিপ্রেক্ষিতে উৎপাদন বৃদ্ধির এবং অর্থনীতির সর্বক্ষেত্রে উন্নতির হার বৃদ্ধির ব্যবস্থা করতেই হবে।

আমাদের মতো কৃষিপ্রধান অর্থনীতির ক্ষেত্রে খাদ্যের উৎপাদন ও মূল্যমান স্বাভাবিকভাবেই উৎপাদন ও মূল্যের সাধারণ স্তর নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে থাকে। ১৯৭৪-৭৫ সালে আমদানি ও রপ্তানির তুলনামূলক হিসাবে আনুমানিক ১,০৯৬ কোটি টাকার মতো ঘাটতি ছিল (১৯৭৩-৭৪ সালের ৪০২ কোটি টাকার জায়গায়) আর তার প্রধান কারণ ছিল চড়া আন্তর্জাতিক দামে ৫০ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্যের আমদানি, এবং আমদানিকৃত তেল ও সারের বিপুল মূল্যবৃদ্ধি। খাদ্যশস্য, তেল ও সারের আমদানির উপর আমাদের নির্ভরশীলতা কমাতে হলে আমাদের দেশের মধ্যেই এইসব দ্রব্যের উৎপাদন বাড়ানোর জন্য সুসংহত প্রয়াস চালাতে হবে।

১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে কৃষি-উৎপাদনে সূচক সংখ্যা (১৯৬১-৬২=১০০ এই ভিত্তিতে) প্রবণতা ছিল কমে যাওয়ার দিকে। ১৯৭৩-৭৪ সালে যখন দেশে খাদ্যশস্যের মোট উৎপাদন হয়েছিল ১০ কোটি ৩৫ লক্ষ মেট্রিক টন, তখন এই সূচক সংখ্যা আবার উপরে উঠতে শুরু করে। ১৯৭৪-৭৫ সালে খাদ্যশস্যের উৎপাদন প্রায় ১০ কোটি ৪০ লক্ষ মেট্রিক টন হয়েছিল বলে ধরা হয়। ১৯৭৫-৭৬ সালের খাদ্যশস্যের উৎপাদন দাঁড়াবে প্রায় ১১ কোটি ৪০ লক্ষ মেট্রিক টন। চলতি বৎসরে রাসায়নিক সারের উৎপাদনের প্রায় ৩০ শতাংশ বৃদ্ধি [illegible] করা যায়। পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের উৎপাদন ছিল ১৯৭৩-৭৪ সালে ৬৮.৮৫ লক্ষ মেট্রিক টন, আর এটা বেড়ে ১৯৭৪-৭৫ সালে হয়েছিল ৭৮.৬৬ লক্ষ মেট্রিক টন। ১৯৭৫-৭৬ সালে পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ একটি সর্বকালীন রেকর্ড স্থাপন করবে বলে আশা করা যায়।

এই বৎসরে দেশে শিল্পক্ষেত্রে পরিস্থিতি উজ্জ্বলতর। পশ্চিমবঙ্গে, ১৯৭৫ সালের প্রথম ছয় মাসের মধ্যে পাট, বস্ত্র, লোহা, ইস্পাত, কাগজ, চিনি প্রভৃতি শিল্পে ১৯৭৪ সালের প্রথম ছয় মাসের তুলনায় উৎপাদন বেশ বৃদ্ধি পেয়েছে। চাহিদা কমে যাওয়ায় যেসব শিল্প ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের ক্ষেত্রে কিছু কিছু সুবিধাও দেওয়া হয়েছে। আন্তর্জাতিক বাজারে ঘোরতর প্রতিযোগিতার সম্মুখীন হয়েছিল বলে পাটশিল্পের ক্ষেত্রে কোনও কোনও তৈরি জিনিসের

উপর থেকে রপ্তানি শুল্ক তুলে নিয়ে সুবিধা দেওয়া হয়েছে কিন্তু এ সত্ত্বেও এটা পরিষ্কার যে পাটশিল্পকে ঠিকভাবে দাঁড় করাতে গেলে আরও কিছু ব্যবস্থা নিতে হবে। মোটরগাড়ি শিল্পের ক্ষেত্রেও কিছু কিছু সুবিধা দেওয়া হয়েছে, যাতে উৎপন্ন দ্রব্যের দাম কমানো যায় এবং ব্যাপক হারে লে-অফ এড়ানো যায়।

বিদ্যুৎ সরবরাহ, কয়লা ও ইস্পাতের ক্ষেত্রে সামগ্রিক উন্নতির ফলে ১৯৭৫-৭৬ সালে দেশে শিল্প উৎপাদন ৫ শতাংশেরও বেশি বাড়বে বলে আশা করা যায়, এই বৃদ্ধির হার ১৯৭৪-৭৫ সালে ছিল ৩ শতাংশ এবং ১৯৭৩-৭৪ সালে ছিল এক শতাংশ। ১৯৭৫-৭৬ সালের প্রথম তিন মাসে দেশে সরকারি ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির হার, গত বৎসর ঐ সময় যা ছিল তার তুলনায় প্রায় ১৪ শতাংশ হয়েছে।

কৃষি ও শিল্প উভয় ক্ষেত্রেই উৎপাদন বৃদ্ধি সফল করবার জন্য ব্যবস্থা গ্রহণ করা ছাড়াও যাতে কৃত্রিম অভাব সৃষ্টি না হতে পারে তার জন্য সরকারি বিতরণ-ব্যবস্থাকে সুসংবদ্ধ করার দিকে যথেষ্ট মনোযোগ দেওয়া হয়েছে। সরকারি বিতরণ-ব্যবস্থাকে জোরদার করার জন্য খাদ্যসংগ্রহের কাজ, মুদ্রাস্ফীতির চাপ নিবারণ করতে এবং মজুতদার ও মুনাফাখোরদের দমন করতে সাহায্য করে। পশ্চিমবঙ্গে চাল সংগ্রহের প্রকৃত পরিমাণ ১৯৭২-৭৩ সালে ছিল ১.৩১ লক্ষ মেট্রিক টন ১৯৭৩-৭৪ সালে ১.৪৭ লক্ষ মেট্রিক টন, এবং ১৯৭৪-৭৫ সালে ২.২৪ লক্ষ মেট্রিক টন। চলতি খরিফ বৎসরের জন্য চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩ লক্ষ মেট্রিক টন, আর এর মধ্যেই দু'লক্ষ মেট্রিক টন চাল সংগৃহীত হয়ে গেছে। খরিফ উৎপাদন এ বছর খুব ভাল হওয়ায় যাতে এই লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাওয়া যায় সেজন্য সব রকম প্রচেষ্টা করতে হবে।

১৯৭৫ সালের নভেম্বরের শেষ পর্যন্ত এই রাজ্যে প্রায় ৯৪ লক্ষ লোকের খাদ্য যোগাতে প্রায় ২,৭০০ বিধিবদ্ধ রেশন-দোকান ছিল আর ছিল ১৪,০০০-এরও বেশি সংশোধিত রেশনের দোকান। সরকারি বিতরণ-ব্যবস্থা এইরকম ব্যাপক ছিল বলেই ভোগ্য পণ্যের মূল্যবৃদ্ধি কিছু পরিমাণে রোধ করা সম্ভব হয়েছিল।

সরষে, ডাল, মোটা শস্যদানা, ভুট্টা ইত্যাদি যেসব অত্যাবশ্যক পণ্য আমাদের রাজ্যে ঘাটতি সেগুলির বাজার-দরের উপর খানিকটা প্রভাব বিস্তারের উদ্দেশ্য নিয়ে 'পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ কর্পোরেশন লিমিটেড' স্থাপিত হয়েছিল ১৯৭৪ সালের মার্চ মাসে ১৯৭৪-৭৫ সালে এই কর্পোরেশন কিনেছিল ৫০,০০০ মেট্রিক টন গম, ৫,২০০ মেট্রিক টন সরষে, ৪,৯০০ মেট্রিক টন চাল এবং ৩,১৫০ মেট্রিক টন ভুট্টা।

খাদ্যবস্তু এবং কয়েকটি অত্যাবশ্যক দ্রব্য যাতে বর্ধিত পরিমাণে ন্যায্যমূল্যে পাওয়া যায়, তার জন্য সবরকম চেষ্টাই এখন করা হচ্ছে। ঐসব দ্রব্যের মজুতের পরিমাণ নির্দিষ্ট করে দেওয়া হয়েছে এবং সেই মজুতের পরিমাণ ও দাম লিখে দোকানে টাঙিয়ে দেওয়ার ব্যাপারে সংশ্লিষ্ট আইনগুলিকে কঠোরভাবে প্রয়োগ করা হচ্ছে। মুনাফাখোরদের ফাটকাবাজি রোধ করতে এইসব ব্যবস্থা সহায়ক হয়েছে।

জরুরি অবস্থা এবং নতুন চেতনা—মতাদর্শে পরস্পরের মধ্যে ভিন্নমুখী ও বিপরীতধর্মী হওয়া সত্ত্বেও ১৯৭১ সালে কয়েকটি দল কেন্দ্রে শাসকদলকে ক্ষমতাচ্যুত করার জন্য নিজেদের মধ্যে এক মহাজোট গড়ে তুলেছিল। এই মহাজোট ১৯৭১ সালে সংসদীয় নির্বাচনে নিদারুণভাবে পরাজিত হয়েছিল। পরবর্তী বৎসর কয়েকটি রাজ্য নির্বাচনেও এই জোট পরাজিত হয়।

১৯৭২ সালের নির্বাচনের পূর্বে শ্রীমতী গান্ধী ঘোষণা করেছিলেন যে যদি দারিদ্র্যের বিরুদ্ধে সংগ্রাম জোরদার করে তুলতে হয় তা হলে দেশের রাজ্যগুলিতে এমন সরকার থাকা দরকার, যারা গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্রের আদর্শে অঙ্গীকারবদ্ধ এবং কর্মক্ষেত্রে কেন্দ্রে অংশভাগী। জনগণ তাদের ভোটদানের মাধ্যমে দেখিয়ে দিয়েছিলেন যে তারা ঐরকম সরকারই চান ; যেসব দল সাম্প্রদায়িকতা, আঞ্চলিকতা অথবা বলপ্রয়োগের কথা প্রচার করেছিলেন, অথবা যেসব দল কায়েমি স্বার্থকে মদত দিচ্ছিলেন, তারা জনগণের সমর্থনে বঞ্চিত হয়েছিলেন এবং বিশেষ আসনও তারা পাননি।

১৯৭৩ সালে মুদ্রাস্ফীতি এবং অভাবের জন্য দেশের অর্থনৈতিক পরিস্থিতির অবনতি ঘটেছিল। আর এই সময় থেকেই বিভিন্ন গোষ্ঠী এবং দল নানা ধরনের আন্দোলন গড়ে তুলতে শুরু করেছিল। গুজরাটে দুর্নীতি আর দুর্মূল্যতার অজুহাত তুলে এক আন্দোলন শুরু হয়েছিল, কিন্তু শেষে তা হয়ে দাঁড়াল নির্বাচিত বিধানসভা ভেঙ্গে দেবার জন্য সভ্যদের হুমকি দিয়ে ও ভয় দেখিয়ে পদত্যাগ করতে বাধ্য করার আন্দোলনে।

ইতিহাসের শিক্ষা এই যে অর্থনেতিক সঙ্কটের সময়ে সামগ্রিক সামাজিক-অর্থনৈতিক পরিবর্তনের বিরোধী এবং স্থিতাবস্থার সমর্থক শক্তিগুলি জনগণের সমর্থন আদায় করতে চায় বাহ্যতঃ দুর্নীতির বিরুদ্ধে আন্দোলন শুরু করে, কিন্তু আসলে তারা চায় ক্ষমতা দখল করতে। ভারতেরও কয়েকটি অংশে আন্দোলন শুরু করা হয়েছিল বাহ্যতঃ জনগণের অসন্তোষ প্রকাশ করবার জন্য, কিন্তু আসল লক্ষ্য ছিল এমন একটা বিশৃঙ্খলা ও গোলযোগ সৃষ্টি করা যার মধ্যে দিয়ে অবৈধভাবে ও জোর করে ক্ষমতা দখল করা যায়। এ হচ্ছে আসলে ঐতিহাসিকভাবে পরিচিতি ফ্যাসিবাদ এবং দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল শক্তির রণকৌশল।

যেসব দল নির্বাচিত বিধানসভাগুলি ভেঙ্গে দেবার জন্য অসংসদীয় প্রণালী অবলম্বন করেছিলেন, তারা অভাব ও মুদ্রাস্ফীতির ফলে জনগণের আর্থিক কষ্টের সুযোগ নিয়ে রাজনৈতিক মুনাফা লুঠতে চেয়েছিলেন। ভারত সমেত পৃথিবীর বেশির ভাগ দেশ তীব্র মুদ্রাস্ফীতির ফলে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল, আর এই পরিপ্রেক্ষিতে ১৯৭৪ সালের মাঝামাঝি প্রধানমন্ত্রী ঘোষণা করেছিলেন যে তখন দেশের সবথেকে বড় সমস্যাই হল মুদ্রাস্ফীতি। এর পরেই মুদ্রাস্ফীতি রোধ করবার জন্য কতকগুলি দৃঢ় পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল, এবং তারই ফলে পূর্ববর্তী বৎসরে তুলনায় ১৯৭৪ সালের এপ্রিলে মুদ্রাস্ফীতির হার যেখানে ছিল ৩০ শতাংশ তা নেমে আসে এবং পরে তা সম্পূর্ণ নিয়ন্ত্রিত হয়।

মুদ্রাস্ফীতি বিরোধী কৌশলের অঙ্গ হিসাবে চোরকারবারি, কালোবাজারি আর মজুতদারদের বিরুদ্ধে অভিযান জোরদার করা হয়েছিল। এই অভিযান আর তার সঙ্গে আরও কয়েকটি মৌলিক পরিবর্তন ব্যবস্থা, যেমন ব্যাঙ্ক, বিমা ও কয়লা শিল্পের জাতীয়করণ কিছু কিছু

গোষ্ঠীকে শত্রুভাবাপন্ন করে তোলে। যেসব গণতান্ত্রিক সংস্থার মাধ্যমে এইসব ব্যবস্থা কার্যকর করা হচ্ছিল তাদের ধ্বংস করার জন্য, এই গোষ্ঠীগুলিই একত্রিত হয়েছিল।

শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন এইসমস্ত বৈপ্লবিক কর্মসূচি গ্রহণ করলেন, তখন সেইসব গোষ্ঠী যারা পরিবর্তনের বিরোধী, তারা রব তুললেন গণতন্ত্র বিপন্ন হয়েছে এবং একনায়কতন্ত্র চালু করা হচ্ছে। জওহরলাল নেহেরু যখন দেশে পরিকল্পনা প্রণয়ন শুরু করেছিলেন, তখন যাদের স্বার্থ তাতে ব্যহত হয়েছিল তারাও অভিযোগ তুলেছিলেন যে, পরিকল্পনায় কাজ দেশকে একনায়কতন্ত্রের পথে নিয়ে যাবে। ঠিক সেইরকমভাবেই যখন শ্রীমতী গান্ধী সংসদকে সামাজিক পরিবর্তন আনার এক গতিশীল হাতিয়ার করে তুলতে চাইলেন তখন সেই পরিবর্তনে যেসব গোষ্ঠীর স্বার্থ ব্যহত হচ্ছিল তারা আবার রব তুলল যে গণতন্ত্র বিপন্ন। এইসব গোষ্ঠী ও দল বিভিন্ন ধ্বংসাত্মক আন্দোলনেও মদত দিতে লাগল। এই আন্দোলনগুলি প্রথমে শুরু হয়েছিল মহাজোটের নামে, পরে নির্দলীয় গণতন্ত্রের নামে এবং শেষ পর্যন্ত পূর্ণাঙ্গ বিপ্লবের নামে। এর সব কিছুরই লক্ষ্য অবশ্য ছিল সমাজে আমূল পরিবর্তনকারী সামাজিক-অর্থনৈতিক শক্তিগুলির পথে বাধা সৃষ্টি করা।

এইসব দল নির্দলীয় গণতন্ত্রের আদর্শকে কেবলমাত্র স্লোগান হিসাবে ব্যবহার করেছিলেন, তাদের কারুর কিন্তু এই আদর্শের প্রতি সত্যকার সমর্থন ছিল না, তাই এই নির্দলীয় গণতন্ত্রকে প্রতিষ্ঠার জন্য কেউই নিজের দল ভেঙ্গে দেওয়ার সিদ্ধান্ত নিলেন না বা ভেঙ্গেও দিলেন না। এই ধ্বংসাত্মক ও বিরোধী আন্দোলনগুলির সত্যিকার লক্ষ্য ছিল ব্যালট বাক্সের মাধ্যমে জনগণ যে রায় দিয়েছিলেন তা বানচাল করে দেওয়া এবং অসাংবিধানিক উপায়ে আর জোর করে ও ভয় দেখিয়ে নিজেদের স্বার্থ জনগণের উপর চাপিয়ে দেওয়া।

অভ্যন্তরীণ গোলযোগ দেশের নিরাপত্তা ক্ষুন্ন হচ্ছিল বলে ১৯৭৫ সালের ২৬শে জুন তারিখে ভারতের রাষ্ট্রপতি জরুরি অবস্থা ঘোষণা করলেন। শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন বিভিন্ন প্রগতিমূলক ব্যবস্থা গ্রহণ করছিলেন তখন থেকেই দেশে একটা গভীর এবং ব্যাপক ষড়যন্ত্র দানা বাঁধছিল। এই সময়ে কতকগুলি বিরোধী দল যে বিক্ষোভ শুরু করেছিলেন তার উদ্দেশ্য ছিল গণতন্ত্র বাঁচানোর নামে গণতন্ত্রকে ধ্বংস করা। বৈধভাবে নির্বাচিত সরকারগুলিকে কাজ করতে দেওয়া হচ্ছিল না। শুধু তাই নয়, ঐ বিক্ষোভ দেশের আবহাওয়াকে এমনই উত্তপ্ত করে তুলছিল যে তার ফলে নানারকম হিংসাত্মক ঘটনা ঘটে গেল যেমন একজন কেন্দ্রীয় মন্ত্রীর হত্যাকান্ড এবং ভারতের প্রধান বিচারপতির জীবনহানির জন্য আক্রমণ।

গুজরাটে বিক্ষোভের সঙ্গী হল লুঠপাট, অগ্নিসংযোগ এবং হিংসাত্মক কার্যকলাপ গুজরাটের বিধানসভা ভেঙ্গে দেওয়ার পরই বিহারে বিক্ষোভ ঘনীভূত করে তোলা হল। বিহারে আন্দোলনের মধ্যে ছিল স্কুল ও কলেজ এবং এক বৎসরের জন্য সবরকম পরীক্ষা বর্জন বিধানসভার সভ্যদের শুধু একঘরে করা নয় তাদের ঘেরাও করে পদত্যাগ করতে বাধ্য করা, কর বর্জনের আন্দোলন, আদালত বর্জন, জনতা সরকার এবং জনতা আদালত নাম দিয়ে সমান্তরাল সরকার ও আদালত গঠন।

এই সব বিক্ষোভের নেতারা জনগণকে বলেছিলেন যে, প্রতিষ্ঠিত সরকারকে প্রয়োজন হলে বলপ্রয়োগ করে সরিয়ে দিতে হবে। তারা ছাত্রদের বলেছিলেন, রাজ্যের মহাকরণের সামনে ধরণা শুরু করতে, বিধানসভা ঘেরাও করতে, আদালতের সামনে সত্যাগ্রহ করতে এবং রাস্তায় বিধিনিষেধের আদেশ অমান্য করতে। তারা সরকারি কর্মচারিদের এই বলে সতর্ক করে দিয়েছিলেন যে, যেসব আধিকারিক সরকারি আদেশ মান্য করে চলছেন, তাদের নাম ভবিষ্যৎ প্রতিশোধের জন্য 'কালো তালিকা'য় লেখা হচ্ছে। পুলিশের লোকদের তারা আদেশ অমান্য করতে বলেছিলেন আর বলেছিলেন যে এমন সময় আসবে যখন পুলিশের লোকেরা বিরোধী আন্দোলনের সামিল হয়ে তাদের বন্দুকের নল ওপরওয়ালাদের দিকে ফিরিয়ে ধরবে।

এইসব বিরোধীদের কয়েকটি দল এও বলছিলেন যে সংসদীয় ব্যবস্থার কার্যকারিতা সীমিত এবং সেজন্য অসাংবিধানিকতার আশ্রয় নিতে হবে। তারা ঘোষণা করেছিলেন যে, সমস্যার সমাধান সাংবিধানিক উপায়ে হতে পারে একথা তারা মানেন না এবং তাদের কেউ কেউ বলেছিলেন যে লড়াইকে নিয়ে যেতে হবে রাজপথে। বিরোধী নেতাদের একজন এ ভয়ও দেখিয়েছিলেন যে লোকসভা-কক্ষের ভিতরেই তিনি ধর্না দেওয়া শুরু করবেন। আরেকজন নেতা বলেছিলেন যে সেই সময় আসছে যখন সরকারই অস্বীকার করা দরকার হয়ে পড়বে, তার সঙ্গে সহযোগিতা করা চলবে না, তাকে এক পয়সা করও দেওয়া চলবে না।

গণতন্ত্র বলতে বোঝায় কতকগুলি আদর্শ মেনে চলা, যেমন সরকারের বিরোধিতা যদিও করা যায় জাতীয় স্বার্থের কিন্তু বিরোধিতা করা যায় না। অনেকগুলি বিরোধী দল কিন্তু এমন আচরণ করতে শুরু করলেন যেন তারা এই পার্থক্য বোঝেন না। তারা ভুলে গেলেন যে গণতন্ত্রের কতকগুলি ব্যাপারে সীমা আছে যা অতিক্রম করা যায় না। গণতন্ত্রে বাক-স্বাধীনতা এবং বিতর্কের মানে এই নয় যে মিথ্যা ভাষণ বা চরিত্রহননের অবাধ সুযোগ থাকবে ; গণতান্ত্রিক স্বাধীনতার মধ্যে গণতন্ত্রকে হেয় করা যে স্বেচ্ছাচার ও বিশৃঙ্খলতা সৃষ্টি করার অধিকার নেই। প্রকৃতপক্ষে রাজনৈতিক স্বাধীনতা এবং রাজনৈতিক অধিকার ততক্ষণ পর্যন্তই থাকতে পারে, যতক্ষণ রাজনৈতিক শৃঙ্খলা অটুট থাকে ; কারণ যথেচ্ছাচারে অনিবার্য ফলশ্রুতিই হচ্ছে ব্যক্তি-স্বাধীনতা ও রাজনৈতিক অধিকারের অনিবার্য অবলুপ্তি।

গণতন্ত্রকে যথাযথভাবে চালিত করবার জন্য যে আদর্শ ও শৃঙ্খলা মেনে চলা উচিত, এইসব বিরোধী দল তা মেনে চলেননি। কারণ, এইসব দলের উদ্দেশ্য ছিল সরকারকে অচল করে দেওয়া, সমস্ত জাতীয় প্রয়াস স্তব্ধ করে দেওয়া এবং এইভাবে জাতির স্বার্থ পদদলিত করে ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া।

জরুরি অবস্থা ঘোষণা করার পর কয়েকটি সাম্প্রদায়িক এবং প্রতিক্রিয়াশীল দল ও গোষ্ঠীকে নিষিদ্ধ করে দেওয়া হয়েছিল। এইসব দল সাম্প্রদায়িকতা প্রচার করেছিল ও হিংসাত্মক কার্যকলাপের আশ্রয় নিয়েছিল। বাস্তবিকই, এইরকম কয়েকটি দলের কার্যালয় তল্লাশি করে বহুসংখ্যক অস্ত্রশস্ত্র ধরা পড়ে এবং অনেকগুলি মানুষের মাথার খুলিও পাওয়া যায়।

জরুরি অবস্থা সংবিধান বাতিল করে ঘোষণা করা হয় নি, সংবিধানের ৩৫২ ধারা

অনুসারেই করা হয়েছে। জরুরি অবস্থার ঘোষণা লোকসভার মতামতের জন্য পেশ করা বাধ্যতামূলক আর লোকসভা বিপুল সংখ্যাগরিষ্ঠতায় এই ঘোষণাকে স্বাগত জানায়।

জরুরি অবস্থা ঘোষণার পর সরকারি দপ্তরগুলিতে, সরকারি সংস্থায়, শিল্প সংস্থায় এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে অধিকতর শৃঙ্খলা ফিরে আসে। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষিজীবী, ভূমিহীন ক্ষেতমজুর ও কারিগর প্রভৃতি সমস্ত গ্রামীণ দরিদ্র জনসাধারণের উন্নয়ন, সকল স্তরে কাজে ও শিল্পের উৎপাদন কার্যসূচিতে শ্রমিকশ্রেণীর অংশগ্রহণ, সরকারি বণ্টন ব্যবস্থাকে শক্তিশালী করা, উৎপাদন বৃদ্ধি, মূল্যস্তর স্থির রাখা এবং দুর্নীতি ও অর্থনৈতিক অপরাধীদের বিরুদ্ধে আরও বেশি কার্যকর ব্যবস্থা অলম্বন ইত্যাদি বিষয়ের প্রতি জরুরি অবস্থার পরে অধিকতর গুরুত্ব আরোপ করা হয়েছে। জরুরি অবস্থা এক নতুন উদ্দীপনা নিয়ে এসেছে এবং দেশের আবহাওয়ায় এক মৌলিক পরিবর্তন এনেছে।

২০-দফা কার্যসূচি ও পশ্চিমবঙ্গ—জরুরি অবস্থা ঘোষণার কয়েকদিনের মধ্যেই ১৯৭৫ সালের ১লা জুলাই প্রধানমন্ত্রী ২০-দফা অর্থনৈতিক কর্মসূচি ঘোষণা করেন। আর ঠিক তার অব্যবহিত পরেই এই রাজ্যে বলিষ্ঠভাবে এবং দ্রুতগতিতে এই কার্যসূচি রূপায়ণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

উদ্বৃত্ত জমি বন্টন—বন্টনযোগ্য ন্যস্ত কৃষিজমির মোট পরিমাণ ছিল প্রায় ৬.১০ লক্ষ একর এবং ১৯৭৫ সালের অক্টোবরের মাঝামাঝি পর্যন্ত সে জমির বণ্টন পরিস্থিতি ছিল নিম্নরূপ ঃ

	লক্ষ একর
ভূমিহীন কৃষিজীবী ও ক্ষুদ্র রায়তদের জন্য	৫.৬৯
ভূমিহীনদের বাস্তুজমির জন্য	.০৮
বিভিন্ন বিভাগকে বিবিধ প্রকল্প রূপায়ণের জন্য	.৩১
	৬.০৮

জরুরি অবস্থা ঘোষণার পর বন্টনযোগ্য যে ৯৬,৪৪৬ একর জমি ছিল তা ভূমিহীন মানুষ ও ক্ষুদ্র রায়তদের মধ্যে বন্টন করা হয়েছে। ১৯৭৫ সালের নভেম্বর মাস পর্যন্ত ন্যস্ত বাস্তুভূমি বিলির পরিমাণ ছিল ১৫,২৬০ একর—এর মধ্যে ১০,৯৩৪ একর জমি জরুরি অবস্থা ঘোষণার পর বিলি করা হয়।

ভূমিস্বত্বের সর্বাধুনিক রেকর্ড বিভিন্ন প্রকার ভূমি সংস্কার ব্যবস্থা রূপায়ণের মূল অবলম্বন। তাই ভূমির রেকর্ডকে আধুনিক করার জন্য বিভিন্ন জেলায় একটি জরুরি পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

বাস্তুজমির জন্য ব্যবস্থা—রাজ্যের সব কটি জেলাতে যারা ভূমির স্বত্ব পাবার প্রকৃত অধিকারী বলে চিহ্নিত করা গেছে তাদের জমি বিলির কাজ সম্পূর্ণ হয়েছে। তা ছাড়া জমির

জন্য আরও আবেদনপত্র এলে তা গ্রহণ এবং প্রয়োজনীয় ব্যবস্থার জন্য জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে। ১৯৭৬ সালের জানুয়ারি মাসের শেষ অবধি বিলি করা বাস্তুজমির সংখ্যা ২,৯৭,৭০০-এর বেশি।

১৯৭৫ সালের পশ্চিমবঙ্গ কৃষি মজুর ও কারিগরদের জন্য বাস্তুজমি অধিগ্রহণ আইন অনুসারে বাস্তুজমির আইনসঙ্গত অধিকার ন্যস্ত করা হয়েছে।

গ্রামীণ ঋণ—১৯৭৫ সালের অক্টোবর থেকে কার্যকর পশ্চিমবঙ্গ গ্রামীণ ঋণ ত্রাণ আনি, ১৯৭৫-এর ফলে যেসব মহাজনী ঋণ এই আইনের আওতায় এসেছে সেগুলির দু বছর পর্যন্ত ঋণ শোধ স্থগিত থাকবে এবং এই ধরনের ঋণে ঐ সময়ের জন্য কোনও সুদ দিতে হবে না।

তারপর ১৯৭৬ সালের জানুয়ারিতে কার্যকর পশ্চিমবঙ্গ গ্রামীণ ঋণের ত্রাণ আইন, ১৯৭৫ অনুসারে যেসব প্রান্তিক চাষী ১ হেক্টর পর্যন্ত সেচহীন জমির অধিকারী এবং যেসব কৃষি-মজুর ও গ্রামীণ কারিগরদের বার্ষিক আয় ২,৪০০ টাকার উর্ধ্বে নয় তারা মহাজনী ঋণ থেকে সম্পূর্ণ রেহাই পাবেন। এ ছাড়া দু' হেক্টর পর্যন্ত সেচহীন জমি আছে যাদের এমন তফসিলি বা আদিবাসী সম্প্রদায়ভুক্ত চাষীরাও এই ধরনের মহাজনী ঋণ থেকে সম্পূর্ণ মুক্তি পাবেন। এই ধরনের ঋণ ত্রাণ ব্যবস্থাকে দরুন প্রায় ৩৪ লক্ষ কৃষি পরিবার উপকৃত হবেন এবং তাদের প্রায় ৩৫ কোটি টাকার ঋণ সম্পূর্ণ মকুব হবে বলে অনুমান করা হচ্ছে।

এই আইনে যাদের জন্য মহাজনী ঋণের হাত থেকে আংশিক ত্রাণের ব্যবস্থা করা হয়েছে, তাদের মধ্যে আছেন ১ হেক্টর পর্যন্ত সেচ-সেবিত জমির অধিকারী প্রান্তিক কৃষিজীবী, অনধিক দু হেক্টর পর্যন্ত কৃষিজমির অধিকারী ক্ষুদ্র কৃষিজীবী এবং চার হেক্টর পর্যন্ত কৃষিজমির অধিকারী আদিবাসী সম্প্রদায়ভুক্ত ক্ষুদ্র কৃষিজীবী। প্রায় ২১ লক্ষ গ্রামীণ পরিবার এইসব শ্রেণীর অন্তর্ভুক্ত এবং প্রায় ৩২ কোটি টাকার মোট ঋণভার থেকে তারা আংশিক অব্যাহিত লাভ করবেন বলে আশা করা যায়।

৬৭ কোটি টাকার মোট ঋণের দায় থেকে এই যে ৫৫ লক্ষ গ্রামীণ পরিবারের সম্পূর্ণ কিম্বা আংশিক নিষ্কৃতিলাভ, তা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষিজীবী এবং কৃষিমজুরদের উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে উদ্দীপনা জোগাবে। এই ত্রাণব্যবস্থা স্বাভাবিক কারণেই সুদখোর মহাজন এবং বেসরকারি ঋণদাতাদের ক্ষেত্রেই আবদ্ধ রাখা হয়েছে। সমবায়, বাণিজ্যিক ব্যাঙ্ক ও সরকারি ঋণ এই ধরনের ত্রাণব্যবস্থার অন্তর্ভুক্ত করা হয়নি।

রাজ্য সরকারের দরিদ্র মানুষদের জন্য যে আইনগত সহায়তা দেওয়া পরিকল্পনা আছে, তার মধ্যে ক্ষুদ্রচাষী ও বর্গাদারদেরও আনা হয়েছে।

গ্রামীণ ব্যাঙ্ক—মহাজনী ঋণের বিরুদ্ধে আইন পাস হওয়ার ফলে যে শূন্যতা সৃষ্টি হবে তা পূরণের জন্য সমবায় সমিতি, বাণিজ্যিক ব্যাঙ্ক এবং নবপ্রতিষ্ঠিত গ্রামীণ ব্যাঙ্কগুলির মাধ্যমে অনেক বেশি পরিমাণ গ্রামীণ ঋণদানের ব্যবস্থা করতে হবে। পশ্চিমবঙ্গ সরকার যত দ্রুত সম্ভব পাঁচটি সংলগ্ন অঞ্চলে আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক স্থাপনের প্রস্তাব করেছেন—এই

পাঁচটি অঞ্চল সমগ্রভাবে গ্রামীণ বাংলাকে এই ব্যাঙ্ক প্রতিষ্ঠানগুলির আওতায় নিয়ে আসবে। ১৯৭৫ সালের অক্টোবর মাসে মালদাতে প্রধান কেন্দ্র করে মালদা, পশ্চিম দিনাজপুর ও মুর্শিদাবাদ জেলাগুলির জন্য একটি আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক স্থাপিত হয়।

কৃষি-মজুরদের জন্য ন্যূনতম মজুরি—পশ্চিমবঙ্গে কৃষি-মজুরদের প্রাপ্য ন্যূনতম মজুরির হার সংশোধন করা হয়েছে এবং নারী এবং পুরুষ কর্মীর মজুরি সমান করা হয়েছে। রাজ্য সরকার সম্প্রতি একটি সংস্থা গঠনের প্রস্তাব করেছেন যার অন্যতম কাজ হবে কৃষি-মজুররা ন্যূনতম মজুরি পাচ্ছেন কিনা তা দেখা এবং তার জন্য রাজ্যের প্রতিটি ব্লকে একজন করে ন্যূনতম মজুরি পরিদর্শক নিয়োগ করা। কৃষি-মজুরদের কাজের নিরাপত্তা ও আরও কিছু সুযোগসুবিধাকে নিশ্চিত করে একটি আইন রচনার কথা সরকার বিবেচনা করছেন।

সেচ এলাকা সম্প্রসারণ—২০-দফা অর্থনৈতিক কার্যসূচিতে সেচ এলাকা সম্প্রসারণের গুরুত্ব দানের পরিপ্রেক্ষিতে রাজ্য পরিকল্পনার অতিরিক্ত প্রচেষ্টা হিসাবে ৭ কোটি টাকার বর্ধিত খাদ্যোৎপাদন কার্যসূচি গ্রহণ করা হয়েছে। এই কার্যসূচি সেচের উৎসগুলিকে দ্রুত উন্নতির দিকে নিয়ে যাবার জন্য পাম্পসেট সহ ৪,১৬৬টি অগভীর নলকূপ বসিয়ে ৩০,০০০ একর জমিতে সেচ সুনিশ্চিত করবে ৫০০ পুষ্করিণী খনন করে ৫,০০০ একর প্রাথমিক সেচ এলাকার উন্নতি সাধন করবে, ৯০০ একর জমি সেচের জন্য ৬২৫টি কূপ খনন করা হবে এবং খাল খনন, ক্ষুদ্র নিকাশি, গভীর নলকূপ ও নদী থেকে জল উত্তোলন ইত্যাদি ব্যবস্থা মারফত ২০,০০০ একর জমিতে সেচের সুযোগ সম্প্রসারিত করবে। এই কার্যসূচির অঙ্গ হিসাবে উচ্চ ফলনশীল বীজ, রাসায়নিক সার এবং কীটনাশক সহ ৩.৫ লক্ষ মিনিকিট বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষিজীবীদের মধ্যে বিনামূল্যে বিলি করা হয়েছে।

বর্ধিত বিদ্যুৎ কার্যসূচি—সম্প্রতি বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি লক্ষ্যণীয়ভাবে উন্নতি হয়েছে। বর্তমানে বিদ্যুৎ বন্ধের ঘটনা খুবই সামান্য। নতুন এবং সম্প্রসারিত শিল্পসংস্থাগুলির জন্য নতুন ২৮ মেগাওয়াট এবং রাত্রে কাজ করবার জন্য অতিরিক্ত ৩৪ মেগাওয়াট বিদ্যুৎ-সরবরাহ মঞ্জুর হয়েছে।

১৯৭৫ সালের আগস্ট মাসের শেষের দিকে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় অতিরিক্ত সংযোজন হিসাবে ১২০ মেগাওয়াট বিদ্যুৎ শক্তিসম্পন্ন সাঁওতালদিহি বিদ্যুৎকেন্দ্রে দ্বিতীয় ইউনিটটির উদ্বোধন করা হয়।

হস্তচালিত তাঁতক্ষেত্রে উন্নয়ন—কর্মে নিযুক্ত ব্যক্তির সংখ্যা হিসাবে কৃষির পরেই হস্তচালিত তাঁতশিল্পের স্থান। এই কারণে এই শিল্পের উজ্জীবন ও প্রসারের প্রয়োজন খুব বেশি। ২০-দফা কার্যসূচি ঘোষণার পর সমবায় ক্ষেত্রের সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন তন্তুবায়দের সাহায্য করার জন্য পশ্চিমবঙ্গ সরকার পৃথক একটি হস্তচালিত তাঁত এবং বস্ত্র অধিকার স্থাপন করেন। প্রয়োজনীয় তূলা এবং সূতা সরবরাহ ও উৎপন্ন বস্ত্র বিপণনের জন্য পশ্চিমবঙ্গ হস্তচালিত ও বিদ্যুৎচালিত তাঁত উন্নয়ন সংস্থা লিমিটেডের কাজের সঙ্গে এই নতুন অধিকারের কাজের সমন্বয় সাধন করা হচ্ছে।

শিক্ষানবীশ পরিকল্প—২০-দফা অর্থনৈতিক কার্যক্রমে বিভিন্ন বেসরকারি ও সরকারি উদ্যোগগুলিতে শিক্ষানবীশ গ্রহণে যে ঘাটতি আছে, তা পূরণ করার জন্য নির্দেশ আছে। অবস্থা পর্যালোচনা করে দেখা যায় যে প্রায় ১০,৩২৮ জন শিক্ষানবীশকে যেখানে নিয়োগ করা যেতে পারে সেখানে এই নিয়োগে ২,৮৩৩ জনের ঘাটতি ছিল। মালিকপক্ষের সঙ্গে ক্রমান্বয়িক আলোচনা করে এবং এ বিষয়ে বিশেষ অভিযান চালিয়ে শিক্ষানবীশ গ্রহণের এই ঘাটতি মিটিয়ে ফেলা হয়েছে।

শিল্পে শ্রমিকদের অংশগ্রহণ—মালিক সংস্থা এবং কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন থেকে সমান সংখ্যক প্রতিনিধি নিয়ে সরকারি প্রতিনিধিত্ব সহ একটি ত্রি-পাক্ষিক রাজ্য শীর্ষ সংস্থা গঠিত হয়েছে। রাজ্যে শিল্প-সম্পর্ক সংক্রান্ত যাবতীয় গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করা ও নীতি নির্ধারণের দায়িত্ব এই সংস্থার উপরে দেওয়া হয়েছে।

সকল স্তরের কাজে এবং শিল্পের উৎপাদন কর্মসূচিতে শ্রমিকদের অংশগ্রহণের একটি পরিকল্প ভারত সরকারের কাছ থেকে পাওয়া গিয়েছে এবং তার একটি সারমর্ম সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছে দ্রুত রূপায়ণের জন্য প্রচার করা হয়েছে।

সড়ক পরিবহনের জন্য জাতীয় পারমিট পরিকল্প—আগে খাদ্যশস্য, কয়লা, ইস্পাত ও সিমেন্ট পরিবহনের ক্ষেত্রে অসুবিধা থাকার দরুন উৎপাদন ক্ষতিগ্রস্ত হচ্ছিল ; এর পর অবস্থার কিছুটা উন্নতি হলেও ট্রাক চলাচলের সমস্যা বাধা সৃষ্টি করেই চলছিল। এইসব বাধা অপসারণ করার জন্য একটি জাতীয় পারমিট প্রথা অপরিহার্য হয়ে দাঁড়ায়। জাতীয় পারমিট মঞ্জুরের জন্য এই রাজ্যে দরখাস্ত চাওয়া হয়েছে এবং পারমিট দেবার জন্য বহুসংখ্যক দরখাস্তকারীকে বাছাই করা হয়েছে।

আবাসিক ছাত্রদের জন্য নিয়ন্ত্রিত মূল্যে অত্যাবশ্যকীয় সামগ্রী—১৯৭৫ সালের ১লা আগস্ট থেকে বিধিবদ্ধ রেশন এলাকার বাইরে আবাসিক ছাত্রদের অত্যাবশ্যকীয় সামগ্রী সরবরাহের জন্য বিধিবদ্ধ রেশন এলকায় যে হার এবং মূল্য প্রচলিত সেই অনুযায়ী ছাত্রপিছু সপ্তাহে চাল (৫০০ গ্রাম), গম (১,৫০০ গ্রাম), চিনি (২৫০ গ্রাম) ও যেখানে বিদ্যুৎ নেই সেখানে ১ লিটার করে কেরোসিন বরাদ্দ করা হয়েছে। এই ধরনের অত্যাবশ্যক সামগ্রীর জন্য পারমিট পাবার অধিকারী বয়স্ক ইউনিটের আবাসিক সংখ্যা এখন মোট ৪২,৪৩১।

ডাল, মশলা, সর্ষের তেল, সাবান, মনিহারী দ্রব্য ইত্যাদি অত্যাবশ্যকীয় সামগ্রী ছাত্রদের সরবরাহের জন্য একটি কার্যসূচি নেওয়া হয়েছে যার ফলে ডিগ্রী কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলির যদি নিজস্ব কোনও সমবায় ভান্ডার না থাকে তবে সেক্ষেত্রে তাদের ছাত্রাবাসগুলিকে নিকটতম পাইকারি ক্রেতা সমবায় ভান্ডারের সঙ্গে যুক্ত করা হবে।

নিয়ন্ত্রিত মূল্যে পুস্তক ও মনিহারী দ্রব্য—পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়গুলিতে প্রথম থেকে তৃতীয় শ্রেণীর সকল ছাত্রছাত্রীকে বিনামূল্যে সরকার কর্তৃক প্রকাশিত পাঠ্যপুস্তকগুলি সরবরাহের একটি কার্যসূচি রূপায়িত করছেন। এই বছরের শুরু থেকে চতুর্থ শ্রেণীতে পাঠরত ছাত্রছাত্রীদেরও সরকার বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহের সিদ্ধান্ত

নিয়েছেন। পঞ্চম শ্রেণীতে পাঠরত আদিবাসী সম্প্রদায়ভুক্ত সকল ছাত্রকে এবং তফসিলি সম্প্রদায় ও অন্যান্য দুর্বলতর শ্রেণীর ৩০ থেকে ৫০ শতাংশ ছাত্রকে বিনামূল্যে জাতীয়কৃত পাঠ্যপুস্তক বিতরণ করা হচ্ছে।

ন্যায্য মূল্যে পাঠ্যপুস্তকের মুদ্রণ ও প্রকাশনার জন্য মাধ্যমিক শিক্ষা পর্ষদ, বিশ্ববিদ্যালয় এবং বেসরকারি প্রকাশকদের কম মূল্যে থোকে কাগজ সরবরাহ্ করা হচ্ছে। কম মূল্যে যে কাগজ প্রকাশকদের দেওয়া হচ্ছে প্রকাশিত পাঠ্যপুস্তকের মূল্যও যেন সেই অনুসারে কম হয় তা দেখার জন্য একটি কমিটি রয়েছে। শিক্ষার্থীর যাতে ন্যায্য মূল্যে খাতাপত্র পায় তার জন্য খাতা প্রস্তুতকারকদেরও কমমূল্যে কাগজ সরবরাহ্ করা হয়েছে।

জুনিয়র উচ্চ-বিদ্যালয়গুলিতে ৮০টি বই-ব্যাঙ্ক স্থাপন করা হয়েছে। অন্যান্য জুনিয়র উচ্চ-বিদ্যালয় ও মাদ্রাসাগুলিতে আরও ৮০টি বই-ব্যাঙ্ক স্থাপনের জন্য সম্প্রতি আদেশ জারি করা হয়েছে। বই-ব্যাঙ্ক স্থাপনের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে প্রায় ১৩৫টি কলেজ এ পর্যন্ত অনুদান পেয়েছে।

জনসাধারণের জন্য বস্ত্রের মান ও সরবরাহের উন্নতিবিধান—এই রাজ্যের জন্য নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্রের মাসিক যে বরাদ্দ আছে তা পাইকারি ক্রেতা-সমবায় সমিতিগুলির রাজ্য ফেডারেশন লিমিটেড-এর মারফত বন্টন করা হচ্ছে—এরা আবার জেলাভিত্তিক পাইকারি উপসমিতিগুলি এবং ২,২৯৫টি খুচরো বিক্রয়কেন্দ্র মারফত নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্র বিক্রয় করে থাকেন। সমবায় ব্যবস্থার মাধ্যমে বণ্টিত নিয়ন্ত্রিত মূল্যের বস্ত্রের ৯০ শতাংশ গ্রামাঞ্চলে বন্টন করা হচ্ছে। বন্টনের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয়েছে গ্রামাঞ্চলের 'ক' ও 'খ' শ্রেণীর রেশন কার্ডধারীদের। এঁরাই সমাজের দুর্বলতর শ্রেণীর অন্তর্ভুক্ত।

অত্যাবশ্যকীয় সামগ্রীর মূল্য কমিয়ে আনার প্রয়াস—দ্রব্যমূল্য কমানোর জন্য উৎপাদন বৃদ্ধি, সংগ্রহ ত্বরান্বিত করা এবং অত্যাবশ্যকীয় সামগ্রীর বন্টন-ব্যবস্থাকে সঠিক পথে এগিয়ে নেওয়ার ব্যবস্থা করা হয়েছে। ক্ষুদ্র ও বড় ব্যবসায়ীদের মজুত জিনিসপত্রের বিবরণ ও মূল্য তালিকা টাঙিয়ে দেবার নির্দেশ দেওয়া হয়েছে। ১৯৭৫ সালের জুলাই মাসের প্রথম ভাগে এক সংশোধিত আদেশবলে পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য সামগ্রীর মূল্য এবং মজুত ঘোষণা আদেশ, ১৯৭১-এর তালিকায় বহু নতুন পণ্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং পরে ভারতরক্ষা আইনের বলে ১৯৭৫-এর আগস্ট মাসে প্রচারিত একটি সংশোধিত আদেশে আরও কিছু পণ্য এর অন্তর্ভুক্ত করা হয়েছে। এই আদেশ নিশ্চিতভাবে কার্যকর করার জন্য একটি কমিটির ওপর দায়িত্ব ন্যস্ত করা হয়েছে।

সর্ষের বীজ, সর্ষের তেল, ডাল, লবণ, লেভি-মুক্ত চিনি সেইসঙ্গে বস্ত্র, কেরোসিন, সিমেন্ট, শিশুখাদ্য, শফ্‌ট কোক ইত্যাদির মতো কতকগুলি জিনিসের বাজারে আমদানি ও মূল্যের প্রতি কড়া নজর রাখা হয়েছে। জরুরি অবস্থা ঘোষণার সময়ে থেকে এইসব জিনিসের সরবরাহ্ ও মূল্যস্তর আগের তুলনায় অনেক ভালো হয়েছে।

শহরের জমির সমাজতন্ত্রীকরণ—২০-দফা কার্যসূচিতে শহরের জমি সম্পর্কে কয়েকটি

গুরুত্বপূর্ণ ব্যবস্থার কথা ঘোষণা করা হয়েছে। জাতীয় স্বার্থের ক্ষতি করে শহরের জমি হস্তান্তর করে প্রভূত সম্পদ সৃষ্টি হয়েছে। জমি নিয়ে ফাটকাবাজি ও শহরের সম্পত্তি পুঞ্জীভবনের ফলে সামাজিক অসাম্যের সৃষ্টি হয়েছে এবং অপরিকল্পিতভাবে শহরের বৃদ্ধি ঘটেছে বলেই এই ব্যবস্থাগুলি গ্রহণের সিদ্ধান্ত করা হয়েছে। শহরের খালি জমির মালিকানার সর্বোচ্চ সীমা নির্দিষ্ট করার জন্য কেন্দ্রীয় আইন হয়েছে। এই আইন পশ্চিমবঙ্গে প্রযুক্ত হবে।

সাধারণভাবে—গ্রামীণ ভারতের চেহারা বদলে দেবার জন্য, বহু যুগের শোষণ ও দারিদ্র্য বন্ধন থেকে গ্রামের দরিদ্র জনগণের মুক্তির জন্য, উৎপাদন বৃদ্ধি ও পরিচালন ব্যবস্থায় শ্রমিক শ্রেণীর অংশ গ্রহণের জন্য এবং উৎপাদনকে উন্নততর করার কাজে শিল্প পরিচালক ও শিল্পোদ্যোগীদের অকুণ্ঠ প্রয়াসের জন্য ২০-দফা কর্মসূচি এক অভূতপূর্ব সুযোগ এনে দিয়েছে।

পঞ্চম পরিকল্পনার কাঠামো এবং অগ্রাধিকার—দারিদ্র্য দূরীকরণ, উন্নতিকে ত্বরান্বিত করা, সামাজিক ন্যায়বিচার সুনিশ্চিত করা এবং অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের জন্য পরিকল্পনা হল একটি হাতিয়ার। তবে অর্থনৈতিক বৃদ্ধিই যথেষ্ট নয়। অর্থনৈতিক উন্নয়নের প্রকৃতি এমন হওয়া চাই যাতে উনয়নের সুফলগুলি সমাজের দুর্বলতর শ্রেণীর জনগণ, অনগ্রসর এলাকা এবং অনগ্রসর সম্প্রদায়ের নাগালে আসে। অর্থনৈতিক উন্নয়নকে এই কারণে সামাজিক ন্যায়বিচারের সঙ্গে একাত্ম হতে হবে।

যে পরিবর্তন আনতে হবে, তা সে প্রাতিষ্ঠানিকই হোক বা আর্থিকই হোক, তার মূলে চাই সচেতন প্রয়াস আর সুচিন্তিত পরিকল্পনা, যে প্রয়াস ও পরিকল্পনা সামাজিক বৃদ্ধিকে ত্বরান্বিত করবে আর অসমান্যকে সুদৃঢ়ভাবে কমিয়ে আনবে। একমাত্র তা হলেই জনসাধারণের দারিদ্র্য দূর করা সম্ভব হবে। সুতরাং সেই ধরনের জাতীয় উৎপাদনরীতি কার্যকর করতে হবে যাতে যথেষ্ট পরিমাণ কর্মসংস্থান বাড়তে পারে, দরিদ্র জনসাধারণের আয় বাড়তে পারে এবং সেই সঙ্গে খাদ্যবস্তু ও সাধারণের ব্যবহার্য ভোগ্যপণ্যের উৎপাদন বাড়তে পারে।

অর্থনীতিতে রাজ্য সরকারের সুনির্দিষ্ট ভূমিকা না থাকলে দারিদ্র্য দূরীকরণ, সামাজিক ন্যায়বিচার এবং অর্থনৈতিক স্বনির্ভরতার এই সমস্ত লক্ষ্য পূরণ সম্ভব নয়।

পরিকল্পনা ও গ্রামীণ অর্থনীতি—আমাদের জনগণের ৭০ শতাংশেরও বেশি গ্রামাঞ্চলে বাস করেন। এইসব অঞ্চলে এক বিরাট শ্রমশক্তির সমাবেশ ঘটেছে। গ্রামাঞ্চলে দারিদ্র্যের এই দুষ্টচক্রের অবসান ঘটাতে হলে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ব্যবস্থার বহুমুখীকরণ ও নিবিড়ীকরণ করতে হবে এবং লোক-শক্তির সদ্ব্যবহার করতে হবে।

দেশের শ্রমশক্তির বিশেষ করে গ্রামাঞ্চলের শ্রমশক্তির জন্য কতটা কাজ ও জীবিকার ব্যবস্থা আমরা করতে পারব এবং গ্রামীণ অর্থনীতির দ্রুত বিকাশের পক্ষে প্রয়োজনীয় বিনিয়োগের জন্য পর্যাপ্ত সম্পদ কতখানি সৃষ্টি করতে পারব তারই উপর নির্ভর করছে আমাদের পরিকল্পনার সাফল্য।

গ্রামীণ ক্ষেত্রে আমাদের শ্রমশক্তির অধিকাংশই নিয়োজিত কৃষিকাজে। আমাদের রাজ্যের আয়ের অনেকটাই (শতকরা ৪৫ ভাগের বেশি) আসে কৃষি থেকে। যেখানে শ্রমশক্তি উদ্বৃত্ত

সেখানকার গ্রামীণ অর্থনীতির দ্রুত ও স্বনির্ভর বিকাশ সম্ভব হতে পারে কৃষি ও সংশ্লিষ্ট শ্রমনিবিড় ক্ষেত্রের উন্নয়ন ত্বরান্বিত করে। সে কারণে আমাদের পরিকল্পনায় কৃষি সেচ, বিদ্যুৎ, ভূমিসংরক্ষণ ও পশুপালন সংক্রান্ত কার্যধারার জন্য বেশি পরিমাণ বরাদ্দ ধরা হয়েছে। এইগুলির সঙ্গে গ্রামীণ ও ক্ষুদ্রায়তন শিল্প সম্পর্কে কার্যসূচি গ্রহণ এবং কৃষিজীবীদের ঋণ সরবরাহের ব্যবস্থার ফলে গ্রামের দরিদ্র জনগণের পক্ষে লাভজনক ও উৎপাদনমূলক কাজ ও কর্মসংস্থানের সুযোগ বিশেষভাবে সম্প্রসারিত করা যেতে পারে।

ক্ষুদ্রসেচ সহ কৃষিক্ষেত্রে ১৯৭১-৭২ সালে যেখানে মোট ব্যয় হয়েছিল ২০.৩৮ কোটি টাকা সেখানে ১৯৭৬-৭৭ সালে তা বেড়ে দাঁড়াবে ৫৭.৮৬ কোটি টাকা। পশুপালন, মৎস্য চাষ ও দুগ্ধ সরবারহ খাতে ১৯৭১-৭২ সালে লগ্নি হয়েছিল ১২.৫৪ কোটি টাকা, ১৯৭৬-৭৭ সালে হবে ৩৫.৪৭ কোটি টাকা। সেচ ও বন্যা নিয়ন্ত্রণ বাবদ ১৯৭১-৭২ সালে বরাদ্দের পরিমাণ ছিল ৩২.৫৯ কোটি টাকা, ১৯৭৬-৭৭ সালে তা হবে ৬৬.২৯ কোটি টাকা।

আমাদের পরিকল্পনায় সেইসব ক্ষেত্রে সর্বাধিক অগ্রাধিকার দেওয়া হয়েছে যেসব ক্ষেত্র গ্রামীণ অর্থনীতির বহুমুখীকরণ এবং গ্রামীণ উৎপাদন বৃদ্ধির ব্যাপারে সাহায্য করবে। গ্রামীণ শিল্পায়নের পদ্ধতিরও চরিত্রগত পরিবর্তন ঘটাতে হবে—এতদিন ছিল গ্রামবাসীর প্রাথমিক প্রয়োজন মেটাবার উপযোগী সামান্য ব্যবসা, এখন করতে হবে উন্নত আধুনিক শিল্পকৌশলের ভিত্তিতে ব্যাপক হারে ক্ষুদ্রশিল্পের পত্তন। একদিকে কৃষি ও ক্ষুদ্রায়তন শিল্প ও অন্যদিকে বৃহদায়তন শিল্প এই দুয়ের সঙ্গে সুষ্ঠু সংযোগ রক্ষা করতে পারলে গ্রামীণ শিল্পায়নের নতুন বিন্যাস পরিস্ফুটিত হয়ে উঠে গ্রামীণ অর্থনীতিতে প্রয়োজনীয় গতিসঞ্চার করতে সমর্থ হবে।

ন্যূনতম প্রয়োজনভিত্তিক কর্মসূচি রূপায়ণের দ্বারা পল্লী এলাকায় স্বাস্থ্য, প্রাথমিক শিক্ষা, পুষ্টি, পানীয় জল, বসত জমি, সড়ক ও বৈদ্যুতিকরণ এইসব ব্যবস্থা হওয়ার ফলে গ্রামীণ জনগণের জীবনযাত্রার মান উন্নীত হওয়ার পথ সুগম হবে। এই কার্যসূচি গ্রামীণ উন্নতিতে অপরিহার্য মৌল ব্যবস্থাদি সম্প্রসারণেরও সহায়ক হবে এবং পল্লী এলাকার অর্থনৈতিক উন্নয়নের সুযোগ সৃষ্টি করবে। এর ফলে শুধু যে এতকালকার অবহেলিত পল্লী এলাকার উন্নতি সাধন হবে তাই নয়, আমাদের উন্নয়নমূলক কর্মসূচিতে গ্রামীণ জনগণের একাত্মতা ও অংশগ্রহণের মনোভাবও গড়ে উঠবে।

গ্রামবাংলার অর্থনীতিতে প্রাণসঞ্চার করার উদ্দেশ্য বার্ষিক পরিকল্পনায় কৃষির আধুনিকীকরণের এক সংহত কর্মসূচি নেওয়া হয়েছে। এ কর্মসূচির উদ্দেশ্য হল কৃষিতে আজকের দিনের প্রযুক্তিবিদ্যা ও আধুনিক বস্তু-বিনিয়োগের ব্যবস্থা করা। কৃষি উন্নয়ন এবং গ্রামীণ অর্থনীতিতে প্রাণসঞ্চারের ব্যাপারে আমরা যে বিশেষ গুরুত্ব আরোপ করেছি তা বোঝা যাবে এ থেকে যে, চলতি বছরের বাজেটে কৃষি উৎপাদন খাতে যে বার্ষিক বরাদ্দ ছিল তার অতিরিক্ত ৬ কোটি টাকা বরাদ্দ করা হয় প্রধানত কৃষি উৎপাদন বৃদ্ধির ব্যাপারে কয়েকটি শ্রমনিবিড় প্রকল্প রূপায়ণের জন্য গ্রামীণ উৎপাদন কর্মসূচিতে এবং আরও ৭ কোটি টাকার ব্যবস্থা করা হয় প্রধানত সেচ ব্যবস্থার সম্প্রসারণ এবং খাদ্যোৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে এক বিশেষ জরুরি পরিকল্প রূপায়ণের জন্য।

পরিকল্পনা, আঞ্চলিক বৈষম্য এবং অনগ্রসর এলাকার উন্নয়ন—এ রাজ্যের মোট আয়ের বড় অংশটাই আসে কলকাতা ও তার সন্নিহিত এলাকা থেকে। রাজ্যের নিবন্ধভুক্ত কলকারাখানায় ১৯৬১ সালে কর্মরত মোট ব্যক্তির শতকরা ৮৩ ভাগই নিযুক্ত ছিলেন কলকাতা, হাওড়া, হুগলি ও চব্বিশ পরগনা জেলায়। পশ্চিমবঙ্গের বাকি অংশ তেমন উন্নত হয়ে ওঠেনি এবং তার মধ্যে কিছু এলাকা আবার বিশেষভাবে অনগ্রসর। দারিদ্রসীমার নিচেকার মানুষ বেশির ভাগই বাস করেন এইসব অনগ্রসর এলাকায়। যাতে এইসব অনগ্রসর এলাকায় অর্থনৈতিক ক্রিয়াকলাপের বিস্তার ঘটে এবং সুষম আঞ্চলিক উন্নয়ন হয় তা সুনিশ্চিত করতে হবে আমাদের পরিকল্পনা প্রয়াসকে।

পঞ্চম পরিকল্পনাকালে এইসব অনগ্রসর ও স্বল্পাগ্রসর এলাকায় মৌলিক সুযোগ'সুবিধা ও উন্নয়নপ্রকল্পের কাজ সম্প্রসারণ করাতে অগ্রাধিকার দেওয়া হয়েছে। অনগ্রসর এলাক সমূহের ত্বরান্বিত উন্নয়নের জন্য ১৯৭৬-৭৭ সালের সাধারণ পরিকল্পনা লগ্নির অতিরিক্ত মোট ১ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

অনগ্রসর দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলগুলিতে উন্নয়নমূলক কার্যাবলির সমন্বয়সাধন ও গতিবৃদ্ধির উদ্দেশ্যে একটি পার্বত্য এলাকা বিষয়ক শাখা গঠন করা হয়েছে। এই এলাকায় বিবিধ উন্নয়ন কার্যসূচি রূপায়ণের জন্য ১৯৭৫-৭৬ সালে কেন্দ্রীয় সরকার ২ কোটি ৫০ লক্ষ টাকা দেবেন বলে মনে করা হচ্ছে। এছাড়া রাজ্য সরকার তাদের বিভিন্ন উন্নয়ন খাতে যে অঙ্ক বরাদ্দ করছেন তা থেকে এইসব অঞ্চলের উন্নয়নে প্রায় ১ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয় হবে। পার্বত্য অঞ্চলের উন্নয়নে রাজ্য সরকার যে গুরুত্ব দিয়েছেন তার সুফল ইতিমধ্যেই এইসব অঞ্চলের অর্থনীতিতে পরিলক্ষিত হচ্ছে।

সুন্দরবন উন্নয়ন পর্ষদ দেখাশুনা করেন অনগ্রসর সুন্দরবন এলাকার উন্নয়নের অগ্রগতি। সুন্দরবন উন্ননয়নের জন্য আগামী বছরে সাধারণ পরিকল্পনা বরাদ্দের অতিরিক্ত ৬০ লক্ষ টাকার বিশেষ ব্যবস্থা রাখা হয়েছে। চলতি বছরে ৫০.৭৪ লক্ষ টাকা বরাদ্দের ফলে সুন্দরবন অঞ্চলে এতকাল অব্যবহৃত ২,৭০০ একর জমিতে দ্বিতীয়বার ফসল তোলা সম্ভব হয়েছে এবং সুন্দরবনে কতকগুলি জেটি, কাঠের সেতু, স্লুইস, কালভার্ট ও ইট-বাঁধানো পথ নির্মিত হয়েছে। 'কেয়ার' থেকে পাওয়া গমের সাহায্যে "কাজের জন্য খাদ্য" কর্মসূচি অনুসারে সুন্দবনে যেসব আড়াআড়ি বাঁধ নির্মিত হয়েছে এবং খাল ও পুকুর পুনরায় খনন করা হয়েছে তার ফলে ১২,০০০ হেক্টরের মতো এলাকা সেচের সুবিধা পাবে এবং মরসুমী বেকাররা কাজ পাবেন।

ঝাড়গ্রামের অনগ্রসর ও আদিবাসী অধ্যুষিত এলাকার সংহত উন্নয়নের উদ্দেশ্যে ১৯৭৫-৭৬ সালের গোড়ায় অতিরিক্ত ১৭ লক্ষ টাকা বিশেষভাবে বরাদ্দ করা হয়। ঐ এলাকায় বিভিন্ন সরকারি বিভাগ যেসব উন্নয়নমূলক কার্যসূচি পরিচালনা করছেন এই টাকা তার অতিরিক্ত।

বর্ধমান জেলার কাঁকসা ও বুদবুদ এলাকার ভূমিহীন কৃষক এবং তফসিলি সম্প্রদায় ও আদিবাসীদের কর্মসংস্থানের উদ্দেশ্যে এ বছরে কতকগুলি অতিরিক্ত বিশেষ কার্যসূচি অনুমোদিত

হয়েছে।

দুর্গাপুর, হলদিয়া, কল্যাণী, ফরাক্কা, খড়গপুর, শিলিগুড়ি, আসানসোল ও সাঁওতালদি বিকাশকেন্দ্র হিসাবে গড়ে উঠছে। আসানসোল, হলদিয়া, দীঘা, কল্যাণী ও শিলিগুড়ি এইকটি শহরের জন্য অন্তর্বর্তী উন্নয়ন পরিকল্পনা ইতিমধ্যে রচিত হয়ে গেছে এবং ফরাক্কা খড়গপুর ও জলপাইগুড়ির উন্নয়নের জন্য পরিকল্পনা এখন প্রণয়ন করা হচ্ছে। পরিকল্পনাহীন প্রসার রোধের উদ্দেশ্যে পরিকল্পনা এলাকা (জমির ব্যবহার ও উন্নয়ন) নিয়ন্ত্রণ আইন, ১৯৬৫-র বিধানবলি হলদিয়া, দীঘা, খড়গপুর, আসানসোল, ফরাক্কা, কল্যাণী, পুরুলিয়া জলপাইগুড়ি ও দার্জিলিং-এ সম্প্রসারিত হয়েছে।

জেলা শহরগুলির উন্নয়ন এবং সেসব শহরের উন্নতির জন্য অপরিহার্য মৌল উপকরণ সংক্রান্ত সুবিধাদি সৃষ্টির জন্য ১৯৭৪-৭৫ সালে প্রথম ১১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়। ১৯৭৫-৭৬ সালে এই বরাদ্দ বাড়ানো হয়েছিল ৩৪ লক্ষ টাকায়। এই দুই বছরে যেসব শহরের উন্নয়নের ব্যাপারে অর্থ বরাদ্দ করা হয়েছিল সেগুলি হল বালুরঘাট, বাঁকুড়া, বহরমপুর, বর্ধমান, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কৃষ্ণনগর, মালদা, মেদিনীপুর ও সিউড়ি।

পরিকল্পনায় বিরতি নেই—আমাদের উন্নয়নের লক্ষ্য এবং ন্যায়সঙ্গত সমাজসংগঠনের উদ্দেশ্য যাতে করে দ্রুত বাস্তবায়িত করা যেতে পারে তারই কর্মনীতি বিধৃত পরিকল্পনায়। কেবল উন্নয়ন হওয়াটাই যথেষ্ট নয়, সেই উন্নতি যাতে দ্রুতগতিতে সম্পন্ন হয় তা সুনিশ্চিত করাও অত্যাবশ্যক এবং সেই সঙ্গে দেখতে হবে যে উন্নয়নের ফলে যেন এমন এক সমাজব্যবস্থা গড়ে ওঠে যাতে অর্থনৈতিক বৃদ্ধির উদ্দেশ্য এবং সামাজিক ন্যায় ও স্বয়ম্ভরতার আদর্শ রূপায়িত হয়। যেহেতু এই লক্ষ্যে পৌঁছানোর জন্য পরিকল্পনা অপরিহার্য সেইহেতু পরিকল্পনায় কোনও বিরতি হতে পারে না এবং এইসব আকাঙ্ক্ষিত লক্ষ্য থেকে আমরা পিছু হঠতে পারি না।

তেল এবং খাদ্যশস্যের আন্তর্জাতিক দাম প্রচণ্ডভাবে বেড়ে যাওয়ার জন্য সারা বিশ্বব্যাপী যে মুদ্রাস্ফীতি ঘটেছে তার ফলে আমাদের অর্থনীতিতে প্রবল চাপের সৃষ্টি হয়েছে। এইভাবে মূল্যবৃদ্ধি হওয়ার ফলে সারা বিশ্বে লেনদেনের প্রণালীর অনেকটা বদল হয়েছে। অনেক দেশের অর্থনৈতিক বিকাশের গতি শ্লথ হয়েছে এবং আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থার কার্যকারিতায় অনিশ্চয়তা দেখা দিয়েছে। এরূপ মূল্যস্ফীতির অর্থনীতিতে পঞ্চম পরিকল্পনায় আর্থিক আয়তন সঠিকভাবে নিরূপণ করা সহজসাধ্য ছিল না। কারণ এ ধরনের পরিকল্পনার আকার নির্দিষ্ট করার অনেকগুলি উপাদানই ছিল অনিশ্চিত। তবে অর্থনৈতিক ক্ষেত্রে অনিশ্চয়তা থাকলে পরিকল্পনার প্রয়োজন হ্রাস পায় না, বরং বাড়ে। কারণ বহুযুগের অচলাবস্থা ভাঙতে গেলে, বৃদ্ধির স্বয়ম্ভরতার, প্রগতির অর্থনীতি গড়তে গেলে, কায়েমি বৈষম্য দূর করতে গেলে সমাজব্যবস্থাকে অর্থনৈতিক পরিকল্পনায় অনুশাসনে নিয়ে আসতেই হবে। এইসকল আদর্শ রূপায়ণ করার হাতিয়ার যে পরিকল্পনা তার কখনই বিরতি হতে পারে না।

বৃহত্তর পরিকল্পনা ও উদ্বৃত্ত বাজেট—অতীতে সম্পদ সংগ্রহ এবং উন্নয়ন কার্যক্রমের উপর যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়নি। কোনও কোনও সরকার ছিলেন 'নরম সরকার' তাঁরা

প্রয়োজনীয় সম্পদ সংগ্রহের চেষ্টাই করেন নি ; আবার কোনও কোনও সরকারের অভিমত ছিল প্রচলিত সংবিধানের কাঠামোর আমূল পরিবর্তন না করলে জনগণের ত্রাণ সম্ভব নয় আর তাই সম্পদ সংগ্রহের চেষ্টাও বৃথা। পূর্ববর্তী সরকারগুলি সম্পদ সংগ্রহ করতে চাননি বা পারেন নি বলে তাদের পরিকল্পনাগুলির আয়তন ছিল ছোট এবং উন্নয়নমূলক কাজও হয়েছে অল্প। ১৯৬৯-৭০ সালের পরিকল্পনা ব্যয় ছিল মাত্র ৪৫ কোটি টাকা। ১৯৬৭-৬৮ সালের পরিকল্পনায় দরুন যে ৫১ কোটি টাকা ব্যয় হয়েছিল এ টাকা তার থেকেও ৬ কোটি কম।

১৯৭২ সালের পূর্বে সম্পদ সংস্থানের ব্যাপারে তেমন উদ্‌যোগ নেওয়া হয়নি বলে তখনকার বাজেটগুলিতে প্রচুর ঘাটতি পড়ত এবং সে কারণে পরিকল্পনায় কাটছাঁট করতে হত এবং উন্নয়মূলক কাজকর্ম কেটে বাদদিতে হত। ঘাটতি বাজেট আর ঘাটতি অর্থসংস্থান এক কথা নয়। রিজার্ভ ব্যাঙ্কে রাজ্য সরকারের ওভারড্রাফট করার সীমা এখন বেঁধে দেওয়া হয়েছে এবং বর্তমানে রাজ্য সরকারগুলির পক্ষে ঘাটতি অর্থসংস্থানের দ্বারা বাজেটের ঘাটতি পূরণ করার উপায় নেই বললেই চলে। ঘাটতি বাজেটের ফলে আজকাল আসলে যা ঘটে তা হল ঐ ঘাটতির পরিমাণটুকু পরিকল্পনায় ব্যয় থেকে ছেঁটে দেওয়া হয়। ঐরূপ ঘাটতির দরুনই, ১৯৬৬-৬৭ বা ১৯৬৭-৬৮ বা ১৯৬৯-৭০ সালের বার্ষিক পরিকল্পনার জন্য অনুমতি বরাদ্দ বিনিয়োগ করা যায়নি। ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ এবং ১৯৬৯-৭০ সালের পরিকল্পনা বাবদ যে ব্যয় করা হবে বলে ঘোষণা করা হয়েছিল আসলে তার থেকে কম খরচ হয়েছে, যথাক্রমে ১৪.৮১ কোটি, ১৮.৯৪ কোটি এবং ১০ কোটি টাকা।

১৯৭২ সাল থেকে আমাদের প্রধান প্রয়াস হল উন্নয়নের কাজ বিস্তৃততর করে তোলা এবং সে কারণে আমরা পরিকল্পনার আয়তন বৃদ্ধির জন্য সম্পদ সংগ্রহের সবরকম চেষ্টা চালিয়েছি। ১৯৭২-৭৩ সাল শুরু হয় প্রায় ৩৪ কোটি টাকার ঘাটতি নিয়ে। এই ঘাটতি বর্তমান সরকারের উপর বর্তেছিল। সে বছর আমরা এভাবে সম্পদের সংস্থান করি যার ফলে খরাত্রাণের জন্য বাজেট বরাদ্দের অতিরিক্ত ১৪ কোটি টাকা খরচ করা সত্ত্বেও পরিকল্পনার আকার ১৯৭১-৭২ সালের ৬৬ কোটি টাকা থেকে ১৯৭২-৭৩ সালে ৭৩ কোটি টাকায় তোলা যায় এবং পরে সে বছরের পরিকল্পনায় আয়তন আরও বাড়িয়ে ৮৯ কোটি টাকায় নিয়ে যাওয়া সম্ভব হয়।

১৯৭৩-৭৪ সালে আবার আমরা এমনভাবে সম্পদের সংস্থান করি যাতে আমরা ত্রাণ খাতে বরাদ্দের অতিরিক্ত ৫ কোটি টাকা খরচ করেও পরিকল্পনা বাবদ ব্যয় করি ১০৭ কোটি টাকা (আগের বছরের চেয়ে ১৮ কোটি টাকা বেশি)। ১৯৭৪-৭৫ সালে আমরা পরিকল্পনার আয়তন বৃদ্ধি করে ১৫০ কোটি টাকায় নিয়ে যাই এবং তাসত্ত্বেও পুরানো ঘাটতির অঙ্ক আরও কমানো যায়। ১৯৭৫-৭৬ সালে পরিকল্পনায় আয়তন আরও বাড়িয়ে করা হল ১৭১ কোটি টাকা এবং সেইসঙ্গে সব পুরানো ঘাটতি মিটিয়ে মূল হিসাবে উদ্বৃত্ত হল ২৭ লক্ষ টাকা।

পশ্চিমবঙ্গে পরিকল্পনায় বিনিয়োগ—গত তিন বছর ধরে পশ্চিমবঙ্গ সহ সব রাজ্যের

জন্য পরিকল্পনা বাবদ কেন্দ্রীয় সহায়তার পরিমাণ বাড়ে নি। চতুর্থ পরিকল্পনার শেষ বৎসর, ১৯৭৩-৭৪ সালে, যখন পরিকল্পনার আকার ছিল ৯০ কোটি টাকা তখন কেন্দ্রীয় সহায়তার অঙ্ক ছিল ৪৫ কোটি টাকা। পঞ্চম পরিকল্পনার প্রথম বছর ১৯৭৪-৭৫ সালে যখন রাজ্য সরকার সম্পদ সংগ্রহের জন্য ব্যাপক উদ্যম চালিয়ে পরিকল্পনার আয়তন বাড়িয়ে ১৫০ কোটি টাকা করলেন তখনও কেন্দ্রীয় সহায়তার পরিমাণ কিন্তু রয়ে গেল সেই ৪৫ কোটি টাকা। চলতি বছরে পরিকল্পনার আকার বৃদ্ধি পেয়ে হয়েছে ১৭১ কোটি টাকা। তবু কেন্দ্রীয় সহায়তার অঙ্ক ৪৫ কোটি টাকাতেই নির্দিষ্ট আছে। কেবল পরে কংসাবতী প্রকল্পের দরুন অতিরিক্ত এক কোটি টাকা পাওয়া গিয়েছে।

১৯৭৬-৭৭ সালের জন্য কেন্দ্রীয় সহায়তার পরিমাণ ৪ কোটি ৪৯ লক্ষ টাকা বেড়েছে এবং রাজ্যের থেকে ঋণ তোলার অনুমোদিত পরিমাণ বেড়েছে ৪ কোটি ১০ লক্ষ টাকা। ১৯৭৬-৭৭ সালের জন্য পরিকল্পনায় বিনিয়োগের নির্দিষ্ট হয়েছে ২৩২ কোটি টাকায় অর্থাৎ চলতি বছরের পরিকল্পনার প্রাথমিক বরাদ্দের চেয়ে ৬১ কোটি টাকা বেশি।

এই প্রসঙ্গে স্মরণ করা যেতে পারে যে, পশ্চিমবঙ্গে ১৯৬৬-৬৭ থেকে ১৯৭১-৭২ সাল পর্যন্ত বার্ষিক পরিকল্পনায় বৃদ্ধি ঘটেছিল ৫৩ কোটি টাকা থেকে ৬৬ কোটি টাকা —অর্থাৎ পাঁচ বছরে মাত্র ১৩ কোটি টাকা। বর্তমান সরকার, জনগণের সমর্থনে ও সহযোগিতায়, পরিকল্পনার আকার ১৯৭১-৭২ সালের ৬৬ কোটি টাকা থেকে ১৯৭৬-৭৭ সালে ২৩২ কোটি টাকায় তুলতে পেরেছেন—অর্থাৎ পাঁচ বছরে বৃদ্ধির পরিমাণ ১৬৬ কোটি টাকা।

প্রথম তিনটি পরিকল্পনাকালে পরিকল্পনার জন্য প্রকৃত ব্যয় হয়েছিল মোট ৫২১ কোটি টাকা (পঞ্চম পরিকল্পনা—৬৮ কোটি টাকা, দ্বিতীয় পরিকল্পনা—১৪৮ কোটি টাকা, তৃতীয় পরিকল্পনা—৩০৫ কোটি টাকা=৫২১ কোটি টাকা)। পঞ্চম পরিকল্পনার কেবল প্রথম তিন বছরেই আমাদের পরিকল্পনা বাবদ যে ৫৫৩ কোটি টাকা (প্রথম বছর—১৫০ কোটি টাকা, দ্বিতীয় বছর—১৭১ কোটি টাকা তৃতীয় বছর—২৩২ কোটি টাকা=৫৫৩ কোটি টাকা) ব্যয় হবে তা আমাদের পরিকল্পনার প্রথম পনের বছরের ব্যয়ের পরিমাণের চেয়েও অনেকখানি বেশি। প্রকৃতপক্ষে, প্রথম তিনটি পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং ১৯৭১-৭২ সাল পর্যন্ত চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম তিন বছর অবধি পরিকল্পনা বাবদ যেখানে সাকুল্যে ব্যয় হয়েছিল ৬৮৭ কোটি টাকা, সেখানে বর্তমান সরকার ১৯৭২-৭৩ থেকে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত যে পাঁচ বছরের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করেছেন তাতে মোট অর্থবিনিয়োগের পরিমাণ হবে ৭৭৮ কোটি টাকা।

বড় আকারের পরিকল্পনা এবং বর্ধিত পরিমাণে রাজ্য আয়—গত কয়েক বছর এই রাজ্যে রেকর্ড পরিমাণ সম্পদ সংগ্রহ করা হয়েছে। এই কারণেই পরিকল্পনা কমিশন ১৯৭৬-৭৭ সালের জন্য ২৩২ কোটি টাকার মতো বড় আকারের পরিকল্পনায় সম্মতি জানিয়েছেন।

১৯৭২-৭৩ সাল থেকে বর্তমান সরকার প্রতি বছরে পরিকল্পনার আয়তন উল্লেখযোগ্য পরিমাণে বাড়িয়ে তুলতে সমর্থ হয়েছে। পরিকল্পনার এই আয়তন বৃদ্ধি, এবং তার ফলে উন্নয়ন কার্যক্রমের প্রসার এ রাজ্যের আয় প্রভূত পরিমাণে বাড়াতে সাহায্য করেছে।

১৯৭৩-৭৪ সালে রাজ্য আয় চলতি মূল্যমানে আগের বছরের চেয়ে প্রায় ১৬.৬ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। ১৯৭২-৭৩ সাল থেকে পশ্চিমবঙ্গে মাথাপিছু আয়ও ধীরে ধীরে বেড়ে চলেছে। ১৯৭৩-৭৪ সালে যেখানে চলতি মূল্যমানে মাথাপিছু আয় ছিল ৯০৯.৭ টাকা সেখানে ১৯৭৪-৭৫ সালে তা হয় ১০৬৫.৩ টাকা, অর্থাৎ এক বছরে বৃদ্ধির পরিমাণ ১৭.১ শতাংশ।

বিভিন্ন রাজ্যের পরিকল্পনার আকার—১৯৭১-৭২ সাল থেকে ১৯৭৬-৭৭ সালের মধ্যে বিভিন্ন রাজ্যের পরিকল্পনার আকারে শতকরা হারে যে বৃদ্ধি ঘটেছে তাতে পশ্চিমবঙ্গের বৃদ্ধি সর্বাধিক। এই সময়ে পরিকল্পনার আয়তন পশ্চিমবঙ্গে বৃদ্ধি পেয়েছে ৩৫২ শতাংশ, কর্ণাটকে ২৮৬ শতাংশ, মহারাষ্ট্রে ২৫৬ শতাংশ, গুজরাটে ২০১ শতাংশ এবং তামিলনাড়ুতে ২২১ শতাংশ।

প্রচুর পরিমাণে সম্পদ সংগ্রহ—পরিকল্পনা কমিশন পঞ্চম পরিকল্পনাকালে রাজ্য সরকারের জন্য সম্পদ সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করে দিয়েছিলেন ১৫০ কোটি টাকায়। পঞ্চম পরিকল্পনাকালের জন্য রাজ্য সরকার ইতিমধ্যে যে অতিরিক্ত সম্পদ আহরণের ব্যবস্থা নিয়েছেন তা ঐ লক্ষ্যমাত্রার চেয়ে অনেক বেশি। এই অর্থের পরিমাণ প্রায় ২৬২ কোটি টাকা মতো হবে।

বরাদ্দ—আমি এখন চলতি বৎসরের সংশোধিত বরাদ্দ এবং ১৯৭৬-৭৭ সালের বাজেট বারদ্দের কথা আলোচনা করব। বাজেট সম্পর্কিত দলিলগুলিতে বরাদ্দের বিস্তৃত বিবরণ এবং বরাদ্দে তারতম্যের কারণ নির্দেশ করা হয়েছে। শ্বেত পুস্তকে পরিকল্পনা পরিকল্পগুলি এবং অন্যান্য উন্নয়ন পরিকল্পগুলির বিস্তারিত বিবরণ আছে।

১৯৭৫-৭৬ সাল—প্রারম্ভিক তহবিল—১৯৭৫ সালের মার্চ মাসের শেষের দিকে আমরা রাজ্য পরিবহন কর্পোরেশনের জন্য অতিরিক্ত বাস কেনা বাবদ ৮ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তা পেয়েছিলাম। করের বৃহত্তর সংগ্রহ এবং অন্যান্য কয়েকটি কারণ সহ এই প্রাপ্তির দরুন ৭.০১ কোটি টাকার প্রারম্ভিক উদ্বৃত্ত তহবিলের সৃষ্টি হয়েছিল।

রাজস্ব আয়—মূল বাজেট বরাদ্দের ৪৮৮.২২ কোটি টাকার স্থলে চলতি বৎসরের সংশোধিত বরাদ্দে মোট রাজস্ব আয়ের পরিমাণ ৫৫৭.৪৪ কোটি টাকা। করের উন্নতর সংগ্রহ এবং চলতি আর্থিক বৎসরে গৃহীত ব্যবস্থাদির ফলে নতুন কর থেকে অধিকতর প্রাপ্তির দরুন এই বৃদ্ধি হয়েছে।

রাজস্ব ব্যয়—বাজেট বরাদ্দের ৪৯৩.৫৮ কোটি টাকার স্থলে সংশোধিত বাজেটে মোট রাজস্ব ব্যয়ের পরিমাণ ৫৪১.৯৪ কোটি টাকা। বৃদ্ধির প্রধান প্রধান কারণ হল ত্রাণ ব্যবস্থার অধিকতর ব্যয়, চলতি বৎসরে পরিকল্পনা ব্যয়ের বৃদ্ধি এবং রাস্তা সংস্কারের জন্য অধিকতর ব্যয়।

ঋণ খাত—সংশোধিত বরাদ্দে কেন্দ্রীয় সরকারের কাছে ঋণের পরিমাণ ১১৮.৭০ কোটি টাকা হবে।

মূলধনী ব্যয়—চলতি বৎসরে সংশোধিত বরাদ্দে মূলধনী ব্যয়ের পরিমাণ ৬৪.৩০ কোটি টাকা।

১৯৭৫-৭৬ সালে ত্রাণ বাবদ ব্যয় বরাদ্দ—সংশোধিত বরাদ্দ অনুসারে ত্রাণব্যবস্থার জন্য ব্যয় হয় ১১.৬০ কোটি টাকা। বাজেট বরাদ্দ এর পরিমাণ ৭.৫০ কোটি টাকা। কাজের অভাবের মাসগুলিতে গ্রামীণ বেকারদের কর্মসংস্থানের জন্য স্টেট রিলিফ খাতে অধিকতর ব্যয় করতে হয়েছিল এবং দরিদ্র অক্ষম ও অশক্ত ব্যক্তিদের খয়রাতি সাহায্য দেবার জন্যও মোটা টাকা ব্যয় করতে হয়েছিল।

১৯৭৫-৭৬ সালের নীট ফল—আমার পূর্ববর্তী বাজেট বিবৃতিতে আমি উল্লেখ করেছিলাম যে, নীট ২৭ লক্ষ টাকার উদ্বৃত্ত নিয়ে ১৯৭৫-৭৬ সাল শেষ হবে বলে আশা করা যায়। চূড়ান্ত হিসাবে দেখা যাচ্ছে যে, উদ্বৃত্তের পরিমাণ আরও বেশি হবে এবং তার পরিমাণ আনুমানিক ৬৯ লক্ষ টাকা। এই টাকা উদ্বৃত্ত থাকবে যদিও এই বৎসর আমাদের পরিকল্পনা খাতে ব্যয় ১৭১ কোটি টাকার স্থলে ১৯৯ কোটি টাকা হবে ; অর্থাৎ—২৮ কোটি টাকা বাড়তি হবে।

১৯৭৬-৭৭ সালে রাজস্ব আয়—১৯৭৬-৭৭ সালে বাজেট বরাদ্দে আয়ের মোট পরিমাণ ৫৯৬.২৩ কোটি টাকা। চলতি বছরে সংশোধিত হিসাবে এর পরিমাণ ৫৫৭.৪৪ কোটি টাকা। মোট বৃদ্ধির পরিমাণ ৩৮.৭৯ কোটি টাকা। কর থেকে অধিকতর আদায় এই বৃদ্ধির প্রধান কারণ।

রাজস্ব ব্যয়—১৯৭৬-৭৭ সালের বাজেট বরাদ্দে ব্যয়ের পরিমাণ ৫৯৬.৮৬ কোটি টাকা। চলতি বছরের সংশোধিত হিসাবে এর পরিমাণ ৫৪১.৯৪ কোটি টাকা। কৃষি শিক্ষা, স্বাস্থ্য, কেন্দ্র প্রযোজিত ও কেন্দ্রীয় ক্ষেত্রের পরিকল্পগুলি এবং কিছু অন্যান্য পরিকল্পনাধীন, পরিকল্পের জন্য, অধিকতর ব্যয় এই বৃদ্ধির জন্য প্রধানত দায়ী।

মূলধনী ব্যয়—১৯৭৬-৭৭ সালের বাজেট বারদ্দে মোট মূলধনী ব্যয়ের পরিমাণ ৮২.১৫ কোটি টাকা। চলতি বছরে এর পরিমাণ ৬৪.৩০ কোটি টাকা। পরিকল্পনা ব্যয় এবং অন্যান্য উন্নয়ন পরিকল্পের জন্য অধিকতর বরাদ্দই প্রধানত এই বৃদ্ধির জন্য দায়ী।

ঋণ ও অন্যান্য খাত—১৯৭৬-৭৭ সালে কেন্দ্রীয় সরকার ও অন্যান্য স্বয়ংশাসিত সংস্থার ঋণের পরিমাণ ১২৬ কোটি টাকা। ১৯৭২-৭৩ সালের আগে কয়েক বছরধরে রাজ্য সরকার কেন্দ্রীয় ঋণ আসলে ও সুদে পরিশোধ করতে পারেন নি। ১৯৭৩-৭৪ সালের পরে রাজ্য সরকারের আর্থিক অবস্থায় সামগ্রিকভাবে উন্নতি ঘটায় রাজ্য সরকার কেন্দ্রীয় ঋণের ও সুদের বকেয়া বাবদ ১৩০ কোটি টাকা পরিশোধ করে দিয়েছেন। ১৯৭৪-৭৫ সালে আমরা পুনরায় ৭৯.৭৫ কোটি টাকা কেন্দ্রীয় ঋণ ও সুদ বাবদ পরিশোধ করেছি। ষষ্ঠ অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে রাজ্য সরকার ১৯৭৫-৭৬ সালের জন্য ২৯.৭৮ কোটি টাকা এবং ১৯৭৬-৭৭ সালের জন্য ২৬.৫৮ কোটি টাকা ঋণ লাঘবের সুবিধা পেতে পারেন। এই ঋণ লাঘব ধরে ১৯৭৫-৭৬ ও ১৯৭৬-৭৭ সালে আমরা যথাক্রমে ৯৪.১৯ কোটি টাকা এবং

৮৬.১০ কোটি টাকা কেন্দ্রীয় ঋণ পরিশোধ করব।

নীট ফল ১৯৭৬-৭৭—উদ্বৃত্ত বাজেট—১৯৭৬-৭৭ সাল ২.৯২ কোটি টাকার উদ্বৃত্ত নিয়ে শেষ হবে।

এই রাজ্যের গত এক দশকেরও বেশি সময়ে অর্থনৈতিক প্রশাসনের ইতিহাসে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ও উৎসাহজনক ঘটনার অন্যতম হচ্ছে রাজ্যের আর্থিক অবস্থার তাৎপর্যপূর্ণ উন্নতি, যার ফলে এই রাজ্য অতীতের সমস্ত ঘাটতি মুছে ফেলে পর পর দু বছর উদ্বৃত্ত বাজেট পেশ করতে সক্ষম হয়েছে। মহারাষ্ট্র ও পাঞ্জাবের মতো কয়েকটি রাজ্যে ১৯৭২-৭৩ সালে উদ্বৃত্ত বাজেট হয়েছিল কিন্তু পশ্চিমবঙ্গে গত এক দশকেরও বেশি সময়ের মধ্যে উদ্বৃত্ত বাজেট হয়নি। ১৯৭৫-৭৬ সালের আগে পশ্চিমবঙ্গে শেষবারের মতো উদ্বৃত্ত হয়েছিল ২১.৫ লক্ষ টাকা ১৯৬২-৬৩ সালে ডাক্তার বিধানচন্দ্র রায়ের উত্থাপিত বাজেটে। পরবর্তী বাজেটগুলিতে বেশ ঘাটতি ছিল। বস্তুত, ১৯৬৯-৭০ সালে ঘাটতির পরিমাণ ছিল ৫৩ কোটি টাকারও বেশি।

এ রাজ্যের আর্থিক অবস্থার উল্লেখযোগ্য উন্নতি হওয়ার ফলে বার্ষিক পরিকল্পনার আয়তনে বেশ তাৎপর্যপূর্ণ বৃদ্ধি ঘটিয়েও আমাদের পক্ষে ২.৯২ কোটি টাকার উদ্বৃত্ত বাজেট পেশ করা সম্ভব হচ্ছে। বর্ধিত পরিমাণে কর আদায়, অতিরিক্ত সম্পদ সংগ্রহ ও রাজ্যের অর্থনৈতিক পরিচালন ব্যবস্থার উন্নতিবিধানের ব্যাপারে আমাদের অনলস প্রয়াসে যদি রাজ্যের জনগণের সহযোগিতা ও সমর্থন না থাকত তবে এইভাবে উদ্বৃত্ত বাজেট পেশ করা আমাদের পক্ষে সম্ভব হত না।

উদ্বৃত্ত বন্টন—গত এক দশকেরও বেশি সময়ের মধ্যে এই প্রথম দু বৎসরে আমরা এমন উদ্বৃত্ত বাজেট পাচ্ছি যা শুধু কোনও একটি বিশেষ বৎসরের লেনদেনের উপরে উদ্বৃত্ত নয়, যা সত্যিই মৌলিক অর্থে উদ্বৃত্ত। কেন না এই উদ্বৃত্ত এসেছে পুরানো দিনের সমস্ত ঘাটতি ও প্রারম্ভিক তহবিলের ঘাটতির অঙ্ক মিটিয়ে দিয়ে।

বাজেটের সব অঙ্ক মেলানোর পর এবং ২৩২ কোটি টাকার মতো এক বর্ধিত আয়তনের পরিকল্পনা গ্রহণের পর আমাদের এখন উদ্বৃত্ত দাঁড়াচ্ছে ২.৯২ কোটি টাকা। সুতরাং এখন প্রশ্ন হচ্ছে এই উদ্বৃত্ত অঙ্ক আমরা কেমন করে ব্যবহার করব। বিষয়টি বিশেষভাবে বিবেচনা করার পর আমরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছি যে এই উদ্বৃত্ত অর্থ নিম্নলিখিতভাবে বন্টন করা উচিত।

(ক) যাদের বসতজমি বন্টন করা হয়েছে তাদের জন্য মোটামুটিভাবে টেঁকসই কুটির নির্মাণ করে দেওয়া কার্যসূচি বাবদ রাজ্য সরকার পরিকল্পনা কমিশনে পরামর্শ অনুযায়ী ১৯৭৬-৭৭ সালে পরিকল্পনা বাজেটে ৭৫ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। এই উদ্বৃত্ত অর্থ পাওয়ার ফলে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে এই খাতে অতিরিক্ত ৭৫ লক্ষ টাকা বরাদ্দ করা হবে এবং ফলে এই উদ্দেশ্যে বাজেট বরাদ্দ দ্বিগুণ হয়ে যাবে।

(খ) রাজ্য সরকার উত্তরবঙ্গের জেলাগুলির উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করছেন।

এই সব জেলা অর্থনৈতিকভাবে অনগ্রসর এবং এখানে পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার শতকরা ১৭ ভাগ বাস করেন।। পরিকল্পনার অর্থবরাদ্দে বিভিন্ন জেলার মধ্যে যাতে বৈষম্য না ঘটে তার জন্য রাজ্য সরকার পরিকল্পনা-লগ্নির যেসব খাতে জেলাগতভাবে বরাদ্দ করা সম্ভব সেগুলির হিসাব সংগ্রহ করার চেষ্টা করছেন। পরিকল্পনা-লগ্নি থেকে ১৯৭৪-৭৫ সালের জন্য ৭০ কোটি টাকা এবং ১৯৭৫-৭৬ সালের জন্য ৬৩ কোটি টাকার হিসাব জেলাগতভাবে পাওয়া সম্ভব হয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলির জন্য ঐ ৭০ কোটি টাকার মধ্যে ১৬ কোটি টাকা অর্থাৎ প্রায় ২৩ শতাংশ এবং ৬৩ কোটি টাকার মধ্যে প্রায় ১৫ কোটি টাকা অর্থাৎ ২৪ শতাংশ ব্যয় করা হয়। ১৯৭৫-৭৬ সালে পরিকল্পনা-লগ্নির অতিরিক্ত হিসাবে ৭ কোটি টাকার এক ত্বরান্বিত খাদ্যোৎপাদন কর্মসূচির কাজ শুরু করা হয়েছে। এই কর্মসূচির কাজ শুরু করা হয়েছে। এই কর্মসূচির অধীনে এবং গ্রামীণ উৎপাদন কার্যক্রম ও বিশেষ কর্মসংস্থান কার্যসূচি অনুসারে প্রায় ৩ কোটি ৫০ লক্ষ টাকা এ বছর উত্তরবঙ্গের জেলাগুলির উপকারে ব্যয়িত হবে। বিশেষ কর্মসংস্থান কার্যসূচির মোট বরাদ্দের ৩৩ শতাংশের মতো চলতি বছরে উত্তরবঙ্গের জেলাগুলির জন্য ব্যয় করা হচ্ছে।

আগামী বছরে উত্তরবঙ্গের জেলাগুলির উন্নয়নকল্পে বিভিন্ন বিভাগীয় পরিকল্পনায় বিনিয়োগের বাইরে ৩৩ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। আমরা এই অঙ্ক আরও ৬৭ লক্ষ টাকা বাড়িয়ে ঐ খাতে মোট ১ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব করছি।

(গ) ভূমিহীন শ্রমিকদের মধ্যে অনেক জমি, বিশেষ করে জরুরি অবস্থা ঘোষণার পর, বন্টন করা হয়েছে। যেসব ভূমিহীন শ্রমিক জমি পেয়েছেন তাদের পুনর্বাসন এবং অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে আমরা ৫০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব করছি।

(ঘ) ১৯৭৪-৭৫ সাল থেকে আমরা প্রথম জেলা শহরগুলির উন্নয়নের জন্য কতকগুলি মৌল উপকরণের ব্যবস্থা করতে কিছু কিছু অর্থবরাদ্দ করছি। আগামী বছরের জন্য জেলা শহরগুলির উন্নয়নে ৩০ লক্ষ টাকা এবং জেলা শহরের বাজার উন্নয়নে ১৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। জেলা শবরগুলির উন্নয়নের ব্যাপারে বায়বরাদ্দ আরও ৫০ লক্ষ টাকা বৃদ্ধির প্রস্তাব আমরা করছি।

(ঙ) পরবর্তী বছরে খেলাধূলা খাতে পরিকল্পনা বরাদ্দের পরিমাণ ১৪.৭০ লক্ষ টাকা। আমরা এই বারদ্দে আরও ৫০ লক্ষ টাকা বৃদ্ধির প্রস্তাব করছি।

বাজেটের লক্ষ্য—বাজেট যেমন আয়ব্যয়ের হিসাবের একটি নিশ্চল দলিল নয়, তেমনি রাজ্যের আর্থিক লেনদেন নিয়ন্ত্রণের একটি গতিহীন কাঠামো মাত্রও নয়। উন্নয়নের গতি ত্বরান্বিত করার জন্য এবং উন্নয়ন যাতে কেবল দ্রুত নয়, উপরন্তু সুসমঞ্জসও হয় তা সুনিশ্চিত করার জন্য এটা একটি শক্তিশালী ও গতিশীল হাতিয়ার। এই লক্ষ্য অর্জনের জন্য অর্থনীতির যেসব ক্ষেত্রে আরও বেশি করে সম্পদ বিনিয়োগের প্রয়োজন, যেসব ক্ষেত্রে উন্নয়ন দ্রুততর করা সম্ভব এবং সমাজের যেসব অংশ অপেক্ষাকৃত দরিদ্র ও অবহেলিত এবং যাদের উন্নয়নের প্রয়োজন সবচেয়ে বেশি এই বাজেটে সেইসব ক্ষেত্রে বেশি জোর দেওয়া হয়েছে। বাজেট বরাদ্দ আমাদের পরিকল্পনার অগ্রাধিকার ও উন্নয়নের লক্ষ্যগুলিকে যথাযথ

রূপ দিতে সাহায্য করে।

১৯৭৬-৭৭ সালের জন্য অতিরিক্ত সম্পদ সংগ্রহ—১৯৭৪-৭৫ সালে যখন আমরা পরিকল্পনার আয়তন ৯০ কোটি টাকা থেকে বাড়িয়ে ১৫০ কোটি টাকা করেছিলাম তখন নতুন কর বসিয়ে ২৪ কোটি টাকার অতিরিক্ত সম্পদ সংগ্রহ করা হয়েছিল। ১৯৭৫-৭৬ সালে পরিকল্পনার আয়তন বাড়িয়ে করা হল ১৭১ কোটি টাকা এবং তখন ১২ কোটি টাকার নতুন কর বসানো হয়েছিল। আগামী বছরের জন্য আমরা ২৩২ কোটি টাকার এক বিরাট পরিকল্পনা গ্রহণ করতে চলেছি। এইরকম একটা বৃহৎ পরিকল্পনার অর্থসংস্থানের জন্য আমাদের করের মাধ্যমে নতুন আরও প্রায় ১১ কোটি টাকা সংগ্রহ করতে হবে। যদি আমরা আমাদের লক্ষ্যকে কমাতে না চাই বা ক্ষুদ্রাকার পরিকল্পনা করতে রাজি না থাকি তাহলে এটাই হল ন্যূনতম প্রয়োজন।

১৯৭৪-৭৫ সালে যখন পরিকল্পনার আয়তন ৬০ কোটি টাকা বাড়ানো হয়েছিল তখন যেখানে নতুন করের মাধ্যমে অতিরিক্ত সম্পদ সংগ্রহ করা হয়েছিল ২৪ কোটি টাকা সেখানে এই বছর যখন আমরা পরিকল্পনার আয়তন ৬১ কোটি টাকা বাড়াচ্ছি তখন অতিরিক্ত নতুন করের পরিমাণ তুলনায় কমই। রাজস্ব আদায় বৃদ্ধি করে অতিরিক্ত সম্পদ সংগ্রহের ব্যাপারে আমরা যে সাফল্য অর্জন করেছি তার ফলে নতুন করের অঙ্ক কমানো সম্ভব হয়েছে, যদিও আগামী বছরের পরিকল্পনার আয়তন এই বছরের চেয়ে অনেক বেশি।

স্ট্যাম্প-শুল্ক—সম্পদ সমাবেশ ব্যবস্থাগুলির মধ্যে সমাজের অপেক্ষাকৃত বেশি বিত্তবান শ্রেণীগুলি কর্তৃক ভূসম্পত্তির লেনদেন সমেত স্ট্যাম্প-শুল্কের হার বৃদ্ধির প্রস্তাবও আমাদের আছে। মহারাষ্ট্র, তামিলনাড়ু ও অন্ধ্রপ্রদেশের মতো রাজ্যগুলির সঙ্গে তুলনায় আমাদের স্ট্যাম্প-শুল্কের বর্তমান হার সাধারণত কম। ভূ-সম্পত্তি সম্পর্কিত লেনদেনে স্ট্যাম্প-শুল্কের হার সংশোধন করা হবে কিন্তু ১০,০০০ টাকা পর্যন্ত মূল্যের লেনদেনে শুল্ক বাড়ানোর প্রস্তাব আমাদের নেই। আর এই পরিমাণের উর্ধ্বে শুল্কের হার বৃদ্ধি করা হবে এবং সে বৃদ্ধি হবে ক্রমোন্নত পর্যায়ক্রমে যাতে বৃহত্তর পরিমাণে ভূ-সম্পত্তি সম্পর্কিত লেনদেনের ক্ষেত্রে বেশি বিত্তবানদের আপেক্ষিকভাবে বেশি শুল্ক দিতে হয়।

পথ সংরক্ষণ ভাণ্ডার—পথের অবস্থা বিবেচনা করে এ বিষয়টি পরিষ্কার যে পথ সংস্কার ও সংরক্ষণের জন্য আমাদের আরও বেশি সম্পদ প্রয়োজন। উন্নততর পথ সংস্কার ও সংরক্ষণ ব্যবস্থায় মোটর যানের মালিকদের সহায়তা হবে, কেন না পথের অবস্থা ভাল থাকলে মোটর যান ও তার প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমন টায়ার ও যন্ত্রাংশ মেরামতির ব্যয় কম হবে। বিশেষ করে শহর এলাকাগুলিতে পথ-সংরক্ষণের জন্য নির্ধারিত রাজস্বের উৎস যথেষ্ট করার উদ্দেশ্যে আমরা মোটরযান করের উপর একটা অতিরিক্ত সারচার্জ আদায়ের প্রস্তাব করছি। এই ব্যবস্থা থেকে যে অতিরিক্ত প্রাপ্তি হবে তা পথ-সংরক্ষণ ভাণ্ডারের জন্য নির্দিষ্ট করে রাখা হবে এবং সে অর্থ কেবল পথ মেরামত ও সংরক্ষণের জন্য ব্যয় করা হবে। মোটর যান করের ক্ষেত্রে আমরা যে পরিবর্তনের প্রস্তাব করছি তার ফলে অবশ্য যাত্রীবাহী বাস, ট্যাক্সি কিম্বা কোম্পানি ছাড়া ব্যক্তিগত মালিকানার মোটরগাড়ির উপর কোনও

চাপ পড়বে না, এবং এইসব যানকে এই সারচার্জ আদায়ের আওতার বাইরে রাখা হবে।

রাজ্য সরকার প্রতি বৎসর পথ-নির্মাণ ও সংরক্ষণের জন্য যে ব্যয় করেন মোটর যান কর বাবদ বর্তমানে সংগৃহীত অর্থের থেকে তার পরিমাণ অনেক বেশি। এছাড়া অধিকাংশ রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে মোটর যান করের হার অনেক কম। উদাহরণস্বরূপ, বিহারে মালের কর সহ একটি সাত মেট্রিক টনের মোটর যানের বার্ষিক কর হল ২,৩৮০ টাকা ও ওড়িষ্যাতে তা হল ১,৮৭০ টাকা, কিন্তু সেক্ষেত্রে পশ্চিমবঙ্গে এই করের পরিমাণ মাত্র ১,০৮৫ টাকা।

গ্রামীণ কর্মসংস্থান ও উৎপাদন ভান্ডার এবং গ্রামীণ কর্মসংস্থান সেস্—নতুন কর ব্যবস্থাগুলির মধ্যে আছে গ্রামাঞ্চলে পুনর্বিনিয়োগের জন্য গ্রামাঞ্চল থেকে অতিরিক্ত সম্পদ সংগ্রহের প্রস্তাব। ১৯৭৫-৭৬ সালের আমরা ২ কোটি টাকা বরাদ্দের কৃষিকেন্দ্রিক শ্রম-নিবিড় গ্রামীণ উৎপাদন কর্মসূচি চালু করেছিলাম। এই বৎসর সর্বপ্রথম প্রবর্তিত এই কর্মসূচি গ্রামাঞ্চলে যে উদ্দীপনার সঞ্চার করেছিল তার ফলে আমরা পরে এই কর্মসূচির বরাদ্দ বাড়িয়ে ৬ কোটি টাকা করেছিলাম। কিন্তু এই বরাদ্দ বৃদ্ধির সময় আমরা এ কথা স্পষ্ট করে বলেছিলাম যে শুধু এই বৎসরের জন্যই এই বরাদ্দ বৃদ্ধি করা হল এবং পরবর্তী বৎসরগুলিতে এই বর্ধিত বরাদ্দ নাও থাকতে পারে। যাই হোক, এই কর্মসূচি গ্রামাঞ্চলে খুবই জনপ্রিয় হয়েছে এবং এ ব্যাপারে সাধারণ মনোভাব হল এই যে, একই আকারে এই কর্মসুচির কাজ চালিয়ে যাওয়া উচিত। শ্রমনিবিড় ও উন্নয়নকেন্দ্রিক হওয়া ছাড়াও এই কর্মসূচির বিশেষ আকর্ষণ আছে এই কারণে যে এর আওতার পরিকল্পগুলি সৃষ্টি হয় একেবারে নিচুতলা থেকে স্থানীয় প্রয়োজন ও আকাঙক্ষা অনুসারে। এই কর্মসূচির পরিকল্পনাগুলি রূপায়ণে পরিকল্পনা-পদ্ধতি বিকেন্দ্রীকৃত করা হয়েছে এবং তার ফলে কর্মসূচি প্রণয়ন ও রূপায়ণ উভয় ক্ষেত্রেই আরও বেশি পরিমাণে ও স্বেচ্ছাপ্রণোদিতভাবে জনগণের অংশগ্রহণে সুনিশ্চিত হয়েছে। এইসব বিষয় বিবেচনা করে একটি গ্রামীণ কর্মসংস্থান ও উৎপাদন ভান্ডার গড়ে তুলে আমরা এই বৎসরের হারে স্থায়ীভাবে এই কর্মসূচির কাজ চালিয়ে যেতে চাই। ভূমিরাজস্বের উপর সারচার্জ আদায় করে এবং গ্রামীণ কর্মসংস্থানের উপর সেস্ বসিয়ে এই ভান্ডারের জন্য সম্পদ সংগ্রহ করা হবে।

কৃষি ক্ষেত্রে প্রচলিত মূল্যে এই রাজ্যের অভ্যান্তরীণ উৎপাদন ১৯৬১-৬২ সালের ৪১৯ কোটি টাকা থেকে বেড়ে ১৯৭৩-৭৪ সালে হয়েছিল ১,৪৭৭ কোটি টাকা। বর্তমানে কৃষি, সেচ ও সংশ্লিষ্ট কর্মসূচিরগুলির জন্য যে বর্ধিত বরাদ্দ করা হচ্ছে তার ফলে কৃষির অভ্যন্তরীণ উৎপাদন আরও বেড়ে যেতে বাধ্য এবং গ্রামীণ উৎপাদন ও কর্মসংস্থান ভান্ডারের মতো কার্যক্রম সম্পদ ও পুনর্বিনিয়োগের স্বয়ম্প্রসূ গতির মাধ্যমে কৃষি ক্ষেত্রের ক্রমবর্ধমান সমৃদ্ধি সুনিশ্চিত করবে।

বিজ্ঞাপনের স্লাইডের উপর কর—সাধারণ মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যে বিদ্যমান পদ্ধতি অনুসারে আমরা চলচ্চিত্র প্রেক্ষাগৃহে বিজ্ঞাপন বিষয়ক চলচ্চিত্র ও স্লাইড প্রদর্শনের উপর বিজ্ঞাপন কর বসানোর প্রস্তাব করছি।

শহরাঞ্চলীয় ভূমি কর—কিছুসংখ্যক ব্যক্তির হাতে শহরাঞ্চলীয় জমির পুঞ্জীভবন ও সেই জমির নিয়ে ফটকাবাজি ও মুনাফাবাজি রোধের উদ্দেশ্যে, শহরাঞ্চলীয় জমি (সর্বোচ্চ সীমা ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৭৬-তে শহরাঞ্চলে খালি জমির সর্বোচ্চ সীমা নির্দিষ্ট করা হয়েছে। অতিরিক্ত জমি অধিগ্রহণেরও ব্যবস্থা করা হয়েছে এবং এই সব জমিতে গৃহনির্মাণের উপরে নিয়ন্ত্রণ আরোপেরও ব্যবস্থা হয়েছে। এই আইনের অনুসারী ব্যবস্থা হিসাবে এবং কেন্দ্রীয় সরকারের নির্দেশক নীতির পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার একটি সময়সীমার পর খালি জমির উপর শহরাঞ্চলীয় ভূমিকর ও একটি নির্ধারিত সীমার উর্ধ্বে জমি ও গৃহের ওপর এখনি কর বসানো প্রস্তাব করছেন। এছাড়া শহরের জমি যখন একটি নির্দিষ্ট সীমার খরচের উর্ধ্বে খরচ করে উন্নয়ন করা হয় তখন তার উপরে উন্নয়ন কর ও যখন একটি নির্দিষ্ট সীমার উর্ধ্বে সংশ্লিষ্ট জমি যে উদ্দেশ্যে ব্যবহার করা হচ্ছিল তার পরিবর্তে অন্য এবং অধিকতর লাভজনক উদ্দেশ্যে ব্যবহারের ব্যবস্থা নেওয়া হয় তখন একটা পরিবর্তন কর আদায়েরও প্রস্তাব করা হচ্ছে।

কর নির্ধারণের লক্ষ্য—সম্পদ ছাড়া কোনও উন্নয়নসাধন সম্ভব নয়। আমাদের কর নির্ধারণের নীতি হল উন্নয়নের কাজের জন্য সম্পদ বৃদ্ধি করা, যাতে উৎপাদন ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা যায়। কিন্তু সম্পদ বৃদ্ধির জন্য কর বসাতে গিয়ে লক্ষ্য রাখতে হবে যে সাধারণ মানুষ বা সমাজের দরিদ্রতর অংশের উপর সেটা বোঝা হয়ে না দাঁড়ায়। সেইজন্য আমাদের লক্ষ্য হল সমাজের অপেক্ষাকৃত সচ্ছল অংশ থেকে সম্পদ সংগ্রহ করে সেই সম্পদ পরিকল্পনার ভিত্তিতে উৎপাদনমূলক এ সমাজকল্যাণ কর্মসুচিতে বিনিয়োগ করা।

করের ক্ষেত্রে ছাড়—অর্থ সংক্রান্ত নীতিতে কেবল সম্পদ আহরণের বিষয়ই থাকে না, উৎসাহ দান ও ছাড়ের ব্যবস্থাও থাকা উচিত। সম্পদ সংগ্রহের নতুন ব্যবস্থার সঙ্গে সঙ্গে বিগত দুই বৎসরের বাজেটে আমরা অনেকগুলি ক্ষেত্রে কর থেকে ছাড়-এর একথা ঘোষণা করেছিলাম যাতে সেটা, বিশেষ করে, ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে বর্ধিত উৎপাদনে উৎসাহ দান করে এবং সমাজের দরিদ্রতর অংশের কিছুটা সাহায্য হয়।

আগামী বৎসর ক্ষুদ্র ও কুটিরশিল্পগুলিকে উৎসাহিত করার জন্য, সমাজের দরিদ্রতর শ্রেণীগুলির কিছুটা সাহায্যের জন্য, চলচ্চিত্রশিল্পকে সাহায্যদানের জন্য এবং খেলাধূলা, সাংস্কৃতিক কার্যাবলি ও অভিনয় শিল্পকে উৎসাহিত করার জন্য নিম্নপ্রদত্ত পদ্ধতিতে আমরা সুযোগসুবিধা দানের প্রস্তাব করছি।

(১) ক্ষুদ্রশিল্পগুলিকে উৎসাহিত করার জন্য আমরা বঙ্গীয় অর্থ বিক্রয়কর আইন, ১৯৪১-এর আওতায় প্রস্তুতকারকদের জন্য করযোগ্য কারবার ১৫,০০০ টাকা থেকে বাড়িয়ে ২৫,০০০ টাকা করতে চাই। এই ব্যবস্থার ফলে অনেক ক্ষুদ্র শিল্প ইউনিটকে আর বিক্রয়কর দিতে হবে না।

(২) আমরা এমন একটা পদ্ধতি চালু করার প্রস্তাব করছি যার ফলে পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইন, ১৯৫৪-র আওতাভুক্ত পণ্য উৎপাদনে আগ্রহী ব্যক্তিগণ নতুন শিল্প গড়ে তোলার জন্য কর না দিয়ে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও কাঁচা মাল কিনতে পারেন। এই ব্যবস্থার

ফলে এই রাজ্যে ভেষজ ও ঔষধপত্র, কাগজ, প্রসাধন সামগ্রী ও অন্যান্য পণ্য উৎপাদনের জন্য নতুন নতুন ইউনিটের সুবিধা হবে।

(৩) যেসব নতুন ক্ষুদ্রায়তন শিল্প ইউনিট ১৯৭৬ সালের ৩১শে মার্চের পর প্রথম উৎপাদন শুরু করবে তাদেরপ্রথম বিক্রয় আরম্ভের তারিখ থেকে তিন বৎসরের জন্য পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইন, ১৯৫৪-র আওতায় কর দেবার দায়িত্ব থেকে মুক্তি দেবার প্রস্তাব করছি। এর ফলে ১৯৫৪-র আইনের আওতাভুক্ত পণ্যের ক্ষেত্রে ক্ষুদ্রায়তন শিল্পের বৃদ্ধি ঘটবে।

(৪) কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পগুলিকে উৎসাহ দানের উদ্দেশ্যে যেসব শিল্পপণ্য সাধারণ জনগণ ব্যবহার করেন, যেমন বাঁশ, বেত ও শঙ্খের তৈরি দ্রব্যাদি এবং কাচের চুড়ি, সেগুলিকে বঙ্গীয় অর্থ বিক্রয়কর আইন, ১৯৪১ থেকে করমুক্ত করার প্রস্তাব আমরা করছি।

(৫) কৃষি ও গ্রামীণ উন্নয়নের জন্য স্থানীয় প্রাকৃতিক সম্পদের ব্যবহার উৎসাহিত করার উদ্দেশ্যে আমরা জৈব সার ও বায়ো-গ্যাস প্ল্যান্টকে বিক্রয়কর মুক্ত করার প্রস্তাব করছি।

(৬) পরিবহনের ক্ষেত্রটি আমদের অর্থনীতির জন্য খুবই গুরুত্বপূর্ণ। পরিবহণ শিল্পকে উৎসাহিত করার জন্য আমরা বাণিজ্যিক যানের উপর চুঙ্গিকর শতকরা ৩ থেকে কমিয়ে শতকরা $\frac{১}{২}$ ভাগ করার প্রস্তাব করছি।

(৭) এছাড়া ভেষজ ঔষধ তৈরির জন্য ব্যবহৃত নির্জল অ্যালকোহলকে চুঙ্গিকরমুক্ত করার প্রস্তাব আমরা করছি।

(৮) পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক জীবনে নাট্যশিল্পের একটি বিশিষ্ট স্থান আছে। ১৯৭৬ সালের জানুয়ারি মাসে রাজ্য সরকার; চলচ্চিত্রের ক্ষেত্রে যেরকম রাজ্য পুরস্কার দেওয়া হয়, তেমনি নাট্যানুষ্ঠানের উৎকর্ষের জন্যও পুরষ্কার দানের সিদ্ধান্ত নিয়েছেন। আমরা এখন এই রাজ্যের সাংস্কৃতিক ঐতিহ্যে এই ধরনের অভিনয় শিল্পের ভূমিকাকে বিশেষ স্বীকৃতি দেওয়ার জন্য সঙ্গীত, নৃত্য, ব্যালে, সার্কাস, পুতুলনাচ ও সর্বপ্রকার সাংস্কৃতিক অনুষ্ঠানকে বঙ্গীয় প্রমোদকর আইন, ১৯২২-এর অধীন প্রমোদকর থেকে মুক্ত করার প্রস্তাব করছি। অবশ্য যে প্রমোদনুষ্ঠানে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্যাবারে দেখানো হয় সেগুলির ক্ষেত্রে বা সিনেমা বা চলচ্চিত্রের ক্ষেত্রে এই কর রেহাই প্রযোজ্য হবে না।

(৯) চলচ্চিত্র শিল্পের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অগ্রণী ভূমিকা আছে। পশ্চিমবঙ্গে প্রযোজিত চলচ্চিত্রগুলি শিল্পকলার দিক থেকে যথেষ্ট উচ্চ মানের বলে কেবল দেশের মধ্যেই নয় আন্তর্জাতিক ক্ষেত্রেও প্রশংসা লাভ করেছে। আর্থিক দিক থেকে পশ্চিমবঙ্গের চলচ্চিত্রশিল্প কিন্তু অনেক অসুবিধার সম্মুখীন। চলচ্চিত্রশ্রিল্পের পুনরুজ্জীবন ও উন্নয়নের জন্য রাজ্য সরকার কতকগুলি ব্যবস্থা গ্রহণ করেছেন। একটি চলচ্চিত্র উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছে এবং এই রাজ্যের চলচ্চিত্রশিল্পের উন্নয়নের জন্য বার্ষিক ২৫ লক্ষ টাকা বরাদ্দের ব্যবস্থা করা হয়েছে। রাজ্য সরকারের অর্থসাহায্যে এখন বেশ কয়েকটি চলচ্চিত্র নির্মিত হচ্ছে। তা ছাড়া রাজ্য সরকার প্রতি বৎসর বাংলা ছবির জন্য আর্থিক পুরস্কার প্রদানের ব্যবস্থাও করেছেন।

এখন অবশ্য দেখা যাচ্ছে যে চলচ্চিত্র শিল্পের উন্নতির শ্লথ গতির অন্যতম প্রধান কারণ হল এই রাজ্যে চলচ্চিত্র প্রদর্শনের জন্য প্রেক্ষাগৃহের সংখ্যা বিশেষ বৃদ্ধি না পাওয়া। যদিও ১৯৭৩ সালের প্রযোজিত ১২টি চলচ্চিত্রের জায়গায় ১৯৭৫ সালে প্রযোজিত হয়েছে ৩৫টি চলচ্চিত্র তবুও বলব এই রাজ্যে এখনও আরও অধিক সংখ্যক চলচ্চিত্র প্রযোজনার সুযোগ ও প্রয়োজন রয়েছে। সেইজন্য আমরা মনে করি যে পশ্চিমবঙ্গে আরও নতুন সিনেমাগৃহ খোলার উৎসাহ দানের জন্য একটি নির্দিষ্ট কর্মসূচি হাতে নিতে হবে, যাতে পশ্চিমবঙ্গে প্রযোজিত চলচ্চিত্রগুলির জন্যবৃহত্তর বাজার পাওয়া যায় এবং তার ফলে যাতে এই রাজ্যে আরও অধিক সংখ্যক চলচ্চিত্র প্রযোজনায় উৎসাহ দান করা যায়। তামিলনাড়ু ও কর্ণাটকে যেখানে প্রতি ২০,০০০ থেকে ২৯,০০০ ব্যক্তির জন্য একটি করে সিনেমাগৃহ আছে, সেখানে পশ্চিমবঙ্গে আছে প্রতি ৬৯,০০০ ব্যক্তির জন্য একটি করে সিনেমাগৃহ। পশ্চিমবঙ্গে আরও অনেক বেশি সিনেমাগৃহ প্রতিষ্ঠার যৌক্তিকতা এই পরিসংখ্যান থেকেই প্রতীয়মান হয়ে যায়। সুতরাং আমরা একটি চলচ্চিত্র উন্নয়ন কর্মসূচি গ্রহণ করার প্রস্তাব করছি। রাজ্যে যেসব নতুন স্থায়ী চলচ্চিত্র প্রেক্ষাগৃহ গড়ে উঠবে এবং যে প্রেক্ষাগৃহগুলি পশ্চিমবঙ্গে প্রস্তুত চলচ্চিত্রের জন্য বার্ষিক প্রদর্শন সময়ের একটা নির্দিষ্ট শতাংশ সংরক্ষণ করে রাখবে সেগুলিকে এই কর্মসুচির মাধ্যমে চিত্র প্রদর্শন আরম্ভের তারিখ থেকে ৩ বৎসরের জন্য প্রমোদকরের মোট পরিমাণের সমান অঙ্ক সাবসিডি বা সাহায্য হিসাবে দেওয়া হবে। এই কর্মসূচি চলচ্চিত্র প্রেক্ষাগৃহের দ্রুততর উন্নয়ন সুনিশ্চিত করবে, পশ্চিমবঙ্গে প্রস্তুত চলচ্চিত্রের জন্য বৃহত্তর বাজারের ব্যবস্থা করবে এবং এইভাবে রাজ্যের চলচ্চিত্র শিল্পের পুনরুজ্জীবনে সহায়তা করবে।

(১০) কলকাতায় ১৯৭৫ সালের গোড়া থেকে টেলিভিশন কর্মসূচি শুরু হয়েছে। টেলিভিশন বর্তমানে জনসংযোগের একটি গুরুত্বপূর্ণ নতুন মাধ্যম এবং এই মাধ্যমটিকে যথাসম্ভব পুরোপুরি কাজে লাগানোর চেষ্টা করাই উচিত। তবে এজন্য শুধু কর্মসূচি সম্প্রচার করাই যথেষ্ট নয়। এই রাজ্যে টেলিভিশন সেট-এর সংখ্যাও বৃদ্ধি পাওয়া দরকার।

দিল্লি ও বোম্বাই প্রভৃতি শহরের অভিজ্ঞতা থেকে দেখা যায় যে টেলিভিশন সেট-এর সংখ্যা বৃদ্ধি পেতে বেশ কিছুটা সময় লাগে। পশ্চিমবঙ্গে টেলিভিশন সেট বিক্রয়ের ক্ষেত্রেও সাম্প্রতিক অভিজ্ঞতা থেকে আমাদের এই প্রত্যয় জন্মেছে যে এই নতুন মাধ্যমটি যাতে প্রসার লাভ করে সেজন্য অবিলম্বে কিছু ব্যবস্থা নেওয়া প্রয়োজন। সুতরাং আমরা প্রস্তাব করছি যে দুই বৎসরের জন্য টেলিভিশন সেটের উপর স্থানীয় বিক্রয়কর শতকরা ১৫ থেকে কমিয়ে ৭ ভাগ করা হোক এবং পশ্চিমবঙ্গ থেকে আন্তরাজ্য ব্যবসায়ে বিক্রি করা এরূপ সেটের উপর আন্তরাজ্য বিক্রয়কর শতকরা ৪ থেকে কমিয়ে শতকরা ২ ভাগ করা হোক। আমরা টেলিভিশন সেটের উপাদান ও যন্ত্রাংশকেও চুঙ্গিকর মুক্ত করার প্রস্তাব করছি। এই ব্যবস্থাগুলি সুনির্দিষ্টভাবে দুই বৎসরের জন্যই প্রযোজ্য হবে এবং এই নতুন জনসংযোগ মাধ্যমটির প্রসারকল্পে এই রাজ্যে সদ্যোজাত টেলিভিশন শিল্পের সহায়তাকল্পে এই ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমরা আশা করি উল্লিখিত কর লাঘব ব্যবস্থাগুলির দরুন টেলিভিশন সেটের দাম কমে যাবে এবং তার ফলে ক্লাব, বিদ্যায়তন প্রভৃতি সংস্থাগত ব্যবহারকদের কাছে টেলিভিশন অধিক থেকে অধিকতর পরিমাণে সহজলভ্য হয়ে উঠবে। আমরা যখন এই শিল্পকে উৎসাহদানের জন্য এই সব

সদর্থক ব্যবস্থা গ্রহণ করছি তখন একই সঙ্গে আমরা মনে করি যে এক্ষেত্রে প্রস্তুতকারক ও ব্যবসায়ীদের উচিত টেলিভিশন সেটের উৎপাদন মূল্য ও দাম কমানো। স্পষ্টতই অর্থনৈতিক যুক্তি থেকে দেখা যায় যে টেলিভিশনের ব্যবহার বৃদ্ধির সঙ্গে সঙ্গে টেলিভিশনকে যদি ক্রমবর্ধমান ও গতিশীল শিল্পে পরিণত করতে হয় তা হলে আমার যে করগত সুযোগসুবিধা দানের প্রস্তাব করছি তদুর্ধ্বেও যুক্তিসঙ্গত মূল্য হ্রাসের জন্য ব্যবস্থা নেওয়া উচিত।

(১১) সম্ভবত এ রাজ্যে খেলাধূলা যত জনপ্রিয় অন্য কোথায়ও তত নয়। রাজ্যে খেলাধূলায় উৎসাহদানের জন্য কয়েকটি প্রস্তব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে এবং বস্তুত সেগুলির মধ্যে কয়েকটি ইতিমধ্যে রূপায়িত করা হয়েছে। এগুলির অন্যতম হল প্রায় ৩ কোটি টাকা ব্যয়ে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামের নির্মাণ ও শীতাতপ নিয়ন্ত্রণ। কিন্তু এই রাজ্যে জনগণের জীবনে খেলাধূলার ভূমিকাকে বিশেষ স্বীকৃতি দান ও সাধারণভাবে খেলাধূলার উৎসাহদানের উদ্দেশ্যে আমরা সর্বপ্রকার ক্রীড়ানুষ্ঠানকে প্রমোদকর থেকে অব্যহৃতি দানের প্রস্তাব করছি।

বিক্রয়কর আদায়ে উন্নতি—১৯৭১-৭২ সালের আগে বিক্রয়কর থেকে সংগ্রহের পরিমাণ বছরে খুব বেশি হলেও চার থেকে পাঁচ কোটি টাকা বেশি বৃদ্ধি পেত না। ১৯৭১-৭২ সালে এই কর থেকে আদায়ের পরিমাণ ছিল ৭৪ কোটি টাকা। সে জায়গায় রাজ্য সরকারের ব্যাপক অভিযানের ফলে চলতি আর্থিক বছরের শেষে বিক্রয়কর থেকে পাওয়া যাবে প্রায় ১৫৫ কোটি টাকা। অতীতে যেখানে চার বৎসর সময়ে সাধারণভাবে ২০ কোটি টাকার বেশি বিক্রয়কর সংগ্রহ বাড়ে নি, তখন গত চার বৎসরে এই বৃদ্ধি ঘটেছে ৮০ কোটি টাকারও বেশি।

বিক্রয়করের আদায় বৃদ্ধির উদ্দেশ্যে বিভিন্ন মামলার দ্রুত নিষ্পত্তির জন্য এবং তাড়াতাড়ি করে নতুন রেজিষ্ট্রেশন সার্টিফিকেট দেওয়ার জন্য নানা ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিক্রয়কর নির্ধারনের মামলার নিষ্পত্তির সংখ্যা ১৯৭১-৭২ সালের ৬৯,৯৫৮ থেকে বৃদ্ধি পেয়ে ১৯৭৪-৭৫ সালে ৯০,৬৯০ হয়েছে। ১৯৭৪-৭৫ সালের বিক্রয়করের নতুন রেজিষ্ট্রেশন সার্টিফিকেট দেওয়া হয়েছে ৭,৪৩৮ আর ১৯৭১-৭২ সালের দেওয়া হয়েছিল ৩,৭২৬।

বিক্রয়কর থেকে অর্থসংগ্রহ বাড়াবার উদ্দেশ্যে কর ফাঁকি রোধের জন্য নিরলস অভিযান চালানো হয়। এই ব্যাপারে তদন্তকার্য আরও উন্নত করার জন্য কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া যারা কর ফাঁকি দেয় তাদের বাড়িতে তল্লাশি করার ব্যবস্থা হয়েছে। কর ফাঁকি দেওয়ার বিরুদ্ধে এই অভিযানের একটা নতুন বৈশিষ্ট্য হল যে, এবারেই প্রথম কলকাতার বাইরেও, যেমন শিলিগুড়ি, আসানসোল প্রভৃতি শহরে, হানা দেওয়া হয়েছিল। কর ফাঁকির ঘটনা ধরবার জন্য পণ্য চলাচলের উপর সতর্ক নজর রাখা হয়। এই উদ্দেশ্যে অতিরিক্ত চেকপোস্টও স্থাপন করা হয়। কোনও পণ্য বাবদ কত বিক্রয়কর পাওয়া গেল তার পৃথক পৃথক হিসাবে এক নতুন ব্যবস্থা চালু করা হয়েছে, যার ফলে বিভিন্ন পণ্যের ক্ষেত্রে কর ফাঁকির ঘটনা আরও দ্রুত ধরা যাচ্ছে ও সংশোধনমূলক ব্যবস্থা দ্রুত নেওয়া সম্ভব হচ্ছে এবং বিক্রয়করের আদায়েও উন্নতি হচ্ছে।

প্রবেশকর বা এন্ট্রি ট্যাক্স ফাঁকি দেওয়ার বিরুদ্ধে সম্প্রতি খুব কড়া ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। একটি ভ্রামমান্য চেকিং স্কোয়াড গঠন করা হয়েছে। এই স্কোয়াডের অফিসারগণ বিভিন্ন চেকপোস্ট পরিবহন গুদাম ও কলকাতাগামী গাড়িগুলিতে আচমকা হানা দিয়ে পরীক্ষা করে দেখেন। এর ফলে অনেকগুলি ঘটনা ধরা পড়েছে এবং অপরাধীদের অভিযুক্ত করা হয়েছে।

প্রমোদকর ফাঁকির ক্ষেত্রে শাস্তিদানের উদ্দেশ্যে বঙ্গীয় প্রমোদকর আইন, ১৯২২-এর ব্যাপক সংশোধন করে পরীক্ষা, তল্লাশী ও আটক করার অধিকতর ক্ষমতা হাতে নেওয়া হয়েছে।

স্বল্প সঞ্চয় সংগ্রহের রেকর্ড— রাজ্য সরকারের সম্পদ সংগ্রহের আর একটি উপায় হল স্বল্প সঞ্চয়। ১৯৭১-৭২ সালে যেখানে পশ্চিমবঙ্গে স্বল্প সঞ্চয় খাতে সংগৃহীত হয়েছিল ৩৪ কোটি টাকা সেখানে ১৯৭২-৭৩ সালে এই সংগ্রহের পরিমাণ বাড়িয়ে ৬০ কোটি টাকা করা গিয়েছিল এবং ফলে পশ্চিমবঙ্গ এই প্রথম স্বল্প সঞ্চয়ে ভারতের মধ্যে প্রথম স্থান অধিকার করে। পশ্চিমবঙ্গের এই প্রথম স্থান ১৯৭৩-৭৪ সালেও বজায় থাকে। ঐ বৎসর প্রায় ৮০ কোটি টাকা সংগৃহীত হয়। স্বল্প সঞ্চয়ে এত টাকা আর কোনও রাজ্য কখনও সংগ্রহ করতে পারেনি। ১৯৭৪-৭৫ সালে পশ্চিমবঙ্গ এই ব্যাপারে আবার দেশের মধ্যে প্রথম স্থান অধিকার করে। ঐ বছর সংগৃহীত হয় ৮৮ কোটি টাকা, যা সর্বকালীন রেকর্ড। ১৯৭৪-৭৫ সালে সারা দেশে যদিও স্বল্প সঞ্চয়ে মাত্র ৩২৫ কোটি টাকা সংগৃহীত হয় যেটা তার আগের বছরের সংগৃহীতের ৪৭২ কোটি টাকার চাইতে ১৪৭ কোটি টাকা কম, তবুও কিন্তু পশ্চিমবঙ্গ ঐ বৎসর তার স্বল্প সঞ্চয় সংগ্রহ বাড়াতে পেরেছিল।

স্বল্প সঞ্চয় আন্দোলনের মাধ্যমে দেশের উন্নয়নমূলক কাজকর্মের জন্য সম্পদ সংগ্রহে জনসাধারণ স্বেচ্ছায় অংশগ্রহণ করেন। এই আন্দোলনের দ্বারা সরকার কোনও বাধ্যবাধকতা ছাড়াই জনসাধারণের কাছ থেকে সম্পদ সংগ্রহ করতে পারেন। তাছাড়াও এই পদ্ধতিতে মুদ্রাস্ফীতি না ঘটিয়েও উন্নয়নের কাজ সম্ভব হয়।

স্বল্প সঞ্চয়ে বছরের নীট সংগ্রহের দুই-তৃতীয়াংশ রাজ্য সরকার উন্নয়ন কাজের জন্য দীর্ঘমেয়াদী ঋণ হিসাবে পান। পশ্চিমবঙ্গ ১৯৭৫-৭৬ সালে তার স্বাভাবিক প্রাপ্য ১৯৭৪-৭৫ সালের স্বল্প সঞ্চয় সংগ্রহের দুই-তৃতীয়াংশের অতিরিক্ত আরও ১৪ কোট ৮৬ লক্ষ টাকা পেয়েছে। এর কারণ হল পশ্চিমবঙ্গ ব্যক্তিগত সঞ্চয়ের ক্ষেত্রে তার নির্দিষ্ট লক্ষ্যমাত্রার চাইতে অনেক বেশি সংগ্রহ করেছে এবং তাছাড়া সঞ্চিত টাকা থেকে আবার তুলে নেওয়ার হারও এই রাজ্যে দেশের সামগ্রিক হারের চাইতে অনেক কম ছিল। ১৯৭৪-৭৫ সালে পশ্চিমবঙ্গের জন্য ব্যক্তিগত সঞ্চয়ের লক্ষ্যমাত্রা যেখানে নির্দিষ্ট ছিল ৩৫ কোটি ৮৯ লক্ষ টাকা সেখানে এই রাজ্যে এই খাতে সংগ্রহ হয়েছিল প্রায় ৬০ কোটি টাকা। তাই উৎসাহদানের নীতি অনুসারে বাড়তি সংগ্রহের ২৫ শতাংশ স্বাভাবিক প্রাপ্য দুই-তৃতীয়াংশের অতিরিক্ত হিসাবে পশ্চিমবঙ্গকে দেওয়া হয়। এই খাতে পশ্চিমবঙ্গ পেয়েছিল ৬ কোটি ২ লক্ষ টাকা। আবার, কোনও রাজ্যের নীট সংগ্রহের সঙ্গে মোট সংগ্রহের অনুপাত সর্বভারতীয় অনুরূপ অনুপাতের

তুলনায় বেশি হলে প্রতি ৫ শতাংশ বেশি হারের দরুন ঐ অতিরিক্ত নীট সংগ্রহের ২১/২ শতাংশ সংশ্লিষ্ট রাজ্যকে দেওয়া হয়। এই খাতে পশ্চিমবঙ্গ ১৯৭৫-৭৬ সালে অতিরিক্ত ৮ কোটি ৮৪ লক্ষ টাকা পেয়েছে।

স্বল্প সঞ্চয়ে সংগ্রহ বৃদ্ধির জন্য এই রাজ্য ব্যাপক অভিযানের কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। স্বল্প সঞ্চয় অন্দোলনে জনসাধারণের সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণের ব্যবস্থা করার জন্য রাজ্য সরকার রাজ্যে সর্বত্র, বিশেষ করে গ্রামাঞ্চলে, প্রদর্শনী, যাত্রা, চলচ্চিত্র প্রদর্শনী, আলোচনাচক্র প্রভৃতির অনুষ্ঠান করেন।

স্বল্প সঞ্চয় সংগ্রহ অভিযানকে জোরদার করতে বিভিন্ন পর্যায়ের যেসব সরকারি ও বেসরকারি কর্মী সাহায্য করেন রাজ্য সরকার তাদের উদারভাবে পুরস্কার দেন। পল্লী-অঞ্চলে স্বল্প সঞ্চয়ে আদর্শ গ্রাম গঠনের জন্য ও বিভিন্ন কলকারখানা ও সংস্থায় শ্রমিক ও বেতনভুক্ত কর্মীদের পে রোল সেভিংসের আওতায় আনার জন্য ও ছাত্রছাত্রীদের সঞ্চয়িকা বা স্কুল সেভিংস ব্যাঙ্ক গঠনের জন্যও বিশেষ প্রচেষ্টা চালানো হচ্ছে।

যে জেলাগুলিতে সবচেয়ে ভাল সংগ্রহ হয়েছে সেগুলিকে রাজ্য সরকার নগদ টাকা পুরস্কার দেন। এই পুরস্কারের টাকা স্থানীয় উন্নয়নের কাজে ব্যয় করা হয়। এই পুরস্কারের সংখ্যা ও টাকার পরিমাণ সম্প্রতি বাড়ানো হয়েছে। আগামী আর্থিক বৎসর থেকে স্বল্প-সঞ্চয়ে প্রথম স্থানাধিকারী জেলাকে ৩ লক্ষ টাকা, দ্বিতীয় স্থানাধিকারী জেলাকে ২ লক্ষ টাকা এবং তৃতীয় স্থানাধিকারী জেলাকে ১ লক্ষ টাকা পুরস্কার দেওয়া হবে।

এজেন্টদের পুরস্কার প্রদানের পরিকল্প আরও অধিক পরিমাণ করা হয়েছে। এর ফলে পুরস্কারপ্রাপক এজেন্টের সংখ্যা বেশ বেড়ে গিয়েছে। এজেন্টদের মাধ্যমে পশ্চিমবঙ্গে স্বল্প সঞ্চয় সংগ্রহের পরিমাণ ১৯৭১-৭২ সালের ৪ কোটি টাকা থেকে বেড়ে ১৯৭৪-৭৫ সালে ২৩ কোটি হয়েছে।

রাজ্য লটারিতে লাভ— রাজ্য লটারির সঙ্গে প্রায় ১০,০০০ এজেন্ট ও খুচরা টিকিট বিক্রেতার জীবিকায় যুক্ত ১৯৭১-৭২ সালে যখন রাজ্য লটারিতে লোকসান হচ্ছিল তখন তাদের ভবিষ্যৎ ছিল অনিশ্চিত। তারপর থেকে বিভিন্ন ধরনের সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের ফলে সমস্ত লোকসান মিটিয়ে দেবার পরও ৪৫ লক্ষ টাকার বেশি লাভ হয়েছে।

ভূমি সংস্কার—জমির উর্ধ্বসীমা সংক্রান্ত আইন বলবৎ করার জন্য নিরবচ্ছিন্নভাবে চেষ্টা চালিয়ে যেতে হয়েছে, যাতে উর্ধ্বসীমা অতিরিক্ত জমি খুঁজে বের করা যায় এবং সেই জমি ভূমিহীন ক্ষেতমজুর ও প্রান্তিক চাষীদের মধ্যে বন্টন করা যায়।

১৯৭৫ সালের নভেম্বর মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ জমিদারি অধিগ্রহণ আইন, ১৯৫৩ এবং পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন, ১৯৫৫-র যুক্ত প্রয়োগে ১০ লক্ষ ৩ হাজার টাকা একর কৃষিজমির সরকারে ন্যস্ত হয়েছিল। যেসব ক্ষেত্রে ইনজাংশন জারি হয়েছে এবং যেসব ক্ষেত্রে জমি বন্টনযোগ্য নয় সেগুলি বাদ দিয়ে ৬ লক্ষ ১৮ হাজার একর কৃষিজমি বন্টনের জন্য পাওয়া গিয়েছিল। এর মধ্যে ৬ লক্ষ ৮ হাজার একর জমি ইতিমধ্যেই বন্টন করা হয়েছে।

উদ্বৃত্ত জমি বন্টনে মোট উপকৃত ব্যক্তির সংখ্যা ৮ লক্ষ ১৬ হাজার যার মধ্যে ২ লক্ষ ৮৬ হাজার ব্যক্তি তফসিলি সম্প্রদায়ভুক্ত ১ লক্ষ ৭৬ হাজার ব্যক্তি আদিবাসী, প্রায় ১ লক্ষ ৩১ হাজার ব্যক্তি মুসলনাম এবং ২ লক্ষ ২৩ হাজার ব্যক্তি অন্যান্য সম্প্রদায়ের।

যেসব ভূমিহীন কৃষক ও ছোট রায়তদের জমি দেওয়া হয়েছে সেইসব জমি যাতে তাঁদের হাতছাড়া না হয় সেজন্য পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধন) আইন, ১৯৭৫ অনুসারে প্রতিষ্ঠানগত ঋণ পাওয়ার জন্য বন্ধকী ব্যবস্থা অবলম্বন করা ছাড়া অন্য পদ্ধতিতে এই ধরনের জমি হস্তান্তরের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

১৯৭৫ সালের ৩০শে নভেম্বর পর্যন্ত ৮,৪৩৬টি মৌজায় ১,৫৭,৪৯২ জন বর্গাদারের নাম নথিভুক্ত হয়, যেখানে বিগত সংশোধিত বন্দোবস্তের সময় ৬৪,৭৬৫ জন বর্গাদারের নাম নথিভুক্ত হয়েছিল। বর্গাদারদের নাম নথিভুক্ত করার কাজ আরও দ্রুতগতিতে করতে হবে। তাছাড়া, যে আইনে বর্গাদারদের অধিকারগত নিরাপত্তা এবং যাতে তারা উৎপন্ন ফসলের ন্যায্য অংশ পান সেই ব্যবস্থা আছে সেই আইন প্রশাসন যন্ত্রের মাধ্যমে ও সংগঠিত জনমতের সাহায্যে আরও দৃঢ়ভাবে প্রয়োগ করতে হবে।

কৃষি—এ রাজ্যের মোট ৮৭.৮৫ লক্ষ হেক্টরের ভৌগোলিক এলাকার মধ্যে প্রায় ৬৩ শতাংশ, অর্থাৎ ৫৫.৭৫ লক্ষ হেক্টর, জমিতে ফসল ফলানো হয়। তুলনামূলকভাবে এটা বেশ উচ্চ হার বলা যায়। সেইজন্য আরও ব্যাপক এলাকায় চাষের সুযোগ এখানে সীমিত ; কিন্তু নিবিড় চাষের যথেষ্ট সুযোগ এখনও রয়েছে।

চলতি বছরে আমন ধানের উৎপাদন প্রায় ৫২ লক্ষ মেট্রিক টন হবে বলে আশা করা যায়, যেখানে গত বছর এই উৎপাদনের পরিমাণ ছিল ৪৮ লক্ষ মেট্রিক টন। অধিকতর জমিতে উচ্চ ফলনশীল জাতের ধান চাষ করে এই উৎপাদন বৃদ্ধি সম্ভব হয়েছে। এই রেকর্ড পরিমাণ চাল উৎপাদনের জন্য দাম বেশ নেমে গিয়েছিল এবং তার ফলে সমাজের দুর্বলতর অংশ বেশ উপকৃত হয়েছে।

এ বছর ১২ লক্ষ মেট্রিক টন গম ও ১১ লক্ষ মেট্রিক টন বোরো ধান উৎপন্ন হবে বলে আশা করা যায়। গম চাষের এলাকা গত বছর ছিল ৪ লক্ষ হেক্টর, আর এ বছরে তা বেড়ে গিয়ে হয়েছে ৫.৬ লক্ষ হেক্টর। তাছাড়া পশ্চিমবঙ্গে একরপ্রতি গম উৎপাদনের হার পাঞ্জাব ও হরিয়ানার মতো গুরুত্বপূর্ণ গম-উৎপাদক রাজ্যের হারের প্রায় সমান হয়ে দাঁড়িয়েছে। কিন্তু পাটের উৎপাদন সম্প্রতি কমে যাবার লক্ষ্যণ দেখা দিয়েছে, কারণ পাট উৎপাদনকারীরা লাভজনক দাম পাচ্ছেন না।

সাতটি এলাকায় সার্বিক এলাকা উন্নয়ন কর্পোরেশনের কাজ শুরু হয়েছে। ক্ষুদ্র সেচ কর্পোরেশন উপরোক্ত এলাকায় ইতিমধ্যেই ১৩০টিরও বেশি গভীর নলকূপ খনন করেছেন। আশা করা যায় এই আর্থিক বছরের মধ্যে ১৪২টি গভীর নলকূপ খননের কাজ সম্পূর্ণ হবে।

কম্যান্ড এরিয়া উন্নয়ন কর্মসূচির অধীনে ডি ভি সি, ময়ূরাক্ষী ও কংসাবতী খালের

অধীন এলাকায় সেচের সুবিধার পরিপূর্ণ সদ্ব্যবহারের কাজ এগিয়ে চলেছে।

বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে যুক্ত একটি বৃহৎ ঋণদানকারী সংস্থা, আন্তর্জাতিক উন্নয়ন সমিতি, প্রাথমিকভাবে এই রাজ্যের ছয়টি জেলায় কৃষিকার্যের ব্যাপারে ২৭.২০ কোটি টাকার ঋণ মঞ্জুর করেছেন। ক্রমে ক্রমে বাকি জেলাগুলির জন্যও তারা এইরূপ ঋণদানের ব্যবস্থা করবেন।

এই রাজ্যের কৃষি সম্প্রসারণ কাঠামোকে সম্পূর্ণরূপে পুনর্গঠিত করা হয়েছে। এর ফলে গ্রামসেবক ও কৃষি সম্প্রসারণ আধিকারিকদের অন্যান্য কাজের দায়িত্ব থেকে মুক্তি দেওয়া হয়েছে এবং এখন তারা কেবল কৃষিসংক্রান্ত কাজের দিকেই সম্পূর্ণ মনোযোগ দিতে পারছেন। তারা কৃষকদের কাছে নতুন কৃষিপদ্ধতি হাতে কলমে প্রদর্শন করছেন। তাছাড়া, কৃষি গবেষণা সংক্রান্ত সরকারি সংস্থাকে শক্তিশালী করা হয়েছে, যাতে কৃষিসংক্রান্ত সর্বাধুনিক প্রযুক্তিবিদ্যা কৃষকদের কাছে পৌঁছিয়ে দেওয়া যায়।

তাদের উৎপন্ন ফসলের জন্য কৃষকরা যাতে ন্যায্য দাম পান সেই ব্যবস্থা সুনিশ্চিত করার উদ্দেশ্য রাজ্যের সর্বত্র নিয়ন্ত্রিত বাজার স্থাপনের কর্মসূচি গ্রহণ করা হচ্ছে।

সেচ ও বন্যা নিয়ন্ত্রণ—এই রাজ্যের এক বিরাট অংশে বৃষ্টিপাত খুবই অনিশ্চিত এবং সেই জন্য কৃষিক্ষেত্রে উৎপাদন আবহাওয়ার আনুকূল্যের উপর নির্ভর করে। কৃষিকার্য যাতে প্রকৃতির খামখেয়ালে বিপর্যস্ত না হয় সেজন্য দরকার সেচব্যবস্থার সম্প্রসারণের মাধ্যমে নিশ্চিত ও পর্যাপ্ত জলসরবরাহ।

১৯৭৫-৭৬ সালের ২৩.৩৪ লক্ষ একর জমিতে ও ১৯৭৬-৭৭ সালে ২৫.৩১ লক্ষ একর জমিতে সেচের জল সরবরাহের লক্ষ্যমাত্রা স্থির হয়েছে। এই লক্ষ্যমাত্রা যদি পূরণ করা যায় তার হলে ১৯৭৫-৭৬ সালে অতিরিক্ত ৩.৩৮ লক্ষ কুইন্টাল এবং ১৯৭৬-৭৭ সালে অতিরিক্ত ৮.৮৭ লক্ষ কুইন্টাল খাদ্যশস্য উৎপন্ন হবে।

ডি ভি সি ও ময়ূরাক্ষীর বৃহৎ সেচ পরিকল্পগুলির সম্প্রসারণ ও উন্নয়নের কাজ এগিয়ে চলেছে। ১৯৭৬ সালের খরিফ মরসুমে ডি ভি সি থেকে৭.৮ লক্ষ একর জমির জন্য, ময়ূরাক্ষী থেকে ৫.৪৪ লক্ষ একর জমির জন্য এবং কংসাবতী থেকে ৬.৪০ লক্ষ একর জমির জন্য সেচের জল পাওয়া যাবে বলে আশা করা যায়।

১৯৭৫ সালের খরিফ মরসুমে পুরুলিয়া জেলার সাহারাজোড় সেচ প্রকল্প থেকে ৬,৫০০ একর জমিতে সেচের জল দেওয়া হয়। বীরভূম জেলার হিংলু সেচ পরিকল্পের কাজ এগিয়ে চলেছে এবং এর সাহায্যে ১৯৭৬ সালের খরিফ মরশুমে ১৫,০০০ একর জমিতে জলসেচ করা যাবে বলে আশা করা যায়। কুমারী ও বক্সু সেচ পরিকল্প নামে দুটি মাঝারি আকারের পরিকল্প সহ খরাপ্রবণ এলাকার জন্য যে মোট ১০টি পরিকল্পের কাজ শুরু হয়েছে সেগুলিরও অগ্রগতি হচ্ছে।

বন্যানিয়ন্ত্রণ ও জলনিকাশী পরিকল্পের মাধ্যমে জল জমে যাওয়ার সমস্যা দূর করার ব্যাপারে লক্ষ্যমাত্রা স্থির হয়েছে ১৯৭৫-৭৬ সালের জন্য ২৩.৮ লক্ষ হেক্টর এবং ১৯৭৬-

৭৭ সালের জন্য ২৪.৪ লক্ষ হেক্টর। এইসব লক্ষ্যমাত্রা অর্জিত হলে ১৯৭৫-৭৬ সালে অতিরিক্ত ১৩.৭৫ লক্ষ কুইন্টাল ও ১৯৭৬-৭৭ সালে অতিরিক্ত ১৫ লক্ষ কুইন্টাল খাদ্যশস্য উৎপন্ন হবে।

এ বছরের অন্যতম প্রধান সাফল্য হল মহানন্দা বাঁধের কাজ বহুল পরিমাণে সম্পন্ন হওয়া। এই বাঁধের ফলে মালদা জেলায় বারম্বার বন্যাজনিত ক্ষতি অনেকটা রোধ করা যাবে। করলা নদীর গতি পরিবর্তন পরিকল্পের প্রথম পর্যায়ের কাজ শেষ হয়েছে এবং এর ফলে জলপাইগুড়ি শহরকে বন্যায় ক্ষয়ক্ষতির থেকে রক্ষা করতে সহায়তা হবে। নিম্ন দামোদর উন্নয়ন পরিকল্পের কাজেও তেমনি হাওড়া জেলার বিস্তীর্ণ অঞ্চলকে বন্যার হাত থেকে রক্ষা করা যাবে।

মগরাহাট জলনিকাশি পরিকল্পের কাজ অনেকটাই হয়ে গিয়েছে এবং এর দ্বারা চব্বিশ পরগনা জেলার ব্যাপক অংশে জলনিকাশের ব্যবস্থা সুগম হবে। দুবদা বেসিন জলনিকাশন পরিকল্পের কাজও অনেকটা সম্পন্ন হয়েছে, এর দ্বারা মেদিনীপুর জেলার ব্যাপক অঞ্চলে জলনিকাশের ব্যবস্থা সুগম হবে।

রাজ্য সরকার তিস্তা ব্যারাজ প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ হাতে নিয়েছেন। এটা সম্পূর্ণ হলে মালদা, পশ্চিম দিনাজপুর এবং জলপাইগুড়ি জেলার এক ব্যাপক অংশ সেচের আওতায় আসবে।

পশুপালন—এখন ৫,০০০ বর্গমাইল এলাকা জুড়ে নিবিড় গবাদি পশু উন্নয়ন প্রকল্প এবং এই ব্যাপারে আদর্শ গ্রাম পরিকল্পের কাজ চলছে। এরমধ্যে রয়েছে ৫ লক্ষ ৫০ হাজার প্রজননক্ষম গাভী।

কৃত্রিম প্রজনন কর্মসূচির প্রসারেও যথেষ্ট অগ্রগতি হয়েছে। আর বেলডাঙ্গায় একটি ডীপ ফ্রীজ সিমেন ইউনিট স্থাপনেরও প্রস্তাব রয়েছে। তাছাড়া বিদেশি ষাঁড়ের সাহায্যে শংকর প্রজননের জন্য একটি কেন্দ্রীয় সহায়তায় বিদেশি ষাঁড় পালন কেন্দ্র স্থাপিত হচ্ছে।

মেদিনীপুর জেলার শালবনিতে অবস্থিত পশু খাদ্য খামারের উন্নতিসাধন করা হচ্ছে। সাঁওতালদি, পুরুলিয়া, বালুরঘাট ও কোচবিহারে নতুন হাঁস-মুরগি পালন খামারে কাজ এগিয়ে চলেছে। বীরভূম জেলায় হাঁস-মুরগি পালনের ব্যাপারে নিবিড় কর্মসূচিভিত্তিক একটি গ্রাম গড়ে তোলা হচ্ছে।

এ বছর হাওড়া জেলার উলুবেড়িয়াতে একটি পশুচিকিৎসার হাসপাতাল স্থাপন করা হয়েছে। এইরূপ আর একটি হাসপতাল দার্জিলিং জেলায় স্থাপন করার প্রস্তাব আছে। গ্রামাঞ্চলের গবাদি পশুর মালিকেরা যাতে তাঁদের পশুগুলির চিকিৎসার জন্য সহায়তা পান সেজন্য এ বছর ৪০টি নতুন পশুচিকিৎসা কেন্দ্র খোলার ব্যবস্থা মঞ্জুর করা হয়েছে। ভ্রাম্যমাণ ক্লিনিক ভ্যানের মাধ্যমেও গ্রামাঞ্চলে পশুচিকিৎসার ব্যবস্থা করা হয়েছে।

গবাদি পশুর মধ্যে প্যারাসাইটঘটিত রোগ নিবারণের জন্য একটি প্যারাসাইটিক কন্ট্রোল

ইউনিট ও তিনটি সাব-ইউনিট স্থাপিত হয়েছে। এই বছরের জন্য আরও ৪টি প্যারাসাইটিক সাব-ইউনিট স্থাপন মঞ্জুর করা হয়েছে। তা ছাড়া এই বৎসরে চব্বিশ-পরগনা জেলার বসিরহাটে একটি এবং মেদিনীপুর জেলার খড়্গপুরে আর একটি পশুচিকিৎসা সংক্রান্ত পরীক্ষাগার স্থাপিত হয়েছে।

দোহশালা উন্নয়ন—বেলগাছিয়া ও হরিণঘাটার কেন্দ্রীয় দোহশালা দুটি বর্তমানে দুগ্ধ প্রক্রিয়ণের পর দৈনিক গড়ে ২.১৫ লক্ষ লিটার দুধ সরবরাহ করছে। বেলগাছিয়া ও হরিণঘাটার দোহশালা দুটির কার্যক্ষমতার সম্প্রসারণের পর ১৯৭৬-৭৭ সালের শেষ নাগাদ দৈনিক প্রায় তিন লক্ষ লিটার দুধ প্রক্রিয়ণ ও সরবরাহ করা সম্ভব হবে। হরিণঘাটা দুগ্ধ কলোনিতে দুধের উৎপাদন দৈনিক ৫,০০০ কেজি থেকে বেড়ে ৪৫,০০০ কেজি হয়েছে। হরিণঘাটার যেখানে ৮,০০০ গবাদি পশু রাখার স্থান রয়েছে, সেখানে বেসরকারি মালিকানায় মহিষের সংখ্যা ১,০০০ থেকে বেড়ে ৭,০০০ হয়েছে।

হুগলি জেলার ডানকুনিতে আনুমানিক ৪ কোটি টাকারও বেশি ব্যয়ে একটি প্রধান দোহশালা স্থাপন করা হচ্ছে। এখানে দৈনিক ৪ লক্ষ লিটার দুধ সংগ্রহ করা যাবে। এই দোহশালা ১৯৭৬ সালেই চালু করা যাবে বলে আশা করা যায়। দার্জিলিং জেলার মাটিগাড়ায় একটি বহুমুখী দোহশালা স্থাপন করা হচ্ছে। ১৯৭৬ সালে এটিও চালু হবে বলে আশা করা যায়। তা ছাড়া মুর্শিদাবাদ জেলায় একটি ফিডার-কাম-ব্যালান্সিং ডেয়ারি স্থাপন করা হচ্ছে। এতে ব্যয় হবে আনুমানিক ২ কোটি ৩৫ লক্ষ টাকা এবং এর দৈনিক এক লক্ষ লিটার দুধ নেওয়ার ক্ষমতা থাকবে। গ্রামাঞ্চল থেকে দুধ সংগ্রহ করার জন্য হিমালয়ান কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন ও ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন এই দুটি দুধের ইউনিয়ন স্থাপিত হয়েছে।

শিলিগুড়িতে একটি এবং বেলডাঙ্গায় আর একটি এই মোট দুটি ষাঁড়-খামার খোলা হয়েছে। শিলিগুড়িতে একটি এবং মুর্শিদাবাদ জেলায় আর একটি পশুখাদ্য প্রস্তুতের কারখানা স্থাপন করা হচ্ছে।

মৎস্য চাষ—পরিকল্পনাধীন মৎস্য চাষ সংক্রান্ত ২৬টি পরিকল্প ১৯৭৬-৭৭ সালেও চলতে থাকবে। এই পরিকল্পগুলি হল গবেষণা প্রশিক্ষণ ও শিক্ষার উন্নতিসাধনের জন্য এবং তা ছাড়া মৎস্য চাষ ক্ষেত্রের উৎপাদন সরবরাহের জন্য। মৎস্যচাষীদের ৫০ শতাংশ হ্রাস মূল্যে ভাল জাতের চারা পোনা সরবরাহের এক পরিকল্প চালু করা হয়েছে। ১৯৭৫-৭৬ সালের এইরূপ প্রায় ২ কোটি চারাপোনা বণ্টন করা যাবে বলে আশা করা যাচ্ছে।

মৎসচাষের উন্নত পদ্ধতি জনপ্রিয় করার উদ্দেশ্যে ১০০টি প্রদর্শনকেন্দ্র চালু হয়েছে এবং আগামী বৎসর আরও ২০০টি চালু করা হবে বলে আশা করা যায়। মিশ্র মৎসচাষের নতুন পদ্ধতি যদি সফলভাবে প্রয়োগ করা যায় তবে প্রতি বছর হেক্টরপিছু ৬,০০০ কেজি উৎপাদনের লক্ষ্যে পৌছানো সম্ভব। মজা ও আধামজা জলাশয়ে কৃষি ও মৎসচাষের এক সংযুক্ত কর্মসুচি চালু করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

উপকূলবর্তী এলাকায় ব্যাপকভাবে মাছধরার সুবিধার জন্য ১৯৭৫-৭৬ সালে মৎস্যজীবী সমবায় সমিতিগুলিকে ভাড়ায় এবং সহায়ক হিসাবে ১০টি যন্ত্রচালিত নৌকায় ব্যবস্থা করে দেওয়ার কর্মসূচি নেওয়া হয়। রাইচকে গভীর সমুদ্রে মাছধরার প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং আগামী বছরে একটি মেক্সিকান ট্রলার পাওয়া যাবে বলে আশা করা যায়।

বন—আমাদের বনসম্পদ বৃদ্ধি করার উদ্দেশ্যে ১৯৭৫-৭৬ সালে ৩,৪৪৫ হেক্টর বন সৃষ্টি করার কথা। ১৯৭৪ সালের নভেম্বর মাসে স্থাপিত পশ্চিমবঙ্গ বন উন্নয়ন কর্পোরেশন এ রাজ্যের উত্তরাঞ্চলের দুরূহ এলাকায় বনসম্পদ উন্নয়ন ও সৃষ্টির কাজ গ্রহণ করেছেন। এছাড়া যেসব বনভূমি এতকাল অগম্য ছিল তার অভ্যন্তরে প্রবেশের জন্য নতুন রাস্তা নির্মাণের কাজও হাতে নেওয়া হয়েছে।

বন্যা ও ধ্বসের বিপর্যয় নিয়ন্ত্রণের উদ্দেশ্যে উত্তরের পার্বত্য এলাকায় এবং বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় মৃত্তিকা সংরক্ষণের কাজ অব্যাহত আছে। ১৯৭৫-৭৬ সালে মৃত্তিকা সংরক্ষণ পরিকল্প অনুসারে প্রায় ২২০ হেক্টর জমিতে কাজ হয়েছে। কংসাবতী নদীর উৎসমুখের উপরদিকে মৃত্তিকা সংরক্ষণের অপর একটি পরিকল্প গ্রহণ করা হয়েছে। ১৯৭৫-৭৬ সালে এই পরিকল্পের আওতায় আসবে ৪,৫৩০ হেক্টরের মতো জমি।

১৯৭৩ সালের মে মাস থেকে এই রাজ্য বন্যপ্রাণী (সংরক্ষণ) আইন, ১৯৭২-এর বিধানাবলী বলবৎ হয়েছে এবং সেটি এখানকার বন্যপ্রাণী ভালভাবে সংরক্ষণ সুনিশ্চিত করার জন্য আন্তরিকভাবে প্রযুক্ত হচ্ছে। এ রাজ্যের ব্যাঘ্র সংরক্ষণের জন্য সুন্দরবনে কেন্দ্রীয় উদ্যোগে একটি ব্যাঘ্র প্রকল্প নেওয়া হয়েছে।

সমবায়—সমবায় ক্ষেত্রে স্বল্পমেয়াদী সমবায় ঋণ আদায় হয়েছে শতরা ৭৫.১ শতাংশ। ১৯৭৩-৭৪ সালে ঐ আদায়ের পরিমাণ ছিল ৬৬.২ শতাংশ। ১৯৭৬-৭৭ সালে স্বল্পমেয়াদী ও মধ্যমেয়াদী সমবায় ঋণ বাবদ ৫০ কোটি টাকার লক্ষ্যমাত্রা নির্দিষ্ট হয়েছে। ১৯৭৫-৭৬ সালে ঐ লক্ষ্যমাত্রা ছিল ৩৬ কোটি টাকা। জেলাগুলিতে বিভিন্ন ক্ষুদ্র সেচ পরিকল্প রূপায়ণের জন্য ১৯৭৫ সালের জুলাই থেকে কেন্দ্রীয় ভূমি উন্নয়ন ব্যাঙ্ক মোট ১ কোটি ২ লক্ষ টাকার দীর্ঘমেয়াদী ঋণ মঞ্জুর করেছেন।

১৯৭৪-৭৫ সালে সমবায় সমিতিগুলি প্রায় ১ লক্ষ ৬ হাজার মেট্রিক টন রাসায়নিক সার কেনাবেচা করেছে এবং ১৯,৬০০ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে। ১৯৭৫ সালের জুলাই থেকে নভেম্বরের মধ্যে প্রায় ৬,০০০ গাঁট নিয়ন্ত্রিত বস্ত্র সমবায় সমিতির মাধ্যমে বিলি করা হয়। এ রাজ্যের ক্রেতা সমবায় সমিতিগুলি ১৯৭৪-৭৫ সালে ৪১ কোটি ২৬ লক্ষ টাকার কারবার করে। ১৯৭৩-৭৪ সালে ঐ রকম কারবারের পরিমাণ ছিল ৩০ কোটি ৭৫ লক্ষ টাকা।

ক্ষুদ্রায়তন শিল্প—১৯৭৪ সালের অক্টোবর থেকে ১৯৭৫ সালের সেপ্টেম্বর পর্যন্ত ২,৭৫৩টির বেশি কুটিরও ক্ষুদ্রশিল্প ইউনিট স্থাপিত হয়েছে। এর ফলে কর্মসংস্থান হয়েছে প্রায় ১৪,০৭৫ জনের। ১৯৭৫ সালের অক্টোবর থেকে ১৯৭৬ সালের মার্চ অবধি এরূপ ১,৮৬৯টি

ইউনিট স্থাপনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

খিদিরপুর শিল্প এস্টেট এবং মালদা শিল্প এস্টেটের প্রথম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে এবং ট্যাংরা ও কল্যাণীতে আরও দুটি শিল্প এস্টেট নির্মিত হচ্ছে। আরও সাতটি শিল্প এস্টেট প্রতিষ্ঠার জন্য সরকার সঙ্কল্প করেছেন।

গত তিন বছরে পুরুলিয়া, মেদিনীপুর ও নদীয়া এই তিনটি অনগ্রসর জেলায় ৯৬টি ইউনিটকে তাদের স্থায়ী মূলধনী বিনিয়োগের উপর সরাসরি ১০ থেকে ১৫ শতাংশ কেন্দ্রীয় অনুদান বা সহায়ক দেওয়া হয়েছে। এই পরিকল্প এ রাজ্যের অন্যান্য অনগ্রসর জেলাতেও সম্প্রসারণ করার জন্য ভারত সরকারকে অনুরোধ জানানো হয়েছে।

গ্রামাঞ্চলে ও পার্বত্য এলাকায় গুটিপোকা চাষ উন্নয়নের উদ্দেশ্যে গুটিপোকা চাষ ও রেশম বয়ন সংক্রান্ত একটি আলাদা অধিকার খোলা হয়েছে।

কর্মসংস্থান কার্যসূচি এবং ব্যাঙ্ক ঋণ—গ্রামীণ কর্মহীনতা ও দারিদ্র্যের মূল কারণ হল এক বিশাল জনসংখ্যার জীবিকা নির্ভরশীল একফসলি চাষের উপর যাতে কেবল সাময়িক কর্মসংস্থান হতে পারে। কিন্তু গ্রামীণ বেকারত্বের সমস্যা সমাধানের জন্য আমরা শুধু দ্রুত শিল্পায়ন ঘটিয়ে কৃষিতে নিযুক্ত শ্রমশক্তির একটি বড় অংশকে দ্বিতীয় বা তৃতীয় ক্ষেত্রে অল্প দিনের মধ্যে নিয়োগ করে ফেলতে পারি না, কারণ এ পদ্ধতি প্রচুর সময় সাপেক্ষ। কাজেই, পঞ্চম পরিকল্পনাকালে আমরা, শিল্পের দ্রুত উন্নয়নের পাশাপাশি প্রচলিত ধারার ও জীবিকাভিত্তিক কৃষিকর্মকে গতিশীল ও বাণিজ্যিক কৃষিপদ্ধতিতে রূপান্তরিত করার নীতি গ্রহণ করেছি। এ কারণে ভূমিসংস্কার, সেচের সুবিধার বিস্তার, নিকাশি ও বন্যানিয়ন্ত্রণ পরিকল্প সম্পাদন, রাসায়নিক সার ও উন্নত বীজ ও কীটঘ্ন সরবরাহ, ঋণদানের সুবিধা এবং বিবিধ কারিগরি সামগ্রীর জোগান প্রভৃতি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যেখানে বছরের একবার মাত্র ফসল হয় সেখানে দুবার কিম্বা, সম্ভব হলে তিনবার ফসল তুলতেই হবে।

নিবিড় ও বহুমুখী কৃষিকাজের দ্বারা ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর আয় অকেনটা বাড়তে পারে এবং কর্মসংস্থানের সুযোগবৃদ্ধির সহায়ক হবে। এই দিক থেকে সেচ, অধিকফলনশীল ও উন্নত ধরনের বীজ সরবরাহ, রাসায়নিক সার সরবরাহ প্রভৃতির জন্য ব্যয়কে কর্মসংস্থানের সুযোগসৃষ্টির পক্ষে সহায়ক কার্যসূচি হিসাবে গণ্য করা যেতে পারে।

ক্ষুদ্রশিল্প ও কুটিরশিল্পের ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণের ব্যাপারে আমাদের নীতি কেবল সংরক্ষণমূলক নয়, বরং উন্নত ধরনের প্রযুক্তিবিদ্যার সাহায্যে তার বিস্তার ও বিকাশ সাধনও বটে। এছাড়া, মাঝারি ধরনের ও বড় আকারের শিল্পের বিস্তার, অর্থনীতির সাধারণ বৃদ্ধি এবং পরিকল্পনাগত কার্যসূচিতে অধিকতর বিনিয়োগের ফলে প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে অধিকতর কর্মসস্থানের সুযোগ সৃষ্টি হবে।

কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণের উদ্দেশ্যে এইসব সাধারণ কার্যক্রম ছাড়া আরও কতকগুলি বিশেষ কর্মসূচি রাজ্য সরকার গ্রহণ করেছেন। ভারত সরকার ১৯৭২-৭৩ সালে একটি বিশেষ কর্মসংস্থান কার্যসূচির প্রবর্তন করেন কিন্তু তারা তা চালু রাখেন ১৯৭৩-৭৪

সাল অবধি। তবুও বেকারত্বের তীব্র সমস্যার কথা বিবেচনা করে রাজ্য সরকার তাদের নিজস্ব অর্থে এই কার্যসূচি চালু রাখার সিদ্ধান্ত নেন। ১৯৭৫-৭৬ সালে এই কর্মসূচির জন্য ৩ কোটি টাকা বরাদ্দ করেন, যার ফলে ৩০,০০০ ব্যক্তি, যারা বেশির ভাগই অদক্ষ কর্মী, তাদের কর্মসংস্থানের সুযোগ হতে পারে।

রাজ্য সরকার ১৯৭৫-৭৬ সালে ১ কোটি শ্রমদিবস সৃষ্টি করার মতো ৬ কোটি টাকার এক গ্রামীণ কর্মসূচি চালু করেন। এই কর্মসূচির অন্তর্গত পরিকল্পনাসমূহের মধ্যে আছে প্রধানত ক্ষুদ্র সেচ, নিকাশি ও বন্যারোধ, জল সংরক্ষণ, জমি উদ্ধার ও উন্নয়ন, মৃত্তিকা সংরক্ষণ, বন উন্নয়ন ইত্যাদি।

গ্রামীণ উৎপাদন কর্মসূচি এবং বিশেষ কর্মসংস্থান কর্মসূচির পরিকল্পগুলি তৈরি হয় গ্রামের প্রয়োজনে এবং নির্দেশে। এগুলি হল সত্যিকার সাধারণ মানুষের কর্মসূচি আর এরই ফলে আমাদের বহুস্তর পরিকল্পনা চিন্তা বাস্তবে রূপ পেয়েছে।

ক্ষুদ্র চাষী উন্নয়ন এজেন্সি (এস এফ ডি এ) কার্যসূচি, প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিক (এম এফ এ এল) কার্যসূচি, খরাপ্রবণ এলাকা (ডি পি এ) কার্যসূচি প্রভৃতির মতো নানা বিশেষ পরিকল্প অব্যাহত থাকায় কর্মসংস্থানের নানা রকম সম্ভাবনা আছে। এ বছরে আবার কোচবিহার, মালদা, মুর্শিদাবাদ ও নদীয়া এই চারটি জেলার ক্ষুদ্র চাষী উন্নয়ন এজেন্সির পরিকল্প চালু হয়েছে। চব্বিশ-পরগনা ও জলপাইগুড়ি জেলাতেও এরকম কার্যসূচি শুরু হবে। সম্প্রতি ক্ষুদ্রচাষী উন্নয়ন এজেন্সি এবং প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিক উন্নয়ন এজেন্সির পার্থক্য দূর করে একটি মাত্র সংস্থা, ক্ষুদ্র ও প্রান্তির চাষী এবং কৃষি মজুর উন্নয়ন এজেন্সিতে তাদের সংবদ্ধ করা হয়েছে।

স্টেট রিলিফ কাজে ১৯৭৫-৭৬ সালে ৮৯.৬০ লক্ষ শ্রমদিনের কর্মসংস্থান হয়েছে

১৯৭৪ সালের অক্টোবর থেকে এক বছরের মধ্যে ক্ষুদ্রশিল্প ও কুটিরশিল্প ইউনিটগুলি প্রায় ১৪,০৭৫ ব্যক্তির কর্মসংস্থানের সুযোগ করে দিয়েছে।

শিক্ষিত বেকারদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে অতিরিক্ত কর্মসংস্থান কার্যসূচি রূপায়িত হচ্ছে। এই কার্যসূচিতে স্বনিযুক্তি পরিকল্পের উপর জোর দেওয়া হয়েছে। এই ধরনের পরিকল্পের ক্ষেত্রেমোট ব্যয়ের ৯০ শতাংশ পর্যন্ত ব্যাঙ্ক থেকে ঋণ হিসাবে পাওয়া গেলে রাজ্য সরকার সহায়তারূপে ১০ শতাংশ পর্যন্ত প্রান্তিক অর্থ দিয়ে থাকেন। ১৯৭৩-৭৪ সালে রাজ্য সরকার শিক্ষিত বেকারদের ঐ রকম সহায়তা হিসাবে ৮৫ লক্ষ টাকার প্রান্তিক অর্থ দিয়েছিলেন। ১৯৭৪-৭৫ সালে ঐরূপ সহায়তার পরিমাণ ছিল ১ কোটি ৩০ লক্ষ টাকা। ১৯৭৫-৭৬ সালে এই প্রান্তিক অর্থ সহায়তার অঙ্ক আরও বেশি হবে, কারণ ১৯৭৬ সালের জানুয়ারি মাসের মধ্যেই ১ কোটি ২৬ লক্ষ টাকার সহায়তা দেওয়া হয়ে গিয়েছে।

বিভিন্ন কর্মনিয়োগ কর্মসূচিকে সাহায্য করার জন্য ব্যাঙ্কের কর্মকর্তাদের আরও উদারভাবে এগিয়ে আসতে হবে এবং অরও ঋণ দিতে হবে। আরও শাখা খুলতে হবে ব্যাঙ্কগুলিকে।

পশ্চিমবঙ্গে ব্যাঙ্কের সংখ্যা খুবই কম। সারা দেশে যেখানে ১৯৭৫ সালের জুন মাসে প্রতি ২৯,০০০ জন লোকের জন্য একটি করে ব্যাঙ্ক ছিল, সেখানে পশ্চিমবঙ্গে ছিল প্রতি ৪১,০০০ লোকের জন্য মাত্র একটি ব্যাঙ্ক। ভারসাম্যের এই অভাব ঘোচাতে হবে আরও ব্যাঙ্ক খুলে, বিশেষ করে গ্রামাঞ্চলে। তাছাড়া, কৃষি এবং অগ্রাধিকারপ্রাপ্ত সব ক্ষেত্রে ঋণ দিতে হবে আরও উদারভাবে। পশ্চিমবঙ্গে, ব্যাঙ্ক জাতীয়করণের গোড়া থেকে শুরু করে ১৯৭৪ সালের জুন পর্যন্ত সময়ে যেখানে আমানত বেড়েছিল ৭২৬ কোটি টাকা, সেখানে দাদন বেড়েছিল মাত্র ৪৬৮ কোটি টাকা। ১৯৭৪ সালের জুনে অগ্রাধিকারপ্রাপ্ত কৃষিক্ষেত্রে পশ্চিমবঙ্গের তফসিলভুক্ত ব্যাঙ্কগুলির পাওয়া ঋণের মোট পরিমাণ ছিল ১৯.৯৬ কোটি টাকা। এই অঙ্কটি এবং এসব ব্যাঙ্কের চা-বাগানগুলি থেকে অনাদায়ী ৫০ কোটি ৭৫ লক্ষ টাকা। একযোগে ঐসব ব্যাঙ্কের মোট দাদনের মাত্র ৬.৯ শতাংশ।

উৎপাদন আর সঙ্গে সঙ্গে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য গ্রামীণ ব্যাঙ্ক ব্যবস্থা এবং গ্রামীণ সঞ্চয় সংগ্রহের উপর জোর দিতে হবে ; জোর দিতে হবে কৃষি গ্রামীণ ক্ষেত্রে ব্যাঙ্ক ঋণের অব্যাহত গতির উপর। এছাড়া গ্রামীণ ক্ষেত্রে ঋণদানের গতি যাতে আরও বাধামুক্ত হয়, তার জন্য বিশেষ করে বন্ধক সংক্রান্ত বিষয়ে নতুন করে চিন্তার একান্ত প্রয়োজন। স্পষ্টতই সম্পত্তির বন্ধক অথবা জমির মালিকানার দলিলের উপর চিরাচরিত ধারায় জোর দিলে লক্ষ লক্ষ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এর আওতার বাইরে পড়ে যাবেন এবং ফলে ব্যাঙ্ক জাতীয়করণের উদ্দেশ্যই ব্যর্থ হয়ে যাবে। কৃষি এবং শিল্প সম্পর্কিত ঋণের পরিমাণ বৃদ্ধি করার জন্য ব্যাঙ্ক কর্তৃপক্ষের মধ্যে এক নতুন দৃষ্টিভঙ্গি আসা দরকার এবং এই দুটি ক্ষেত্রেই ব্যক্তির থেকে উদ্দেশ্য অথবা প্রকল্পের ঋণপ্রাপ্তির যোগ্যতার উপরই জোর দিতে হবে বেশি।

বিদ্যুৎ—শিল্প-উন্নয়ন এবং কৃষি আধুনিকীকরণে বিদ্যুৎশক্তির প্রয়োজনীয়তার কথা মনে রেখে বিদ্যুৎশক্তির জন্য ব্যয়ের পরিমাণ গত তিন বৎসরের প্রতি বৎসরেই যথেষ্ট বাড়িয়ে দেওয়া হয়েছে। বিদ্যুৎশক্তির জন্য পরিকল্পনায় বরাদ্দ ১৯৭১-৭২ সালে ছিল ১৯ কোটি টাকা, ১৯৭৫-৭৬ সালে সেটা হয়ে দাঁড়াবে ৬৯.৫২ কোটি টাকা।

চলতি বৎসরে সাঁওতালদির ১২০ মেগাওয়াট শক্তিসম্পন্ন দ্বিতীয় বিদ্যুৎ ইউনিটটি চালু হয়েছে এবং সাঁওতালদি থেকে হাওড়া পর্যন্ত সরাসরি বিদ্যুৎ-চলাচলের ২২০ কিলোভোল্টের ২৫০ কিলোমিটার লাইন বসানোর কাজ সম্পূর্ণ হয়ে গেছে। সাঁওতালদির ১২০ মেগাওয়াটের বাকি দুটি ইউনিট এবং ব্যান্ডেলের ২০০ মেগাওয়াটের পঞ্চম ইউনিটের কাজ এখনও চলছে। কোলাঘাট প্রকল্পের মৌল প্রকরণের কাজকর্মও এগিয়ে চলছে। দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডের ১১০ মেগাওয়াট শক্তির ষষ্ঠ ইউনিটটি এবারে পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়েছে।

উত্তরবঙ্গে দুটি ৪ মেগাওয়াট শক্তিসম্পন্ন জলঢাকায় দ্বিতীয় পর্যায়ের নির্মাণকার্য হাতে নেওয়া হয়েছে, আর ২ মেগাওয়াট শক্তিসম্পন্ন রিংচিংটন প্রকল্পের নির্মাণকার্য এগিয়ে চলেছে। রম্মম জলবিদ্যুৎ প্রকল্পের নিবন্ধ পরিকল্পনা কমিশনের কাছে পেশ করা হয়েছে।

ডালখোলা আর শিলিগুড়ির মধ্যে একটি অতিরিক্ত উচ্চশক্তিসম্পন্ন লাইন চালু হয়েছে এবং অনুরূপ আর একটি লাইন টেনে দক্ষিণ ও উত্তরবঙ্গের সঙ্গে যোগসাধন করবার কাজ

হাতে নেওয়া হয়েছে। আলিপুরদুয়ার-বঙ্গাইগাঁও এবং পূর্ণিয়া-শিলিগুড়ির মধ্যে কেন্দ্রীয় উদ্যোগে আন্তরাজ্য বিদ্যুৎ চলাচল লাইন বসানোর কাজ এই বৎসরে শেষ হয়েছে।

১৯৭৫ সালের নভেম্বর পর্যন্ত ৫,৪০৮টি ক্ষুদ্র নলকূপ ২০৯৪টি গভীর নলকূপ এবং ৬৫০টি নদীজল-উত্তোলন পাম্পে বিদ্যুৎশক্তি সঞ্চারিত হয়েছে।

১৯৭৫ সালের ডিসেম্বর পর্যন্ত, গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি অনুসারে ১০,২৪৭টি বিদ্যুৎ পৌঁছেছে।

কেন্দ্রীয় ক্ষেত্রে পশ্চিমবঙ্গে একটি উচ্চশক্তিসম্পন্ন তাপবিদ্যুৎ কেন্দ্র গঠনের জন্য এই রাজ্য ক্রমাগত চেষ্টা করে যাওয়ার ফলে, কেন্দ্রীয় বিদ্যুৎশক্তি মন্ত্রণালয় ঐ ধরনের বিদ্যুৎকেন্দ্র স্থাপনের একটি স্থান হিসাবে ফরাক্কাকে বেছে নিয়েছেন।

শিল্পোন্নয়ন—বর্তমান বৎসরে ১৪৮টি সম্মতিপত্র এবং শিল্প লাইসেন্স এই রাজ্যে দেওয়া হয়েছিল। এর মধ্যে ৬৭টি লাইসেন্সকে পুরোপুরি কাজে লাগানো হয়েছে। এটা অবশ্য দুঃখের কথা যে ১১২ কোটি ২৩ লক্ষ টাকা বিনিয়োগের ৭৩টি দরখাস্ত এখনও ভারত সরকারের সিদ্ধান্ত সাপেক্ষে পড়ে আছে। তেমনি ৫৫ কোটি ১২ লক্ষ টাকা বিনিয়গের ১৬১টি লাইসেন্স বহির্ভূত সামগ্রীর জন্য দরখাস্ত রেজিস্ট্রেশন কর্তাদের অনুমতির অপেক্ষায় আছে।

মোট ১৮২.৭২ কোটি টাকার মূলধন সহ ৩৬৬টি নতুন কোম্পানি ১৯৭৫ সালের এপ্রিল থেকে নভেম্বরের মধ্যে এই রাজ্য রেজেস্ট্রি করা হয়েছিল।

পশ্চিমবঙ্গে শিল্পোন্নয়ন কর্পোরেশন, যারা নানাবিধ উৎসাহমূলক সুযোগ দিয়ে থাকেন এবং অর্থসংস্থান প্রতিষ্ঠানসমূহ থেকে অর্থসংগ্রহে সাহায্য করে থাকেন, তারা এ পর্যন্ত ৯২টি ইউনিটকে সহায়তা দিচ্ছেন। এইসব ইউনিটটির ১৭টিতে কাজ চালু হয়েছে এবং ১৯৭৬-৭৭ সালের মধ্যে আরও ১৫টিতে কাজ চালু হবে আশা করা যায়। খড়গপুরে যৌথক্ষেত্র স্কুটার কারখানাটির নির্মাণকাজও শুরু হয়ে গেছে এবং এতে শীঘ্রই উৎপাদন শুরু হবে বলে আশা করা যায়।

রাজ্যে শিল্প উন্নয়নে সমতা আনবার জন্যে কারিগরি-অর্থনৈতিক সুবিধাযুক্ত স্থানে নতুন নতুন বিকাশ-কেন্দ্রগড়ে তোলার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। এই ধরনের বিকাশ কেন্দ্র স্থাপনের জন্য শিল্প মৌল উপকরণ উন্নয়ন কর্পোরেশন ব্যবস্থা নিচ্ছেন। এই কর্পোরেশন এ পর্যন্ত হলদিয়ায় ১১৭ একরজমি অধিগ্রহণ করেছেন, যার মধ্যে ৬০ একর দেওয়া হয়েছে দুটি শিল্প ইউনিটকে। এরা কাজ আরম্ভ করার পর্যায়ে গিয়ে পৌঁছেছে। কর্পোরেশন আশা করছেন যে, ১৯৭৭ সালের এপ্রিল মাসের মধ্যে ১.২৫ এম জি ডি হলদিয়া জল সরবরাহ পরিকল্পটির প্রথম পর্যায়ে কাজ চালু করা যাবে। কর্পোরেশন খড়গপুর ও কল্যাণীতে যথাক্রমে ২২০ এবং ৩৩৬ একর জমি অধিগ্রহণ করেছেন।

অনুন্নত জেলাগুলির জন্য লাইসেন্স ও সম্মতিপত্র প্রদানের সংখ্যা বেড়ে যাচ্ছে। ১৯৭৪ সালে অনুন্নত অঞ্চলগুলি নিয়েছিল সম্মতিপত্রের প্রায় ৫৭ শতাংশ এবং লাইসেন্সের প্রায় ৪৪ শতাংশ।

রাজ্য খনিজ উন্নয়ন ও বাণিজ্য কর্পোরেশন পাথর, ভারী পাথর ও পাথর-কুচির বাণিজ্যিক কাজকর্ম ছাড়া মূল্যবান খনিজ পদার্থেরও উৎপাদন শুরু করে দিয়েছেন, যেমন পুরুলিয়ায় খনিজ লবন বা রক্ ফসফেট, আর জলপাইগুড়িতে ডলোমাইট।

পশ্চিমবঙ্গ ফারমাসিউটিক্যাল ও ফাইটোকেমিক্যাল শিল্প উন্নয়ন কর্পোরেশন একটি ভেষজ শিল্প এস্টেট স্থাপন করতে এবং মৌলিক ভেষজ ও সক্রিয় জৈবিক বস্তুর উৎপাদন কার্য আরম্ভ করতে চান।

সরকারি সংস্থাসমূহ—দুর্গাপুর প্রকল্প লিমিটেডের উৎপাদন ১৯৭৪-৭৫ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২৪.৩৫ কোটি টাকা। দুবছর আগে এর পরিমাণ ছিল১৩ কোটি টাকা। অনুরূপভাবে ১৯৭৪-৭৫ সালে অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের লেনদেন দু বছর আগের ৮.৬০ কোটি টাকা থেকে বেড়ে ১২.৯০ কোটি টাকা হয়। পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প কর্পোরেশন-এর ব্যবসায়িক লেনদেন দু বছর আগের ৬.২৯ কোটি টাকার জায়গায় ১৯৭৪-৭৫ সালে বৃদ্ধি পেয়ে ১৩.০২ কোটি টাকা হয়েছে।

পশ্চিমবঙ্গ অর্থ কর্পোরেশন ১৯৭৪-৭৫ সালে ৪.৩০ কোটি টাকার ঋণ মঞ্জুর করেছেন। এর আগে বছরে এই পরিমাণ ছিল ২.২৫ কোটি টাকা।

বন্ধ ও রুগ্ন শিল্প—সুতিবস্ত্রের ক্ষেত্রে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন লিমিটেডের একটি শাখা রাজ্যের ১৪টি রুগ্ন রাষ্ট্রায়ত্ত মিলের দেখাশুনা করছেন। রাজ্য সরকার এই সংস্থার বিনিয়োগ এবং পরিচালনার ক্ষেত্রে অংশ গ্রহণ করেছেন। এইসব মিলে উৎপাদনের কাজ অব্যাহত আছে এবং এগুলিতে ১৬ হাজারেরও বেশি কর্মী কাজ করছেন।

সুতিবস্ত্র ছাড়া অন্যান্য ক্ষেত্রে ৪টি প্রতিষ্ঠান অধিগ্রহণ করা হয়েছে, সেগুলির হল একটি বিরাট কাঁচ তৈরির কারখানা, একটি ডিস্টিলারি কারখানা, একটি বেল্টিং কারখানা এবং একটি সংবাদপত্র প্রকাশন সংস্থা। এইসব সংস্থায় উৎপাদন অব্যাহত আছে এবং এগুলিতে প্রায় ১,৮০০ কর্মী কাজ করছেন।

এই বছরে একটি বন্ধ ইঞ্জিনিয়ারিং কারখানা এবং একটি ভেষজ কারখানা রাজ্য সরকার অধিগ্রহণ করেছেন এবং উভয় কারখানাতেই উৎপাদন অব্যাহত আছে। এই দুই কারখানায় যথাক্রমে ২৫২ ও ৫০০ কর্মী নিযুক্ত আছেন।

শিল্প সম্পর্ক—রাজ্য সরকার চা শিল্পে মজুরি নির্ধারণের যে ব্যবস্থা চালু করেন তার আওতায় দুটি চুক্তি সম্পাদিত হয়েছে এবং তার ফলে প্রায় ৩ লক্ষ চা বাগিচা শ্রমিকের অর্থনৈতিক অবস্থার বেশ উন্নতি হবে।

এ পর্যন্ত ৩৫টি শ্রেণীর চাকুরিকে ১৯৪৮ সালের ন্যূনতম মজুরি আইনের আওতায় আনা হয়েছে। তা ছাড়া সিনকোনা এবং ভেষজ বাগিচার পুরুষ ও মহিলা কর্মীদের সমান মজুরি দেওয়া সুনিশ্চিত করার জন্য বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে।

কলকাতা, হাওড়া, চব্বিশ পরগনা, হুগলি এবং নদীয়ার অংশবিশেষে কর্মচারী রাজ্য

বিমা পরিকল্পে মোট ৩৯ লক্ষ মানুষকে অন্তর্ভুক্ত করা হয়েছে। তারমধ্যে ৯.৭৫ লক্ষ ব্যক্তি বিমাকৃত এবং বাকি সকলে তাদের পরিবারভুক্ত। যারা ৫০০ থেকে ১,০০০ টাকা পর্যন্ত মাসিক বেতন পান তাদেরও এখন এই পরিকল্পের আওতায় আনা হয়েছে।

শ্রমিকদের জন্য দীঘায় একটি অবসর গৃহ বা হলিডে হোম খোলা হয়েছে এবং শীঘ্রই দার্জিলিংয়ে আর একটি খোলা হবে। ৫৬টি শ্রমিক কল্যাণকেন্দ্র বর্তমানে চালু আছে এবং তার মধ্যে ২১টি আদর্শ কল্যাণকেন্দ্র এবং বাকিগুলি সাধারণ কল্যাণকেন্দ্র। পশ্চিমবঙ্গে এই প্রথম কৃষি-শ্রমিকদের জন্য ২টি আদর্শ কল্যাণকেন্দ্র এবং ৪টি সাধারণ শ্রমিক কল্যাণকেন্দ্র স্থাপিত হতে চলেছে।

এই রাজ্যে এ ছাড়াও এই প্রথম কেন্দ্রীয় পাঠাগার তথ্য জীবিকা তথ্যকেন্দ্র স্থাপিত হবে।

সড়ক—১৯৭৫-৭৬ সালে প্রায় ৩০০ কিলোমিটার দীর্ঘ রাস্তা সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। তা ছাড়া ১৯৭৬ সালে শেষ নাগাদ ৪১ নম্বর জাতীয় সড়ক সম্পর্কিত কেন্দ্রীয় প্রকল্পের রাস্তার কাজ প্রায় ৯০ শতাংশ শেষ হবে বলে আশা করা যায়। ১০৬ মাইল দীর্ঘ মার্কেট লিঙ্ক রোডের যে নির্মাণকার্য হাতে নেওয়া হয়েছে তাতে কংসাবতী বেসিন এলাকায় যোগাযোগ ব্যবস্থার সুবিধা হবে। আসানসোল বাই-পাশ এবং বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের নির্মাণকার্য অগ্রসর হচ্ছে।

হুগলি জেলার হরিণখোলায় মুন্ডেশ্বরী নদীর উপর নির্মিত সেতুটি যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। বর্ধমানের সদর ঘাটে দামোদর সেতু, বালুরঘাটের আত্রাই সেতু, মাথাভাঙায় মানসাই সেতু, নদীয়া জেলার নবদ্বীপে ভাগীরথী সেতু মালদা জেলার ভাগীরথীর উপর আবু হায়াত খান সেতু মেদিনীপুর নরঘাটে হলদি নদীর উপর সেতু—এইসব বড় বড় সেতুর কাজ চলছে।

সড়ক পরিবহন—বর্তমান বৎসরে সারা পশ্চিমবঙ্গে ৪০০টি বেশি নতুন বাস এবং ১৫০টির বেশি মিনিবাস চালু করা হয়েছে। দুর্গাপুর রাজ্য পরিবহণ কর্পোরেশন ১১টি নতুন বাস সংগ্রহ করে তাদের বাসের সংখ্যা বাড়িয়েছে। এরা ৫টি দূরপাল্লার রুটেও বাস চালাচ্ছেন। উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ কর্পোরেশন তাদের বাসের সংখ্যায় ১৪টি বাস এবং ৯টি মিনিবাস বাড়িয়েছেন। বর্তমান বর্ষে ১৮টি নতুন ট্রাম কলকাতার রাস্তায় ছাড়া হয়েছে।

কেন্দ্রীয় সহায়তার সুন্দরবনের রায়দীঘিতে একটি জেটি তৈরির কাজ এই বছরে শেষ হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। হাওড়া-কলকাতা ফেরি চলাচলের কাজ এগোচ্ছে।

আবাসন—১৯৭৫-৭৬ সালের ১,৭৩০টি আবাসনগৃহ নির্মিত হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। সহায়তাপ্রাপ্ত গৃহনির্মাণ পরিকল্পে চা-বাগান শ্রমিকদের জন্য ৬০০টিরও বেশি আবাসনগৃহ নির্মাণ সম্পূর্ণ হয়েছে এবং আরও ২,০০০টি আবাসনগৃহ নির্মাণের কাজ চলছে। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের নিয়ন্ত্রণে আরও ২,২৬০টি ফ্ল্যাট এবং ১৯৮টি বাড়ি নির্মাণ করা হচ্ছে।

গৃহনির্মাণের জন্য ন্যায্যমূল্যে ইঁটের দ্রুত সরবরাহ নিশ্চিত করার উদ্দেশ্যে যান্ত্রিকভাবে এবং কায়িক পরিশ্রমের মাধ্যমে পরিচালিত কতকগুলি ইটখোলা চালু রয়েছে।

সি এম ডি এ—সি এম ডি এ বৃহত্তর কলকাতা এলাকার জন্য বিশাল কর্মসূচি গ্রহণ করেছেন এবং ১৯৭৫-৭৬ সালে এদের বাজেট বরাদ্দ হচ্ছে ৩৫.৩৮ কোটি টাকা।

১৯৭৬-৭৭ সালে সি এম ডি এ ৩টি গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ শেষ করতে চান। সেগুলি হল ব্রেবোর্ন রোড উড়ালপুল, বালিগঞ্জ-কসবা ওভারব্রিজ এবং অকল্যান্ডের স্কোয়ার বুস্টিং স্টেশন। অকল্যান্ড স্কোয়ারের এই কেন্দ্রটি দক্ষিণ কলকাতায় এবং সুবোধ মল্লিক স্কোয়ারের কেন্দ্রটি মধ্য কলকাতায় জলের সরবরাহ বৃদ্ধি করবে। গার্ডেনরীচ, হাওড়া, বরানগর এবং কামারহাটির বিরাট জল সরবরাহ কেন্দ্রগুলির কাজ এগিয়ে চলেছে।

যানবাহন চলাচল এবং পরিবহনের ক্ষেত্রে সি এম ডি এ হাওড়া, সাবওয়ে, উল্টাডাঙ্গায় অরবিন্দ সেতু এবং চেতলায় যতীন দাস সেতু নির্মাণ করেছেন এবং কলকাতার অনেকগুলি রাস্তা চওড়া করেছেন। ইস্টার্ন মেট্রোপলিটান বাই-পাস, হাওড়া-কোনা এক্সপ্রেসওয়ে এবং ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেসওয়ের চালু কাজ সমাপ্ত হলে যানবাহন চলাচলের সুবিধা হবে।

বস্তি উন্নয়ন কর্মসূচিতে প্রায় ১,৫০০ বস্তিতে পানীয় জল, স্যানিটারি পায়খানা, বিদ্যুৎ এবং পাকা রাস্তা প্রভৃতির ব্যবস্থা করা হয়েছে, যার ফলে ১২ লক্ষেরও বেশি বস্তিবাসী মানুষ উপকৃত হয়েছেন। এই বছর থেকে সি এম ডি এ মহানগরী এলাকায় উদ্বাস্তু কলোনিগুলির উন্নয়নের কাজও আরম্ভ করেছেন।

দ্বিতীয় হুগলি সেতু—দ্বিতীয় হুগলি সেতু প্রকল্পের দুই তীরের কাজ এগোচ্ছে এবং কলকাতার দিকে বাড়তি কাজও শীঘ্র শুরু হবে। আসল সেতুটির ভিত্তির কাজ শুরু হয়ে গেছে। এই প্রকল্পের জন্য এই বছর ব্যয় হবে প্রায় ৪ কোটি টাকা।

পাতাল রেল—কলকাতায় দমদম থেকে টালিগঞ্জ পর্যন্ত পাতাল রেল প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। এই প্রকল্পটিতে কাজ করছেন রেলওয়ের মেট্রোপলিটান ট্রান্সপোর্ট প্রোজেক্ট এবং এর টাকা দিচ্ছেন কেন্দ্রীয় সরকার। বর্তমান বছরে প্রায় ৬ কোটি ৯১ লক্ষ টাকা ব্যবহৃত হবে। কলকাতার সঙ্গীন পরিবহন অবস্থার উন্নতি করতে গেলে এই প্রকল্পে প্রয়োজনীয় অর্থবরাদ্দ করতেই হবে যাতে এটি শীঘ্র ও যথাসময়ে সম্পূর্ণ হয়।

শিক্ষা—মানুষের জন্য সবচেয়ে বড় বিনিয়োগ হচ্ছেশিক্ষা, কারণ এতে করে আমাদের মানবশক্তির গুণগত পরিবর্তন সাধিত হয়, মূল্যবান মানবিক সম্পদ সৃষ্টি হয় এবং সার্বিক উন্নয়ন সম্ভব হয়ে ওঠে। গত তিন বছরে শিক্ষা খাতে ব্যয় বরাদ্দ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ১৯৭৬-৭৭ সালে বরাদ্দ হল ১২৭.৪০ কোটি টাকা।

সারা রাজ্যে চতুর্থ শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা অবৈতনিক করা হয়েছে। ১৯৭৪-৭৫ সালে ৬ থেকে ১১ বছর বয়স্ক প্রায় ৫২.৯ লক্ষ বালক-বালিকা প্রথম থেকে পঞ্চম শ্রেণীর মধ্যে শিক্ষালাভ করছিলেন। ১৯৭৫-৭৬ সালে ১,০৫০টি নতুন প্রাথমিক বিদ্যালয় (শহরাঞ্চলে

১৫০ এবং গ্রামাঞ্চলে ৯০০) মঞ্জুর করা হয়েছে যাতে অতিরিক্ত ২ লক্ষ শিশু প্রাথমিক শিক্ষা লাভ করতে পারে। এর মধ্যে ৩০০টি বিদ্যালয় প্রধানত তফসিলি সম্প্রদায় ও আদিবাসী অধ্যুষিত গ্রামের জন্য নির্দিষ্ট রাখা হয়েছে।

১১ থেকে ১৪ বছর বয়সের ছেলেমেয়েদের লেখাপড়ার সুবিধার জন্য ৭৮১টি জুনিয়র উচ্চ বিদ্যালয় ও জুনিয়র মাদ্রাসাকে মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদন দিয়েছেন। ৩৪০টি জুনিয়র উচ্চ বিদ্যালয় এবং জুনিয়র মাদ্রাসাকে উন্নীত করা হয়েছে। তফসিলি সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের লেখাপড়ার সুবিধার জন্য আবাসিক আশ্রম ধরনের জুনিয়র উচ্চ বিদ্যালয়ও প্রতিষ্ঠা করা হয়েছে। পার্বত্য এলাকা, অনগ্রসর এলাকা এবং তফসিলিভুক্ত সম্প্রদায় ও আদিবাসী-অধ্যুষিত এলাকায় শিক্ষাবিস্তারের ব্যাপারে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষাক্ষেত্রেও উন্নতি দেখা দিয়েছে। নকল করার বিরুদ্ধে যে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছিল তাতে কাজ হয়েছে।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের বেতনক্রম ১৯৭৫ সালের ১লা এপ্রিল থেকে বাড়ানো হয়েছে। বেতন ঘাটতি অনুদান পরিকল্পের আওতায় মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার অনুমোদিত পূর্ণসময়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের বেতনক্রম এই আর্থিক বছরের গোড়া থেকে বৃদ্ধি করা হয়েছে। বেতন ঘাটতি অনুদানের আওতা-বহির্ভূত অনুমোদিত জুনিয়র উচ্চ বিদ্যালয় উচ্চ ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের অতিরিক্ত সুবিধা দেওয়া হয়েছে। বেসরকারি কলেজ, স্পনসর্ড কলেজ, সরকারি কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বেতনক্রম সরকার গ্রহণ করেছেন।

পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষা (চাকরির নিরাপত্তা) আইন, ১৯৭৫ পাস হয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গের অনুমোদিত ও স্পনসর্ড কলেজসমূহের অধ্যাপকের চাকরির নিরাপত্তার ব্যাপারে সুবিধা হবে।

স্বাস্থ্য পরিকল্প—রাজ্য সরকার এখন স্বাস্থ্য ও চিকিৎসাগত সুবিধার জন্য (জল-সরবরাহ সহ) বছরে ৬৫ কোটি টাকার উপর খরচ করছেন। ১৯৭২ থেকে ১৯৭৫ সালের মধ্যে হাসপাতালের নতুন ৭,৫০০টি শয্যা যোগ হয়েছে, ফলে রাজ্যের হাসপাতালগুলিতে মোট শয্যাসংখ্যা বেড়ে হয়েছে ৪৬,০০০। পশ্চিমবঙ্গে প্রতি হাজার জনসংখ্যায় হাসপাতালে রোগীশয্যার অনুপাত হল .০৯৬। সর্বভারতীয় হিসাবে এই অনুপাত ভালই।

পানিহাটিতে একটি নতুন ১০০ শয্যার হাসপাতাল এবং ভাটপাড়ায় একটি ৬৮ শয্যা হাসপাতাল খোলা হয়েছে। উত্তরবঙ্গে প্রাথমিকভাবে ২৫০ শয্যা নিয়ে একটি নতুন সাধারণ হাসপাতাল নির্মিত হয়েছে। আরও দুটি নতুন হাসপাতাল, বরানগরে একটি ৩৪ শয্যার এবং খড়গপুর একটি ২৫০ শয্যার হাসপাতাল মঞ্জুর করা হয়েছে। নৈহাটিতে একটি হাসপাতালের জন্য জমি অধিগৃহীত হয়েছে। লালবাগে একটি নতুন মহকুমা হাসপাতালের নির্মাণকার্য সম্পূর্ণ হয়েছে। কল্যাণীর নেতাজি সুভাষ স্যানাটোরিয়ামে ৪৫০ শয্যার উপযুক্ত একটি নতুন ব্লক

নির্মিত হয়েছে।

জলপাইগুড়ির রাণী অশ্রুমতি স্মৃতি যক্ষ্মা হাসপাতাল এবং মালদার রাজা শরৎচ রেডক্রস যক্ষ্মা হাসপাতালের দায়িত্বভার রাজ্য সরকার গ্রহণ করেছেন।

বৃহত্তর কলকাতায় জনগণের সুবিধার্থে তিরিশটি স্থিতিশীল ক্লিনিক এবং বারোটি ভ্রাম্যম ক্লিনিক চালানো হচ্ছে। বর্তমান বছরে একটি নতুন কক্ষ ক্লিনিক তথা গৃহচিকিৎসা ইউনি স্থাপন করা হয়েছে।

গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র পরিকল্প অনুযায়ী এ রাজ্যের ৩৩৫টি উন্নয়ন ব্লকের প্রতিটিতে অন্ত দশ-শয্যাবিশিষ্ট একটি করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দুই-শয্যাযুক্ত (পথ্যের ব্যবস্থাহীন) দু করে উপস্বাস্থ্যকেন্দ্র খোলা হবে। এখন রাজ্যে এরূপ ৩০৭টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এ ৬২৫টি উপস্বাস্থ্যকেন্দ্র আছে এবং এগুলির মোট শয্যা সংখ্যা হল ৮,৮২৫।

আয়ুর্বেদ ও হোমিওপ্যাথির উন্নতি সাধনের উদ্দেশ্যে সর্বতোপায়ে প্রচেষ্টা করা হচ্ছে সাতটি রাজ্য আয়ুর্বেদীয় ঔষধলায়, আটচল্লিশটি সাহায্যপ্রাপ্ত আয়ুর্বেদীয় ঔষধালয় এবং উনত্রিশ রাজ্য হোমিওপ্যাথিক ঔষধালয় প্রতিষ্ঠা করা হয়েছে। ভারত সরকার কলকাতার ন্যাশনা ইনস্টিট্যুট অব হোমিওপ্যাথি স্থাপন করেছেন।

১৯৭১ সালে এই রাজ্যে গুটিবসন্ত উচ্ছেদের উদ্দেশ্যে কেন্দ্রীয় উদ্যোগে এক পরিকল্পে সূচনা হয়। এখন এই রাজ্য থেকে গুটিবসন্ত সম্পূর্ণভাবে উচ্ছেদ হয়েছে। এ ছাড়া কলে নিবারণের ব্যাপারে নানাবিধ ব্যবস্থা গ্রহণের ফলে এ রাজ্যে কলেরার রোগাক্রমণ ক্রমেই কম আসছে।

পরিবার পরিকল্পনা—পরিবার কল্যাণ পরিকল্পনার কার্যসূচি সক্রিয়ভাবে অনুসৃত হচ্ছে বর্তমান বছরের এপ্রিল থেকে ডিসেম্বরের মধ্যে এই রাজ্যে নির্বীজন অস্ত্রোপচার হয়েছে গ বছরের ঐ সময়ের চেয়ে চার গুণ বেশি এবং বন্ধ্যাকরণ অস্ত্রোপচার হয়েছে দ্বিগুণের বেশি গত বছরে যেখানে মোট অস্ত্রোপচার হয়েছিল ২৯,৩৬৬টি সেখানে এই বছর অস্ত্রোপচার হ ৮৬,৩৬৯টি। বর্তমানে প্রায় সাড়ে চার লক্ষ জননীকে পরিবার কল্যাণ পরিকল্পনা কর্মসূচি মধ্যে আনা হয়েছে। আগামী বছরের লক্ষ্য হলঃ নির্বীজন—১,৬০,০০০ বন্ধ্যাকরণ—১,১৫,০০০, লুপ—৪০,৮০০ এবং সি সি ব্যবহারক, ২,৩৬,০০০।

জল সরবরাহ—বর্তমানে ৩৬,৭৬৯টি গ্রামে পানীয় জল সরবরাহ করা হচ্ছে, আ ৮,৯৪০টি গ্রামে জল সরবরাহের ব্যবস্থা নিতে হবে। পৌরসভার ক্ষেত্রে ৯২টি পৌরসভা মধ্যে ৭৪টি পৌর এলাকায় পানীয় জল সরবরাহ করা হচ্ছে।

চব্বিশ-পরগনা ও বাঁকুড়া জেলায় ৪টি নলবাহিত জল সরবরাহ করার পরিকল্প মঞ্জু করা হয়েছে। তাছাড়া ইতিপূর্বে যে ৭৬টি এইরূপ পরিকল্প মঞ্জুর করা হয়েছিল সেগুলি রূপায়ণের বিভিন্ন স্তরে রয়েছে। রাজ্য সরকার এ ছাড়াও ৩,২৭০টি নলকূপ ও কূপ গ্রামাঞ্চ খননের এক কর্মসূচি গ্রহণ করেছেন।

গড়বেতা, বেলডাঙ্গা, তারকেশ্বর এবং নলহাটির মতো পৌর শহর নয় এমন শহরে ৪টি নতুন জল সরবরাহ পরিকল্পের রূপায়ণ এগিয়ে চলেছে। তাছাড়া চলতি বছরে কালিম্পং, নবদ্বীপ, খড়গপুরের তালবাগিচা এবং আরামবাটিতে রূপায়ণের জন্য ৪টি পরিকল্প মঞ্জুর করা হয়েছে। আনুমানিক ৩ কোটি টাকারও বেশি ব্যয়ের রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ পরিকল্পের দ্বিতীয় পর্যায় রূপায়িত হচ্ছে। ৩.৫ কোটি টাকারও বেশি ব্যয়ের এই পরিকল্পের প্রথম পর্যায় ইতিমধ্যেই চালু হয়েছে।

তফসিলি সম্প্রদায় ও আদিবাসীদের জন্য কল্যাণমূলক কাজকর্ম—আমাদের সাধারণ উন্নয়মূলক কর্মসূচির মাধ্যমে অনুন্নত সম্প্রদায়গুলি যেসব সুযোগ-সুবিধা পাচ্ছেন, তা ছাড়াও অতীতে যেসব বৈষম্যমূলক কাজের জন্য তাদের উন্নয়ন ব্যাহত হয়েছে তা দূর করার উদ্দেশ্যে বিশেষ পরিকল্প গ্রহণ করা প্রয়োজন। ১৯৭৬-৭৭ সালে এইরূপ বিশেষ কর্মসূচির জন্য ১.৩০ কোটি টাকা পরিকল্পনা খাতে বরাদ্দ করা হয়েছে। ১৯৭৫-৭৬ সালে এর পরিমাণ ছিল ৯৫ লক্ষ টাকা।

একটি তফসিলি সম্প্রদায় উন্নয়ন ও অর্থ কর্পোরেশন গঠন করা হচ্ছে। এই সংস্থার জন্য রাজ্য সরকার প্রাথমিক অনুমোদিত মূলধন হিসাবে ২৫ লক্ষ টাকা দেবেন। এই কর্পোরেশন তফসিলি সম্প্রদায়ের লোকেদের প্রশিক্ষণ কর্মসূচির প্রবর্তন করবেন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সাহায্য করবেন এবং তাদের মধ্যে ব্যবসায়িক উদ্যোগ গড়ে তুলবেন। তাছাড়াও এই কর্পোরেশন তাদের মধ্যে শিল্প প্রসারের জন্য মৌল সুযোগ-সুবিধার ব্যবস্থা করবেন।

পশ্চিমবঙ্গের কতকগুলি আদিবাসী এলাকার সংহত উন্নয়নের জন্য একটি উপ-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। যেসব এলাকায় জনসংখ্যার ৫০ শতাংশ বা তার বেশি আদিবাসী বসবাস করেন সেইরকম কয়েকটি মৌজা নিয়ে এই সংহত উন্নয়ন এলাকা নির্বাচিত করা হয়েছে। মোট ৩৪টি আদিবাসী উন্নয়ন প্রকল্প নির্বাচিত করা হয়েছে এবং রাজ্যের মোট আদিবাসী জনসংখ্যার প্রায় এক-তৃতীয়াংশ এর আওতায় এসেছে। এইসব এলাকায় রূপায়ণের জন্য সেচ ও ভূমিসংরক্ষণ সম্পর্কিত যেসব পরিকল্প গৃহীত হয়েছিল সেগুলির লক্ষ্যণীয়ভাবে ফলদায়ক হয়েছে। গত বছর যে ৮টি বৃহদায়তন বহুমুখী সমিতি গঠন করা হয়েছিল, সেগুলি ঋণদান, নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্রাদি বিতরণ, সেচ ও কৃষিকাজ পশুপালন প্রভৃতি কর্মসূচি নিয়ে কাজ আরম্ভ করেছে।

তফসিলি সম্প্রদায় এবং আদিবাসীদের জন্য পদ সংরক্ষণের ব্যাপারে যে নির্দেশ আছে তা কঠোরভাবে পালন করা নিশ্চিত করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। তফসিলি সম্প্রদায় এবং আদিবাসীদের দ্বারা পদ পূরণের ক্ষেত্রে যে ঘাটতি ছিল তা মেটাবার জন্য বর্তমান শতাংশ হার যথাক্রমে ১৫ থেকে ২৫ এবং ৫ থেকে ১০ করা হয়েছে। তাছাড়া রাজ্য সরকারের চাকুরিতে পদোন্নতির ক্ষেত্রে তফসিলি সম্প্রদায় এবং আদিবাসীদের জন্য সংরক্ষণের হার যথাক্রমে ১৫ ও ৫ শতাংশ করার নিয়ম প্রবর্তন করা হয়েছে। আসন সংরক্ষণের নিয়ম বলবৎ করার জন্য একটি আইনও প্রণয়ন করা হচ্ছে।

ত্রাণ ও সমাজকল্যাণ ব্যবস্থা—শিশু, ভবঘুরে, নৈতিক দিক থেকে বিপন্ন মহিলাদের বসবাসের জন্য সরকার অনেকগুলি আবাসিক প্রতিষ্ঠান পরিচালনা করছেন। বেসরকারি সংস্থা পরিচালিত কতকগুলি আবাসে সরকার প্রায় ১,১০০ দুঃস্থ শিশুর রক্ষণাবেক্ষণ করছেন। তাছাড়া মূক, বধির ও অন্ধ শিশুদের জন্য কতকগুলি আবাস আছে।

৬৫ অথবা তদূর্ধ্ব বয়সের প্রায় ১০,৭০০ দুঃস্থ বৃদ্ধ মানুষকে বার্ধক্য ভাতা দেওয়া হচ্ছে।

প্রাক-বিদ্যালয়গামী শিশু অন্তসত্ত্বা এবং প্রসূতি মায়েদের পুষ্টির প্রয়োজন মেটাবার জন্য নির্বাচিত শহর ও আদিবাসী-অধ্যুষিত এলাকায় একটি বিশেষ পুষ্টি কর্মসূচি রূপায়িত হচ্ছে।

যেসমস্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমাজকল্যাণমূলক কাজ করছেন বছরে তাদের সর্বসাকুল্যে ১০ লক্ষ টাকা সহায়ক অনুদান দেওয়া হয়।

১৯৬১ সালের পণ নিষেধ আইনটি সংশোধন করে পণ নেওয়ার জন্য আরও কঠোর শাস্তির ব্যবস্থা করা হয়েছে।

উদ্বাস্তু পুনর্বাসন—এই বৎসরে প্রায় ৬৭০টি উদ্বাস্তু পরিবারকে পুনর্বাসন সহায়তা বাবদ ৪৮ লক্ষ টাকারও বেশি ব্যয় করা হয়েছে।

উদ্বাস্তু ব্যক্তিদের জমির রায়তী স্বত্ব প্রদান সম্পর্কিত প্রাথমিক কাজ শেষ হয়েছে, এবং রায়তী স্বত্ব প্রদানের কাজ চলছে।

ভারত সরকার পশ্চিমবঙ্গে বাস্তুচ্যুত ব্যক্তিদের পুনর্বাসনের কতকগুলি সমস্যা বিস্তারিতভাবে পরীক্ষা করে দেখার জন্য সরবরাহ ও পুনর্বাসন মন্ত্রণালয়ের অধীনে একটি কার্যনির্বাহক দল গঠন করেছেন। পশ্চিমবঙ্গ বাস্তুচ্যুত ব্যক্তিদের পুনর্বাসনের উদ্দেশ্যে প্রায় ৭১.৭৪ কোটি টাকার ব্যয়ের কতকগুলি নতুন পরিকল্প কার্যনির্বাহক দলের কাছে পেশ করা হয়েছে।

যুব কল্যাণ—যুব কল্যাণ বিভাগের অধীনে ৪০টি ব্লক যুব কেন্দ্র আছে এবং প্রত্যেক কেন্দ্রে একজন করে যুব কল্যাণ আধিকারিক ও যুব সংগঠক রয়েছেন, যারা যথাক্রমে ছাত্র ও ছাত্র নন এমন যুবকদের কল্যাণ কর্মসূচি পরিচালনা করেন। ছাত্রদের জন্য যুব কল্যাণ কর্মসূচির মধ্যে রয়েছে বিজ্ঞান সঙ্ঘ স্থাপন, বিজ্ঞান-মেধা গবেষণা প্রতিযোগিতা সংগঠন, দরিদ্র কিন্তু মেধাবী ছাত্রদের বিনামূল্যে পাঠ্যপুস্তক এবং আর্থিক সহায়তা দান এবং গ্রামাঞ্চলের বিদ্যালয়ের ছাত্রদের নিয়ে শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করা। যুব কল্যাণ বাহিনীতে ১৯৮ জন যুব নেতা রয়েছেন এবং তারা বিভিন্ন গ্রামসমূহে কাজ চলার মতো সাক্ষরতা বিধান, উন্নত কৃষিকাজ সম্পর্কিত তথ্য সরবরাহ, পরিবেশগত স্বাস্থ্য বিষয়ক জ্ঞানের প্রসার এবং গ্রামোন্নয়নমূলক কাজে সহায়তা করার উদ্দেশ্যে কাজ করে চলেছেন।

কলকাতায় একটি যুব কেন্দ্র নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

তথ্য ও জনসংযোগ—বর্তমান বছরে সরকার যেসব প্রদর্শনীয় ব্যবস্থা করেছেন বা

যেসব প্রদর্শনীতে অংশ গ্রহণ করেছেন তার সংখ্যা হল ১২৭টি। আলোচ্য সময়ে সরকারি ৮৯টি চলচ্চিত্র প্রদর্শন ইউনিটের মাধ্যমে ১৪,৯০০টি চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল এবং স্বাস্থ্য, কৃষি, খাদ্যসংগ্রহ প্রভৃতি বিষয়ে ১৬ হাজার গোষ্ঠীসভা ও জনসভার ব্যবস্থা করা হয়েছিল। কলকাতায় অবস্থিত সরকারের ৩টি নাট্যদল, ২টি নৃত্যদল এবং তরজা দল ও দার্জিলিংয়ে অবস্থিত সঙ্গীত ও নাট্যদল এই বৎসরে ৫১০টিরও বেশি অনুষ্ঠানের আয়োজন করেছিলেন।

সরকার কতকগুলি চলচ্চিত্র ও সংবাদচিত্র নির্মাণ করেছিলেন এবং এগুলির সরকারি চলচ্চিত্র প্রদর্শন ইউনিটের মাধ্যমে এবং ব্যবসায়িক ভিত্তিতে দেখানো হয়। বর্তমানে এই রাজ্যে ২,৭০০টি পল্লী বেতারকেন্দ্র কর্মরত আছে এবং তাদের অধিকাংশের আওতায় গঠিত পল্লী বেতারগোষ্ঠীতে গ্রামের মানুষেরা কৃষি ও গ্রামীণ সংবাদ শোনার জন্য সমবেত হন।

আজ যখন শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের মুখ্যমন্ত্রিত্বে ক্ষমতাসীন চারটি বছর পার হয়ে এল তখন স্বভাবতই সেই পুরানো দিনগুলোব কথা মনে আসে—সেই দুর্যোগের আর বিভীষিকার দিন যখন এ সরকার গঠন হয় নি। আর চোখে পড়ে এই চার বছরে কী গভীর পরিবর্তন এসেছে। এই চার বছরের কাহিনী আধুনিক কালের এক আশ্চর্য রাজনৈতিক পুনরুজ্জীবনের কাহিনী, এক উল্লেখযোগ্য অর্থনৈতিক রূপ পরিবর্তনের কাহিনী।

এই কয়বছরে পরিবর্তন এত ব্যাপক আর বিরাট হয়েছে যে অনেকের হয়ত মনেই পড়ে না আগেকার সেই দুর্দিনের কথা, যখন আইনশৃঙ্খলার পরিস্থিতি এমনই হয়েছিল যে প্রায় প্রতিদিন প্রকাশ্য দিবালোকে মানুষ খুন হত, অর্থনৈতিক অবস্থার এমন হতাশ হয়েছিল যে, রাজকোষ হয়েছিল দেউলিয়া আর সমস্ত উন্নয়নের কাজে নেমে এসেছিল শ্মশানের নীরবতা। বর্তমান সরকার এই উত্তরাধিকার নিয়ে এসেছিল, যে উত্তরাধিকার অনেককে এ কথা ভাবতে বাধ্য করেছিল যে পশ্চিমবাংলার বুঝি আর কোনও আশাই নেই।

তা সত্ত্বেও এই চার বছর ছিল প্রচেষ্টার চার বছর, নিরবচ্ছিন্ন সাধানার আর নতুন করে গড়ে তোলার চার বছর। কিন্তু পশ্চিমবাংলার জনসাধারণের অকুণ্ঠ সহযোগিতা ও সমর্থন না পেলে এই কর্মযজ্ঞ শুরু করা কিছুতেই সম্ভব হত না। এই রাজ্যের যে আবার উন্নয়ন হবে পশ্চিমবাংলার মানুষের এই অবিনশ্বর এবং অপরাজেয় বিশ্বাস ও মনোবলই এই সরকারকে গত চার বছরে তা নিরবচ্ছিন্ন পরিশ্রমের শক্তি জুগিয়েছে।

এই কয়বছরের ইতিহাস বিশ্লেষণ করলে তিনটি প্রধান দিক চোখে আসে। প্রথম হল সেই দৃঢ় কঠিন কিন্তু চিন্তাপ্রসূত আইনশৃঙ্খলার পুনঃপ্রতিষ্ঠার কাজ যা আজ পশ্চিমবাংলাকে দেশের অন্যতম স্থায়ী ও শান্ত রাজ্যকরে তুলেছে। দ্বিতীয়ত সেই কাজ যার ফলে এই নিঃস্ব রাজ্য যার বার্ষিক পরিকল্পনা ছিল নামে আর যার উন্নয়নের কাজ ছিল না বললেও চলে, সে তার ১৩০ কোটি টাকা পঞ্জীভূত কেন্দ্রীয় ঋণ শোধ করেছে, রিজার্ভ ব্যাঙ্ক থেকে বাড়তি তোলা টাকা ফিরিয়ে দিয়েছে, এবং তা সত্ত্বেও শুধু উদ্বৃত্ত বাজেটই করেনি, এমন বার্ষিক পরিকল্পনা করেছে যার মোট আয়তন যখন এ সরকার এসেছিল তার চেয়ে সাড়ে তিনগুণ

বেশি। তৃতীয়তঃ এই উল্লেখযোগ্য রাজনৈতিক স্থিতিশীলতা ও অভূতপূর্বভাবে বর্ধিত বার্ষিক পরিকল্পনার ভিত্তিতে যে ব্যাপক ও দ্রুত পরিকল্পনার কাজ এবং সমাজ সেবা ও কল্যাণের কাজ বাস্তবায়িত হয়েছে।

আমাদের বার্ষিক পরিকল্পনায় আয়তনের বৃদ্ধি এবং তার ফলে উন্নয়নমূলক কার্যাবলির গতি ত্বরান্বিত হওয়ায় তাৎপর্যপূর্ণভাবে রাজ্যের অর্থনীতির সামগ্রিক উন্নতি হয়েছে। বর্তমান মূল্যের ভিত্তিতে পশ্চিমবঙ্গ রাজ্যের আয় পূর্ববর্তী বৎসরের ৪,২৬৭ কোটি টাকা থেকে বেড়ে ১৯৭৪-৭৫ সালে ৫,১১৭ কোটি টাকা হয়েছিল। অর্থাৎ এক বছরে আয় বেড়েছিল ১৯.৯ শতাংশ।

দারিদ্র ও অনগ্রসরতা দূর করার জন্য সারা দেশে আমাদের ব্যাপক ভিত্তিতে উন্নয়ন কর্মসূচির কাজ চালিয়ে যেতে হবে। এই উন্নয়ন সুনিশ্চিত করার জন্য একটা বড় আকারের পরিকল্পনা দিয়ে অর্থনীতিকে একটা বড়রকমের ধাক্কা দেওয়া প্রয়োজন। এই ধরনের উন্নয়ন নিশ্চিত করার জন্য যা প্রয়োজন তা কেবল সতর্কতা কিম্বা হিসাবী মনোভাব নয়, তা হলে দূরদৃষ্টি, সাহস, অক্লান্ত কর্মোদ্যোগ এবং দ্রুত পরিবর্তন আনার জন্য কঠিন সংকল্প।

এই পরিবর্তন আনতে গেলে আমাদের পরিকল্পনা পদ্ধতি ও উন্নয়ন কর্মসূচিকে একটা সর্বজনীন নেতৃত্বের আসন দিতে হবে। ধীরগতি পদ্ধতি বা দ্বিধাদীর্ণ মনোভাব নিয়ে এ কাজ হতে পারে না। এ কাজে সবচেয়ে বেশি যা করা যাবে তার কম করলে চলবে না।

আমাদের অর্থনীতির দ্রুত উন্নয়নের পথে যেসব বাধা আছে সেগুলির প্রাথমিক কারণ হল সম্পদের স্বল্পতা, সঞ্চয়ের শ্লথগতি এবং মূলধন গঠনের শম্বুকগতি। ভারতবর্ষ কিন্তু প্রচুর প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ এবং আমাদের দেশের অগ্রগতি ও উন্নয়নের প্রভূত সম্ভাবনা আছে। কিন্তু এই উন্নয়ন সুনিশ্চিত করার জন্য আর্থিক সম্পদ সংগ্রহ করতে হবে এবং উৎপাদন ক্ষমতার সদ্ব্যবহার করতে হবে। সঞ্চয় ও কর ব্যবস্থা আর রাষ্ট্রীয় উদ্যোগের উদ্বৃত্ত সংস্থানের মাধ্যমে ও অন্যান্য উপায়ে আর্থিক সম্পদের সমাবেশ করতে হবে। এছাড়া বর্তমান উৎপাদনমূলক ক্ষমতার সম্প্রসারণ ঘটাতে হবে এবং সে উৎপাদনক্ষমতা পুরোপুরি কাজে লাগাতে হবে। এ কাজ করার জন্য দ্রুত কৃষি উন্নয়ন ও কৃষি ব্যবস্থার আধুনিকীকরণ এবং ত্বরান্বিত শিল্পোন্নয়ন ও শিল্প সম্প্রসারণ অপরিহার্য। সুদূরপ্রসারী অর্থনৈতিক পরিবর্তন সাধনের জন্য এই দুটি ক্ষেত্রকে পরস্পরের পরিপূরক ভূমিকা পালন করতে হবে।

আমাদের যা করতে হবে তা হল কৃষি, শিল্প এবং অর্থনীতির সকল ক্ষেত্রে বৃদ্ধির হার অনেক বাড়িয়ে তোলা। কিন্তু পরিকল্পনা সংখ্যাতত্ত্বের খেলা নয়, তাই শুধু বৃদ্ধির হার কিম্বা সংখ্যাতত্ত্বের লক্ষ্যে পৌছানোই যথেষ্ট নয়। পরিকল্পনা হল সমাজ বিন্যাসের প্রয়াস। তাই বৃদ্ধির হার আর উৎপাদন বাড়ানোর সময় আমাদের মনে রাখতে হবে যে মুদ্রাস্ফীতির প্রবণতা যেন নিয়ন্ত্রণে থাকে এবং অর্থনীতির উন্নয়ন যাতে অধিকতর বৈষম্য ও অর্থনৈতিক শক্তির অধিকতর পুঞ্জীভবনে সহায়তা না করে।

পরিকল্পনার ফলে মোট জাতীয় উৎপাদন বিশেষ পরিমাণে বৃদ্ধি পেয়েছে, কিন্তু তবু যে

পরিমাণে দারিদ্র্য, বেকারি ও অর্থনৈতিক শক্তির পুঞ্জীভবন কমা উচিত ছিল সে পরিমাণে কমে নি। বস্তুত পরিকল্পনা ও উন্নয়নের ফল বেশি পরিমাণে পেয়েছে বেসরকারি ক্ষেত্রের বৃহত্তর উৎপাদকেরা এবং সাধারণ মানুষের কাছে সে ফল পৌঁছেছে অনেক কম পরিমাণে। সুতরাং সাধারণ মানুষের অর্থপূর্ণ কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি ও বর্তমান বৈষম্য কমানোর উদ্দেশ্যে উন্নয়নের পদ্ধতি ও শৈলীকে অধিকতর পরিমাণে গণতন্ত্রীকরণের পথে এগিয়ে নিতে হবে। পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে দরিদ্র মানুষ যাতে অর্থনৈতিক ও সামাজিক মর্যাদায় প্রতিষ্ঠিত হতে পারেন তার ব্যবস্থা করতে হবে। সুতরাং পরিকল্পনাকে একই সঙ্গে উর্ধ্বমুখী ও বিস্তৃত করে তোলা প্রয়োজন।

আমাদের অর্থনৈতিক কার্যাবলির পেছনে একটা ব্যাপক সামাজিক কিম্বা জাতীয় আদর্শ থাকা উচিত। তাই আধুনিক কালে আরও বেশি করে অনুভব করা যাচ্ছে যে অন্যান্য বিষয় বিবেচনা না করে শুধু মোট জাতীয় উৎপাদন বৃদ্ধি সর্বোচ্চ করার দিকে মনোনিবেশ করলে তার ফলে সামাজিক ও রাজৈনতিক সমস্যা ও অস্থিরতার সৃষ্টি হতে পারে। এইজন্য মোট জাতীয় উৎপাদন বৃদ্ধিকে বহুমুখী সমাজ পরিবর্তনের একটি মাত্র উপাদান হিসাবেই গণ্য করা উচিত। এই পরিবর্তন পদ্ধতির অন্যান্য প্রাথমিক লক্ষ্য হল অর্থনৈতিক শক্তির পুঞ্জীভবন হ্রাস করা এবং কর্মসংস্থানের সুযোগ ছড়িয়ে দেওয়া।

একমাত্র পরিকল্পনার মাধ্যমেই এই বহুমুখী পরিবর্তনসাধন সম্ভব। বস্তুত পরিকল্পনায় মাধ্যমে অর্থনীতি এগিয়ে চলে এবং পরিকল্পনাই অর্থনৈতিক ত্রুটির প্রতিকার করতে পারে। কিন্তু দারিদ্র্য, বেকারি এবং অর্থনৈতিক বৈষম্যের বিরুদ্ধে সংগ্রাম করা ছাড়াও পরিকল্পনার প্রয়াস হওয়া উচিত আর্থিক সম্পদ ও প্রাযুক্তিক বিনিয়োগের বিষয়ে স্বয়ংভরতার ক্ষেত্র সম্প্রসারিত করা এবং দেশে যাতে এই পুরাতন স্বদেশির চেতনা অবার জেগে ওঠে সে বিষয়ে সাহায্য করা।

আমাদের দেশের ক্ষুধা ও দারিদ্র্য দূরীকরণের সমস্যা অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি পরিমাণে জনসংখ্যাবৃদ্ধির সমস্যার সঙ্গে গভীরভাবে জড়িত। আমরা যে দারিদ্র অবসানে আকাঙ্ক্ষিত অগ্রগতি করতে পারি নি অর্থনীতির উন্নয়নহারের অপ্রতুলতাই তার একমাত্র কারণ নয়, জনসংখ্যাবৃদ্ধির বিস্ফোরক হারও তার জন্য দায়ী।

পঞ্চাশ এবং ষাটের দশকে দেশে বার্ষিক উন্নয়নের হার ছিল যথাক্রমে ৩.৮ ও ৩.২ শতাংশ, কিন্তু বার্ষিক যথাক্রমে ২.১ ও ২.৪ শতাংশ জনসংখ্যাবৃদ্ধির ফলে এই অগ্রগতির অবক্ষয় ঘটেছিল, পৃথিবীর উন্নত দেশগুলিতে জনসংখ্যা বৃদ্ধির হার হল মাত্র ১.১ শতাংশ।

জনসংখ্যা বৃদ্ধির বর্তমান হার চলতে থাকলে দেশের ৫৯ কোটি জনসংখ্যা এই শতাব্দীর শেষে দ্বিগুণিত হয়ে যাবে। প্রতি বৎসর ভারতে প্রায় ১.৩ কোটি করে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এই সংখ্যা অস্ট্রেলিয়ার বর্তমান জনসংখ্যার চেয়েও বেশি। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ১৯৬১-৭১ সালের মধ্যে জনসংখ্যা বৃদ্ধির হার ছিল প্রতি বৎসর ২.৭ শতাংশ ; যখন সমগ্র দেশে এই বৃদ্ধির বার্ষিক হার ছিল ২.৪ শতাংশ। এছাড়াও দেশবিভাগ ও অন্যান্য কারণে পশ্চিমবঙ্গে

জনসমাবেশের ফলে সমগ্র দেশের তুলনায় পশ্চিমবঙ্গে জনবসতির ঘনত্ব প্রায় তিনগুণ বেশি। সারা দেশে প্রতি বর্গকিলোমিটারে ১৭১ জনের স্থলে পশ্চিমবঙ্গে প্রতি বর্গকিলোমিটারে ৫০৪ জনের বসতি। ফলে, সর্বভারতীয় ক্ষেত্রের তুলনায় পশ্চিমবঙ্গে প্রতিটি মানুষের জন্য প্রাপ্য জমির গড় পরিমাণ প্রায় অর্ধেক। পশ্চিমবঙ্গে মানুষ ও জমির আনুপাতিক হার এতই কম যে,গোটা দেশে ০.৩২ হেক্টরের তুলনায় এই রাজ্যে মাথাপিছু চাষযোগ্য জমির পরিমাণ মাত্র ০.১৪ হেক্টর।

জনসংখ্যা বৃদ্ধির ফলে প্রকৃত অর্থনৈতিক উন্নয়নের হার যদি কমে যায়, তাহলে জনগণের দারিদ্র্য দূর করতে অনিশ্চিত রকমের দীর্ঘ সময়ের প্রয়োজন হবে। এই পটভূমিকায় জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণের প্রয়োজন পূর্বের তুলনায় অনেক বেশি করে দেখা দিয়েছে। আরও অধিকতর সংগঠিত জনমতের দ্বারা সমর্থিত এবং অনেক বেশি পরিমাণে দৃঢ়, আবশ্যিক অথচ গণতান্ত্রিক পথে বলিষ্ঠ পরিবার পরিকল্পনা কর্মসূচি প্রণয়ন ও রূপায়ণ আমাদের আশু কর্তব্য।

জনগনের দারিদ্র্য দূর করার জন্য যেমন জনসংখ্যা বৃদ্ধির হার কমানো প্রয়োজন, তেমনি প্রয়োজন হল অর্থনৈতিক হার বাড়ানো। এই উভয় লক্ষ্য সাধনের জন্য গণতান্ত্রিক পরিকল্পনাকে এক কার্যকর ও গতিশীল হাতিয়ার করে তুলতে হবে। কিন্তু যদি আমাদের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলি কার্যকরভাবে কিম্বা যথাসময় এই গণদারিদ্র্যের সমস্যার সমাধানে ব্যর্থ হয়, তাহলে এইসব প্রতিষ্ঠানের অস্তিত্বই সংকটাপন্ন হয়ে উঠবে।

যদিও দারিদ্র্য দূরীকরণ ও ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থায় উত্তরণের জন্য স্বৈরতান্ত্রিক কিম্বা একনায়কত্বমূলক ব্যবস্থা গ্রহণের কিম্বা শান্তিপূর্ণ বা গণতান্ত্রিক পথ বর্জনের অভিপ্রায় আমাদের নেই, তবুও অন্য সময়ের তুলনায় আজ যখন অনেক বেশি করে দ্রুত এবং গতিশীল অর্থনৈতিক পরিবর্তন আনার প্রয়োজন, তখন আমাদের সজাগ থাকতে হবে যে গণতান্ত্রিক ও শৃঙ্খলাপূর্ণ পরিবর্তনের প্রতি আমাদের শ্রদ্ধাকে যেন এই পরিবর্তন সাধনে ব্যর্থতা সৃষ্টি করতে পারে এমন শ্লথগতি, ক্রমিক পদ্ধতি অনুসরণের অছিলা হিসাবে ব্যবহার করা না হয়।

উপায় এবং লক্ষ্য পরস্পর সংবদ্ধ। সমাজতান্ত্রিক লক্ষ্যকে গণতান্ত্রিক উপায় থেকে বিচ্ছিন্ন করা যায় না। যেমন প্রকৃত গণতন্ত্র এবং কায়েমি বৈষম্য একসঙ্গে থাকতে পারে না, তেমনি অগণতান্ত্রিক উপায় গ্রহণ এবং হিংসার মাধ্যমে সত্যিকার কল্যাণভিত্তিক এবং মুক্ত সমাজতান্ত্রিক সমাজের সৃষ্টি হতে পারে না। কারণ এ বিষয়ে সংশয় নেই যে গণতন্ত্র যেমন সমাজতন্ত্র ছাড়া বাস্তব হয়ে উঠতে পারে না, তেমনি সমাজতন্ত্রও গণতন্ত্র ছাড়া বাস্তবায়িত করা যেতে পারে না। কিন্তু এই দুটিকে সত্যিকারভাবে বাস্তবায়িত করে তোলার জন্য যা প্রয়োজন তা শ্লোগান নয়, তা হল জাতির স্বার্থে কঠিন শ্রম ও আত্মত্যাগের অঙ্গীকার।

আমরা যদি এমন সমাজ সৃষ্টি করতে চাই, যেখানে সকল মানুষ মুক্ত ও সমান, তা হলে দারিদ্র্য বেকারি ও বৈষম্যের বিরুদ্ধে আমাদের অবিরাম সংগ্রাম করতে হবে। এই

সংগ্রামে দ্বিধা কিম্বা ধীরগতির অবকাশ নেই। এরূপ সমাজ গঠনের পথে যা কিছু বাধার সৃষ্টি করে, সম্ভব হলে তাকে শান্তিপূর্ণ উপায়ে অপসারণ করতে হবে এবং প্রয়োজন হলে গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার সাংবিধানিক ও বাধ্যতামূলক পদ্ধতির মাধ্যমে তার অবসান ঘটাতে হবে। জনগণকে যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, সেগুলি যদি পালন করতে হয় এবং কথা ও কাজ, প্রতিশ্রুতি ও কর্মের মধ্যে পার্থক্যের অবসান যদি করতে হয় তাহলে একদিকে যেমন কায়েমি স্বার্থের সমর্থক, স্থিতাবস্থার ধারক, জাতিবিদ্বেষ, সাম্প্রদায়িকতা ও সঙ্কীর্ণতার প্রবক্তাদের বিরুদ্ধে লড়াই চালিয়ে যেতে হবে, তেমনি অবিরাম সংগ্রাম চালিয়ে যেতে হবে উগ্রপন্থা, হঠকারিতা ও হিংসার উপাসকদের বিরুদ্ধে।

দারিদ্র্যের বিরুদ্ধে এই সংগ্রামে জয়লাভের কোনও সহজ পথ নেই। দারিদ্র্য অবসানের জন্য কঠিন শ্রম, কঠিনতম শৃঙ্খলাবোধ এবং জাতীয় লক্ষ্যে পৌঁছানোর জন্য কৃতসংকল্প প্রয়াসের কোনও বিকল্প নেই। আমাদের প্রত্যেককেই জাতির কথা আগে ভাবতে হবে, কোনও গোষ্ঠীবিশেষের কথা নয়। আমাদের নিজেদের ওপর যেন এ আস্থা থাকে যে আমরা আরও অনেক কিছু করতে পারি, আরও অনেক বেশি উৎপাদন বাড়াতে পারি, কেননা আমরা যেন একথা উপলব্ধি করি যে সমাজতন্ত্র দারিদ্র্যের বণ্টন নয়, সমাজতন্ত্র সম্পদের সৃষ্টি আর সমুদয় সম্পদের ন্যায়সঙ্গত বণ্টন।

জরুরি অবস্থা ঘোষণার আগে দেশে যে পরিস্থিতির উদ্ভব হয়েছিল, তার যে বিশেষ উদ্বেগজনক দিক ছিল তা হল একটা নেতিবাচক ও নৈরাশ্যের মনোভাব সৃষ্টি হচ্ছিল এবং তার ফলে জাতীয় আস্থা ও বলিষ্ঠতা হ্রাস পাচ্ছিল। নৈরাশ্যবোধ এবং হতাশাবাদ হল বিচ্ছিন্নতা, প্রতিক্রিয়া ও ফ্যাসিবাদের অস্ত্র। আর গণতান্ত্রিক অগ্রগতির হাতিয়ার হল আশা, আস্থা, গঠনমূলক দৃষ্টিভঙ্গি এবং অব্যাহত কর্মপ্রয়াস। সম্প্রতিকালে আমাদের জাতি অনেক দুর্যোগ, আত্মপরীক্ষা ও নিরাশার মধ্যে দিয়ে গিয়েছে। কিন্তু শেষ পর্যন্ত জাতি এই হতাশা ও নৈরাশ্যবোধ ঝেড়ে ফেলতে পেরেছে এবং আস্থা ও বিশ্বাস ফিরে পেয়েছে। আস্থা ও বিশ্বাস ছাড়া অর্থনৈতিক পুনরুজ্জীবন ও জাতীয় সংগঠনের মহাযজ্ঞে সাফল্যলাভ সম্ভব নয়।

আমরা এমন একটি ঐতিহাসিক যুগে বাস করছি, যখন চারদিকে দ্রুত পরিবর্তন ঘটে চলেছে। আমাদের অধিকার এইসব পরিবর্তনের নির্লিপ্ত দর্শক হয়ে থাকা নয়, আমাদের অধিকার ও বিরাট সুযোগ হল যে, পরিবর্তনের পদ্ধতিতে জনগণের দারিদ্র্য দূর হবে, সেই পদ্ধতিকে দ্রুততর করার কাজে সক্রিয় ও নিষ্ঠাবান অংশ গ্রহণ করা। দেশের অগ্রগতিকে যে সমস্ত শক্তি ব্যাহত করছে তাদের বিরুদ্ধে সর্বাত্মক সংগ্রামে এবং পশ্চিমবঙ্গের অর্থনৈতিক পুনরুজ্জীবনের মহান কাজে আত্মনিয়োগ করতে আমরা কোনও ক্রমেই দ্বিধাগ্রস্ত কিম্বা কোনওভাবেই ব্যর্থ হতে পারি না। আমাদের এ বিশ্বাস ও আস্থা আছে যে জনগণের সমর্থন ও সহযোগিতায় আমরা এই মহাব্রতের সার্থক উদ্‌যাপন করব।

পশ্চিমবঙ্গ বাজেট, ১৯৭৬-৭৭

(হাজার টাকার হিসাবে)

	প্রকৃত ১৯৭৪-৭৫	সংশোধিত ১৯৭৫-৭৬	বাজেট ১৯৭৬-৭৭
আদায়			
প্রারম্ভিক তহবিল	—৫১,৭৯	৭,০০,৮১	৬৯,০৮
রাজস্ব আদায়	৪,৬০,১৮,৭৯	৫,৫৭,৪৪,২১	৫,৯৬,২৩,২৮
ঋণ খাতে আদায়—			
ঋণ	২,০৫,৬৮,৮৮	২,৪৩,২৪,০০	২,৩৭,০৯,৯৭
সম্ভাব্য তহবিল ও সরকারি হিসাব থেকে আদায়	৬,৯৭,৪১,৮৪	৮,১৯,৮৬,৯৪	৮,২৮,৯০,১০
মোট	১৩,৬২,৭৭,৭২	১৬,২৭,৫৫,৯৬	১৬,৬২,৯২,৪৩
ব্যয়			
রাজস্ব খাতে ব্যয়	৪,৫১,৮০,০৮	৫,৪১,৯৪,১৭	৫,৬৯,৮৫,৯০
মূলধন খাতে ব্যয়	৪৮,০০,৮৮	৬৪,২৯,৯১	৮২,১৫,৩২
ঋণ খাতে ব্যয়—			
ঋণ	১,৭৯,৫২,৬৭	২,০৯,৮০,৩৩	১,৯০,০৪,৩১
সম্ভাব্য তহবিল ও সরকারি হিসাব থেকে ব্যয়।	৬,৭৬,৪৩,২৮	৮,১০,৮২,৪৭	৮,২৮,৫৪,৬১
সমাপ্তি তহবিল	৭,০০,৮১	৬৯,০৮	—৭,৬৭,৭১
মোট	১৩,৬২,৭৭,৭২	১৬,২৭,৫৫,৯৬	১৬,৬২,৯২,৪৩
নীট ফল— উদ্বৃত্ত (+) ঘাটতি (—)			
(ক) রাজস্ব খাতে	+৮,৩৮,৭১	+১৫,৫০,০৪	+২৬,৩৭,৩৮
(খ) রাজস্ব খাতে বাইরে	—৮৬,১১	—২১,৮১,৭৭	—৩৪,৭৪,১৭
(গ) প্রারম্ভিক তহবিল বাদে নীট।	+৭,৫২,৬০	—৬,৩১,৭৩	—৮,৩৬,৭৯
(ঘ) অতিরিক্ত কর			+১০,৬০,০০
(ঙ) প্রারম্ভিক তহবিল বাদে কিন্তু অতিরিক্ত কর সহ নীট।			+২,২৩,২১
(চ) প্রারম্ভিক তহবিল সহ নীট।			+২,৯২,২৯

Adjournment

The House was then adjourned at 2-00 p.m. till 1 p.m. on Thursday, the 4th March, 1976 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 4th March, 1976 at 1-00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 7 Ministers, 2 Ministers of State, and 127 Members.

[1-00 — 1-10 p.m.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take Oath)

Starred Questions
(to which oral answers were given)

"ক্লোজার" ও কর্মচ্যুত শ্রমিক কর্মচারী

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫০) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৫ সালে "ক্লোজারের" মোট সংখ্যা কত এবং তার ফলে কত জন শ্রমিক কর্মচারী কর্মচ্যুত হয়েছে ;

(খ) "জরুরি অবস্থা" ঘোষিত হওয়ার পর থেকে ডিসেম্বর, ১৯৭৫ পর্যন্ত ক্লোজারের সংখ্যা কত এবং তার ফলে কত জন শ্রমিক কর্মচারী কর্মচ্যুত হয়েছে ;

(গ) ১৯৭৪ সালের অনুরূপ সময়ে (১৯৭৪ সালের ২৬এ জুন—ডিসেম্বর, ১৯৭৪) রাজ্যে ক্লোজারের সংখ্যা কত এবং তার ফলে কত জন শ্রমিক কর্মচারী কর্মচ্যুত হয়েছে ; এবং

(ঘ) জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে এ ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

ডাঃ গোপাল দাস নাগ ঃ

(ক) ১৯৭৫ সালে মোট ৯৮টি ক্ষেত্রে ক্লোজারের ফলে ১১,১৯৪ জন কর্মচারী কর্মচ্যুত হয়েছেন।

(খ) 'জরুরি অবস্থা' ঘোষিত হওয়ার পর থেকে ডিসেম্বর '৭৫ পর্যন্ত ৪৫টি ক্ষেত্রে ক্লোজারের ফলে ৪,২১৮ জন শ্রমিক কর্মচারী কর্মচ্যুত হয়েছেন।

(গ) ১৯৭৪ সালের ২৬শে জুন থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত ৪১টি ক্ষেত্রে ক্লোজারের ফলে ২,৪১৭ জন শ্রমিক কর্মচারী কর্মচ্যুত হয়েছিলেন।

(ঘ) ক্লোজারের জন্য যে সব ক্ষেত্রে শ্রমবিরোধ উঠিয়াছিল সে সব ক্ষেত্রে সালিশী (কনসিলিয়েশন) করা হইয়াছিল। কিছু কিছু ক্ষেত্রে বিচারের জন্য শিল্প আদালতে বিবাদগুলি পাঠানো হইয়াছে। গত বৎসর গঠিত ত্রিপাক্ষিক অ্যাপেক্স বডিতে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হইয়াছিল। অনেকগুলি বিরোধের সালিশী এখনও পর্যন্ত চলিতেছে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : জরুরি অবস্থা ঘোষণার পর দেখা যাচ্ছে ক্লোজারের ফলে কর্মচ্যুতের সংখ্যা আগের থেকে ডবল হয়ে গিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এমপ্লয়াররা কি এই জরুরি অবস্থার সুযোগকে তাদের পক্ষে গ্রহণ করে ক্লোজারের দিকে বেশি এগুচ্ছেন?

ডাঃ গোপাল দাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য আমি দিয়েছি এবং তথ্যে দেখা যাচ্ছে সংখ্যাটা পূর্ববর্তী বৎসরের তুলনায় নিশ্চয় বেশি হয়েছে। কারণ সম্বন্ধে আমার জানা নেই। উনি যেটা বিশ্লেষণ করেছেন সেটা বিশ্লেষণের ব্যাপারে সেটা কোনও ফ্যাক্টের ব্যাপার নয়।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : এটাতো ফ্যাক্টর ব্যাপার এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কারণ ফ্যাক্টে বলছে ৪ হাজার ২ শত ১৮, কাজেই ফ্যাক্টের ব্যাপার। কিন্তু আপনি বলছেন যে ওপিনিয়ন, সেটা আলাদা কথা। আমার প্রশ্ন হচ্ছে অ্যাপেক্স বডিতে এই ক্লোজার বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করার সুপারিশ করা হয়েছে জানাবেন কি?

ডাঃ গোপাল দাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ের আর একটা প্রশ্ন আছে যাই হোক আমি বলছি। এ্যাপেক্স বডিতে আমি একটা প্রস্তাব উভয়পক্ষের আলোচনার জন্য রেখেছিলাম যে আপনারা ৩১শে ডিসেম্বরের মধ্যে যে সমস্ত কারণে বিবাদ ঘটেছে এবং কারখানা বন্ধ হয়ে আছে সেগুলি সালিশীসাপেক্ষ পূর্ববত অবস্থায় ফিরে যান অর্থাৎ স্ট্যাটাস কো অ্যান্টি অবস্থায় ফিরে যান এবং সালিশী করতে সরকারকে উভয়পক্ষ সাহায্য করুন। এই বিষয়ে সর্বসম্মতিক্রমে কোনও সুপারিশ হয়নি। তবে সরকার পক্ষ থেকে একটা প্রস্তাব রেখেছিলাম।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন আপনার এই প্রস্তাবে সেখানে মোটামুটি একটা কনসেনসাস হয়েছিল কি?

ডাঃ গোপাল দাস নাগ : অন্ততপক্ষে আমার প্রস্তাবের সরাসরি তার কেউ প্রত্যাখান করেনি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ এখন অ্যাপেক্স বডির সামনে এই কেসগুলিকে নিয়ে এসে আলোচনা করবার জন্য মাননীয় মন্ত্রি মহাশয় কি কোনও ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যাপেক্স বডির বিভিন্ন সাব কমিটি করে দিয়েছে। জুট একটা, কটন টেক্সটাইল একটা, ইঞ্জিনিয়ারিং শিল্পের একটা—এই ধরনের যে নির্দিষ্ট কেসগুলি অর্থাৎ ইনডিভিজুয়েল কেসগুলির সেগুলি সেই কমিটিতে এবং ঐ ইন্ডাস্ট্রি সম্পর্কিত যে জেনারেল ডিফিকালটি সেগুলি ঐ সাব-কমিটিতে আলোচনা হচ্ছে।

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে অ্যাপেক্স বডিতে আপনি যে সুপারিশ করেছিলেন এবং যেটা কনসেনসাস হয়েছিল তারপরে যেসমস্ত মালিকরা শ্রমিকদের ফিরিয়ে নেয়নি তার ফলে সেই সমস্ত মালিকদের কোনও নির্দেশ বা তাদের বিরুদ্ধে কোনও অ্যাকশন নেবার চিন্তা করেছেন কি?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উভয়পক্ষ এর সঙ্গে সংশ্লিষ্ট। কোন কোন কারখানায় স্ট্রাইক চলছিল, কোন কোন কারখানায় লে অফ হচ্ছিল। যে সমস্ত কারখানায় স্ট্রাইক চলছিল, যেখানে লে অফ চলছিল সেখানে ঐ ৩১শে ডিসেম্বর-এর পরেও চলছিল। সুতরাং সেই বিষয়ে সরকার কোনও ড্রাস্টিক অ্যাকশনের কথা চিন্তা করেনি।

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ আপনি এটা কোয়েশ্চেনের বাইরে বলছেন। এটা ক্লোজার সম্পর্কে?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, টোটাল ব্যাপারটা হল স্ট্যাটাস কো অ্যান্টিতে স্ট্রাইকও পড়ে, লে অফও পড়ে লক আউটও পড়ে, এবং ক্লোজারও পড়ে। উভয়পক্ষের কেউ ফিরে যেতে পারেননি। কারণ হয়ত অসুবিধা আছে। কনসিলিয়েশন করে অনেক জায়গায় ফিরে গেছে। কতকগুলি জায়গায় এখনও চলছে। এখানে ড্রাস্টিক অ্যাকশন নেবার কথা সরকার চিন্তা করছেন না।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, যে ক্লোজারের সংখ্যা দিয়েছেন তারমধ্যে বিশেষ করে কোন কোন শিল্পে বেশি ক্লোজার হয়েছে—যেমন জুট শিল্প, বিড়ি শিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্প ইত্যাদি কোন শিল্পে বেশি ক্লোজার হয়েছে জানাবেন কি?

ডাঃ গোপাল দাস নাগ ঃ এই তালিকা আমার কাছে নেই। পূর্ণ তালিকার জন্য নোটিশ দিতে হবে।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে কতকগুলি ট্রাইব্যুনালে পাঠানো হয়েছে এবং বললেন যে ৪১টি ক্লোজার কেস আছে। এখন এই ৪১টির মধ্যে কতগুলি ট্রাইব্যুনালে গেছে সেই রকম কোনও তথ্য আপনার কাছে আছে কি?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেগুলি সালিশী করে মীমাংসা করে দেওয়া যায় না তার প্রতিটি কেসই ট্রাইব্যুনালে যায়, কোনওটাই ড্রপড হয় না বা অ্যাবানডান্ড হয় না, সংখ্যা আমি এক্ষুণি দিতে পারছি না। কিন্তু যেগুলি সালিশী হচ্ছে না, বা মীমাংসার

কোনও আশা নেই—এই রকম কেস যদি না থাকে। বাকি সমস্ত কেসই ট্রাইব্যুনালে চলে যায়।

শ্রী নন্দলাল গুরুং ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, কি বলতে পারবেন যে দার্জিলিং ডিস্ট্রিক্টের সিনকোনা প্ল্যানটেশনের রংগোতে ১৯৭০ সালে ৬৩ পিপল ডিসমিসড হয়েছিল। তাদের এখনও কিছু হয়নি। তাদের বিষয়ে কিছু বলতে পারবেন কি?

[1-10 — 1-20 p.m.]

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিংকোনা প্ল্যানটেশন হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের বিভাগীয় দপ্তরের পরিচালনাধীন। এই বিষয়ে করলে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের কাছে করতে পারেন। তবে লেবার সংক্রান্ত ব্যাপারে তিনি যদি কিছু জানতে চান তাহলে নোটিশ দিলে পরবর্তী প্রশ্নোত্তরের দিনে আমি তার উত্তর দিতে পারি।

শ্রী নন্দলাল গুরুং ঃ মন্ত্রী মহাশয় বললেন যে এটা সরকারের একটা বিভাগীয় দপ্তর। কিন্তু সেখানে ডেপুটি লেবার কমিশনার গিয়েছিলেন কথাবার্তা বলার জন্য কিন্তু সেখানে ডিরেক্টার অব সিংকোনা রিপ্রেজেন্ট করছে না, শুধু ইউনিয়ন থেকে রিপ্রেজেন্ট করা হয়েছে। তিনবার চারবার গভর্নমেন্টের তরফ থেকে সেখানে গিয়েছিল কিন্তু রিপ্রেজেন্ট করা হল না। ১৯৭৩ সাল থেকে এই ৩০০ জন লোক চরম দুর্দশার মধ্যে পড়েছে, তারা খেতে পরতে পারছে না, এই বিষয়ে আপনারা কি ভাবছেন?

ডাঃ গোপাল দাস নাগ ঃ আমি আগেই বলেছি যে এটা একটা গভর্নমেন্টের বিভাগীয় দপ্তর-এর পরিচালনাধীন। সেই দপ্তরই এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবে। আমি শুধু মীমাংসা করি প্রাইভেট সেক্টার এবং পাবলিক সেক্টারে। যদিও সেই মীমাংসা করার অধিকার কনসিলিয়েশন অফিসারের হাতে নেই। এমন কোনও ইনস্ট্রুমেন্ট নেই তাদের হাতে যে ম্যাজিস্ট্রেটের মতো সমন করে হাজির করা যায়। তাদের সদিচ্ছার উপর শুধু নির্ভর করতে হয়। দ্বিতীয় কথা হচ্ছে, এটা ট্রাইব্যুনালে পাঠাতে গেলে ঐ বিভাগের সঙ্গে কথা বলে তাদের মতামত নিতে হবে। এটা সেই পর্যায়ে এখনও আসেনি। যতক্ষণ না তা হচ্ছে ততক্ষণ বিষয়টা ট্রাইব্যুনালে নিয়ে এসে তাদের সঙ্গে আলোচনা করতে পারছি না।

Mr. Speaker : Dr. Nag, you fully realise that when the private sector employers refuse the call of the Labour Commissioner that is painful but if the Government Department—the public sector employers—also refuse the call of the Labour Commissioner that is equally very painful. So when we are accusing the private sector people, we should also see that the Government Department does not do the same thing as the private sector, and the responsibility of the government is a collective responsibility. You should impress upon the Department concerned that they go to the Labour Commissioner and there is proper conciliation.

Dr. Gopal Das Nag : Sir, I will convey your observation to the Minister concerned.

লালবাগ মহকুমা হাসপাতাল

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৯) **শ্রী মহম্মদ দেদার বক্স ঃ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমা হাসপাতালে নির্মাণকার্য সমাপ্ত হওয়া সত্ত্বেও জনসাধারণের জন্য উন্মুক্ত হয় নাই ;

(খ) অবগত থাকিলে,

(১) ইহার কারণ কি,

(২) অতি সত্বর ইহা কার্যকর করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ১নং ব্লকে হাবাসপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং ভগবানগোলা ২নং ব্লকে কোলান রাধাকান্তপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র কবে নাগাদ খোলা হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ

(ক) ও (খ) নতুন হাসপাতালটি খোলবার জন্য সরকারি আদেশ নামা বের করা হয়েছে। যত শীঘ্র সম্ভব ১৩১টি শয্যা চালু করবার নির্দেশ দেওয়া হয়েছে।

(গ) উপস্বাস্থ্যকেন্দ্র দুটি খুলবার সরকারি আদেশনামা বের করা হয়েছে। খুব তাড়াতাড়ি করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

শ্রী মহঃ দেদার বক্স ঃ এই যে আদেশ দেওয়া হয়েছে, তাহলে তাদের ডাক্তার বা অন্যান্য লোক যেগুলো, সেইগুলো নিয়োগের কাজ শেষ হয়েছে কি?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ ডাক্তার, নার্সিং স্টাফ এবং অন্যান্য স্টাফ-এর ব্যবস্থা করা হয়েছে। ক্লাস ফোর, যে পুরানো হাসপাতাল ছিল ২৫ শয্যা চালাবার জন্য, তাদের অর্ডার দেওয়া হয়েছে। অন্য যারা বাকি আছেন কেবিনেট সাব-কমিটি মুর্শিদাবাদের কাছে পাঠানো হয়েছে।

***67 - Not Called**

***68 -**

Mr. Speaker : This is held over. I have received a communica-

tion from the Hon'ble Minister-in-charge that he could not collect all the information. So it is held over and will be taken up on the next rotational day.

বন্ধ হাল্কা ইঞ্জিনিয়ারিং শিল্প

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৭) **শ্রী অশ্বিনীকুমার রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত তিন বৎসরে (১৯৭৩ সাল হইতে ১৯৭৫ সাল পর্যন্ত) পশ্চিমবঙ্গের কতগুলি হাল্কা ইঞ্জিনিয়ারিং শিল্প (লাইট ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিজ) বন্ধ হইয়াছে ;

(খ) উক্ত কারখানাগুলির নাম কি কি এবং ঐগুলি কোন তারিখ হইতে বন্ধ আছে ;

(গ) উক্ত কারখানাগুলি বন্ধ হওয়ায় কতজন শ্রমিক কর্মচ্যুত হইয়াছে ; এবং

(ঘ) কবে নাগাদ উক্ত কারখানাগুলি খোলা হইবে বলিয়া আশা করা যায়?

ডাঃ গোপাল দাস নাগ ঃ

(ক) মাননীয় সদস্য হাল্কা ইঞ্জিনিয়ারিং শিল্প (Light Engineering Industry) বলতে কি বুঝাইয়াছেন তাহা পরিষ্কার করিয়া না বলিলে কোনও উত্তর দেওয়া সম্ভবপর নয়।

তবে পঞ্চাশের অধিক শ্রমিক নিযুক্ত হয় নাই—এইরূপ ইঞ্জিনিয়ারিং শিল্পকে হাল্কা ইঞ্জিনিয়ারিং শিল্প হিসাবে গণ্য করিলে বলা যায় যে গত তিন বৎসরে পশ্চিমবঙ্গে এইরূপ বন্ধ শিল্পের সংখ্যা ৪৩। ইহার মধ্যে ১১টি স্থায়ীভাবে বন্ধ হইয়াছে।

(খ) বন্ধ কলকারখানাগুলির নাম ঠিকানা এবং কোন কোন তারিখ হইতে ঐগুলি বন্ধ তাহার পূর্ণ বিবরণ সম্বলিত একটি তালিকা লাইব্রেরি টেবিলে রাখা হইল।

(গ) এইসব কারখানা বন্ধের ঘটনার সঙ্গে জড়িত শ্রমিকের সংখ্যা ১৩৬৪ জন।

(ঘ) শিল্প বিরোধ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। কবে কারখানাগুলি খুলিবে তাহা সঠিকভাবে এখন বলা সম্ভব নয়।

Statement in connection with starred Assembly question No. 447 by Shri Aswini Roy, M.L.A.

List of Engineering Units Employing 50 and Below Closed Since 1973 (Provisional)

Sl. No.	Name and address of the concern	Men involved	Date of Closure	Cause
1.	Ferrous Casting & Engineering (P) Ltd. (Factory only at Howrah) H.O.33, Chittaranjan Avenue, Calcutta-12	24	1.4.73	Go-slow tactics and non-co-operation by workers.
2.	Nandikishore Engg Co., 19/32, Ramkrishna Mandir Path, North Bantra, Howrah.	50	26.2.73	Alleged labour unrest.
3.	Ferrous Casting & Engg Co. (P) Ltd., K-67, Howrah Industrial Estate, Baltikuri. Howrah.	24	1.4.73	Unavoidable circumstances beyond the control of the management.
4	Howrah Wire Netting Concern, Baltikuri, Howrah.	15	16.5.73	Stay-in-strike by workmen.
5.	Transformer & Allied Engg. Co., 180, Foreshore Road, Howrah.	35	14.5.73	Slow-down inproduction.
6.	Victory Industries (P) Ltd. 77/A, Benaras Road, Howrah.	50	1.8.73	—do—
7.	Eastern Steel Equipments, Belurmath, Howrah.	40	7.8.73	Not known
8.	Hindusthan Engg. Works, Salkia, Howrah.	20	8.8.73	Stoppage of work by workmen
9.	Howrah, Engineering Works, Howrah.	28	12.8.73	Financial trouble.
10.	New Bishaluxmi Mechanical Works (P) Ltd., 24/5, Brindaban Mullick Lane, Kadamtala, Howrah.	28	30.10.73	Paucity of order, irregular supply of power.
11.	Great Eastern Mechanical	33	31.1.73	Labour Indiscipline.

Sl. No.	Name and address of the concern	Men involved	Date of Closure	Cause
	Works (P) Ltd., Ichapur Road, Santragachi, Howrah.			
12.	Dayapur Tea Co. (Rasoi Engg. Deptt.), New Alipore Station Road, Calcutta.	50	1.2.73	Labour indiscipline.
13.	Sanyal's New Engg. Works Ltd., Naihati, 24-Parganas.	50	20.6.73	Alleged financial Stringency.
14.	Maheswari Engg. Co., Baltikuri, Howrah.	50	8.4.74	Various reasons.
15.	Makali Iron Works, Dasnagar, Howrah.	39	29.4.74	Inability to run the factory.
16.	Jagannath Ramjidas, Ghusury, Howrah.	24	1.7.74	Strike by workers.
17.	Bhattacharjee Engg. (P) Ltd., Alampur, Howrah.	46	12.10.74	Alleged labour unrest.
18.	Bankim & Co. 33, Narasingha Dutta Road, Howrah.	38	10.10.74	Not known.
19.	Stancore Transformer Winding Corporation, 62, Garpar Road, Calcutta-9.	40	26.8.74	Demand for introduction of wage structure.
20.	Volcun Engg. Works, 639, D. H. Road, Behala, 24-Parganas (South).	35	7.1.74	Continuous loss.
21.	M/s M. B. Industries, 136A, Jessore Road (South) Barasat, 24-Parganas (North).	20	18.1.74	Alleged non-receipt of Govt. order.
22.	M/s Electrolite Battery Mfg. & Co. & M/s Electric Storage Battery Co., P-4, Purnachandra Haldar Avenue, Calcutta.	8	5.3.74	Shortage of raw materials.
23.	Homeo Engg. Works (P) Ltd., 1/2, Sashi Sekhar Bose Road, Calcutta-25.	50	13.3.74	Charter of demands.
24.	Indus Steel Fabricators, 271, M.G. Road, Cal-41	17	1.12.74	Indiscipline.

Sl. No.	Name and address of the concern	Men involved	Date of Closure	Cause
25.	M/s. India Engg. Enterprise, 21/A, Rakhal Mukherjee Road, Cal-25	31	16.12.74	Not known.
26.	Supreme Electricals, P-42, Golf Club Road, Cal-33	18	24.3.75	Labour unrest
27.	Heavy Equipment & Machinery Co. (P) Ltd., Howrah.	11	25.3.75	Alleged subversive activities.
28.	M/s. Kumar Engg. Co., Baidyapur, Burdwan	40	11.4 75	Lack of order.
29	M/s Bharat Mfg. Co. (P) Ltd., Boinchee, Hooghly	27	6.6.75	Go-slow and Indiscipline.
30.	Eastern Engg. Industries, 8, S. Roy Road, Cal-34	40	5 6 75	Financial grounds & labour unrest
31.	Sashi Steels (P) Ltd, Asansol, Burdwan	23	1.9 75	Due to Strike by the workers.
32	Neelux Electricals (P) Ltd., 34/1, Ballygunj Circular Road, Cal-	12	17.3.75	Alleged labour unrest
33.	D. R. Industries, 33, Sarat Chatterjee Road, Howrah.	25	19.7.75	Financial Stringency
34.	Bhattacherjee Engg. Co. (P) Ltd., 1/1 Kusundia 2nd Bye Lane, Howrah.	50	20.1.75	—do—
35.	M/s. Commercial Engg. Workers, Ichapur, Howrah.	15	3.4.75	—do—
36.	Bharat Metal Industries, 29/3, Girish Ghosh Road, Howrah.	25	15..5.75	—do—
37.	M/s. Victoria Industries (P) Ltd., 77/A, Banaras Road, Howrah.	45	24.8.75	Alleged activities & financial loss.
38.	M/s. Asoke Iron & Steel Works, Belghoria, 24-Parganas (North)	48	6.10.75	Due to litigation amongst the partners

Sl. No.	Name and address of the concern	Men involved	Date of Closure	Cause
39.	The Oriental Metal Co. Ltd. 36-A & B, Pratapaditya Road, Cal-26	43	22.10.75	Lack of orders and financial difficulties
40.	Esson Drum Mfg. Co., 114, Shyamnagar Road, Dum Dum, Cal-55	13	9 10 75	Alleged persistant go-slow & sub-standard production.
41.	Bina Engg. Works 119, Narikeldanga North Road, Cal-11.	15	25.11.75	Alleged indiscipline of workmen.
42.	Kakkad Metal Industries, 19, Prince Anwar Sha Road, Calcutta-33	24	1.11.75	Labour unrest consequent on forced resignation of a workman.
43.	Eastern Screw & Wire Products, 132, B.K. Paul, Avenue, Cal-6	45	22.12.75	Alleged illegal activities of the workmen.
		1,364		

শ্রী অশ্বিনীকুমার রায় : কয়টা কারখানা খুলবে, একথা বলতে পারছেন না। আপনি এই যে কারখানা বন্ধের কতগুলি কারণ দেখিয়েছেন তার মধ্যে একটা হচ্ছে আর্থিক অসুবিধা। মোট যে সংখ্যক বেকার আছে তার মধ্যে দেখা গেল প্রায় ১৫ ভাগ শ্রমিক এই কারণে বেকার আছে। তাহলে আজকাল পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকার যে অর্থ সাহায্য শিল্পগুলিকে করছে, সেই ধরনের কোনও প্রচেষ্টা এই কারখানাগুলি খোলার জন্য হচ্ছে কি?

ডাঃ গোপাল দাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবিষয়ে ব্যবস্থা অবলম্বনের জন্য ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন কর্পোরেশণ অফ ইন্ডিয়া সৃষ্টি হয়েছিল এবং তাদের হেড অফিস কলকাতায়। এই ধরনের রুগ্ন শিল্পগুলি, যেগুলি আর্থিক কারণে ঠিকমতো চলছে না বা বন্ধ হয়ে গেছে সেগুলিকে পুনরুদ্ধার করা এবং পুনঃ প্রতিষ্ঠিত করার দায়িত্ব ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন কর্পোরেশন অফ ইন্ডিয়ার। যদি সরকার মনে করেন যে, অ্যাসিস্ট্যান্স দিয়ে এই কারখানাগুলিকে পুনরায় প্রতিষ্ঠিত করা যাবে বা মিসম্যানেজমেন্টের জন্য কারখানাগুলি বন্ধ হয়ে গেছে এবং সেবিষয়ে যদি মনে হয় যে, পাবলিক ইন্টারেস্টে সরকারের দায়িত্ব অধিগ্রহণ করা উচিত, তাহলেই কেবলমাত্র আমরা দেশের বর্তমান আইন অনুযায়ী সেই কারখানাগুলির পরিচালনার দায়িত্ব অধিগ্রহণ করে ভারত সরকারের মাধ্যমে এবং সরকারি অর্থ সাহায্য দিয়ে সরকারি পরিচালনায় সেগুলিকে পুনরায় প্রতিষ্ঠিত করি। এখানে যে কারখানাগুলির কথা বলা হয়েছে—এখানে প্রায় ৫০ বা তার থেকেও কম শ্রমিক কাজ করে, এরা অধিকাংশই ম্যানুফ্যাকচারিং ইউনিট নয়, জব্ করে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শিল্পের। আমরা এখনও পর্যন্ত

সমস্ত বড় কারখানাগুলি যেখানে শ্রমিকের সংখ্যা অনেক, সেই সমস্ত কারখানাগুলি বন্ধ হয়ে যাবার পর সবগুলিকে খুলে চালু করতে পারিনি। যতক্ষণ পর্যন্ত সেই কাজ শেষ না হয়, ততক্ষণ এই সব কারখানা, সেখানে ২৫,২৪,২০ জন লোক কাজ করে এবং যাদের ডেফিনিট প্রোডাকশন লাইন ছিল না সেগুলি সম্বন্ধে সরকারের এখনও পর্যন্ত অর্থ বিনিয়োগের অবস্থা আসেনি। বড় কারখানাগুলিকে পুনরায় প্রতিষ্ঠিত করার প্রচেষ্টা সম্পূর্ণ হলে তারপর এগুলি সম্বন্ধে সরকার প্রচেষ্টা করতে পারেন। আই আর সি আই কি করছে সে তথ্য আমার জানা নেই।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ আরও দুটো কারখানার কথা বলছি, ল্যাক অফ অর্ডার পাওয়া যায়নি—একটা বর্ধমানের মেসার্স কুমার ইঞ্জিনিয়ারিং, আর একটা ওরিয়েন্টাল মেটাল। এদের সম্বন্ধে আপনার কাছে যদি কোনও তথ্য থাকে তাহলে জানাবেন যে, ওরা কি ধরনের জিনিস তৈরি করত এবং তার বাজার কি পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে নেই?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে তথ্যের কথা জানতে চাইছেন সে তথ্য শ্রম দপ্তরের থাকে না।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ জরুরি অবস্থার পর যে কারখানাগুলি বন্ধ হয়েছে তার মধ্যে দেখা যাচ্ছে ২২৩ জন ছাঁটাই হয়েছে এবং এর সংখ্যা হচ্ছে ১৬ ভাগ। জরুরি অবস্থার পর এই যে কারখানাগুলি বাদ হচ্ছে তারমধ্যে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

শ্রী গোপাল দাস নাগ ঃ সম্প্রতি ভারতের লোকসভায় Industrial Dispute Act amend করেছেন chapter 5(B) সংযুক্ত হয়েছে। আগে ছিল closure-এর ক্ষেত্রে ৬০ দিনের নোটিশ দিতে হত, এখন ৯০ দিনের নোটিশ লাগবে এবং এই ৯০ দিনের মধ্যে সরকারের অনুমতি নিতে হয় অর্থাৎ সরকার বললে তবে কারখানা বন্ধ করতে হবে। যদি ৯০ দিনের মধ্যে সরকার হ্যাঁ বা না যদি কিছু না বলেন তাহলে ধরতে হবে সরকারের সম্মতি আছে। আর সরকার যদি বলেন এই কারণে এই কারখানা বন্ধ করা যাবে না তাহলে তা বন্ধ হবে না। সুতরাং জরুরি অবস্থার মধ্যে যে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে তাতে ক্লোজার, লক-আউট রিট্রেঞ্চমেন্ট-এর ক্ষেত্রে সরকারের অনুমতি সাপেক্ষ ব্যবস্থা গ্রহণ করা হবে। এই আইন যদিও এখন পর্যন্ত চালু হয় নি। তবে এই আইন পার্লামেন্টে পাস হয়ে গেছে। আশা করছি আগামী কয়েকদিনের মধ্যে রুলস তৈরি হয়ে আইন চালু হবে। তবে এটা থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে সরকার মালিকের হাত থেকে অধিকার কেড়ে নিয়ে নিজেরাই বিবেচনা করে সিদ্ধান্ত দেবার ব্যবস্থা করেছেন।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট থাকা সত্ত্বেও প্রত্যেকটি রাজ্য সরকার ঐ আইন অনুযায়ী নিজস্ব অবস্থা বিচার করে রুলস তৈরি করার নির্দেশ কি কেন্দ্রীয় সরকার দিয়েছেন?

শ্রী গোপাল দাস নাগ ঃ রাজ্য সরকারের ২টি দায়িত্ব—একটা হচ্ছে ঐ আইন অনুযায়ী অ্যাপ্রোপ্রিয়েট অথরিটি প্রেজেনটি করা কে অ্যাপ্রোপ্রিয়েট অথরিটি হবে। দ্বিতীয় হচ্ছে রুলস-

এ অ্যাপ্রোপিয়েট অথরিটি সম্বন্ধে ফাইনাস বা মুখ্যমন্ত্রীর অনুমতি নিয়ে ঐ পোস্ট লেবার ডিপার্টমেন্টে ক্রিয়েট করা হয়েছে। দিল্লি থেকে পাবার পর পশ্চিমবাংলার অবস্থা অনুযায়ী রুলস তৈরি করা হচ্ছে। তারা ভারতবর্ষের সমস্ত প্রদেশ থেকে তথ্য নিয়ে তবে এটা কায়েমী করতে পারবেন তখনই সমস্ত ভারতবর্ষে এই আইন দিল্লি ভারতবর্ষে চালু করতে পারবে। পশ্চিমবাংলা এই আইন চালু করার জন্য যা যা ব্যবস্থা নেওয়া দরকার তা নিতে প্রস্তুত আছে।

*70. Not Called.

সেন র‍্যালে সাইকেল কারখানা

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী নিরঞ্জন ডিহিদার :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সেন র‍্যালে সাইকেল কারখানার পরিচালন ভার সরকার কর্তৃক অধিগ্রহণের পর অদ্যবধি কতজন শ্রমিককে এখনও পর্যন্ত কাজে যোগ দিতে দেওয়া হয়নি ; এবং

(খ) ঐ সমস্ত শ্রমিকদের কতদিনের মধ্যে কাজে যোগদান করতে দেওয়া হবে?

[1-20 — 1-30 p.m.]

ডাঃ গোপাল দাস নাগ :

(ক) এখন পর্যন্ত মোট ৯১ জন শ্রমিককে কর্মনিয়োগ করা সম্ভবপর হয় নাই। তবে ঐ সকল শ্রমিক তাঁহাদের বেতন ও মহার্ঘ্য ভাতা পাইতেছেন।

(খ) সে সম্বন্ধে এখনও কোনওরূপ সিদ্ধান্তে আসা সম্ভবপর হয় নাই। তবে কর্তৃপক্ষ মনে করেন যে কারখানার প্রয়োজন অনুসারে শ্রমিকসংখ্যা নিরূপনের পর প্রয়োজনের অতিরিক্ত প্রায় ৮০ জন শ্রমিককে কর্মনিয়োগ করা সম্ভবপর নাও হইতে পারে।

শ্রী নিরঞ্জন ডিহিদার : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যখন একটা ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল তখন কথা হয়েছিল যে সমস্ত শ্রমিকদের কাজে যোগ দিতে দেওয়া হবে এবং তারপর যাদের সুপারঅ্যানুয়েশন হয়েছে তাদের বের করা হবে, এরপরে নিরুপিত হবে কতজন লাগবে না লাগবে। এই ট্রাইপার্টাইট এগ্রিমেন্টের এই ধারাটা কর্তৃপক্ষ এখন কি মানছেন, না মানছেন না?

ডাঃ গোপাল দাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই মানছেন, তা না হলে ৯১ জন শ্রমিককে বসিয়ে বসিয়ে পূর্ণ বেতন দিতেন না।

শ্রী নিরঞ্জন ডিহিদার : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বর্তমানে কারখানায় কত উৎপাদন হচ্ছে?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারখানাটি সম্পূর্ণরূপে ভারত সরকারের পরিচালনাধীন। এই ধরনের প্রশ্নের জন্য আমি প্রস্তুত ছিলাম না, তবে যতদূর খবর পেয়েছি তাতে প্রায় ১২শো সাইকেল তৈরি হচ্ছে।

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ কিন্তু ইমিডিয়েট টার্গেট ছিল ১৫শো সাইকেল উৎপাদন করার, সেটাতে রিচ না করার কি কারণ থাকতে পারে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারত সরকার এটার দায়িত্ব গ্রহণ করেন, প্রথমে যে পরিকল্পনা নেওয়া হয় তখন কথা ছিল ১২ শো সাইকেল তৈরি করে বিক্রি করতে পারলে এটা ভায়েবল হবে এবং তারপর ১৫শো সাইকেল তৈরি করার পরিকল্পনা নেওয়া হবে। সাইকেল তৈরি হচ্ছে ভালই কিন্তু মার্কেটে বিক্রি করা সম্ভব হচ্ছে না, কিছু স্টক পাইলিং হচ্ছে, যার ফলে ওদের ওয়ারকিং ক্যাপিটাল শর্ট হয়েছে। ওরা র-মেটিরিয়াল কিনবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে টাকা চেয়েছে।

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই কারখানাটা কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করার পর এর সেলিং এজেন্সি আগে যারা মালিক ছিল তাদেরই হাতে আছে?

ডাঃ গোপাল দাস নাগ ঃ এটা সত্য, তবে স্থায়ীভাবে নয়। ওরা একটা অল্টারনেটিভ সেলিং অর্গানাইজেশন তৈরি করছেন, সেটা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সেই পুরানো অ্যারেঞ্জমেন্ট বহাল রেখেছেন যাতে ডেডলক না হয়

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই সেলিং এজেন্সি ওদের হাতে থাকার জন্য এই স্টক পাইলিং হয়েছে কি?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বলা সম্ভব নয় কারও পক্ষে যে কিজন্য স্টক পাইলিং হয়েছে। ওদের হাতে থাকার জন্য, কি ইনএবিলিটির জন্য, কি রিসেসানের জন্য, কারণ বলা সম্ভব নয়, তবে যা সাইকেল তৈরি হচ্ছে তা বিক্রি করা সম্ভব হচ্ছে না।

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ যারা সেলিং এজেন্ট আছে তারা যদি এরজন্য দায়ী হয় তাহলে অনুসন্ধান করে তাদের বিরুদ্ধে অ্যাকশন নেবেন কি?

Mr. Speaker : Hon'ble Minister may reply the first part only, not the second part.

ডাঃ গোপাল দাস নাগ ঃ অনুসন্ধান করার প্রয়োজন নেই। কারণ, সিদ্ধান্ত হয়েছিল বর্তমানে ডিস্ট্রিবিউশনের জন্য যে এজেন্সি আছে সেই এজেন্সিকে এলিমিনেট করে দেওয়া হোক এবং এই করে নিজস্ব মার্কেটিং সিস্টেম তৈরি করা হোক। সেটা তাঁরা আরম্ভ করেছেন। বর্তমানে যে সিস্টেম চালু আছে সেটা অ্যাবোলিশ হবে এবং কোম্পানি নিজস্ব মার্কেটিং সিস্টেম করবে তারজন্য ত্রিপাক্ষিক সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

শ্রী নিরঞ্জন ডিহিদার ঃ বর্তমানে অ্যাকসেসরিজের স্মল পার্টস বাইরে থেকে এনে ওখানে অ্যাসেম্বলি করা হয় কিনা?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারত সরকারের একটা দপ্তর এটা চালাচ্ছেন, এইসব তথ্য আমাদের জানা নেই।

বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে রেডিওলজি বিভাগ

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৪) **শ্রী ফণীভূষণ সিংহবাবু ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে রেডিওলজি বিভাগটি এ পর্যন্ত চালু না হওয়ার কারণ কি ; এবং

(খ) কবে নাগাদ উক্ত হাসপাতালের রেডিওলজি বিভাগটি চালু হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ

(ক) রেডিওলজি বিভাগটি চালু আছে। তবে থেরাপিউটিক্ সেকশনের ডিপথেরাপি যন্ত্রটি অচল হওয়ায় ঐ সেকশনের কাজ আপাততঃ বন্ধ আছে।

(খ) বর্তমানে বলা সম্ভব নয়।

শ্রী ফণিভূষণ সিংহবাবু ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন আপাতত বন্ধ আছে, ঐ আপাতত বলতে উনি কি বোঝাচ্ছেন?

মিঃ স্পিকার ঃ অ্যাট প্রেজেন্ট।

শ্রী অজিতকুমার পাঁজা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় ইংরাজিতে বলে দিয়েছেন অ্যাট প্রেজেন্ট।

শ্রী ফণিভূষণ সিংহবাবু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই কোয়েশ্চেন সম্বন্ধে যে ১৯৭৩ সালে এই কোয়েশ্চেন করেছিলাম, তখনও তিনি উত্তর দিয়েছিলেন আপাতত। সেজন্য বলছি আপাতত বলতে কি বোঝাচ্ছেন। এটা বন্ধ থাকার ফলে ঐ এলাকার বহু রোগীকে কলকাতায় আসতে বাধ্য হতে হচ্ছে। সেজন্য জিজ্ঞাসা করছি আপাতত বলতে উনি কি বোঝাচ্ছেন?

[1-30 — 1-40 p.m.]

শ্রী অজিতকুমার পাঁজা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন। ১৯৭৩ সালে মাননীয় সদস্য যখন বলেছিলেন তখন এই মেশিন খারাপ ছিল এবং পরে তাকে সারানো হয়েছে। এটা একটা পুরানো মেশিন। ১৯৭৩ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত এটা

চালু ছিল। কিন্তু ১৯৭৫ সালে এটাকে লিক করতে দেখা যায়। তখন ডাঃ পি কে ব্যানার্জি বললেন এটা যখন লিক করছে তখন এটাকে আর ব্যবহার করা উচিত নয়। ২ লক্ষ ৫০ হাজার টাকা খরচে ক্যাসিয়াম ইউনিট, আধুনিক চিকিৎসা ব্যবস্থা ক্যান্সারের জন্য সেটা স্থাপন করবার জন্য আমরা মেশিন কিনেছি। কিন্তু যেখানে এটা রাখা হবে সেই ভাবা অ্যাটমিক রিসার্চ ইউনিট-এর স্যাংশন এই ব্যাপারে নিতে হবে তাদের স্যাংশন পেলে আমরা ব্যবস্থা করব।

ক্যানিং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৯) **শ্রী পঞ্চানন সিন্‌হা :** স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার ক্যানিং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোনও "উপদেষ্টা বোর্ড" আছে কিনা ;

(খ) থাকিলে কাহাদের লইয়া ঐ বোর্ড কবে গঠিত হইয়াছে এবং এ পর্যন্ত ঐ বোর্ডের কয়টি মিটিং হইয়াছে ; এবং

(গ) উক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে শয্যাসংখ্যা বৃদ্ধি, বাউন্ডারি ওয়াল নির্মাণ, পাণীয় জলের অসুবিধা দূরীকরণ, আরও ডাক্তার ও কর্মচারী নিয়োগ, নতুন গৃহ নির্মাণ ইত্যাদি বিষয়ে সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করিয়াছে?

শ্রী অজিতকুমার পাঁজা :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ক্যানিং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে একটি ৫০ শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করবার জন্য ২৮ লক্ষ ২৫ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। ঐ গ্রামীণ হাসপাতাল চালু করার সঙ্গে সঙ্গে অসুবিধাগুলি দূরীভূত হবে।

শ্রী পঞ্চানন সিনহা : প্রত্যেক স্বাস্থ্য কেন্দ্রে অ্যাডভাইসারি বোর্ড থাকার সরকারি নিয়ম আছে কি?

শ্রী অজিতকুমার পাঁজা : সরকারি নিয়ম আগে ছিল কিন্তু এখন সে নিয়ম আর নেই।

শ্রী পঞ্চানন সিনহা : অ্যাডভাইসারি বোর্ড থাকলে কাজের সুবিধা হয় এটা স্বীকার করেন কি?

মিঃ স্পিকার : ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

শ্রী পঞ্চানন সিনহা : আপনি বললেন ৫০টি বেডের হাসপাতাল হচ্ছে এবং এত টাকা

মঞ্জুর হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এই মঞ্জুরীকৃত অর্থ কি কি বাবদ কোন কোন সালে খরচ হবে?

শ্রী অজিতকুমার পাঁজা : এটা বলা সম্ভব নয়। আমরা ৫০টি শয্যা বিশিষ্ট গ্রামীণ হাসপাতাল করবার জন্য সিদ্ধান্ত নিয়েছি এবং তার স্যাংশন দেওয়া হয়েছে। কনস্ট্রাকশন যত তাড়াতাড়ি এগিয়ে যাবে ততই হাসপাতাল খোলার দিক থেকে সুবিধা হবে।

শ্রী পঞ্চানন সিনহা : মন্ত্রী মহাশয় গত ৭ই জুলাই ওই স্বাস্থ্য কেন্দ্র যখন পরিদর্শন করতে গিয়েছিলেন তার আগে এর স্যাংশন দেওয়া হয়েছিল কি?

শ্রী অজিতকুমার পাঁজা : তার পরে হয়েছে।

শ্রী পঞ্চানন সিনহা : মন্ত্রী মহাশয় একটা খবর জানেন কিনা জানি না, আমি তাঁকে জানাচ্ছি। ওই স্বাস্থ্য কেন্দ্রে বহু রোগী আসে কিন্তু শয্যার অভাবে ফিরে যায় এবং শুধু তাই নয়, এখনও পর্যন্ত সেখানে মামুলি ধরনের ঔষধ, বেড প্যান এবং মশারির অভাব রয়েছে। আপনি এই ব্যাপারে অনুসন্ধান করে এর প্রতিকার করবেন কি?

শ্রী অজিতকুমার পাঁজা : এরকম কোনও খবর আমার কাছে নেই। আমি যখন সেখানে গিয়েছিলাম তখন এরকম ধরনের কোনও খবর আমাকে কেউ দেননি যে, সেখানে ঔষধ এবং মশারির অভাব রয়েছে। তবে সেখানে সম্ভবত রোগীর সংখ্যা বেশি এবং এটা সুন্দরবন এলাকার একটা এন্ট্রি পয়েন্ট এটা কনসিডার করে, আমরা সেখানে একটা গ্রামীণ হাসপাতাল করছি। আপনি যে অভাবের কথা বললেন আমি সেটা অনুসন্ধান করে দেখব।

শ্রী সত্যরঞ্জন বাপুলি : অনেক স্বাস্থ্য কেন্দ্র আছে যেখানে কমপাউন্ড ওয়াল না থাকার জন্য হাসপাতালের মধ্যে গরু ঢুকে পড়ে। এইসব স্বাস্থ্যকেন্দ্রে কমপাউন্ড ওয়াল দেবার কোনও পরিকল্পনা আছে কি?

শ্রী অজিতকুমার পাঁজা : আমরা প্রথম পর্যায়ে ডিস্ট্রিক্ট হাসপাতাল যেখানে কমপাউন্ড ওয়াল নেই সেখানে এটা করছি এবং তারপর সাব-ডিভিশন্যাল হাসপাতালে করছি। প্রাথমিক হাসপাতালে ২০ বিঘা জমির উপর কমপাউন্ড ওয়াল করতে পি ডবলিউ ডি বলছে ১ লক্ষ ৫০ হাজার টাকা লাগবে। আমরা দেখলাম এই টাকায় আমাদের একটা সাবসিডিয়ারি হেলথ সেন্টার হয়ে যাবে সেইজন্য এটাকে আমরা এখন প্রাইমারি হিসেবে নিচ্ছি না।

চুক্তিবদ্ধ শ্রমিক

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি ক্ষেত্রে, কবে থেকে এবং কতজন "কন্ট্রাক্ট লেবারকে" "কন্ট্রাক্ট লেবার অ্যাবোলিশন ও রেগুলেশন অ্যাক্ট, ১৯৭০" আইনের আওতায় আনা

হয়েছে ;

(খ) কতগুলি ক্ষেত্রে এই আইন চালু করা হয় নি এবং সেখানে কর্মরত শ্রমিকের সংখ্যা কত ; এবং

(গ) যে সব "কন্ট্রাক্টর" ও "প্রিন্সিপ্যাল এমপ্লয়ার" এখনও এই আইন চালু করেনি তাদের সম্বন্ধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

ডাঃ গোপাল দাস নাগ ঃ

(ক) পশ্চিমবঙ্গে কন্ট্রাক্ট লেবার অ্যাবোলিশন ও রেগুলেশন অ্যাক্ট, ১৯৭০ গত ১.১.৭৪ তারিখ হইতে চালু করা হয়েছে। আইনের আওতায় এখন পর্যন্ত ৬২,২৭৫ জন কন্ট্রাক্ট লেবারকে আনা হয়েছে।

(খ) ও (গ) এই আইন যে কোনও প্রতিষ্ঠানে কুড়ির বেশি কর্মচারী কাজ করে সেখানেই প্রযোজ্য হইয়াছে। সে সব কন্ট্রাক্টার ও প্রিন্সিপাল এমপ্লয়ার। এখনও এই আইন চালু করেনি তাদের শাস্তি দেওয়ার ব্যবস্থা নেওয়া হচ্ছে। ১৯৭৫ সালের নভেম্বরের প্রথম থেকে এখন পর্যন্ত ৮ জন প্রিন্সিপ্যাল এমপ্লয়ার এবং ২৮ জন কন্ট্রাক্টারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। এই সকল প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকের সংখ্যা ১৩,৫০০। আরও এই রকম প্রতিষ্ঠান আছে কিনা সেই সম্পর্কে সর্বদাই অনুসন্ধান করা হয়।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, কি অবগত আছেন যে ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন এর মূলাজোড়, কাশীপুর এবং মেটিয়াবুরুজ পাওয়ার স্টেশনের কন্ট্রাক্ট লেবারদের এই আইনের আওতায় আনা হয়নি?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অ্যাক্টে বলা আছে কোন ধরনের শ্রমিকেরা এই আইনের আওতায় আসবে আর কোন ধরনের শ্রমিকেরা আসবেনা এই আইনের দুটো দিক আছে—একটা হচ্ছে রেগুলেশন, এই রেগুলেশন মানে কন্ট্রাক্ট লেবার কতটা নিযুক্ত করা যাবে এবং তার সারভিস কনডিশন কি হবে। আর আরেকটা হচ্ছে যেখানে যেখানে কন্ট্রাক্ট লেবার নিযুক্ত করা যাবে না সেখানে কন্ট্রাক্ট লেবার প্রথা অ্যাবোলিশন করে সেখানে পার্মানেন্ট ওয়ার্কার নিযুক্ত করে কাজ করাতে হবে। ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন যে সমস্ত জায়গায় কন্ট্রাক্ট লেবার এখনও রেখেছে সেগুলি রেগুলেশনের মধ্যে পড়ে। সেই রেগুলেশন অনুযায়ী যেখানে কন্ট্রাক্ট লেবার প্রথা এখনও চালু আছে এবং এটিকে তত্ত্বাবধান করবার জন্য পশ্চিমবঙ্গের রাজ্যস্তরের একটি ত্রিপাক্ষিক কমিটি আছে, সেখানে বিভিন্ন কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংস্থা পশ্চিমবঙ্গের শাখারও আছে—যদি কোথাও সেই রেগুলেশন আইনানুযায়ী না হয় তাহলে সেই কমিটির কাছে এটা উপস্থাপিত করলে কমিটি নির্দেশ দেবে যে অ্যাবোলিশন হওয়া উচিত কিনা, কমিটি দেখবে ভায়োলেশন হচ্ছে কিনা। সরকার সেই কমিটির অ্যাডভাইসের উপর পরিচালিত হবেন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : সেক্ষেত্রে যদি তদন্ত করতে হয় তাহলে কি সেই কমিটি করবে—কমিটি কি সরকারের কাছে সুপারিশ করবেন, না তারা যা বলবে সেটা ফাইনাল হবে?

ডাঃ গোপাল দাস নাগ : হ্যাঁ।

Mr. Speaker : Next Starred question No. 80. It stands in the name of Shri Kashinath Misra who is not present.

শ্রী অজিতকুমার পাঁজা : স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ—১১টি স্বাস্থ্য দপ্তরের আজকে ছিল, তার মধ্যে ৭ জন মেম্বার আজকে অনুপস্থিত। এগুলি খুব জরুরি প্রশ্ন ছিল। আমাদের কোয়েশ্চেন যখন হেলড আপ হয়, তখন মাননীয় সদস্যা খুব দুঃখিত হন, ওঁরা যখন উপস্থিত না থাকেন তখন আমরাও দুঃখিত হই।

Mr. Speaker : It is very unfortunate that when the Honourable Minister is ready with answers, the honourable members giving notices of important questions are keeping themselves absent. It is deplorable and it has been pointed out by the Honourable Minister. I would request the honourable members that if they put any question either they must be present or they should authories some other member to put that question.

ভগবানগোলা ১নং ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৪) **শ্রী মহম্মদ দেদার বক্স :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ১নং ব্লকে আজ পর্যন্ত কোনও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয় নাই ;

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি ; এবং

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রী অজিতকুমার পাঁজা :

(ক) হ্যাঁ।

(খ) (১) ঐ ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য বেলিয়াশ্যামপুর ও মহিষাস্থলীতে দুটি স্থান পরপর নির্বাচিত হয়েছিল। কিন্তু জমি অধিগ্রহণের বিরুদ্ধে জমির মালিকরা আপত্তি জানানোর পর জমি অধিগ্রহণের প্রস্তাব পরিত্যক্ত হয়েছে।

(২) অন্য স্থানে জমি নির্বাচিত করার জন্য সংশ্লিষ্ট অফিসারদের নির্দেশ দেওয়া হয়েছে।

[1-40 — 1-50 p.m.]

শ্রী মহম্মদ দেদার বক্স : এই যে দুটি জায়গায় জমি বার বার নির্বাচিত করা হয়েছিল এবং সেখানে জমির মালিকরা আপত্তি জানানোর পর অধিগ্রহণের প্রস্তাব পরিত্যক্ত হয়েছে বলছেন। এখানে জমির মালিকরা লিখিত ভাবে আপত্তি জানিয়ে ছিল, না মৌখিকভাবে আপত্তি জানিয়েছিল যার জন্য মহামান্য হাইকোর্ট থেকে তারা ইনজাংশন পেয়েছে?

শ্রী অজিতকুমার পাঁজা : মৌখিকভাবে নয়, লিখিতভাবেই আপত্তি জানিয়েছিল এবং আপত্তির কারণ একটা ছিল যে সেখানে আম বাগান ছিল এবং প্রচুর গাছ ছিল, সেই গাছগুলিতে ভাল ফল দিচ্ছিল। আমরা একদিকে গাছ পুঁতছি অন্য দিকে স্বাস্থ্য কেন্দ্রের জন্য কতকগুলি গাছ কেটে ফেলা হবে, বিশেষ করে যেখানে ভাল ফল দিচ্ছে এই সব কনসিডার করেই তা পরিত্যক্ত হয়।

শ্রী মহম্মদ দেদার বক্স : আমরা জানি মহিষাস্থলীতে আম বাগান ছিল সেটা ঠিক কিন্তু বেনিয়াশ্যামপুর, সেখানে মৌখিক আপত্তিতেই ছেড়ে দিলেন। অথচ সেখানে ৭৩-৭৪ সাল থেকে আজ পযন্ত জমি অ্যাকয়ার করা হল না। মন্ত্রী মহাশয়কে তাই বলছি যে জনস্বার্থের জন্য জমি অ্যাকয়ার করা হয়, এখানে এই জনস্বার্থের জন্য অ্যাকয়ার করবেন কিনা বেনিয়াশ্যামপুরে?

শ্রী অজিতকুমার পাঁজা : আমরা অ্যাকয়ার করছি না। কারণ আপনারা জানেন যে অ্যাকয়ার করতে গেলে অনেক সময় লাগবে, তাতে মামলা মকর্দমা করে, ইনজাংশন নিয়ে যে অবস্থা হবে তাতে তাড়াতাড়ি কাজ এগিয়ে নিয়ে যেতে পারবে না। এটা মাননীয় সদস্যর এলাকা, তারই কেন্দ্রে তিনি যদি তাড়াতাড়ি জমির ব্যবস্থা করে দেন তাহলে পরে আমরা খুব তাড়াতাড়ি কনস্ট্রাকশন শুরু করতে পারি। সমস্ত পশ্চিমবঙ্গের ব্লকের মধ্যে একটি এবং পুরুলিয়ায় একটি, এই দুটি স্বাস্থ্য কেন্দ্র যেটা আধুনিকভাবে হওয়া উচিত। পশ্চিমবঙ্গে এই একটি ব্লক আছে যেখানে মাননীয় সদস্য একটু চেষ্টা করলে জমি দিতে পারেন।

শ্রী মহম্মদ দেদার বক্স : আমি বলছি যে তারা জমি দেবে না এবং সেখানে আর সুটেবল স্থানও পাওয়া যাচ্ছে না। সেইজন্য জনস্বার্থে এটা অধিগ্রহণ করবেন কিনা?

মিঃ স্পিকার : মিঃ দেদার বক্স, এটা আপনার এলাকা, আপনি একটু বুঝিয়ে বললেই তারা নিশ্চয়ই গভর্নমেন্টকে জমি দেবে। অনারেবেল মিনিস্টার যদি আমার এলাকায় হসপিটাল করার জন্য আজ ৪০ বিঘা জমি চান আমি কালই তাঁকে বিনা পয়সায় সেই জমি দিতে পারব। আপনি একটু রিকোয়েস্ট করলেই করতে পারবেন।

শ্রী মহম্মদ দেদার বক্স : না, স্যার, আমার কথা হচ্ছে যে জন স্বার্থের দিক থেকে এটা করা হোক।

মিঃ স্পিকার ঃ অ্যাকয়ার করতে গেলে কোর্টে যাবে, সেখানে হাইকোর্ট আছে, ইনজাংশন আছে, এই সব করতে ইট উইল টেক অ্যানাদার ফাইভ ইয়ার্স। সুতরাং আপনি ইনফ্লুয়েন্স করলে সব থেকে ভাল হবে।

শ্রী মহম্মদ দেদার বক্স ঃ এটা করতে অনেক দেরি হয়ে যাচ্ছে।

Mr. Speaker : It is only a request for action.

পানীয় জল সরবরাহ প্রকল্প

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৮) **শ্রী অশ্বিনীকুমার রায় ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৩ হইতে ১৯৭৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্যে কোন জেলায় কতগুলি পানীয় জল সরবরাহের প্রকল্প গৃহীত হইয়াছে ;

(খ) উক্ত প্রকল্পগুলির জন্য ব্যয়বরাদ্দের মোট পরিমাণ কত ছিল ;

(গ) ১৯৭৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত উক্ত প্রকল্পগুলি বাবদ মোট কত অর্থ ব্যয় করা হইয়াছে ; এবং

(ঘ) কবে নাগাদ উক্ত প্রকল্পগুলির কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ

(ক) এই সময়ে পানীয় জল সরবরাহের যে প্রকল্পগুলি কার্যকর করার জন্য স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ দ্বারা গৃহীত হয়েছে তার জেলাওয়াড়ি হিসাব এতদসংলগ্ন বিবরণীতে দেওয়া হয়েছে।

(খ) উক্ত প্রকল্পগুলির জন্য মোট ১৩,০১,২৯,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(গ) ১৯৭৩ সালের এপ্রিল থেকে ১৯৭৫ সালের মার্চ পর্যন্ত সময়ের মধ্যে পৌর ও অন্যান্য শহরাঞ্চলের প্রকল্পগুলির জন্য মোট ৭৫,৫২,২৮৩ টাকা এবং গ্রামীণ প্রকল্পগুলির জন্য মোট ১,৪০,৭৩,৮০৭ টাকা ব্যয় হয়েছে। এই হিসাবের মধ্যে ১৯৭৩ সালের পূর্বে গৃহীত প্রকল্পগুলির জন্য যে খরচও হয় তাও ধরা হয়েছে। ১৯৭৫ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত খরচের হিসাব এখনও পাওয়া যায় নাই।

(ঘ) উক্ত প্রকল্পগুলির কাজ বর্তমানে বিভিন্ন পর্যায়ে রয়েছে। আশা করা যায় যে ঐ প্রকল্পগুলি ১৯৭৮ সালের মধ্যে সম্পূর্ণ কার্যকর করা সম্ভব হবে।

বিধানসভার ৪৪৮ নং প্রশ্নের উত্তরে উল্লেখিত বিবরণী

জেলার নাম	পৌর অঞ্চলের জল সরবরাহ প্রকল্পের সংখ্যা	পৌরাঞ্চল ছাড়া অন্য শহরাঞ্চলের প্রকল্প সংখ্যা	গ্রামীণ জল সরবরাহ প্রকল্প সংখ্যা	কোথায় কি নাম
১	২	৩	৪	৫
১। ২৪ পরগনা	—	—	৯	হাড়োয়া, ভগবানপুর, বাহার, উত্তর সুন্দরপুর, নিমপিঠ, কাকদ্বীপ-অক্ষয়নগর, বাগদা, গ্যারাপোতা ও হেলাঞ্চা।
২। নদীয়া	৩	—	২	রানাঘাট, নবদ্বীপ ও কৃষ্ণনগর (পৌঠা) বেথুয়াডহরী ও মুরাগাছা।
৩। হাওড়া	—	—	১	ডোমজুর।
৪। হুগলি	—	১	৪	তারকেশ্বর (শহরাঞ্চল), শঙ্করনগর-চকবাসা, রঘুনাথপুর-দিয়ারা, ধনেখালি ও শিরপুর।
৫। বর্ধমান	—	—	৬	জট রাখাল রাধা বাবুর বাটি, ভাতার, গলসী, পূর্বস্থলী গোপালপুর ও রাণীগঞ্জ।
৬। বীরভূম	২	১	২	বোলপুর, সিউরি (পৌরাঞ্চল) নলহাটি (শহরাঞ্চল), সুরাল, মেহেদীপুর।
৭। মেদিনীপুর	৪	১	৫	মেদিনীপুর, কাঁথি, তালবাগিচা ও আরামবাটি (পৌরাঞ্চল), গড়বেতা (শহরাঞ্চল),

জেলার নাম	পৌর অঞ্চলের জল সরবরাহ প্রকল্পের সংখ্যা	পৌরাঞ্চল ছাড়া অন্য শহরাঞ্চলের প্রকল্প সংখ্যা	গ্রামীণ জল সরবরাহ প্রকল্প সংখ্যা	কোথায় কি নাম
১	২	৩	৪	৫
				চন্দ্রকোনা, শিমুলিয়া, সবা-এগরা, ঝাড়গ্রাম, কানপুর।
৮। বাঁকুড়া	২	—	৪	পাটকোলাঘাট, ও বাঁকুড়া (পৌরাঞ্চল), সালতোরা বাজার, সোনাবাঁধ, ঘটিয়াপাহারী ও কোটালপুর।
৯। পুরুলিয়া	১	—	৩	ঝালদা (পৌরাঞ্চল), বড়বাজার-নীলমোহনপুর, পারা ও লেগদা।
১০। মুর্শিদাবাদ	—	১	৩	বেলডাঙ্গা (শহরাঞ্চল), চাঁদপুর, লালগোলা ও খারগ্রাম।
১১। মালদা	—	—	২	গাজোল ও উত্তর হরিশ্চন্দ্রপুর।
১২। পশ্চিম দিনাজপুর	১	—	২	হরিরামপুর ও হিজলী, রায়গঞ্জ (পৌরাঞ্চল)।
১৩। কুচবিহার	—	—	২	কোয়ামটী-দেওয়াসপাট ও কালারির কুঠি।
১৪। জলপাইগুড়ি	—	—	৩	শিকারপুর, লাটাগুড়ি ও চামারাহী বাজার।
১৫। দার্জিলিং	৫	—	৩২	দার্জিলিং রকতীঝোড়া, কার্শিয়াং, কালিম্পং (শর্টটার্ম)) কালিম্পং (ইন্টারিম) (পৌরাঞ্চল) মিরিক বাজার-কৃষ্ণগড়, খালেটর বাজার, গৌরি-

জেলার নাম	পৌর অঞ্চলের জল সরবরাহ প্রকল্পের সংখ্যা	পৌরাঞ্চল ছাড়া অন্য শহরাঞ্চলের প্রকল্প সংখ্যা	গ্রামীণ জল সরবরাহ প্রকল্প সংখ্যা	কোথায় কি নাম
১	২	৩	৪	৫
				গাও, সুখিয়াপোখরি, মানভঞ্জন, পারমাগুড়ি, সুশীলগাও (২টা), চিমনী দেওরালি, আলোয়াধারা, খেচং, অজয় চড়, খেচং
				ঝোড়াসালিম্পং, খোলা-ভালেখাপ, গোকুল-ঝোড়া, দেবীধারা ধজিয়াবস্তী, জুরসিং ধারা, আপারসামডেং, মুখিয়াগাঁও, নয়াবস্তি, লেপচাগাঁও, কঠিধারা, খিমারগাঁও, রনধারা, সোরাং রংলী, তাক্‌লেং ছোটাহাটা বিজনবাড়ী ব্লক, রামেতি, ডোবাগাঁও, মালাটিং ও নাকদারাগাঁও।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ মোট ১৩ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, কিন্তু শহর এবং গ্রামাঞ্চলে দেখতে পাচ্ছি ২ কোটি টাকা খরচ করতে পেরেছিলেন, তাহলে সেটা সময়মতো খরচ করা উচিত সেটা কি কি কারণে ব্যয় করতে পারলেন না?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ ব্যয় করতে পারিনি সেকথা বলা হয়নি। মোট ১৩,০১,২৯,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে। প্রত্যেকটি প্রকল্পের এক একটি ফেজ আছে, প্রথম পর্যায়, দ্বিতীয় পর্যায়, তৃতীয় পর্যায়। তৃতীয় পর্যায়ে সার্ভে করেছি। আসানসোল মাইনিং বোর্ডের যেটা জানেন জল সরবরাহ কোথা থেকে যাবে, কোথায় লাইন পোতা আছে ইত্যাদি সার্ভে করা হয়। ইতিমধ্যে যে খরচ করতে পেরেছি সেটা জানিয়েছি—শহরাঞ্চলের জন্য ৭৫ লক্ষ ৫২ হাজার টাকা এবং গ্রামাঞ্চলের জন্য ১ কোটি ৪০ লক্ষ ৭৩ হাজার টাকা। প্রত্যেকটি স্কীমের জন্য পুরো টাকা স্যাংশন হয়ে আছে এবং কাজও এগিয়ে যাচ্ছে।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ আপনি যে তালিকা দিয়েছেন তাতে বর্ধমান জেলার ভাতার এবং গলসি এই দুইটি জায়গায় প্রকল্প আছে, এই প্রকল্পগুলি কোন স্তরে আছে?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ ভাতার ও গলসির খবর আমার জানা নাই, নোটিশ দিলে জানাতে পারব। তবে ভাতার প্রকল্প চালু করার জন্য আমরা সম্মুখীন ছিলাম কিন্তু সেখানে গ্রামীণ হাসপাতাল তৈরি করবার জন্য প্রপোজাল আসে, আমারা সেটা সিলেক্ট করেছি হাসতাপাল ইউনিটের আওতাভুক্ত করার জন্য, প্ল্যানটা একটু চেঞ্জ করছি।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ আর গলসির কি হল?

শ্রী অজিতকুমার পাঁজা ঃ গলসির খবর আসেনি।

কৃষি ও সেচ উন্নয়নের নিযুক্ত শ্রমিকদের বেতন

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৬) **শ্রী সরোজ রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে সেচ ও কৃষির উন্নতির জন্য গ্রামাঞ্চলে যেসব উন্নয়নমূলক কাজের ব্যবস্থা নেওয়া হয়েছে তাহাতে নিযুক্ত মজুরদের বেতন সরকার কর্তৃক নির্ধারিত হারে দেবার ব্যবস্থা হয়েছে কিনা ;

(খ) না হলে তার কারণ কি ;

(গ) বিভিন্ন স্থানে পি ডবলিউ ডি (রোড) দ্বারা যেসব কাজ চলছে তাতে নিযুক্ত কন্ডাকটার বা মজুরদের জন্য কোনও বেতনের হার সরকার নির্ধারণ করেছেন কি ; এবং

(ঘ) না করে থাকলে কারণ কি?

[1-50 — 2-00 p.m.]

ডাঃ গোপাল দাস নাগ ঃ

(ক) কৃষিতে নিযুক্ত শ্রমিকের বেতন প্রাপ্তবয়স্ক শ্রমিকের ক্ষেত্রে দৈনিক ন্যূনতম মজুরিটা ৬.০০ পয়সা ও অপ্রাপ্ত বয়স্ক শ্রমিকের ক্ষেত্রে ৪টা ৭৪ পয়সা করা হইয়াছে। সেচের ক্ষেত্রে কোনওরকম ন্যূনতম মজুরি নির্ধারিত হয় নাই বর্তমানে উক্ত হার মূল্যবৃদ্ধির ফলে ৮ টাকা ১০ পয়সা এবং ৫ টা ৮২ পয়সা হইয়াছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) কনস্ট্রাকশন অ্যান্ড মেন্টেনেন্স অফ রোডস অথবা বিল্ডিং অপারেশনে নিযুক্ত শ্রমিকের জন্য ন্যূনতম মজুরি নির্ধারণ করা হইয়াছে।

(ঘ) প্রশ্ন ওঠে না।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ (গ) প্রশ্নের উত্তরে বলেছেন যে পি ডবলিউ ডি দ্বারা

মজুরি নির্ধারণ করা হয়েছে। আপনি কি অবগত আছেন যে তারা সেই হারে মজুরি দিচ্ছে।

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক ডিপার্টমেন্টকে অ্যাডভাইস করেছি কন্ট্রাক্টারদের সঙ্গে যখন চুক্তি হবে কোনও কাজের অর্ডার দিয়ে, সেই কাজের জন্য একটা কনডিশন হবে কন্ট্রাক্টারকে নোটিফায়েড মিনিমাম ওয়েজেস শ্রমিকদের নিতে হবে এবং যতদূর জানি সেই অনুযায়ী প্রত্যেক কন্ট্রাক্টারের সঙ্গে চুক্তি করছে। পুরানো যে কাজগুলি অসমাপ্ত রয়েছে, সেগুলি না আসার ফলে কোন কোন ক্ষেত্রে ত্রুটি হচ্ছে সেগুলির দিকে দৃষ্টি আকর্ষণ করলে ব্যবস্থা নেব। এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট জানিয়েছে যে তারা নোটিফায়েড ওয়েজ দিচ্ছে এবং প্ল্যানটেশন ডিপার্টমেন্ট জানিয়েছে যে শ্রমিকরা সরকারি নিযুক্ত নোটিফায়েড ওয়েজ পাচ্ছে।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে প্রশ্নটা যেভাবে আছে তার উত্তরটা অন্য রকম হয়ে যাচ্ছে? গ্রামাঞ্চলে রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম আছে এর মাধ্যমে যে উন্নয়নমূলক কাজকর্ম হচ্ছে তাতে মাটি কাটা হচ্ছে, রাস্তা তৈরি হচ্ছে—সেখানে বি ডি ও যে প্ল্যানগুলি স্যাংশন করে কাজ হচ্ছে সেখানে ন্যূনতম ওয়েজ পাওয়া যাচ্ছে না—মাত্র চার টাকা রেট দেওয়া আছে। আর একটি হচ্ছে এগ্রিকালচার ডিপার্টমেন্টের আন্ডারে যে ফার্মগুলি আছে সেখানে সীড্‌ফার্ম, ব্লক এগ্রিকালচারাল ফার্ম আছে—সেখানকার লেবাররা কিন্তু ন্যূনতম মজুরি পাচ্ছে না। সুতরাং প্রশ্ন হচ্ছে ক্যানাল ডিপার্টমেন্টের যে কাজকর্ম তাঁরা করাচ্ছেন—সেখানে লেবারকে ন্যূনতম মজুরি দিচ্ছে না। আপনি কি বিভাগীয় কাজকর্মে নিযুক্ত শ্রমিকদের জন্য—বিভাগীয় কাজকর্ম যারা করান সেখানে সেই সব ন্যূনতম মজুরি দেবার নির্দেশ পাঠিয়েছেন?

ডাঃ গোপাল দাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একবার আগে বলেছি আবার ও আমি বলছি—আমার কাছে ডিরেক্টর অফ এগ্রিকালচারাল ওয়েস্ট বেঙ্গলের যে নোট আছে তাতে বলা হয়েছে—All agriculture labourers engaged in government farm and being paid according to the Labour Departments Notification No.588, dated 18-4-74 in according with etc etc. adult শ্রমিক পাচ্ছে ৮.১০ টাকা, এবং চাইল্ড পাচ্ছে ৫.৮২ টাকা with effect from 1st October, 1974. Agricultural farm, department-এর লেবাররা এই টাকা পাচ্ছে— কিন্তু এই ক্র্যাশ প্রোগ্রাম এ বা এই ইরিগশেন-এর কাজে নিযুক্ত শ্রমিকদের জন্য এই মিনিমাম ওয়েজ ধার্য করা হয় নাই। এখানে তাদের মিনিমাম ওয়েজ কমিটি ধার্য করেন নাই।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি ঃ সকলে জানেন, এই ক্ষেতমজুর হচ্ছে সবচেয়ে আনস্কিল্ড ওয়ার্কার যারা মাটি কাটে তাদের জন্য ও মিনিমাম ওয়েজ হওয়া উচিত। এটা একটা এস্ট্যাবলিসড গভর্নমেন্ট তার বিভিন্ন ডিপার্টমেন্ট এইসব আনস্কিল্ড লেবারদের জন্য কোনও স্ট্যান্ডার্ড মজুরি করেন নাই। ইজ ইট নো আনসার? সেইজন্য আমি বলতে চাই এই মিনিমাম বেসিস ধরে নেওয়া হচ্ছে কিনা তাদের জন্য?

ডাঃ গোপাল দাস নাগ ঃ কৃষি শ্রমিক সবচেয়ে আনস্কিল্ড একথা আমি মেনে নিতে

পারছি না। কৃষি শ্রমিক স্পেশ্যাল এক্সপিরিয়েন্স, কারখানার শ্রমিক তত স্কিল্ড লেবার নয় এদের মতো। একটা minimum standard for all manual workers ধরে এই ৮.১০ টাকা করা হয়েছে। অল টাইপস অফ এগ্রিকালচারাল ওয়ার্কার্স—যে ট্রান্সপ্ল্যানটেশন করুক, বা মাড়াই করুক বা মাটি কাটুক—সকলের জন্য এই মিনিমাম ওয়েজ ধার্য করা হয়েছে। এ সম্বন্ধে একটা স্ট্যাটুটরি কমিটি আছে—তারা একটা সুপারিশ করেন। একটা ওমনিবাস কমিটি আছে— ফর অল ইন্ডাস্ট্রিজ, অল অরগানাইজড ইন্ডাস্ট্রি—তাদের সুপারিশ অনুযায়ী এটা করা হয়। তাদের সুপারিশ পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছেন, এখনও বিচার বিবেচনা চলছে—এই মিনিমাম ওয়েজ ধার্য করবার জন্য। এ সম্বন্ধে একটা ন্যূনতম সার্ভে করা দরকার তাদের সংখ্যা কত, স্ট্যান্ডার্ড অফ লিভিং কেমন কি ধরনের কাজ করে— কত আয় কত দিন কাজ করে—ইত্যাদি হোয়াট ইজ দেয়ার কনজাম্পশন প্যাটার্ন—এই সব দেখেশুনে একটা ফর্মূলা তৈরি করে করা হবে।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি ঃ লেবার মিনিস্টার একথা সার্টিফিকেট দিলেন। এখন থেকে ধরে নেব—ক্ষেতমজুর সেমি স্কিল্ড, স্কিল্ড লেবার?

ডাঃ গোপাল দাস নাগ ঃ এখনও ক্যাটিগরাইজেশন হয় নাই।

ডঃ হরশঙ্কর ভট্টাচার্য ঃ মন্ত্রী মহাশয় জানেন ক্ষেত মজুর সারা বছর কাজ পায় না। সেই লিন পিরিয়ডের জন্য উন্নয়নমূলক কাজকর্ম গ্রামাঞ্চলে হয়। একই লোক চাষের কাজ করে, আবার মাটি কাটার কাজও করে। স্কিলড লেবার সব কাজেই লাগে বোধ হয় মন্ত্রী ছাড়া। আমার প্রশ্ন ইরিগেশন ডিপার্টমেন্ট, এগ্রিকালচার ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট—এই দুটো ডিপার্টমেন্টকে একই মজুরি দেওয়ার জন্য আপনি কোনও নির্দেশ জারি করেছেন কি?

ডাঃ গোপাল দাস নাগ ঃ আমি আবারও বলছি যে প্রত্যেকটি কাজের জন্য আলাদা নোটিফিকেশন জারি করা হয়। এবং সেইভাবেই নূন্যতম মজুরি ধার্য করা হচ্ছে। যতক্ষণ না ন্যূনতম মজুরি ধার্য্য করা হচ্ছে ততক্ষণ নোটিফিকেশন দেওয়া হয় না। আমি আপনার অনুমতি নিয়ে সদস্য মহাশয়কে বলব এই আলোচনা বাজেট আলোচনার সময় তুলতে পারেন এবং তখন অর্থ এবং উন্নয়নমন্ত্রী ওই সমস্ত কাজে মিনিমাম ওয়েজ সেটা দেওয়া সম্ভব কিনা বলতে পারেন।

মিঃ স্পিকার ঃ আমি বলছি, ডাঃ নাগ, এগ্রিকালচারাল লেবারদের ব্যাপারে মিনিমাম ওয়েজেস সম্বন্ধে আপনি বলেছেন। এই আট টাকা দশ পয়সা আমাদের এখানে ক্লাস ফোর স্টাফ যারা আছে তারা মাসে যা পায় তাতে সেটা পাচ্ছে না। সেদিকে একটু নজর দেবেন কি যে যাতে মিনিমাম ওয়েজ ক্লাস ফোর স্টাফ বা পায়?

ডাঃ গোপাল দাস নাগ ঃ নিশ্চয় সেদিকে নজর দেওয়া উচিত। কিন্তু ক্ষেত মজুরদের মিনিমাম ওয়েজেস ধার্য করতে গিয়ে সবচেয়ে বেশি আলোচনা করা হচ্ছে এরা কতদিন কাজ পায়। এরা সারা বছরে ২৪০ দিন কাজ পায়না। গড়ে হিসাবে দেখা গিয়েছে ১৫০ দিনের বেশি ক্ষেত মজুরেরা কাজ পায় না। এই ধরনের স্টেট রিলিফ ইত্যাদি অড ওয়ারক করে

থাকে যার জন্য ন্যূনতম মজুরি আশা করে না বা দেওয়ার ব্যবস্থা করা হয় নি। বরং সেখানে ১৫০ দিন কাজ করে সেখানে আট টাকা দশ পয়সা করেছেন এই ন্যূনতম মজুরি ধার্য করতে গিয়ে প্ল্যানিং কমিশনের অধুনা যে চিন্তা পভারটি লাইন ইনকামের যে বর্ডার লাইন সেখানে নিয়ে যাওয়ার চেষ্টা করেছেন পশ্চিমবাংলা সরকারের ক্লাস ফোর এমপ্লয়িসদের সম্বন্ধে যেটা বললেন সেটাও ওই পভারটি লাইনের কাছে নিয়ে যাওয়ার চেষ্টা হয়েছে ডিয়ারনেস অ্যালাউন্স দিয়ে। যেখানে বাধা আছে সে সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেছেন রাজ্যপালের ভাষণের মধ্যে। আমি আপনার অভিমত যথাস্থানে পৌঁছে দেব।

Mr. Speaker : Thank you.

বালগোপাল আয়রন অ্যান্ড স্টিল কোং

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সত্য ডাক্তার রোড কলকাতা-২৩-এ অবস্থিত বালগোপাল আয়রন অ্যান্ড স্টিল কোং দীর্ঘদিন ধরে বন্ধ আছে ;

(খ) সত্য হলে, উক্ত কোম্পানি দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকার কারণ কি ; এবং .

(গ) উক্ত কোম্পানি খোলার বিষয়ে কোনও ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

ডাঃ গোপাল দাস নাগ :

(ক) হ্যাঁ, ১৭/১১/৭৫ থেকে

(খ) এই কোম্পানির বন্ধের নোটিশে দেখা যায় যে এই কোম্পানিতে তৈয়ারি টিনপাত্রের চাহিদা তৈল কোম্পানিগুলিতে বন্ধ হইয়াছে। অধিকন্তু এই কোম্পানির তৈয়ারি স্টিল ড্রামের চাহিদা রং উৎপাদনকারী কোম্পানিগুলিতে অস্বাভাবিকভাবে কমিয়া গিয়াছে। ফলে ১৯৭২ সাল হইতে এই কোম্পানিতে ক্ষয় হইতে ছিল।

(গ) সালিশীর মাধ্যমে বন্ধের ব্যাপারে কোনও মীমাংসা না হওয়া, বিচারের জন্য ইন্ডাস্ট্রিজ ট্রাইব্যুনাল-এ প্রেরিত হইয়াছে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : কোম্পানি যে কারণ দেখিয়েছে, এটা কি সত্য যে অডিট রিপোর্টে তাদের কথা স্বীকৃত হয়নি?

[2-00 — 2-10 p.m.]

ডাঃ গোপাল দাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত ব্যাপারটি এখন আইনে বিচার হবে।

শ্রী নিরঞ্জন ডিহিদার : এই যে ট্রাইব্যুনাল চলবে তা কতদিন চলবে এবং যতদিন

চলবে ততদিনে ওয়ার্কারদের অবস্থা কি হবে? এই ট্রাইব্যুন্যালের রায় না বেরোনো পর্যন্ত তাদের বাঁচার মতো কিছু ব্যবস্থার কথা আপনি ভাবছেন কি? আপনি হয়তো বলবেন যে আইনে সে রকম কোনও ব্যবস্থা নেই।

ডাঃ গোপাল দাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নিজেই উত্তর দিয়েছেন আইনে এমন কোনও ব্যবস্থা নেই।

শ্রী নিরঞ্জন ডিহিদার : এই যে সব ব্যবস্থা তাতে আমার বক্তব্য তাতে অবস্থা হচ্ছে এই যে ট্রাইব্যুন্যালের প্রতি শ্রমিকরা অন্য রাস্তা নেবে সে রকম আপনি কিছু ভাবছেন কি?

ডাঃ গোপাল দাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যা উনি বলছেন তা একবারে দেওয়া যায় না জুডিসিয়াল ব্যবস্থার জন্য দেরি হয়। সেখানে আমি নিরুপায়।

Unstarred Questions
(to which written answers were laid on Table)

Appointment under West Bengal State Electricity Board

1. (Admitted Question No. 54) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the total number of persons appointed to Class III and Class IV under West Bengal State Electricity Board by the present Government in this State (up to 31-1-76); and

(b) the number of them belonging to:

(i) Muslim Community;

(ii) Scheduled Castes; and

(iii) Scheduled Tribes?

The Minister for Power :

14,042 persons were appointed by the West Bengal State Electricity Board.

(i) 1,137,

(ii) 1,035,

(iii) 92.

Appointment under the Directorate of Dairy Development Department

2. (Admitted Question No. 68) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Department of Animal Husbandry and Veterinary Services (Dairy Development) be pleased to state—

(a) total number of persons appointed to Class III and IV post under the Directorate of Dairy Development by the present Government in the State (up to 31-1-76) and;

(b) the total number of them belonging to—

(i) Muslim Community;

(ii) Scheduled Castes; and

(iii) Scheduled Tribes?

The Minister-in-Charge of the Department of Animal Hasbandry and Veterinary Services (Dairy Development):

(a) 582 persons were appointed between 1-4-74 and 31-1-76 under the Directorate of Dairy Development West Bengal out of which 414 were in Class III and 168 were in Class IV.

(b)	Class III	Class IV
(i)	5.	3.
(ii)	23.	6.
(iii)	Nil	Nil

Appointment under the Cottage and Small Scale Industries Department

3. (Admitted Question No. 69) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the total number of persons appointed to Class III, and Class IV post under the Cottage and Small Scale Industries Department by the present Government in this State (up to 31-1-76) and;

(b) the total number of them belonging to—

(i) Muslim Community;

(ii) Scheduled Castes; and

(iii) Scheduled Tribes?

The Minister for Cottage and Small Scale Industries :

(a) Class III—242, Class IV—47.

(b) (i) 19.

(ii) 37

(iii) 2.

Appointment under the Closed and Sick Industries

4. (Admitted Question No. 71) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Closed and Sick Industries Department be pleased to state—

(a) The total number of persons appointed to Class III and Class IV post under the Closed and Sick Industries Department by the present Government in this State up to 31-1-76 and

(b) the total number of them belonging to—

(i) Muslim Community;

(ii) Scheduled Castes; and

(iii) Scheduled Tribes?

The Minister for Closed and Sick Industries :

(a) 15, (9 in Class III and 6 in Class IV).

(b) (i) 1 (Class III),

(ii) 2 (1 Class III and 1 Class IV),

(iii) Nill

Appointment under the Calcutta Collectorate

5. (Admitted Question No. 77) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department be pleased to state—

(a) the total number of persons appointed to Class III and Class IV post under the Calcutta Collectorate by the present Government in the State up to 31st January, 1976; and

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

The Minister for the Land Utilisation and Reforms and Land and Land Revenue :

(a) 21 (Class III—15, Class IV—6).

(b) (i)—1, (ii)—1, (iii)—1.

Appointment under the Archaeological Directorate

6. (Admitted Question No. 79) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Public Works (Archaeology) Department be pleased to state—

(a) the total number of persons appointed to Class III and Class IV posts under the Archaeological Directorate up to 31st January, 1976 by the present Government; and

(b) the number of them belonging to—

(i) Mulism Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tirbes ?

The Minister for Public Works (Archaeology) :

(a) 21 (Class III—9, Class IV—12).

(b) (i), (ii) and (iii) Nil.

Appointment under the Animal Husbandry and Veterinary Services Department

7. (Admitted Question No. 78) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) the number of persons appointed to Class III and Class IV posts under the Animal Husbandry and Veterinary Services Department by the present Government in the State (up to 31st January 1976); and

(b) the total of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

The Minister of State-in-charge of the Animal Husbandry and Veterinary Services :

(a) The total number of persons appointed in Class III and Class IV posts from 20th March, 1972 to 31st January, 1976, are—

Class III—861.

Class IV—427.

(b) (i) Muslim Community—48

(ii) Scheduled Castes—145.

(iii) Scheduled Tribes—140.

Appointment under the Youth Services Department

8. (Admitted Question No. 82) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Youth Services Department be pleased to state—

(a) the total number of persons appointed to Class III and Class IV posts under the Youth Services Department up to 31st January 1976, by the present Government; and

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

The Minister of State for the Youth Services :

(a) 227, (Class III—177, Class IV—50).

(b) (i) 6, (ii) 13, (iii) 1.

Workers' Participation in Industries

9. (Admitted Question No. 110) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state what steps the Government has taken or proposed to be taken to ensure Workers' Participation in Industry ?

The Minister for Labour :

The Scheme of workers' participation in industry as prepared by Government of India will be discussed in the next meeting of the State Apex Body and necessary action will be taken in the light of the suggestions and decision in that meeting. Meanwhile, the scheme has been circulated amongst the Central Organisations of Employers and Employees and different employing departments of his Government with the request to implement the scheme in industries in their respective spheres. They have also been requested to approach the Labour Department in case of any difficulty in implementing the scheme. The Labour Commissioner, West Bengal, has been directed to keep a watch on the implementation of the scheme in industry and render necessary help and guidance in appropriate cases. The Minister-in-charge of the Departments of Commerce and Industry, Powers and Public Undertakings have been requested to take appropriate steps for implementation of the scheme in industry under the administrative control of the respective departments.

ওয়েস্ট বেঙ্গল ওয়ার্কমেন্স হাউসরেন্ট অ্যালাওয়েন্স অ্যাক্ট, ১৯৭৪

১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের শ্রমিক-কর্মচারিদের বাড়িভাড়া সংক্রান্ত অর্ডিন্যান্স ঘোষিত হওয়ার পর রাজ্যের সর্বত্র তা চালু হয়েছে কিনা ; এবং

(খ) না হয়ে থাকলে—

(১) কোথায় কোথায় হয়নি, ও

(২) এই না হওয়ার কারণ কি?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) বাড়িভাড়া সংক্রান্ত কোনও অর্ডিন্যান্স জারি হয়নি। তবে রাজ্য বিধানসভায় ওয়েস্ট

বেঙ্গল ওয়ার্কমেন্স হাউসরেন্ট অ্যালাওয়েন্স অ্যাক্ট, ১৯৭৪ নামে একটি আইন পাস করা হয়েছিল। এ আইনটি ১৯৭৫ সালে ১লা অক্টোবর হইতে সরকারি বিজ্ঞপ্তি অনুযায়ী বিভিন্ন শিল্প ও প্রতিষ্ঠানে চালু করা হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : The Hon'ble Minister-in-charge of the Closed and Sick Industries Depatment will please make a statement on the subject of nationalisation of closed and sick tea estates attention called by Shri Kashinath Misra and eight others on the 25th February, 1976.

Dr. Gopal Das Nag : Hon'ble Speaker, Sir, with reference to the calling attention motion tabled by Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Narayan Bhattacharyya, Shri Sarat Chandra Das, Shri Sambhu Narayan Goswami, Shri Monoranjan Pramanik, Md. Safiullah, Md. Dedar Bux and Shri Abdul Bari Biswas on 25.2.76, I beg to make the following statement with your permission.

Sir, of the 273 tea estates situated in this State, 39 tea estates seem to be sick of which 33 are in the district of Darjeeling and 6 in the district of Jalpaiguri, involving 9500 workers. It is difficult to indentify the sick tea estates till the sickness comes to surface. However, when there is persistent failure by any tea estate in discharging the statutory obligations, that garden is considered to be a sick garden. In addition to the 39 sick tea estates, there are 6 closed tea gardens in Darjeeling involving about 2100 workers and 2 closed tea garden in Jalpaiguri involving about 1100 workers. Some of the sick tea estates are now being run somehow by the workers themselves.

Of the sick and closed tea gardens, some are small tea gardens and some are big tea gardens. By small tea garden we mean such tea gardens where the annual production of leaf is less than one lakh K.G. in the hill areas and two lakh K. G. in the plane. In most of the cases of the big tea gardens, the sickness seems to be due to mismanagement. But in cases of small tea garden there may be other reason also.

The State Government's earlier steps for revival of the closed and sick tea garden after taking over the management of such tea gardens were not successful as it was found that in the absence of an appropriate instrument, taking over of the management under law is not possible. Tea industry is not a scheduled industry under Industries (Development and Regulation) Act. So the tea gardens cannot be taken

over under the said Act. The tea Act also does not provide for any such measure like taking over of the management of the tea garden. A gain, as the tea industry is declared industry under the Tea Act, the state Govt. has no legislative power on the subject. Accordingly, the Ministry of Commerce of the Govt. of India was approached in 1973 for necessary legitimate by amendment of the Tea Act or the Industries (Development Corporation) Act for taking over the management of the closed and sick tea gardens wherever it may be found desirable in public interest. In 1973, an unanimous resolution was adopted in the State Legislative Assembly recommending nationalisation of the closed and sick tea gardens.

A copy of the said resolution was also forwarded to the Ministry of commerce, Govt. of India, for their information and necessary action. Unfortunately, no action has yet been taken.

The Govt. of India subsequently appointed a Task Force to go into the whole matter relating to Tea Act. One of the terms of reference of this Task Force was to recommend steps in regard to revival of sick and closed tea gardens. The Task Force is believed to have submitted its report towards the latter part of 1973. Since then the matter has been under consideration of the Govt. of India. In the absence of Govt. of India's decision no positive step can be taken by the State Govt. for revival of the closed and sick tea gardens in the state.

Sir, the question of taking over of management of the closed and sick tea gardens under the Defence of India Rules was also at one time considered by the State Govt. but the idea had to be abandoned after obtainting the legal views of the Advocate-General of the State. So, effective steps for revival of the sick and closed tea gardens can only be taken if the Govt. of India assumes power by a suitable legislation for taking over the management of closed and sick tea gardens. The question of nationalisation of any industry can only be decided by the Govt. of India as it relates to vital national policy. So far as the State Govt. decided that we have already adopted a suitable resolution in the House unanimously in the year 1973 as I have already referred to. As things stand to-day the State Govt. can only wait for decision of the Govt. of India.

Shri Deo Prakash Rai : Mr. Speaker, Sir, I request you to see that the copy of the Statement is distributed to us.

Mr. Speaker : Yes, I shall see to it.

I have received 23 notices of Calling Attention on various subjects of which I have selected the notice of Shri Md. Safiullah and 2 other Members on the subject of new sites for evicted hawkers.

The Hon'ble Minister in charge may please make a statement on the subject to-day or give a date for the same.

Dr. Zainal Abedin : Next Monday, Sir.

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

1. Compulsory sterilisation after the birth of three children —from	:	Shri Md. Safiullah and 2 others
2. Fall in wheat price —from	:	Shri Md. Safiullah and Shri Kashinath Misra.
3. Lay off in Hind Motors —from	:	Shri Md. Safiullah and 2 others
4. Better Machineries for jute industries —from	:	Shri Md. Safiullah and 2 others
5. New sites for evicted hawkers —from	:	Shri Md. Safiullah and 2 others
6. Preventive measures against pollusion in Ganga water from	:	Shri Md. Safiullah and 2 others
7. Scarcity of Petrol in Calcutta —from	:	Shri Md. Safiullah and 2 others
8. Masures to stop Mini Bus accidents —from	:	Shri Md. Safiullah and 3 others
9. Supply of parboiled rice through ration shops —from	:	Shri Md. Safiullah and 3 others
10. Mesaures for stopping Black-marketing in blood —from	:	Shri Md. Safiullah and Shri Kashinath Misra.
11. Power from Solar Energy —from	:	Shri Md. Safiullah.
12. Armed raid to Alipore Special Jail —from	:	Shri Md. Safiullah.
13. Progress in Tiger Project in Sundarbans —from	:	Shri Md. Safiullah and Shri Birendra Bijoy Malladeb.
14. Commissioning of low		

	temperature Carbonisation Plant at Dankuni —from	: Shri Md. Safiullah and 3 others.
15.	Abolition of cordening system —from	: Shn Md. Safiullah and 3 others
16.	Anti-adulteration drive from	: Shri Md. Safiulla and 3 others
17.	Fall in jute price from	: Shri Md. Safiullah and 3 others
18.	Blood Scarcity in blood banks —from	: Shri Md. Safiullah and 2 others.
19.	Power from tidal waves —from	: Shri Md. Safiullah and 2 others
20.	Control of unhygenic meat shops —from	: Shri Md. Safiullah and 2 others
21.	Due accident near Rampurhat —from	: Shri Md. Dedar Baksh.
22.	Evasion of payment of fees by avoiding fee-parking zones, resulting in loss of Corporation reveune —from	: Shri Md. Dedar Baksh.
23.	Mutation work in West Bengal —from	: Shri Samsul Alam Khan.

Mention Cases

শ্রী দৌলত আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যদিও তিনি বর্তমানে হাউসে নেই। আপনি জানেন বলরামপুরের খাল একটি বিরাট খাল এবং সেই খাল ফলতা, ডায়মন্ডহারবার এই দুটি কেন্দ্র দিয়ে প্রবাহিত। বর্তমানে তার জল প্রবাহ প্রায় ৪০ স্কোয়ার মাইল জুড়ে কাজ করে। ৩ বছর ধরে এই খালটি স্যাংশন্ড হয়ে পড়ে রয়েছে, কিন্তু কাজ আরম্ভ হয়নি। আমরা সবুজ বিপ্লবের কথা বলছি, কিন্তু এই ৪০ স্কোয়ার মাইল জুড়ে অবস্থিত খালটি স্যাংশন্ড হওয়া সত্ত্বেও কাজ কেন আরম্ভ হবে না, সেটা আমি বুঝতে পারছি না। এই স্কীমটির কাজ যাতে তাড়াতাড়ি আরম্ভ হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10 — 2-20 p.m.]

শ্রী সামসুল আলম খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এগরা ব্লক-২-র বি ডি ও সম্পর্কে কয়েকটি কথা রাখতে চাই। এই বিষয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ওখানে যে সমস্ত মার্জিনাল ফারমার রয়েছে যাদের ১/২ বিঘা জমিও নেই, ১০ কাঠা জমি আছে, ৪০ কেজির মতো ধানও যাদের নেই সেই রকম লোকদের নোটিশ দিয়েছে যে ভল্যান্টারি লেভি দিতে হবে। শুধু তাই নয়, নোটিশ দেবার পরে

ধমকেছে যারা ভল্যান্টারি লেভি না দেবে তাদের মিশায় আটক করা হবে। এমন কি অঞ্চল প্রধানের লোকরা যে সমস্ত ভল্যান্টারি লেভির লিস্ট তৈরি করেছিলেন সেটাতে পর্যন্ত নামা হয়নি, বড় বড় জোতদারদের এর থেকে বাদ দেওয়া হয়েছে তাদের শরিকানা ভাগ করে দিয়ে, জে এল আর ও কে দেখানো সত্ত্বেও খাগদার আশু মাইতির বাড়িতে তিনি থাকেন তিনি নাকি ধর্মপুত্র হয়েছেন। তাছাড়া ওখানকার অঞ্চল প্রধান হয়েছেন। তাছাড়া যে অঞ্চল প্রধান রয়েছে, তার নাম কি সাম মাইতি সেও বড় জোতদার, সে মা ছেলে, স্ত্রীর নামে ভাগ করে দেখিয়েছে এবং তাকেও ছেড়ে দেওয়া হয়েছে। আশু মাইতি, বড় জোতদার তাকেও ছেড়ে দেওয়া হয়েছে। তার হেয়ারিং অবজেকশন পর্যন্ত শোনা হয়নি। সেখানে বি ডি সি এবং ল্যান্ড রিফর্মস অ্যাডভাইসারি কমিটির সদস্যদের আপত্তি সত্ত্বেও তিনি কোনও কথা শোনেন নি এবং এইভাবে অত্যাচার চালিয়ে যাচ্ছেন। স্যার বি ডি সি এবং ল্যান্ড অ্যাডভাইসারি কমিটির সদস্যরা, সবাই তার এই অসৎ উপায়ের প্রতি মাননীয় মন্ত্রী শ্রী আনন্দমোহন বিশ্বাসের দৃষ্টি আকর্ষণ করেন এবং তিনি এ ব্যাপারে ওখানকার মিঃ দাসকে তদন্তের ভার দেন। আজ পর্যন্ত সেই তদন্তের কি হল আমরা জানি না। তাকে আজও ট্রান্সফার করা হয়নি। স্যার, এই লোকটি আগে দারোগাগিরি করত এবং এখনও সে তার অভ্যাস ত্যাগ করতে পারেনি। এখন আবার শুনছি তিনি আই পি এস পরীক্ষায় পাশ করে এস ডি পি ও হতে যাচ্ছেন। স্যার, এ ব্যাপারে আমরা উপযুক্ত প্রতিকার চাই।

শ্রী গণেশ হাটুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা মেনশনের মাধ্যমে যে সমস্ত গুরুত্বপূর্ণ বিষয়ের কথা এখানে বলি তার কিন্তু কোনও গুরুত্ব থাকে না। হাউসে বললে মন্ত্রী মহাশয়রা যদি কোনও গুরুত্ব না দেন তাহলে বলাও যা আর না বলাও তাই।

Mr. Speaker : Everything which you are mentioning is being recorded and a copy is being sent to the Minister Concerned.

শ্রী গণেশ হাটুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের হুগলি জেলার জাঙ্গিপাড়া থানায় প্রায় তিন হাজার একরে বোরো চাষ হয়েছে এবং তাতে চাষীদের প্রায় ৩০ লক্ষ টাকা গিয়েছে। স্যার গরিব চাষীরা তাদের গহনাগাটি, ঘটিবাটি বিক্রি করে এই বোরো চাষ করেছে কিন্তু গোটা ফেব্রুয়ারি মাসে ডি ভি সি-র সেচের জল একটুও সেখানে পৌছায়নি। সেখানে জলের অভাবে সমস্ত ধান মরতে বসেছে এবং চাষীরা পাগলের মতো এখানে ওখানে ছোটাছুটি করে বেড়াচ্ছে। তারা এস ডি ও-র অফিসে ইরিগেশন ডিপার্টমেন্টে ছোটাছুটি করছে। আমি নিজে চিফ-ইঞ্জিনিয়ার টু, ইরিগেশনের কাছে গিয়েছিলাম এবং বলেছিলাম যে একমাস জল যায়নি, জলের ব্যবস্থা করুন, সেখানে সমস্ত ধান মরে যাচ্ছে। স্যার, ঐ আদিবাসী, তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের লোকেরা, যারা ঘটিবাটি, গরু বিক্রি করে চাষ করেছে সেখানে তারা যদি জল না পায় তাহলে তারা একেবারে মরে যাবে। তাছাড়া স্যার, ঐ কো-অপারেটিভ ব্যাঙ্ক, ইউনাইটেড ব্যাঙ্ক, কর্মাশিয়াল ব্যাঙ্ক থেকে তারা যে লোন নিয়েছে এবং তা নিয়ে যে চাষ করেছে সেখানে যদি আজকে তারা জল না পায় তাহলে তারা ঋণ

শোধ করতে পারবে না। স্যার, আজকেই ৫০০ চাষী আমার কাছে এসে বিক্ষোভ জানিয়েছে এই বলে যে, জল দিতে হবে। স্যার, আমার অবস্থাটা একটু বুঝুন, আমি কোথা থেকে জল পাব? আমি একবার মন্ত্রী মহাশয়ের কাছে, একবার চিফ ইঞ্জিনিয়ারের কাছে, একবার একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে, একবার সুপারেনটেন্ডিং ইঞ্জিনিয়ারের কাছে আবার একবার এস ডি ও ইরিগেশনের কাছে ছোটাছুটি করছি কিন্তু কোনও ব্যবস্থা হচ্ছে না। তারা বলছেন, তেনুঘাট থেকে জল দিক আমরা জল দেব। স্যার, এই প্রসঙ্গে জানাই, সেখানে কিন্তু প্রতিশ্রুতির বাইরে চাষ করা হয়নি। সমস্ত হুগলি জেলার এম এল এ এবং বড় বড় অফিসাররা সেখানে বসে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল এবং ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে বলে দেওয়া হয়েছিল যে, আমরা এই পর্যন্ত জল দেব। সেখানে ৫০ হাজার একরের বেশি জমিতে হুগলি জেলায় চাষ করা হয়নি। আগে যদি বলে দিত যে জল দেওয়া যাবে না সেটা অন্য কথা হত কিন্তু প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও জাঙ্গিপাড়া এলাকায় জল দেওয়া হয়নি। অবিলম্বে যদি জলের ব্যবস্থা করা না হয় তাহলে চাষীরা অর্থনৈতিক সঙ্কটে পড়বে। এ বিষয়ে দৃষ্টি দেবার জন্য স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার জেলার একটা গুরুত্বপূর্ণ ঘটনার কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়গণের দৃষ্টি আকর্ষণ করছি। যদিও এটা আমি আগেও বলেছিলাম এবং আজ আবার রিপিটেডলি বলছি। ব্যাপারটা খুব ভয়াবহ আকার ধারণ করেছে। আমার জেলার নদী ভাঙ্গনে বিধ্বস্ত এবং ফিডার ক্যানেল এলাকায় ৫৫টি মৌজা তথা ১৮ বর্গমাইল এলাকায় জলপ্লাবিত। সেটা বিড়ি শ্রমিক অধ্যুষিত এলাকা। বিড়ি শিল্পের ভাটা পড়েছে। আজকে সেই এলাকার লোকেরা একটা চরম অবস্থার মধ্যে পড়েছে। আমি সেদিন আপনার মাধ্যমে অনুরোধ করেছিলাম হাউসে। আমি এ কথা বলছি না যে আমার এলাকার ঋণ মকুব করে দেওয়া হোক। আমি আপনার মাধ্যমে অনুরোধ করতে চাই যে আমার কনস্টিটিউয়েন্সিতে এই ঋণ এক বছরের জন্য স্থগিত রাখা হোক। আমি রিসেন্টলি বাড়ি গিয়েছিলাম। আজকে আমি বাড়ি থেকে এসেছি। আমি সেখানে গিয়ে দেখে এলাম আগামী ৯ তারিখে জঙ্গীপুর মহকুমা শাসক এবং স্থানীয় বি ডি ও তারা সকলে সেখানে রাইফেল সহ উপস্থিত হবেন এবং সমস্ত মাল ক্রোক করবেন। সেখানকার লোকেদের মধ্যে প্যানিক সৃষ্টি হয়েছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে আপাতত এই ৯ তারিখে এই ঋণ আদায় বন্ধ করার ব্যবস্থা করা হোক। তা নাহলে সেখানকার লোকেদের মহম্মদ বিনতুঘলকের আমলের মতো বনে জঙ্গলে পালিয়ে যাওয়া ছাড়া আর উপায় থাকবে না। কাজেই আপনার মাধ্যমে বার বার অনুরোধ করি যে এই বছরের মতো আমার এলাকার ঋণ আদায় বন্ধ রাখা হোক। আমার এলাকার লোকেরা আমাকে প্রতিশ্রুতি দিয়েছে যে তারা যেকোনও প্রকারে ঋণ পরিশোধ করে দেবে কিন্তু এই বছরের মতো আমাদের ঋণ আদায় বন্ধ করে দেওয়া হোক। যদি এই বছর ঋণ আদায় করা হয় তাহলে তাদের কষ্টের সীমা থাকবে না। কাজেই আপনার মাধ্যমে আমি অনুরোধ করি যে অবিলম্বে রেডিওগ্রাম করে বা টেলিফোন করে হোক ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেওয়া হোক যেন এই বছরের মতো ঋণ আদায় না করা হয়। আগামী বছর আপনারা ঋণ আদায় করুন। তখন যদি আমি বলি যে না এ বছরের জন্য ঋণ আদায় করবেন না তখন আমাকে

যা হয় আপনারা ব্যবস্থা নেবেন। কিন্তু আমি করজোড়ে আপনার কাছে নিবেদন করছি, অত্যন্ত কাতরভাবে আবেদন জানাচ্ছি যে তাদের দুঃখদুর্দশা দেখা যাচ্ছে না। কারণ এলাকা সমস্ত ভেসে গেছে, জমিজমায় কোনও ফসল হয়নি তাছাড়া জমিজমাও নেই। তারা রাস্তায় বাস করছে, গাছতলায় বাস করছে। রোডের উপর যারা বাস করছিল সরকারের নির্দেশ অনুসারে তাদের রোড থেকে চলে যেতে হচ্ছে। কাজেই আপনার মাধ্যমে অনুরোধ করছি এবং সেদিন এগ্রিকালচার মিনিস্টার বলেছিলেন যে লোনের সমস্ত পিটিশন চাই। কাজেই সেটা নিয়ে এসেছি এবং আপনার মাধ্যমে রেভিনিউ মিনিস্টারকে দিয়ে দিচ্ছি।

শ্রী শচীনন্দন সাউ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে আমাদের জেলায় যে বাস দুর্ঘটনা হয়ে গেছে তার প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত রবিবার আনন্দবাজার পত্রিকায় আপনি নিশ্চয়ই সেই মর্মান্তুদ ঘটনার কথা পড়েছেন। সেখানে রামপুরহাট থেকে তারাপিঠ যে রাস্তা সেই রাস্তাগুলি খুব ছোট। কিন্তু সেটা হচ্ছে জেলার সব চেয়ে বড় রাস্তা। সেদিন সেতুর উপর থেকে বাস উল্টে গিয়ে নিচে বাস পড়ে যায়। আমরা অনেকবার এই পূর্ত দপ্তরের কাছে অনুরোধ জানিয়েছি যাতে এই সেতুগুলি চওড়া করা হয় এবং সেতুগুলিকে কাঠের বাঁধ দিয়ে, লোহার রড দিয়ে করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড়ই দুঃখের এবং বেদনার সঙ্গে বলতে হচ্ছে যে এগুলি বলা সত্ত্বেও করতে পারা যায়নি এবং সিউড়ি থেকে কোনওদিন যদি রামপুরহাটের দিকে যান তাহলে দেখবেন যে কলেজটা ক্রস করছেন এবং ঐ জায়গায় পিলপাড়া ব্রিজের আগে যে সেতু আছে সেই সেতুটি যে কোনও মুহুর্তে বিপদজনক ঘটনা ঘটতে পারে এবং এই রকম সম্ভাবনা থাকা সত্ত্বেও বার বার এই পূর্ত দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে ব্যর্থ মনোরথ হয়েছি। আপনি জানেন যে বীরভূম জেলায় শান্তিনিকেতন, বীরভূম জেলায় তারাপীঠ, বীরভূম জেলায় বক্রেশ্বর, বীরভূম জেলায় জয়দেব কেঁদুলি—এটা শুধু পশ্চিমবঙ্গে নয়, ভারতবর্ষের এবং পৃথিবীর বিভিন্ন দেশের মানুষ এই দেশে আসে। কিন্তু সেখানকার রাস্তাগুলি কোনও ক্ষেত্রেই পূর্ত দপ্তর উন্নয়ন করবার জন্য সচেষ্ট হচ্ছেন না। এবং এই ব্রিজগুলিকে এমন অবহেলার সঙ্গে রেখেছেন যার জন্য আজকে আপনার সামনে বলতে বাধ্য হচ্ছি যে এই দপ্তরের কার্যকলাপে আমাদের জেলার মানুষ নিরাশ হয়েছে। এই যে বেদনা দায়ক ঘটনা ঘটেছে, এখানে চার চারটি মানুষ মারা গেছে এবং আরও ৭৩ জন এই ঘটনায় আহত হয়েছে। কাজেই এই যে ঘটনা ঘটেছে তার জন্য আমি মনে করি অবিলম্বে পূর্ত দপ্তরের ব্যবস্থা গ্রহণ করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সঙ্গে আর একটি কথা আপনার কাছে নিবেদন করতে চাই। বীরভূম জেলার সঙ্গে এই রামপুরহাট থেকে বিষ্ণুপুর পর্যন্ত যে রাস্তা আছে সেই রাস্তার কাছে ছোট একটা ব্রিজ-এর জন্য মুর্শিদাবাদ জেলার সঙ্গে আমরা যোগাযোগ করতে পারছি না। মাত্র ১৭ মাইল ব্যবধান কিন্তু বীরভূম জেলার মানুষকে ৭০ মাইল ঘুরে যেতে হচ্ছে। কাজেই আপনার মাধ্যমে শুধু পূর্ত মন্ত্রী নয়, মাননীয় মুখ্য এবং মন্ত্রিসভার প্রত্যেকটি সদস্যর কাছে এই জনপ্রিয় সরকারের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

[2-20 — 2-30 p.m.]

শ্রী মহঃ দেদার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি

মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলায় রেশম চাষ অনেকদিন ধরে হয়ে আসছে এবং এটা শিল্পের মর্যাদা পেয়েছে। এই রেশম চাষ করতে গেলে এক হেক্টর জমির জন্য দুশ জন লোকের দরকার হয়। এতে কোনও যন্ত্রের ব্যাপার নেই। সুতরাং এই রেশম চাষের ব্যাপারে সরকার যদি যথেষ্ট চেষ্টাবান হন তাহলে এখানে এক লক্ষ লোকের কাজের সংস্থান হতে পারে। আর একটা বিষয় জানাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, রেশম শিল্পের কোনও বিকল্প নেই। মুর্শিদাবাদ যে সিল্ক, তা ভারতের সর্বত্র সমাদ্রিত। এই শিল্প যদি ঠিকমতো ভাবে টাকা দিয়ে চাষ করা হয়, তাহলে এক লক্ষ লোক কাজ পেতে পারে। ১৯৭৪-৭৫ সালে এই শিল্প বাইরে রপ্তানি করে প্রায় তিন কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন করা হয়েছে। সেই ক্ষেত্রে ১৯৫০-৫১ সালে মাত্র ৩৪ লক্ষ টাকা হয়েছিল। তাই আপনার মাধ্যমে তাঁকে জানাচ্ছি, তাঁত শিল্পের উপর যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে এই ২০ দফা কর্মসূচিতে, এই রেশম শিল্পকে যদি আরও গুরুত্ব দেওয়া হয় তাহলে এই এক লক্ষ লোক কাজ পেতে পারে, এই যে বিভিন্ন রকম বেকার রয়েছে, তাদের কর্মস্থান হতে পারে।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেদার বক্স মহাশয় যে কথা বললেন তার মধ্যে কিছু ইনঅ্যাকুইরেসি রয়েছে। তিন চার দিন আগে কুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয়ের প্রশ্নের উত্তরে জানিয়ে দিয়েছি রেশম শিল্প সম্পর্কে কি প্রোগ্রাম নেওয়া হয়েছে। বাই দিস টাইম ৩৭ ল্যাক্স দেওয়া হয়ে গেছে। স্কীম হচ্ছে যদি কোনও ইন্টারপ্রিনারস এগিয়ে আসেন, তার যদি এক বিঘাও জমি থাকে, তিনি ব্যাঙ্ক থেকে ৫০ পারসেন্ট লোন পাবেন, গভর্নমেন্ট থেকে ২৫ পারসেন্ট অ্যাজ ট্যাক্স সাবসিডি এবং তাদের লেবার কিম্বা ইনপুটস এর জন্য বাকি ২৫ পারসেন্ট দেওয়া হবে স্কীম এক্সপ্যানশনের জন্য মালবেরি কাল্টিভেশনের জন্য। এই কথা ঠিক নয় যে মুর্শিদাবাদে ভাল শিল্প হয়। মেনলি মালদহে এই চাষ ভাল হয়। আজকে মুর্শিদাবাদে বয়ন শিল্প আছে। সেখানে ফিফটি মেশিনস এর ফিলেচারের কাজ শুরু করে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যেটা বললেন ১ লক্ষ লোকের কাজের সংস্থান হবার কথা, আমরা কম বেশি—অফ হ্যান্ড ফিগার দিতে পারছি না, তবে নিয়ার অ্যাবাউট টু থাউজ্যান্ড অর এ লিটল মোর ছেলে এবং মেয়েকে অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে মালবেরি কাল্টিভেশনের এবং রিলেং এর ট্রেনিং দিয়েছি। আনফরচুনেটলি দেদার বক্স এবং ঐ জাতীয় মাননীয় সদস্যরা যথেষ্ট উৎসাহ না দেখানোর ফলে এই রকম ইনঅ্যাকুইরেসি দেখা দিচ্ছে। পশ্চিমবাংলায় আমরা মালবেরি কাল্টিভেশন এবং রিলিং এর ট্রেনিং দিয়েছি। আমরা চাইছি আমাদের এখন যে প্রেজেন্ট কাল্টিভেশন এর এনকারেজ আছে—আমরা যখন সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে ক্ষমতায় আসি তখন এর এনকারেজ ছিল ১২।। হাজার। ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানের এন্ডে আমরা ২৫,০০০ একরে পৌছতে পারব। আপনি শুনলে অবাক হয়ে যাবেন বাই দিস টাইম ১৭ হাজার একরে আমরা পৌছে গিয়েছি। এবং সেখানে যেখানে সিল্ক হবে সেখানে সিল্কের জন্য প্রমোশনাল ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্স দিতে যাতে পারা যায় তার জন্য একটা সিল্ক অ্যান্ড সিরিকালচারাল ডাইরেক্টরেট আলাদা ভাবে করা হয়েছে। আজকে আমি ব্যক্তিগতভাবে রেডিও এবং সংবাদপত্রের মাধ্যমে সবার কাছে অ্যাপিল করেছি এই ইন্ডাস্ট্রি যারা করতে চান তারা যেন ব্যাঙ্কের সঙ্গে কথাবার্তা বলেন। সুযোগ যখন এল,

তখন সমস্ত সদস্যদের বলি, এটা খুব লিউক্রেটিভ ইন্ডাস্ট্রি। এর আন্তর্জাতিক বাজারে জাপান উইথড্র করেছে বলে আমরা এগিয়ে যাচ্ছি। আজ পর্যন্ত আমরা ৩,০০,০০০ কেজি সিল্কের ফাইন সুতো রপ্তানি করেছি। সুতরাং এখানে সকলের সহযোগিতা নেওয়ার দরকার আছে। মেনলি কর্ণাটক এই বিষয়ে এগিয়ে আছে। সবার কাছে অ্যাপিল করছি যেন পার্শ্ববর্তী এলাকায় এনকারেজ করা হয়। এখন এটা প্ল্যানটেশনের সময় নয়, আমাদের দেশের প্ল্যানটেশনের সময় হচ্ছে শরৎকাল। আমরা অনেকগুলি ইনসেনটিভ স্কীম দিয়েছি। সম্প্রতি কুমার দীপ্তি সেনগুপ্ত আমাকে একটা চিঠি লিখে জানিয়েছেন যে, মুর্শিদাবাদে কাজ ভালই হয়েছে। আমাকে আগে থাকতে ওয়ার্নিং দিলে আমি ডিটেল স্কীমটা এখানে বলতে পারতাম। তবুও আমার যতটা জানা আছে তা আমি আপনার মাধ্যমে জানালাম।, ধন্যবাদ।

শ্রী ভবানীপ্রসাদ সিংহরায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা খুবই ছোট হলেও সরকারের এবং জন-প্রতিনিধিদের মর্যাদার ব্যাপারটার সঙ্গে সংশ্লিষ্ট আছে বলেই আপনার মাধ্যমে আমি ব্যাপারটা বলতে চাইছি। আপনি জানেন সি এম ডি এ-র মাননীয় মন্ত্রী মহাশয় একটা অ্যাডভাইসারি কমিটি তৈরি করেছিলেন, কিন্তু আমাদের যত দূর ধারণা যে, সেই কমিটি আঁতুড় ঘরেই শেষ হয়ে গেছে। কারণ কমিটি তৈরি হওয়ার পর থেকে সেই কমিটি সি এম ডি এ-র কোনও কাজের সঙ্গে সংশ্লিষ্ট হয়নি। আমি সেই কমিটির একজন সদস্য, কিন্তু কোনও কাজ সম্বন্ধেই আমাদের কিছুই জানানো হয়নি। কলকাতায় কি হয়েছে আমি জানি না, কিন্তু সি এম ডি এ মিউনিসিপ্যাল এলাকায় কিছু কাজ করছে। সি এম ডি এ-র ভেতর শহর এলাকার প্রায় ৫০টি অঞ্চল আছে যেখানে কাজ হচ্ছে বলে শুনিনি এবং কাজ যেখানে হচ্ছে গ্রামাঞ্চলে, সেখানে জনসাধারণের প্রতিনিধিদের ইনভলভ করা হচ্ছে না, যদিও অ্যাসিয়োর করা হয়েছিল। আমাদের ব্যান্ডেল এলাকায় নলডাঙ্গা-কোদালিয়া বলে একটা রাস্তা মঞ্জুর করা হয়েছিল, এস্টিমেট করা হল, টেন্ডার করা হল, কন্ট্রাক্টর এল, বি জোনের জোনাল ইঞ্জিনিয়ার বললেন এই রাস্তা হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে নিবেদন করছি যে, টেন্ডার কল করার পর সেই রাস্তা হবে না যখন বলা হচ্ছে তখন সেখানে এনকোয়ারি করা হোক। আপনার মাধ্যমে আমি ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে জানতে চাই যে, যদি আপনি শুধু মাত্র ইঞ্জিনিয়ার দিয়ে, শুধু মাত্র আমলা দিয়ে বৃহত্তর কলকাতার উন্নয়নের কথা ভেবে থাকেন, বা শুধু মাত্র মন্ত্রী মহাশয় নিজের দায়িত্বে করবার চেষ্টা করেন তাহলে জনসাধারণের প্রতিনিধি এবং তাদের নিয়ে যে অ্যাডভাইসারি কমিটি হয়েছে তাদের নেগলেক্ট করা হয় এবং এর ফলে এটা তাদের অধিকারগত প্রশ্ন হয়ে দাঁড়ায়। বি জোনের ইঞ্জিনিয়ার বা সি এম ডি এ কর্তৃপক্ষ, টেকনিসিয়ান অ্যান্ড আদার্স যেভাবে কোটি কোটি টাকা নষ্ট করছে তারও তদন্ত হওয়া প্রয়োজন। সুতরাং আমি আপনার মাধ্যমে এই তদন্ত এবং আমাদের অধিকারগত প্রশ্নের দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

শ্রী তুহিন সামন্ত : এই বিধানসভায় অনেক মাননীয় সদস্য আপনার মাধ্যমে আইনশৃঙ্খলা নিয়ে মন্ত্রী সভার কাছে বলেছেন কিন্তু আমরা তারপরও কোথায় আছি? আজ সাধারণ মানুষের মধ্যে নিরাপত্তা বোধ নেই, আইন শৃঙ্খলা নেই। সেজন্য বলছিলাম মেমারি থানার

পুলিশ, স্বরাষ্ট্র দপ্তর ব্যর্থ হয়েছে কোনও কিছু করতে। এক একটা সাধারণ মানুষের পরিবারের উপর আক্রমণ হচ্ছে। কিন্তু তার কোনও ব্যবস্থা করা হয়নি। এবারে বাজেটে অধিবেশনে মুখ্যমন্ত্রী বলেছেন ১৯৭২ সালের আগে যখন ডাকাতি হয়নি, এখন কেন হচ্ছে সেটা নিশ্চয় দেখা হবে। কিন্তু আজ পর্যন্ত কিছুই দেখা হল না। আজ পর্যন্ত সমাজবিরোধী, ডাকাতি, ছিনতাইকারী, গুন্ডা, প্রভৃতিদের পুলিশ শায়েস্তা করতে পারল না। পুলিশ এটাকে শুধু ইনটার পার্টির ব্যাপার বলেই শেষ করছে। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব আমার কেন্দ্রের মানুষদের বুঝতে দিন আইন-শৃঙ্খলা আছে, তা না হলে বিধানসভায় যা'ই বলুন লোকে তা শুনবে না।

শ্রীমতী গীতা মুখার্জি : স্যার, পশ্চিমবঙ্গ মহিলা সমিতির গোলসি কমিটির সেক্রেটারি গুলবা হার খাতুন আমার কাছে একটা টেলিগ্রাম পাঠিয়ে আপনার কাছে উপস্থিত করে প্রতিকারের জন্য আবেদন করেছে Women of bargadar families of Dabarpur, Galsi P. S. brutally uprooted from Houses by Sk. Fakir and others. Immediately request intervention. আপনি দয়া করে টেলিগ্রাম অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার জন্য বলুন।

শ্রীমতী ইলা মিত্র : এই সমস্ত গুরুত্বপূর্ণ বিষয় যাঁরা মেনশন করেন তার প্রতিকার কি হচ্ছে একটু বলবেন? বা কোন মন্ত্রী একটা বিষয় নোট নিয়ে অনুসন্ধান করার কোনও ব্যবস্থা করছেন কিনা বললে ভাল হয়।

শ্রী অনন্তকুমার ভারতী : আমাদের কলকাতা শহরে বিশেষ করে ইলা মিত্র এবং আমার এলাকায় পাইপগান দেখিয়ে বেশ কয়েকটি ডাকাতি হয়ে গেল। আপনারা বারবার বলেছেন শান্তি বিরাজ করছে, কিন্তু কোনও মানুষ এসব দেখে বিশ্বাস করছে না।

(গোলমাল)

Mr. Speaker : Honourable Member, I have called Satya Ghosal and think in tune with some of the members he will also speak.

শ্রী সত্য ঘোষাল : স্যার, গত ২৫ তারিখে আমি যে বিষয়ে মেনশন করেছিলাম তার ফল কি হল আমি জানি না, কিন্তু আমার বাড়ির লোক তা জেনে গেল। পুলিশ আমার বাড়িতে গিয়ে আমার স্ত্রীকে ডেকে বলল উনি যেন মেদিনীপুর গিয়ে আমার সঙ্গে দেখা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইসব ব্যাপার চলছে। জয়নাল আবেদিন সাহেব আছেন, গনি সাহেব আছেন, তাঁদের কাছে বলছি পুলিশ যদি বাড়ি গিয়ে মেয়েদের কাছে বলে আসে যে এম এল এ সাহেবকে মেদিনীপুরে গিয়ে দেখা করতে হবে তাহলে আমরা এখানে মেনশন করব কি করে, আর মেদিনীপুরে থানায় গিয়ে দেখা করবই বা কি করে সেটা একটু দেখুন।

(তুমুল হট্টগোল)

মিঃ স্পিকার : অনারেবল মেম্বার্স, প্লিজ টেক ইওর সিটস। এইমাত্র মাননীয় সদস্য সত্য ঘোষাল যে কথা বললেন বিধানসভায় আমরা যে সমস্ত কথা বলি তার পরিপ্রেক্ষিতে

থানা থেকে বা জেলা পুলিশ দপ্তর থেকে পুলিশ অফিসার এম এল্ এ-র বাড়িতে গিয়ে তাঁর স্ত্রীকে ডেকে তাঁর সামনে হুকুম জারি করে এসেছে যে উনি বিধানসভায় যেসব কথা বলেছেন, উনি যেন থানায় গিয়ে হাজির হয়ে সেইসব কথা বলেন। আমার মনে হয় বিষয়টা খুব গুরুত্বপূর্ণ। এই দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়কে ডাকছি, আমি অনুরোধ করব তিনি এই সম্পর্কে হাউসের তরফ থেকে অনুসন্ধান করবেন নিশ্চয়ই এবং তাঁর বক্তব্য রাখবেন। তারপর যদি আপনারা কিছু মনে করেন, ফারদার এই হাউস যদি কিছু মনে করেন, দিস হাউস ইজ সুপ্রিম, অনারেবল মিনিস্টার এই সম্পর্কে নিশ্চয়ই কঠোর ব্যবস্থা নেবেন। সেজন্য আমি অনারেবল মিনিস্টারকে খবর দিয়েছি এই সম্পর্কে তার বক্তব্য রাখবার জন্য এবং অনুসন্ধান করবার জন্য।

Governor's reply to the Address of Thanks

Mr. Speaker : Honourable members, in accordance with rule 23 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I am to report that the following reply to the Address of Thanks has been received from the Governor :—

Dear Mr. Speaker,

I shall be obliged if you would kindly convey to the members of the Legislative Assembly that I have received with great satisfaction their message of thanks for the speech with which I opened the present session of the West Bengal Legislative Assembly.

Yours sincerelly

A. L. Dias
Governor of West Bengal."

LEGISLATION

The West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Bill, 1976

Shri Ajit Kumar Panja : With your kind permission, I beg to introduce the West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

[2-40 — 2-50 p.m.]

Shri Ajit Kumar Panja : With your kind permission, I beg to

move that the West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Bill, 1976, be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, কতগুলি কাজকর্ম করবার সময় এই যে আইনটি রয়েছে এই আইনেতে কতগুলি অসুবিধা দেখা দেয় সেইজন্য কিছু কিছু অ্যামেন্ডমেন্ট চাওয়া হয়েছে। এই আইনে সবশুদ্ধ যতগুলি ধারা রয়েছে তারমধ্যে কয়েকটি ক্ষেত্রে আমরা অ্যামেন্ডমেন্ট চাইছি। এতে সবশুদ্ধ ৮টি ধারা আছে। ইতিমধ্যে নতুন বিলটি আইন হওয়ার সঙ্গে সঙ্গে আমরা দেখলাম হাইকোর্টে কিছু কিছু মামলা হয় এবং সেই মামলার রায় আমরা দেখেছি। আইনত যে অসুবিধাগুলি সৃষ্টি হয়েছে সেইধারাগুলি আমরা সেইভাবে পরিবর্তন করতে চাচ্ছি। এই ৮টি ধারার মধ্যে প্রথম ধারাটি হচ্ছে শর্ট টাইটেল অর্থাৎ বিল সম্বন্ধে সংক্ষিপ্তভাবে বলা হয়েছে—এটা পরিবর্তনের প্রয়োজন নেই। এর মধ্যে একটা বিশেষ ধারা আছে যে, কোনও একটি ছাত্র বা ছাত্রী একবার কোনও একটি কলেজে ভর্তি হলে পর সে যদি অন্য কলেজে ট্রান্সফার চায় তাহলে তাকে ট্রান্সফার করবার মতো কোনও ধারা ছিল না। তবে যদি কোথাও মিউচুয়াল ট্রান্সফার হত তাহলে সেটা আমরা করতে পারতাম। যেমন, মেডিক্যাল কলেজের কোনও ছাত্র বা ছাত্রী যদি আর জি কর হাসপাতালে যেতে চায় তখন সেখানকার কোনও ছাত্র বা ছাত্রী যদি মেডিকেল কলেজে আসতে চায় তাহলে সেক্ষেত্রে আমরা করতে পারতাম। আমরা এখানে এরকম সংশোধন করতে চাচ্ছি যে, আমাদের কাছে দরখাস্ত করলে যদি কোনও সিট খালি থাকে তাহলে সরকারের ডিসিশন অনুযায়ী সেই ছাত্র বা ছাত্রী কলেজ পরিবর্তন করতে পারবে। আর একটা জিনিস ছিল, ধরুন, মেডিক্যাল কলেজে একটা ছাত্র ভর্তি হল কিন্তু কোনও কারণে সে আর পড়াশুনা করল না এবং সেই সিটটি খালি পড়ে থাকত। এক্ষেত্রে আমাদের কোনও উপায় ছিল না অন্য কলেজ থেকে যদি কোনও ছাত্র বা ছাত্রী ওই মেডিক্যাল কলেজে আসতে চায় বা অন্য কোনও কলেজ থেকে কেউ বর্ধমান মেডিক্যাল কলেজে আসতে চায় তাহলে পরিবর্তন করে তাকে সেখানে আনি। সিট খালিই পড়ে থাকত। আমরা এখানে পাওয়ার চাচ্ছি যেখানে উপযুক্ত মনে হবে সেখানে আমরা এই ট্রান্সফারগুলি করতে পারব। আমরা আর একটা ধারার সংশোধন চাচ্ছি। আইন যখন তখন জেলাওয়ারি রিজার্ভ কোটা থেকে করা হয় এবং প্রত্যেক ছাত্রছাত্রীর কাছ থেকে এই বলে একটা বন্ড নেওয়া হত যে তারা সরকারের কাছে কাজ করতে বাধ্য থাকবে। আমরা এখানে পরিবর্তন চাচ্ছি, তাদের যদি সরকারি চাকুরি অফার করা হয় তাহলে তারা বাধ্য থাকবে। একদম প্রথম থেকে বাধ্য থাকবে এটা কার্যকর বলে মনে করছি না। তাদের যদি অফার করা না হয় তাহলে কেন তারা বাধ্য থাকবে? আইনের দিক থেকে এটা একটু খটকা।

তাই এই পরিবর্তন আমরা এই হাউসের কাছে রাখছি যাতে এই পরিবর্তনটা আমাদের অ্যালাউ করা হয়। এছাড়া মূল আইনের ২(জি) ধারাতে কোয়ালিফাইং মার্ক সম্বন্ধে একটা ধারা করা আছে, এই কোয়ালিফাইং মার্ক প্রতি বছরে আমাদের ফিক্স করা হয়। আমরা চাইছি এই কোয়ালিফাইং মার্ক ফিক্স করার দায়িত্ব আমাদের এমনভাবে দেওয়া হবে যাতে মেধাবি ছাত্রছাত্রীদের আমরা অধিক পরিমাণে আনতে পারি মেডিক্যাল কলেজগুলিতে যাতে শিক্ষার মান উন্নত ধরনের করতে পারি এবং শিক্ষার মান উন্নত ধরনের করার ফলে মেধাবি ছাত্রছাত্রীদের এনে তাদের উপযুক্ত ডাক্তার আমরা তৈরি করতে পারি। আমরা তাই মূল আইনের ২(জি) ধারার অ্যামেন্ডমেন্টের জন্য আপনাদের কাছে বলেছি। অন্য একটা ধারা

আছে ৩ নং ধারা তাতে সেন্ট্রাল সিলেকশন বোর্ড ঠিক করা আছে এবং সেক্রেটারি মেডিক্যাল কলেজ তার উপর ন্যস্ত করা আছে। অনেক সময় দেখা যাচ্ছে যে একজনের উপরে ন্যস্ত করার ফলে তিনি ওভারওয়ার্ক হয়ে যাচ্ছেন। তার ফলে আমারা ঠিকমতো ছাত্রদের সমস্ত অ্যাপ্লিকেশন স্ক্রুটিনি করে পরীক্ষা সময়মতো করে তার রেজাল্ট আউট করতে পারি না এবং সেইজন্য একজনের উপর খুব বেশি বেশি চাপ সৃষ্টি হচ্ছে। তাই আমরা অনুমতি চাচ্ছি প্রতি বছরে যে সেক্রেটারি হবে শুধু একজন নির্দিষ্ট নয়, কে সেক্রেটারি হবে সেটা আমরা ঠিক করে দিতে পারব এবং প্রয়োজন হলে আমরা একবার মেডিক্যাল কলেজের সেক্রেটারিকে দিতে পারি তারপর ন্যাশনাল মেডিক্যাল কলেজের সেক্রেটারিকে দিতে পারি তারপর আর জি কর মেডিক্যাল কলেজের সেক্রেটারিকে দিতে পারি—এইভাবে পরিবর্তন করে যেতে পারি এবং একজনের উপর না দিয়ে দুজনের উপর দিতে পারি। অন্য আর একটা ধারার সংশোধন চাইছি প্রত্যেক পরিবর্তনের ক্ষেত্রে আমাদের আগেকার আইনে আছে ক্যালকাটা গেজেটে নোটিফিকেশন করতে হবে। এটা আমাদের কাজের অসুবিধা সৃষ্টি করছে। ধরুন কালকে রেজাল্ট বেরুবে সেই সময় যদি আমাদের কলেজের সেক্রেটারি অসুস্থ হয়ে পড়েন বা অন্য কোনও কারনের জন্য কাজে আসতে না পারেন তখন সেটা কে পরিবর্তন করে অন্য একজনকে এনে আবার গেজেটে নোটিফিকেশন করে তারপরে আমরা রেজাল্ট বের করতে পারি। সেজন্য আমরা চাইছি খুঁটিনাটি ব্যাপারে যেগুলি শুধু অ্যাডমিনিস্ট্রেটিভ সাইড রয়েছে তাতে যাতে প্রতিবার ক্যালকাটা গেজেট নোটিফিকেশন দরকার না হয়, নিউস পেপারের মাধ্যমে বা কলেজের নোটিশ বোর্ডে বা ছাত্রছাত্রীদের অন্যভাবে যাতে আমরা জানিয়ে দিতে পারি গেজেট নোটিফিকেশনের প্রয়োজন যাতে না হয় তারজন্য আমরা অ্যামেন্ডমেন্ট রেখেছি। আমি আশা করি এই হাউসের সবাই আমাদের কাজকর্ম যাতে ভালভাবে হয় এবং তরান্বিত হয় সেজন্য যে অ্যামেন্ডমেন্টগুলি রেখেছি মাননীয় সদস্যগণ সেগুলিকে অ্যালাউ করবেন।

[2-50 — 3-30 p.m.](including adjournment)

শ্রী সত্য ঘোষাল : অধ্যক্ষ মহাশয়, আমার এতে বিশেষ কিছু বলার নেই তার কারণ মাননীয় মন্ত্রী মহাশয় সংশোধনী আকারে যে বিলটা এনেছেন তার সঙ্গে আমার খানিকটা মিল আছে। আগের যে অ্যাক্টটা ছিল এবং আজকে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সে সম্পর্কে আমাদের বিধানসভায় সাব অর্ডিনেট লেজিসলেটিভ কমিটি ঐ অ্যাক্টের সঙ্গে রুলসের যে সমস্ত পার্থক্য বা গলদ দেখা দিয়েছিল সেই ব্যাপারে সুপারিশ করেছিলেন। আমি মিলিয়ে দেখছি সেই সুপারিশগুলি মন্ত্রী মহাশয় মেনে নিয়েছেন। সেই সুপারিশসূত্রে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব একটা গুরুত্বপূর্ণ সুপারিশ ছিল সেটা রুলস করবার সময় করবেন কিনা একটু ভেবে দেখবেন। তাতে ছিল দেয়ার শুড বি এ প্রভিসন ওরা অন্যান্য সুপারিশের ভিতর সাব অর্ডিনেট লেজিসলেশন কমিটি এই রকম একটা সুপারিশ করেছিল সেই বিষয়ে কিছু করা যায় কিনা তা মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করছি। আমি এখানে দেখছি যে বিধানসভার কমিটির প্রধান প্রধান সুপারিশের সঙ্গে অ্যাট ভারিয়েন্স দেখা দিয়েছিল সেইগুলি অ্যামেন্ডমেন্টে করা হয়েছে সেইজন্য আমি আর বাড়তি বক্তৃতা করতে চাই না। অধ্যক্ষ মহাশয়, সচরাচর আমি বক্তৃতা করবার সময় একটু বেশি সময় চেয়ে নিই কিন্তু

আজকে সেই সময়ের চেয়ে কম সময় বক্তৃতা করেই যে কথা বললাম সে সম্বন্ধে ভাবতে বলে আমার বক্তৃতা শেষ করছি।

শ্রী অজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত আনন্দের বিষয় যে মাননীয় সদস্যরা এর উপর বক্তৃতা রাখছেন না এবং আমাদের যে সাব অর্ডিনেট লেজিসলেশন কমিটি আছে সেই কমিটির প্রত্যেকটি সদস্যকে ধন্যবাদ জানাচ্ছি এইজন্য যে তারা এই অ্যাক্টকে খুব ভালভাবে দেখেছেন এবং আমাদের যে অসুবিধাগুলি আছে তা দূর করে দেবার জন্য সাহায্য করেছেন। আমরা তাঁদের সবগুলিই নিয়েছি কিন্তু রিভিউ অব আনসারস্ক্রিপ্ট এটা নিতে পারিনি। কারণ এই এন্টারেন্স একজামিনেশনটা হচ্ছে প্রফেশনাল, কমপিটিটিভ একজামিনেশন এবং প্রফেশনাল কমপিটিটিভ একজামিনেশনে রিভিউ-এর পদ্ধতি কোথায়ও নেই, কোনও প্রফেশনই নেই। খড়গপুর আই আই টি ইঞ্জিনিয়ারিং থেকে আরম্ভ করে আই এ এস, এবং ডবলিউ বি সি এস, ইত্যাদি কোথায়ও থাকে না। এটা থাকে না এইজন্য যে একটা ঠিক অর্ডিনারি বি এ, বি এস সি এই ধরনের একজামিনেশন নয়। স্কুল ফাইনাল একজামিনেশনের পর তাদের প্রফেশনাল কমপিটেন্সি জানবার জন্য সেই ধাঁচে পরীক্ষা করা হয় এবং পরীক্ষকরা দেখেন যে তারা কতখানি তাদের জ্ঞানটা ব্যবহার করতে পারছেন। আমরা রিভিউ এর মধ্যে আনতে চাচ্ছি না কারণ প্রফেশনাল কোয়ালিফিকেশন একজামিনেশনও কোথায়ও রিভিউ সিস্টেম নেই তা আমরা খোঁজ করে দেখেছি এবং এখানে যে কোথায়ও নেই বলে আমরা করছি না তা ঠিক নয়, আমরা এটা করছি না কারণ এখানে ধরুন ১০০ জন পরীক্ষা দিল, তাদের ব্যবহারিক বিদ্যাটা কিভাবে প্রয়োগ করছে সেটা একই সঙ্গে বিচার করা হয়। এখন যদি আমরা কিছু পেপার রিভিউ করতে চাই, যদি একজনকেও রিভিউ করতে চাই তাহলে যে পরীক্ষক পরীক্ষা করেছিলেন তার কাছে পাঠানো হয় না, আর একজনের কাছে পাঠাতে হয়। এখানে ৯৯ জনকে যে ধাঁচে পরীক্ষা করা হয় সেই ধাঁচে অন্য একজন পরীক্ষা করতে পারবে না, এখানে হিউম্যান ফোলিজ অ্যান্ড মিসফরচুন এসে যেতে পারে, সেই সমস্ত ভুল বা ত্রুটি এসে যেতে পারে। তাই আমরা রিভিউ অব আনসারস্ক্রিপ্টস এর মধ্যে রাখছি না। আশা করি ঘোষাল মহাশয় বুঝতে পারবেন যে এই কারণে আমরা রিভিউ অব আনসারস্ক্রিপ্ট রাখছি না। অন্য একটি কারণ যে রিভিউ করবার জন্য আমাদের কাছে যেসব দরখাস্ত আছে—যদিও রিভিউ করবার জন্য একজামিনারকে পাঠানো এক্তিয়ারভুক্ত নয়, কিন্তু মন্ত্রী হিসাবে আমি অনেক সময় যখন দরখাস্ত পেয়েছি তখন সেই আনসার স্ক্রিপ্টগুলি সিলেকশন বোর্ডের কাছ থেকে আনিয়ে নেবার শক্তি আমার আছে। এটা খুবই আনন্দের কথা যে খুব কম সংখ্যক, প্রায় ১৫ হাজার ছেলেমেয়ে প্রতি বৎসর পরীক্ষা দেয় তার মধ্যে খুব বেশি হলে ১০টির বেশি অ্যাপ্লিকেশন রিভিউ-এর জন্য পড়ে না এবং সেগুলি আমরা নিজেরা তদন্ত করে দেখেছি তা প্রতিটি ক্ষেত্রেই ঠিকভাবে হয়েছে। সমস্ত ছেলেমেয়েরা স্কুল ফাইনাল পরীক্ষায় পাশ করেছে এবং যে সমস্ত ছেলেমেয়েরা আগে ইউনিভার্সিটির পরীক্ষা দিয়েছে সেই সমস্ত ছেলেমেয়ে, তাদের পরীক্ষা এবং এই প্রফেশনাল একজামিনেশনের রেজাল্ট তার সঙ্গে তুলনা করে দেখবেন যে শতকরা ৯৯ ভাগ ক্ষেত্রে তাদের পরীক্ষার নম্বরের সঙ্গে এর তফাত ৫ থেকে ১০ ভাগ থাকে। সুতরাং পরীক্ষাটা ঠিকই হচ্ছে এ বিষয়ে আমরা নিঃসন্দেহ আমি আশা করি ঘোষাল মহাশয় এর উপর আর চাপ সৃষ্টি করবেন না, তিনি যে বক্তব্য রাখলেন

তা আমরা কনসিডার করেছি এবং সেইজন্যই এটা অ্যামেন্ডমেন্টের মধ্যে আনিনি। এই কথা বলে, অধ্যক্ষ মহাশয়, আমি আশা করছি যে এই অ্যামেন্ডমেন্টগুলি হাউসে পাস হয়ে যাবে।

The motion of Shri Ajit Kumar Panja that the West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Bill, 1976, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 8 and Preamble

The question that clauses 1 to 8 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Ajit Kumar Panja : Sir I beg to move that the West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Bill, 1976, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 30 minutes)

[3-00 — 3-30 p.m.]

(After Adjournment)

STATEMENT UNDER RULE 346

Mr. Speaker : I now call upon Shri Sankar Ghose, Finance Minister, to make a statement.

Shri Sankar Ghose : Mr. Speaker, Sir, in my budget speech delivered on 1st March, 1976 I stated that in order to accord a special recognition to the role of the performing arts in the cultural heritage of the State, the State Government proposed to exempt performing arts, such as, music, dance, ballet, circus, pupet show and all kinds of cultural shows from entertainment tax under the Bengal Amusement Tax Act, 1922, subject, of course, to this that such exemption will not apply to any entertainment where directly or indirectly cabaret is exhibited, nor would the same apply to cinema shows.

A question has arisen as to whether for granting such exemption legislative changes would be necessary and as to the date from which such exemption would take effect. For granting such exemption no legislative change would be necessary but it will be necessary to give such exemption by the issue of notifications.

The Government has decided that such exemption to shows under

the Bengal Amusement Tax Act, 1922 will take effect from the date that the budget was presented, namely, 1st March, 1976. Detailed notifications for granting such exemption are being issued.

A further question has arisen as to whether with regard to such exemption any formal application has to be made to the Collector concerned. To remove all doubts in the matter instructions are being issued so that in cases of exempted categories of entertainments no permission of the Collector will be necessary except, of course, in cases where they directly or indirectly exhibit any cabaret.

Mr. Speaker : I now call upon Hon'ble Minister, Dr. Motahar Hossain to make a statement on the issue raised by Shri Satya Ghosal and Shri Tuhin Kumar Samanta.

[3-30 — 3-40 p.m.]

ডঃ মোতাহার হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী সত্য ঘোষাল মহাশয়ের অভিযোগের বিষয়টা জানতে পারলাম। অভিযোগটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং দুঃখজনক। এই ধরনের বিষয় মোটেই বাঞ্ছনীয় নয়। আমি মনে করি এটা শুধু একজন সদস্যের ব্যাপার নয়, সকল সদস্যের মর্যাদা এই ব্যাপারের সঙ্গে জড়িত। তাই আমি নিজেও এই ব্যাপারে অত্যন্ত দুঃখিত। আমি তখন হাউসে ছিলাম না, এই বিষয়ে মাননীয় সদস্যের মেনশনের একটা কপি এবং শ্রী সত্য ঘোষাল-এর সঙ্গে একটু কথা বলে নিতে চাইছি। তারপর এই ব্যাপারে একটা উচ্চ পর্যায়ে তদন্তের ব্যবস্থা করব এবং সে অফিসার যত বড়ই হোক না কেন তার উপযুক্ত শাস্তির ব্যবস্থা নিশ্চয়ই করব, এই অ্যাসিওরেন্স আপনাকে দিচ্ছি।

মাননীয় সদস্য তুহিন সামন্ত একটা বিষয় আপনার মাধ্যমে উল্লেখ করেছেন শুনলাম। কয়েকদিন আগে একটি বিষয় সম্বন্ধে তিনি তদন্ত করতে দিয়েছিলেন। তদন্তের ফলাফল দেখে নিশ্চয়ই ব্যবস্থা করব। আজকে কিছুক্ষণ আগে যখন আমি হাউসে ছিলাম, ২রা তারিখে যে ঘটনা ঘটেছে, সে সম্বন্ধে উনি যা বলেছেন সেটা ও আমি তদন্ত করে দেখব, এবং অন্যান্য সবগুলি সম্বন্ধেও আমি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করব—ব্যবস্থা নেব, একথা আমি এখানে আপনাকে দিতে পারি।

GENERAL DISCUSSION ON THE BUDGET FOR 1976-77

শ্রী বিশ্বনাথ মুখার্জি : স্যার, আপনি তো ডেকেছেন এবং নিয়মমতো ডাকবেন—, আর আমি ও বক্তৃতা করতে প্রস্তুত আছি। ভাবছি কী লাভ! মন্ত্রীরা তো আমাদের কথা গ্রাহ্য করেন না। আগে খবরের কাগজে একটু আধটু দু-চার কথা বেরুতো—লোকে পড়তো। এখন তো সুযোগও নাই। আমরা পশ্চিমবাংলার দক্ষিণপন্থী বিরোধীদল—সংখ্যায় এবং শক্তিতে খুবই কম। আজকে জরুরি পরিস্থিতি আট মাস পেরিয়ে গেছে। প্রেসের খানিকটা এখন Relaxed করা উচিত। পার্লামেন্ট তো relaxed করেছে, আমাদের আইনসভারও তা করা উচিত।

প্রথমে বলে রাখি বাজেট ইত্যাদি ব্যাপারে—টাকা পয়সার ব্যাপারে কতকগুলি কথা অর্থমন্ত্রী রেখেছেন ২০ দফা কর্মসূচি সম্বন্ধে ও অন্যান্য অবস্থা সম্বন্ধে। সে সম্বন্ধে আজকে আমি খুব বেশি কিছু বলব না—দু-চারটি কথা বলতে পারি। ভূমি এবং ভূমি রাজস্ব সম্বন্ধে আলোচনার সময় পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন এর আলোচনায় আমি বলব। আমার বন্ধুরা অন্যান্য আলোচনা করবেন। আমি আজকে প্রধানত অর্থনৈতিক দিকটা নিয়ে আলোচনা করতে চাচ্ছি।

আর একটা তাঁদের প্রাপ্য দেওয়ার আছে—মাননীয় মন্ত্রী শঙ্কর ঘোষকে এবং গভর্নমেন্টকে। আমি তাদের প্রাপ্যকে চুকিয়ে দিতে চাই। তারপর আমাদের দেশের লোকের কাছে তাদের যেটা দেয় আছে—সে সম্বন্ধে ও আমি বলব যাতে সেটা তারা চুকিয়ে দেন।

প্রথমে আমি স্যার, এটা সমর্থন করি। যে কয়েকটা কর রেহাই-এর কথা সরকার ঘোষণা করেছেন—একটি হচ্ছে ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্রে, থিয়েটার, গান প্রভৃতি ক্ষেত্রে এবং বাংলা চলচ্চিত্রকে আশ্রয় প্রশ্রয় দেওয়ার জন্য উনি কর লাঘব বা রেহাই-এর কথা ঘোষণা করেছেন—তা অভিনন্দনযোগ্য—,এসব আমি সমর্থন করি। আর নতুন কর উনি যেগুলি প্রস্তাব করেছেন—তা ঠিক আমি বুঝতে পারছি না। কারণ উনি এবার সেই কর সম্বন্ধে কোনও আলোকপাতও করেন নাই খালি করটার কথা বলেছেন যেমন ধরুন ভূমি রাজস্বের উপর surtax-এর কথা বলেছেন সেই surtax- কি হারে হবে, কাদের উপর হবে জানি না এটা যদি ছোট মাঝারি চাষীর উপর পড়ে—,তাহলে তা হবে regressive-এটা পিছন দিকে নিয়ে যাবে। আর সত্যিসত্যি যারা বড় বড় চাষী জোতদার ইত্যাদি সম্বন্ধে তাদের উপর যদি পড়ে এটা তারা ধার্য করেন, তাহলে অবশ্য অন্য কথা। সুতরাং আমি আবার বলব—৩ একর নিশ্চয়ই, ছাড় আছে। আমি বলব কম পক্ষে ৭ একর পর্যন্ত এই Sur Tax ছাড় দিয়ে বাকির উপর এটা করা উচিত।

আর একটা হচ্ছে স্ট্যাম্প ডিউটি এই স্ট্যাম্প ডিউটি সম্পর্কে ১০ হাজার টাকার কথা বলেছেন। এই ইনফ্লেশন এর বাজারে চাষের জমি—এক একরের দাম দশ হাজার টাকা—অবশ্য অনেক ক্ষেত্রে এক একর ৫ হাজার—৬ হাজার টাকা ও আছে। সুতরাং এই স্ট্যাম্প ডিউটি গ্রামের ক্ষেত্রে—অনেক ছোট মাঝারি চাষীর উপর বেশি পড়ে যেতে পারে তিনি যদি floorটা আরও একটু তুলে দেন, তাহলে ভাল হয়। আর একটা ট্যাক্স উনি যে ঘোষণা করেছে বিলটা আপ ল্যান্ডের উপর, ভ্যাকেন্ট ল্যান্ডের উপর করেন নি। উনি করেছেন যার উপর বাড়ি উঠেছে, কিন্তু কোন বাড়ির উপরে সেটা বলেন নি, কাদের উপর বসবে সেটা বলেন নি। আমি আশা করি যারা মধ্যবিত্ত, যারা একটু বাড়ি তোলে সমগ্র সঞ্চয় দিয়ে, তার একটু অংশে থাকে, একটু অংশে ভাড়া দেয় এবং সংসার চালায় এবং কর্পোরেশনের ট্যাক্স এবং অন্যান্য ট্যাক্স দিতেই প্রাণান্ত এইটা যেন তাদের ঘাড়ের উপর না পড়ে। কলকাতা এবং শহরতলীর বিরাট বিরাট লক্ষপতি এবং বিরাট বিরাট বাড়ি রয়েছে। যদি প্রধানত এই ট্যাক্স তাদের ঘাড়ের উপর পড়ে তাহলে আমি খুশি হব। মন্ত্রী মহাশয় যে সমস্ত আর্থিক বিষয়ে দাবি করেছেন আমি সেই আলোচনাগুলিতে আসছি। এখানে তার যা প্রাপ্য সেটা আমি অস্বীকার করব না। পঞ্চবার্ষিক পরিকল্পনার ব্যাপারে এরা বলেছেন অনেক টাকা পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনাতে এরা ধার্য করছেন, টাকা দিয়ে ভাসিয়ে দেবেন এবং দারুন উন্নয়ন

করবেন এবং তা অতীতে কখনও হয়নি। আমি স্যার, একটা কথা স্বীকার করব চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাতে সারা ভারতেই খুব কম হয়েছিল এবং পশ্চিমবঙ্গের আরও কম হয়েছিল এবং সেই চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার এক বছর ছিল যুক্তফ্রন্ট সরকার, দু বছর বর্তমান সরকার, আর প্রায় এক বছর আট মাস-এর মতো রাষ্ট্রপতির শাসন, আর মাস চারেক কংগ্রেস কোয়ালিশন গভর্নমেন্ট। সুতরাং এটা একটা খুব অনিশ্চিত অবস্থার মধ্য দিয়ে গিয়েছে এবং এই সময় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যা ধার্য হয়েছিল তা অত্যন্ত কম। এবং সেটা সারা ভারতেই কম। আমি অত্যন্ত কষ্ট করে সারা ভারতের প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং তৃতীয় পরিকল্পনার পর প্ল্যান হলি ডে, তারপর চতুর্থ পরিকল্পনা এবং পঞ্চম পরিকল্পনার দ্বিতীয় বছরের হিসাব সারা ভারতবর্ষের যা পাওয়া গিয়েছে তা জোগাড় করেছি এবং স্ট্যাডি করে দেখেছি। তাতে কি দেখছি, আমি দেখছি, তৃতীয় পরিকল্পনা আর পঞ্চম পরিকল্পনার দুটি বছরে দেখছি, ইউপিতে তৃতীয় পরিকল্পনায় ছিল ৫৬০ কোটি, আর পঞ্চম পরিকল্পনার প্রথম দু বছরে তারা করেছে ৬৪৩ কোটি টাকা। মহারাষ্ট্রে তাদের তৃতীয় পরিকল্পনাতে ছিল ৪৩৩ কোটি, আর পঞ্চম পরিকল্পনার দু বছরে করেছে ৬২০ কোটি, আর মধ্যপ্রদেশ তৃতীয় পরিকল্পনায় ছিল ২৬৮ কোটি, আর পঞ্চম পরিকল্পনার দু বছরে করেছে ৩৬৭ কোটি টাকা। এই রকমভাবে অনেকগুলো রাজ্য উত্তরপ্রদেশ, বিহার, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, মহিশূর (কর্ণাটক), পাঞ্জাব তারা সকলেই এই তিনটি পরিকল্পনার চেয়ে বেশি টাকা ধার্য করেছে পঞ্চম পরিকল্পনার দু বছরে এবং পরিমাণের দিক থেকেও পশ্চিমবাংলা ৩২১ কোটি টাকা দু বছরে খরচ করেছে। সেই জায়গায় উত্তরপ্রদেশ ৬৪৩ কোটি, মহারাষ্ট্র ৬২০ কোটি, মধ্যপ্রদেশ ৩৬৭ কোটি, বিহার ৩৫৮ কোটি এই রকমভাবে অনেক বেশি টাকা খরচ করেছেন। আমি এই কথা বলি যে তৃতীয় পরিকল্পনার তুলনায় ভারতের প্রায় সব রাজ্যই এই পঞ্চম পরিকল্পনার দুটি বছরে বেশি খরচ করছে। সুতরাং এটা পশ্চিমবাংলার কোনও বিশেষ কৃতিত্ব নয়, বিশেষত্ব নয়। এর পিছনে কারণ অনেক হতে পারে। প্রথম পরিকল্পনার চেয়ে দ্বিতীয় পরিকল্পনায় ডবল হয়েছিল, দ্বিতীয়র চাইতে তৃতীয়তে ডবল হয়েছিল। চতুর্থতে সারা ভারতেই একটু কম হয়েছিল।

[3-40 — 3-50 p.m.]

অপর পাঁচটি প্রত্যেক রাজ্যে দেখা যাচ্ছে আগের তুলনায় অনেক বেশি কিম্বা আগের টোটালের প্রায় সামান্য কাছাকাছি। আমি সে ফিগার জোগাড় করেছি। আমি দেখছি সারা ভারতবর্ষের প্রথম চারটি পরিকল্পনা মিলে হয় মোট ২০ কোটি ৩৫৫ লক্ষ টাকা। প্রথম দু বছরে ৪৪১৩ কোটি—অর্থাৎ ২১.৬% সারা ভারতবর্ষে করেছে। আর পশ্চিমবাংলা করেছে ২৬.৬%। এতে দেখা যাচ্ছে সারা ভারতবর্ষের যে টোটাল তার কাছাকাছি বেশি আছে। আবার অনেকগুলি রাজ্য কমে আছে অনেকগুলি রাজ্য পশ্চিমবাংলার চেয়ে বেশি ধার্য করেছে। পারসেন্টেজের দিক থেকে বলি তৃতীয় পরিকল্পনায় পশ্চিমবাংলা সারা ভারতবর্ষের সমস্ত রাজ্যের যে টোটাল পরিকল্পনা সেখানে পশ্চিমবাংলার অংশ হচ্ছে ৭.২২ শতাংশ। ১৯৭৪-৭৫ সালে শঙ্করবাবু যে হিসাব দিয়েছেন তাতে দেখেছি সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের যে টোটাল তাতে পশ্চিমবাংলা হচ্ছে ৭.৩১। আর ১৯৭৫-৭৬ সালে ৬.৫৬ শতাংশ। তাহলে তৃতীয় পরিকল্পনায় দেখা যাচ্ছে ৭.২২ ছিল সেটা কমে পরে হল ৭.৩১ শতাংশ

প্রথমে বলে রাখি বাজেট ইত্যাদি ব্যাপারে—টাকা পয়সার ব্যাপারে কতকগুলি কথা অর্থমন্ত্রী রেখেছেন ২০ দফা কর্মসূচি সম্বন্ধে ও অন্যান্য অবস্থা সম্বন্ধে। সে সম্বন্ধে আজকে আমি খুব বেশি কিছু বলব না—দু-চারটি কথা বলতে পারি। ভূমি এবং ভূমি রাজস্ব সম্বন্ধে আলোচনার সময় পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন এর আলোচনায় আমি বলব। আমার বন্ধুরা অন্যান্য আলোচনা করবেন। আমি আজকে প্রধানত অর্থনৈতিক দিকটা নিয়ে আলোচনা করতে চাচ্ছি।

আর একটা তাঁদের প্রাপ্য দেওয়ার আছে—মাননীয় মন্ত্রী শঙ্কর ঘোষকে এবং গভর্নমেন্টকে। আমি তাদের প্রাপ্যকে চুকিয়ে দিতে চাই। তারপর আমাদের দেশের লোকের কাছে তাদের যেটা দেয় আছে—সে সম্বন্ধে ও আমি বলব যাতে সেটা তারা চুকিয়ে দেন।

প্রথমে আমি স্যার, এটা সমর্থন করি। যে কয়েকটা কর রেহাই-এর কথা সরকার ঘোষণা করেছেন—একটি হচ্ছে ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্রে, থিয়েটার, গান প্রভৃতি ক্ষেত্রে এবং বাংলা চলচ্চিত্রকে আশ্রয় প্রশ্রয় দেওয়ার জন্য উনি কর লাঘব বা রেহাই-এর কথা ঘোষণা করেছেন—তা অভিনন্দনযোগ্য—,এসব আমি সমর্থন করি। আর নতুন কর উনি যেগুলি প্রস্তাব করেছেন—তা ঠিক আমি বুঝতে পারছি না। কারণ উনি এবার সেই কর সম্বন্ধে কোনও আলোকপাতও করেন নাই খালি করটার কথা বলেছেন যেমন ধরুন ভূমি রাজস্বের উপর surtax-এর কথা বলেছেন সেই surtax- কি হারে হবে, কাদের উপর হবে জানি না এটা যদি ছোট মাঝারি চাষীর উপর পড়ে—,তাহলে তা হবে regressive-এটা পিছন দিকে নিয়ে যাবে। আর সত্যিসত্যি যারা বড় বড় চাষী জোতদার ইত্যাদি সম্বন্ধে তাদের উপর যদি পড়ে এটা তারা ধার্য করেন, তাহলে অবশ্য অন্য কথা। সুতরাং আমি আবার বলব—৩ একর নিশ্চয়ই, ছাড় আছে। আমি বলব কম পক্ষে ৭ একর পর্যন্ত এই Sur Tax ছাড় দিয়ে বাকির উপর এটা করা উচিত।

আর একটা হচ্ছে স্ট্যাম্প ডিউটি এই স্ট্যাম্প ডিউটি সম্পর্কে ১০ হাজার টাকার কথা বলেছেন। এই ইনফ্লেশন এর বাজারে চাষের জমি—এক একরের দাম দশ হাজার টাকা—অবশ্য অনেক ক্ষেত্রে এক একর ৫ হাজার—৬ হাজার টাকা ও আছে। সুতরাং এই স্ট্যাম্প ডিউটি গ্রামের ক্ষেত্রে—অনেক ছোট মাঝারি চাষীর উপর বেশি পড়ে যেতে পারে তিনি যদি floorটা আরও একটু তুলে দেন, তাহলে ভাল হয়। আর একটা ট্যাক্স উনি যে ঘোষণা করেছে বিলটা আপ ল্যান্ডের উপর, ভ্যাকেন্ট ল্যান্ডের উপর করেন নি। উনি করেছেন যার উপর বাড়ি উঠেছে, কিন্তু কোন বাড়ির উপরে সেটা বলেন নি, কাদের উপর বসবে সেটা বলেন নি। আমি আশা করি যারা মধ্যবিত্ত, যারা একটু বাড়ি তোলে সমগ্র সঞ্চয় দিয়ে, তার একটু অংশে থাকে, একটু অংশে ভাড়া দেয় এবং সংসার চালায় এবং কর্পোরেশনের ট্যাক্স এবং অন্যান্য ট্যাক্স দিতেই প্রাণান্ত এইটা যেন তাদের ঘাড়ের উপর না পড়ে। কলকাতা এবং শহরতলীর বিরাট বিরাট লক্ষপতি এবং বিরাট বিরাট বাড়ি রয়েছে। যদি প্রধানত এই ট্যাক্স তাদের ঘাড়ের উপর পড়ে তাহলে আমি খুশি হব। মন্ত্রী মহাশয় যে সমস্ত আর্থিক বিষয়ে দাবি করেছেন আমি সেই আলোচনাগুলিতে আসছি। এখানে তার যা প্রাপ্য সেটা আমি অস্বীকার করব না। পঞ্চবার্ষিক পরিকল্পনার ব্যাপারে এরা বলেছেন অনেক টাকা পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনাতে এরা ধার্য করছেন, টাকা দিয়ে ভাসিয়ে দেবেন এবং দারুন উন্নয়ন

ইনফ্রিজের দিক থেকে দেখা যাচ্ছে আমাদের প্লেস ১৩থ হয়ে গেছে। স্যার, আরও একটা জিনিস বুঝবার দরকার আছে। আমাদের এখানে ক্যাপিটাল ইনভেস্টমেন্ট কত হয়েছে—আমরা হামেশাই শুনি মুখ্যমন্ত্রী বলেন শঙ্করবাবুও বলেন যে ১৯৬৯-৭০ সালে জঙ্গলের রাজত্ব ছিল, তারপর আমরা ল অ্যান্ড অর্ডার প্রতিষ্ঠা করেছি, পুঁজিপতিরা ক্যাপিটাল ইনভেস্ট করছে, ইন্ডাস্ট্রি অনেক বেড়েছে ইত্যাদি ইত্যাদি। স্যার, এদেরই দেওয়া তথ্যে আমি দেখাচ্ছি যে কি রকম বেড়েছে—স্যার ক্যাপিটাল ইনভেস্টের যে সমীক্ষা দিয়েছেন তাতে আমার হৃদকম্পন উপস্থিত হয়েছে। স্যার, এই পুঁজিপতিদের উপর এত ভরসা তারা পশ্চিমবাংলার মানুষের জন্য কি নাই কি করে দেবে—স্যার, আমরা কি দেখছি? ঐ সমীক্ষার ১৫০ পৃষ্ঠায় আছে স্টেটওয়াইজ পেড আপ ক্যাপিটাল এবং কত ইনভেস্ট করেছে তার পারসেন্টেজ। ১৯৭১ সালে ভারতের টোটাল পেড আপ ক্যাপিটালের ১৫.৪৭ পশ্চিমবাংলায় ইনভেস্ট হয়েছে, আর ১৯৭৫ সালে টোটাল পেড আপ ক্যাপিটালের মাত্র ১১.০৯ শতাংশ ইনভেস্ট হয়েছে। এই সমীক্ষা থেকে আমার কাছে অ্যাবসলিউট ফিগার লেখা আছে। অল ইন্ডিয়ায় ৪ হাজার ৩০১.৪, আর ১৯৭১ সালে পশ্চিমবাংলায় ৬৬৫.৫ এবং ১৯৭৫ সালে ৮৩৭.৫—আরও একটি ইন্টারেস্টিং কথা হল ১৯৬৬ সালে সারা ভারতের পেড আপ ক্যাপিটালের ১৮.৪৭% পশ্চিমবাংলায় ইনভেস্টেড হয়েছিল—তাহলে কি বলতে হবে ১৯৬৬ সালে প্রফুল্ল সেনের রাজত্বকে আমাদের পুঁজিপতিরা সব চেয়ে ভাল মনে করেছিলেন এবং তারা আমাদের পশ্চিমবাংলায় দারুণ ডেভেলপ করে গিয়েছিলেন? তা নয়। কিন্তু আমি যেটা দেখছি আমাদের পুঁজিপতিরা তারা ঐসব ল অ্যান্ড অর্ডার দেখে ইনভেস্টমেন্ট করে না, মুনাফার জন্য করে। আপনি ৪ বছর রাজত্ব চালাবার পরে যদি বলেন তারা পশ্চিমবাংলায় ইনভেস্টমেন্ট করেছে তাহলে আমি বলব আমাদের সময়ে সারা ভারতে যে ইনভেস্টমেন্ট হয়েছিল সেই ইনভেস্টমেন্টের চেয়ে আরও প্রায় ৪ শতাংশ কমে গেছে এবং প্লেস ইন দি রেট অব গ্রোথ কমেছে। এখন ১৯৭১ সাল থেকে ১৯৭৫ সালে পারসেন্টেজ অব গ্রোথ ইন পেড আপ ক্যাপিটাল কত হয়েছে সেটা দেখাচ্ছি। তামিলনাড়ু ২৬.২ শতাংশ বেড়েছে, মহারাষ্ট্রের ১৭.৬৯ বেড়েছে, গুজরাটে ৯৩.০৮ বেড়েছে, বিহারে ৯৩.৮৪ বেড়েছে, ইউ পি তে ৮৭.৯৭ বেড়েছে, কেরলে ১১০.৭ বেড়েছে, আর আমাদের পশ্চিমবাংলায় মাত্র ২৫.৮ শতাংশ বেড়েছে।

[3-50 — 4-00 p.m.]

সুতরাং ভারতের একচেটিয়া পুঁজিপতিরা বা পশ্চিমবাংলার একচেটিয়া পুঁজিপতিরা আমাদের পশ্চিমবাংলাতে শিল্প বাড়িয়েছে একথা ঠিক নয়, শিল্পের জন্য বেশি ইনভেস্ট করেছে একথা ঠিক নয়। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় ১৯৭১ আর ১৯৭৫ সালে হিসাব করে যদি দেখা যায় তাহলে দেখা যাবে পাসেন্টেজ অব গ্রোথ অফ পেড-আপ ক্যাপিটাল, তাতে আমাদের স্থান হয়েছে অষ্টম। অথচ আমরা জানি ভারতবর্ষের অপেক্ষাকৃত শিল্পে উন্নত রাজ্যগুলির মধ্যে মহারাষ্ট্রের পর পশ্চিমবাংলার স্থান। কিন্তু সেই পশ্চিমবাংলায় রেট অব গ্রোথ ফ্রম ১৯৭১ টু ১৯৭৫ অত্যন্ত কম এবং আমরা ভারতবর্ষের মধ্যে অষ্টম স্থানে চলে গিয়েছি। তারপর আরও হিসাব করেছি—১৯৬৬ থেকে ১৯৭১ রেট অব গ্রোথে আমাদের পশ্চিমবাংলা সিক্সথ প্লেসে ছিল। এগুলি আপনারা একটু খতিয়ে দেখবেন। ভারত সরকারের কতকগুলি সমীক্ষা আপনারা একটু স্টাডি করে দেখবেন। এই যে বলেন, যুক্তফ্রন্ট সরকার

হয়েছিল বলে —যুক্তফ্রন্ট সরকারের অনেক কিছু অন্যায় থাকতে পারে, কিন্তু যুক্তফ্রন্ট সরকার হয়েছিল বলে এখানকার সব শিল্প বন্ধ হয়ে গিয়েছিল ক্যাপিটাল ইনভেস্টমেন্ট বন্ধ হয়ে গিয়েছিল—১৯৬৬ থেকে ১৯৭১ সালে রেট অব গ্রোথ ইন দি ইনভেস্টমেন্ট ইন পেড-আপ ক্যাপিটাল ইন ওয়েস্ট বেঙ্গল সেটা ছিল, তাতে প্লেস ছিল সিক্সথ ইন ইন্ডিয়া, আর ১৯৭৫ সালে সেই প্লেস হয় এইটথ ইন ইন্ডিয়া। সুতরাং আপনারা আইনশৃঙ্খলা করে ভীষণ ক্যাপিটাল অ্যাট্রাক্ট করেছেন, ভীষণ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হয়েছে একথা ঠিক নয়। একটা কথা ভুলে যাবেন না, আপনারা নিজেরাই বলেছেন, ৭৪ পারসেন্ট ইনফ্লেশন হয়েছে ১৯৭২ সাল থেকে। আগেরগুলি টোটাল করে যদি করেন, ৭৪ পারসেন্ট যদি করেন, তার উপরে যদি করেন দেখবেন এখন ইনভেস্টমেন্ট অনেক কম আগের তুলনায়। আমি অনেক চেষ্টা করে, যোগ করে, পার্সেন্টেজ কষে তবেই এসব কথা বলছি, ইচ্ছা করলে, এটা আপনারা চেক-আপ করতে পারেন। আমি অর্থনৈতিক অবস্থার কথা বলতে চাইছি। জনগণের অবস্থা তো আরও খারাপ। কিছু ইনভেস্টমেন্ট হলেই জনগণের অবস্থা ভাল হয়ে যায় না, প্ল্যানে কিছু খরচ হলেই জনগণের অবস্থা ভাল হয়ে যায় না। এটা একটা সোসাল প্রবলেম। জনগণের অবস্থা আজকে আরও খারাপ। কিন্তু সেটা আপনারা দাবি করছেন যে অর্থনৈতিক দিক থেকে, জেনারেল ফিগারসের দিক থেকে খুব উন্নয়ন হয়েছে আমি বলছি সেটা ঠিক নয়, এটা অলিক কথা। এমনভাবে ফিগারগুলি আপনারা প্রেজেন্ট করেছেন তাতে এটা মনে হতে পারে বটে কিন্তু আমি আপনার দেওয়া ফিগার থেকেই দেখিয়ে দিয়েছি যে আমাদের পশ্চিমবাংলায় পেড-আপ ক্যাপিটালের পজিশন ভারতবর্ষের মধ্যে নেমে গিয়েছে এবং পারসেন্টেজ অব গ্রোথ আরও নেমে গিয়েছে। এমন কি ১৯৬৬ থেকে ১৯৭১ সালের ভেতরে যে ক্যাপিটাল ইনভেস্টেড হয়েছে তার যে পারসেন্টেজ অব গ্রোথ সে তুলনায়ও এখন নেমে গিয়েছে। এবারে আমি প্রোডাকশনের কথা বলব। এগ্রিকালচারাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনের যে ফিগার দিয়েছেন সেটা চমৎকার। এগ্রিকালচারাল প্রোডাকশনের ফিগারে দেখছি, ১৯৭১-৭২ সালের সূচক সংখ্যায়, ফুড গ্রেন্সে ১৮৩.৯৪, তার পরের বছর সাংঘাতিক কমে গেল ১৫৭.৬৫, তারপরের বছর ১৫৯.৫৪, আবার ১৯৭৪-৭৫ সালে বেড়ে হয়েছে ১৮৩.১৭।

১৯৭৫-৭৬-এর সূচক সংখ্যা এই বইতে নেই, এখনও ওয়ার্ক আউট হয়নি, হলে ছাপা হত। কিন্তু যা ছাপা আছে ১৯৭১-৭২ সালে ১৮৩.৯৪। ১৯৭৪-৭৫ সালে অনেক কমে গিয়ে বেড়ে ১৮৪.১৫ হয়েছে। অর্থাৎ ১৯৭১-৭২ সালের তুলনায় ১৯৭৪-৭৫ সালে ফুড গ্রেন প্রোডাকশন কম। অলকমবাইন, এগ্রিকালচারে অল কমবাইন—১৯৭১-৭২ সালে ছিল ১৮৪.২১, ১৯৭৪-৭৫ সালে কমে গেল। আপনাদের রাজত্বের প্রথম ২ বছরে খুব কমে গেল ১৫৯, ১৬৭ হয়ে গেল। আবার বেড়ে ১৯৭৪-৭৫ সালে ১৮১.২ হয়েছে। এখন পর্যন্ত এই ১৯৭৪-৭৫ সালে ১৯৭১-৭২ সালের তুলনায় কম। আর যদি প্রোডাক্টিভিটি দেখেন তাহলে আরও সাংঘাতিক। প্রোডাক্টিভিটি ফিগার দেখছি ১৯৭১-৭২ সালে প্রোডাক্টিটিভি আপনার সিরিয়ালে ১২৬.২ অল কমবাইন ১২৯.৮ আর ১৯৭৪-৭৫ সালে ১২৬ এর জায়গায় কমে ১১৭.৩ আর ১২৯ কম হচ্ছে ১২৪.৬০। তার মাঝে আরও কমে গিয়েছিল আবার খানিকটা বেড়েছে। এগ্রিকালচারাল প্রোডাকশন ১৯৭১-৭২ সালের তুলনায় ১৯৭৪-৭৫ সালে অনেক কম আছে এবং সেগুলি বিভিন্ন ভাগে ভাগ করে ওরা দেখিয়েছেন। রাইস, হুইট প্রভৃতিতে

আমি আপনাদের দেখাতে পারি যে চলতি ধারণা ঠিক নয়। বোরো, আমন, আউস, হুইট ইত্যাদি সমস্ত দিক থেকে দেখাতে পারি। হুইটে দেখুন, ১৯৭১-৭২ সালে ছিল ৪১১৩.৯২ সূচক আর ১৯৭৪-৭৫ সালে হয়েছে ৩৭৩৬.৭৯ সূচক। তার মাঝের ২ বছরে আরও অনেক কম ছিল ৩ হাজার ৭২, ২ হাজার ১০৮। এখন অবশ্য বেড়ে ৩ হাজার ৭৩৬ হয়েছে কিন্তু এখনও কম। ১৯৭১-৭২ সালের ৪১১৩.৯২ সেই তুলনায় কম। স্যার, ইন্ডাস্ট্রির অবস্থা কি হয়েছে? ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনে দেখা যাচ্ছে প্রোডাকশন অব সিলেকটেড ইন্ডাস্ট্রিজ-এর ১৪৭ পৃষ্ঠায় সেখানে জুটে ১৯৭১ সালে ১ হাজার ৮৭ আর ১৯৭৪ সালে ৯৪৭ থাউজেন্ড টনস এক হাজার ৮৭, আর ৯৪৭। তেমনি কাপড়ের উৎপাদন দেখুন এখানে থাউজেন্ড মিটারস আছে ১ লক্ষ ১৪ হাজার ৯২২.৪ সামান্য বেড়েছে ফিগার। স্টিল ইনগট বাড়েনি, সেমি ফিনিশড স্টিলে বাড়েনি, ফিনিশড স্টিলে বাড়েনি। ম্যাচ বক্স ৬ হাজার ৯৯ থাউজেন্ড গ্রস বক্সে তার জায়গা হয়েছে ৬ হাজার ৩১ এই কয় বছরে। পেপার বুক তাতেও দেখছি অনেক কমে গেছে, ১ লক্ষ ৩৭ হাজার তার জায়গায় হয়েছে ৮৯ হাজার ৮০০। তারপর ইনডেক্স নাম্বার, পার ক্যাপিটা নট আউটপুট কত বেড়েছে পশ্চিমবাংলায়? ৮৬ পৃষ্ঠায় এই সমীক্ষায় তাতে ১৯৭১-৭২ সালে সারা ভারতে সূচক ছিল ২১৬.১ আর পশ্চিমবাংলায় সূচক ছিল ২০৪.৭। আর ১৯৭৩-৭৪ সালে হয়েছে সারা ভারতে ২৭৮.০ আর পশ্চিমবাংলায় ২২৯.৮ তার মানে কি দাঁড়িয়েছে? সারা ভারতে গ্রোথ এর তুলনায় পশ্চিমবাংলায় ১৯৬১ সাল থেকে যদি হিসাব করেন তাহলে ১৯৭১ হিসাবে ৫.২৭ পারসেন্ট পিছিয়ে ছিল। আর ১৯৭১-৭৩ সালে ১১.৬ পারসেন্ট পিছিয়ে ছিল আর ১৯৭৩-৭৪ সালে ১৭.৩৪ পারসেন্ট পিছিয়ে আছে।

[4-00 — 4-10 p.m.]

ভারতবর্ষে যে নেট প্রোডাক্টের পার ক্যাপিটা নেট আউট পুট, সেটা পশ্চিমবাংলায় সারা ভারতের হিসাবের তুলনায় কমে যাচ্ছে। প্রথমে পাঁচ কমে গিয়েছিল, তার পরের বছর ১১.৬৫ কমে গেল এখন ১৭.৩৫ কমে গেছে। তারপর আসুন লোকের রোজগার সম্পর্কে। খুব তো বড় বড় বক্তৃতা করলেন, কেন এই তথ্যগুলো দিলেন জানি না। ৮৫ পৃষ্ঠায় দেখুন, ডোমেস্টিক প্রোডাক্টস ওয়ান থাউজেন্ড ইন কারেন্ট প্রাইসেস, তাতে এগ্রিকালচার, ফরেস্ট্রি, ফিশারি, ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি, রেজিস্টার্ড, আনরেজিস্টার্ড কনস্ট্রাকশন, ইলেকট্রিসিটি, গ্যাস ইত্যাদি রয়েছে। তাতে আমি দেখছি যে টোটাল ১৯৭১-৭২ সালে ছিল ৩ হাজার ৬২৫.৮৯, সেটা ১৯৭৪-৭৫ সালে হয়েছে ৫ হাজার ১১৭.৪৭। যদি ৭৪ পারসেন্ট ইনফ্লেশন হয়ে থাকে ১৯৭১-৭২ সাল থেকে ১৯৭৪-৭৫ সাল পর্যন্ত যে কথা মন্ত্রী মহাশয় বলেছেন তাহলে ১৯৭১-৭২ সালে যে প্রোডাক্ট ছিল কনস্টান্ট প্রাইস, সেই প্রোডাক্ট যদি থাকতো তাহলে তার দাম হত ৫ হাজার ৪৪৮, কিন্তু হয়েছে কত? হয়েছে ৫ হাজার ১১৭.৪৭। তার মানে রিয়্যাল টার্মসে কনস্ট্যান্ট প্রাইসের যদি হিসাব করেন তাহলে ১৯৭১-৭২ সালে পশ্চিমবাংলার যে প্রোডাক্ট, সেটার তুলনায় ১৯৭৪-৭৫ সালে পশ্চিমবাংলার প্রোডাক্ট কমে গেছে অন্তত ৩৩১ কোটি টাকা। এবার দেখুন পার ক্যাপিটা কি হবে। যদি কনস্ট্যান্ট প্রাইসে ১৯৭১-৭২ সালের তুলনায় ১৯৭৪-৭৫ সালে প্রোডাক্ট কম হয়ে থাকে— জনসংখ্যা বেড়েছে, তাহলে পার ক্যাপিটা ইনকাম কি হবে। আমি ওয়ার্ক আউট করেছি দেখুন, ১৯৭১-৭২ সালে ৮১০,

আর ১৯৭৪-৭৫ সালে ১০৬৫, যদি ৭৪ পারসেন্ট ইনফ্রেশন হয়ে থাকে। তাহলে ১৯৭১-৭২ সালে যা পার ক্যাপিটা ইনকাম ছিল তাকে রক্ষা করবার জন্য কত প্রয়োজন ছিল? দরকার ছিল ১৪১৭.৫, কিন্তু হচ্ছে ১০৬৫। সুতরাং পার ক্যাপিটা ইনকাম অ্যাকচুয়ালি রিয়্যাল টার্মসে যদি বলেন তাহলে ১৯৭১-৭২ সালের তুলনায় ১৯৭৪-৭৫ সালে কমে গেছে। টাকার অঙ্কের হিসাব একটু বেশি দেখিয়ে বাজি মাৎ করেছেন। আমি জানি টাকার দাম অনেক কমে গেছে, কিন্তু মুদ্রাস্ফীতি হয়েছে ৭৪ পারসেন্ট, তাহলে পার ক্যাপিটা ইনকাম ১৯৭১-৭২ সালে যা ছিল ১৯৭৪-৭৫ সালে তার চেয়ে কম, বেশি নয় এবং আমি প্রমাণ করে দিয়েছি, অন্তত ৩৫২.২ টাকা কম, যেটা হওয়া উচিত ছিল ইনফ্রেশনের দিক থেকে তার চেয়ে ৩৫২.২ টাকা কম। সুতরাং এই ইনফ্রেশনের বাজারে টাকার অঙ্ক দেখিয়ে দিয়েছেন কিন্তু রিয়্যাল টার্মসে প্রোডাক্ট কমে গেছে। পশ্চিমবাংলার পার ক্যাপিটা ইনকাম আরও কমে গেছে, এই হচ্ছে পরিস্থিতি।

স্যার, এই পরিস্থিতি হওয়ার কারণ কি? অন্য কোনও দিক থেকে, আমাদের অর্থনৈতিক দিক থেকে কি সুবিধা হয়েছে বলতে পারেন? ১৫৯ পৃষ্ঠায় শিডিউল্ড ব্যাঙ্কদের অ্যাডভান্স এবং ডিপোজিট-এর পারসেন্টেজ দেওয়া আছে, টোটাল অ্যামাউন্ট দেওয়া আছে এবং পারসেন্টেজ দেওয়া আছে। কয়েকটি রাজ্যের তুলনায় ওয়েস্ট বেঙ্গল—গুজরাট, মহারাষ্ট্র, কেরালা, তামিলনাড়ু, পাঞ্জাব, ইউ পি আমি সবগুলি দেখেছি তার মধ্যে রুর‍্যাল যেটা তাতে আমাদের পশ্চিমবাংলা সব চেয়ে বেশি পিছিয়ে আছে। আমাদের পশ্চিমবাংলা বিশেষ করে গুজরাট, মহারাষ্ট্র, কেরালা, তামিলনাড়ু, পাঞ্জাব, ইউ পি-র তুলনায় পিছিয়ে আছে। সেখানে আমরা কি দেখছি? ডিপোজিট এবং অ্যাডভান্স হচ্ছে ২১.৯৭% আমাদের, আর গুজরাটের ৩০.৪১% ,কেরালায় ৫১.৫৫%, তামিলনাড়ুতে ১২০.৫০% ইউ পিতে ৪৪.৪৫% মহারাষ্ট্রে ৭৪.১১% এমন কি যে পাঞ্জাব যেখানে ইতিমধ্যে বহু সুবিধা হয়েছে সেখানেও ২১.৩৩%। তাহলে ব্যাঙ্ক যে ডিপোজিট নেয় এবং যে অ্যাডভান্স দেয় তার পারসেন্টেজে পশ্চিমবাংলা কোথায় দাঁড়িয়ে আছে? এবং তাই যদি হয় তাহলে স্যার, কি হবে? স্টেট ওয়াইজ ডিস্ট্রিবিউশন অফ ব্যাঙ্ক অফিসেস কত বেড়েছে, তারও স্যার, আমি একটা হিসাব করে দেখছি যে, আমাদের পশ্চিমবাংলার ইলেভেন্থ পজিশন, ১১ নম্বর পজিশন পশ্চিমবাংলার, আর শিল্পের দিক থেকে ভারতের দ্বিতীয় অগ্রসর রাজ্য হচ্ছে পশ্চিমবাংলা। স্টেট ওয়াইজ ডিস্ট্রিবিউশন অফ ব্যাঙ্ক অফিসেস, এখানে দেখছি পশ্চিমবাংলার ১১ নং প্লেস আর এই পিরিয়ডে ইউ পি-তে বেড়েছে ৪৭টি। পশ্চিমবাংলায় এই পিরিয়ডে ৪১-টি বেড়েছে। কিন্তু টোটাল যে ব্যাঙ্ক অফিসেস রয়েছে তাতে আমরা দেখছি ইউ পি, মহারাষ্ট্র, তামিলনাড়ু, কর্ণাটক, অন্ধ্র, গুজরাট, কেরালা, এমন যে কেরালা তারও ২২৪, আর ওয়েস্ট বেঙ্গলের ২০৮, এতগুলি রাজ্যের পরে স্থান আমাদের ওয়েস্ট বেঙ্গলের। আর এখানে একটা অফিস ১০০০ পপুলেশনকে সার্ভ করবে। পপুলেশনের দিক থেকে সেদিক থেকেও আমরা দেখছি ওয়েস্ট বেঙ্গল এইটথ পজিশনে রয়েছে, ৮ম স্থানে রয়েছে। আর ঐসব রাজ্যে আরও অনেক কম লোকের জন্য একটা করে বাঙ্কের শাখা আছে, পশ্চিমবাংলায় নেই। সুতরাং এখনও পর্যন্ত শিডিউল্ড ব্যাঙ্কের কি, তা দেখা যাচ্ছে।

স্যার, তারপর জোনাল অ্যান্ড স্টেট ওয়াইজ ইনভেস্টমেন্ট বাই এল আই সি দেখুন। পশ্চিমবাংলায় ১৯৭৩-৭৪ সালে টোটাল ইনভেস্টমেন্ট পারসেন্টেজ, পারসেন্টেজের দিক থেকে

৯.৬৩% ছিল, আর ৭৫ সালে কমে গিয়ে হচ্ছে ৮.৮৪%। গুজরাটে বেড়েছে ১০.১২% , মহারাষ্ট্রে হচ্ছে ১৫.৫২%। সুতরাং এল আই সি এই কীর্তি করছে। তারপর ব্যাঙ্ক ক্রেডিট কি দিচ্ছে, গত বছরে বাজেট বক্তৃতার সময় আমি চিৎকার করে শঙ্কর বাবুকে বলেছি, কত টাকা তারা ক্রেডিট দেয় আমাদের গ্রামীণ শিল্পকে কুটির শিল্পকে কিন্তু তার প্রতি বছরে হিসাব দেখছি এগ্রিকালচারে মাত্র ২০ কোটি টাকা, প্ল্যানটেশনে ৫০ কোটি ৭৫ লক্ষ টাকা, তারপর মাইনিং-এ কিছু টাকা, ম্যানুফ্যাকচারিং-এ ৬৯০ কোটি ৯৩ লক্ষ টাকা, এমন কি হোলসেল ট্রেডের ইন্ডাষ্ট্রিতে টোটাল ৭৬১ কোটি টাকা তার ভেতর স্মল স্কেল ইন্ডাষ্ট্রিতে কত, না ৭৫ কোটি টাকা। ৬৯০ কোটি টাকা ম্যানুফ্যাকচারিং ইন্ডাষ্ট্রিতে টোটাল ৭৬১ কোটি টাকার মধ্যে। আর স্মল স্কেলে মাত্র ৭৫ কোটি টাকা। আর্টিসেন্স অ্যান্ড ক্রাফ্টসম্যান তার মধ্যে ১ কোটি ১ লক্ষ ৭৩ হাজার। তাহলে গ্রন্ড টোটাল হচ্ছে ১ হাজার ৫০ কোটি ৬৮ লক্ষ ৭০ হাজার টাকা। ১ হাজার ৫০ কোটি টাকার ভেতর কৃষকদের জন্য ডাইরেক্ট এবং ইনডাইরেক্ট মিলিয়ে মাত্র ২০ কোটি টাকা। আর আর্টিসন অ্যান্ড ক্রাফটস-ম্যানদের জন্য হচ্ছে ১ কোটি টাকা।

[4-10 — 4-20 p.m.]

এই হচ্ছে পরিস্থিতি। সোশ্যাল অবস্থায় কিছু পরিবর্তন হয়নি। ইনভেস্টমেন্টের যে দৃষ্টিভঙ্গি এবং তার যে নর্মস তাতে কৃষি হ্যান্ডিক্রাফটস, এবং স্মল ইন্ডাস্ট্রি-র জন্য কিছু বাড়লেও এটাই হচ্ছে অবস্থা। এটাই হচ্ছে টাকার ইনভেস্টমেন্ট, কৃষির কিছু উন্নতি হয়েছে বলছেন। এবার ৫২ লক্ষ টাকা বাড়ছে। সারা ভারতবর্ষেও পশ্চিমবাংলায় এবার ভাল প্রোডাকশন হয়েছে। কিন্তু কৃষির ফিগারগুলি যা দিয়েছেন তাতে দেখবেন একটা সাইকেল তা ১৯৭১-৭২ সালের তুলনায় ১৯৭৩-৭৪, ১৯৭৪-৭৫ এবং ১৯৭৫-৭৬ সালে কম হবে। কারণ ক্যানেল ইরিগেশনের অবস্থা কি? সেখানে বলছেন ১৬ পৃষ্ঠায় আছে খারিফ সেশন ১৯৭৫ সালে ৭ লক্ষ ৭৬ হাজার হেক্টর হয়েছে। তার আগে ২৪ হাজার হেক্টরে ক্যানেল ইরিগেশন হোত। অর্থাৎ টোটাল ক্যানেল ইরিগেশন তাতে যে চাষ হয় সেটা যদি ধরেন তাহলে ১ কোটি ৩৮ লক্ষ একরের ভেতর ওনলি ১৫। অর্থাৎ ক্যানেল ইরিগেশন পশ্চিমবাংলায় চাষের জমির মাত্র শতকরা ১৫ ভাগ। এছাড়া যে ইরিগেশন এগ্রিকালচার ডিপার্টমেন্ট করে তাতে আর ৫ ভাগ হয় প্রাইভেট ইত্যাদি পুকুর, বিলের মাধ্যমে যা করে তাতে কিছু বাড়িয়ে বলে। এই যদি রেট অফ গ্রোথ মিলিয়ে ১ কোটি ৩৮ লক্ষ ভেতর সমস্ত কিছু ইরিগেশন মিলিয়ে ১ লক্ষ ১০ হাজার একর যদি ধরা হয় তাহলে সেটা ১% এর চেয়ে কম যে সেটা বুঝতে হবে। অর্থাৎ পশ্চিমবাংলায় চাষের জমি ০.৪% আমি ইরিগেশন মিনিস্টার ছিলাম, তাতে জানি যে এসব বাড়িয়ে বাড়িয়ে করা হয়। ১৯৬৯-৭০ সালে আমি ফ্লো-ইরিগেশন কিছু বাড়িয়েছিলাম। আর যে স্কীম নিয়ে খুব চেষ্টা করেছিলাম সেই উত্তরবঙ্গে তিস্তা ব্যারেজ প্রোজেক্ট সেটা এত দিন পরে যে হতে চলেছে তারজন্য আপনাদের সাধুবাদ জানাই। এটা যদি কার্যকরী হয় তাহলে অনেক উপকার হবে। কিন্তু এখনও পর্যন্ত রেট অফ গ্রোথ ইন ইরিগেশন এত পুয়োর যে তার উপর কোনও দেশ ভরসা করতে পারে না। এবার এমপ্লয়মেন্টের অবস্থা কি সেটা দেখি। এটা পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি। ভগবতী কমিটি বলেছে ৮৯ লক্ষ বেকার সারা ভারতবর্ষে আছে। আমাদের পশ্চিমবঙ্গের বেকার যে বেড়েছে তাতে সন্দেহ নেই।

এ বিষয়ে কোনও ভাল রকম সমীক্ষা হয়নি। অর্থাৎ বেকারের সংখ্যা জানাবার জন্য। ৩৩ পৃষ্ঠায় যে সমীক্ষা মন্ত্রী মহাশয় দিয়েছেন তাতে দেখছি ১৯৭৩-৭৪, ১৯৭৪-৭৫ সালে জানুয়ারি টু সেপ্টেম্বর রেজিস্ট্রেশন কম হয়েছে। প্লেসড ইন এমপ্লয়মেন্ট ১৯৭৩ সালে ২৭.৩ এবং ১৯৭৫ সালে ১০.২ অন ফি রেজিস্ট্রেশন এই সময়ে ১৫ লক্ষ ৬৩ হাজার থেকে বেড়ে গেল ১৬ লক্ষ ২০ হাজার এবং আবার এর থেকে বেড়ে ১৯৭৫ সালে হল ১৭ লক্ষ ২০ হাজার। ওরা বলছেন যে নাম রেজিস্ট্রি করেনি নানা কারণে। যদি নাম রেজিস্ট্রি না করে নানা কারণে তা সত্ত্বেও যদি দেখা যায় যে রেজিস্ট্রারে এটা রয়ে গেছে এবং সেটা বছরে বছরে বাড়ছে। আর ভেকেন্সি নোটিফায়েড দেখুন ১৯৭৩ সালে ৫১.৫, ১৯৭৪ সালে ৩৫.৪, ১৯৭৪ সালে ২৭.৭ ১৯৭৫ সালে ২৩.৭ ডু দিস ফিগার নিড এনিথিং অর নট? বক্তৃতা করে কি হয় আমি জানি না। আপনি যে ফিগার দিয়েছেন তার যদি কোনও মানে থাকে তাহলে ১৯৭৩ সালে ভেকেন্সিজ নোটিফায়েড ৫১.৫ হাজার, ১৯৭৪ সালে ৩৫.৪ হাজার, ১৯৭৪-৭৫ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ২৭.৭ হাজার, ২৩.৭ হাজার, ভেকেন্সি নোটিফায়েড ক্রমশ কমে যাচ্ছে, এর অর্থ কি সেটা ভাল করে বুঝিয়ে বলবেন। স্যার, হোলসেল প্রাইসের অবস্থা কি, আপনারা যে ফিগার ১৬৬ পৃষ্ঠায় দিয়েছেন তাতে কি দেখছি, ইন্ডাস্ট্রিয়াল র-মেটিরিয়াল, চাষী যেগুলি বিক্রি করে ৪৯ কমে গেছে ইনডেক্স, অপর দিকে ইন্ডাস্ট্রিয়াল প্রোডাক্ট ৩০ কমেছে। তাহলে ইন্ডাস্ট্রিয়াল র-মেটিরিয়ালের দাম যে পরিমাণে কমেছে ইন্ডাস্ট্রিয়াল প্রোডাক্টের দাম সেই সেই পরিমাণে কমেনি। তারপর ফুড আর্টিকেলস ১৯৭৫ সালের অক্টোবর পর্যন্ত যেটা বলছেন প্লাস ১২ হয়েছে সেটা অ্যাভারেজ মিলে মাইনাস ১২ হয়েছে স্টেট গভর্নমেন্ট ফাইন্সিয়াল পজিশন, জয়নাল সাহেব উঠে গেছেন ভাল করেছেন, এতে দেখছি দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড ১২৮ লক্ষ টাকা লোকসান। দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডে ১২৮ লক্ষ টাকা লোকসান ছিল সেটা বেড়ে হয়েছে ৩৩২ লক্ষ টাকা, দুর্গাপুর কেমিক্যালসে ১০৫ লক্ষ ছিল, সেটা বেড়ে হয়েছে ১৭৭ লক্ষ টাকা, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ৫৭১ লক্ষ টাকা ছিল, সেটা বেড়ে হয়েছে ৬০৯ লক্ষ টাকা। আউট অব ২৪ সবগুলিতে লোকসান হয়েছে, মাত্র তিনটিতে লাভ হয়েছে, সিংকোনা, লক ফ্যাক্টরি এবং ম্যানুয়্যাল ব্রিক প্রোডাকশনে। মজুররা হাতে করে যে ইঁট তৈরি করে সরকারি কারখানায় সেই কারখানায় লাভ হয়েছে। প্রিন্সিপ্যাল ক্রপসের কথা আমি বলছি না, আমি যেটা বললাম সেটার অর্থ আমি পরিষ্কার করে দিতে চাই, সেটার অর্থ হচ্ছে এই সামাজিক দিক থেকে না দেখেও টাকা কার কাছে যাচ্ছে, কোন শ্রেণীর অবস্থা কি হচ্ছে সেই বিচারে যদি বলেন তাহলে আমি বলব টাকা বড়দের কাছে বেশি যাচ্ছে, ছোটদের কাছে তারপরে যাচ্ছে, গরিবদের অবস্থা অত্যন্ত শোচনীয়। কিন্তু সেই সামাজিক টার্মসে বিচার করার আগে টাকার অঙ্কে বিচার করলে আমরা দেখছি পশ্চিমবঙ্গে এই ৪ বছরে আমাদের অবস্থা কি ভাল হল? ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে কমপ্যারিজনে শুধু বলছি না, অ্যাবসলিউট টার্মসে ১৯৭১-৭২ সালের সঙ্গে ১৯৭৫-৭৬ সালের তুলনা করলে দেখা যায় যে অবস্থা ভাল হয়নি। সুতরাং আত্মসন্তুষ্টির কোনও অবকাশ নেই এবং আমাদের একথা বোঝা দরকার যে সিরিয়াসলি আমাদের ইন্ডাস্ট্রি এবং এগ্রিকালচারে একটা উদ্যমে আনতে হবে। আমি আগেও বলেছি, আবার বলছি, হয়ত যাঁদের বলছি তারা গ্রাহ্য করবেন না, কিন্তু আমি একথা বলব যে গতানুগতিক কায়দায় পশ্চিমবঙ্গকে আপনারা বাঁচিয়ে দেবেন, পশ্চিমবঙ্গের বেকার সমস্যার সমাধান করে দেবেন, পশ্চিমবঙ্গের দারিদ্র্যের সমাধান করে দেবেন, অসম্ভব।

[4-20 — 4-30 p.m.]

৪ বছরে প্রমাণ হয়ে গেছে সেদিকে আমরা পিছিয়ে গেছি। উচ্ছ্বাস যদি আনতে চান এগ্রিকালচারে তাহলে দরিদ্র চাষী, প্রান্তিক চাষী এবং ক্ষুদ্র চাষীদের উপর আপনাদের ভরসা করতে হবে। লেট দেম ফিল এই গভর্নমেন্ট সর্ববিষয়ে তাদের সহায়তা করছে এবং শুধু তাই নয়, তাদের সংঘবদ্ধ সহযোগিতার উপর গভর্নমেন্টকে নির্ভর করতে হবে। গত পরশু দিন আমাদের প্রধানমন্ত্রী বলেছেন, আমরা জনসহযোগিতা চাই। তিনি বলেছেন এটা নাহলে চলবে না। এর মানে কি? এর মানে হচ্ছে সর্ববিষয়ে জনসহযোগিতা, কৃষির ক্ষেত্রে জনসহযোগিতা, শিল্প ক্ষেত্রে জন সহযোগিতা। এই জনসহযোগিতা যদি আপনারা না নেন তাহলে তাদের ভিতর কি করে উৎসাহ আসবে? আপনি বেশি করে হয়ত ইমপুট দেবেন কিন্তু তাতে তেমন কোনও ফল হবে না। সার বাড়ানো হল, গ্রাউন্ড ওয়াটার বাড়ানো হল, পেস্টিসাইড হাই-ইলডিং সিড বাড়ানো হল অথচ সমস্ত জমি মিলিয়ে দেখা যাচ্ছে টোটাল এগ্রিকালচারাল প্রোডাকশন কমে যাচ্ছে। আপনি গভর্নমেন্টের তরফ থেকে যে ইমপুট দিচ্ছেন তাতে কিছু হবে না। আমাদের এই গরিব দেশের সাধারণ কৃষকদের মধ্যে আপনি যদি উৎসাহ সৃষ্টি করতে না পারেন, তাদের যদি অর্গানাইজ করতে না পারেন, তাদের মিউচুয়াল হেল্প যদি না করেন, তাদের হাতে যদি ক্ষমতা না দেন তাহলে আপনার এগ্রিকালচারাল প্রোডাকশন বাড়বে না। কুটির শিল্পের ক্ষেত্রে হয়ত কতগুলি তথ্য তোলা হবে যে আমাদের ১৪ হাজার লোক বেশি কাজ পেয়েছে কিন্তু স্মল ইন্ডাস্ট্রি, কটেজ ইন্ডাস্ট্রি সেক্টরে কতগুলি উঠে গেছে সেই সমীক্ষা করেছেন কি? এইসব ফিগার যাঁরা আপনাদের সাপ্লাই করেন তাঁরা কি কারচুপি করেন সেটা দেখেছেন কি? আমি বলব কৃষি, কুটির শিল্প, ক্ষুদ্র শিল্পকে বিশেষ ভাবে সাহায্য করবার জন্য, উৎসাহিত করবার জন্য সমস্ত জিনিস ঢেলে সাজাতে হবে সমস্ত কিছুর আমূল পরিবর্তন করতে হবে, সমস্ত দৃষ্টিভঙ্গি এবং ব্যবস্থার পরিবর্তন করতে হবে। একচেটিয়া পুঁজিপতিদের উপর আপনারা নির্ভর করেন— তারা এই ৪ বছরে কি করেছে, তারা কি বলছে সেটা দেখেছেন কি? তারা বলছেন আমাদের পক্ষের গভর্নমেন্ট হয়েছে, আমরা ওয়ার্কারকে চেপে রেখে দিয়েছি, তারা মনে করেন এটা আমাদের গভর্নমেন্ট। তারা কি করছেন সেটা দেখেছেন কি? তারা অতি মুনাফা ছাড়া আর কিছু বোঝে না এবং সেদিকে যাবার জন্য যা যা করা দরকার সেটাই তারা করছেন। মানুষকে চাকুরি দেবার জন্য বা তাদের স্বার্থের জন্য নয়, তাদের নিজেদের মুনাফা বাড়াবার জন্য যদি প্রোডাকশন বাড়াতে হয় তাহলে সেটা তারা করবে, ক্লোজার করে, ওয়ার্কার্স লেঅফ করে যদি মুনাফা বাড়াতে হয় তাহলে সেটা তারা করবে, হাইপ্রাইস করে যদি মুনাফা বাড়াতে হয় তাহলে সেটা তারা করবে। এদের উপর ভরসা করে সমাজতন্ত্র আসবে না, সমাজবাদ তো দূরের কথা। আপনারা একচেটিয়া পুঁজিকে ভেঙ্গে দিন, তাদের আপনারা আপনাদের নিজেদের কবজায় আনুন এবং শ্রমিককে উৎসাহিত করুন। আপনারা শ্রমিকদের প্রোডাকশনের, ম্যানেজমেন্টের দায়িত্ব দিন—এতে খুব উপকার হবে। সাধারণ অর্থনীতি সম্বন্ধে এই কথাগুলি আমি বললাম। লেবার সম্বন্ধে আমি কিছু বলতে চাই না, অন্যরা বলবেন। মালিকরা যে কান্ড কারখানা করছে, তারা যে চাপ দিচ্ছে লেবারদের উপরে সে সম্বন্ধে অন্যরা বলবেন। আমি অল্প একটু ফরাক্কা ব্যারেজ সম্বন্ধে এবং ঋণগ্রস্ত কৃষকদের সম্বন্ধে বলে আমার বক্তব্য শেষ করব।

ফরাক্কা ব্যারেজ, স্যার আপনারা জানেন—আমাদের পশ্চিমবঙ্গে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আমি যখন ছিলাম তখন শ্রমিকদের সম্পর্কে অনেক কথাবার্তা হয়েছিল, যে ব্যারাজ হয়ে যাবার পর যদিও এটার মালিক কেন্দ্রীয় সরকার ব্যারাজের কন্ট্রোলটা পশ্চিমবাংলার হাতে থাকবে। আমি স্যার, সেদিন ফরাক্কা গিয়েছিলাম, আমাদের একটা কৃষক সম্মেলন ছিল, সেখানে অনেকের সঙ্গে দেখা হল, কথাবার্তা হল, জানলাম ফরাক্কার কন্ট্রোল পশ্চিমবঙ্গের হাতে নাই। দ্বিতীয় এই ব্যারাজকে কার্যকর করবার জন্য তার ক্যানেলের যে গভীরতা ক্যানেলকে সেই গভীর ভাবে কাটা হয়নি। ক্যানেলের প্রস্থের দিকটা আমি বাদ দিচ্ছি গভীরতার কথা বলছি। তৃতীয়ত ফরাক্কা ব্যারাজ হওয়ার সঙ্গে সঙ্গে ডাউনে মুর্শিদাবাদের যে জমি ভেঙ্গে যাবে সেটাকে বিবেচনা করে আগে থেকে তার প্রটেকশন এর জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা ছিল যে তারা উপযুক্ত টাকা দেবেন প্রোটেকশনের ব্যবস্থা করবার জন্য। কিন্তু গ্রামের পর গ্রাম ভেসে যাচ্ছে স্যার, আমি সেদিন গিয়ে দেখে এলাম গ্রামগুলি সব জলের মধ্যে। চতুর্থ কথা ক্যানেল হবার পর জলনিকাশির ব্যবস্থা বদলাবার দরকার হবে আমি জানতাম। সেজন্য আমরা একজন বিশেষ অফিসার নিয়োগ করেছিলাম এবং সার্ভে করা হচ্ছিল। ক্যানেল হয়ে গেলে এই দিক দিয়ে যে জল চলে যেত সেটি কোন দিক দিয়ে যাবে—এই ক্যানেলের জল ভাগীরথীতে পড়লে তারজন্য পলি বাড়বে। সেখান দিয়ে যে জল যাবে না, কোথা দিয়ে যাবে? খুব দুঃখের কথা স্যার, আমি সেখানে গিয়ে দেখলাম গ্রাম মাঠ সব জলমগ্ন হয়ে আছে, ক্যানেল হওয়ার জন্য যে জল বইতো গঙ্গায় সেটা যেতে পারছে না, তারজন্য জলমগ্ন হয়ে আছে। পঞ্চম কথা ক্যানেল পারপারের জন্য ব্রিজ করে দেওয়ার কথা—একটি ব্রিজএর আমাদের ইরিগেশন মিনিস্টার ভিত্তি স্থাপন করে এসেছিলেন, সেই প্রস্তর দেখে এলাম, কিন্তু ব্রিজের ধারে কাছে কোনও পাথর নাই। তার পরের কথা স্যার, কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা ছিল যে ওখানে আমাদের একটা ইউনিয়ন পোর্ট হবে, কিন্তু তার কোনও লক্ষ্যণই দেখলাম না। তারপরে স্যার, ওখানে একটা বিরাট ওয়ার্কশপ রয়েছে। আমাদের ব্যারেজ প্রোজেক্টের সব জিনিসপত্র নষ্ট হয়ে গেল, কোটি কোটি টাকার কত মেশিনপত্র ওখান থেকে চালান হয়ে গেল, কতক জলের দরে বিক্রি করে দেওয়া হল, আমি তখন বলেছিলাম এগুলি আপনারা ওরকম করে নষ্ট করবেন না, এগুলি আপনারা পশ্চিমবঙ্গ সরকারকে দিয়ে দিন তিস্তা মহানন্দা ব্যারেজ প্রোজেক্টের জন্য। সেসব তো হল না। এখন যে ওয়ার্কশপ রয়েছে, কথা ছিল ওয়ার্কশপটার ডেভেলপ করা হবে, কিন্তু তার কোনও লক্ষ্যণই দেখলাম না। তারপর ট্রান্সপোর্টের কোনও ব্যবস্থাই নেই। বিল্ডিংএর জন্য কত কোটি কোটি টাকা খরচ হয়েছে, কত ঘরবাড়ি সব খালি পড়ে রয়েছে। এখানে একটা টাউনশিপ করার কথা ছিল, সেই টাউনশিপে একটা ইন্ডাস্ট্রিয়াল স্টেট করার কথা ছিল, সেদিকে কোনও লক্ষ্যণই নেই। আমি পশ্চিমবঙ্গ সরকারকে বলব যে ফরাক্কার ব্যাপারে জটিলতা আছে জানি, কিন্তু সেই জটিলতা বাদ দিয়েও ভারত সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের যে আন্ডারস্ট্যান্ডিং ছিল বা যা হওয়ার কথা ছিল সেদিক থেকে যেটা এখন কমতি হয়েছে সেটা পশ্চিমবাংলার পক্ষে বেশ ক্ষতিকর। সেদিকে নজর দিন। আর একটা কথা বলে আমি শেষ করব• যে আগের দিন আমি বলেছিলাম যে শঙ্করবাবু আপনার এত টাকা যখন হয়েছে আমি বলেছিলাম যে সরকারি কর্মচারিদের ক্ষেত্রে তারা অনেক পিছিয়ে আছেন। সব রাজ্য ডি এ দিয়ে দিয়েছে। আজকে খবরের কাগজে দেখলাম পাঞ্জাব আরও কয়েক কিস্তি দিয়েছেন, আপনারা কেন

দেবেন না? আর একটা কথা আমি বলি, এত টাকা আপনাদের হয়েছে বলছেন তখন পশ্চিমবাংলার গরিব চাষী, ক্ষেত মজুর, ছোট চাষী তাদের উপর সরকারি ঋণের ভার একটা সাংঘাতিক ব্যাপার হচ্ছে। আমরা জানি দ্রব্যমূল্য বৃদ্ধি ১৯৭২ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত আপনি স্যার, জানেন যে পশ্চিমবাংলায় দুই বছর ফসল হয়নি এবং তার ফলে চারিদিকে হাহাকার। এই অবস্থায় আজকে সমস্ত ঋণ আদায়ের জন্য লোকে প্রচন্ড ক্ষিপ্ত হয়ে গেছে। আমি আশা করব পশ্চিমবঙ্গ সরকার এই সম্বন্ধে একটা বিবৃতি দেবেন এবং গরিব চাষীদের দাবি স্বীকার করবেন। আমি বলছি যারা খুবগরিব তাদের ঋণ মকুব করে দিন আর বাকি যারা ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী তাদের ক্ষেত্রে সুদ বাদ দিয়ে কিস্তি বন্দি করে দিন। কিন্তু এখনও জুলুম চলছে, অ্যারেস্ট হচ্ছে এবং তাদের ধমকানো হচ্ছে। আবার এই ঋণ আদায়ের ব্যাপারে যে দুর্নীতি চলছে—দুর্নীতি তো সর্ব বিষয়েই চলছে। কিন্তু এই ঋণ আদায়ের ব্যাপারে আমার কাছে একটা কাগজ আছে। এর আগের দিন আমি দেখিয়েছিলাম একজন ঋণ পরিশোধ করেছে, তার কাছে রিসিট আছে, অথচ পুরানো ঋণ দাবি করে তার উপর প্রেসার দেওয়া হচ্ছে। আজকে একটা কাগজ এনেছি, স্যার, সই করা দরখাস্ত এবং এই দরখাস্তে তারা বলছে যে ঋণ আমরা নিইনি, একদল চক্রান্তকারী তারা এই সব লোকের নামে ফলস ঋণ ড্র করিয়ে নিয়েছে এবং তারা নিজেরা মেরে দিয়েছে, দিয়ে অন্য লোকের নাম দিচ্ছে। এখন তহশীলদাররা ভাবছে যদি আমরা আদায় করতে পারি তাহলে একটা কমিশন পাব। সুতরাং একটা চক্র গড়ে উঠেছে যে চক্র অত্যন্ত দুর্নীতিগ্রস্থ। যাইহোক আমি আপনাদের পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করব যে এটা কিছু এমন কথা নয়, বড় লোকদের ক্ষেত্রে যদি ট্যাক্স ফাঁকি দিলে, কালো টাকা করলে তাদের যদি সুযোগ দেওয়া যায় যে তোমরা এসে বল গত বৎসর ফাঁকি দিয়েছি, এতদিন ধরে যে ফাঁকি দিয়েছি, তারপর এখন এসে যদি বল তোমাদের ট্যাক্স কমিয়ে দেব, দিয়ে তোমাদের ক্ষমা করে দেব। তাহলে আমাদের পশ্চিমবঙ্গের দরিদ্র কৃষক যারা, আমি বড় বড় ধনী চাষীর কথা বলছি না, আমি জোতদারদের কথা বলছি না, যারা এই সরকারের চেষ্টায় অবস্থা ফিরিয়ে নিয়েছে, যারা দেখছি, গ্রামে গ্রামে পাকা বাড়ি তুলছে, ব্যবসা বাণিজ্য করে যাদের অনেক পয়সা হয়েছে, তাদের উপর আপনাদের এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বাড়লো না বিশেষ কিছু, তাদের উপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বাড়লে আমাদের কোনও আপত্তি নেই, কিন্তু যারা ছোট মাঝারি চাষী, ক্ষেত মজুর তাদের এই চাপটাকে লাঘব করুন। তাদের উপর বিভিন্ন দিক থেকে চাপ এবং আমি বিশেষ করে বলব ঋণের ক্ষেত্রে, তাদের দাবি অতি যৎকিঞ্চিত, তারা যেহেতু গরিব মানুষ, তারা আপনাদের কাছে যে দাবি করেছে তা খুব বেশি নয়, যারা নিতান্তই গরিব লোক তাদের ক্ষেত্রে যদি আপনারা মকুব করে দেন, বাদ বাকি যারা ছোট চাষী, মাঝারি চাষী, তাদের ক্ষেত্রে যদি কিস্তিবন্দি করে দেন কিছুটা ছাড় দিয়ে তাহলে তারা বাঁচবে। স্যার, আমি বক্তব্য শেষ করছি, আমার কাছে অন্য অনেক কাগজপত্র ছিল, নালিশ ছিল, সেগুলি আমি পরে অন্য বক্তৃতায় বলব, এই সব মানুষের কথা আমি পরে জানাব। আমি আমার শেষ কথা বলে আমার বক্তব্য শেষ করছি। আমি পশ্চিমবঙ্গ সরকারকে সবিনয়ে অনুরোধ করছি—আমি কাদা ছুড়বার জন্য বক্তৃতা করছি না, আমি তাদের নিন্দা করবার জন্য বক্তৃতা করছি না, যা স্বাভাবিক তাই হচ্ছে। তাদের বিশেষ কোনও দোষ নেই, শঙ্কর বাবুর বিশেষ কোনও দোষ দিচ্ছি না, এই সিস্টেম সম্বন্ধে, স্যার, বেশি কিছু করা যায়নি, এই সিস্টেমটাকে যদি না

বদলান, একে বজায় রেখে তার ভিতরেতে এখানে একটা তালি মারবেন, ওখানে একটা সেলাই করবেন, চার বৎসরে আপনাদের সেই কাজের ফল ১৯৭১-৭২ সালের তুলনায় আধ ইঞ্চি অগ্রসর হয়নি তা প্রমাণ করে দেব। এটার দোষ আপনাদের নয়। হ্যাঁ, একটা দোষ আছে সেটা আপনারা আমরা সকলে মিলে চেষ্টা করে—শুধু ক্যাবিনেটের কয়েকজন মন্ত্রী নয়, সমস্ত দেশপ্রেমিক, সমস্ত গণতান্ত্রিক প্রগতিশীল মানুষ চেষ্টা করে এই মানধাত্তার আমলের সিস্টেমটাকে, যে সিস্টেমটা আমাদের পশ্চিমবঙ্গকে এই রকম পশ্চাদপদ করে রেখেছে, এই সিস্টেমটাকে যদি আমরা বদলাতে পারি এবং তার জায়গায় একটা অর্থনৈতিক প্রকৃত গণতান্ত্রিক সিস্টেম চালু করতে পারি এবং শাসন ব্যবস্থাকে ভোটের সঙ্গে সঙ্গে যদি আমরা মেহনতি মানুষ, সাধারণ মানুষ তাদের হাতে রাষ্ট্রীয় ক্ষমতার কিয়দংশ তুলে দিতে পারি, প্রশাসনের কিয়দংশ ক্ষমতা দিতে পারি, এই রকম যদি আমাদের দেশের আপামর জনসাধারণকে উদ্দীপ্ত এবং সংগঠিত করতে পারি তবেই আমাদের পশ্চিমবঙ্গের মানুষের পরিবর্তন সম্ভব। নইলে আপনারা বক্তৃতা করবেন, আপনারটা খবরের কাগজে বের হবে, আমার বক্তৃতা খবরের কাগজে বের হবে না এবং আপনি ফানুস তুলবেন, আমি ইট ছুঁড়ে সেই ফানুস ফাটিয়ে দিতে পারি, তাতে কি লাভ হল। আপনার এই ফানুস তোলার জন্যই বা কি লাভ হল আর আমি সেই ইট ছুঁড়ে সেই ফানুসটা ফাটিয়ে দিয়েই বা কি লাভ হল? পশ্চিমবঙ্গের জনসাধারণের তাতে কি লাভ হল? শঙ্কর ঘোষ মহাশয় যদি খুব বক্তৃতা করে টাকার অঙ্ক দিয়ে রাজা করে দেন আর বিশ্বনাথ মুখার্জি যদি খুব বক্তৃতা দিয়ে প্রমাণ করে দেন যে তোমরা রাজা হওনি, গরিব আছো তাতে কি লাভ হবে। সুতরাং তার কথা চিন্তা করে, আমাদের দেশের মানুষের কথা চিন্তা করে, আমাদের দেশের কথা চিন্তা করে আমি গভর্নমেন্টের কাছে এই আবেদন করব যে এই আত্মসন্তুষ্টি, এই প্রচার রেডিওতে, কাগজে হৈ হৈ রৈ রৈ করে প্রকৃত ঘটনাকে চাপা দেবার চেষ্টা করবেন না, তাতে আপনারও মঙ্গল নেই, আমাদেরও মঙ্গল নেই, দেশেরও মঙ্গল নেই। প্রকৃত নিষ্ঠুরতর সত্য দেশের লোকের সামনে আসুক। তাতে আপনাদেরও মঙ্গল নাই, আমাদেরও মঙ্গল নাই, দেশেরও মঙ্গল নাই। বরং প্রকৃত ঘটনা, নিষ্ঠুর সত্য লোকের কাছে সরাসরি তুলে ধরে লোককে আহ্বান করুন, নিষ্ঠুর সত্যের বিরুদ্ধে সোজাসুজি দাঁড়িয়ে তাকে যুজবার জন্য মানুষকে আহ্বান করুন, দারিদ্র্যের বিরুদ্ধে লড়াইয়ের জন্য, শোষণের বিরুদ্ধে লড়াইয়ের জন্য, নিজেদের পায়ে দাঁড়াবার জন্য, প্রকৃত ঘটনাকে মানুষের কাছে তুলে ধরার জন্য, তার বিরুদ্ধে যুদ্ধের জন্য আহ্বান জানান এবং সকলকে সঙ্গে নিন। তাহলে দেশের মানুষের উপকার হবে, আমাদের উপকার হবে, আপনাদের উপকার হবে।

Mr. Speaker : Honourable Members, I have to make the following announcement under Rule 212 of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly : 1 p.m. on the 6th March, 1976 has been fixed as the latest time for tabling of notices of motions for reduction of Demand.

While giving notices of motions for reduction of any Demand, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of cut motions are available from the Publication Counter of the Assembly Secretariat on week days during office hours.

Third Report of the Business Advisory Committee.

Mr. Speaker : I beg to present the Third Report of the Business Advisory Committee which at its meeting held on the 4th March, 1976 in my chamber considered the question of allocation of days and time for the disposal of legislative business and recommended the following revision in the programme of business for the 5th and 6th March, 1976 and also new programme of business for the 8th March, 1976, namely-

Friday, 5th March,1976	(i)	The Gangasagar Mela Bill, 1976 (Introduction, Consideration and passing) $\frac{1}{2}$ hour.
	(ii)	The West Bengal National Volunteer Force (Amendment) Bill (Introduction, Consideration and passing) $\frac{1}{2}$ hour.
	(iii)	General Discussion on the Budget -4 hours.
Saturday, 6th March 1976	(i)	The West Bengal Prevention of Defacement of property Bill 1976 (Introduction, Consideration and Passing) 1-hour.
	(ii)	General Discussion on the Budget - 4 hours.
Monday, 8th March, 1976	(i)	The West Bengal Requisition of Land (Continuance of Powers) (Amendment) Bill 1976 (Introduction, Consideration and Passing) -1hour
	(ii)	General Discussion on the Budget -4hours.

Now the Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Third Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

GENERAL DISCUSSION ON THE BUDGET OF 1976-77

[4-40 — 4-50 p.m.]

শ্রী ভবানীপ্রসাদ সিংহ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী কর্তৃক উত্থাপিত ১৯৭৬-৭৭ সালের বাজেটকে স্বাগত জানাই। স্বাগত জানাই এজন্য যে এবারকার বাজেটে গ্রামীণ গরিব কৃষক, কুটির শিল্পের নিযুক্ত শ্রমিক এবং সাধারণ মানুষদের আনন্দ দেবার জন্য সুযোগ সুবিধা দেওয়া হয়েছে। স্বাগত জানাই এজন্য যে এই বাজেটে গরিব মানুষের জন্য, যে মানুষ লাঙলের পাশে দাঁড়িয়ে কাজ করে, যে মানুষ চরকার পাশে কাজ করে, যে মানুষ লাটাই-এর পাশে কাজ করে তার—উপকার করবার কথা চিন্তা করা হয়েছে—এই বাজেটে। একে স্বাগত জানাচ্ছি এইজন্য যে অন্তত এই বাজেটে একটা জিনিস পশ্চিমবাংলা সরকার স্থির করেছেন যে— যে অবস্থার মধ্যে পশ্চিমবাংলায় একচেটিয়া পুঁজিপতিরা গোটা পশ্চিমবাংলার অর্থনীতিকে বিশেষ করে ১৯৬২ সালের পর থেকে বানচাল করবার চেষ্টা করেছেন এবং এখনও চেষ্টা করে যাচ্ছেন, তার বিরুদ্ধে পশ্চিমবাংলা সরকার একটা সক্রিয় ভূমিকার কথা ভাবছেন, চেষ্টা করছেন, যদি ও এক্ষেত্রে একমাত্র জবাব পাবলিক আন্ডারটেকিংস বাড়িয়ে দেওয়া। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পাবলিক আন্ডারটেকিংস-এর ক্ষেত্রে শুধুমাত্র রাজ্য সরকারের হাতে ক্ষমতা নাই—এর বেশির ভাগ ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে আছে এবং ইতিপূর্বে রাজ্যপালের ভাষণের সময় মাননীয় অর্থমন্ত্রী ও মুখ্যমন্ত্রী তার ইঙ্গিত দিয়েছেন। এটা রিপ্রেস করতে গেলে পাবলিক আন্ডারটেকিংস -এর দিকে তাদের এগিয়ে আসা দরকার। আপনি জানেন স্যার, গোটা পশ্চিমবাংলা কেন—ভারতবর্ষের কিছু কিছু শিল্প—বিশেষ বিশেষ শিল্পের একটা চরম মন্দা অবস্থা চলেছে। এই মন্দা অবস্থার জন্য তার যে এমনি প্রতিক্রিয়া পশ্চিমবঙ্গের শিল্পের ক্ষেত্রে ঘটছে—এতে কোনও সন্দেহ নাই। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে একটা বিচ্ছিন্ন কিছু নয়। কাজেই শিল্পে যে প্রতিক্রিয়া ঘটছে, সেই প্রতিক্রিয়া পশ্চিমবাংলার উপরও স্বাভাবিকভাবেই ঘটছে। কিন্তু আনন্দের কথা এই প্রতিক্রিয়া প্রতিরোধ করবার জন্য সরকার একটা প্রচেষ্টা নিয়েছেন। আমাদের বিরোধীপক্ষের নেতা শ্রদ্ধেয় বিশ্বনাথদা বলতে চেষ্টা করছেন যে একচেটিয়া পুঁজিপতিরা তারা এখানে ক্যাপিটাল ইনভেস্টমেন্ট মোবিলাইজেশন যেটা—সেই, মোবিলাইজেশন এই পিরিয়ডের মধ্যে খুব বেশি একটা কারণে নাই। আমি বলব—ঐ মনোপলি কমিশনের রিপোর্টে আছে—এক থেকে চৌদ্দটা হাউস এই পশ্চিমবঙ্গের মাটির উপরে আছে। আমি এখানে দাঁড়িয়ে এই ১৪টা হাউসকে সেই শক্তি নিয়ে তাদের ক্যাপিটাল মোবিলাইজ করতে দেব কিনা, ইনভেস্টমেন্ট করতে দেব কিনা একথা আমাকে ভাববার দরকার আছে। সাময়িকভাবে পশ্চিমবঙ্গে শিল্পক্ষেত্রে এই প্রতিক্রিয়া ঘটছে। কিন্তু নীতির দিক থেকে এই ধরনের বাড়তে দেব কিনা—তা ভাববার দরকার আছে। আমি এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব পাবলিক আন্ডারটেকিংস এর দিক থেকে আজকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করা উচিত—বিশেষ করে জুট ইন্ডাস্ট্রি, বিশেষ করে চা-শিল্প মার খাচ্ছে। সেখান রাজ্য সরকারের বিশেষ ভূমিকা যেটা রয়েছে, পাবলিক আন্ডারটেকিংস-এর

ক্ষেত্রে একটা বিশেষ ভূমিকা রয়েছে, সেটা কেন্দ্রীয় সরকারের কাছে তুলে ধরা দরকার এবং বিশেষ ব্যবস্থা নেওয়া দরকার জুট ইন্ডাস্ট্রি মার খাচ্ছে—একথা যখন আমরা জানি সঙ্গে সঙ্গে এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট-এর জন্য ও সরকারের একটা সক্রিয় ভূমিকা আছে। পশ্চিমবঙ্গের একটা পুরানো ইন্ডাস্ট্রি যদি মারা যায়, তাহলে আন্তর্জাতিক বাজারে এর এখুনি বিরাট প্রভাব পড়বে। এর যথেষ্ট পরিমাণ শক্তি বিশ্বের বাজারে রয়েছে। আমাদের এই সরকার ক্ষমতায় আসার আগে—এই পাট শিল্পে বলুন ঐ কাপড় শিল্পে বলুন যেটা পশ্চিমবঙ্গে আছে—কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতি পশ্চিমবঙ্গের তদানীন্তন সরকার ফলো করেন নাই। একচেটিয়া পুঁজিপতি এটা রিপ্লেস করেছে। এসম্বন্ধে ব্যবস্থা নেবার কথা আমাদের বিরোধীদল নেতা বলেন নাই। এই বাজেট বিবৃতির মধ্যে কোথায়ও নাই যে আত্মসন্তুষ্টি মনোভাব নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী এই বাজেট পেশ করেছেন। আত্মসন্তুষ্টির ভাব কোথাও নেই। আমাদের যে প্রবলেম, আমাদের যে ডিফিক্যালটিস, সেই ডিফিক্যালটিস এবং প্রবলেমের কিছু অংশ চেষ্টা করেছি এই চার বছরের মধ্যে তার সমাধান করার জন্য এবং একচেটিয়া পুঁজিপতিদের রিলিফ দেওয়া হয়নি, যারা বড় বড় শিল্পপতি তাদের রিলিফ দেওয়া হয়নি। এই বাজেটের মধ্যে তাদের রিলিফ দেওয়ার কথা নেই। রিলিফ দেওয়া হয়েছে গরিব কৃষককে, ক্ষুদ্র শিল্পের শ্রমিকদের। আমাদের দেশে সমস্ত ডেভেলপমেন্ট ওয়ার্ককে—কি ইরিগেশন, কি পি ডবলিউ ডি-তে—সমস্ত জায়গায় ঠিকাদারি প্রথা রয়েছে। আমার এখানে হিসাব আছে, এই বাজেটের মধ্যে অনেক হিসাব আছে, আপনি জানেন আমাদের রাজ্যে ঠিকাদারি প্রথা চালু আছে। সেখানে কন্ট্রাক্টর বা ঠিকাদারদের সাহায্য করবার জন্য ওই এস্টিমেট হয়, এস্টিমেট থেকে লেস হয় এবং তার থেকে ঠিকাদারদের পকেট ভারি হয়। আপনি দেখবেন স্বাধীনতার পর থেকে সারা পশ্চিমবাংলায় বড়লোক যে সৃষ্টি হয়েছে, তার সঙ্গে যেমন শিল্পপতি রয়েছে, জোতদার রয়েছে, সারা পশ্চিমবাংলার সর্বত্র এই ঠিকাদারেরা বড়লোক হয়ে গেল। এই ঠিকাদারি প্রথার চেক আছে কিনা, পারফরমেন্স অডিট হবে কিনা, এই ঠিকাদারি প্রথা, এই টেন্ডার, এই এস্টিমেট তার আমূল পরিবর্তন যদি হয় তাহলে ৯১৫ কোটি টাকার বাজেট তাতে যে ডেভেলপমেন্ট আছে, সেই ডেভেলপমেন্ট করার জন্য ১৫ থেকে ২০ পারসেন্ট টাকা আমাদের বাঁচতে পারে এবং সেটা আমাদের উন্নতির জন্য, অগ্রগতির জন্য ব্যয় করতে পারি। এই ব্যাপারে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

শ্রী অহীন্দ্র মিশ্র : মাননীয় স্পিকার মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৭৬-৭৭ সালের যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেটকে স্বাগত জানাই এবং একথাও স্বীকার করি অকপটে যে আগের তুলনায় টাকার পরিমাণ বৃদ্ধির ফলে এবং ২৩২ কোটি ১৯৭৬-৭৭ সালে বেশি ব্যয় করার ফলে আর্থিক উন্নয়নের ক্ষেত্রে একটা যুগান্তকারী পরিবর্তন না ঘটে গেলেও, একটা পরিবর্তনের দিকে সুনির্দিষ্ট ভাবে এগোতে সাহায্য করবে। তবে একথা সকলেই স্বীকার করেন যে শতকরা ৭০ থেকে ৭৫ ভাগ মানুষ গ্রামে বাস করেন এবং আমাদের আয়ের শতকরা ৪০ থেকে ৪৫ ভাগ আসে কৃষি থেকে। এই বছরে যা বরাদ্দ করেছেন কৃষি এবং সেচের উন্নয়নের জন্য সেটা হচ্ছে ৫৭ কোটি ৮৬ লক্ষ টাকা। যদি সত্যই

আমাদের শতকরা ৭০/৭৫ ভাগ লোক গ্রামে বাস করে এবং টোটাল বাজেটের শতকরা ৫০ ভাগ আসে গ্রাম থেকে তাহলে ২৩২ কোটি টাকার মধ্যে মাত্র কেন এই ৫৭ কোটি ৮৬ লক্ষ টাকা। এটা কি গ্রাম বাংলার প্রতি অবিচার হল না? মাননীয় অর্থমন্ত্রী হয়তো এতটা গভীরভাবে তলিয়ে দেখবার সুযোগ পাননি? আজকে অর্থনীতিকে যদি বলিষ্ঠ করতে হয় সেখানে যথোপযুক্ত গুরুত্ব দিতে হবে। কিন্তু সেদিক যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে কি? যদিও আগের বছরের তুলনায় ২০ কোটি ৩৮ লক্ষ টাকা যেখানে গত বছর ছিল সেখানে ১৯৭৬-৭৭ সালে ৫৭ কোটি ৮৬ লক্ষ টাকা করা হয়েছে। এটা হওয়ার ফলে কাজ অনেক বাড়বে। আমিও বলব সেই কথা যেকথা আমার প্রিয় বন্ধু ভবানীবাবু বললেন যে ঠিকাদারি প্রথা, কন্ট্রাক্ট প্রথার মধ্য দিয়ে আমাদের উন্নয়নের একটা বড় অংশ চলে যায় তাদের পকেটে। পুরোপুরি টাকা। আগে একদিন বলেছিলাম—সেই কথা আমি একটা ব্যাখ্যা উদ্ধৃত্ত বলছি It matters tittle how long you live, but how beautifully your live. কতটা ব্যয় করেছি এটা বড় কথা নিশ্চয় কিন্তু তার চেয়ে বড় কথা হচ্ছে সেই টাকা ঠিক ঠিক ব্যয় হচ্ছে কিনা। আমরা ক্ষুদ্র সেচই বলুন বা কৃষি ক্ষেত্রেই বলুন বা বিভিন্ন উন্নয়ন কার্যে বলুন যে টাকা ব্যয় করছি তার ২০ থেকে ২৫ টাকা কন্ট্রাক্টারদের কাছে চলে যায়। যে টাকায় গ্রামের মানুষের উন্নয়ন আরও বেশি করে করা যেত। আজকে সেই মান্ধাতা আমলের কর্মপন্থা পরিবর্তন করার দিন এসেছে—এ দিকে আমাদের বিশেষ লক্ষ্য দিতে হবে। আর একটা কথা স্যার, বাজেটের কোথাও দেখলাম না যে এই নির্বীর্যকরণ বা জন্মনিয়ন্ত্রণের কোনও কথা বা কোনও ব্যবস্থা আছে। আজকে যে হারে লোক বেড়ে যাচ্ছে তাতে কোনও পরিকল্পনাই সার্থক হবে না। আজকে যদি বাড়িতে বাড়িতে পিঁপড়ের মতো বাচ্ছা হতে থাকে তাহলে কোনও শক্তি নাই তার খাদ্য জোগাড় করতে পারে। এদিকে বাজেটে কোনও গুরুত্ব দেওয়া হয়েছে যে তাও দেখতে পাচ্ছি না। ১ কোটি ৩০ লক্ষ লোক প্রতি বছর ভারতবর্ষে বাড়ছে। এইভাবে প্রতি বছর যদি দুটি দেশ নতুন করে হয় লোকসংখ্যার দিক থেকে তাহলে সেই আনুপাতিক হারে খাদ্য জোগান দেওয়া কখনই সম্ভব হবে না। এই রকম ঘনবসতিপূর্ণ যদি হতে থাকে তাহলে কোনও সমস্যাই আমরা সমাধান করতে পারব না। আমরা এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করে বসে আছি। আগামী বাজেটে রাজ্য সরকার এই দিকে বিশেষ জোর দেবেন বলে আশা করি। কারণ রাজ্য সরকারেরও এই ব্যাপারে কিছু করবার আছে। আর একটা কথা মাননীয় সদস্য বিশ্বনাথবাবু বলে গেছেন আমি সেই বক্তব্যকে পূর্ণ সমর্থন করি। সেটা হল ঐ ঋণ আদায়ের জুলুম। এদিকে সারপ্লাস বাজেট আমরা দেখতে পাচ্ছি। কিন্তু এক একর জমি যাদের অর্থাৎ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী যারা তাদের দিকে একটু লক্ষ্য দিন। আমরা সকলেই জানি যে পশ্চিমবাংলার অর্থনৈতিক মেরুদন্ড ভেঙ্গে একেবারে চুরমার হয়ে গেছে—পায়ে ভর দিয়ে দাঁড়াতে পারছে না। এই সবে মাত্র একটা প্রচেষ্টা শুরু হয়েছে। নিশ্চয় ঐ সব চাষী সুযোগ সুবিধা পাবে। কিন্তু ঋণ আদায়ের ব্যাপারে যে ব্যবস্থা নেওয়া হয়েছে সেখানে আমার বলবার আছে। আগে তাদের একটু পায়ের উপর ভর দিয়ে দাঁড়াতে দিন। একটা নোটিশ দেওয়া হয়েছে ১৫০ টাকার উপর ৩৩ টাকা সুদ। ১৯৭২-৭৩ সালে সেই টাকা দেওয়া হয়েছে—এখন তাদের গুরু ধরা হচ্ছে নানা রকম চাপ সৃষ্টি করা হচ্ছে—তাদের আজকে মোট ১৮৩ টাকা দিতে হবে। যেখানে তারা আজকে অন্নের জন্য হাহাকার করছে সেখানে টাকা তারা দেবে কি করে। আমরা জানি উন্নয়নের জন্য

টাকা দরকার। কিন্তু আমার বক্তব্য হচ্ছে অন্তত তাদের সুদটা মুকুব করে দিন এবং আসলটা কয়েকটা কিস্তিতে যাতে তারা শোধ দিতে পারে তার একটা ব্যবস্থা করুন। আমরা জানি সরকার যে টাকা ঋণ দিয়েছেন সেটা যদি আদায় করতে না পারেন তাহলে উন্নয়ন হবে কোথা থেকে? এতটা দায়িত্বজ্ঞানহীন লোক আমি নই। আমি শুধু বলি তাদের সুদটা মুকুব করে আসল টাকাটা কয়েকটি কিস্তিতে শোধ নিন। আজকে গ্রামবাংলাকে আরও শক্তিশালী করবার জন্য যে বাজেট অর্থমন্ত্রী মহাশয় এখানে পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবপদ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই বাজেট সাধারণ মানুষকে হতাশ করেছে সে যে মানুষই হোক না কেন সে শ্রমিক হোক কৃষক হোক আর নিম্নমধ্যবিত্তই হোক আর বেকার হোক বা সরকারি কর্মচারীই হোক। এবং কিছু কিছু জায়গায় এই বাজেট নিম্নমধ্যবিত্ত মানুষের মধ্যে আতঙ্কের সৃষ্টি করেছে। আমরা কিছু কিছু জায়গায় কর রেহাই দিয়েছি। আমরা জানি এবং আপনারাও জানেন যে কলকাতা কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটিগুলি তাদের উন্নয়নের জন্য যে টাকা পেত সেটা রোধ হয়েছে। কিন্তু সেই ক্ষেত্রে বড় বড় ব্যবসায়ীদের ক্ষেত্রে কিছুটা আজকে রেহাই দিলেন। কিন্তু পথ সংরক্ষণ ভান্ডারের নাম করে যে সারচার্জ দিলেন এই সারচার্জের ক্ষেত্রে দেখা গেল তারা বাবুদেরই ছাড় দিলেন, গাড়ির মালিকদের ছাড় দিলেন, মিনিবাস, বাস, ট্যাক্সির উপর চাপিয়ে দিলেন। কিন্তু আমি জানি মিনিবাস, ট্যাক্সি, বাস এরা পারবে না। আমরা জানি কিছুদিনের মধ্যে মিনিবাস, বাস, ট্যাক্সির ভাড়া বাড়বে এবং দেখা গেছে এইভাবেই বাসের ভাড়া বেড়েছে। সুতরাং এতে নিম্নমধ্যবিত্ত মানুষরাই আতঙ্কিত হচ্ছে। আমি সংখ্যাতত্ত্বের দিকে না গিয়ে অন্যদিকে দেখাবো-এ সম্বন্ধে আমাদের নেতা বিশ্বনাথদা ১৯৭১ সালের পরবর্তী অধ্যায়ে আমাদের দেশের পার ক্যাপিটা ইনকাম যে কমে গেছে সেটা দেখিয়েছেন। আমাদের দেশের ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট, এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট যে কমে গেছে সেটা তিনি সংখ্যাতত্ত্ব দিয়ে দেখিয়েছেন। কিন্তু তাহলেও কি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলব না যে আমাদের দেশের কোনও ডেভেলপমেন্ট হয়নি? হয়েছে। কিন্তু শঙ্করবাবু বার বার যেটা আমাদের সামনে বলবার চেষ্টা করেছেন আমাদের দেশে সমাজবাদ যদি কায়েম করতে হয় তাহলে উন্নয়ন প্রকল্পের কোনটায় জোর দিতে হবে সেটা ঠিক করতে হবে। সত্য স্বাধীন দেশগুলির মধ্যে যেসব দেশ আজকে উন্নয়ন করছে সেখানে ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর বহু টাকা আমেরিকা মারফৎ লগ্নি হচ্ছে। কিন্তু আমরা জানি এই উন্নয়নে অধিকাংশ টাকাই নন-প্রোডাকটিভ পথে খরচ হয়, প্রোডাকটিভ উন্নয়নের দিকে খরচ হয় না। আমাদের পাশের কান্ট্রি কিছুদিন আগে পাকিস্তান ছিল এখন বাংলাদেশ হয়েছে, আরবশাহী সরকার যখন ছিল তখন আমেরিকান সাম্রাজ্যবাদ কিছু উন্নয়ন করেছিল। আমরা যেই গ্রামে বাস করতাম ছোটবেলায় দেখে এসেছি মাস্টার মহাশয় এবং আমরা একসঙ্গে কাপড় খুলে স্কুলে যেতাম—সেই সব গ্রামেও দেখেছি স্কুল হয়েছিল। ঢাকা শহরের উন্নয়ন করা হয়েছিল। কিন্তু প্রোডাকটিভ উন্নয়নের ক্ষেত্রে আমেরিকান সাম্রাজ্যবাদ বা ওয়ার্ল্ড ব্যাঙ্কের মারফৎ টাকা নেওয়া হচ্ছিল? সেই সব দেশে কি পরিণতি দেখা গেছে—সদ্য স্বাধীন দেশগুলিকে যদি এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে প্রোডাকটিভ উন্নয়নের দিকে জোর দিতে হবে। এখন সেদিকে না গিয়ে যদি নন-প্রোডাকটিভ উন্নয়নের দিকে যাওয়া হয় তাহলে

পার ক্যাপিটা ইনকাম কমবে, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট, এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কমে যাবে। তাই আমরা দেখতে পাচ্ছি ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত এখানে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের উপর সবচেয়ে জোর দেওয়া উচিত ছিল—কিন্তু অত্যন্ত আশ্চর্যন্বিত হলাম প্রাইভেট সেক্টরে তো হলই না, এমন কি সরকারি ক্ষেত্রে যে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট আশা করেছিলাম সেটাও আজ পর্যন্ত হল না। তাহলে বেকাররা কেন হতাশ হবেন? সরকারি ক্ষেত্রে আমরা কটা চাকরি দিতে পারি যদি না আমাদের দেশের ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হয়? ইমিডিয়েটলি যেটা করা সম্ভব ছিল সেটা হচ্ছে এই আপনারা জানেন আমাদের দেশে জল সেচ প্রকল্প রয়েছে, এতে অনেক পাইপ লাগে, তাই সেচ প্রকল্পের জন্য একটা পাইপের কারখানা করা যেত। ক্ষুদ্র সেচের জন্য বহু পাম্পসেট লাগে—সরকারিভাবে পাম্প স্টোর কারখানা করতে পারলে বহু ছেলেকে চাকরি দেওয়া সম্ভব হত। ফরাক্কার কথা একটু আগে বিশ্বনাথদা বলে গেলেন যে সেখানে একটি ট্রান্সপোর্ট ইন্ডাস্ট্রি খুব সহজেই গড়ে তুলতে পারতাম এবং ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের দিকে যেতে পারতাম। আমাদের সরকার ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কিছু করেননি, যেটা করলে আমরা বেকার ছেলেদের চাকরি দিতে পারতাম। তারপরে সদ্য স্বাধীন দেশগুলির আরও অনেক বিপদ রয়েছে। স্টেট মনোপলি ক্যাপিটালের বিপদ রয়েছে। আমরা সমাজবাদের দিকে এগিয়ে যাব, কিন্তু এখানে যে মনোপলি আছে সেদিকে আঘাত করবার চেষ্টা করছি না। আজকে জুট ইন্ডাস্ট্রির উপর আঘাত করতে পারলে বহু বেকার ছেলেদের নিয়োগ করতে পারতাম। কিন্তু আজকে দেখা যাচ্ছে জুট ইন্ডাস্ট্রি মনোপলিস্টরা সরকারের উপর চাপ দেবার চেষ্টা করছে।

[5-00 — 5-10 p.m.]

চা শিল্পের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, চা শিল্পকে রুগ্ন অবস্থায় রেখে দেওয়া হয়েছে। যে দিক দিয়ে আমরা পশ্চিমবাংলাকে উন্নত করতে পারি, অর্থাৎ তাকে ন্যাশনালাইজ করার দিকে এগিয়ে না গিয়ে সেটাকে একটা সমস্যার আকারেই রেখে দেওয়া হয়েছে। তাই আমি বলব নন-প্রোডাকটিভ উন্নয়নের দিকে যদি নজর থাকে বা প্রোডাকটিভ উন্নয়নের দিকে যদি নজর না দেওয়া হয় তাহলে ঐ সংখ্যা তথ্য আমরা যতই দিই না কেন বা তা যতই ফাঁপিয়ে দেখাই না কেন আমরা দেখতে পাব যে, আমাদের পার ক্যাপিটা ইনকাম কমে যাচ্ছে, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কমে যাচ্ছে, এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কমে যাচ্ছে। আর তার ফলে আমাদের দেশের মূলগত যে সমস্যা সেই সমস্যার সমাধান আমরা করতে পারছি না। আমাদের দেশের বেকার ছেলেদের চাকরি পাওয়ার যে সমস্যা সেই সমস্যার আমরা সমাধান করতে পারছি না, সমাজবাদে উত্তরণের কথা তো অনেক দুরে। আজকে স্যার, এই এমারজেন্সির সময়ে দাঁড়িয়ে আমি আরও বলব যদি দক্ষিণপন্থী প্রতিক্রিয়াকে আঘাত করতে হয়, ঐ আমেরিকান সাম্রাজ্যবাদ যে নন-প্রোডাকটিভ উন্নয়নের দিকে নিয়ে যেতে চাইছে তা কে যদি আঘাত করতে হয় তাহলে আমাদের বাজেটকে সেইভাবে রচনা করতে হবে। তারপর স্যার, আমি আর একটি কথা বলব, যেটি আমাদের বিশ্বনাথবাবু বলেছেন যে, আমাদের এই বাজেটে বা রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা এতদিন যে আমলা, আমলা কথাগুলি শুনেছিলাম বা সরকারি কর্মচারিদের কাজের উৎকর্ষের কথা শুনেছিলাম এবারে তা শুনতে পাওয়া যায়নি। পাওয়া যায়নি এই কারণে যে, সেটা উচ্চারণ করলে তাদের যে কিছু

দায়িত্ব আছে, তাদের যে কিছু দায়িত্ব নেওয়া দরকার, এই নেওয়া বোধটা আসবে বলেই সেইসব কথা উচ্চারণ করা হয়নি। আজকে স্যার, এম এল এ হিসাবে আমরা মনে করি আমাদের মাহিনাটা বাড়ানো দরকার, কেউ কেউ মনে করেন নিদেনপক্ষে দু-একটা কমিটি থাকা দরকার, তার কারণ অর্থনৈতিক দিকটার কথা সেখানে আছে। কিন্তু ঐ সরকারি কর্মচারী, যাদের দিয়ে আমরা মনে করছি আমাদের প্লানকে কার্যকর করব, যে ইঞ্জিনিয়ারকে দিয়ে মনে করছি আমাদের প্লানকে কার্যকর করব তাদের সম্পর্কে বাজেটে একটি কথাও নেই। এখানে স্যার অন্য স্টেটের কথা বলে তাদের সঙ্গে তুলনা অনেক বিষয়ে করার চেষ্টা করা হয়, কিন্তু আমরা জানি অন্যান্য স্টেট তাদের কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দিলেও আমরা দিচ্ছি না। স্যার, যদি কেন্দ্রীয় সরকার তাদের কর্মচারিদের মাহিনা না বাড়াতেন, অন্যান্য স্টেটগুলি তাদের কর্মচারিদের মাহিনা না বাড়াতেন, ইনস্যুরেন্স কোম্পানি বা ব্যাঙ্ক তাদের কর্মচারিদের মাহিনা না বাড়াতেন তাহলে অন্য কথা হত বা বলতে পারতেন তোমাদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দেব না, কিন্তু তা তো হচ্ছে না। কাজেই আজকে এদের দায়িত্ব নিতে হবে বলেই এদের সম্পর্কে একটি কথা বাজেটে বলা হল না। স্যার, আজকে যদি আমরা চাই সরকারি কর্মচারিরা দুর্নীতিমুক্ত হোক, প্রশাসন দুর্নীতিমুক্ত হোক এবং এই প্রশাসন দিয়ে সব কিছু কাজ করব তাহলে অবিলম্বে এদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দেওয়া উচিত। এখানে কাজের উৎকর্ষতার প্রশ্নও আছে। স্যার, আমরা জানি, এই পশ্চিমবঙ্গ সরকারের বহু ইঞ্জিনিয়ার আছেন যারা সম্পূর্ণভাবে দুর্নীতিমুক্ত, কিন্তু আমরা এও জানি তারা বেশিদিন তা থাকতে পারবেন না কারণ তারা দেখছেন অন্যান্য স্টেটে বা অন্যান্য জায়গায় যে সব ইঞ্জিনিয়ার রয়েছেন তারা তাদের থেকে অনেক বেশি মাহিনা পাচ্ছেন। সুতরাং কাজের উৎকর্ষতা যদি আনতে হয়, যদি আমরা মনে করি এই সরকারি কর্মচারিদের দিয়ে আমরা কাজ করব তাহলে নিশ্চয় তাদের বাঁচার কথা ভাবতে হবে, তাদের মহার্ঘভাতা দেবার কথা চিন্তা করতে হবে। অন্তত কেন্দ্রীয় সরকার যে মহার্ঘভাতা দিচ্ছেন সেই হারে এদেরও মহার্ঘভাতা দেবার দরকার আছে বলে আমরা মনে করি। না হলে মাদার টেরেসার হাতে দিয়ে দিন তিনি যা ইচ্ছা করতে পারেন। আমার মনে হয় পশ্চিমবঙ্গ সরকারকে তাদের কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দেওয়া দরকার। দ্বিতীয়ত এই বাজেটের মধ্যে বিশেষকরে উদ্বাস্তুদের সম্পর্কে কোনও আশার আলো দেখছি না। এর আগে সন্তোষবাবু মাস্টার প্ল্যান দেখিয়েছেন। এই বাজেটে দেখেছি, রাজ্যপালের ভাষণে দেখেছি, সামগ্রিকভাবে উদ্বাস্তুদের উন্নয়নের মাস্টার প্ল্যান এখানে তলিয়ে গেছে। আজকে অনেকের মনে এই প্রশ্ন এসেছে যে সমস্ত উদ্বাস্তু মানুষ রয়েছে, যারা সাধারণ শ্রমিক, ক্ষেতমজুর দরিদ্র অবস্থায় আছে। ঋণগ্রস্ত অবস্থায় আছে, তাদের সেই ঋণ মকুবের কোনও ব্যবস্থা এখানে দেখছি না। তাদের পুনর্বাসনের জন্যও আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। তাদের জন্য যে টাকা নির্ধারণ করা হয়েছে সেই টাকা দিয়ে তাদের কোনও উন্নতি হতে পারে বলে মনে করি না। এবং যে সমস্ত স্টাফ সেখানে কাজ করছে তাদের মাইনাও বাড়বে বলে মনে হয় না। বলা হয়েছে যে সি এম ডি এর মাধ্যমে কিছু কিছু উন্নয়নের কাজ করা হবে। কিন্তু পশ্চিমবাংলায় যেসব জবরদস্ত কলোনি আছে তার উন্নয়নের কোনও ব্যবস্থা করা হয়নি এবং ভবিষ্যতে হবে কিনা সেটাও সন্দেহ। সুতরাং পশ্চিমবাংলার উদ্বাস্তু মানুষেরা মনে করে এই বাজেট তাদের হতাশ করেছে। তৃতীয় কথা হচ্ছে যে মাস্টার প্ল্যানের জন্য কেন্দ্রীয় সরকার থেকে যেটা দেওয়া হয়েছিল সেটা অন্তত

কার্যে পরিণত করবেন। কিন্তু আজকে দেখছি সেই মাস্টার প্ল্যান-এর নামও এই বাজেটের মধ্যে নেই। তারা এই উদ্বাস্তু খাতে যে টাকা ধরেছেন এই টাকায় উদ্বাস্তু ডেভেলপমেন্টের কর্মচারিদের মাইনা দেওয়া যাবে, তাছাড়া উদ্বাস্তুদের সামগ্রিক উন্নয়ন যেমন শিক্ষা ইত্যাদি আরও অন্যান্য বিষয়ে উন্নতি এর মাধ্যমে হতে পারে না। তাই উদ্বাস্তু মানুষেরা এর মধ্যে দিয়ে আজকে পুরোপুরি ভাবে বিক্ষুব্ধ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শঙ্করবাবু বার বার বলছিলেন, যে আমাদের দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। আমাদের দৃষ্টিভঙ্গিকে সমাজবাদের দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। তা যদি হয় তাহলে আমি মনে করি মূলগত ভাবে যে জিনিসটা আমাদের দরকার ছিল, বিশ্বনাথদা সেটা দেখাবার চেষ্টা করেছেন আমাদের দেশের প্রোডাকটিভ ডেভেলপমেন্টের দিকে আরও বেশি করে নজর দেওয়া দরকার ছিল এবং বিশেষভাবে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের ক্ষেত্রে সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে ১৯৭২ সাল থেকে আজ পর্যন্ত এই ডেভেলপমেন্ট অত্যন্ত কম। শুধু ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট নয়। এগ্রিকালচারাল ডেভেলপমেন্টও আমাদের দেশের আগের তুলনায় অনেক কমে গেছে। এই ২টি মূলগত সমস্যার দিকে যদি নজর না দিতে পারি তাহলে যতই সংখ্যাতথ্য দিয়ে আশার আলো দেখাবার চেষ্টা করি না কেন, যতই সমাজবাদের কথা বলি না কেন, আমাদের দেশের কোনও পরিবর্তন হবে না বলে মনে করি। আজকে বেকার সমস্যা আমাদের দেশে চেপে বসেছে। আজকে যারা বেকার তারা আশা করেছিল আমাদের দেশে এমন একটা বাজেট তৈরি হবে, যে বাজেটে আমাদের দেশে ইন্ডাস্ট্রি বাড়বে, কর্মদক্ষতা বাড়বে এবং তারা কাজ পাবে কিন্তু আজকে তারা এই বাজেটে বিক্ষুব্ধ হয়েছে। তাই আমি মনে করছি এই বাজেট সামগ্রিকভাবে সাধারণ মানুষকে হতাশ করেছে, তাদের আতঙ্কগ্রস্ত করেছে বলে মনে করছি।

[5-10 — 5-20 p.m.]

ডাঃ গোপালদাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের নেতা শেষে যেকথা আমাদের বললেন হুঁশিয়ার করে, আমি সেখান থেকেই শুরু করি। উনি বলেছেন যে আত্মতুষ্টিতে আমরা ভুগছি, এর কোনও সুযোগ নেই, এই অবস্থায় কমপ্লিকেসিতে আমরা ভুগছি, এটা মারাত্মক ভয়ের কথা। আমি মাননীয় বিরোধী পক্ষের নেতার বক্তব্যের সমালোচনা করব না, আমি দুঃখিত উনি বোধ হয় মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণের শেষ পাতা দেখেন নি। উনি ৬৭ পাতায় বলেছেন We have to wage a ceaseless battle against poverty, unemployment and inequality if we are to establish a society in which men are free and equal. In this battle there can be no vacillation or slowing down, Everything that stands in the way of the establishment of such a society has to be removed peacefully, if possible and through the constitutional and compulsive machinery of the democratic state, if necessary, এবং একেবারে শেষ সেন্টেন্সে বলছেন In the great battle against the forces that hold the country back and in the noble task of regenerating the economy of West Bengal we cannot falter or fail. এবং আত্মতুষ্টির কথা হচ্ছে we have faith and confidence that, with the support and co-operation of the people, we would succed in these great tasks. উনি কোথায় কমপ্লেসেন্সি, আত্মতুষ্টি পেলেন তা আমি জানি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি আরও

কতকগুলি সংখ্যাতত্ব দিয়েছেন, আমি অত্যন্ত দুঃখিত এবং খানিকটা আমার কৌতুক লাগছিল, উনি ১৯৭১-৭২ সালের সঙ্গে তুলনা করছিলেন ১৯৭৪-৭৫ সালের ফিগার। আমি ওর জাগলারি অফ স্ট্যাটিস্টিক্যাল ফিগার্স বুঝি না, কথার ফুলঝুরি করারও অভ্যাস নেই। শুধু আমি বিরোধী পক্ষের মাননীয় নেতাকে স্মরণ করিয়ে দিচ্ছি, যে বছরটার সংখ্যা তত্ব দিয়ে অর্থমন্ত্রী যে বক্তব্য রেখেছেন এবং যে অগ্রগতির চিত্র ফুটে উঠেছে সেইগুলো ন্যস্ত তিনি করতে চেয়েছিলেন ১৯৭৪-৭৫ সালের সংখ্যাতত্ব দিয়ে। আমরা জানি ১৯৭৪-৭৫ সালটা শুধু পশ্চিমবাংলাই নয়, শুধু ভারতবর্ষ নয়, সারা বিশ্বে গ্নোব্যাল ইনফ্লেশন হয়েছে, আর বিশ্বনাথ বাবু ভুলে গেলেন? অনেক উন্নত দেশ, ওয়েস্ট জার্মানিতে পৃথিবীর অন্যতম বৃহৎ একটা মোটর গাড়ির কারখানা ভক্স ওয়াগান মোটর কারখানা সম্পূর্ণ বন্ধ হয়ে গিয়েছিল। তার ফলে ৫০ হাজার শ্রমিক বেকার হয়ে পড়েছিল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি কি তা ভুলে গেলেন? ইউ কে তে যে বলিষ্ঠ অর্থনীতি ছিল, ১৯৭৪-৭৫ সালে সেই অর্থনীতি কোথায় গেছে? আজকে তারা দরিদ্রতম দেশ হয়ে গেছে পৃথিবীতে। সমৃদ্ধশালী দেশ ইউ এস এ, সেখানে তাদের সমস্ত ডেভেলপমেন্ট ওয়ার্ক গ্রাইন্ডিং হল্টে এসে গিয়েছিল, উনি কি তা ভুলে গেলেন? জাপানের মতো উন্নত দেশ, পরিশ্রমী জাত, পৃথিবীর মধ্যে আদর্শ স্থানীয় যে দেশ, সেই দেশ পর্যন্ত ১৯৭৪-৭৫ সালে একটা অ্যাগনির মধ্যে ছিল, সেটা কি তিনি ভুলে গেলেন? তিনি ১৯৭১-৭২ সালের সঙ্গে ১৯৭৪-৭৫ সালের তুলনা করে, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, তাঁর যে মূল বক্তব্য, সেটাকে ন্যাস্ত করে, জাগলারি করে একটা সম্পূর্ণ নেতিবাচক দৃষ্টিভঙ্গি তিনি দেখিয়েছেন বলে আমার মনে হয়। অবশ্য বিরোধী পক্ষের নেতার সমালোচনা করার অধিকার আছে। উনি যা সংখ্যাতত্বের জাগলারি করলেন, তাতে পশ্চিমবাংলার মানুষের কোনও কল্যাণ হবে না। আমি ভেবেছিলাম নতুন কিছু কথা তার কাছ থেকে শুনতে পারব তার বক্তব্য থেকে যার উপর দাঁড়িয়ে আমি আমার বক্তব্য দাঁড় করাতে পারব। কিন্তু সম্পূর্ণ নেতিবাচক কথা তিনি তাঁর বক্তব্যের মাধ্যমে রাখলেন, সুতরাং আমি তাঁর বক্তব্যের মধ্যে যাচ্ছি না। যে সমস্ত কথার তিনি উল্লেখ করেছেন অর্থ মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে বলবেন। কিন্তু একটা কথা না বলে পারছি না, কোয়ান্টিটি সম্পর্কে উনি দেখাতে চেয়েছেন, আমরা নাকি ভারতবর্ষের অন্যান্য রাষ্ট্রের থেকে পিছিয়ে আছি। কোয়ালিটেটিভলি উনি এই বাজেটের কোনও মূল্যায়ন করবার চেষ্টা করেননি। আর একটা মারাত্মক ভুল ওঁর হচ্ছে, সেটা হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে কথা বলেছেন পরিষ্কার প্রাণোজ্জ্বল ভাষায়, সে কথা আমি আমার ভাষায় বলছি। প্রসেস দুটো, একটা হচ্ছে প্রসেস অফ ইভোলিউশন, আর একটা হচ্ছে প্রসেস অফ রিভলিউশন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আজ অজানা নয় যে, উই বিলিভ ইন দি প্রসেস অফ ইভোলিউশন। আমরা সমস্ত দেশে, সমস্ত অবস্থায়, যে কোনও পরিস্থিতি হোক—পরিস্থিতি ছিল, যেগুলি অন্য পরিস্থিতি বলে মনে করি, সে সামাজিক হোক, অর্থনৈতিক হোক, রাজনৈতিক হোক, সার্বিক হোক, সেখানে স্থানীয় হোক, সারা দেশ-ব্যাপী হোক, সেই পরিস্থিতির পরিবর্তন চাই থ্রু ইভোলিউশন প্রসেস। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় একথাও বলেছেন যে, আমাদের লক্ষ্য সোসিয়ালিজিম, ইট ক্যান্ট বি ডিভোরসর্ড ফ্রম ডেমক্রেসী। ডেমক্রেসী মানেই ইভোলিউশনারি প্রসেস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ইভোলিউশনারি প্রসেস কখনও শ্লথ হয়, স্বাভাবিক কারণে কখনও থেমে যেতে পারে, এটাকে অ্যাকসিলারেট করা দরকার, পেসটাকে অ্যাক্সিলারেট

কার্যে পরিণত করবেন। কিন্তু আজকে দেখছি সেই মাস্টার প্ল্যান-এর নামও এই বাজেটের মধ্যে নেই। তারা এই উদ্বাস্তু খাতে যে টাকা ধরেছেন এই টাকায় উদ্বাস্তু ডেভেলপমেন্টের কর্মচারিদের মাইনা দেওয়া যাবে, তাছাড়া উদ্বাস্তুদের সামগ্রিক উন্নয়ন যেমন শিক্ষা ইত্যাদি আরও অন্যান্য বিষয়ে উন্নতি এর মাধ্যমে হতে পারে না। তাই উদ্বাস্তু মানুষেরা এর মধ্যে দিয়ে আজকে পুরোপুরি ভাবে বিক্ষুব্ধ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শঙ্করবাবু বার বার বলছিলেন, যে আমাদের দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। আমাদের দৃষ্টিভঙ্গিকে সমাজবাদের দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। তা যদি হয় তাহলে আমি মনে করি মূলগত ভাবে যে জিনিসটা আমাদের দরকার ছিল, বিশ্বনাথদা সেটা দেখাবার চেষ্টা করেছেন আমাদের দেশের প্রোডাকটিভ ডেভেলপমেন্টের দিকে আরও বেশি করে নজর দেওয়া দরকার ছিল এবং বিশেষভাবে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের ক্ষেত্রে সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে ১৯৭২ সাল থেকে আজ পর্যন্ত এই ডেভেলপমেন্ট অত্যন্ত কম। শুধু ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট নয়। এগ্রিকালচারাল ডেভেলপমেন্টও আমাদের দেশের আগের তুলনায় অনেক কমে গেছে। এই ২টি মূলগত সমস্যার দিকে যদি নজর না দিতে পারি তাহলে যতই সংখ্যাতথ্য দিয়ে আশার আলো দেখাবার চেষ্টা করি না কেন, যতই সমাজবাদের কথা বলি না কেন, আমাদের দেশের কোনও পরিবর্তন হবে না বলে মনে করি। আজকে বেকার সমস্যা আমাদের দেশে চেপে বসেছে। আজকে যারা বেকার তারা আশা করেছিল আমাদের দেশে এমন একটা বাজেট তৈরি হবে, যে বাজেটে আমাদের দেশে ইন্ডাস্ট্রি বাড়বে, কর্মদক্ষতা বাড়বে এবং তারা কাজ পাবে কিন্তু আজকে তারা এই বাজেটে বিক্ষুব্ধ হয়েছে। তাই আমি মনে করছি এই বাজেট সামগ্রিকভাবে সাধারণ মানুষকে হতাশ করেছে, তাদের আতঙ্কগ্রস্ত করেছে বলে মনে করছি।

[5-10 — 5-20 p.m.]

ডাঃ গোপালদাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের নেতা শেষে যেকথা আমাদের বললেন হুঁশিয়ার করে, আমি সেখান থেকেই শুরু করি। উনি বলেছেন যে আত্মতুষ্টিতে আমরা ভুগছি, এর কোনও সুযোগ নেই, এই অবস্থায় কমপ্লিকেসিতে আমরা ভুগছি, এটা মারাত্মক ভয়ের কথা। আমি মাননীয় বিরোধী পক্ষের নেতার বক্তব্যের সমালোচনা করব না, আমি দুঃখিত উনি বোধ হয় মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণের শেষ পাতা দেখেন নি। উনি ৬৭ পাতায় বলেছেন We have to wage a ceaseless battle against poverty, unemployment and inequality if we are to establish a society in which men are free and equal. In this battle there can be no vacillation or slowing down, Everything that stands in the way of the establishment of such a society has to be removed peacefully, if possible and through the constitutional and compulsive machinery of the democratic state, if necessary, এবং একেবারে শেষ সেন্টেন্সে বলছেন In the great battle against the forces that hold the country back and in the noble task of regenerating the economy of West Bengal we cannot falter or fail. এবং আত্মতুষ্টির কথা হচ্ছে we have faith and confidence that, with the support and co-operation of the people, we would succed in these great tasks. উনি কোথায় কমপ্লেসেন্সি, আত্মতুষ্টি পেলেন তা আমি জানি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি আরও

হচ্ছে ম্যাসিভ আনএমপ্লয়মেন্ট দুটো মোটামুটিভাবে ইন্টারলিঙ্ক। তৃতীয় কতকগুলি এ্যভিল সিস্টেম আমাদের দেশে চালু আছে। অসম বন্টন ব্যবস্থা, মানুষের যথেষ্ট সুযোগের অভাব আছে এর মধ্যে কিছু কিছু অঞ্চল অনগ্রসর অঞ্চল এবং তাদের আবার বিশেষ বিশেষ সমস্যা আছে। মূল সমস্যা মোটামুটিভাবে এগুলি। এই যে একটা পুস্তিকা বাজেট স্টেটমেন্ট হিসেব এখানে প্রকাশিত হয়েছে তার মধ্যে অনুসন্ধান করলে দেখব প্রত্যেকটি মূল সমস্যা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে এবং এ সম্বন্ধে তিনি কি চিন্তা করছেন এবং কি কার্যকর ব্যবস্থা অবলম্বন করবেন তার পরিষ্কার ছবি এখানে আছে যে এই এই বিষয় এই এই করা হবে এবং তারজন্য এই অর্থ বিনিয়োগ করা হবে। এইরকম ধরনের একটা পরিষ্কার স্বচ্ছ ভাষায় আগামী আর্থিক বছরের এক পরিষ্কার ছবি আমাদের সামনে রাখার জন্য আমি অভিনন্দন জানাব। এর প্রয়োজন আছে কারণ এরজন্য সাধারণ মানুষের কাছে আমাদের জবাবদিহি করতে হবে। একথা প্রধানমন্ত্রীও বলেছেন we are accountable to the workers, we are accountable to the common people, we are accountable to the peasants সেই কৈফিয়ৎ আগামী বছর আমাদের দিতে হবে। সেদিক থেকে একে একটা মূল্যবান দলিল বলে আমি মনে করি। আমাদের অবজেকটিভ কি এরমধ্যে আছে প্রথম কথা হচ্ছে র‍্যাপিড গ্রোথ। বিশ্বনাথবাবু বলছেন কয়েক বছর ধরে গতি শ্লথ হয়েছিল। একথা সত্য, স্ট্যাগনেশন এসেছিল তারপর ইনফ্লেশন এসেছে, এরপর নতুন কথা এসেছে স্ট্যাগফ্লেশন। সুতরাং সমস্ত দিক থেকে আমাদের অগ্রগতি শুধু মন্থর নয়, কোথাও কোথাও যে স্তব্ধ হয়েছিল যে বিষয়ে ভুল নেই। সুতরাং যেটুকু লুজ করেছি সেটুকু যদি দ্রুত মেকাপ করে পৌছাতে হয় তাহলে আমাদের র‍্যাপিড গ্রোথ করতে হবে। সেটা এই বাজেটের মধ্যে আছে কিনা তা দেখতে হবে। দ্বিতীয় কথা গ্রোথ কোন সময়ে হবে। এর জন্য দরকার কতকগুলি ফান্ডামেন্টাল কন্ডিশন একটা হচ্ছে রিসোর্স মোবিলাইজেশন করতে পারছি কি আর একটা হচ্ছে আমাদের যে রিসোর্সেস আছে তার সম্পূর্ণ ইউটিলাইজেশন করতে পারছি না। সেদিক থেকে যদি দেখি মোবিলাইজেশন অফ রিসোর্সে ওয়েস্ট বেঙ্গলের পারফমেন্স ভারতবর্ষের যে কোনও প্রদেশের চেয়ে ভাল। আজকে ওয়েস্ট বেঙ্গল দাবি করতে পারে ওয়ান অব দি বেস্ট ফাইন্সিয়ালি অ্যাডমিনিস্টার্ড স্টেটস বলে এবং সেই দাবি দিল্লি গ্রাহ্য দাবি এবং এই প্রশংসাপত্র ওয়েস্ট বেঙ্গলের অর্থ মন্ত্রী মহাশয় বার বার পেয়েছেন। দ্বিতীয় কথা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ইউটিলাইজেশন অব ন্যাচারাল রিসোর্সেস করছে, কি করছে না। আমরা মোবিলাইজেশন অব দি রিসোর্সেস এর দিক দিয়ে যথেষ্ট এগিয়ে গেছি, হয়ত কোয়ানটিটেটিভলি ঐ পর্যায়ে আসিনি যারা অব্যাহতভাবে এই কাজ করে গেছেন। কিন্তু গত ৪ বছরের সেই হান্ডিক্যাপ মেক আপ করে যতটুকু এগিয়েছি তাতে বেস্ট অ্যাডমিনিস্টার্ড বলা যেতে পারে। তৃতীয় হচ্ছে আমাদের যে ন্যাচারাল রিসোর্সেস ইউটিলাইজেশন করতে পারছিলাম না সেটা করতে পারছি কিনা। ক্যানেল ইরিগেশন সম্বন্ধে বিশ্বনাথ বাবু বলেছেন, ইরিগেশনে ওরা এক্সপার্ট, আমি ওর মধ্যে যাব না, কিন্তু ওয়েস্ট বেঙ্গলের মাটির তলায় যে ঐশ্বর্য্য আছে প্রথম ঐশ্বর্য্য মিনারেলস, তার প্রপার ইউটিলাইজেশন-এর ব্যবস্থা হয়েছে কিনা এবং সেটা সফল হয়েছে কিনা, পুরুলিয়া বলুন, বাঁকুড়া বলুন, আজ বাঁকুড়ায় যে নতুন কয়লাখনির সন্ধান মাননীয় মুখ্যমন্ত্রী রাজ্যপালের ভাষণের উত্তর দিতে গিয়ে বলেছেন সেটা সাক্ষ্য দিচ্ছে ন্যাচারাল রিসোর্স ইউটিলাইজেশন হচ্ছে। সুন্দরবনে ন্যাচারাল গ্যাস পাওয়ার সম্ভাবনা দেখা

দিয়েছে, সেটা কিসের সাক্ষ্য দিচ্ছে? যেসমস্ত হিডেন রিসোর্সেস ছিল, আনইউটিলাইজড রিসোর্সেস ছিল সেগুলি ইউটিলাইজড হবার সুযোগ সৃষ্টি হয়েছে। যেমন ডলোমাইট, চায়না ক্লে ইত্যাদি হাজার রকমের মিনারেলস আছে যার সব নাম জানি না, সেগুলির কর্পোরেশন হয়েছে কাজ এগিয়েছে এবং সেই কাজ সাফল্যজনকভাবে এগিয়েছে এবং তার ফল ফলতে শুরু করেছে। কিছুদিন আগে পর্যন্ত মনুষ্য সমাজ প্রায় কারাবাসের মতো ছিল, তার আত্মার প্রকাশের পথ অত্যন্ত সঙ্কীর্ণ ছিল, আজকে তার আত্ম প্রকাশের পথ সম্প্রসারিত হয়েছে। অ্যাভিন্যুজ অব সেলফ এক্সপ্রেশন বেড়েছে কিনা সেটা বিচার করতে হবে। সে দিক থেকে আজকে কত রকমের অ্যাভিন্যুর সৃষ্টি হয়েছে বা হতে চলেছে, নানা ভাবে মানুষের আত্ম প্রকাশ হতে পারে যাতে সে আর পিঞ্জরাবদ্ধ হয়ে শেষ না হয়ে যায়। আর একটা সমস্যার কথা বলেছিলেন অ্যাভারেজ সমস্যার কথা। বিশেষ বিশেষ সমস্যা কোন কোন এলাকায় ছিল, যেমন দক্ষিণ ২৪ পরগনার মানুষ কিভাবে জীবনযাপন করে, দার্জিলিং-এর পাহাড়ী অঞ্চলের মানুষ কিভাবে জীবনযাপন করে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রামের আদিবাসী ভাইরা কিভাবে জীবনযাপন করে, তাদের সমস্যা কলকাতার মানুষের সমস্যা এক নয়, বর্ধমান হুগলির গ্রামের মানুষের সমস্যা এক নয়। আরও অনেক বিশেষ সমস্যা আছে। সুতরাং আমরা যদি ধরে নিতাম যে সবার সমস্যার সঙ্গে ওদের সমস্যা সমাধান হয়ে যাবে তাহলে অবিচার করা হত। কারণ ১০০ মিটার দৌড়ের সঙ্গে ৫০ মিটার দৌড়ের তুলনা করা চলে না, ঐ ৫০ মিটার দৌড়ের যে হ্যান্ডিক্যাপ সেটাকে মেক আপ করবার জন্য বেশি সুযোগ যদি না দেওয়া হয় তাহলে অন্যায় হবে, ফেয়ার ট্রিটমেন্ট হবে না। আজকে সেদিকে নজর দেওয়া হয়েছে। সুন্দরবন ডেভেলপমেন্টের জন্য বিশেষ ব্যবস্থা হয়েছে কিনা, ঝাড়গ্রামের জন্য বিশেষ ব্যবস্থা হয়েছে কিনা, দার্জিলিং-এর পাহাড়ী এলাকার জন্য বিশেষ ব্যবস্থা হয়েছে কিনা এগুলি দেখা দরকার। এখানে যদি ফেলিওর থাকে তাহলে অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা নিশ্চয়ই বিরূপ সমালোচনার যোগ্য, আর যদি সে দিকে তিনি ত্রুটি না দেখান তাহলে তাকে অভিনন্দন জানাতেই হবে, স্বীকৃতি দিতেই হবে। আঞ্চলিক দিক থেকে মানুষের মধ্যে প্রভেদ আছে, আমি যে শ্রেণীর মানুষ আমরা কিছু অধিক সুযোগ-সুবিধা পাই, আমার পাশাপাশি এমন এক শ্রেণীর মানুষ বাস করে যাদের বলতে পারি ভালনারেবল সেকশন, তারা আমার মতো সুযোগ-সুবিধা পায় না। অথচ একই দেশের মানুষ একই গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে আমরা দু'জনে আছি, কিন্তু সমান সুযোগের অধিকারী নই। এই ব্যাকওয়ার্ড পিপল যারা সমান সুযোগ পেল না তাদের তারজন্য কোনও অপরাধ নেই, সমস্ত সিস্টেম তারজন্য অপরাধী। তাদের জন্য যদি স্পেশাল কিছু না করা হয় তাহলে ওয়ান স্টেপ অর টু স্টেপস অব থ্রি স্টেপস তারা সব সময় পিছিয়ে থাকবে। আজকে যদি তাদের তুলে আনতে হয় তাহলে তাদের জন্য স্পেশাল ব্যবস্থা করতে হবে।

[5-30 — 5-40 p.m.]

আমাদের দেখতে হবে বাজেটে ব্যাকওয়ার্ড পিপল-এর জন্য সেই রকম স্পেশাল ব্যবস্থা হয়েছে কিনা। সেটা যদি দেখি তাহলে বলব অন্তত্তপক্ষে এই বাজেট তাদের পক্ষে কল্যাণকর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা দিয়ে আরম্ভ করেছিলাম সেটা হচ্ছে আমরা ইভলিউশনারি প্রসেসে বিশ্বাস করি। বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা মনে করতে পারেন আমি

এটা বলে কথার ফুলঝুরি ছোটাচ্ছি। আমি তথ্য দিয়ে প্রমাণ করব আমাদের প্রসেস ইভলিউশনারি কিনা। আমি কয়েকটা ঘটনা এখানে উল্লেখ করব। এই কয়েক বছরের মধ্যে কোনও একটা পার্টিকুলার ইয়ারে সিদ্ধান্ত হল যারা গৃহহীন মানুষ তাদের এক খন্ড করে জমি দাও। এই সিদ্ধান্তের পর সঙ্গে সঙ্গে আবার সিদ্ধান্ত হল জমির সঙ্গে ডেভেলপ করবার জন্য তাদের ১৫০ টাকা করে দেওয়া যেতে পারে। বাড়ি কি করে হবে সেটা প্রথমে ভাবা হয়েছিল না। আমার প্রথম স্টেজে দেখলাম তাদের জমি দেওয়া হল এবং সেকেন্ড স্টেজে দেখলাম ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হল অ্যাসিস্ট্যান্স ফর বিল্ডিং আপ অফ দেয়ার ওন হাউসেস। তাহলে দেখুন আমরা ধাপে ধাপে এগুচ্ছি কিনা। প্রথমে সিদ্ধান্ত হল যে সমস্ত জমি সরকারের ন্যস্ত হয়েছে সেগুলি যাদের জমি নেই তাদের মধ্যে বণ্টন করা হবে। তখন এই জিনিসটা ভাবা হল না যে, তাদের মূলধন কোথায়, কি করে তারা এটা চাষ করবে, তাদের রিসোর্স কোথায়? এবারে দেখছি সেকেন্ড স্টেপ হতে চলেছে অর্থাৎ তাদের জন্য টাকা বরাদ্দ করা হয়েছে। অর্থাৎ ওই ধরনের জমি যারা পেল তাদের অ্যাসিস্ট্যান্স দেবার জন্য একটা ফান্ড ক্রিয়েটেড হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুটি উদাহরণ দেব। ১৯৭১ সালে আমরা অর্ডিনান্স করেছিলাম, পার্লামেন্টে পরে আইন আকারে সেটা পাস হয় কারণ আমাদের বিধানসভা হয়ে গিয়েছিল। ক্লোজার করতে গেলে মালিকদের ফুল রাইট ছিল যে, আমার যখন ইচ্ছা আমি তালাবন্ধ করে দেব। শুধু এক মাসের টাকা বাড়িতে পাঠিয়ে দিলেই হত। ১৯৭১ সালে আমরা আইন করলাম তোমাকে ৬০ দিন আগে জানাতে হবে যে আমি কারখানা বন্ধ করতে চলেছি। এর বেশি তখন আমরা এগুতে পারতাম না। ১৯৭২ সালে আমরা আইন পাস করলাম, লোকসভা তখন বলল তুমি কারখানা বন্ধ করতে পারবে না—ইউ উইল হ্যাভ টু ওয়েট ফর দি স্যাংশন অব দি গভর্নমেন্ট। তারপর রিট্রেঞ্চমেন্টের বেলাতেও তাই—আগে ছিল নোটিশ দিলেই হল, কিন্তু আজকে চাপটার ফাইভ (বি)-তে বলা হল তোমার সেই অধিকার অ্যাবসোলিউট অধিকার নয়, এটা হবে সাবজেক্ট টু প্রায়র অ্যাপ্রুভাল অব দি গভর্নমেন্ট। লে-অফ-এর ব্যাপারে অ্যাবসোলিউট রাইট ছিল ম্যানেজমেন্টের। কিন্তু আইনে আজকে সেটা কেড়ে নেওয়া হল। আজকে বলা হয়েছে, তুমি লেঅফ করতে পারবে সাবজেক্ট টু অ্যাপ্রুভাল অব দি গভর্নমেন্ট। স্যার, আমি যে ইভলিউশনারি প্রসেসের কথা বলেছিলাম সেকথা যে সত্য সেটা এর দ্বারা প্রমাণিত হয়। আমরা একজিস্টিং সমাজব্যবস্থায় একটা চেঞ্জ চাচ্ছি থ্রু ইভলিউশনারি প্রসেস এবং তার মধ্যে চেষ্টা আছে, সিনসিয়ারিটি আছে, অনেস্টি আছে, কন্টিনিউটি আছে। কখনও হয়ত সেটা শ্লথ হয়েছে কিন্তু সেটা আবার অ্যাক্সিলারেটেড হয়েছে বাই দি টোয়েন্টি পয়েন্ট প্রোগ্রাম।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, র‍্যাপিড গ্রোথের কথা বলছিলাম। আমাদের দেখতে হবে যে এই র‍্যাপিড গ্রোথ কিভাবে ব্যালেন্স গ্রোথের কথা এখানে ভাবা হয়েছে ২০ পয়েন্ট। প্রথম কথা হচ্ছে গ্রোথ বলতে আমরা সাধারণ বুঝি ইন্ডাস্ট্রিয়াল সেক্টার—সেটা দিয়ে আমাদের আরম্ভ করা যেতে পারে। এখানে বিগ ইন্ডাস্ট্রি আছে, ট্র্যাডিশনাল ইন্ডাস্ট্রি তৈরি হচ্ছে এবং হবার মতো ব্যবস্থা হচ্ছে। বিগ ইন্ডাস্ট্রি করতে গেলে আজকে ভারতবর্ষের প্রত্যেক স্টেটই চায় অন্তত কম পক্ষে ইন্ডাস্ট্রিয়ালাইজ স্টেট। ওরা বলবেন কেরালায় পাওয়ার স্টেজ নেই, আমি জানি সেখানে ইন্ডাস্ট্রি নেই। ইন্ডাস্ট্রিয়াল স্টেট মহারাষ্ট্র, তামিলনাড়ু, ওয়েস্ট বেঙ্গল। সব

চেয়ে বড় ক্রাইসিস ছিল পাওয়ার সাপ্লাইয়ে ক্রাইসিস।

[5-40 — 5-50 p.m.]

আমাদের যথেষ্ট পরিমাণে বিদ্যুৎ ছিল না, যা ইন্ডাস্ট্রি আছে তারই ফুলার ইউটিলাইজেশন করতে পারি। ওয়েস্ট বেঙ্গলকে এই কেওস থেকে বাঁচাবার জন্য আমাদের রেশনিং প্রথা চালু করতে হয়। আমাদের পরেই ৬ মাসের মধ্যে মহারাষ্ট্র অনুরূপ প্রথা চালু করে, তামিলনাড়ুতে রেশনিং প্রথা চালু হয় নি, কিন্তু কেওস দীর্ঘদিন ধরে চলছে। আজকে আমাদের দেখতে হবে যথেষ্ট পরিমাণে পাওয়ার সরবরাহ করতে পেরেছি কিনা বা বাড়াতে পারছি কি না। যখন আমরা রেশনিং প্রথা চালু করি তখন আমাদের ম্যাক্সিমাম পিক ডিমান্ড আমরা যার উপর রেশনিং প্রথা চালু করেছিলাম ৪৮০ মেগাওয়াট ছিল—আমার যতদূর মনে হচ্ছে ১৯৭৪ সালের আগস্ট মাসে আমরা রেশনিং প্রথা চালু করেছি ইভনিং পিক ডিমান্ড ছিল যেটা দিনের মধ্যে সবচেয়ে বেশি ডিমান্ড ইন্ডাস্ট্রিয়াল এবং ডোমেসটিক ডিমান্ড এই সব মিলিয়ে যে রেশনিং প্রথা চালু হল তখন আমাদের অপটিমাম এক্সপেক্টেশন ৪৮০ মেগাওয়াট আমরা সমস্ত দিনে দিতে পারব। সেটাই হল ম্যাক্সিমাম পিক। আমরা আজকে কত কনজিউম করছি? প্রায় ৫৮০ মেগাওয়াট। ১০০ মেগাওয়াট বেশি বিদ্যুৎ তৈরি হচ্ছে এই দেশে। আমরা বিদেশ থেকে আনছি না। সুতরাং আরও নতুন নতুন বিদ্যুৎকেন্দ্র স্থাপন করে নতুন যে অতিরিক্ত চাহিদা সেটা পূরণ করবার জন্য দ্রুত ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং যে ইউনিটগুলি ছিল সেগুলি প্রপারলি মেনটেন করে তাকে প্রপারলি সার্ভিস করে তা থেকে অধিক পাওয়ার উৎপাদন করা হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গ সরকার ভাবতে চলেছেন যে সমস্ত রেশনিং এখন যা আছে তার কতখানি তুলে দেওয়া যায় এবং হয়ত ... কয়েকদিনের মধ্যে সে সম্বন্ধে একটা সিদ্ধান্ত গৃহীত হতে পারে। দ্বিতীয় কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ সরবরাহ করলেই ইন্ডাস্ট্রি বাড়বে না, আবার ইনফ্রাস্ট্রাকচার দরকার সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। তার জন্য কর্পোরেশন হচ্ছে, তার জন্য অর্থ বরাদ্দ হচ্ছে, কাজ হচ্ছে। নতুন কনসেপ্টেড কথা হয়েছে জয়েন্ট সেক্টরে—অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকারের যে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন—সে ওয়ান অফ দি জয়েন্ট স্পনসোরিং এজেন্ট, নতুন নতুন কারখানা সৃষ্টি করবে। কত লেটার অব ইনটেন্ট, কত লাইসেন্সড ইস্যুড হয়েছে তার সমস্ত তথ্য নিশ্চয় ঐ বইগুলির মধ্যে আছে। স্যার, এত গেল নতুন কারখানার দিক—যে বড় বড় পুরানো কারখানা বন্ধ হয়ে গিয়েছিল, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং, বেঙ্গল পটারিজ—আমি ঐ ১৮টি কাপড়ের কলের কথা তুলব না, আগে বহুবার বলেছি—আজকে ঢাকেশ্বরী মিল্ বন্ধ হয়ে আছে আসানসোলে—ছোট বড় নানা অর্গানাইজড সেক্টরে নানা রকম কারখানা বন্ধ হয়ে আছে, সেগুলি সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার কি নীরব, নিস্তব্ধ হয়ে বসে আছে, লাইসেন্স ইন্সপেক্টর আমরা অ্যাকটিভলি কিছুই করছি না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি কথা মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে জানাই, অতীতে যখন একটা বন্ধ কারখানার দায় দায়িত্ব গ্রহণ করতাম তখন ভারত সরকারের কাছ থেকে উপযুক্ত পরিমাণে আর্থিক সহযোগিতা পেতাম। গত দুবছর ধরে ভারত সরকার একটা সুনির্দিষ্ট কনডিশন করে দিয়েছে যে তুমি যদি কোনও কারখানার পরিচালনার দায় দায়িত্ব গ্রহণ করতে চাও, তোমাকে দেখতে হবে West Bengal Government shall accept the full financial and Management responsibility for recieving this

unit. সুতরাং পশ্চিমবঙ্গ সরকারকে সমস্ত টাকা এবং ম্যানেজিরিয়াল স্কীম জোগাড় করে তারপর করতে হবে। কিন্তু তাতে পশ্চিমবঙ্গ সরকার থামেনি। তারপর ব্রিটানিয়া নিয়ে পশ্চিমবঙ্গ সরকার তদবির করেছে এবং তার সিদ্ধান্ত গৃহীত হয়েছে তার পরিচালনার স্বত্ত্ব অধিগ্রহণ করার। বেঙ্গল পটারি সম্বন্ধে প্রায় সিদ্ধান্তে আমরা এসে গিয়েছি। ঢাকেশ্বরী সম্বন্ধে ইতিমধ্যেই আমরা চিঠি দিয়েছি দিল্লিকে যে ঢাকেশ্বরী কটন মিলস ক্লোসড অ্যান্ড সিক ইণ্ডাস্ট্রি, তা সত্ত্বেও আমরা পরিচালনার দায়িত্ব নিয়ে পুনর্বাসন করব। সুতরাং ক্লোজড অ্যান্ড সিক ইণ্ডাস্ট্রির ক্ষেত্রেও পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক অক্ষমতা সেখানে অনায়াসে দেখাতে পারত আজকে তা দেখায়নি। নিজের যা সামর্থ সেই সামর্থ নিয়েই সামর্থের অধিক দায়িত্ব বহন করে চলেছে এবং আজও করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, এই বৃহৎ শিল্পগুলিকে বাঁচিয়ে রাখার জন্য পশ্চিমবঙ্গ সরকার যথেষ্ট কনসেশন দিয়েছে। হিন্দুস্থান মোটর তখন উৎপাদন কমাতে তারা বাধ্য হয়ে ছিল, পাঁচ হাজার শ্রমিককে ছাঁটাই-এর নোটিশ দিল, সেই নোটিশ প্রত্যাহার করানোর জন্য সরকারের সঙ্গে যখন আলোচনা হয়েছিল তখন সেকথা ওরা প্রমাণ করতে পেরেছিল যে গাড়ির চাহিদা কমে গিয়েছে। সেই গাড়ির চাহিদা যাতে দেশে পুনরুদ্ধার করা যায় তারজন্য পশ্চিমবঙ্গ সরকার মোটর গাড়ির উপর সেলস ট্যাক্স কমিয়ে দিলেন এবং আজও সেই কমানো সেলস ট্যাক্স চলছে। এর ফলে আজ ৫ হাজার শ্রমিক ছাঁটাই হয়নি, আজও অন্যভাবে তারা চাকরি করছে। কিন্তু যেহেতু উৎপাদন হাজারের বেশি হয়নি সেইজন্য কিছু কিছু লেঅফ হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার এই দিকের পথপ্রদর্শক। পশ্চিমবঙ্গ সরকার এই কাজ করার পরে ভারত সরকার ট্যাক্সির জন্য যে গাড়িগুলি হিন্দুস্থান মোটর বিক্রয় হয়, তার উপর এক্সাইস ডিউটি রিলিফ দেয়। বিহার সরকার সেলস ট্যাক্স রেহাই দিয়েছে এবং আমার মনে হয় মহারাষ্ট্র ইত্যাদি সব সরকারই ক্রমে ক্রমে পশ্চিমবঙ্গ সরকারের পদানুসরণ করবে। সেন র‍্যালে কারখানা পুনরুদ্ধারের জন্য, যদিও এটা অ্যাসিস্টেড ইউনিট আই আর সি আই মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের কাছে থেকে যখন এর দায়িত্ব অধিগ্রহণ করল অথচ মজা দেখুন, অধ্যক্ষ মহাশয়, যখন আমরা পরিচালনার দায়িত্ব অধিগ্রহণ করতে চাই তখন ভারত সরকার বলে যে তোমাদের পুরো আর্থিক, ম্যানেজমেন্টের দায়িত্ব নিতে হবে এবং সেই দায়িত্ব স্বীকার করে নিতে পদ্মজবাবু আমাকে সাহায্য করেন কারখানার পরিচালনা করতে, কিন্তু ভারত সরকার যখন রুগ্ন শিল্পের দায়িত্ব পশ্চিমবঙ্গে অধিগ্রহণ করতে চান বিকজ অব দি রুলইয়োর অফ আই আর সি আই, কারণ সবগুলিই আই আর সি আই-র অ্যাসিসটেড ইউনিট, তখন কিন্তু তারা সত্ত্ব আরোপ করেন পশ্চিমবঙ্গের এটা তো শিল্প, তোমার তো শিল্পে শ্রমিকদের চাকরি যাচ্ছিল, তোমার সেই যে প্রোডাকটিভ আওয়ার্স তা আইডল হয়ে যেত তাহলে তুমি কি করবে বল, তুমি কি সাহায্য করবে? আমাকে অর্থ সাহায্য দিতে হয়। সেন র‍্যালের বাজারে শপ ফ্লোর, পশ্চিমবঙ্গে মাত্র নামকাওয়াস্তে, তারজন্য পশ্চিমবঙ্গ সরকারকে শতকরা দু টাকা সুদে ৭০ লক্ষ টাকা ভারত সরকার অধিগ্রহণ করেছেন তার দায়িত্ব তাই তাকে ধার দিতে হবে। আমরা ৩৫ লক্ষ টাকা গত বৎসর দিয়েছি—এই চালু বৎসরে দিয়েছি, আর আগামী বৎসরে ৩৫ লক্ষ টাকা দিতে হবে। গতকাল ভারত সরকারের ঐ বিভাগের অতিরিক্ত সচিব আমাকে স্মরণ করিয়ে দিয়েছে যে টাকাটা যেন তাড়াতাড়ি দিই। আমি তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই থেকে পরিষ্কার বোঝা যাবে যে বিগ সেক্টার, অর্থাৎ অর্গানাইজড

সেক্টার সম্বন্ধে যদিও ভারত সরকারের সমস্ত দায় দায়িত্ব কারণ লাইসেন্সিং পলিসি এবং আদার পলিসিস কোনটাই আমাদের পরিচালনাধীন কর্তৃত্ব নয়, আমাদের দেশের ব্যবস্থা এগুলি ফেডারেল সিস্টেমে আছে, তাতে পশ্চিমবঙ্গ সরকারের বৃহৎ শিল্প সম্বন্ধে করার সুযোগ অত্যন্ত কম, তবুও কিন্তু তার মধ্যে ন্যূনতম সুযোগ সৃষ্টি করে পশ্চিমবঙ্গ সরকার বৃহৎ শিল্পগুলি বাঁচিয়ে রাখার জন্য তার সাধ্যমত করছে, আমার মনে হয় সাধ্যের অতিরিক্ত করছে এবং আজকে এর পথিকৃত পশ্চিমবঙ্গ সরকার কারণ ভারতবর্ষের অন্যান্য সরকারও এই পন্থা অবলম্বন করছে পরবর্তীকালে পশ্চিমবঙ্গ সরকার যেসমস্ত বিশেষ এবং বৃহৎ শিল্পগুলিকে রিসেশনের হাত থেকে বাঁচাবার জন্য যে ব্যবস্থা অবলম্বন করেছিলেন তারা তাই করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের লক্ষ্য শুধু বিগ সেক্টারের প্রতি নয়, স্মল সেক্টার, কটেজ ইন্ডাস্ট্রি সেক্টর এবং আদার যেসমস্ত সেক্টর আছে, তাদের মোর দ্যান এনাফ এনলার্জ করা হয়েছে। আজ দেখুন স্মল স্কেল ইন্ডাস্ট্রির গ্রোথ, কটেজ ইন্ডাস্ট্রির গ্রোথ—আমাদের এখানে সিংহরায় মহাশয় বসে আছেন, ওরই কনস্টিটিউয়েন্সির মধ্যে বিখ্যাত বাগনানের কুটির শিল্প একদিন আমেরিকায় যার প্রচুর খ্যাতি ছিল, সেই বাগনানের গরিব যারা আর্টিজান, শিল্প, তাদের হাতের কাজ আমেরিকায় বিক্রি করে, ব্যবসা করে কয়েকজন মানুষ কোটিপতি হয়ে গিয়েছে।

অনেকে আমেরিকায় গিয়ে বাড়ি ঘর করেছে, বিবাহ করে সংসার পেতেছে, জমি কিনেছে, বড় বড় দোকান করেছে। কিন্তু লক্ষ লক্ষ মানুষ যারা শিল্পের সঙ্গে সংযুক্ত, হাতে নাতে কাজ করত না খেয়ে শুকিয়ে মরছে। সেই শিল্পকে বাঁচাবার জন্য অর্থাৎ শিল্পীদের বাঁচাবার জন্য পশ্চিমবঙ্গ সরকার ১৯৭২ সাল থেকে চেষ্টা করছে এবং সেই করার ধারাবাহিকতা আজও বজায় আছে। যার জন্য মাননীয় সদস্য বললেন যে তাঁর জেলার তার কনসিটিউয়েন্সির কম পক্ষে ১০ হাজার শিল্প আজকে দু বেলা দু মুঠো খাবার সংস্থান করতে পেরেছে সম্মানজনকভাবে। এক্সপ্লয়টেশনের অবসান হয়েছে এই মহাজনদের দ্বারা তারা যেভাবে নিগৃহীত হয়েছে তার শেষ হয়েছে। আজকে সিনেমা বলুন, অন্যান্য যে কোনও শিল্প বলুন, আমি ডিটেলসে যাব না, কিন্তু এগুলি যদি দেখেন প্রত্যেকের সম্বন্ধে বাজেটে ব্যবস্থা হয়েছে। শুধু কথার ফুলঝুরি নয়, এফেকটিভ স্টেপস, পারপাসফুল স্টেপস নেওয়া হয়েছে এবং সেকথা বলা হয়েছে কোনও অ্যাম্বিগুইটি না রেখে। শুধু মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা বলেই শেষ করে দেওয়া হয়নি। আমাদের বিগ ইন্ডাস্ট্রিতে অর্গানাইজড সেক্টারের ওয়াগন ইন্ডাস্ট্রিতে অর্ডার নেই, রেলওয়ে দেয় না। তাকে তো পশ্চিমবঙ্গ সরকার বাঁচাতে পারে না। বিশ্বনাথবাবু আমার বিরুদ্ধে অভিযোগ এনেছেন—টেক্সম্যাকোতে কেন লে-অফ, ব্রেথওয়েটে কেন লে-অফ, জেসপে কেন লে-অফ, কেন ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড ওয়াগনে লে-অফ? ওয়াগন বিল্ডিং ক্যাপাসিটি কত, পশ্চিমবঙ্গের সাত হাজার মানুষ নিযুক্ত যদি ওয়াগন বিল্ডিং ক্যাপাসিটি ফুললি ইউটিলাইজ হয়। কিন্তু সেখানে যদি একখানির অর্ডার না আসে যেখানে ২৭ হাজার ওয়াগন তৈরি করা যায় সেখানে যদি পাঁচ হাজারের অর্ডার আসে, তাহলে ওয়াগন ফিফ্থড শ্রমিক কাজ করতে পারে, আর ফোর ফিফথ লোক বাড়ি চলে যেতে পারে। সেখানে অন্য কি করা যেতে পারে সেটা আমাদের ভাবতে হবে। কারণ পশ্চিমবঙ্গ সরকার ওয়াগনের অর্ডার দিয়ে সেগুলি গড়ের মাঠে তো সাজিয়ে রাখতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়,

একমাত্র হতে পারে স্ট্রাকচারাল ওয়ার্ক, তা এখানে শুরু করেছি আস্তে আস্তে কিন্তু একদিনে তো সম্ভব নয়। সুইচিং ওভার ফ্রম ওয়ান ইন্ডাস্ট্রি টু অ্যানাদার একদিনে সম্ভব নয়। এটা তো আর ললিপপ তৈরি করা হন! ওয়াগন বিল্ডিং-এ স্ট্রাকচারাল লাইন নিয়ে সময় লাগবে। কথা হচ্ছে অর্ডার চাই, এর জন্য পশ্চিমবাংলা সরকার পশ্চিমবঙ্গের উন্নয়নমূলক কাজে সেখানে স্ট্রাকচারাল লাইনে কাজ করার জন্য ডাইভার্সনেব জন্য সাহায্য করছে কিনা। আজকে হাওড়ার দিকে দ্বিতীয় সেতু হচ্ছে, আজকে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের বিভিন্ন কাজে বিগ টাওয়ার এবং এক্সপ্যানশন হচ্ছে, বড় বড় ক্রেন হচ্ছে এগুলি সবই স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং এগুলিকে স্ট্রেনদেন করবার জন্য ইকনমিক স্টেবিলিটির দিকে, এমপ্লয়মেন্ট পটেনশিয়েলিটির দিকে নজর রাখতে হবে। আজকে ওয়াগন ইন্ডাস্ট্রিকে বাঁচাতে গেলে ওয়াগনের অর্ডার চাই, সেভাবে পশ্চিমবাংলা সরকার ব্যবস্থা অবলম্বন করেছে কিনা সেটা দেখতে হবে। সেকথাও এখানে আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এবারে এগ্রিকালচার সেক্টার সম্বন্ধে মাননীয় বিশ্বনাথবাবু পার্টিনেন্ট কোয়েশ্চেন তুলেছেন কেন পার একর প্রোডাকটিভিটি কমেছে। একটা উত্তর আমি দিতে পারি, তাতে সেটা আমাদের ঘরেই ফিরে আসছে, আমরাতো মধ্যবিত্ত সমাজ থেকেই আসছি সেটা আমাদের কাজেই ফিরে আসবে এবং গত মাসে বোধ হয় কয়েকখানি কাগজে ধারাবাহিকভাবে তা লেখা হয়েছে। যে সমস্ত কম্পালসারি মেজারস পশ্চিমবঙ্গ সরকার বা ভারত সরকার গ্রহণ করেছেন, লেজিসলেটিভ মেজারস সেগুলির সাকসেফুল ইমপ্লিমেন্টেশন নির্ভর করছে অধিকাংশভাবে জনসাধারণের সংগঠিত শক্তির উপর। এদিক দিয়ে আমরা ব্যর্থ হয়েছি। জনসাধারণের নির্বাচিত প্রতিক্রিয়া যাদের উপকারের জন্য কম্পালসারি মেজারস গ্রহণ পশ্চিমবঙ্গ সরকার করেছেন, তাদের উপকারের জন্য আমরা ব্যবহার করতে পারিনি, আমাদের ফেইলিওরের জন্যই তাদের অপকার হয়েছে। ভাগচাষী উচ্ছেদ হয়ে গেছে।

[5-50 — 6-00 p.m.]

ভাগচাষী যখন ভাগচাষ করছিল, যে দুটো দানা বেশি পাওয়ার জন্য তার যথা সর্বস্ব সময় ঘটিবাটি সব বন্ধক দেওয়া পর্যন্ত সব দিয়ে বেস্ট মেথডে যতদূর যে পারে কাল্টিভেশন করে ম্যাক্সিমাম ক্রপ ইল্ড এর চেষ্টা করছিল। একটা আইন হল—আইন করে তাকে অধিকার দেওয়া হল—সেই মানুষগুলোর বিরুদ্ধে চক্রান্ত করা হল—ভাগচাষীকে তারা বঞ্চিত করল। সেখানে নির্বাচিত জন-প্রতিনিধিরা তাকে কোনও প্রোটেকশন দিতে পারলেন না। শহরের অ্যাবসেন্টি ল্যান্ড লর্ডরা জমি বিক্রি করতে পারলেন না, রেজেস্ট্রি বন্ধ তখন তারা তার ছেলে বা ভাইপোকে যারা শহরে রয়েছে তাদের গ্রামে পাঠিয়ে দিলে, যাও দুপুরে খাও দাও ঘুমোও আর কোনও রকমে জমিটা চাষ কর লোকজন দিয়ে যাতে ভাগচাষ স্বত্ব প্রমাণিত না হয়। যে চাষের কিছু জানেন না, চাষ সম্বন্ধে যার কোনও ইন্টারেস্ট নাই কারণ he has got a better footting somewhere else, কাজেই কোনও সারের ধার যে ধারলো না যা কিছু করে ছিটিয়ে মিটিয়ে দিয়ে চাষের কাজ সেরে দিল। ইনপুট কিছু নাই ইন্ডিফারেন্ট মেথডে চাষ করল তাতে প্রোডাকশন কী বাড়বে? যে জমিতে ১০ মন হচ্ছিল। এই ভাবে চাষের ফলে ফলন একেবারে কমে গেল। এই আইনের ফলে শহরের অ্যাবসেন্টি ল্যান্ডলর্ড যদি তার কোনও অযোগ্য পুত্র বা ভাইপোকে গ্রামে পাঠিয়ে—এই ভাবে চাষ করায় সেখানে তো ফলন কমে যাওয়াই স্বাভাবিক। এর করারও কিছু নেই। আমি তো ধারাবাহিকভাবে

খবরের কাগজে দেখেছি দিনের পর দিন এই ভাবে লেখা হয়েছে—আনন্দবাজারের কৃষি বিভাগে একথা লেখা হয়েছে, বসুমতী কাগজে লেখা হয়েছে, যুগান্তরে লেখা হয়েছে। কই আমরা তো একবার চেষ্টা করি নাই এই ইভিল সিস্টেম দূর করবার জন্য কোনও কথা বলতে বা সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করতে বা যেখানে একটা গণআন্দোলন সৃষ্টি করে এর বিরুদ্ধে সরব হতে। তাহলে তো প্রোডাকটিভিটি কমতেই পারে। যে সমস্ত কমপ্লিমেন্ট মেজার গভর্নমেন্ট নিলেন, তার যদি সাকসেসফুল ইমপ্লিমেনটেশন না করি—বরং তা বানচাল করবার চক্রান্তে জ্ঞানতঃ বা অজ্ঞানত সামিল হয়ে পড়ি, তাহলে প্রোডাকটিভিটি নিশ্চয়ই কমবে। আমার যদি ৫ বিঘা জমি থেকে থাকে এবং তা যদি আমি ভাগচাষীর কাছ থেকে কেড়ে নিয়ে এইভাবে চাষ করাই তাহলে ফল কি হবে? কলকাতা শহরে থেকে আমি মন্ত্রিত্ব করব, আবার অযোগ্য লোক দিয়ে জমিও চাষ করব তাহলে সেই জমিতে দশ মন ফলন আর পাওয়া যাবে না। তাতে ৫ মণই পাওয়া যাবে। এটা তো হবেই, আমি বিশ্বনাথ বাবুর কথার প্রসঙ্গে না গিয়েও বলতে পারি আমাদের সরকারের কোনও ত্রুটি নাই। বরং আমাদের যে প্রচেষ্টা আমরা যেভাবে সমাজটাকে গড়ে তুলতে চাচ্ছি—সমাজের পরিবর্তন হয়ে যাক এমনভাবে—যেখান থেকে ভাগচাষী সব চলে যাক—কেবল আমাদের টা যেন বজায় থাকে, আমার ইলেক্ট্রিক্যাল গ্যাটগেট গুলো বজায় থাকে,—আমার বাথ-রুমে অন্তত ৫০ হাজার টাকার গ্যাটগেট থাকে। অথচ সমাজতন্ত্র হয়ে যাবে। এইভাবে যদি হয়, তাহলে তো এর হবে না। সবাইকে এর জন্য কিছু কিছু মূল্য দিতে হবে,—ত্যাগ স্বীকার করতে হবে। সত্যবাবুকে দেখে আমার একটা কোটেশন মনে পড়ছে—বিখ্যাত কথা সাহিত্যিক অমর সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কথা যখন তিনি কংগ্রেস সভাপতি থেকে পদত্যাগ করেন দেশবন্ধুর কাছে পদত্যাগপত্র পেশ করেন যে বোধহয় ১৯২৩ সালের ১৪ই জুলাই হবে—তারিখ ঠিক মনে নাই—তখন তিনি লিখেছিলেন—যে কোনও মূল্য দেব না, কোনও কাজ করব না—কেবল বন্দেমাতরম্ বন্দেমাতরম্ করে চেঁচাব, তাহলে গলাচিরে শুধু রক্তই পড়বে, আর কোনও কাজ হবে না! আমি ও ঠিক সেই কথা বলে স্মরণ করিয়ে দেই—কোনও মূল্য দেব না, কোনও কাজ করব না—শুধু হয় যুগ যুগ জিও, আর না হয়—সবকিছু খারাপ বলে চেঁচাব—নেতিবাচক আলোচনা করব—তাহলে সব হয়ে যাবে। এই যদি হয় তাহলে শরৎচন্দ্রের ভাষায়—কেবল গলাচিরে রক্তই পড়বে—, আর কিছু হবে না—। সবাই যদি কিছু কাজ করতে পারি, কিছু ত্যাগ করতে পারি, তাহলে কিছু হবে। Are you ready for that? Perhaps not. শুধু মন্ত্রিসভাকে বা সরকারকে আক্রমণ করে কোনও লাভ হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এগ্রিকালচারাল বা ক্যানেল ইরিগেশন খুব ভাল বুঝি না। তবে এটা বুঝি যে পশ্চিমবঙ্গে ন্যাচারাল রিসোর্সেস এর মধ্যে সাব-সয়েল ওয়াটার এর একটা বিরাট রিসোর্সেস রয়েছে। এটার প্রপার ইউটিলাইজেশন হয়নি। যেটা ১৯৭৩-৭৪ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকার করবার চেষ্টা করছেন। এর জন্য আমাদের ভারতবর্ষে একটা কর্পোরেশন হয়েছে। ভারত সরকারের একটা ভাল এজেন্সি—পশ্চিমবাংলায় কাজ করছে। এর সহায়তায় মোটামুটি আজকে একটা প্রপার সার্ভে হচ্ছে, যে আমাদের সাব-সয়েল ওয়াটার রিসোর্সেস কী। সেইজন্য পরিকল্পিতভাবে এর ইউটিলাইজেশন হচ্ছে। তারপরে যদি কেউ বলেন—যে কিছু হচ্ছে না, সেটা মস্ত বড় ভুল। আপনারা দেখবেন—১৯৭১ সালে যেখানে

কাশবন ছাড়া আর কিছুই ছিল না—যেখানে আজ সবুজ ধানের সমারোহ। এখন আমি যে মাসেই যাই না কেন—বৈশাখ মাসই হোক আর ভাদ্র মাসই হোক, আর পৌষ মাসই হোক যেতে যেতে দেখি, রাস্তার দুপাশে কেবল সবুজ ধানের ফসল—তাহলে কী করে এসব হল? নতুন যা কিছু দেখছি—তা ঐ ডিপ টিউবওয়েল-এর কল্যাণেই সব হয়েছে। যেখানে ছিল না সেখানে ডিপ টিউবওয়েল হয়েছে। হওয়ার ফলে যেখানে কাশবন ছাড়া আর কিছু ছিল না আজ সেখানে সব সময় কিছু ফসল থাকে। সুতরাং ওয়াটার ইউটিলাইজেশনের যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেটা এখনও আছে এবং সেটা ফলপ্রসূ হয়েছে, সেটা দেখা যাচ্ছে। ১৯৭৫-৭৬ সালের ফিগার যখন পাবলিশ হবে তখন বোঝা যাবে কতটা ফলপ্রসূ হয়েছে। সারের ব্যাপারেও এইকথা বলা যায়। সিডের কথাই বলুন আর ড্রেনেজের কথাই বলুন ঐ একই কথা বলা যায়। কাজ যে চারদিকে হচ্ছে শুধু ইরিগেশনের নয়, ব্রিজের নয়, কমিউনিকেশন, ফেসিলিটিস সর্বক্ষেত্রে কাজ হচ্ছে একথা অস্বীকার করবার কথা নয় চোখের উপর দেখা যায়। বক্তৃতা করে বোঝাবার দরকার নেই। চিনি মিষ্টি কি তেতো এত বক্তৃতা করে বোঝানো যায় না। গ্রামে যে ব্রিজ হচ্ছে তমলুকে যে ব্রিজ হচ্ছে, নরঘাটে, মুন্ডেশ্বরীতে ব্রিজ হল সেটা কবে সম্পূর্ণ হল কবে আরম্ভ হয়েছিল। বিচার করে দেখুন প্রফুল্লচন্দ্র সেনের মুখ্যমন্ত্রী হওয়ার আগে কি সঙ্গে সঙ্গে ১৯৬১ কি ১৯৬২ সালে আরম্ভ হয়েছিল। শেষ হল কবে? ১৯৭৫ সালে এই মন্ত্রীসভা আসার পর যেখানে কাজ অ্যাবানডান্ট হয়েছিল এই মন্ত্রিসভা আসার পর অ্যাবানডান্ট হওয়ার ৮ বছর পরে সেখানে কাজ হল। চিনি মিষ্টি কি তেতো? সেখানকার মানুষদের বক্তৃতা দিয়ে বোঝাবার দরকার নেই। সেখানে ব্রিজের উপর দিয়ে যখন মানুষ যাচ্ছে, মুন্ডেশ্বরী ব্রিজের উপর দিয়ে মানুষ যাবে, আত্রেয়িই ব্রিজের উপর দিয়ে মানুষ যাবে, নরঘাটের ব্রিজের উপর দিয়ে যখন সত্যবাবু দীঘায় যাবেন তখন বুঝতে পারবেন কাজ হচ্ছে কি হয়নি। সেই ব্রিজ যদি সরকার করে থাকে কিছু অর্থ যদি বিনিয়োগ হয়ে থাকে, কিছু ছেলের চাকুরি সেই অর্থে তাতে যে সুফল পাওয়া যাবে এত বক্তৃতা করে বোঝাবার প্রয়োজন নেই। তর্কের প্রয়োজন নেই। জাগলারি অফ ফিগারসের কোনও প্রয়োজন নেই ফ্যাক্টস আর দেয়ার। কো-অপারেটিভ ডিপার্টমেন্টের কথা জয়নাল আবেদিন সাহেব আছেন তিনি নিশ্চয়ই বক্তৃতা করবেন সেখানে তিনি বিস্তৃতভাবে বলবেন। আমি ইভিল সিস্টেমের কথা বলেছি। বনডেড লেবার অবশ্য এই প্রথা পশ্চিমবঙ্গে নেই তবুও খুশি হয়েছি আইন করতে পেরেছি বলে। bonded labour shall stand abolished from the state. এখন যদি কোথাও এটা লেখা না থাকে এই ফর্মে তাকে খুঁজে বের করুন It is punishable under law, it is a crime under the law. নিশ্চয়ই সরকার ব্যবস্থা অবলম্বন করবেন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ব্যবস্থা অবলম্বন করবেন। রুর‍্যাল ইনডেটনেস সরকার পরিষ্কার করে বলে দিয়েছেন আজ থেকে তোমার ঋণ আর থাকল না। এর পরও যদি কোনও চাষীকে কোনও আর্টিজেনকে ঋণের জন্য কেউ নিগৃহীত করে সেখানে প্রশাসনের নিশ্চয়ই দায়িত্ব আছে। কিন্তু আইডেন্টিফাই করার দায়িত্ব কার? জনপ্রতিনিধি সাধারণ মানুষ এটা করে দিন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সামনে তুলে ধরুন, ভারপ্রাপ্ত কর্মচারীর সামনে তুলে ধরুন এই জিনিসের অবসান ঘটবে। তা যদি না করতে পারেন ঐ ইভিল সিস্টেম থাকবে, আইনকে কলা দেখিয়ে যেমন চুরি-ডাকাতি ছিনতাই সব চলছে। ভাগচাষী সম্বন্ধে আমি আগেই বলেছি, কন্ট্রাক্ট লেবার সম্বন্ধে অনেক প্রশ্ন উঠছে এ সম্বন্ধে তাই আমি বলছি বিরাট

শ্রমিক আন্দোলন করেন, নিজে নারসিং হোম চালান, ৫০ টাকা নার্সকে মাইনে দেন। (কাছ থেকে কি সমাজতন্ত্র আশা করব? সত্যবাবু এটা মনে রাখবেন আমি ফাঁকা আওয় করি না। আমি নাম বললাম না নার্সিংহোম চালান, ট্রেড ইউনিয়ন আন্দোলন করেন, শ্রমিকে বেতন বৃদ্ধির আন্দোলন করেন, নার্সিংহোমে ৫০ টাকার বেশি নার্স বা কর্মচারিদের মাই দেন না। সমাজতন্ত্রের যারা স্বপ্ন দেখেন তাদের পক্ষে এটা কি ফেয়ার অ্যাকশন?

[6-00 — 6-10 p.m.]

যদি নাম চান তাহলে আমি বলে দিতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু গ্রে হলেই হবে না। শঙ্করবাবু অনেক কিছু বাড়াতে পারেন—কিন্তু ডিস্ট্রিবিউশনে আসুন—সব সমান অংশ পাচ্ছে কিনা সেটা দেখতে হবে সে শ্রমজীবী মানুষের কথাই বলুন আর য কথাই বলুন। আজকে ৮.১০ পয়সা সবাই দিচ্ছে তো? একথা কি ভেবে দেখেছেন? বি পশ্চিমবাংলা সরকার দিচ্ছে মিনিমাম ওয়েজ দিচ্ছে—কল্যাণীতে জয়নাল আবেদিন সাহে কোটি কোটি টাকা লোকসান করেছে কিন্তু শ্রমিকদের বসিয়ে দেয় নি একটি শ্রমিককেও লে অফ করেনি। বরং চেষ্টা করেছে সবাইকে এই অবস্থায় কি করে বাঁচানো যায়। স্যাক্সবি ফার্ম লোকসান দিয়েছে—সেখানে এমন অবস্থা হয়েছিল ৫০% ছাঁটাই করলেও অন্যায় হত না—বি সেখানে তা করা হয় নি। দুর্গাপুর কেমিক্যালসে সেই অবস্থায় একটি শ্রমিককেও বসি দেওয়া হয়নি। অধিকাংশ ক্ষেত্রেই দেখতে পাওয়া গিয়েছে বিশেষ করে পাবলিক সেক্টরে—তা এগিয়ে এসেছে ম্যানেজমেন্টের সঙ্গে সহযোগিতা করেছে। একটা নতুন উদ্যোগ গ্রহণ করেছে এই স্যাক্সবি ফার্মার যেখানে ১০০ পারসেন্ট রেলের উপর নির্ভর করতে হত সেখানে তা আজ বলছে আমরা কমিয়ে ৬০ পারসেন্ট করব ৪০ পারসেন্ট করব। এইভাবে তা সহযোগিতা করছে। আজকে নতুনভাবে সরকারি প্রচেষ্টাকে তারা সার্থক করতে চলেছে মিনিমাম ওয়েজ সম্বন্ধে বলি। আমি বিশ্বনাথবাবুকে জিজ্ঞাসা করি তিনি তো আমাদের সব খারাপ দেখেন—এই হাউস রেন্ট বিল সম্বন্ধে তিনি কি কোথাও দেখেছেন? তিনি তো উত্ত মেরু থেকে দক্ষিণ মেরু পর্যন্ত পশ্চিমবাংলার সঙ্গে তুলনা করলেন কিন্তু এই যে কমপালসা পেমেন্ট অফ হাউস রেন্ট—এটা ভারতবর্ষের কোনও জায়গায় হয়েছে কি? এগ্রিকালচারা লেবার ওয়েলফেয়ার বিল পশ্চিমবাংলা সরকার তৈরি করেছেন সেটা আশা করি এই সেসনে আসতে পারে। দেখবেন ভারতবর্ষের আর কোথায়ও এই রকম হয়নি। আজকে লেব ওয়েলফেয়ার আইন পাস হয়ে তা কার্যকর হতে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আ অনেক সময় নিয়েছি—আমি শেষ করব শঙ্করবাবু পরিশেষে যে কথা বলেছেন সেই ক ছোট করে এখানে রেখে। সেটা হচ্ছে এভলিউশনারি প্রসেস। আমাদের কর্মপ্রচেষ্টাকে বাস্ত রূপায়িত করতে হলে একটা বেসিক ইনগ্রিডিয়েন্ট দরকার একটা অনেস্টি অফ পারপা থাকা দরকার যে কথা আমাদের মাননীয়া প্রধান মন্ত্রী বলেছেন একটা অ্যাকটিভ কো অপারেশন অফ দি পিপল থাকা দরকার। প্রয়োজন হলে জনসাধারণের মধ্যে একটা গণচেতন একটা গণ আন্দোলন সৃষ্টি করা দরকার। এটা যদি করতে না পারা যায় এবং আজকে য আমাদের সমস্ত বিতর্ক এই বিধানসভায় আবদ্ধ রাখা হয় মাঠে ঘাটে গ্রামে গঞ্জে ছড়িয়ে দিা না পারি তাহলে মুখ্যমন্ত্রীই বলুন আর প্রধান মন্ত্রীই বলুন বা যে কোনও কম্পালসারি মেজ ইমপ্লিমেন্ট করুন না কেন কোনও ফল হবে না। মানুষই এনভায়ারনমেন্ট পলিউট করে এ

Poluted environment becomes the breeding ground of various diseases. এইটাই আমাদের চিকিৎসা শাস্ত্রে বলে। এটাই প্রকৃত সোসিওলজি বলা যেতে পারে। দূষিত পরিবেশ মানুষই সৃষ্টি করে এবং তাতেই অন্যায় জন্মলাভ করে।

আজকে যদি কোনও সরকারি কর্মচারীর ডেরিলিকশন দেখা যায়, কোনও সরকারি ভারপ্রাপ্ত কর্মচারীর অন্য কোনও দোষ দেখা যায়, ঘুস নিচ্ছেন ইত্যাদি তাহলে জানতে হবে সেখানকার সামাজিক পরিবেশ তাকে এই খানে নিয়ে গেছে। আজকে পাপকে কনডেম করবার চেষ্টা করছি, না পাপীকে সাজা দেব? খুন করলে ফাঁসি হয়েছে, এটা আমরা জানি, চুরি করে বহু লোকের জেল হয়েছে এটাও আমরা জানি। কিন্তু তবু কি খুন, চুরি বন্ধ হয়েছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন নোংরা বস্তি কিম্বা ভাল বস্তির মধ্যে দিয়ে অন্ধকারে হাঁটি, আপনার হাতে যদি একটা ব্যাগ থাকে তখন আপনি সেটা চেপে ধরবেন। আপনার ভয় হবে, এই বুঝি ছিনতাই হল। কিন্তু বালিগঞ্জের মনোরম তিন তলার পাশ দিয়ে যখন যাবেন, কিম্বা নিউ আলিপুরের অভিজাত পল্লী দিয়ে যাবেন যেখানে আই এ এস অফিসাররা থাকেন তখন আপনি কিন্তু নিরাপদে হাঁটবেন। কারণ আপনি জানেন এখানে অন্তত ছিনতাই-এর ভয় নেই। আপনি জানেন সেই এনভায়রনমেন্ট ইজ নট দি ব্রিডিং প্লেস অফ সাচ ক্রাইমস, অন্য ক্রাইম হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিশ্বনাথবাবু যেকথা বললেন সিস্টেম পরিবর্তন করে দেবে—ইভলিউশনারি প্রসেসের মধ্যে দিয়ে যদি সিস্টেম পরিবর্তন করতে হয় তাহলে এই এনভায়রনমেন্টের পরিবর্তন করতে হবে এবং এই এনভায়রনমেন্টের পরিবর্তন সরকার প্রশাসনিক ব্যবস্থার দ্বারা কোনওদিন করতে পারে না, এর পরিবর্তন আমরা সমবেত গণ আন্দোলনের মাধ্যমে করতে পারি এবং যতদিন পর্যন্ত এই এনভায়রনমেন্টের পরিবর্তন না করতে পারব, সামাজিক পরিবেশের চিন্তা বা চিন্তা ধারার পরিবর্তন না করতে পারব ততদিন পর্যন্ত সম্ভব নয়। ক্যালকাটা কর্পোরেশনের অ্যাডমিনিস্ট্রেশনের পক্ষে সম্ভব নয় কলকাতা শহরকে পরিচ্ছন্ন রাখা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, পৃথিবীর অন্যান্য বহু দেশ দেখেছি, ওরাও দেখেছেন কোন শহরের মানুষ তাদের শহরের রাস্তাঘাট নোংরা করে? উন্নত দেশের কথা ছেড়েই দিন, টোকিও, নিউইয়র্ক, জেনেভা, বার্লিন, প্যারিস ইত্যাদি—এমন কি থাইল্যান্ড, ব্যাঙ্ককের মানুষ সেখানে তারা পান পর্যন্ত খায় না। ওভারনাইট ডিসিসনে একদিনে তারা পান খাওয়া পর্যন্ত ছেড়ে দিয়েছে, উড়িষ্যার মানুষের থেকেও তারা বেশি পান খেত। ব্যাঙ্ককের মানুষ পান খাওয়া ছাড়ল কেন? পানের পিক রাস্তায় ফেললে রাস্তাঘাট নোংরা হচ্ছে, এইভেবে তারা পান খাওয়া বন্ধ করে দিল। তারফলে এখন আর রাস্তাঘাট নোংরা হচ্ছে না। আফটারঅল ইট ইজ দি হিউম্যান রেসপনসিবিলিটি। সরকার কতকগুলি ব্যবস্থা অবলম্বন করতে পারে এবং সেই ব্যবস্থাগুলি কার্যকর করবার জন্য প্রশাসনিক অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ করতে পারে, তাঁর পিছনে মদত দিতে পারে, কিন্তু এই ডেমোক্রেটিক সিস্টেমে সরকার মানুষকে পরিবর্তন করে দিতে পারে না, রেজিমেনটেশন করতে পারে না—তার জন্য দরকার হচ্ছে গণ চেতনা, গণ আন্দোলন। বিরোধী পক্ষের নেতাদের সেদিক থেকে একটা দায়িত্ব আছে। বিধানসভার বক্তৃতার কথা হয়ত এডিটোরিয়ালে ছাপা হবে না, কিন্তু সাধারণ মানুষের কাছে তাদের কণ্ঠস্বর পৌঁছবার অন্যান্য ব্যবস্থা আছে। আমি তাদের কাগজ রোজ পড়ি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একদিনও তো সেদিকটা দেখলাম না যে ২০

দফা কর্মসূচি কাজে রূপায়িত করবার জন্য আসুন আমরা সকলে মিলে গণ আন্দোলন, গণ চেতনা সৃষ্টি করি—এই দিকটা তো দেখলাম না। কমপ্লাসেন্সি শুধু সরকারের নয়, কমপ্লাসেন্সি যারা আজকে সমালোচনা করছেন তাদেরও—তারা আজকে অনুসন্ধান করুন, একটু ডায়নামিক হন। এই বাজেটের মধ্যে যে ডায়নামিজমের সুর বেজে উঠেছে তার সুযোগ যদি নিতে চান তাহলে নিজেরা ডায়নামিক হন—শুধু বিরোধী পক্ষ নয়, সরকার পক্ষের সদস্যদেরও এই দায়িত্ব আছে। এই বাজেটে যে প্রতিশ্রুতির কথা বলা হয়েছে সেই প্রতিশ্রুতি যদি কার্যকর করতে হয় তাহলে প্রত্যেককেই সক্রিয় ভূমিকা প্রতিপালন করতে হবে—তা যদি না করতে পারি তাহলে যে কোনও কম্পালসারি মেজার বা যে কোনও ব্যবস্থা বা যে কোনও প্রতিশ্রুতির কথাই শঙ্করবাবু বলে থাকুন না কেন সেগুলি কেবলমাত্র সাধারণ মানুষের কাছে নিষ্ঠুর উপহাস বলে প্রতিপালিত হবে এবং তা যদি হয় তাহলে আর ইভলিউশনারি প্রসেসের প্রতি মানুষের বিশ্বাস থাকবে না, অন্য প্রসেসের কথা ভাববে, স্টুড বিটুইন ক্যাওস অ্যান্ড অর্ডার—

[6-10 — 6-20 p.m.]

আজকে তাকে কেন্দ্র করে ইভলিউশনারি প্রসেস সারা পৃথিবীতে নতুনভাবে প্রতিষ্ঠিত হতে চলেছে। ২০ দফা কর্মসূচি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসেসকে অ্যাক্সিলারেটেড করার জন্য করা হয়েছে। সাধারণ মানুষ, তাদের অ্যাসিপিরেশন তোলা হয়েছে, জাগানো হয়েছে। তাদের আশা আকাঙ্খা বেড়ে গিয়েছে, তাদের জাগাতে পারা গিয়েছে। সেদিন মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখছিলাম হাজারে হাজারে আদিবাসী ভাই ময়দানের মিটিং-এ আসছেন। এর আগে এত সংখ্যায় তাদের আর কোনও প্রধানমন্ত্রীর মিটিং-এ আসতে দেখিনি। কেন তারা আসছে? তারা আসছে তার কারণ ২০ দফা কর্মসূচি তাদের মনে আশা আকাঙ্খা বাড়িয়ে তুলেছে, নতুন চাহিদার সৃষ্টি করেছে। এই চাহিদা যদি আমরা মেটাতে না পারি তাহলে কিন্তু সমস্ত ব্যাপারটা একটা নিষ্ঠুর পরিহাসে পরিণত হবে এবং তা যদি হয় তাহলে কিন্তু আবার ক্যাওসের রাজ্যে আমরা ফিরে যাব। তাই আজ আমি সকলকে এই কথাই বলব যে, আজকে সমালোচনার দিন নয়, শরৎবাবুর ভাষায় বলি, আজকে মূল্য দেবার জন্য তৈরি হন, কঠোর পরিশ্রমের জন্য তৈরি হন। আফটার অল ইট ইজ আওয়ার জয়েন্ট রেসপনসিবিলিটি টু ইমপ্লিমেন্ট দি প্রমিসেস হুইচ হ্যাভ বিন গিভিন বাই দি ফাইনান্স মিনিস্টার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে আমি অকুণ্ঠ অভিনন্দন জানাই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীকে এই বাজেটের জন্য। স্যার, আপনি জানেন এই বাজেটের ব্যাপারে আমাদের ভূমিকা অত্যন্ত নগণ্য। এর সমস্ত কৃতিত্ব মাননীয় মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী মহাশয়ের কাজেই তাদের আবার অভিনন্দন জানাচ্ছি এবং এই সঙ্গে আশা করছি আমাদের সামগ্রিক চেষ্টায় এই বাজেটে দেয় প্রতিশ্রুতি ২০ দফা কর্মসূচির মাধ্যমে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, তা আমরা প্রতিপালন করতে পারব। মানুষের মনে আজ যে আশা আকাঙ্খা জাগ্রত হয়েছে তা আমরা পূরণ করতে সমর্থ হব। এই বলে এই বাজেটকে আবার সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তুহিনকুমার সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই শ্রদ্ধেয় ডাঃ গোপালদাস নাগ মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি তার দীর্ঘক্ষণের সুন্দর এবং সুললিত ভাষায় বক্তৃতার জন্য।

স্যার আমি এই বাজেটকে একটি কথার মাধ্যমে সমর্থন করছি। আমরা জানি এটা ঠিক যে বাজেট রাতারাতি সমস্ত সমস্যার সমাধান করতে পারে না, কিন্তু সে কথাও জানার পরও একটি প্রশ্ন স্যার, মনের মধ্যে উঁকি মারছে তাই সে প্রশ্নটা জিজ্ঞাসা না করে পারছি না। প্রশ্নটা হল, হঠাৎ উতবৃত্ত বাজেট হল কেন? তাহলে কি পশ্চিমবঙ্গে শিক্ষা, কৃষি, স্বাস্থ্য সমস্ত ক্ষেত্রে সমস্ত সমস্যার সমাধান হয়ে গিয়েছে? তাহলে কি ২০ দফা কর্মসূচি যাদের জন্য তাদের জন্য সমস্ত কাজ আমরা করে ফেলেছি? স্যার, এই প্রসঙ্গে গ্রামের একটি গল্পের কথা আমার মনে পড়ে যাচ্ছে, সেটা হচ্ছে এক ভদ্র মহিলা তার একটি সুন্দর ছেলেকে লোকের সামনে দাঁড় করিয়ে বললে, এটা আমার ছেলে, পাত্র হিসাবে এর কতখানি মূল্য হতে পারে বলুন। স্যার, তার গুণ না বুঝে সুন্দর মুখ দেখে সঙ্গে সঙ্গে তার নিশ্চয় বিচার হতে পারে না। আজকে পশ্চিমবঙ্গের ঠিকই উন্নয়ন হচ্ছে কিন্তু তার পরবর্তী পর্যায়ের দিকে যদি আমরা তাকিয়ে দেখি তাহলে কি আমরা দেখবো সব এলাকায় ক্ষুদ্র সেচের ব্যবস্থা আমরা করতে পেরেছি? সমস্ত কিছুর প্রোডাকশন কি আমরা সন্তোষজনক করতে পেরেছি? তা তো পারি নি। স্বাস্থ্যের ব্যাপারে বলতে পারি, পশ্চিমবঙ্গে এমন অনেক ব্লক আছে যেখানে স্বাস্থ্যকেন্দ্র নেই। যেকথা মন্ত্রী মহাশয় আগে বলতেন এখন তিনি নতুন করে পদক্ষেপ নেবার চেষ্টা করছেন। কোন জায়গায় সাব-সেন্টার, কোনও জায়গা প্রাইমারি সেন্টার করে ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু সেইসব স্বাস্থ্যকেন্দ্রগুলিতে প্রকৃতপক্ষে ঔষধ পাওয়া যাচ্ছে কিনা বা প্রয়োজনীয় ওষুধপত্র সরকার যোগাতে পারছেন কিনা সে প্রশ্নও আছে। তাছাড়া ঐ আদিবাসী ও তফসিলি অধ্যুষিত এলাকায় তাদের স্বাস্থ্যের ব্যাপারে নতুন কিছু করা যায় কিনা সে প্রশ্নও আছে। পশ্চিমবঙ্গে এমন অনেক ব্লক আছে যেখানে রাস্তা নেই, নৌকা করে যেতে হয় বা অনেক অসুবিধা করে যেতে হয়। আমি গত বছরও বলেছিলাম যে পি ডবলিউ ডি-র বাজেট বাড়ান এই খাতে আরও বেশি টাকা দিন। যেমন ধরুন কুটিরশিল্পের উন্নতি হয়েছে, স্মল স্কেল ইন্ডাস্ট্রির উন্নতি হয়েছে কিন্তু সম্পূর্ণভাবে আজকে দেশের সমস্ত দিকে গ্রামে গ্রামে কুটির শিল্পকে কি ছড়িয়ে দিতে পেরেছি? না, পারিনি। কুটির শিল্পে আরও টাকা দেওয়া দরকার। ঠিক তেমনি আমরা যদি শিক্ষাখাত দেখি তাহলে দেখব যে গ্রামের প্রাইমারি স্কুলগুলি কি অবস্থায় আছে। হায়ার সেকেন্ডারি স্কুলের কথা আপনি জানেন। আমরা স্কুল টিচারদের মাইনার কথা, কর্মচারিদের মাইনার কথা না হয় বাদ দিলাম। দাবিদাওয়ার কথা অনেক ওঠে, বিভিন্ন সমিতির মধ্যে থেকে এগুলি আসে কিন্তু যে সমস্ত স্কুলগুলি আনরেকগনাইজ তাদের অবস্থা কি? গতবার বলা হয়েছিল যে ২ কোটি টাকা পেলে সমস্ত আনরেকগনাইজ স্কুলগুলিকে রেকগনাইজড করে দেওয়া হবে। কিন্তু এখনও সেখানে দরকষাকষি চলছে যে ২০টি স্কুলকে দেওয়া হবে। আজকে সেই স্কুলগুলি রেকগনাইজেশনের অপেক্ষায় বসে আছে। শিক্ষায়তনের এমন অবস্থা যে স্কুলঘরগুলি ভেঙ্গে যাচ্ছে সেগুলি সারাবার কোনও ব্যবস্থা নেই। নতুন করে ভাল কোনও বেসিক স্কুল করার কোনও প্রচেষ্টা নেই। উদ্বৃত্ত বাজেট কথাটা শুনতে ভাল লাগে। আসলে আমরা যদি প্রকৃত রূপ বা ফল পাই, দেশের মানুষ যদি প্রকৃত ফল পায় তাহলে সেটাই হবে প্রকৃত মূল্যায়ন সেটা যেন আমরা ভুলে না যাই। আজকে অর্থনীতিবিদরা যে কথা চিন্তা করেন যে ৭০ ভাগ লোক দারিদ্র সীমার নিচে। আমরা চিন্তা করছি ৭০ ভাগ ৮০তে যাবে কিনা, ৬০ ভাগে নামিয়ে আনব। গ্রামের মানুষের অর্থনৈতিক অবস্থার কথা এখানে বলা হয়েছে। আজকে যদি সুবিধাভোগী মানুষের জন্য বাজেট হয়, তাদের জন্য যদি

উন্নয়ন হয়, তাদের জন্য যদি প্রকল্প হয় তাহলে আমি বলব যে আমরা ভুল পথে যাচ্ছি। গ্রামের যে মানুষগুলি ভাদ্র মাসে পেটে গামছা বেঁধে চাষ করতে নামে, যারা অপরের ক্ষেতে, খামারে খেটে দিন গুজরান করে তাদের কথা চিন্তা করতে হবে এবং সেটাই হচ্ছে ২০ দফা কর্মসূচি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সব চেয়ে বড় প্রশ্ন হচ্ছে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচির যে কয়টা দিক আছে, যে কয়টা ক্ষেত্র আছে তার মধ্যে দিয়ে গরিব মানুষকে দেওয়ার জন্য, আদিবাসী ভায়েদের জন্য, তফসিলি ভায়েদের জন্য চিন্তা করতে হবে। শহরের কোথায় ৫টি শয্যা বাড়ালাম, শহরের কোথায় একটা স্কুল বা কলেজ খুললাম সেটা কিন্তু প্রকৃত উন্নয়নের লক্ষ্য নয়। শ্রদ্ধেয় গোপালদা বললেন যে ব্রিজ হবে, রাস্তাঘাট হবে। এগুলি সরকারের দৈনন্দিন কর্তব্য। এটাকে বাড়িয়ে বলার প্রয়োজন নেই যে ব্রিজ করেছি। সরকার তখনই গর্বভরে বলতে পারবেন যে আমি অমুক এলাকায়, অমুক কংসার জঙ্গলে আদিবাসী অধ্যুষিত এলাকায়, সেখানকার মানুষের কুইক রিলিফের জন্য হাসপাতাল করেছি, আমি শিক্ষণ শিবিরের ব্যবস্থা করেছি, আমি সেখানে তাদের জমি দিয়েছি। সেই জমিতে কমিউনিটি ওয়েতে স্বচ্ছন্দ ভাবে থাকতে পারে তার ব্যবস্থা করেছি। ঠিক তেমনি পশ্চিমবাংলার ৩৬ হাজার গ্রামে যদি ঠিক মতো ভাবে উন্নয়নের মধ্যে দিয়ে পরিকল্পনার মধ্য দিয়ে গরিব গ্রামবাসীর কাছে এগুলি পৌঁছে দিতে পারি তাহলেই উন্নয়ন সার্থক হবে, তাহলে বাজেট সার্থক হবে। এই কথা বলে আমি মাননীয় শঙ্কর ঘোষ মহাশয়কে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-20 — 6-30 p.m.]

শ্রী তপন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সুযোগ্য অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি কারণ তিনি ভেঙ্গে পড়া অর্থনীতিতে নতুন জোয়ার এনেছেন। আজকে ঋণের বোঝা নিয়ে এই সরকার শাসন ক্ষমতায় এসেছিলেন। যে লটারি লাটে উঠেছিল আজকে তাতে লাভ হচ্ছে। তিনি স্বল্প সঞ্চয়ে সারা ভারতে রেকর্ড করেছেন। আজকে এটা তার কৃতিত্ব এবং এজন্য তাকে নিশ্চয়ই অভিনন্দন জানাবো। তিনি যোগ্য কাজ করেছেন। তিনি শুধু অর্থনীতি প্রগতির কথাই চিন্তা করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানুষের দুটো ক্ষুধা থাকে। পেটের ক্ষুধা আর মানসিক ক্ষুধা। মানসিক ক্ষুধার উপশম করার জন্য তিনি সঙ্গীত, নৃত্য ইত্যাদি সমস্ত সাংস্কৃতিক অনুষ্ঠান থেকে প্রমোদ কর তুলে দিয়েছেন। এই দিয়ে পশ্চিমবাংলার যে কৃষ্টি এবং যে ঐতিহ্য আছে, সেই ঐতিহ্যকে তিনি আরও এগিয়ে নিয়ে যাচ্ছেন। সেই সঙ্গে সঙ্গে আর একটা কথা বলব যেটা অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা। একটু আগে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় বক্তৃতা দিলেন, আমাদের ইচ্ছা ছিল উনার বক্তৃতা দেবার আগে আমরা আমাদের বক্তব্য রাখব। একটা জিনিস আমরা লক্ষ্য করছি, যারা আমরা শিল্পাঞ্চলে থাকি, প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ২০ দফা অর্থনৈতিক কর্মসূচির কথা ঘোষনা করেছেন, কিন্তু যখন শ্রমিকরা উৎপাদন বাড়াবার জন্য এগিয়ে যাচ্ছে, তখন দেখছি বিভিন্ন কল কারখানায় একের পর এক দরজা বন্ধ হয়ে যাচ্ছে, প্রোডাকশন শ্রমিকরা বাড়াতে চাইছে, মালিকরা প্রোডাকশন কমাতে চাইছে। মালিকরা লে অফ করছে, ছাঁটাই করছে, লক আউট করছে, তারা খুশি মতো চালিয়ে যাচ্ছে। আজকে পশ্চিমবঙ্গ সরকার যতই বলুন কারখানা খুলেছে, ঐ পুরানো কারখানা আর খোলার কোনও অর্থ হয়না। যে কারখানার ভায়বিলিটি টেস্ট করা

হয় না সেই কারখানা খুললে ছয় মাস পরে আবার তার দরজা বন্ধ হয়ে যাবে। আমরা জানি, আমাদের ব্যারাকপুর মহকুমার বিভিন্ন জায়গায় কোটি কোটি টাকা আই আর সি আই লোন দিয়েছে, কিন্তু সেই কারখানা আবার বন্ধ হয়ে গেছে। এই কারখানাগুলো রুগ্ন দেখিয়ে ব্যবসায়ীরা লক্ষ লক্ষ টাকা লুঠে নিয়ে যাচ্ছে, আর এই টাকা লুঠবার মূলে আই আর সি আই এর কিছু কিছু অফিসারের যোগসাজস আছে। আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই ভাবে কারখানা খোলার কোনও অর্থ হয়না। উনি অনেক উন্নত দেশের সঙ্গে তুলনা করেছেন। কিন্তু উন্নত দেশে, আমার যতটুকু ধারণা, যে কারখানা কোনওদিন লাভজনক হবে না, উন্নত দেশে সেই কারখানা ভেঙ্গে ফেলে দেওয়া হয় এবং নতুন করে কারখানা গড়ে তোলা হয়। হয়তো তিনি বলবেন, যে কারখানা বন্ধ হলে তোমরাইতো রাজনৈতিক চাপ সৃষ্টি করবে, রাজনৈতিক চাপের ভয়ে আমরা অনেক সময় কারখানা খুলি। কিন্তু সেই কারখানা যে কারখানা রুগ্ন যা কোনওদিন সুস্থ্য হবে না, সেই কারখানাকে এইভাবে খোলার কি অর্থ হয়? তাই আজকে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আপনার মাধ্যমে যে আজকে শিল্পে যে অবস্থা দেখা দিয়েছে এমার্জেন্সির আগে এই অবস্থা দেখা দেয়নি। লক্ষ লক্ষ লোক আজকে বেকার হয়ে পড়ছে, তাছাড়া কোনও জায়গায় আজকে উৎপাদন হচ্ছে না, কারখানায় আজকে লে অফ, ছাঁটাই এই সব দৈনন্দিন ব্যাপারে দাঁড়িয়েছে। সুতরাং আজকে শ্রম দপ্তরকে আমি সবিনয়ে অনুরোধ জানাব-এর জন্য আমি মাননীয় শ্রমমন্ত্রীকে দোষ দিচ্ছি না, আজকে স্বাধীনতার পর থেকে এই কারখানার মালিকরা সমস্ত রসটা নিংড়ে নিয়ে গেছে এই কারখানা থেকে, আজকে কারখানাগুলিকে ছিবড়ে করে দিয়েছে। তাই আজকে সবচেয়ে বড় প্রশ্ন বেসরকারি মালিকানার বিরুদ্ধে আমাদের জেহাদ, বেসরকারি মালিকানার দক্ষতার পরিচয় আমরা পেয়ে গেছি। তারা নিজেদের মুনাফা ছাড়া অন্য কিছু বোঝে না। আর একটা কথা বলব, মাননীয় কুটিরশিল্পমন্ত্রী এখানে উপস্থিত আছে, বেকার যুবক ভাইদের মুখে তিনি হাসি ফোটাবার ব্যবস্থা করেছেন, তিনি কিছুটা সাফল্য লাভ করেছেন, এই বিষয়ে অস্বীকার করা যায়না। কিন্তু এই সঙ্গে সঙ্গে আমি সবিনয়ে তাকে অনুরোধ করব ব্যাঙ্ক থেকে ঋণ পেতে গেলে যুবকদের কিভাবে ঘুরতে হয়, আজকে ব্যাঙ্ক থেকে ১৮ পারসেন্ট সুদ দিয়ে কোনও বেকার ছেলে তাদের ব্যবসা দাঁড় করাতে পারবে না। যে বেকার ছিল, সে আরও ঋণগ্রস্ত হবে, সে নিজের পায়ে কোনওদিন দাঁড়াতে পারবে না। আমি তাই কুটিরশিল্প মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি এই ব্যাপারটা নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলুন যাতে অন্তত ব্যাঙ্কে ঋণের যে সুদ সেটা ১৮ পারসেন্ট থেকে ১৫ পারসেন্ট করা হয়। আর একটা বিষয়, যেটা বাজেটে উল্লেখ থাকা উচিত ছিল, সেটা হচ্ছে উদ্বাস্তু ভাইদের কথা। আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম ১৯৭২ সালে যে স্বাধীনতার ২৫ বছরে উদ্বাস্তু ভাইদের জন্য যা করা যায়নি, আমরা তাই করব, আমরা তাদের জমির দলিল দেব। আমরা সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘোষণা করেছিলাম। স্বাধীনতার পরে ওপার বাংলা থেকে আগত ভাইদের মুখে হাসি ফোটাব। কিন্তু আজকে বিভিন্ন কারণে আটকে যাচ্ছে, পশ্চিমবাংলায় যে ত্রাণ ও উদ্বাস্তু দপ্তর আছে তা প্রায় লাটে উঠতে বসেছে। আজকে সি এম ডি এ এলাকায় যারা বাস করেন, সি এম ডি এ-র মাধ্যমে সামান্য কিছু উদ্বাস্তু কলোনির উন্নতি হয়েছে, কিন্তু যারা সি এম ডি এ এলাকার বাইরে যে সমস্ত উদ্বাস্তু কলোনি রয়েছে, সেখানে ছিঁটে ফোঁটা কোনও উন্নয়ন হচ্ছে না। তাই আজকে আপনার মাধ্যমে আমি ত্রাণ ও উদ্বাস্তু মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, যাতে এই

বাজেট উদ্বাস্তু দপ্তরের খাতে আরও বেশি করে অর্থ বরাদ্দ করা হয়। কারণ স্বাধীনতার কুফল, স্বাধীনতার পরিবর্তে যে মূল্য তারা দিয়েছে উদ্বাস্তু খাতে যদি তাদের জন্য বেশি ক টাকা স্যাংশন না করতে পারি, তাহলে আমরা মনে করব পূর্বসূরীদের কাজের প্রায়শি আমরা করতে পারছি না। আজকে মাননীয় মন্ত্রী শঙ্কর ঘোষ মহাশয়কে আমি আবার ধন্যব জানাব, তিনি পশ্চিমবাংলার অর্থনীতিতে নতুন জোয়ার এনেছেন এবং নতুন পথের দি নির্ণয় তিনি করতে পারবেন।

শ্রী গিয়াসুদ্দিন আমেদ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় এ সভায় যে বাজেট বিবৃতি দিয়েছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। ইতিপূর্বে পশ্চিমবঙ্গে অর্থনীতির ক্ষেত্রে একটা নৈরাজ্য সৃষ্টি হয়েছিল, একটা হতাশার সৃষ্টি হয়েছিল। অর্থম মহাশয় পশ্চিমবঙ্গকে সেই হতাশার হাত থেকে উদ্ধার করে দেশবাসীর সামনে একটা আশ আলো তুলে ধরেছেন। তিনি ২.৯২ কোটি টাকার একটা উদ্বৃত্ত বাজেট এই সভায় পে করেছেন, অথচ কোনও দিকে ব্যয়-সংকোচ করা হয়নি, বরঞ্চ পূর্বে পরিকল্পনার যে আয়ত ছিল—গত বছর ১৭১ কোটি টাকা, সেটাকে এ বৎসর নিয়ে যাওয়া হয়েছে ১৯৯ কো টাকায়। আমরা দেখছি কৃষি উৎপাদন বৃদ্ধি পাচ্ছে, হাসপাতালের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, বেডে সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং প্রতি হাজার জনের জন্য একটি করে বেডের প্রতিশ্রুতি যেটা দেও হয়েছিল সেটা পালন হবার পথে। আমরা দেখছি নানা দিক থেকে উন্নতি হচ্ছে। পশ্চিমবঙ্গে কোনও উন্নতি হয়নি, এই রব যারা তুলছেন, তারা কিসের যুক্তিতে সেটা বলছেন তা তার বলতে পারেন আমরা বলতে পারি না। তারপর এই অর্থ সংগ্রহ আমাদের অর্থ মা মহাশয়ই করেছেন, বিভিন্ন ক্ষেত্র থেকে তিনি এই অর্থ সংগ্রহ করেছেন, বিলাস দ্রব্যের ওপ কর চাপানো হয়েছে এবং অন্যান্য করও ঠিকভাবে আদায় করে তিনি এই অর্থ সংগ্র করেছেন। শিল্পের উন্নতির মাধ্যমে রাজস্ব বৃদ্ধি পেয়েছে। আমরা দেখছি উদ্ধার করা কৃষি জা ভূমিহীনদের মধ্যে বন্টন করা হচ্ছে। বাস্তুহীনদের বাস্তু-ভিটে দান করা হচ্ছে, তাদের বাড়ি ঘ করে দেবার চেষ্টা চলছে। পূর্বে কৃষি মজুরদের ক্ষেত্রে কখনও মজুরি নির্ধারণ করা হয়নি আমরা এই সরকারের কাছে থেকেই এবার প্রথম শুনলাম যে ৮ টাকা ২০ পয়সা কৃষি মজুরদের মজুরি ধার্য করে দেওয়া হয়েছে। মাননীয় সদস্য তুহিন সামন্ত মহাশয় বললেন দে এখনও প্রচুর দারিদ্র আছে, সুতরাং কি করে উদ্বৃত্ত বাজেট দেখানো যায়, এটা আমাদের কাছে আশ্চর্য লাগছে। আমি তাকে বলি যে, বাজেট হচ্ছে ১ বছরের জন্য, ১ বছরের জন্য য টাকা যে যে কাজের জন্য খরচ করা সম্ভব সেটাই করা হয়েছে, ১০ বছরের খরচ এক সে করলেই দেশের উন্নতি হয়ে যায় না, এবং সে কথা আমরা মনেও করিনা। কিন্তু এই বাজে বক্তৃতার কয়েকটি জায়গা দেখে এবং কয়েকটি ব্যাপারে আমি একটু দুঃখ পেয়েছি, সে কৃষির ব্যাপারে। তবুও আমাদের সরকার চেষ্টা করছেন যাতে কৃষি পণ্যের কৃষকরা ন্যায় মূল্য পায় তার জন্য। আপনারা সবাই জানেন যে পাটের ন্যায্য মূল্য কৃষকরা পায় না। গ বাজারে উঠেছে, এই গম বোনার সময় সরকারি বীজ ভান্ডার থেকে কৃষকদের বীজ কিনতে হয়েছিল ২ টাকা ৬০ পয়সা থেকে ২ টাকা ৯০ পয়সায়, আর আজকে বাজারে গম উঠেছে আমরা জানি নদীয়া জেলায় বিক্রি হচ্ছে ৮০ থেকে ৯০ টাকা কুইন্টাল দরে, অর্থাৎ ৮০ পয়সা থেকে ৯০ পয়সা কেজি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমগ্র পশ্চিমবাংলার সম

রাজস্বের ৪৫ ভাগ আসে কৃষি থেকে আর কৃষি শুধু দেশের অন্ন সৃষ্টি করে না, এর মাধ্যমে কর্মসংস্থানও হয়। সুতরাং সেই কৃষিকে উপেক্ষা করে পশ্চিমবাংলার ভবিষ্যত ভাল করা যায়, একথা আমি মনে করি না। মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়কে তাই আমি সে বিষয়ে স্মরণ করিয়ে দিতে চাই যে, ভবিষ্যতের দিকে তাকিয়ে কৃষকদের কথা চিন্তা করুন। এই কয়টি কথা বলে এই বাজেট বিবৃতিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[6-30 — 6-40 p.m.]

শ্রী ভবানীশঙ্কর মুখার্জি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট প্লেস করেছেন তারজন্য তাকে ধন্যবাদ দিয়ে সমর্থন করছি। আমি আজীবন খেলার পূজারি। এখানে যখন দেখলাম খেলার উপর থেকে ট্যাক্স উঠে গেল তখন আমার খুব আনন্দ হল। গ্রামে খেলাধুলা যারা করে তাদের একথা বললে তারাও তাকে সাধুবাদ ও ধন্যবাদ দিচ্ছে। জনশিক্ষার মাধ্যমে যারা কিছু পেতে চায় সেই যাত্রা ইত্যাদির উপর ট্যাক্স উঠিয়ে দিতে তিনি তার মনের পরিচয় দিয়েছেন। এসবের মধ্যে ইন্দিরা গান্ধীর নীতি নিয়ে সাধারণ মানুষের কাছে যাবার জন্য তিনি আমাদের আরও এক ধাপ এগিয়ে দিলেন। তারপর চাষের দিকেও মন দেওয়া হয়েছে। স্বাধীনতার সঙ্গে সঙ্গে এটা করা উচিত ছিল। ইন্ডাস্ট্রির দিকে আমরা খুব দৃষ্টি দিয়েছি তবে এই প্রথম আমরা খাদ্যের দিকে নজর দিচ্ছি। কিন্তু এটা আরও আগে দিলে খাদ্য সমস্যায় সমাধান হত। এইরকম বহুমুখী প্রচেষ্টার জন্য মন্ত্রী সভায় সকলকে ধন্যবাদ দিচ্ছি। জয়নাল সাহেব হোম ইন্ডাস্ট্রি আরও বেশি করে এনক্যারেজ করার চেষ্টা করছেন বলে তাকে ধন্যবাদ দিচ্ছি। একটা ছোট লেদ নিয়ে যারা কাজ করে তাদের উপর যে দৃষ্টি দিয়েছেন তারজন্য তাকে এবং সরকারকে ধন্যবাদ দিচ্ছি। সকলেই জানেন ১৩০ কোটি টাকা আমরা ১৯৭২-র মার্চে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে থেকে লোন নিয়ে কাজ আরম্ভ করেছিলাম। আজ সেই লোনের এক পয়সাও আমাদের নেই তবে তার বদলে আমাদের উদ্বৃত্ত হয়েছে এরজন্য জনসাধারণ মন্ত্রিসভার প্রতি খুব আকৃষ্ট হয়েছেন। হোল মিনিস্ট্রি, এম এল এ ও সমস্ত পাবলিক এক সঙ্গে চেষ্টা করে এই জিনিসটাকে ফলবতী করেছেন। সর্বশেষে স্পোর্টস থেকে ট্যাক্স তুলে নিয়েছেন তারজন্য অর্থমন্ত্রীকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আলি আনসার ঃ স্যার, জরুরি অবস্থায় ২০ দফা কর্মসূচির পরিপ্রেক্ষিতে বাজেট আলোচনা করলে দেখা যাবে ২০ দফা কর্মসূচিতে গ্রামের দিকে বিশেষ করে নজর দিতে বলা হয়েছে। গৃহহীনদের কিছু কিছু গৃহ দেওয়া হয়েছে। কিন্তু আমরা আশা করেছিলাম যে এই বাজেটে সেই ধরনের বিষয়ে কিছু জানতে পারব। ২০ দফা কর্মসূচির মধ্যে দেখছি গ্রামীণ মহাজনী ঋণ শোধ করার কথা বলা হয়েছিল। গ্রামের মানুষ মনে করেছিল সরকারি ঋণ যার জন্য এখন সার্টিফিকেট হচ্ছে, গরু বাছুর ধরে টানাটানি হচ্ছে তা থেকে তারা মুক্ত পায় এবং সেই সম্পর্কে এই বাজেটে একটা ব্যবস্থা গ্রহণ করা হবে। কিন্তু তার কিছু নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানতে চাই সেই ঋণের ব্যাপারে সরকার যেন একটু নজর দেন। স্যার, গৃহহীনদের গৃহ দেওয়ার ব্যাপারে কি ধরনের খেলা চলছে তার একটা উদাহরণ দিচ্ছি। আমি একটা ব্লকের কথা উল্লেখ করতে চাই যেখানে ৮টি অঞ্চল আছে, সেই ৮টি অঞ্চলের মধ্যে মাত্র ৪টি অঞ্চলে কিছু কিছু গৃহহীনদের গৃহ নির্মাণের জন্য

জায়গা দেওয়া হয়েছে। আমি একটা অঞ্চলের অঞ্চল প্রধান, আমি নিজে উদ্যোগী হয়েছি ২০ দফা কর্মসূচিকে সি পি আই সদস্যরা সমর্থন করে বলে তাকে বাস্তবায়িত করার জন্য অত্যন্ত আন্তরিকতার সঙ্গে চেষ্টা করছি। সেই ব্যাপারে দেখেছি অনেক কংগ্রেস অঞ্চল প্রধান, নেতারা এখনও পর্যন্ত দরখাস্ত করেননি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি গ্রামের কথা বিশেষ করে বলতে চাই। ২০ দফা কর্মসূচির মূল কথা হল গ্রামের দিকে নজর দেওয়া। গ্রামের পানীয় জলের হাহাকার উঠেছে। পানীয় জলের ব্যাপারটা উন্নয়নমূলক কর্মসূচির মধ্যে অগ্রাধিকার দেওয়া উচিত। পানীয় জলের জন্য টিউবওয়েলের ব্যবস্থা করা দরকার, সে সম্পর্কে কোনও আলোকপাত হয়নি। আমি বিশেষ করে বলতে চাই হাওড়া জেলার নিম্ন দামোদর সংস্কারের কথা। হাওড়া, হুগলি এবং বর্ধমান এই তিনটি জেলা দামোদরের উপর নির্ভর করে, আজও সেই নিম্ন দামোদরের সংস্কার শ্লথ গতিতে চলেছে। আজকে বাজেটের মধ্যে সেই নিম্ন দামোদর সংস্কারের কথা বিশেষ দেখলাম না। এটা আমাদের বিশেষভাবে হতাশ করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখন গ্রামে কিছু কিছু এস ই পি, আর পি এই সমস্ত কাজ শুরু হচ্ছে বলে জরুরি যে সমস্ত কাজ ডব্লু আর স্কীম, টি আর স্কীম সেগুলি বন্ধ হয়ে বি ডি ও অফিসে জমা পড়ে আছে। গভর্নমেন্ট স্যাংশন দিচ্ছে না বলে সেই স্কীম চালু হয়নি। আমার এলাকার ৩ হাজার একর জমির ফসল রূপনারায়ণের বন্যায় নষ্ট হয়ে যায়, অথচ সেই স্কীম গভর্নমেন্ট স্যাংশন করেননি। সেই টাকা জমা পড়ে আছে, হয়ত সেই টাকা চুরি ডাকাতি হয়ে যেতে পারে। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এখনও যে সমস্ত স্কীমগুলি পেন্ডিং হয়ে পড়ে আছে, অসম্পূর্ণ হয়ে পড়ে আছে সেগুলি সম্পূর্ণ করার জন্য সরকার যেন অনুমোদন দেন সেই স্কীমগুলিকে চালু করার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী গোপাল দাস নাগ মহাশয় বললেন ২০ দফা কর্মসূচিকে সফল করার জন্য আমরা যেন উদ্যোগী হই। আমি বলতে চাই আমাদের পার্টি ২০ দফা কর্মসূচিকে শুধু বক্তৃতা দিয়ে সমর্থন করে না, আমি একজন সেই পার্টির কর্মী হিসাবে সেই কর্মসূচিকে সক্রিয়ভাবে পালন করছি। এই সম্পর্কে আপনাদের অনুরোধ করব আপনারা আসুন, আমরা সকলে মিলে সংঘবদ্ধভাবে এই ২০ দফা কর্মসূচিকে পালন করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের কথা আমাদের প্রধানমন্ত্রী ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে অত্যন্ত গর্বের সঙ্গে ঘোষণা করলেন আমাদের ভারতবর্ষের জাতীয় ঐক্যকে দৃঢ় করতে হবে, কিন্তু দেখা গেল এলাকা থেকে যারা তার মিটিং-এ এসেছিল তারা ফিরে যাওয়ার সময় খুনোখুনি করে পার্টি অফিস জ্বালিয়ে দিয়ে হাসপাতালে পড়ে আছে। এই যে ঘটনা ঘটছে মন্ত্রী মহাশয় সেই দিকে নজর দেবেন, এটা জাতীয় ঐক্যকে বিঘ্নিত করছে। আপনারা সেই ২০ দফা কর্মসূচিকে পালন করবার জন্য এই যে উচ্ছৃঙ্খলতা একে দমন করবার ব্যবস্থা করবেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6-40 p.m. till 1 p.m. on Friday, the 5th March, 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 5th March, 1976 at 1.00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 4 Ministers, 6 Ministers of State and 97 Members.

[1-00 - 1-10 p.m.]

Mr. Speaker : Honourable Members, any of you who have not made oath or affirmation of allegiance may kindly do so.

(There was none to take oath.)

Held over Starred Questions (to which oral answers were given)

বিচারাধীন বন্দিদের চার্জশীট

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুলিশ সময়মতো চার্জশীট না দেওয়ার জন্য শত শত বিচারাধীন বন্দি জেলে আটক থাকিতে হয় ; এবং

(খ) অবগত থাকিলে, ছয় মাসের অধিক জেলে আটকে আছেন পশ্চিমবঙ্গে এইরূপ বিচারাধীন বন্দিদের সংখ্যা কত?

ডাঃ মোতাহার হোসেন : (ক) সময়মতো চার্জশীট না দেওয়ার জন্য শতশত বন্দি জেলে আছেন এই অভিযোগ ঠিক নহে। নূতন ফৌজদারি কার্যবিধির (সি আর পি সি ১৬৭(২) (ক) ধারামতে কোনও আসামী যদি ৬০ দিনের বেশি হাজতে থাকে তাহলে হাকিম তাহাকে অবশ্যই জামিনে মুক্তিদানের হুকুম দিবেন। ৬০ দিনের অধিক জেলে থাকার সঙ্গে চার্জশীট দেওয়ার কোনও সম্পর্ক নাই। পুলিশ সর্বদাই যতশীঘ্র সম্ভব চার্জশীট দেওয়ার চেষ্টা করেন। তদন্ত শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পুলিশ চার্জশীট অথবা ফাইনাল রিপোর্ট দিয়া থাকেন।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন শত শত বন্দি জেলে আছেন সময় মতো চার্জশিট না দেওয়ার জন্য এ অভিযোগ ঠিক নয়। কতজন আটক আছে সময় মতো চার্জশিট না দেওয়ার জন্য বলতে পারেন?

ডাঃ মোতাহার হোসেন: সময় মতো চার্জশিট না দেওয়ার জন্য কোনও বন্দি জেলে থাকে না।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য: যাকে অ্যারেস্ট করা হল পুলিশ কি তাকে সময় মতো চার্জশিট দেয় এইরকমই কি নিয়ম?

ডাঃ মোতাহার হোসেন: যত তাড়াতাড়ি সম্ভব পুলিশ চার্জশিট দেয় এবং ফাইনাল রিপোর্ট দেয়। তবে কোনও কোনও ক্ষেত্রে ফরেন্সিক সায়েন্স ল্যাবোরেটারীর ক্ষেত্রে বা কোনও কোনও সংস্থার রেফার করতে হয় যার জন্য দেরি হয়ে যায়।

Mr. Speaker: Honourable Members, this question relates to legal position. If charge sheet is not submitted with in, 2 months, i.e., within 60 days the person concerned can get bail from the Court, automatically if he applies for bail. After the recent amendment of the C.R.P.C. it has been made so because sometimes it takes six months, one year or two years to submit the charge sheet. So, the specific direction is that if the charge sheet is not submitted within two months the person concerned, if he applies, can get bail.

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে ৬০ দিন পরে যদি কোনও বন্দি আবেদন করে তা হলে অটোমেটিক্যালি সে বেল পায়। কিন্তু যদি বন্দি আবেদন না করে ৬০ দিনের পরে কোনও উকিল না দিতে পারে তা হলে কি পুলিশ থেকে বেল মুভ করে এইরকম কি নিয়ম আছে?

Mr. Speaker: If there is no lawyer he will appear in Court and can himself apply in a plain paper for bail and the Court may release him on bail.

শ্রী সরোজ রায়: স্যার, একটা খেতমজুর সে আদালতের আইনকানুন কিছুই জানে না। ৬০ দিন পর যে আবেদন করতে হয় সে কিছুই জানে না তার কি অবস্থা হবে। সরকার থেকে কি কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়?

ডাঃ মোতাহার হোসেন: লিগ্যাল এড্ কমিটি আছে তাদের জন্য ব্যবস্থা গ্রহণ করে।

শ্রী সরোজ রায়: ৬০ দিন হয়ে গেলে সে বেল পাওয়ার যোগ্য। কিন্তু পুলিশ থেকে

কোনও ফাইনাল রিপোর্ট না আসার জন্য তাকে কেসের জন্য বছর পর বছরের আটকে রাখা হয়। এটা কি আপনি জানেন?

ডাঃ মোতাহার হোসেন ঃ পুলিশের উপর বেল নির্ভর করে না। বেল কোর্ট থেকে দেওয়া হয়। ৬০ দিনের মধ্যে চার্জশীট না দিলে সে বেল পেয়ে যায়।

শ্রী সরোজ রায় ঃ আমার কথা হচ্ছে বেলের জন্য নয়, বেল পাওয়ার পরে পুলিশ রিপোর্ট না দেওয়ার জন্য, পুলিশ কেসটা ঝুলিয়ে রাখে বছরের পর বছর এটা কি আপনি জানেন।

ডাঃ মোতাহার হোসেন ঃ সাধারণত পুলিশ চেষ্টা করে যতশীঘ্র সম্ভব ফাইনাল রিপোর্ট দিতে।

মিঃ স্পিকার ঃ কোর্টের এইরকম কোনও পাওয়ার নাই পুলিশকে ডিরেকশন দিতে পারে যে within such period of time you must submit chargesheet. In spite of repeated 'tagids' given to that police for submitting final report or chargesheet, if it is not submitted, the court may dismiss the case.

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ স্যার খ-এর প্রশ্নের উত্তরটা ঠিক হয়নি।

ডাঃ মোতাহার হোসেন ঃ আমি ঐ প্রশ্নের পরিপ্রেক্ষিতে বলেছি সময় মতো চার্জশীট না দেওয়ার জন্য শত শত বন্দি জেলে আছেন এই অভিযোগ ঠিক নহে। সুতরাং এই জন্যই বলেছি প্রশ্ন ওঠে না।

*90 - Not Called

***91**

শ্রী মহম্মদ দেদার বক্স ঃ স্যার মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত নেই।

Mr. Speaker : Regarding *91 he was expected here by 1 p.m. So far my information goes he will come in the House. Perhaps for some difficulties in conveyance he has not been in a position to arrive. I take the privilege of the House that the question will be taken later on when the Minister arrives. So we pass over to the next question. This question is being kept pending.

শ্রী ইলা মিত্র ঃ অধ্যক্ষ মহাশয়, একটা অনুমতি চেয়ে রাখছি, যখন মন্ত্রী মহাশয় আসবেন তখন যেন এই কোশ্চেন নং ৯১ এবং ৯২ আমাকে এবং দেদার বক্স সাহেবকে তুলতে দেওয়া হয়।

Mr. Speaker : For time being it is kept pending. When the

Hon'ble minister comes, I will certainly allow you to put the question. I am taking the House into confidence.

শ্রীমতী ইলা মিত্র : তাহলে তখন তুলতে দেবেন তো?

Mr. Speaker : Goes without saying.

শ্রী মহম্মদ সফিউল্লা : স্যার, আপনি দয়া করে মন্ত্রী মহাশয়দের নির্দেশ দেবেন যেন কোশ্চেন আওয়ারে ওঁরা থাকেন।

Anandamargis

***93.** (Admitted question No. *399.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of Anandamargis arrested since the Proclaimation of Emergency up to 31st January, 1976;

(b) the number of them involved in criminal cases;

(c) the number of criminal cases started against them;

(d) if it is a fact that some Anandamargis had gone underground; and

(e) if so, what measures have been taken against them?

Dr. Motahar Hossain : (a) 68 persons arrested under DISIR. (b) 68. (c) 32 cases. (d) It is not unlikely that some of them have gone underground. (e) This cannot be disclosed in public interest.

শ্রী মহম্মদ সফিউল্লা : এই যে ৩২ জনের বিরুদ্ধে কেস স্টার্ট করেছেন, এদের বিরুদ্ধে ঠিক কি ধরনের কেস স্টার্ট করেছেন?

ডাঃ মোতাহার হোসেন : এইগুলি রুলস্ ৩৩ এবং ৪৩ এ পেশ করা হয়েছে।

শ্রী মহম্মদ সফিউল্লা : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কি কি স্পেসিফিক চার্জে তাদের বিরুদ্ধে আছে? তাদের বিরুদ্ধে যে কেস করা হচ্ছে তাদের বিরুদ্ধে স্পেসিফিক চার্জগুলি কি?

ডাঃ মোতাহার হোসেন : সেটা পাবলিক ইন্টারেস্টে বলা যাবে না।

শ্রী মহম্মদ সফিউল্লা : গত এক বৎসরে আনন্দমার্গের কার্যকলাপ এই রাজ্যের পক্ষে

কি ধরনের ক্ষতিকর ছিল বলতে পারেন কি?

ডাঃ মোতাহার হোসেন ঃ সেটাও বলা যাবে না।

শ্রী মহম্মদ সফিউল্লা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ৬৮ জনকে অ্যারেস্ট করেছেন এছাড়া যাদের অ্যারেস্ট করেননি এই ধরনের আনন্দমার্গীর সংখ্যা কত?

ডাঃ মোতাহার হোসেন ঃ তাও বলা যাবে না।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ স্যার, আমি পুলিশ মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি বললেন যে পশ্চিমবঙ্গে ৬৮ জনকে অ্যারেস্ট করা হয়েছে এবং তারজন্য ৩২ জনের বিরুদ্ধে কেস করেছেন, আমার প্রশ্ন যে এই আনন্দমার্গের বিভিন্ন জেলায় শহরে ও গ্রামে, এদের যে প্রতিষ্ঠানগুলি আছে, স্কুল কলেজ ইত্যাদি, তাদের সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

ডাঃ মোতাহার হোসেন ঃ এ থেকে এ প্রশ্ন আসে না।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ প্রশ্নটা হচ্ছে মেজার সম্বন্ধে। এই প্রতিষ্ঠান যেসব প্রতিষ্ঠান বা স্কুল কলেজ ইত্যাদির মাধ্যমে কাজ করত তাদের সম্বন্ধে কি ব্যবস্থা করেছেন এটা বলতে পারবেন না কেন, In the state of emergency. I don't find any reason of your answer.

ডাঃ মোতাহার হোসেন ঃ মেজার সম্বন্ধে সব কথা বলা যায় না। যারা আন্ডার গ্রাউন্ডে আছে তাদের সম্বন্ধে কি করা হচ্ছে না হচ্ছে ইত্যাদি ব্যাপারে তাই বলেছি যে পাবলিক ইন্টারেস্টে বলা যায় না।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন এখনও পশ্চিমবাংলায় আনন্দমার্গীরা প্রকাশ্যে সংগঠন করে স্কুল ইত্যাদি চালাচ্ছে? এখন দেশে জরুরি অবস্থা চলেছে, এই প্রশ্নটা রাষ্ট্রের নিরাপত্তার সঙ্গে জড়িত, আনন্দমার্গীদের সম্বন্ধে বিধানসভার সদস্যদের জানবার অধিকার আছে। দে উইল হ্যাভ টু অ্যান্সার হুয়েদার দে আর ফলোয়িং দি মেজারস অব ইমার্জেন্সী।

ডাঃ মোতাহার হোসেন ঃ এইটা এই প্রশ্ন থেকে আসে না।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ আপনি কি মেজারস নিচ্ছেন তাদের বিরুদ্ধে বলুন, আপনি উত্তরে বলতে পারেন রাষ্ট্রের নিরাপত্তা কারণে উত্তর দেবেন না।

(কোন উত্তর দেওয়া হয় নাই)

শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, আপনি স্পিকার স্যার, তো নিশ্চয়ই জানেন—এই আনন্দমার্গীদের স্বরূপ প্রকাশিত হওয়ার আগে, তাদের সমস্ত কার্যকলাপ প্রকাশিত

হওয়ার আগে আমাদের পুরুলিয়ায় একটা ঘাঁটি গেড়েছিল, সেখানে জয়পুরে দারুণ অত্যাচার করেছিল মানুষের উপর এমনকি বি ডি ওকে মেরেছিল এবং সেখানে রাইয়ট লাগিয়ে দিয়েছিল এবং তাতে কয়েকজন লোক মারা যায়, সেখানে মামলা হয় এবং সেই মামলায় নিরীহ গ্রামবাসীদের—তাদের মধ্যে উপজাতির লোক আছে, শিডিউল কাস্টের কিছু লোক আছে, দীর্ঘমেয়াদী কারাদন্ড হয়, আনন্দমার্গীদের স্বরূপ প্রকাশিত হওয়ার আগে তারা যে কিভাবে মানুষদের জ্বালাতন করেছে, অত্যাচার করেছে, এ সম্বন্ধে নিশ্চয়ই গভর্নমেন্টের কাছে রিপোর্ট আছে, জনসাধারণ সেখানকার এটা আশা করে যে এই মামলা সম্বন্ধে গভর্নমেন্ট পুনর্বিবেচনা করবেন, আমি জানতে চাইছি এখন আনন্দমার্গীদের স্বরূপ প্রকাশিত হয়েছে, আগে যাদের কারাদন্ড হয়েছে, তাদের ব্যাপার পুনর্বিবেচনা করবেন কিনা?

ডাঃ জয়নাল আবেদিন : ইট ইজ এ রিকুয়েস্ট ফর অ্যাকশন।

শ্রী সরোজ রায় : এই আনন্দমার্গীদের সম্পর্কে শুধু আমরা আপনারা নন, কেন্দ্রীয় সরকার এবং ভারতের সাধারণ মানুষ অত্যন্ত সিরিয়াস কিন্তু আপনারা সিরিয়াস নন, বাংলাদেশে তারা নানা স্কুল ইন্সটিটিউশন চালাচ্ছে, অ্যাকটিভিটি চালাচ্ছে তার ভিতর দিয়ে, আপনারা অত্যন্ত একটা টেকনিক্যাল ক্ষেত্র তুলে ধরে বলছেন এর জবাব দেবার দরকার নাই।

শ্রী জ্ঞানসিং সোহনপাল : আপনাদের প্রশ্ন তো শুনলাম।

Mr. Speaker : I find it is already mentioned in the answer that has been given that this cannot be disclosed in the public interest. So I will not allow any more supplementary.

চূর্ণী নদীর উপর ব্রীজ

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৪।) **শ্রী নিতাইপদ সরকার :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলা পরিকল্পনা পর্ষৎ কর্তৃক চূর্নী নদীতে আড়ংঘাটা-আনন্দনগর ব্রিজটি নির্মাণের জন্য অনুমোদিত হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে,—

(১) বর্তমানে উহা কি অবস্থায় আছে ; ও

(২) কতদিনের মধ্যে উহার নির্মাণকার্য শুরু হইবে?

শ্রী রামকৃষ্ণ সারোওগী : (ক) ও (খ)

জেলা পরিকল্পনা পর্ষৎ এরূপ কোনও অনুমোদন সম্পর্কে পূর্ত (সড়ক) বিভাগ অবগত

। এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে প্রশ্নে বর্ণিত সেতুটি নির্মাণ করা অর্থাভাব আপাতত ঃ সম্ভব নহে।

[1-20 – 1-30 p.m.]

শ্রী নিতাইপদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে জেলা পরিকল্পনা পর্ষৎ াঙ্গ সেতু, পলাসীপাড়ার উপর একটি সেতু ও আড়ংঘাটায়—চূর্ণী নদীর উপর সেতু—এই টি সেতু অনুমোদন করেছিলেন এবং তার মধ্যে দুটির কাজ শুরু হয়েছে?

শ্রী রামকৃষ্ণ সারোওগী ঃ গৌরাঙ্গ সেতুর কাজ শুরু হয়েছে—এটা মাননীয় সদস্য ন। আমি যেটা আরও বলেছি—অর্থাভাবের জন্য আমরা কোনও সেতুর নির্মাণ কাজ া আর হাতে নিতে পারছি না। আমি মাননীয় সদস্যের চিন্তা করে Support করছি। এখানে প্রশ্ন হচ্ছে অর্থের। এ জন্য আমাদের গভর্নমেন্ট চিন্তা করে দেখেছেন চূর্ণী নদীর ই eastern সাইডে আড়ংঘাটা দুলিয়া রোডে যে ব্রিজ আছে, তাকে আরও লেনদেন কী া করা যায় সেটা নিয়ে নিশচয়ই আমরা চিন্তা করছি। এখন যে কমিটমেন্ট আছে াদের হাতে যে কাজ আছে সেটা দেখতে গেলে মুশকিল মনে হয়—কাজেই আর কোনও া সেতু করা যাবে না।

শ্রী নিতাইপদ সরকার ঃ আপনি কি জানেন এই সেতুটি বর্ডার এলাকায় খুব গুরুত্বপূর্ণ । পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে আর্থিক অবস্থা ভাল হলে আপনি কি এটা করবেন?

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ এই যে মন্ত্রী মহাশয় বললেন থাকার অভাবে গুরুত্বপূর্ণ সেতুর করতে পারছেন না, কিন্তু যা হাতে নেওয়া হয়েছে বা নেওয়া দরকার। তারজন্য কেন্দ্র চ কি টাকা পাচ্ছেন না?

পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক

***৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫।) **শ্রী মহঃ দেদার বক্স ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী ায় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, অনেক সমষ্টি-উন্নয়ন ব্লকে পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক নাই ;

(খ) অবগত থাকিলে, তাহার কারণ কি ; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২ নং ব্লকে উক্ত শূন্যপদ পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ

(ক) হ্যাঁ।

(খ) পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিকের পদে নিয়োগের নিয়মাবলি পুনর্বিবেচনা করা হইতেছে। উক্ত নিয়মাবলি চূড়ান্তরূপে স্থিরীকৃত হইলেই নিয়োগের ব্যবস্থা করা হইবে। ইতিমধ্যে অবশ্য যে সব ব্লকে পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিকের পদ শূন্য রহিয়াছে সেইসব ব্লকের কাজ সংশ্লিষ্ট পার্শ্ববর্তী ব্লকের পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিককে দিয়া করানো হইতেছে।

(গ) পঞ্চায়েত সম্প্রসারন আধিকারিকের পদে নিয়োগের নিয়মাবলি চূড়ান্তরূপে স্থিরীকৃত হইলেই শূন্যপদ পূরণের ব্যবস্থা করা হইবে। ইতিমধ্যে ভগবানগোলা ১ নং ব্লকের পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিককে দিয়া ২ নং ভগবানগোলা ব্লকের কাজ করানো হইতেছে।

শ্রী মহঃ দেদার বক্স ঃ মাননীয় মন্ত্রী মহাশয় (খ) উত্তরে যে কথা বললেন নিয়োগের নিয়মাবলি পুনর্বিবেচনা করা হইতেছে। উক্ত নিয়মাবলী চূড়ান্তরূপে স্থিরীকৃত হইলেই নিয়োগের ব্যবস্থা করা হইবে—এই বিবেচনা চূড়ান্তভাবে স্থিরীকরণে কত দিন সময় লাগবে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ আমি exact সময় বলতে পারছি না। এর গুরুত্ব উপলব্ধি করে খুব তাড়াতাড়ি করবার চেষ্টা করছি।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ আমি একজাক্ট সময় বলতে পারছি না। আমরা গুরুত্ব উপলব্ধি করে যত তাড়াতাড়ি করা সম্ভব হয় তারজন্য চেষ্টা করছি।

শ্রী মহম্মদ দেদার বক্স ঃ মহামান্য হাইকোর্টের ইনজাংশন থাকার জন্য কি এটা বন্ধ ছিল?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ হ্যাঁ, ছিল। কিন্তু এখন সেটা ভ্যাকেন্ট হয়ে গিয়েছে।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ আপনি 'ক' এর উত্তরে যে বললেন নিয়মাবলি চূড়ান্তভাবে ঠিক করা হয়নি। আবার বলেছেন পাশাপাশি যে সমস্ত আধিকারিক আছে তারা অন্য ব্লক দেখছেন। এই আধিকারিক কোন নিয়মাবলিতে দেখছেন?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ অলরেডি অ্যাপয়েন্টমেন্ট করা আছে। শুধু আর একটা ব্লক দেখার দায়িত্ব হয়েছে। কাজেই কোনও নিয়মাবলির প্রশ্ন উঠছে না।

কলকাতা পৌরসভার নির্বাচন

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৮।) **শ্রী বিশ্বনাথ চক্রবর্তী, শ্রীমতী ইলা মিত্র** এবং **শ্রী নিতাইপদ সরকার ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কলকাতা পৌরসভায় নির্বাচনের বিষয়টি বিবেচনা করিতেছেন ; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাদ উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) হ্যাঁ।

(খ) এ বিষয়ে এখনও কোনও চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়নি।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তীঃ কলকাতা কর্পোরেশনকে আপনারা সুপারসিড করেছেন চার বছর হয়ে গেল। মন হচ্ছে আপনার মন্ত্রিত্বের টারমটা পার করবেন। এখনও বলছেন বিবেচনা করছি—এই বিবেচনা শেষ হতে কতদিন সময় লাগবে মনে হয়?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ আমরা কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট করছি বিচ্ছিন্নভাবে। সেগুলো সমাপ্ত না হওয়া পর্যন্ত আমরা নির্বাচনে যেতে চাইছি না। আমরা চাইছি অ্যাক্টটা সংশোধন হয়ে গেলে আবার নির্বাচনে যাব।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তীঃ এই হাউসে মন্ত্রী মহাশয়.বহু বিচ্ছিন্নভাবে সংশোধনের সময় বারবার বলেছেন কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট হতে যাচ্ছে। এটা সম্ভবত এই হাউসের লাস্ট বাজেট সেশন। এই বাজেট সেশনের মধ্যে কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টের আমূল সংশোধন বিল উপস্থিত করতে পারবেন কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ আমুল সংশোধন বিল বিধানসভার এই বাজেট সেশনেই আনতে পারব না। তবে বিচ্ছিন্নভাবে যেগুলো অতি প্রয়োজনীয় সংখ্যায় সেগুলো অনেক আমরা প্রায় প্রত্যেক সেশনেই সেগুলোর সংশোধনী আনছি এবং অর্ডিন্যান্স করেছি।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তীঃ কতগুলো বিচ্ছিন্নভাবে সংশোধনের পর কলকাতা পৌরসভার নির্বাচন হবে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ সংখ্যাটা বলতে পারব না। অনেক আনতে হবে যেগুলো হলে সিভিক অ্যামিনিটিস বাড়তে পারে সেগুলো করে নিয়ে তারপর নির্বাচনে যেতে চাই।

শ্রীমতী ইলা মিত্রঃ কলকাতা পৌরসভা ১৯৭২ সালে সুপারসিড করা হয়েছিল। আমরা বলেছিলাম এক বছর সুপারসিড করা হোক তারপর নির্বাচন করা হোক। তখন উত্তর দেওয়া হয়েছিল—খুব তাড়াতাড়ি নির্বাচন করা হবে এবং সম্ভব হলে ৬ মাসের মধ্যে নির্বাচন করা হবে। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন একজন কাউন্সিলরও না থাকায় এবং পৌরপিতা না থাকায় কি ধরনের অসুবিধা আমাদের হচ্ছে। একজন এম, এল, এ হিসাবে আমরা প্রায়ই ঘেরাও হচ্ছি, জনসাধারণ মন্ত্রী মহাশয়দের পাচ্ছেন কিনা জানি না, কিন্তু আমরা যেখানে যাচ্ছি সেখানে ঘেরাও হচ্ছি। আমি কালকে বাগমারীতে গিয়েছি, আমি ঘেরাও হয়েছি কলকাতা পৌরসভা ইত্যাদি ব্যাপারে। কাজেই এটা কি আশা করতে পারি যে কলকাতা পৌরসভাকে এই রকম অগণতান্ত্রিকভাবে না রেখে অতি শীঘ্র নির্বাচনের ব্যবস্থা করবেন?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ এম, এল, এ-দের কিছু কিছু অসুবিধা হচ্ছে, তাদের উপর চাপ সৃষ্টি হচ্ছে সেটা জানি। কারণ সিভিক অ্যামিনিটেসের ডিমান্ডও তাদের উপর গিয়ে পড়ছে। আমরা সরকারের পক্ষ থেকে বিশ্বাস করি যত তাড়াতাড়ি সম্ভব নির্বাচন করা দরকার। সঙ্গে সঙ্গে আমার এটাও অভিজ্ঞতা যে মিনিমাম ফ্যান্ডামেন্টাল অ্যাক্ট যদি চেঞ্জ না করি তাহলে কলকাতা কর্পোরেশন কাউন্সিলরদের হাতে গেলে অচিরে আবার পূর্বের জায়গায় ফিরে যাবে। কলকাতার মানুষদের যে মিনিমাম সিভিক অ্যামিনিটিস দরকার সেটার ব্যবস্থা না করলে কাউন্সিলরা সারা দিনরাত খাটলেও সুবিধা হবে না। আপনি জানেন নিয়ম অনুসারে কলকাতা পৌরসভার আইন পাল্টাতে হলে আবার গভর্নমেন্টের কাছে সুপারিশ করা দরকার এবং গভর্নমেন্ট সে সুপারিশ সঠিক মনে করলে তার জন্য ব্যবস্থা নিতে হয়। ফ্যান্ডামেন্টাল অ্যাক্টগুলো চেঞ্জ করে তারপর তাদের হাতে তুলে দিলে অটোমেটিক্যালি সিভিক অ্যামিনিটিস বাড়তে পারবে।

[1-30 – 1-40 p.m.]

শ্রীমতী ইলা মিত্র ঃ চার বছর অতীত হয়েছে এই অ্যাক্ট পরিবর্তন করার কথা ভাবতে, আমি স্পেসিফিক্যালি জানতে চাই যে আর কত দিন সময় লাগবে সেটা মন্ত্রী মহাশয় বলতে পারবেন কি?

মিঃ স্পিকার ঃ উনি তো এর উত্তর দিয়েই দিয়েছেন।

শ্রী নন্দলাল গুরুং ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দার্জিলিং জেলায় চারটি সাবডিভিসন শিলিগুড়ি, কালিম্পং ও অন্যান্য। এই শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি অনেক দিন সুপারসিড করা হয়েছে আমি জানতে চাই আর কত দিন লাগবে ইলেকশন হতে?

Mr. Speaker : It is only with respect to Calcutta Corporation and not any other municipal bodies.

শ্রী অর্ধেন্দুশেখর নস্কর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাচ্ছি যে কলকাতা কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি অ্যাক্ট যখন এমেন্ড হবে এবং নূতন করে নির্বাচন হবে তখন তফসিলি শ্রেণীর জন্য আসন সংরক্ষণ করার ব্যবস্থা থাকবে কি?

শ্রী সুব্রত মুখার্জি ঃ পুরোপুরি সরকারি নিয়ম যেটা আছে সেটা না থেকে নীতিগতভাবে আমরা সেইরকম সিদ্ধান্ত দিয়েছি এবং সেইভাবেই করার চেষ্টা হচ্ছে।

কামারহাটী চটকল এলাকায় ১৪৪ ধারা

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৯।) **শ্রী অশ্বিনীকুমার রায় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগনা জেলায় কামারহাটী চটকল এলাকায় ৬ই জানুয়ারি, ১৯৭৬ হইতে ১৪৪ ধারার নিষেধাজ্ঞা বলবৎ আছে ; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে—

(১) উক্ত নিষেধাজ্ঞা জারির কারণ কি, ও

(২) উক্ত আদেশ আরও কতদিন চালু থাকিবে?

ডাঃ মোতাহার হোসেনঃ (ক) হ্যাঁ।

(খ) (১) এই মিল কর্তৃপক্ষ বাইরের লোকদের মিল অভ্যন্তরে অবস্থিত শৌচাগারগুলি ব্যবহার করিতে দিতে অস্বীকার করায় উত্তেজনা দেখা দেয় এবং এই আদেশ জারি করা প্রয়োজন হয়ে পড়ে। শৌচাগারগুলি ইতঃপূর্বে তাহারা ব্যবহার করিত।

(২) এখন যেহেতু এ ব্যাপারে কোনও উত্তেজনা নাই, উক্ত আদেশ বলবৎ থাকার নির্দিষ্ট সময় অতিক্রান্ত হইলে কোনও নিষেধাজ্ঞা থাকিবে না।

শ্রী অশ্বিনীকুমার রায়ঃ এই সব শৌচাগার হচ্ছে মিলের ভিতর। তাই ১৪৪ ধারা মিলের ভিতর না দিয়ে মিলের বাইরের এলাকায় দেওয়া হলো কেন তা কি মন্ত্রী মহাশয় বলতে পারেন?

শ্রী মোতাহার হোসেনঃ মিলের বাইরে বেশ কিছু উত্তেজনা ছিল এবং ঐসব শৌচাগার মিলের বাইরের লোক ব্যবহার করত তাই মিলের বাইরে ১৪৪ ধারা জারি করা হয়েছিল।

শ্রী অশ্বিনীকুমার রায়ঃ বরাবরই তো বাইরের লোক ব্যবহার করত। হঠাৎ ৬ তারিখ থেকে সেখানে ১৪৪ ধারা কেন দেওয়া হল এই রকম গণতান্ত্রিক অধিকার খর্ব কেন করা হল সেটা বলতে পারেন কি?

শ্রী মোতাহার হোসেনঃ জুট মিলের কর্তৃপক্ষ এই মেজার নিয়েছে। আমরা শুধু শান্তি রক্ষার জন্য এই ১৪৪ ধারা জারি করেছি।

শ্রী অশ্বিনীকুমার রায়ঃ বর্তমানে তো সেখানে কোনও উত্তেজনা নাই এবং তা বহু দিন ধরেই নাই। তাহলেও সেখান থেকে এখনও ১৪৪ ধারা তুলে নেওয়া হচ্ছে না কেন, এবং মন্ত্রী মহাশয় সেই রকম আদেশ দেবেন কি যে যেহেতু সেখানে কোনও উত্তেজনা নাই সেইহেতু ওখান থেকে ১৪৪ ধারা তুলে নেওয়া হোক?

ডাঃ মোতাহার হোসেনঃ হ্যাঁ, আমি তো আগেই বলেছি উত্তেজনা না থাকলে তুলে নেওয়া হবে। ৬ তারিখে যেহেতু জারি করা হয়েছিল, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ভাল জানেন যে ২ মাস এর মেয়াদ থাকে, আজ মার্চের ৫ তারিখ, আজকেই এর মেয়াদ শেষ

হয়ে যাচ্ছে, আর বাড়ানো হচ্ছে না। আজ থেকে আর বোধ হয় ১৪৪ ধারা থাকছে না।

শ্রী অশ্বিনীকুমার রায়ঃ আপনি এটা খোঁজ নিয়ে দেখবেন সারা ভারতবর্ষে বোনাস অর্ডিন্যান্সের বিরুদ্ধে ৬ তারিখ থেকে ঐ শ্রমিকরা যারা হাঙ্গার স্ট্রাইক করেছিল তাদের ঐ শৌচাগার ব্যবহার করতে দেয়নি—৬ তারিখে এই ঘটনা ঘটেছিল কিনা সেটা আপনি কি খোঁজ নিয়ে দেখবেন?

ডাঃ মোতাহার হোসেনঃ এর সঙ্গে ওর কোনও সম্পর্ক আছে বলে আমি মনে করি না।

বীরভূমের রাস্তা

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৬।) **শ্রী শচীনন্দন সাউঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ত দপ্তর বীরভূম জেলায় বর্তমানে কোন্ কোন্ রাস্তার কাজ করছেন ;

(খ) দুবরাজপুর হ'তে সাহাপুর রাস্তাটির কাজ শেষ হ'তে কতদিন সময় লাগবে ; এবং

(গ) দুবরাজপুর হ'তে কানাইপুর পর্যন্ত রাস্তাটির কাজ বর্তমানে কি পর্যায়ে আছে?

শ্রী রামকৃষ্ণ সারাওগীঃ (ক) রাস্তাগুলির একটি তালিকা পেশ করা হইল।

(খ) প্রয়োজনীয় অর্থ সংস্থান ও জমি দখল পাওয়ার উপর নির্ভর করিতেছে।

(গ) এই নামে কোনও রাস্তা সড়ক উন্নয়ন পরিকল্পনায় গৃহীত হয় নাই।

শ্রী শচীনন্দন সাউঃ আপনি 'খ' প্রশ্নের উত্তরে বলেছেন প্রয়োজনীয় অর্থ সংস্থান ও জমি দখল পাওয়ার উপর নির্ভর করিতেছে—জমির ব্যাপারে কি গোলমাল আছে সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী রামকৃষ্ণ সারাওগীঃ আমি স্যার, বলিনি জমির কোনও গোলমাল আছে—আমি বলেছি জমি দখল এবং অর্থ সংস্থানের উপর সেটা নির্ভর করে। আমরা জমি দখলের জন্য এল. এ. প্রসিডিংস জারি করেছি এবং টাকা সম্পর্কে আমি অগেই বলেছি যে রাস্তা নির্মাণের জন্য আমাদের হাতে টাকা খুব কম আছে। আমাদের যত রিকোয়ারমেন্ট আছে সেই টাকা হাতে নেই। কিছু টাকা আমাদের হাতে আছে সেই টাকা নিয়েই আমরা কাজ চালিয়ে যাচ্ছি।

শ্রী শচীনন্দন সাউঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন দুবরাজপুর থেকে সাহাপুর পর্যন্ত রাস্তাটির কাজ চলছে?

শ্রী রামকৃষ্ণ সারাওগী ঃ হ্যাঁ, 'খ' প্রশ্নের উত্তরে আমি বলেছি প্রয়োজনীয় অর্থ সংস্থান জমি দখলের উপর নির্ভর করছে—রাস্তাটির কাজ হাতে নেওয়া হয়েছে, কাজের জন্য কিছু টাকাও বরাদ্দ করা হয়েছে এবং কাজ শুরুও হয়েছে এবং ১ কিলোমিটারের মতো আর্থ ওয়ার্ক হয়ে গেছে।

শ্রী দ্বিজপদ সাহা ঃ বীরভূম জেলার যে সমস্ত রাস্তার তালিকা তিনি দিয়েছেন সেই রাস্তাগুলি যে যে জমির উপর দিয়ে যাচছে, সেই জমিগুলি দখল করবার জন্য জমির মালিকদের নোটিশ দেওয়া হয়েছে কি?

শ্রী রামকৃষ্ণ সারাওগী ঃ বীরভূমে ৩২টি রাস্তার উপর কাজ চলছে এবং ৩০২ কিলোমিটার হবে—এই দু এক মিনিটের মধ্যে সেই সমস্ত রাস্তার লিস্ট পড়া খুব মুশকিল।

দক্ষিণডিহি-বড়গাছিয়া রাস্তা

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫০১।) **শ্রী গণেশ হাটুই ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার জাঙ্গীপাড়া ও চন্ডীতলা থানার অন্তর্গত দক্ষিনডিহি আঁইয়া-লক্ষণপুর-বড়গাছিয়া রাস্তাটির মাটির কাজ শুরু হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে ঐ রাস্তাটির মাটির কাজ করার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে এবং কবে নাগাদ ঐ রাস্তাটি পাকা করার কাজ শুরু হইবে?

শ্রী রামকৃষ্ণ সারোগী ঃ (ক) হ্যাঁ।

(খ) কুঠির কাজ সমেত রাস্তাটি নির্মাণের জন্য বর্তমান বৎসরে (১৯৭৫-৭৬) ৫০ হাজার টাকা বরাদ্দ হইয়াছে। ভবিষ্যতে অর্থসঙ্গতির উপর রাস্তাটি পাকা করার কাজ নির্ভর করিতেছে।

শ্রী গণেশ হাটুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রতি জায়গায় বলতে শুনছি অর্থের সংস্থান করতে পারলে এবং জমি অ্যাকুইজিশন করতে পারলে রাস্তার কাজ শুরু হবে। এই রাস্তাটির পাশে যাদের জমি আছে তারা স্বেচ্ছায় তাদের জমি দিয়ে দিয়েছে কাজেই সংগ্রহ করার প্রশ্ন ওঠে না। তা ছাড়া এই রাস্তাটির জন্য ৫০ হাজার টাকাও বরাদ্দ করা আছে। আমার প্রশ্ন, সব থাকা সত্ত্বেও টাকা কেন খরচ হল না মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী রামকৃষ্ণ সারোগী ঃ এই রাস্তাটির সার্ভে ওয়ার্ক কমপ্লিট করা হয়েছে এবং এর মাটির কাজও শুরু হয়ে গিয়েছে। আমরা আশা করছি, আমাদের হাতে যে টাকা আছে সেই টাকা আমরা খরচ করতে পারব।

শ্রী গণেশ হাটুই : আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে, ঐ রাস্তাটির কাজ শুরু হয়নি। এক বছর আগে সার্ভে হয়ে গিয়েছে এবং গত ফাইনান্সিয়াল ইয়ারে ৫০ হাজার টাকাও বরাদ্দ করা হয়েছে কিন্তু তা সত্ত্বেও রাস্তার কাজ শুরু হয়নি। টাকাও অভাব থাকলে কাজ শুরু না হতে পারে কিন্তু এ ক্ষেত্রে টাকা যখন আছে তখন কার গাফিলতিতে কাজ শুরু হল না মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী রামকৃষ্ণ সারোগী : মাননীয় সদস্য জানেন যে, রাস্তার কাজ শুরু করতে গেলে ম্যাপ করতে হয়, এস্টিমেট ইত্যাদি অনেক জিনিস করতে হয়। এখন আমরা ফাইন্যাল স্টেজে এসে গিয়েছি। মাননীয় সদস্য মহাশয়ও কিছুদিন আগে আমার সঙ্গে দেখা করেছিলেন এবং তিনি জানেন যে, এ সম্পর্কে ডাইরেকশন দেওয়া হয়েছে। এই পবিত্র বিধানসভায় আমি তাঁকে আশ্বাস দিচ্ছি এই বলে যে, ঐ রাস্তার কাজ যত তাড়াতাড়ি সম্ভব আমরা শুরু করে দিচ্ছি।

হাড়াই ও গুয়াই নদীর উপর সেতু

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৫।) **শ্রী শরৎ দাস :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালদিহি থার্মাল পাওয়ার প্ল্যান্ট, কোল ওয়াশারি এবং সাঁওতালদিহি ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ-এর জন্য একান্ত প্রয়োজনীয় পুরুলিয়া জিলার অহল্যাবাই রোড-এর উপর হাড়াই এবং গুয়াই নদীর উপর সেতু নির্মাণের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কবে নাগাদ কার্যকর হইবে?

Mr. Speaker : Perhaps you were not present yesterday when Hon'ble Shri Panja raised this question. It is a both-way traffic. Sometimes the Hon'ble Ministers are not present and sometimes the honourable members are also not present in the House. I will request both sides—not only the Hon'ble Ministers but also the honourable members—that they must be present in the House during question hour.

শ্রী রামকৃষ্ণ সারোগী : (ক) সম্ভবত মাননীয় সদস্য রঘুনাথপুর চন্দন কিয়ারি চাস রাস্তার উপর দুইটি সেতু উল্লেখ করিতেছেন। এখন ঐ সেতু দুইটি নির্মাণের কোনও প্রথা বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাস্তাটি ১৯৫৬ সালের আগে তৈরি

করেছে বিহার গভর্নমেন্ট যখন পুরুলিয়া বিহারে ছিল এবং পিচ দেওয়া হয়েছিল। তারপরে বেঙ্গলে আসার পরে ১৪/১৫ বছরেও ব্রিজ দুটি তৈরি করলেন না। ব্যাপারটা হল একটা পিচ রোডের উপর দুটি ব্রীজ এবং একটা ভাল কমিউনিকেশনের। সাঁওতালদি এবং বোকারো স্টীল যেটা আছে তার ইন্ডাস্ট্রিয়াল গ্রোথের জন্য তার সঙ্গে যোগাযোগটা গুরুত্বপূর্ণ ব্যাপার বলে মনে করছেন কি না?

শ্রী রামকৃষ্ণ সারোগী : যে রাস্তাটি সম্পর্কে মাননীয় সদস্য বললেন সেটাতে আমি ডিসপিউট করছি না। কারণ ব্রিজ তৈরির যে কথা আছে সে সম্পর্কে আমি উনার সঙ্গে একমত যে সেখানে ব্রিজ হওয়া খুব দরকার। এ জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে অ্যাপ্রোচ করেছিলাম ফর কনস্ট্রাকশন অব এ ব্রিজ অন রঘুনাথপুর। এটা ছাড়া এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকার থেকে এই ব্রিজ তৈরি করার জন্য কোনও লোন অ্যাসিস্ট্যান্টের ইনডিকেশন পাইনি। মাননীয় সদস্য আর একটা যে ব্রিজের কথা বললেন, আমরা চিন্তা করছি যদি কেন্দ্রীয় সরকার থেকে রঘুনাথপুর টু চেরিয়ামা রোডের এই ব্রিজের স্যাংশন পাওয়া যায় এবং লোন অ্যাসিস্ট্যান্স পাওয়া যায় তাহলে নিশ্চয়ই আমরা সেই ব্রিজের কাজ হাতে নিতে পারব। কিন্তু আগে যা বলেছি যে এখন পর্যন্ত আমাদের আর্থিক পরিস্থিতি যা আছে তাতে স্টেট গভর্নমেন্টের এখন ক্ষমতা নেই নিজের অর্থ দিয়ে আর কোনও নূতন ব্রিজ তৈরি করার কাজ হাতে নিতে পারে।

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা হচ্ছে আর সি সি অহল্লাবাই রোডের প্রশ্ন। কিন্তু উনি দিলেন রঘুনাথপুর থেকে চেরিয়ামা হয়ে কোথায় যাচ্ছে তার উত্তর। ব্যাপার হচ্ছে আপনাদের ডিপার্টমেন্ট থেকে যেভাবে জবাব তৈরি করে দিচ্ছে আপনারা না দেখেশুনেই জবাব দিচ্ছেন এবং এটা একটা হাস্যাস্পদের সৃষ্টি করছে। হাদাইয়ের যে ব্রিজ সেটা পুরুলিয়া ডিস্ট্রিক্টে। আর গুয়াই-এর সামানশ পোরশন পড়ছে বিহার গভর্নমেন্টের মধ্যে। কাজেই সেটার জন্য আপনারা কেন্দ্রীয় সরকারকে বলতে পারেন কিন্তু আপনার রোড, আপনার এলাকা সেটার জন্য কেন্দ্রীয় সরকার কেন টাকা দেবে এবং এই ধরনের প্রশ্নের জবাব কেন হল আমি বুঝতে পারছি না। আমি কোয়েশ্চেন করেছি পশ্চিমের আর আপনি উত্তর দিলেন পূর্বের।

[1-50 – 2-00 p.m.]

শ্রী রামকৃষ্ণ সারোগী : দুটো ব্রিজের কথা বলেছেন। সেই ব্রিজ তৈরি করতে গেলে বিহার গভর্নমেন্টের সঙ্গে অ্যারেঞ্জমেন্ট করে সেখানে ব্রিজ তৈরি করতে হয় আমি যা জানি। এর মধ্যে যা টাকা লাগবে সেটা কেবলমাত্র পশ্চিমবাংলার উপর আসবে না। সেটার জন্য বিহার গভর্নমেন্টের কন্ট্রিবিউশন হওয়া দরকার। আমি যেটা আগে বলেছি যে এটা নিয়ে এখন পর্যন্ত সেন্ট্রাল গভর্নমেন্ট কোনও লোন অ্যাসিস্ট্যান্স স্যাংশন করেন না। যদি লোন অ্যাসিস্ট্যান্স সিকিয়োর করা যায় তাহলে একমাত্র পশ্চিমবঙ্গ একেবারে [illegible] সরকারের সঙ্গে

মিলে এই ব্রিজ তৈরি করার জন্য কাজ শুরু করবে।

Mr. Speaker : I pass on to next question.

Shri Bhawani Prasad Sinha Roy : Sir, this is a very important question.

Mr. Speaker : Mr. Sinha Roy, do you want to say that other questions are not important ? This is a question involving a particular area, not covering other districts. It is a local issue. Do you know what is the present practice that is follow in Lok Sabha ? The member putting the question can put two supplementaries and two supplementaries are allowed to be put by other members. Beyond that no supplementary is allowed, no member is allowed to put any supplementary. Mr. Bhagat. the present Speaker of the Lok Sabha told me this when he came here.

***103** (not called)

***104** (Not called)

***105**

Mr. Speaker : This question is held over.

শ্রী মহঃ সফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন কোয়েশ্চেন করি— এই কোয়েশ্চেন করার জন্য অনেক আমাদের পড়াশুনো করতে হয়। তারপর যখন কোয়েশ্চেন হাউসে আসে, এখানে অনেকদিন সময় থাকে না। তার ওপর যদি এইরকমভাবে হেল্ড ওভার হয়—কোয়েশ্চেন আওয়ার খুবই লিমিটেড, সুতরাং এই বিষয়ে আপনার প্রটেকশন আমরা চাইছি।

Mr. Speaker : Mr. Safiullah, it is also unfortunate that when the Hon'ble Ministers come prepared with the answers the honourable members are not prepared, they are not present in the House. If you can say that the honourable members will be always present in the House during the question hour and are ready to call their questions, I can certainly press the Hon'ble Ministers that they must be present on the particular day. Honourable members and the members on the Treasury Benches are equally defaulters. I feel all the hourable members are equally responsible to this House. It is their privilege to put questions and they are not using this privilege.

পৌরকর্মীদের অবসর ভাতা

***১০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৬।) **শ্রী অশ্বিনীকুমার রায়ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পৌরসভার কর্মচারিদের জন্য অবসর ভাতা প্রকল্প (পেনশন স্কীম) গ্রহণের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকর করা হইবে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) হ্যাঁ ; কলিকাতা পৌরকর্তৃপক্ষ এই বিষয়ে সরকারের নিকট একটি প্রস্তাব বিবেচনার জন্য পেশ করিয়াছেন।

(খ) এ সম্বন্ধে এখন কিছু বলা সম্ভব নয়, কারণ সরকার এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেন নাই।

শ্রী অশ্বিনীকুমার রায়ঃ এর আগে তো আপনারা একটা বিল পাস করেছেন। এখন এই যে বিবেচনাধীন কথাটা বলছেন। আজকাল আই এ এস, আই পি এসদের জন্য ৬৫ বছরে রিটায়ারমেন্ট করেছেন, তার বিরুদ্ধে প্রতিবাদ করছেন না। কিন্তু এই যে সাধারণ দক্ষ এবং অদক্ষ কর্মচারী, এদের জন্য ৫০ বছর করে দিচ্ছেন বলে আইন করলেন। যাই হোক, আইনে এইরকম থাকলে ভাল হয়, ৬৫র জায়গায় ৫০ না করে, এর মাঝামাঝি একটা করে তাদের রিটায়ার করবার সময় বিবেচনা করবেন কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ এখনই এই সম্বন্ধে কিছু বলা সম্ভব হচ্ছে না। তবে পেনশনের ব্যাপারটা আমরা খুবই গুরুত্ব দিয়ে বিবেচনা করছি, অলরেডি পৌর কর্তৃপক্ষ বিষয়টা অ্যাপ্রুভ করে সরকারের কাছে পাঠিয়ে দিয়েছেন। তবে বয়সটা কি হবে, তা এখনই বলা সম্ভব হচ্ছে না।

শ্রী অশ্বিনীকুমার রায়ঃ কর্পোরেশনে ৫০ বছর চালু করার পর বর্তমানে এই অবস্থায় কত লোককে রিটায়ার করতে হবে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ সেটা এখনই বলতে পারব না।

শ্রী অশ্বিনীকুমার রায়ঃ এখন এই অদক্ষ শ্রমিকদের মধ্যে যারা স্কুল-কলেজে পড়েনি, মৌখিক বয়স দিয়েছিল এবং তাদের জন্য সব ক্ষেত্রেই আছে যে যদি ভুল দিয়ে থাকে তাহলে কোর্টে এফিডেভিট করলে কিম্বা হরস্কোপ দিলে পর তাদের বয়স আবার নতুন করে মেনে নেওয়া হয়। এই রকম যাদের বয়স ভুল দেওয়া আছে তাদের ক্ষেত্রে কি ব্যবস্থা গ্রহণ করবেন?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ যারা লেখাপড়া জানেন না তারা আবেদন করেছিলেন এবং সেই অনুযায়ী তাদের নিয়োগ করা হয়েছিল। তবে অনেক সময় আবেদনের ক্ষেত্রে গণ্ডগোল আছে। কিন্তু যেখানে কোনও গন্ডগোল নেই সেখানেই আমরা প্রথম পদক্ষেপ নিচ্ছি। যেখানে গন্ডগোল আছে সেখানে আমরা মেডিক্যাল বোর্ড করেছি, তাদের কেসগুলি মেডিক্যাল বোর্ডের মাধ্যমে করা হচ্ছে।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্যঃ কিছুদিন আগে আইন পাস হল যে, ৫০ বছর হলে রিটায়ার করাতে পারবেন। তারপর বলছেন যে, পেনশন বিবেচনাধীন। তাহলে পেনশনের বিবেচনা শেষ হবার পর ঐ আইন কার্যকর করা হবে, এই রকম কোনও সিদ্ধান্ত সরকার নিয়েছেন কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ পেনশনের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে ওটাও হতে পারে, আবার পুরনো সময় থেকে এফেক্ট দিয়ে ওদের নিয়ে আসা হতে পারে।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্যঃ ৫০ বছরে রিটায়ার এবং পেনশন, এটা কলকাতা কর্পোরেশনের বাইরের অন্যান্য মিউনিসিপ্যালিটিগুলির কর্মচারিদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুযায়ী আমরা পে-কমিটি করেছিলাম, তাতে কলকাতা কর্পোরেশন ছাড়া সমস্ত মিউনিসিপ্যালিটিগুলিতে পেনশন স্কীম চালু করবার সিদ্ধান্ত সরকার ইতিমধ্যেই নিয়েছে।

শ্রী অশ্বিনীকুমার রায়ঃ কলকাতা পৌরসভায় পেনশন স্কীম চালু হলে ফাইনান্সিয়াল ইনভলভমেন্ট কত হবে সেটা কষে দেখেছেন কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ ঠিক কত হবে, সেটা বলতে পারব না, তবে ইয়ারলি ১ কোটির মতো।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তীঃ যখন কমপালসারি রিটায়ারমেন্ট বিল আনা হয়েছিল সেই সময় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, পেনশন স্কীম চালু করতে যাচ্ছি, ইট ওয়াজ এ স্টেটমেন্ট, ক্যাটাগোরিক্যালি অ্যান্ড অ্যাফারমেটিভ, সুতরাং আমরা কি এটা ধরে নিতে পারি যে, বিবেচনা এখনও শেষ না হলেও, বিবেচনার ফল পেনশনের পক্ষেই যাবে?

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ স্যার, বিবেচনাধীন মানে আমরা এটা নিয়ে চিন্তা করছি। এটা সরকার দ্বারা সুপারসিডেড হয়েছিল এবং তারপর ওখান থেকে এটা অ্যাপ্রুভ হয়েছে, ন্যাচারালি আমরা এবিষয়ে অনেকটা এগিয়েছি। কিন্তু সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত এটাকে বিবেচনাধীন বলতে হবে।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তীঃ মাননীয় মন্ত্রী মহাশয় সেদিন কমপালসারি রিটায়ারমেন্ট বিল

আলোচনার সময় বললেন যে, আমরা অ্যাপ্রুভ করে গভর্নমেন্টের কাছে পাঠিয়েছি এবং এটা মিউনিসিপ্যালিটিগুলিতেও এক্সটেন্ড করছে। এখন যখন সরকার সরকারি কর্মচারিদের বিধিগুলি সবই পৌর কর্মচারিদের ক্ষেত্রেও প্রয়োগ করছেন, তখন সরকারি কর্মচারিদের ক্ষেত্রে যেমন পেনশন স্কীম আছে সেইরকম সেটা পৌর কর্মচারিদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে কি?

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : আমি আমাদের দৃষ্টিভঙ্গির কথা বলেছি। সরকারি কর্মচারিদের যে সমস্ত সুযোগ-সুবিধা আছে, পৌর কর্মচারিদের ক্ষেত্রেও সেই সুযোগ-সুবিধা দেবার দৃষ্টিভঙ্গি গ্রহণ করছি।

খড়িবোনা-রানীতলা রাস্তা

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২।) **শ্রী মহম্মদ দেদার বক্স :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২ নং ব্লকে খড়িবোনা-রানীতলা রাস্তার এল এ প্ল্যান অনুযায়ী পীচ রোড নির্মাণের জন্য ১৯৭৫-৭৬ সালে কত টাকা বরাদ্দ করা হইয়াছে ; এবং

(খ) আমডহর-কোলান-রাধাকান্তপুর এবং চাঁদপুর-দেবাইপুর ভুয়া নাজিরপুর, ফুলপুর, সরলপুর এস ই পি স্কীমে রাস্তার কাজ বর্তমানে কি পর্যায়ে আছে এবং উক্ত রাস্তাগুলির কাজ বর্তমান আর্থিক বছরে শেষ হইবে কিনা?

শ্রী রামকৃষ্ণ সারোগী : (ক) এই বৎসর (১৯৭৫-৭৬) এই রাস্তার জন্য ২০,০০০ টাকা বরাদ্দ আছে ;

(খ) আমডহরা-কোলান-রাধাকান্তপুর রাস্তাটির কয়েকটি স্থান ব্যতিরেকে অন্য অংশে ঝামা বাঁধাইয়ের কাজ শেষ হইয়াছে। রাস্তাটির কাজ আপাতত বন্ধ আছে। বর্তমান আর্থিক বৎসরে কাজটি শেষ হইবে না।

এস ই পি স্কীমে চাঁদপুর দেবাইপুর রাস্তাটি নির্মাণের বা উন্নয়নের কোনও প্রস্তাব আপাতত নাই।

[2-00 – 2-10 p.m.]

শ্রী মহঃ দেদার বক্স : আপাতত এই রাস্তার কাজ কেন বন্ধ আছে এবং কেন এই আর্থিক বছরে হবে না তা জানাবেন কি?

শ্রী রামকৃষ্ণ সারেওগী : এই রাস্তাটার কাজ ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং ডিপার্টমেন্ট থেকে করা হচ্ছিল। এই কাজ নিয়ে কিছু কমপ্লেন গভর্নমেন্টের কাছে এসেছিল বলে ঐ

ডিপার্টমেন্ট পি ডব্লিউ ডি-এর কাছে এনকোয়ারী করার জন্য গিয়েছে। আমরা সেটা করে তা রিপোর্ট ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং ডিপার্টমেন্টের কাছে দেব এবং পরে ঐ ডিপার্টমেন্ট যে ভাবে উচিৎ মনে করবে সেই ভাবে কাজ করবে।

Mr. Speaker: The question hour is over.

Starred Questions

(to which written answers were laid on the Table)

নাবান্দা-জয়কৃষ্ণপুর রাস্তা

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭।) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ২ নং ব্লকের অধীন নবান্দা-জয়কৃষ্ণপুরের অনুমোদিত রাস্তাটি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে তিনটি বিধানসভা কেন্দ্রের কৃষকদের উন্নতির স্বার্থে প্রয়োজনীয় ঐ পরিকল্পিত রাস্তাটির কাজ দ্রুত নিষ্পন্ন করিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

(ক) প্রায় ১৬ মাইল রাস্তা মাটির কাজ শেষ হয়েছে এবং ৩ মাইল মুরাম বাঁধাই হয়েছে। সাঁকো নির্মাণের কাজ শুরু হয়েছে।

(খ) বর্তমান আর্থিক বৎসরে টা. ১,০০,০০০ বরাদ্দ ছিল ; আগামী বৎসরেও যথোপযুক্ত বরাদ্দের ব্যবস্থা করা হচ্ছে।

বৈঁচী-বিলসরা রাস্তা

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭১।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার পান্ডুয়া ব্লকে ‘বৈঁচি-বিলসরা” রাস্তা পাকা করার বর্তমান কাজ কবে শুরু হইয়াছে এবং কবে শেষ হইবে ;

(খ) ইহা কি সত্য যে, ঐ রাস্তাটির কাজ মাঝে মাঝে বন্ধ থাকে এবং গত ১০ই ডিসেম্বর পর্যন্ত কাজ করিয়া রাস্তাটি খোঁড়া অবস্থায় রাখিয়া ঠিকাদার চলিয়া গিয়াছে ; এবং

(গ) সত্য হইলে, ঐ রাস্তাটি তাড়াতাড়ি শেষ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ

করিতেছেন?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ১৯৭৪ সালে শুরু হইয়াছে এবং রাস্তার কাজ শেষ হওয়া আর্থিক সঙ্গতির উপর নির্ভর করিতেছে ;

(খ) হ্যাঁ, তবে রাস্তার কাজ আবার আরম্ভ হইয়াছে ;

(গ) রাস্তার কাজ তাড়াতাড়ি শেষ হওয়া প্রয়োজনীয় অর্থের সংস্থানের উপর নির্ভর করিতেছে।

বর্ধমানের কৃষক সেতু

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০।) **শ্রী মনোরঞ্জন প্রামাণিক :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমানে দামোদর নদের উপর নির্মীয়মান 'কৃষক সেতু'র কাজ কোনও পর্যায়ে আছে ;

(খ) ১৯৭৬ সালে ১লা ফেব্রুয়ারি পর্যন্ত কতটা কাজ হয়েছে ;

(গ) কবে নাগাদ ঐ সেতুর কাজ শেষ হবে ; এবং

(ঘ) আগামী বর্ষায় জনসাধারণ পায়ে হেঁটে ঐ সেতুর উপর দিয়ে যেতে পারবে কি না?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ও (খ) ৬০ শতাংশ কাজ হয়েছে।

(গ) ও (ঘ) আশা করা যায়, আগামী আগস্ট মাসের মধ্যে কাজ শেষ হবে এবং তার কিছু পূর্বেই পায়ে হেঁটে চলা যাবে।

আসনা-বিষ্ণুপুর রাস্তা

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮১।) **শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার 'আসনা হইতে বিষ্ণুপুর আর এম রোড' রাস্তাটির কাজ কতদিনে আরম্ভ হইবে ; এবং

(খ) ঐ কাজ ত্বরান্বিত করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) চলতি বৎসরেই আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

(খ) এই জন্য চলতি বৎসরে কিছু অর্থ-বরাদ্দ করা হইয়াছে।

কুসুমগ্রাম-মসমপুর রাস্তা

***১০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮১।) **শ্রী তুহিনকুমার সামন্ত ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুসুমগ্রাম-মসমপুর রাস্তার কাজ বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) কতদিনের মধ্যে ইহার কাজ শেষ হইবে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পঞ্চম মাইল ব্যতীত মাটির কাজ শেষ হইয়াছে।

যোয়ার ও পাথরের জোগাড় হইতেছে। এবং ছোট খাট সেতু ও সাঁকোর কাজ চলিতেছে। ৫ম মাইলের নিশানা নিয়ে কিছু গোলযোগ আছে।

(খ) প্রয়োজনীয় অর্থ সংস্থানের উপর নির্ভর করিতেছে।

রানাঘাট-আড়ংঘাটা রাস্তা

***১০৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৫।) **শ্রী নিতাইপদ সরকার ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার নদীয়ার রানাঘাট-আড়ংঘাটা (ভায়া চূর্নী রঘুনাথপুর) রাস্তাটি পাকা করিবার প্রকল্প অনুমোদন করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে,—

(১) উক্ত পাকা রাস্তা নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে, ও

(২) কতদিনের মধ্যে উহার কাজ সম্পূর্ণ হইবে?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রকল্পটি পরিকল্পনায় অন্তর্ভুক্ত হইয়াছে :

(খ) (১) দুই মাইল মাটির কাজ শেষ হইয়াছে ;

(২) আর্থিক সঙ্গতির উপর নির্ভর করিতেছে।

বড়া-শিয়াখালা-জাঙ্গীপাড়া রাস্তা

***১০৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৫১২।) **শ্রী গণেশ হাটুই ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার শ্রীরামপুর মহকুমার অন্তর্ভূক্ত বা-শিয়াখালা-জাঙ্গীপাড়া রাস্তাটির অসম্পূর্ণ অংশটির এলাইনমেন্ট পরিবর্তন করিয়া ফুরফুরা গ্রামের মধ্য দিয়া সার্ভে করা হইয়াছে এবং ঐ রাস্তার জন্য যে জমির প্রয়োজন হইবে তাহা জমির মালিকগণ দিতে লিখিতভাবে সম্মতি দিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, ঐ রাস্তার কাজ শুরু না হওয়ার কারণ কি?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ও (খ) এলাইনমেন্ট পরিবর্তন সম্পর্কে কোনও চূড়ান্ত সিদ্ধান্ত হয় নাই। তবে মাননীয় এম এল এ মহোদয়ের ইচ্ছানুসারে ফুরফুরা গ্রাম বরাবর একটি পথরেখার রিকনাইসান্স সার্ভে করা হইয়াছে। পথরেখা চূড়ান্তভাবে গৃহীত না হইলে জমি হস্তান্তর করা বা রাস্তা কাজ শুরু করার প্রশ্ন ওঠে না।

নবান্দা-জয়কৃষ্ণপুর রাস্তা

***১১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮২।) **শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত বাঁকুড়া জেলার নবান্দা-জয়কৃষ্ণপুর রাস্তাটির কাজ বর্তমানে কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) ঐ রাস্তার কি কি কাজ অবশিষ্ট আছে এবং কতদিনে উহা শেষ হইবে?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রায় ১৬ মাইল রাস্তার মাটির কাজ হয়েছে এবং ৩ মাইল মুরাম বাঁধাই, মুরাম কনসোলিডেশন হয়েছে। সাঁকো কালভার্ট নির্মাণের কাজ শুরু হয়েছে।

(খ) ১) ২ মাইলের মাটির কাজ ; ২) ১৫ মাইলের মুরাম বাঁধাই এবং পুরা রাস্তার পাথর বাঁধাই ও পীচ ঢালার কাজ বাকি আছে। আর্থিক সঙ্গতির উপর কাজের অগ্রগতি ও সমাপ্তি নির্ভর করছে।

বাঁকুড়া জেলায় দুর্নীতি

***১১২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪০।) **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালের ২৬এ জুন থেকে ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত বাঁকুড়া জেলায় কতজন সরকারি অফিসার ও কর্মচারী দুর্নীতির অপরাধে ধরা পড়েছেন ; এবং

(খ) তাদের বিরুদ্ধে কি কি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) একজন সরকারি করণিক গ্রেপ্তার হইয়াছেন।

(খ) (১) ভারতীয় দণ্ডবিধির ১৬১ নং ধারা ও ১৯৪৭ সালের দুর্নীতি দমন আইনের ৫(২) নং ধারা মতে বাঁকুড়া থানায় ১.১২.৭৫ এ ৩ নং মামলা রুজু করা হয়েছে ও গ্রেপ্তার করা হয়।

(২) ৮.১২.৭৫-এ শর্তাধীনে জামিনে মুক্তি পায়।

(৩) সরকারি কার্য হইতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

(৪) মামলার তদন্ত চলছে।

পঞ্চায়েত নির্বাচন

***১১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৯।) **শ্রী নিতাইপদ সরকার :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনের বিষয়টি বিবেচনা করিতেছেন ; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাদ উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে?

পৌর কার্য (পঞ্চায়েত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) হ্যাঁ।

(খ) এই রাজ্যে পঞ্চায়েত নির্বাচনকল্পে প্রয়োজনীয় সকল প্রকার প্রস্তুতিই প্রায় ইতিমধ্যে শেষ করা হইয়াছে। তবে কবে এই নির্বাচন হইবে তাহার সঠিক তারিখ এখনও নির্দ্ধারিত হয় নাই। এই সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইবার পর নির্দিষ্ট সময়ে

অবশ্যই নির্বাচন করা হইবে।

পুলিশ কর্মচারী

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩১২।) **শ্রী মহম্মদ দেদার বক্স ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মফস্বল এলাকার থানাগুলিতে লোকসংখ্যা বৃদ্ধির অনুপাতে আজও পুলিশ কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করা হয় নাই এবং কোনও জীপ গাড়িরও ব্যবস্থা করা হয় নাই ;

(খ) সত্য হইলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা করছেন ; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার আখেরীগঞ্জে পুলিশফাঁড়ী স্থাপনের প্রস্তাব কি অবস্থায় আছে?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মফঃস্বল থানাতে পুলিশ কর্মচারী ও জীপের সংখ্যা বৃদ্ধি হইয়াছে কিন্তু লোকসংখ্যা বৃদ্ধির অনুপাতে এখনও পর্যাপ্ত হয় নাই।

(খ) আর্থিকসঙ্গতি ও ব্যয় সংকোচের নীতির প্রতি লক্ষ্য রাখিয়া সরকার এ ব্যাপারে ক্রমশ অগ্রসর হইতেছেন।

(গ) প্রস্তাবটি বর্তমানে অর্থ বিভাগের বিবেচনাধীন আছে।

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: The Minister-in-charge of the Labour Deptt. will please make a statement on the subject of lock-out in Anantapur Textile Mill in Howrah. (Attention called by Shri Sisir Kumar Sen on the 26th February, 1976.)

শ্রী প্রদীপ ভট্টাচার্য ঃ স্যার মেসার্স অনন্তপুর টেক্সটাইল মিল কর্তৃপক্ষ ২৩.২.৭৬ তারিখের বিজ্ঞপ্তি দ্বারা ২৪.২.৭৬ তারিখ হইতে তাহাদের মিলে লক্-আউট ঘোষণা করেন। উক্ত মিলে ৯০০ জন শ্রমিক কাজ করিতেন। কর্তৃপক্ষ মিলের কয়েকটি বিভাগে কাজের পরিমাণ পুনর্বিন্যাস করিবার প্রস্তাব করায় বিরোধের সূত্রপাত হয়। আই এন টি ইউ সি ইউনিয়নের সহিত ৬ মাস ধরিয়া আলাপ-আলোচনা হয়, কিন্তু বিষয়টির সম্পত্তি হয়না। কর্তৃপক্ষ তাহাদের ৯.২.৭৬ তারিখের বিজ্ঞপ্তি দ্বারা কারখানার কাজের পরিমাণ বিন্যাস করেন এবং মিলের কাজকর্ম ১৭.২.৭৬ তারিখ হইতে পুনর্বিন্যাস করেন।

ইউনিয়ন অভিযোগ করেন যে, ইহার ফলে ১৯০ জন শ্রমিক ছাঁটাই হন। কর্তৃপক্ষ

পক্ষান্তরে এই বক্তব্য রাখেন যে, তাহারা কোনও কর্মীকে ছাঁটাই করেন নাই এবং প্রয়োজনের অতিরিক্ত কর্মীদের বিকল্প কাজ দেওয়া হইয়াছে এবং তাহাদের মজুরিও হ্রাস করা হয় নাই। কর্মীরা ১৭.২.৭৬ তারিখ হইতে নূতনভাবে নির্দ্ধারিত কাজ করিতে অস্বীকার করায় উৎপাদন ৩০ শতাংশ হ্রাস পায়।

উপ-শ্রমাধ্যক্ষ মহাশয় ২৭.২.৭৬ তারিখে লক-আউট প্রত্যাহারের জন্য নিম্নলিখিত প্রস্তাবগুলি রাখেন ঃ

(১) লক্-আউট অবিলম্বে প্রত্যাহার করিতে হইবে।

(২) ১৭.২.৭৬ তারিখের পূর্বের ন্যায় কাজের পরিমাণ বজায় রাখিতে হইবে।

(৩) সরকার, মালিক ও শ্রমিক এই তিন পক্ষের প্রতিনিধি লইয়া একটি যুক্ত কমিটি গঠন করিয়া কার্যের পরিমাণের বিরোধটি আলাপ-আলোচনার মাধ্যমে ১ মাসের মধ্যে সিদ্ধান্ত ও রিপোর্ট পেশ করিতে হইবে। পক্ষদ্বয় উক্ত কমিটির সিদ্ধান্ত মানিয়া লইতে বাধ্য থাকিবেন।

ইউনিয়ন প্রস্তাবটি গ্রহণ করিয়াছেন। মালিকপক্ষের বক্তব্য এখনও জানা যায় নাই।

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: The Minister of State-in-charge of the Animal Husbandry and Veterinary Services (Dairy Development Branch) will please make a statement on the subject of commissioning of Dankuni Dairy. (Attention called by Shri Md. Safiullah and three others on the 27th February, 1976.)

Shri Pradip Bhattacharyya: Mr. Speaker, Sir, The Dankuni Dairy Project was taken up in March, 1974 and the actual work started in July of that year.

The commissioning of the Dankuni Dairy is likely to take place by the end of this year. It is a project under World Food Programme Project No.618 and is financed on their behalf by the Indian Dairy Corporation and administered by this Department through its Project Cell. The Dairy will have a total capacity of distribution of four lakh litres of milk per day subject to the total procurement of the milk. It can further be extended also if additional milk can be procured. After initial time taken to select and acquire the land and to vacate injunction issued by the Hon'ble High Court staying the construction of the Dairy after raising the ground and finalising the soil test, which determines what type of construction it will be, whether of wooden piles or rein-

forced concrete, construction of work was entrusted and started in June, 1974 by the National Dairy Development Board. So far construction of production block, workers' amenities block, administrative block, service block, van garage and godown is more or less complete. Thus civil work is complete. Erection of machinery is simultaneously progressing and is likely to be over soon.

The main work that is yet to be started in the distribution system. The pattern of distribution in this Dairy will be new from the existing one of the Greater Calcutta Milk Supply Scheme. We have the intention of providing here distribution of 1,90,000 litres of milk per day in polyethylene sachets which is most modern and convenient method of distribution. Thereafter two lakh litres of milk will be distributed through milk cans where consumers and other agencies of unemployed youths will be involved and which will reduce the cost of distribution to the middle class and weaker section of the society. There will be ten bulk vending booths also to make a trial how far it suits in the sparsely populated parts of Calcutta. This will also be tried for the first time in Calcutta subject to consumers acceptance and other technical problems. The National Dairy Development Board, which is doing the job, has been requested now to speed up the milk distribution machinery through cans at least so that we can start distribution of milk by the end of this year, as I have already stated. It is also proposed to set up, in the interest of the efficiency and flexibility, a separate autonomous Corporation on commercial basis to run this milk supply scheme and will not be linked up with the departmentally run Greater Calcutta Milk Supply Scheme.

The Project Administration is very hopeful that in record time of two and half years this Dairy will be brought into production. I am also sure that the cooperation of the honourable members will all along be available to make this giant Mother Dairy Scheme a success.

[2-10 - 2-20 p.m.]

CALLING ATTENTION

Mr. Speaker : I have received 19 notices of Calling Attention on various subjects but of which I have selected the notices of Shri Md. Safiullah and another member on the subject of Black marketting of blood. The Hon'ble Minister in charge may please make a statement on

the subject today, if possible, or give a date for the same.

Shri Ajit Kumar Panja : On Monday, Sir.

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

(1) Lock-out declared in Titagarh Jute Mill No.1 on 3/8/76 —from Shri Sisir Kumar Ghosh.

(2) Drive against adulterated drugs —from Shri Md. Safiullah.

(3) Beautification of Parks and Gardens in Calcutta —from Shri Md. Safiullah.

(4) Exemption from fertiliser loan for the peasants —from Shri Md. Safiullah.

(5) Anti-adulteration drive —from Shri Md. Safiullah and 2 others.

(6) Armed vaid on Presidency Jail —from Shri Md. Safiullah and 2 others.

(7) Repply of life-saving drugs —from Shri Md. Safiullah and 2 others.

(8) Petrol Scarcity —from Shri Md. Safiullah and another Member.

(9) Fixation of Jute price —from Shri Md. Safiullah and another Member.

(10) Compulsory sterilisation —from Shri Md. Safiullah and another Member.

(11) Measure to check taxi refusal cases —from Shri Md. Safiullah and another Member.

(12) Filling up of vacant seats of First year M.B.B.S. course —from Shri Md. Safiullah and another Member.

(13) Black marketing of blood —from Shri Md. Safiullah and another Member.

(14) Scarcity of blood in Calcutta Hospitals —from Shri Md. Safiullah and another Member.

(15) Abolition of cordoning system —from Shri Md. Safiullah and another Member.

(16) Satyagraha by Nandikar artistes being evicted —from Rangana Stage —from Shri Warayan Bhattacharyya and 4 others.

(17) Fall in price of wheat —from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

(18) Arears of coal Rupees eighty crore worth —from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

(19) Theft of goods of the foreign tourists —from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

MENTION CASES

Mr. Speaker : I will now take up the Mention Cases. After that I will take up one Bill and after the bill we will take up the business of General Discussion on the Budget for 1976-77. So, I request that the honourable members to be as brief as possible.

শ্রী নারায়ণ ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত সুখী যে, আমাদের পশ্চিমবাংলার মন্ত্রিসভা এবং বিশেষ করে আমাদের তথ্যমন্ত্রী আমাদের সিনেমা এবং নাট্য জগতের যে সমস্ত শিল্পী এবং কলা-কুশলীরা রয়েছেন তাঁদের বাঁচাবার চেষ্টা করছেন। কিন্তু দুঃখের বিষয় তাঁরা যখন বাঁচাবার চেষ্টা করছেন ঠিক সেই সময় আমরা দেখতে পাচ্ছি চলচ্চিত্র জগতের একদল মানুষ চক্রান্ত সৃষ্টি করে বাংলা ছবিতে হত্যা করবার চেষ্টা করছে এবং কিছু নাট্য-সংস্থার মালিক শিল্পীদের উপর অত্যাচার করছে। শুধু তাই নয়, তারা শিল্পীদের শিল্পসৃষ্টির শক্তিকে শেষ করছে এবং তাদের বেকার করে অনাহারের মুখে ঠেলে দিচ্ছে। গতকাল উত্তর কলকাতায় একটা ঘটনা ঘটেছে যেটা আমি আপনার মাধ্যমে বলতে চাই। রঙ্গনা মঞ্চে বিখ্যাত শিল্পী গোষ্ঠী নান্দীকারের 'ভালোমানুষ' অভিনয় চলছে। কিন্তু সেখানকার মালিক গোষ্ঠী কিছু সমাজবিরোধী এবং পুলিশের সহযোগিতায় সেই নান্দীকার গোষ্ঠীকে তাদের অনুষ্ঠান করতে দেয়নি। মুখ্যমন্ত্রী এই ব্যাপারে হস্তক্ষেপ করেন এবং তাঁর অনুরোধে ঠিক হয় যতদিন না নান্দীকার গোষ্ঠী অন্য কোনও মঞ্চ সংগ্রহ করতে পারছেন ততদিন তাঁরা ওই মঞ্চেই তাঁদের নাটক অনুষ্ঠান করবেন। কিন্তু মুখ্যমন্ত্রী দিল্লি চলে গেলেন এই সুযোগে মালিকপক্ষ কিছু সমাজবিরোধী লোক এবং বড়তলা থানার ও সি মিঃ, রহমানের সহযোগিতায় নান্দীকার গোষ্ঠীকে সেখান থেকে জোর করে বার করে দিয়েছেন। এর ফলে ৫১জন শিল্পী এবং তাদের পরিবাররা একটা বিরাট সঙ্কটে পড়েছে। গতকাল শিল্পীরা রাস্তায় নেমেছে এবং তারা অবস্থান সত্যাগ্রহ করছে। যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকায় এই খবর

বেরিয়েছে। শ্রী অজিতেশ বন্দ্যোপাধ্যায় যিনি সাগিনা মাহাতো ছবিতে অপূর্ব অভিনয় করেছিলেন তিনি নিজে এম এল এ হোস্টেলে এসেছিলেন এবং কয়েকজন মহিলা শিল্পীও তাঁর সঙ্গে এসেছিলেন। তাঁদের কথা শুনে আমরা অবাক হয়েছি যে, রহমান যিনি একজন পুলিশের এস আই তিনি একজন শিল্পীকে পদাঘাত করেছেন। আমি বুঝতে পারছিনা মুখ্যমন্ত্রী যেখানে ইন্টারফিয়ার করেছেন সেখানে পুলিশের তরফ থেকে কি করে মালিকের পক্ষ নেয়? সেখানে পুলিশ কি করে যায়? আমাদের তথ্যমন্ত্রী একটা নূতন ইতিহাস সৃষ্টি করেছেন এবং তিনি পশ্চিমবাংলার চলচ্চিত্র শিল্পকে বাঁচিয়ে তুলেছেন। আজকে আমাদের চলচ্চিত্র শিল্প নূতন জীবন নিয়ে, নূতন রূপ নিয়ে এগিয়ে চলেছে এবং এই ব্যাপারে তাঁর যথেষ্ট অবদান রয়েছে। তাই আমি তথ্যমন্ত্রী এবং সমগ্র মন্ত্রিসভার কাছে অনুরোধ জানাচ্ছি এই ব্যাপারে অবিলম্বে একটা প্রতিকার করুন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নারায়ণ ভট্টাচার্য মহাশয় যে কথা বলেছেন সেটা খুব গুরুত্বপূর্ণ ঘটনা এবং এই ব্যাপার নিয়ে সমগ্র সাংস্কৃতিক জগতে একটা হুল্লোড় সৃষ্টি হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী এবং তথ্যমন্ত্রী নান্দীকারের ব্যাপারে ইন্টারেস্ট নিয়েছিলেন। নান্দীকার ইউনিয়ন গভর্নমেন্ট থেকে সাহায্য পায় এবং আমাদের পশ্চিমবাংলাই হচ্ছে একমাত্র রাজ্য যেখানে দুইটি শিল্পীগোষ্ঠী এরকম ধরনের সাহায্য পায়। রঙ্গনা থেকে তাদের তুলে দেবার ব্যাপারটা সত্য ঘটনা। কিন্তু এর পাশাপাশি আমি আর একটা ঘটনা উল্লেখ করে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি এই নান্দীকার গোষ্ঠী যাতে শিল্প কলা মানুষদের দেখাতে পারেন সেই সুযোগ আপনি তাদের করে দিন। ব্যাপারটা হচ্ছে রবীন্দ্র ভারতীর রবীন্দ্র মঞ্চ ওঁরা নেবেন ঠিক হয়েছিল কিন্তু মাঝখান থেকে অন্য একটি পার্টি এসে সেই চার্জ অত্যন্ত হাই করে দেয়। তাদের দাবি হচ্ছে ৬০ হাজার টাকা রিপেয়ারের জন্য দিতে হবে এবং সেই টাকা রিফান্ডেবেল নয়। তারা বলছে এই টাকা যদি তাদের দেওয়া হয় তাহলে তাদের তারা হল দেবে। আমার বক্তব্য হচ্ছে রবীন্দ্র ভারতীয় এই টার্মস্ তুলে দিয়ে যদি নান্দীকারকে সুযোগ দেন তাহলে খুব ভাল হয়। এই ব্যাপারে কোনও মীমাংসা হয়নি এবং তার ফলে শিল্পীরা পিকেট করতে বাধ্য হচ্ছে। আমার অনুরোধ হচ্ছে অন্য কোনও একটা হাউস রিকুইজিশন করে তাদের যদি সেখানে অভিনয় করার সুযোগ দেন তাহলে পশ্চিমবাংলার সাংস্কৃতিক জগতে একটা নিশ্চয়তা সৃষ্টি হবে।

শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে আমি বলতে চাই যে সরকার এই ব্যাপারে ওয়াকিবহাল আছেন এবং আমাদের মুখ্যমন্ত্রী এর সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত। নান্দীকারের আধুনিক নাট্য আন্দোলনে বিশেষ নাম রয়েছে। রঙ্গনা হলের ব্যাপারে যে সমস্যার সৃষ্টি হয়েছে তাকে কাটিয়ে দেবার জন্য আমরা উদ্যোগ নিয়েছি। গতকাল যে ঘটনা ঘটেছে সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। গতকাল আমি এবং মুখ্যমন্ত্রী ছিলাম না। আমরা চেষ্টা করব উপযুক্ত ব্যবস্থা না হওয়া পর্যন্ত নান্দীকার যাতে রঙ্গনায় তাদের অভিনয় দেখাতে পারে। আমরা চাই নান্দীকার যেন রাস্তায় পড়ে না থাকে, নাট্য আন্দোলন নিয়ে তাঁরা যেন এগিয়ে

যেতে পারেন এবং সেই ব্যবস্থা নিশ্চয়ই আমরা করব।

শ্রী নিতাইপদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে আমাদের নদীয়া জেলায় ভাল গম উৎপন্ন হয়েছে এবং সেই গম বাজারে এসেছে। কিন্তু ঘটনা হচ্ছে কৃষকরা যখন বাজারে গিয়ে তাদের গম বিক্রি করতে বাধ্য হচ্ছে তখন যারা গমের কারবারী তারা যাতে সেই গম কম দামে কিনতে পারে তার জন্য চক্রান্ত সৃষ্টি করছে। এখন ইন্টিরিয়ারে ৭০ টাকা দামে গমের কুইন্টাল বিক্রি হচ্ছে। আপনারা সকলেই জানেন কৃষকরা সার, ডিজেল ইত্যাদি বেশি দামে কিনে তাদের ফসল তৈরি করেছে। কাজেই তাদের যদি আজকে কম দামে গম বিক্রি করতে হয় তাহলে তাদের সর্বনাশ হবে। আমি এই ব্যাপারে জয়নাল আবেদিন সাহেবকে বলেছি এই ব্যাপারে আপনি ব্যবস্থা অবলম্বন করে কৃষকদের রক্ষা অর্থাৎ কো-অপারেটিভের মাধ্যমে এই গম কেনার ব্যবস্থা করুন এবং এই ফোর্সড্ সেল বন্ধ করুন। এই ব্যবস্থা যদি না করেন তাহলে কৃষকরা কিন্তু আর গম উৎপাদন করবেন না।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্য আমার নাম উল্লেখ করেছেন বলে আমি এই ব্যাপারে কিছু বলতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী ময়দানের মিটিং-এ ঘোষণা করেছেন আমরা সাপোর্ট প্রাইস দিয়ে এসেন্সিয়াল কমোডিটিস্ কর্পোরেশনের মাধ্যমে যে সমস্ত জায়গায় দাম পড়ে যাচ্ছে সেখানে ব্যবস্থা নিচ্ছি। তিনি দুটি জেলার কথা ময়দানের মিটিংয়ে ঘোষণা করেছেন। আমরা সাপোর্ট প্রাইস দিয়ে এসেন্সিয়াল কমোডিটিস কর্পোরেশনের মাধ্যমে এটা কেনার চেষ্টা করছি। কৃষকরা যাতে কোনওরকম লোকসানে না পড়ে সেই ব্যবস্থা আমরা গ্রহণ করছি।

[2-20 - 2-30 p.m.]

শ্রী মহম্মদ সফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় আবগারী বিভাগের মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের যে দেশি মদ হয় তার বোতলে ছিপি ও সিল দিয়ে বন্ধ করার জন্য একটা বেসরকারি প্রতিষ্ঠানকে তার ভার দেওয়া হয়েছে। সেই বে-সরকারী লোকটির নাম হচ্ছে দিলীপ রায়। একে কোনও রকম টেনডার না ডেকেই এই কাজের ভার দেওয়া হয়েছে এবং সে যে রেটে কাজ করছে তাতে সরকারের এক কোটি টাকা রাজস্ব নষ্ট হচ্ছে। এই লোকটিকে প্রত্যেকটি বোতলের জন্য ৪৫ পয়সা রেটে কাজ করছে কিন্তু সরকার যদি নিজে এই কাজ করেন তাহলে ১৫ থেকে ২০ পয়সার বেশি লাগে না। এইভাবে সে মাসে ৬০ হাজার বোতলে ছিপি ও সিল দিয়ে বন্ধ করছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে অবিলম্বে টেন্ডার কল করার ব্যবস্থা করুন, না হয় বে-সরকারি লোকের হাত থেকে তুলে নিয়ে সরকার নিজে এর ব্যবস্থা করুন।

শ্রী সরোজ রায় : মাননীয় স্পিকার মহাশয়, এই ঘটনাটা খুব জরুরি এবং আজ

১০/১২ দিন হল প্রায় প্রতি দিনই এটা বলা হচ্ছে গ্রামাঞ্চলে ঋণ আদায়ের ব্যাপারে। আমরা এম এল এ-রা প্রতিদিনই এই প্রশ্ন তুলছি। আমাদের জেলায় আমরা কৃষককে বলছি যে সরকারি ঋণ নিলে সে ঋণ শোধ দিতে হবে। কিন্তু কোনও কোনও ক্ষেত্রে সরকার যে নীতি নিয়েছেন তা ঠিক নয়। যাদের অবস্থা খুব খারাপ সে সব জায়গায় সরকারের একটা কনসিডারেশন থাকা উচিত। আমাদের ওখানে জেলা ম্যাজিস্ট্রেট একটা বিজ্ঞপ্তি দিয়েছেন যে, সরকার কোনও দুর্বলের প্রতি দমনমূলক আচরণ করার পক্ষপাতি নয়। কিন্তু, স্যার, বহু জায়গায় ব্যাপকভাবে প্যানিক ক্রিয়েট করা হচ্ছে। গ্রামে গ্রামে যেখানে বলা হচ্ছে সকলের তরফ থেকে যে জল সমর্থন আমরা চাই, এমন কি শ্রীমতী ইন্দিরা গান্ধী সেদিন বলে গেলেন জনসাধারণকে সমস্ত কাজে নিয়োগ করা উচিত, তাদের সমস্ত কাজে উৎসাহিত করার চেষ্টা করা উচিত। বড় বড় লোক যারা ফাঁকি দিচ্ছে তাদের উপর হামলা না করে এই সব গরিব চাষী যারা ঋণ নিয়েছিল তাদের ঋণ আদায় করার জন্য পুলিশ থেকে থ্রেটেন করা হচ্ছে এবং অনেক জায়গায় পুলিশ ক্যাম্প বসিয়ে দেওয়া হচ্ছে। সরকারের বিভিন্ন দপ্তর থেকে যে ঋণ দেওয়া হয়েছিল তা আদায়ের জন্য জুলুম করা হচ্ছে। এইভাবে সাধারণ মানুষের মধ্যে এই রকম সরকার বিরোধী মনোভাব সৃষ্টি করার চেষ্টা হচ্ছে অথচ এই পুলিশ সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী ব্রহ্মানন্দ রেড্ডীর নির্দেশ আছে যে পুলিশের অত্যাচার ও অনাচার যেন বন্ধ করা হয় এবং এই নির্দেশ সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু, স্যার, আমরা দেখছি এই ঋণ আদায়ের ব্যাপারে বাঁশের চেয়ে কঞ্চি বড় হয়ে যাচ্ছে। তারা, অর্থাৎ পুলিশরা গ্রামে বন্দুক নিয়ে ঘুরে বেড়াচ্ছে ও তাদের থেট্রেন করছে। এতে মনে হয় যে সরকারের বিরুদ্ধে মনোভাব সৃষ্টি করার জন্য বোধহয় কোনও গোপন হাত প্লে করছে।

মিঃ স্পিকার ঃ মিঃ রায়, সরকারি ঋণ আদায়ের ব্যাপারে কোনও ঋণের কথা বলছেন, এগ্রিকালচারাল লোন?

শ্রী সরোজ রায় ঃ এগ্রিকালচারাল লোন আছে এবং অন্যান্য লোনও আছে।

মিঃ স্পিকার ঃ আমি জানিনা, যুক্তফ্রন্ট সরকার যখন ছিল ১৯৭১ কি ১৯৭২ সালে—কারণ একথা বহুবার অনেক মেম্বারই এখানে বলবার চেষ্টা করেছেন, শ্রী আব্দুল বারি বিশ্বাস বলেছেন এবং আরও অনেকে বলেছেন, কাগজেও দেখছিলাম ১৯৭১ সালে কি ১৯৭২ সালের আনন্দবাজার পত্রিকায় নিউজ আইটেমে বক্স নিউজ হিসাবে ছিল যে ৯ কোটি টাকার ঋণ শোধ হয়েছে কিন্তু তারপরে ক্রোক করতে গিয়েছে। আমার বাড়িতে অনেক লোক এসে জিজ্ঞাসা করেছে যে ১৯৭১ সালে বক্স নিউজ হিসাবে আনন্দবাজারে বেরিয়েছিল যে ৯ কোটি টাকা শোধ হয়েছে এবং সেই সমস্ত কাগজ আমার কাছে প্লেস করে আমাকে বললেন যে আপনি একটু দেখুন যে এই নিউজটা সত্য, কি মিথ্যা, আমরা বুঝতে পারছি না। এবং এই হাউসের অনেক সদস্য আমার মনে হয় অ্যাকচুয়ালি ঋণ মকুব হয়েছে কিনা

এটা জানেননা। এই ব্যাপারটা একটা কুয়াশার মতো রয়েছে। মেম্বাররাও পার্সোনালি আমার কাছে অনেকে জিজ্ঞাসা করেছেন, সেজন্য ওয়ান্স ফর অল যদি অ্যাকচুয়াল পজিশনটা কি একটু ইনকোয়ারী করে কাগজপত্র দেখে কোনও অনারেবল মিনিস্টার হাউসকে বলে দেন তাহলে বোধহয় জিনিসটা পরিষ্কার হয়।

শ্রী ফণীভূষণসিংহ বাবু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩-১০-৭৫ তারিখে সেচ দপ্তরের সেক্রেটারীর নির্দেশমতো কংসাবতী প্রকল্পাধীন এলাকায় রবি মরশুমে ৩১-৩-৭৬ তারিখ অবধি জল দেওয়া হবে, এই ঘোষণা প্রতিটি গ্রামে এবং বি ডি ও অফিসারের মাধ্যমে প্রচারপত্র প্রচার করা হয়। তারপরে ২৭-১-৭৬ তারিখে উক্ত বিভাগের ভারপ্রাপ্ত সচিব ব্লক উন্নয়ন আধিকারিককে জানান যে সেচের কাজ আগামী ১৬-৩-৭৬ তারিখ পর্যন্ত চলবে। অতীব দুঃখের কথা সেই কংসাবতী এলাকার প্রতিটি চাষীর ঘরে ধান এমনকি খাবারের জিনিসপত্র বিক্রি করে দিয়ে রবি মরশুমে গম এবং অন্যান্য রবি শস্য চাষ করেছে। এজন্য আপনার মাধ্যমে মাননীয় সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এই সেচ ব্যবস্থা যেন আগামী ৩১-৩-৭৬ পর্যন্ত বহাল থাকে। গত ১৯৭৪ সাল থেকে সিমলা ক্যানেল মেদিনীপুর মেইন ক্যানেলে রবি চাষের জন্য যে সুযোগ করে দিয়েছে তার জন্য ধন্যবাদ জানাচ্ছি না কিন্তু সরকারের একবার একরকম নির্দেশ যায় অমুক তারিখ পর্যন্ত জল দেব তারপরে আবার নির্দেশ যায় না তা সম্ভব নয়, এই যে বিভিন্ন নির্দেশনামায় সরকারের বিভিন্ন ভূমিকা সাধারণ চাষীদের ক্ষেত্রে দেখা যাচ্ছে, তারজন্য আমি প্রতিবাদ জানাচ্ছি এবং সেচ ব্যবস্থা চাষীদের সুবিধার্থে ৩১-৩-৭৬ পর্যন্ত চালু রাখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাকে অনুরোধ করছি।

শ্রী আবু বরকত আতাউল গণিখান চৌধুরী ঃ মাননীয় স্পিকার স্যার, এই বোরোতে জল দেওয়া নিয়ে অনেক রকম কথা উঠেছে এখানে। আমরা যে পলিসি গ্রহণ করেছি সেটা হচ্ছে এই এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের এম এল এ-দের সঙ্গে কথা বলে তারা কোথায় কোথায় জল দেবেন এটা ঠিক করা হয়েছিল এবং সেই মতো জল দিয়েছিলাম। তখন আশা ছিল যে আমরা তেনুঘাট থেকে জল পাব এবং জল পেলে যা বলেছিলাম সেই টার্গেট ফুলফিল করতে পারতাম। আমি দিল্লি যাচ্ছি, বিহার গভর্নমেন্টের সঙ্গে আলোচনা আছে, আমি আশা করছি যে আমাদের বিহার গভর্নমেন্ট-এর সঙ্গে যে ডিফিকাল্টি আছে, আন্ডারস্টেন্ডিং প্রবলেম আছে সেগুলি রবিবারে সমাধান করতে পারব, এবং সেই সময় তেনুঘাট থেকে জল পাব। এবং তেনুঘাট থেকে জল পেলে আমরা নিশ্চয়ই জল নিয়ে যে ডিফিকাল্টি দেখা দিয়েছে, সেই ডিফিকাল্টি থাকবেনা। এ বিষয়ে সন্দেহ নাই। কিন্তু জলের ব্যাপারে একটা কথা হচ্ছে ড্যামে জল যদি থাকে আমরা নিশ্চয়ই জয় দেব, এতে কোনও ভুল নেই। ডি ভি সি সম্বন্ধে একথা বলা চলে, ময়ূরাক্ষী সম্বন্ধে একথা বলা চলে এবং কংসাবতী সম্বন্ধেও একথা বলা চলে। কিন্তু জল না থাকলে জল দেওয়া যাবে না। কিন্তু মাননীয় সদস্যদের একথা

বলছি যে জল থাকলে নিশ্চয়ই আমরা জল দেব। এতে কোনও ভুল নাই। আমরা তেনুঘাটের জলের জন্য চেষ্টা করছি।

[2-30 – 2-40 p.m.]

শ্রী কৃষ্ণপদ রায়ঃ মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি একটা জরুরি বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত কিছুদিন যাবৎ ভারতবর্ষের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচি বাস্তবায়িত করবার জন্য আমরা সাধ্যমতো চেষ্টা করছি, সরকারও চেষ্টা করছেন। এই কর্মসূচির একটা পরিকল্পনাকে বাস্তবায়িত করবার জন্য বাস্তুহীন গরিব মানুষদের বাস্তু জমি দান করবার একটা পরিকল্পনা ছিল সরকারের। সেইমতো বিভিন্ন জায়গায় বাস্তুজমি দান করা হয়েছে। আমার কেন্দ্রের বালি জগাছা ব্লকে ১৯৭৬ সালের আগস্ট মাসে যে সমস্ত বাস্তুহীন গরিব মানুষকে বাস্তুজমি দান করা হয়েছিল, তারা তাদের সীমাবদ্ধ আর্থিক সঙ্গতির মধ্যে যার যেমন সামর্থ্য সে সেইভাবে তাদের ঘরবাড়ি তৈরি করেছে। এখন ১৯৭৬ সালের জানুয়ারি মাসে তাদের জানানো হয়েছে ঐ জমি ছেড়ে দিয়ে জমির পাট্টা ফেরৎ দেবার জন্য। আগে জানতে চাচ্ছি—এই বাস্তুহীন গরিব মানুষদের জমির মালিকানা দিয়ে পাট্টা দেওয়া হলো। তারপর তারা তাদের সমস্ত সঞ্চয় ব্যয় করে মাথা গোঁজার একটু স্থান সেখানে তৈরি করেছে—হঠাৎ কী এমন ঘটনা ঘটে গেল যাতে এখন সেই জমি ছেড়ে দেবার কথা তাদের বলা হচ্ছে? আমি জানি এখানে পুলিশ প্রতিদিন যাচ্ছে এবং সেখানে গিয়ে তাদের হুমকী দিচ্ছে যদি ২৪ ঘন্টার মধ্যে বা ৪৮ ঘন্টার মধ্যে এই জমি vacant না কর, তাহলে তোমাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে। এই সম্পর্কে অবিলম্বে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকার প্রার্থনা করছি।

শ্রী নরেশচন্দ্র চাকীঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়—আপনার মাধ্যমে কৃষিদপ্তরের একটা বেদনাদায়ক চিত্রের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমি আনন্দিত এবং পশ্চিমবাংলার কৃষক সমাজ ও আনন্দিত যে কৃষি দপ্তরের উদ্যোগে আজকে একের পর এক ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল রিভার লিফ্‌ট বসায় পশ্চিমবাংলার অধিক পরিমাণ জমি সেচের আওতায় আনার চেষ্টা করা হচ্ছে। সেই সঙ্গে আমরা আর একটা বেদনাদায়ক ছবি দেখতে পাচ্ছি। তার প্রতিকার অবিলম্বে করা দরকার। আজকে স্যার, আপনি অবাক হয়ে যাবেন পশ্চিমবাংলায় যে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল ও রিভার লিফ্‌ট বসানো হয়েছে, তার মধ্যে শতাধিক ডিপ টিউবওয়েল, রিভার লিফ্‌ট অচল হয়ে পড়ে আছে। আর যত স্যালো টিউবওয়েল সরকারি উদ্যোগে বসানো হয়েছে তার হাজারের উপর স্যালো টিউবওয়েল অচল হয়ে পড়ে আছে বছরের পর বছর। কারণ তার ট্রান্সফরমার ও মোটর চুরি হামেশাই হয়ে যাচ্ছে। আর এর ফলে অধীনস্থ যে সমস্ত কৃষকের জমি পড়েছে, তারা সেচের আওতায় পড়েছে বলে বেশি বেশি খাজনা দিতে হচ্ছে। এর অবিলম্বে প্রতিকার হওয়া বাঞ্ছনীয়।

শ্রী এ বি এ গনিখান চৌধুরিঃ মাননীয় স্পিকার স্যার, এই ব্যাপারটা খুবই গুরুত্বপূর্ণ।

এখনো লক্ষ লক্ষ টাকার ট্রান্সফরমার চুরি হয়ে যাচ্ছে। আমরা চেষ্টা করছি এর রক্ষা করবার জন্য। এই চুরি বন্ধের ব্যাপারে এখানে আমি মাননীয় সদস্যদের কো-অপারেশন চাচ্ছি—তাঁরা যেন এ ব্যাপারটা একটু দেখেন। তা নাহলে প্রত্যেকবার এই ট্রান্সফরমার রিপ্লেস করা যাবে না। তাই তাঁদের কাছে আবেদন রাখছি এই ব্যাপারটার প্রতি নজর দিতে। পুলিশও চেষ্টা করছেন—হোম ডিপার্টমেন্টকেও বলেছি এ দিকে লক্ষ্য রাখতে। এর ফলে কিছু হয়ত ট্রান্সফরমার চুরি বন্ধ হয়েছে। আমরা যে একদম চুরি এলিমিনেটেড করতে পেরেছি, তা পারিনি। আর একটা কথা বলছি আমরা চুরির ঘটনা জানার সঙ্গে সঙ্গে তা রিপ্লেস করে দিচ্ছি। মাননীয় সদস্যরা যদি আমাকে একটা লিস্ট দেন কোথায় কোথায় ট্রান্সফরমার চুরি হয়েছে, রিপ্লেস্ড হয়নি, তাহলে আমি নিশ্চয়ই সেই ট্রান্সফরমার রিপ্লেস করে দেওয়া হয়, সেটা আগে দেখব।

ডাঃ এক্রামল হক বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মন্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি একটি জরুরি বিষয়ে।

পশ্চিমবঙ্গে ৩৩৫টি ব্লক আছে এবং প্রতিটি ব্লকে একটা করে পশু চিকিৎসালয় আছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা সরকারি তরফে পশু চিকিৎসার জন্য প্রতি বছরে যে ঔষধ ধার্য করা হয় সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগন্য। তাই সম্প্রতি বিভিন্ন ব্লকে বিশেষ করে ডোমকল ব্লকে সেখানে মনাজাল নিউরোডারমা হয় অর্থাৎ তাতেও শ্বাসকষ্ট হয়। কিন্তু ব্যাপকভাবে এই অসুখ হওয়ার ফলে ঔষধের যোগান দেওয়া যায়নি এবং চাষীদের পক্ষে ওই ওষুধ কেনা সম্ভব নয়। সরকারের যে সামান্য ঔষুধ ছিল তাতে দু-চারটে গরু-মহিষের চিকিৎসা হয়। এর ফলে অনেক গরু-মহিষ মারা গিয়েছে এবং চিকিৎসার ব্যবস্থা করা যায় নি। তাই আমি অনুরোধ করছি ১৯৭৬-৭৭ সালের বাজেটে এই দপ্তর প্রতি ব্লকে যাতে পশু চিকিৎসার জন্য বেশি অর্থ বরাদ্দ করা হয় তারজন্য অনুরোধ রেখে বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মাত্র মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব বোধহয় আমি যে প্রস্তাব উত্থাপন করছি সেই সম্বন্ধে বলছেন যে মাননীয় মুখ্যমন্ত্রী ৩রা মার্চ লক্ষ লক্ষ জনতার সামনে বলেছেন নদীয়ায় এবং পশ্চিম দিনাজপুরে গমের যে বিক্রয়মূল্য কমে গিয়েছে সে সম্পর্কে সরকার ব্যবস্থা করছেন এবং সরকার সেখানে গম কিনবার ব্যবস্থা করছেন। আমি গতকাল মুর্শিদাবাদে ছিলাম, সেখান থেকে এসেছি। গমের হারভেসটিং এখনও আরম্ভ হয়নি। কিন্তু ইতিমধ্যে গমের দাম ৮০ টাকা কুইন্টলে নেমে গিয়েছে। মন্ত্রী মহাশয় বলছেন, আমরা সাপোর্ট প্রাইস দিয়ে গম কিনতে যাচ্ছি। কিন্তু সেজন্য কি ব্যবস্থা করেছেন তাঁর জেলায় বা কি সংস্থার মারফত করছেন এটা জানতে চাই। চাষী সার, বীজ, সেচ ইত্যাদির পেছনে টাকা ঢেলে গম তুলছে। সেটা এখন ৮০ টাকা কুইন্টাল এবং গভর্নমেন্ট যে সাপোর্ট প্রাইস দিচ্ছেন সেটা হচ্ছে ১০৫ টাকা সেটা এফ, সি, আইয়ের মাধ্যমে কেনার ব্যবস্থা করা দরকার। আর একটা কথা মাননীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দেওয়া দরকার। আমি নিজে দেখে এসেছি গমের দাম কমে গিয়েছে। সেটা এইরকম থাকলে চাষী

গরিব হয়ে যাবে। যা ব্যবস্থা করতে চান সরকার তা এখনই করা দরকার। কারণ এরপর গম মুনাফাখোর মধ্যস্থভোগীদের হাতে চলে যাবে। কাজেই জয়নাল সাহেবকে বলব, আপনি যে কথা বললেন, মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন সেক্ষেত্র নদীয়া জেলাতে কটা ক্রয় কেন্দ্র করা হবে, মারকেটিং কেন্দ্র করা হবে সেটা দেখুন। এফ, সি, আই এগুলো করার পারমিশন দিচ্ছে না, নিজের গ্যারাকল করছে। আমি জেলার ডি, এমের দৃষ্টি আকর্ষণ করেছি, সদর মহকুমা শাসকের দৃষ্টি আকর্ষণ করেছি। তারা বললেন ব্যাপারটা কোথায় আছে, কিভাবে আছে জানি না, এটা এসেন্সিয়াল কমডিটিস কর্পোরেশনের মাধ্যমে হবে, না এফ, সি, আইয়ের মাধ্যমে কেনা হবে সে সম্পর্কে সরকার নির্দেশ দেননি। আজকে চাষী মরতে বসেছে, এই চাষীদের বাঁচানো দরকার। ইমিডিয়েটলী অর্ডার ইস্যু করা হোক কিভাবে কেনা হবে এবং ব্লকে ব্লকে কি ব্যবস্থা করা হবে। এই যদি না হয় তাহলে অসুবিধা হবে।

শ্রী শচীনন্দন সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকার গ্রামের চাষীদের সুবিধার জন্য রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন গঠন করেছেন। কিন্তু আমরা বুঝতে পারছি না যে রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন-এর এলাকাভুক্ত কোন কোন জায়গা হওয়া উচিত। আপনি জানেন যে এলাকায় চাষ হয়, যে এলাকায় ডিপ-টিউবওয়েল আছে, শ্যালো টিউবওয়েল, রিভার লিফ্‌ট, পাম্প ইত্যাদি গিয়েছে যেখানে বিদ্যুৎ গিয়েছে, সেখানে চাষীদের সুবিধার জন্য আর ই সি এলাকা বলে গৃহীত হওয়া উচিত।

[2-40 - 2-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড় বেদনার সঙ্গে জানাই যে বীরভূম জেলায় মাননীয় কৃষিমন্ত্রী সাত্তার সাহেব গিয়েছিলেন। তাঁর সামনে জানা গেল যে এই জেলায় কয়েকটি ব্লকে আর ই সি স্কীম থেকে বাদ দেওয়া হয়েছে। অথচ মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে কৃষিই বীরভূম জেলার মানুষের একমাত্র উপজীবিকা। এবং বালুরঘাট দুবরাজপুর এই সব এলাকায় এবং আমার অঞ্চলে প্রচুর ডিপ টিউবওয়েল স্যালো টিউবওয়েল রয়েছে রিভার লিফ্‌ট রয়েছে। এবং সেই সব জায়গাকে এই আর ই সি স্কীম থেকে বাদ দেওয়া হয়েছে। কি কারণে বাদ দেওয়া হয়েছে সেটা আমি বিদ্যুৎ মন্ত্রীর কাছ থেকে জানতে চাই। কৃষিমন্ত্রী নিশ্চয় জানেন যে এই সব এলাকা আর ই সি-র অন্তর্ভুক্ত করা উচিত ছিল। জেলা অফিসারকে জিজ্ঞাসা করলে তিনি বলেন এটা নাকি দিল্লি থেকে ঠিক হয়। তাই আমি বিশেষভাবে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে যদি সত্যিকারের চাষীদের উন্নতি করতে হয় তাহলে এই সব এলাকাগুলিকে রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশনের অন্তর্ভুক্ত করা হোক।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের রিলিফ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে হাওড়া জেলার উলুবেড়িয়া ও শ্যামপুর থানায় বেকার ক্ষেতমজুর, ও কৃষি শ্রমিক বেকার অবস্থায় দিন কাটাচ্ছে। এই

উলুবেড়িয়া ও শ্যামপুর ব্লকে যে আর পি পি-র কাজ আরম্ভ হয়েছিল তা শেষ হয়ে গেছে। আজ কয়েক দিন যাবৎ ঐ এলাকার ক্ষেতমজুর ও বেকার কৃষক বেকার অবস্থায় দিন কাটাচ্ছে—কোনও কাজ নাই তাদের। তাই আমি পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণমন্ত্রীর কাছে আমার অনুরোধ যে সেখানে একটা ব্যবস্থা করুন। কারণ সেখানে ঐ সব মানুষের আর কোনও কাজকর্ম নাই আর. পি. পি. বন্ধ হয়ে গেছে। এখানে যেসব টি. আর.-এর স্কীম দেওয়া হয়েছে এই মার্চ মাস পড়ে গেল অবিলম্বে সেই সব কাজ আরম্ভ করা হোক। না হলে কাজ শেষ হবে না। টি. আর.-এর কাজ আরম্ভ করে ঐসব মানুষদের বাঁচাবার ব্যবস্থা করুন এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ দেদার বক্স : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে অনেক দিন ধরে মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুলের মঞ্জুরি বন্ধ হয়ে পড়ে আছে। নূতনভাবে ২৫ টাকা ফী দিয়ে দরখাস্ত করেও কোনও মঞ্জুরি পাচ্ছে না। ১৯৭৫-৭৬ সালের আর্থিক বৎসরে ১৬টি জেলার মাত্র ২০টি মাধ্যমিক ও ১৫৭টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের মঞ্জুরির কথা শুনছি। ইকনমিক রিভিউ চলছে বলে কাটানো হচ্ছে। সবচেয়ে মারাত্মক কথা হচ্ছে যেসব আন রেকগনাইজড ১০ম শ্রেণীর স্কুলগুলি রয়েছে তারা আগামী বছর থেকে আর ছাত্র সেন্ট-আপ করতে পারবে না। তাতে পরবর্তীকালে এইসব স্কুলগুলি বন্ধ হয়ে যাবে। এখানে শিক্ষামন্ত্রী নাই। তাই আমি যেসব মন্ত্রী রয়েছেন জয়নাল আবেদিন সাহেব রয়েছেন তাঁদের কাছে অনুরোধ করছি যে তাঁরা যেন এই সংবাদ শিক্ষা মন্ত্রীর কাছে পৌঁছে দেন যাতে তিনি এই ব্যাপারে বিহিত ব্যবস্থা গ্রহণ করেন যাতে ঐসব আন রেকগনাইজড স্কুলগুলি রেকগনিশন পায়। তাদের ডেফিসিট গ্রান্ট না দেওয়া যেতে পারে কিন্তু তাদের রেকগনিশন দিতে কি অসুবিধা থাকতে পারে? তাই পরবর্তীকালে যাতে ছেলেরা সেন্ট আপ হতে পারে তার ব্যবস্থা করেন। তা না হলে এই সব স্কুলগুলি বন্ধ হয়ে যাবে। আজকে যেভাবে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে যেখানে আরও স্কুল দরকার তার বদলে এই সব স্কুলগুলি বন্ধ হয়ে যাবে। তাই আমি এই ব্যাপারে বিহিত ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

LEGISLATION

The Gangasagar Mela Bill, 1976

Shri Ajit Kumar Panja : Sir, I beg to introduce the Gangasagar Mela Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Ajit Kumar Panja : Sir, I beg to move that the Gangasagar

Mela Bill, 1976, be taken into consideration.

Sir, so far as the statement under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of business in the West Bengal Legislative Assembly in respect of Gangasagar Mela Bill, 1976, I beg to state as follows. The Gangasagar Mela is attended by pilgrims from all over India. The erstwhile District Board, 24-Parganas used to run the Mela till 1963 and met the cost on this account by realising a fee @ Re.1/- per head under the provisions of the Gangasagar Mela Act, 1953. Due to exigency of service the responsibility for making arrangements for Gangasagar Mela was taken over by the Government in the Department of Health and Family Planning from the then District Board. Since then the number of pilgrims in the Mela registered a steady increase and the standard as much as extent of amenities to the pilgrims at the Mela ground and the surrounding areas had to be gradually improved and widened. But the provision for levy of fee was kept inoperative and the entire expenditure is being met from the State Budget. Sir, recently considering the real necessity in the matter of safeguarding the health, safety and welfare of the pilgrims attending the Gangasagar Mela, measures of permanent nature have been taken by providing permanent water sources and augmenting the same by sinking additional tubewells, constructing surface tanks for storage of water, etc. at a considerable cost. Improved sanitary arrangements, etc. also had to be provided. These measures involved considerable capital and recurring expenditure.

Sir, in order to meet the real needs of the Mela and having regard to the interest of the large number of pilgrims attending the Gangasagar Mela which was held between 13th and 15th January, 1976 prompt measures were taken and it was considered necessary to promulgate 'The Gangasagar Mela Ordinance, 1975' on 18th December, 1975. The Ordinance was promulgated and as the Legislative Assembly was not then in session the Governor was satisfied that the circumstances existing rendered it necessary for him to take immediate action.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গঙ্গাসাগর মেলা বিল ১৯৭৬, বিধানসভায় পেশ করছি এই কারণে যে পুরানো একটি বিল ছিল ১৯৫৩ সালের সেই বিলটিকে যাতে রিপিল করা হয় এবং নতুন বিলটি চালু করবার জন্য এই বিধানসভায় আমি সেটা উপস্থাপিত করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটিতে ৭ টি ক্লজ আছে ১টি টাইটেল এবং নোটিফায়েড এরিয়ার

সংজ্ঞা দেওয়া আছে এবং গঙ্গাসাগর মেলায় যোগদানকারী তীর্থযাত্রীদের স্বাস্থ্য, নিরাপত্তা, কল্যাণ সুরক্ষিত করার জন্য প্রয়োজনীয় যাবতীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য গঙ্গাসাগর মেলা আইন ১৯৫৩ রিপিল করে প্রতি তীর্থযাত্রীর উপর মাথা পিছু দু টাকা করে ফি ধার্য করা হয়। কর্মরত সরকারি কর্মচারী, ১২ বছরের নিচে শিশু, সাধু, সন্ন্যাসী, ভিখারি এবং বিভিন্ন সংগঠনের সদস্য যারা সরকার দ্বারা নির্দিষ্ট হবেন তারা এই ফি আদায়ের হাত থেকে রেহাই পাবেন। এই আইনের উদ্দেশ্য হচ্ছে, গঙ্গাসাগর মেলায় উপযুক্ত স্বাস্থ্যের ব্যবস্থা করা এবং পুরানো যে আইন আছে সেটাকে রিপিল করা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বছর ৪ থেকে ৫ লক্ষ জনসমাগম হয় এবং ভারতবর্ষের প্রায় প্রত্যেকটি স্টেট থেকে তীর্থযাত্রীরা এখানে আসেন।

[2-50 – 3-00 p.m.]

এই তিন দিন বা পাঁচদিন মেলার জন্য প্রতি বছর স্টেট গভর্নমেন্টের বাজেট থেকে প্রায় ১০ লক্ষ টাকা খরচ হয়ে যায়। স্বাস্থ্যের ব্যবস্থার জন্য সেখানে ইনঅকুলেশন ড্রাইভের জন্য চেকপোস্ট করতে হয়, হাসপাতাল তৈরি করতে হয় এবং ল্যাটরিন, টয়লেট, স্যানিটারি অ্যারেঞ্জমেন্ট, জলসরবরাহ ইত্যাদির ব্যবস্থা করতে হয়। আমরা দেখলাম প্রতি বছর আমাদের এই ১০ লক্ষ টাকা করে খরচ হচ্ছে এবং এই ১০ লক্ষ টাকার মধ্যে মাত্র ১/১।। লক্ষ টাকার মতো (স্থায়ী নির্মাণ কার্য) করতে পারছি, অন্য টাকাটা প্রতি বছর লেগে যাচ্ছে। এটা যাতে প্রতি বছর না হয় তারজন্য আমরা এ বছর থেকে ক্রমশ ক্রমশ বা ধাপে ধাপে পার্মানেন্ট স্ট্রাকচার করবার জন্য চেষ্টা রেখেছি। অর্থাৎ যে হাসপাতালগুলি হবে সেগুলির জন্য এ বছর যে টাকা খরচ হয়েছে তাতে খানিকটা পাকা করেছি, খানিকটা কাঁচা আছে। সামনের বছর যে টাকা পাওয়া যাবে তাতে খানিকটা পাকা করা যাবে দ্বিতীয় পর্যায়ে। এইভাবে বছর তিনেকের মধ্যে পার্মানেন্ট অ্যারেঞ্জমেন্ট হাসপাতাল, ওয়াটার সাপ্লাই বা অন্যান্য প্রয়োজনীয় জিনিস যা করা দরকার সেটা আমরা করতে পারব। যেখানে এত টাকা স্টেট গভর্নমেন্টের বাজেট থেকে যাচ্ছে বা জনসাধারণের টাকা যাচ্ছে সেখানে স্যার, আমরা এটা লক্ষ্য করলাম প্রচুর প্রণামী পড়ছে কাজেই সেখানে তীর্থযাত্রীদের পক্ষে দু টাকা দেওয়াটা এমন কিছুই নয়। এটা দেখে আমরা দু টাকা করে ফি ধার্য করেছি যাতে এই ফি নিয়ে কিছু টাকার সাশ্রয় হয়। এই টাকা দিয়ে আমরা উন্নত ধরনের বাসস্থান, জলসরবরাহের ব্যবস্থা, স্যানিটেশন ইত্যাদির ব্যবস্থা করা, রাস্তাঘাট করা, সেফ্‌টি মেজার্স করা এগুলির ব্যবস্থা করতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নতুন অর্ডিন্যান্স এ বছর চালু হবার পর আমরা দেখলাম, আমাদের (মোট আদায়) হয়েছে এ বছরে, সাধু সন্ন্যাসী, সরকারি কর্মচারী, ১২ বছরের কম যাদের বয়স তাদের এবং ভিখারিদের বাদ দিয়ে ২ লক্ষ ৮৭ হাজার ৯৪৮ টাকা। তার মধ্যে ১০% এজেন্সী ফি লেগেছে। এই টাকা যারা কালেক্ট করেছেন তাদের ফি হিসাবে দিতে হয়েছে ২৫ হাজার ৭৯৫ টাকা। এই টাকাটা বাদ দিয়ে আমাদের তহবিলে এসেছে ২ লক্ষ ৩২ হাজার ১৫৩ টাকা। যদিও ৪/৫ লক্ষ লোক হয়েছিল তবুও এ বছর প্রথম বলে কালেকশন আমরা

যতটা ভেবেছিলাম ততটা হয়নি। কারণ ৪/৫ লক্ষের মধ্যে ৩ লক্ষও যদি ফিস দেবার মতো পিলগ্রিমস থাকে তাহলে ৬ লক্ষ টাকা হওয়া উচিত ছিল কিন্তু আমরা সেখানে মাত্র ২ লক্ষ ৮৭ হাজার টাকার মতোন তুলতে পেরেছি। এর কারণ আমি আগেই বললাম, এটা আমাদের প্রথম বছর। কোথায় বা কোন পর্যায়ে চেক-পোস্ট করতে হবে, কোনও এনট্রি প্রবেশ পথ পয়েন্ট দিয়ে তারা গঙ্গাসাগর মেলায় ঢুকছে এগুলি আমরা ইতিমধ্যে (লক্ষ্য) করেছি। সুপারেন্টেন্ডেন্ট অব পুলিশ, ২৪ পরগনাকে বলা হয়েছে রিপোর্ট দিতে যাতে আমরা ভালভাবে কালেকশন করতে পারি। ১৯৭৪ সালে খরচ হয়েছিল ৮ লক্ষ ৯০ হাজার ৪৮৭ টাকা। ১৯৭৫ সালে ৯ লক্ষ ৭ হাজার ৬৪১ টাকা। ১৯৭৬ সালে খরচ হয়েছিল ১১ লক্ষ ৭৫ হাজার টাকা এই সব জলসরবরাহ, স্যানিটেশন, মেডিক্যাল ফেসিলিটিস, ইলেক্ট্রিফিকেশন, ইলেক্ট্রিক চার্জেস, অ্যাকোমোডেশন এই সমস্ত নিয়ে। আজকে তাই অর্ডিন্যান্সটি যাতে অ্যাক্ট হিসাবে পাস হয় তারজন্য এই বক্তব্য রেখে আমি হাউসের কাছে এটা উপস্থিত করলাম।

শ্রী সত্য ঘোষাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে একটা প্রবাদ আছে যে সব তীর্থে বারবার গঙ্গাসাগর একবার। অর্থাৎ জায়গাটা হচ্ছে ২৪-পরগনার সাগরদ্বীপ। সেখানে সিন্ধুর বিজয় রথ নদীতে প্রবেশ করেছে। সেই তীর্থে বারবার যাওয়া যায় না। অন্য জায়গায় বারবার গেলেও সেখানে একবার যাওয়া যায়। অথচ এ সত্ত্বেও চিরকাল ধরে লোকেরা সেখানে গেছে এবং এসেছে। ধরুন যদি বলি ভারত সংস্কৃতির প্রধান মন্দির হল গঙ্গা মন্দির এবং ভারতের প্রধান মন্দিরগুলি গঙ্গার তীরে গড়ে উঠেছে। ধরুন বলতে পারি সাগর বংশের ভষ্মিভূত ৬০ হাজার সন্তান প্রাণ পেয়েছিল কি পায়নি—এটা গল্প কথা কিন্তু একথা সত্য যে কোনও প্রকারে যদি ব্রহ্মপুরার ঐ জটিল অরণ্যের পথে গঙ্গার স্রোতধারা হারিয়ে যায় তাহলে উত্তর ভারতের ১০ কোটি লোকের জীবন বিপন্ন হবে, এটা আধুনিক সত্য। কারণ গঙ্গা মানে হস্তিবাহীনি। যিনি গতিশীলা। গতি জীবন, গতিহীনতা মৃত্যু। আমি অবশ্য গঙ্গা এবং গঙ্গাসাগরের ব্যাপারে ইন্টারেস্ট নই। তবুও কিছু বলতে ইন্টারেস্ট হয়েছি এবং জয়নাল সাহেব মনে করিয়ে দিলেন, আমি অবশ্য আগেই প্রস্তুত ছিলাম। ভারতবর্ষের রাষ্ট্রনায়ক এবং আরও কেউ কেউ প্রস্তুত ছিলাম। ভারতবর্ষের রাষ্ট্রনায়ক এবং আরও কেউ কেউ যাকে বিদ্রুপ করে বলতেন, আমি অবশ্য বিদ্রুপ করে বলছি না, সপক্ষে বলছি। তবে কেউ কেউ বলতেন মাইনর পোয়েট হি ওয়াজ আমি মোটেই তা বলতে যাচ্ছি না he was not a minor Poet, he was a major Poet. জওহরলাল নেহেরু তিনি বলেছেন, The Ganga especially is the river of India, beloved of her people, round which are intertwined her racial memories, her hopes and fears, her songs and triumph, her victories and her defeats. She has been a symbol of India's age-long culture, age-long civilisation, ever-changing, ever-flowing and yet ever the same Ganga. এটা ধর্ম না মানা লোকের কথা তিনি আর একটু অ্যাড করেছেন না, A Symbol and a memory of the Past of India running into the present and flowing on to the great occean of

future.

গঙ্গাসাগরের এবং সাগর সঙ্গমের তাৎপর্য হ'ল এই পাস্ট থেকে আসে প্রেজেন্ট দিয়ে বয়ে যায় এবং অনাগত সমুদ্রের সঙ্গে মিলতে চায়। সেজন্য কথাটা আগে বলেছিলাম যে সিন্ধুর বিজয় রথ পশিল নদীতে। কাজেই এখনও সেখানে কিছু লোক যায়। কারণ মানুষ নিজের হাতে মন্দির বানায়। নিজের হাতে ছেনি দিয়ে কেটেকেটে বিগ্রহ তৈরি করে। তার জন্য আমি বলছি না, কিন্তু চিরকাল মানুষ গঙ্গা বৈতরণীর হাত ধরে এসেছে এবং গেছে। কাজেই এত তো টাকা অপচয় হচ্ছে, যদি কিছু টাকা বাড়তি ভরতুকী দিয়ে দেওয়া যায় ঐ গঙ্গা যাত্রীদের জন্য তাহলে ক্ষতি কি? এমনিতেই তো দিচ্ছেন। সাধুদের ছেড়েছেন। সাধুদের মধ্যে কত ভণ্ড আছে কে জানে? তাদের উনি ছেড়ে দিয়েছেন। তারপর বালকদের ছেড়ে দিয়েছেন। তাহলে কাকে ধরছেন? আমি এ জন্য বলছি যে ধরুন, কপিলমুনির আশ্রমে অনেক প্রণামি পড়ে। সেই টাকাটা কোন সাধুরা নিয়ে যায়? কারা ফেরার হয়ে সাধু সেজে কমণ্ডুল নিয়ে সেটা মেরে নিয়ে যায়? কাজেই সেটার সঙ্গে এটাকে নেগোসিয়েট করলে হয় না। এখান থেকে যদি কিছু টাকা পাওয়া যায় তাহলে ওখানে স্থায়ীভাবে যদি কিছু করা যায় তাহলে উপকার হয়। নিশ্চয়ই যারা সেখানে যাচ্ছে তাদের স্বাস্থ্য ইত্যাদি ব্যাপারে তদারকি করতে হয়। আমি সেজন্য বলছি, আজকে এমন কিছু করুন যাতে উপকার হয়। কলকাতা থেকে চিনাগরী পর্যন্ত একটা ভাল রাস্তা তৈরি করে দেন না। ঐ area-তে একটা জেটি তৈরি করে দেন না। সেখানে বারে বারে হোগলার ঘর করেন। মিস্ত্রি লাগানো তার জন্য কিছু কিছু টাকা অপচয় করেন। এগুলি না করে কিছু স্থায়ী ঘরবাড়ি করে দেন না যাতে কিছু পর্যটক সেখানে আসতে ইন্টারেস্টেড হয়, কিছু টাকা পাওয়া যায়? গঙ্গাসাগর এবং রুদ্রনগরে সে সমস্ত কুটির শিল্প আছে সেগুলিকে নিয়ে একটা শিল্প প্রদর্শনীর ব্যবস্থা করুন না কেন। এগুলি করলে তো ভাল হয়। এগুলি করলে তো ক্ষতি নেই কিছু। এসব না করে অজিতবাবু যদি এখান থেকে কিছু টাকা পেয়ে যারা যেতে চায় তাদের জন্য স্থায়ী উপকার করতে চান তাতে অবশ্য আমার কোনও আপত্তি নেই। তবে এগুলি ভাববার জন্য তাঁকে বললাম। তিনি একটু ভেবে দেখবেন কারণ এটার সঙ্গে আমাদের অনেকদিনের একটা ঐতিহ্য জড়িত রয়েছে।

[3-00 – 3-10 p.m.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ সত্য ঘোষাল মহাশয়ের মতো একজন কবি এবং সাহিত্যিকের ভাষণ শুনছিলাম। তিনি গঙ্গার উৎপত্তি থেকে আরম্ভ করে সব কথা বলে একটা আবেদন রাখলেন যে ট্যাক্সটা তুলে দিলে ভাল হয় না? ঐ বেঞ্চে বললে, ওদিক থেকে সব সময় এইরকম ধরণের কথা ওঠে। সুতরাং উনি যে এটা বলবেন এই বিষয়ে কোনও সন্দেহ নেই। উনিও তো সত্যের আধার, সুতরাং সেইদিকে লক্ষ্য রাখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ট্যাক্স, এটা নূতন নয়, এই ট্যাক্সটা আগে ছিল। সত্য ঘোষাল মহাশয় বোধহয় জানেন না আগে ট্যাক্সটা এক টাকা করে ছিল। মাঝখানে তাকে তুলে দেওয়া হয়েছিল। তুলে দেবার ফলে আমাদের কি লাভ হয়েছে, আর এই দু টাকা করে

নেবার ফলে কি ক্ষতি হচ্ছে, এটা আমি বুঝতে পারলাম না। কারণ আমরা যে কোনও জায়গায় যদি কিছু করতে চাই, তাহলেই উনারা বাধা দেবার চেষ্টা করেন। যারা ২০০ টাকা ২৫০ টাকা খরচ করে সাগর মেলায় ভাসছে, তাদের কাছ থেকে যদি দু টাকা করে নিয়ে তাদের স্বাস্থ্যের দিকে, জীবনের দিকে লক্ষ্য রাখি, তাহলে নিশ্চয়ই অসুবিধা হয় না। যেমন আমাদের সত্য ঘোষাল মহাশয় বললেন এটা তুলে দিন না? যেমন ব্রিজ পার হয়, ব্রিজের ট্যাক্স কিসের, এটা তো সরকার করেছে, গাড়িটা চলতে পারে। গাড়ির ট্যাক্স গাড়ির মালিক দিচ্ছে, আবার তার জন্য ট্যাক্স কেন? তাহলে তো ব্রিজের ট্যাক্স তুলে দিতে হয়। এইরকম তোলার ব্যাপারে যদি আমরা সহানুভূতিশীল হই তাহলে বহু ট্যাক্স তুলে দিতে হয়। তুলে দিয়ে সরকারের দেউলিয়া খাতায় নাম লেখাতে হয়। আর এবার আমাদের অর্থমন্ত্রী প্রায় তিন কোটি টাকার যে উৎবৃত্ত বাজেট পেশ করেছেন, সেটা হতে পারত না। তাহলে আমাদের সরকারের যে বছরে ইনকাম বেড়ে গেছে ১৫০ কোটি টাকা, এটা বাড়ত না। আমরা যখন পবিত্র বিধানসভায় বসে আছি, আমাদের কাজ সরকার চালানো, ভাবে ভেসে বেড়ানো নয়। আমাদের কাজ এই নয় যে আমরা শুধু দুনিয়ার কাছে হাত তুলে দিয়ে বসে দেখিয়ে দেব যে আমাদের হৃদয় খুব বড়। আমাদের কাজ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আপনার বাড়ি ২৪ পরগনায়, ভারতের একটা শ্রেষ্ঠ তীর্থস্থান, সেখানে আগে যাত্রীদের আগে যে অবস্থা ছিল, তা শুনলে দুঃখ হবে, লোকের চিকিৎসার কোনও ব্যবস্থা ছিল না। আমরা বহুদিন আগে সাগরে গেছি, তখন দেখতাম সেখানে কলেরা হলে লোক সাগর থেকে পালিয়ে যেত। এবং এই দেশের একটা প্রথা ছিল যে সাগর হয়ে গেল এবং তারপরই কলেরা শুরু হয়ে যাবে। এবং তার জন্যই সকলে প্রস্তুত থাকতাম। তখন আমরা স্কুল কলেজে পড়তাম। সাগর মেলা শেষ হয়ে গেলেই কলেরা শুরু হয়ে যেত। সাগরে যারা যেত, তাদের শতকরা ৯০ জন লোক ঐ সংক্রামক ব্যাধী নিয়ে গ্রামে ছড়াতো। খুব আনন্দের কথা, গত দু বছর সেখানে কলেরা হয়নি। লোকের উপকার হয়েছে। দু টাকা দিয়ে যদি একটা জীবন বাঁচে, দু টাকা দিয়ে যদি দেশের লোক বাঁচে, দু টাকা দিয়ে যদি স্বাস্থ্যের উন্নতি হয় তাহলে নিশ্চয়ই এই দু টাকাটা বড় কথা নয়। আমি বলব মাননীয় অধ্যক্ষ মহাশয়, দু টাকা করে দিয়ে আমাদের স্বাস্থ্য দপ্তর থেকে যে পার্মানেন্ট স্ট্রাকচার কিছু করা হচ্ছে, জল সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে—আপনি কল্পনা করতে পারবেন না, ১০ বছর আগে পুকুরের জল লোককে খাওয়ানো হ'ত। কয়েকটি পুকুর ছিল, সেই পুকুরের জল পাম্প করে নিয়ে দেওয়া হত। পুকরের জল কে প্রটেকশন দিয়ে রাখা হত এবং পুলিশ পাহারায় কতটুকু সেখানে ডিসইনফেক্টেড করা হত আমি জানি না, এখন সেখানে শত শত টিউব ওয়েল বসেছে। সেখানে পার্মানেন্ট ওয়াটার সাপ্লাই সিস্টেম চালু হয়েছে, তার জন্য যে মিনিমাম চার্জ—যে লোক ২০০/২৫০ টাকা খরচ করে সাগরে আসে তার কাছ থেকে যদি দু টাকা নিয়ে পার্মানেন্ট উন্নতি করতে পারি, সেটা নিশ্চয়ই খারাপ হবে না, বরং ভাল হবে। এইরকম ধরনের কাজ আমি আশা করি সকল সদস্যের অকুণ্ঠ সমর্থন থাকা দরকার, তবেই আমরা প্রগতির পথে এগিয়ে যেতে পারব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আনন্দের কথা, গঙ্গাসাগরের মতো তীর্থযাত্রা সম্বন্ধে বলতে দুজন উঠেছিলেন, যাঁদের নামের প্রথমটা টুথ। সত্য ঘোষাল মহাশয় এবং সত্য বাপুলি মহাশয়। গঙ্গাসাগর মেলার ফি তুলে দেবার জন্য সত্য ঘোষাল মহাশয় বলেছেন। কিন্তু তিনি নিজে বললেন আমাদের প্রবাদ আছে সব তীর্থ বারবার, গঙ্গাসাগর একবার। সুতরাং একবার যারা যাচ্ছেন, তারা দু টাকা করে ফি দিচ্ছেন, আমার মনে হয় না খুব বেশি, যদি তারা এই সোস্যাল স্যাংশনগুলো মানেন। অর্থাৎ একবারই যান তিনি। সিন্ধুর বিজয়রথের কথা তিনি বলেছেন, পন্ডিত জওহরলাল নেহেরুর বক্তৃতার উল্লেখ করেছেন। কিন্তু সব কিছুই সংস্কৃত শ্লোক থেকে—

গঙ্গা গঙ্গেতু যত্তুজা যোজনানং সতেজপি
মৃচ্ছতে সর্বপাপঘ্ন প্রণতোস্মি দিবাকরম্।

এখান থেকেই আমাদের সব কিছুর উৎপত্তি। এটা একটা বিরাট ব্যাপার, শুধু মেলা নয়, এটা একটা তীর্থযাত্রা, তাই সাধুদের বাদ দিতে বাধ্য হয়েছি, কারণ মন না রাঙ্গায় কি ফল করে, কাপড় রাঙ্গাল যখন, এটা আমরা জানি, অনেক জায়গায় আছে। তবুও যাদের সাধু বলে পরিচয় পাচ্ছি, যারা বলছে সাধু, তাদের ওরাল স্টেটমেন্ট ও চেহারা দেখে আমরা ছাড়পত্র দিয়েছি, চার্জ করছি না। (**শ্রী হরশঙ্কর ভট্টাচার্য : আমরা কি অসাধু।**) আপনি অসাধু নিশ্চয়ই নন, তবে একটা কমন্ডলু আর একটা রুদ্রাক্ষের মালা যদি থাকে তাহলেই স্যাংশন পেতে পারেন। তারপর উনি প্রণামী সম্বন্ধে যে কথা বলেছেন, এটার চেষ্টা করা হয়েছিল। আমি ফাইলে দেখলাম আগে এটা নিয়ে চেষ্টা হয়েছে যে, ওখানে যে প্রণামী পড়ে সেটা ট্রাস্ট হিসাবে স্টেটে ভেস্ট করতে পারা যায় কিনা। কিন্তু দেখা গেল এটা নিয়ে একটা মামলা পেন্ডিং রয়েছে, একজন মামলা করেছিলেন যে, স্টেট তাতে হাত দিতে পারে না। এ বিষয়ে আমরা এনকোয়ারী শুরু করেছি, অনেক দিন আগেকার মামলা, এতদিন পর্যন্ত এটা কিছুই করতে পারা যায়নি। এ বিষয়ে তাড়াতাড়ি আমাদের কাজ করতে হয়েছে যার ফলে ঐগুলি সব করে ওঠা হয়নি এবং তাড়াতাড়ি করে আমাদের এই অর্ডিন্যান্স করতে হয়েছিল। "সাগর সঙ্গমে নবকুমার গিয়েছিল কাষ্ঠ আহরণে", ঘোষাল মহাশয় যখন এত কথা বললেন তখন তাকে ঐ সাগর সঙ্গমে নবকুমার থেকেই বলি যে "তুমি অধম তাই বলে আমি উত্তম হইব না কেন?" তাই আপনাদের কাছে বলছি যে, আপনারা এই লেভি করার কথা ভাবছেন, তারাই যখন হলো তখন আমি না হয় অধম হলাম, আপনারা আপনাদের ভোটটা সেভাবে দেবেন তাহলেই খুশি হব। এই বলে আমি এই বিলের প্রতি সকলের সমর্থন চেয়ে নিচ্ছি।

The motion of Shri Ajit Kumar Panja that the Gangasagar Mela Bill, 1976, be taken into cosideration, was then put and agreed to.

Clauses 1 to 7 and the Preamble

The question that clauses 1 to 7 and the Preamble do stand part

of the Bill was then put and agreed to.

Shri Ajit Kumar Panja : Sir, I beg to move that the Gangasagar Mela Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1976.

Dr. Motahar Hossain : Sir, I beg to introduce the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Secretary then read the title of the Bill

Dr. Motahar Hossain : Sir, I beg to move that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1976, be taken into consideration.

[3-10 – 3-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর অস্তিত্ব সম্পর্কে সকলেই অবগত আছেন। স্বাধীনতা লাভের অব্যবহিত পরে এই রাজ্যের প্রাক্তন উপমন্ত্রী স্বর্গত সত্যেন্দ্রচন্দ্র ঘোষ মৌলিক এবং কয়েকজন উৎসাহী ব্যক্তি এই রাজ্যের তরুণ যুবকবৃন্দকে নিয়মানুবর্তী এবং শৃঙ্খলা-পরায়ন করা এবং কল্যাণমূলক বিভিন্ন কাজে তাদের নিয়োগ করার উদ্দেশ্যো পশ্চিমবঙ্গীয় জাতীয় রক্ষীদল নামে এক বাহিনী গঠন করেন। পরে ১৯৪৯ সালে ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স অ্যাক্ট নামে এক আইন পাস করে রাজ্য সরকার এই বাহিনীকে সরকারের নিয়ন্ত্রণাধীনে আনেন। এখন এই সংগঠন এক প্রিয় সংগঠনে পরিনত হয়েছে কল্যাণী, হালিশহর, কুচবিহার এবং কার্সিয়াং-এ এই সংগঠনের শিক্ষণ কেন্দ্র আছে। প্রত্যেক বছর প্রায় ৪৭০০ জন শিক্ষার্থী এই চারটি শিক্ষণ কেন্দ্র থেকে শিক্ষা লাভ করেন। শিক্ষাকাল আড়াই মাস। প্রত্যেক শিক্ষার্থীকে শিক্ষাকালে পুরো সময় শিক্ষণ কেন্দ্রে থাকতে হয়। শিক্ষাকালে শিক্ষার্থীকে খাওয়া এবং হাত খরচ বাবদ মাসে একশত টাকা দেওয়া হয়। শিক্ষা শেষে প্রত্যেক শিক্ষার্থীকে তিন বছরের জন্য তালিকাভুক্ত করে রাখা হয়। এবং প্রয়োজন মত্মে রক্ষীদলকে পারিশ্রমিকের বিনিময়ে বিভিন্ন কাজে লাগানো হয়। পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর অধীনে প্রথম বিশ্বকর্মা ব্যাটেলিয়ান নামে সামরিক বাহিনীর অনুকরণে একটা স্থায়ী সংগঠন আছেন। এই সংগঠনের সকল কর্মীই স্থায়ী কর্মচারী। বিভিন্ন বৃত্তিমূলক কাজে এদের নিয়োগ করা হয়। স্বেচ্ছাসেবক বাহিনীর কর্মীদের চাহিদা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। সরকারি এবং স্বয়ংশাসিত সংস্থাসমূহ এদের

বিভিন্ন কাজে পূর্বের তুলনায় বেশি করে নিয়োগ করছেন। সাধারণ সময় ছাড়াও ধর্মঘট, জরুরি অবস্থা, প্রভৃতি বিভিন্ন সময়ে এদের কাজে লাগানো হয়। কলকাতায় জঞ্জাল সাফাই, বন্দরে ধর্মঘট চলাকালে খাদ্য সামগ্রী জাহাজ থেকে খালাস করা, প্রভৃতি কাজ এই সব কর্মী খুবই নিষ্ঠার সঙ্গে সম্পন্ন করে প্রচুর প্রশংসা অর্জন করেছেন। বাঙালি শ্রম বিমুখ এই বদনাম তাঁরা ঘুচিয়েছেন। সম্প্রতি সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, পুলিশ বাহিনীতে প্রধানত এই সব স্বেচ্ছাসেবকদের মধ্য থেকে লোক নেওয়া হবে। পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী এক শৃঙ্খলাবদ্ধ সংগঠন। রাজ্যে আইন-শৃঙ্খলা অটুট রাখার ব্যাপারেও এই বাহিনীর ভূমিকা উল্লেখযোগ্য। কিন্তু কিছুকাল যাবৎ লক্ষ্য করা যাচ্ছে যে, এই বাহিনীর কয়েকটা ইউনিয়ন পারস্পরিক বিবাদ এবং অন্তর্দ্বন্দ্বে লিপ্ত। ফলে এই বাহিনীর অভ্যন্তরীণ শৃঙ্খলা বজায় রাখা কঠিন হয়ে পড়ে। এই অবস্থায় সরকার নীরব দর্শকের ভূমিকা অবলম্বন করতে পারেন না। অসঙ্গত এবং বিশৃঙ্খলা অবস্থা থেকে মুক্ত রাখার উদ্দেশ্যে সরকার ৩১-১২-৭৫ তারিখে ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স (অর্ডিন্যান্স) ১৯৭৫ এই নামে এক অর্ডিনান্স জারি করেন। এই অর্ডিনান্সে উল্লিখিত ব্যবস্থাসমূহ কোনও নতুন নজির সৃষ্টি করবে না। রাজ্যে পুলিশ ও দমকল বাহিনীর লোকেরাও এই অর্ডিনান্সের বিধি নিষেধের অনুরূপ বিধি—নিষেধের অন্তর্ভুক্ত। যাহোক যাতে এই বাহিনীর সুনাম অটুট থাকে এবং অসঙ্গত ও বিশৃঙ্খল কার্যকলাপ থেকে এই গুরুত্বপূর্ণ বাহিনীর অস্তিত্ব রক্ষা করা যায়, সেই উদ্দেশ্যে আপনাদের বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আমি ওয়েস্ট বেঙ্গল ন্যাশানাল ভলান্টিয়ার ফোর্স (অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৭৬ পেশ করছি। আমি আশা করি এই বিল আপনাদের পূর্ণ সমর্থন লাভ করবে।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় এই সংশোধনী বিলের উদ্দেশ্যে উনি বলছেন পাবলিক সার্ভিস যদি বিচ্ছিন্ন হয় তাহলে ওদের কাজে লাগে এবং তারজন্য এদের কাজ হচ্ছে কোনও কোনও ক্ষেত্রে পুলিশকে সাহায্য করা। এই কাজের জন্য ওদের স্থায়ী ভাবে কোনও কাজ দেওয়া হয় না। অথচ তারা যদি কোনও ইউনিয়ন করে তাদের দাবি দাওয়া সরকারের কাছে রাখে তাহলে সেই ইউনিয়ন করা অপরাধ বলে গণ্য হবে। এটা তিনি রুখতে চাচ্ছেন এবং এই বাহিনীর মধ্যে নিয়ম-শৃঙ্খলা আরও কঠোর করার জন্য সেইভাবে চেষ্টা করা হবে। এখানে সংশোধনী আনায় যে কারণগুলি বললেন সেগুলি পরস্পর বিরোধী। কারণ সরকার ওদের স্থায়ী নিয়োগের কোনও ব্যবস্থা করছেন না, বা এই বিলে সে সম্বন্ধে কোনও কথাও নেই। উদ্দেশ্যের মধ্যে আছে ভবিষ্যতে ওদের কনস্টেবলের চাকরিতে নিয়োগ করা হবে। যে কোনও সংস্থাই হোক চাকরির স্থায়ীত্ব ও চাকরি দেওয়া এই দুটোর জন্য সকলকেই সংঘবদ্ধ হতে হবে। পুলিশের চাকরি স্থায়ী চাকরি, তাদের ক্ষেত্রে ইউনিয়ন করতে গেলে অন্যায় হবে। কিন্তু দুটো ব্যাপারে কোনও নিশ্চয়তা নেই—চাকরির কোনও নিশ্চয়তা নেই, আর চাকরি হলে তার স্থায়িত্বের কোনও নিশ্চয়তা নেই। কিন্তু ইউনিয়ন গড়ার যে অধিকার এটা একটা মৌলিক অধিকার, সংবিধানে আছে টু ফর্ম অ্যান অ্যাশোসিয়েশন,

কাজেই এই অধিকার বজায় রাখা দরকার। এখন উনি যদি বলেন যে জরুরি অবস্থায় অনেক মৌলিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে, কাজেই আমরা যখন বিলটা আনছি তখন আমরা কেন এই অধিকার কেড়ে নেব না, জরুরি অবস্থায় অনেক অধিকার কেড়ে নিলেও ইউনিয়ন গড়ার অধিকার বা ইউনিয়ন থেকে আন্দোলন করার অধিকার এই দুটো অধিকার জরুরি অবস্থাতে কেড়ে নেওয়া হয়নি, বরং ইউনিয়ন গড়ার অধিকার আরও বেশি সম্প্রসারিত করা হয়েছে। জরুরি অবস্থায় ফান্ডামেন্টাল রাইটকে খর্ব করা হয়নি, কিন্তু এই বিলে সেই মৌলিক অধিকারকে খর্ব করা হচ্ছে, এই কারণে আমি এই বিলের বিরোধিতা করছি। স্থায়ী চাকরির ব্যবস্থা না করে এবং চাকরির জন্য ইউনিয়ন করতে পারবে না এই যে কথাটা বলছেন এটার আমি বিরোধিতা করছি। তোমরা ন্যাশানাল ভোলান্টিয়ার ফোর্সে আছ, তোমাদের বছরে এক মাস কাজ থাকতে পারে, দুই মাস কাজ থাকতে পারে, যদি কোথাও স্ট্রাইক হয়, যদি কোথাও যানবাহন বিচ্ছিন্ন হয়ে যায় বা কোনও ক্ষেত্রে পুলিশ যদি সাহায্য চায় তাহলে সেই পিরিয়ডের জন্য তোমাদের চাকরি এবং সেই পিরিয়ডের মাইনে তোমরা পাবে এই যে নীতি এই নীতি আমরা মেনে নিতে পারছি না। কারণ, আপনি জানেন আন্তর্জাতিক ক্ষেত্রে দেখা যাচ্ছে উন্নতিশীল দেশ বিশেষ করে মার্কিন সাম্রাজ্যবাদের কাছে যখন পশ্চাদ্‌পদ দেশগুলি তাদের উন্নয়নের জন্য কোনও সাহায্য চায় তখন তাদের মার্কিন সাম্রাজ্যবাদ বলছে তোমাদের কোনও সাহায্য দেব না যদি জাতিসংঘে বা জাতি পুঞ্জে তোমরা পুরাপুরি আমেরিকাকে সমর্থন না কর। কাজেই ভবিষ্যতে তোমাদের পুলিশের চাকরিতে নেব, তোমরা ইউনিয়ন করো না, এই রকম বাঁধনে বেঁধে দেওয়া এটা ঠিক মার্কিন সাম্রাজ্যবাদের আমদানি করা যে নীতি সেই নীতির বশবর্তী হয়ে আপনারা এই নীতি এনেছেন। কাজেই এই নীতির বিরোধিতা করছি। কাজেই এই ধরনের একটা টোপ রেখে দিলাম যে তোমার ব্যক্তি স্বাতন্ত্র, মৌলিক অধিকার কোনও কিছুই থাকবে না যদি ভবিষ্যতে পুলিশে চাকরি পেতে চাও, বর্তমান সমাজতান্ত্রিক যুগে মৌলিক গণতান্ত্রিক অধিকারকে এই রকমভাবে খর্ব করা যায় না। সামন্ততান্ত্রিক যুগে যে বন্ডেড লেবার ছিল সেই বন্ডেড লেবারদের একটা নিশ্চয়তা ছিল, তারা বার মাস সাবসিস্টেন্স লেভেলে খেতে পরতে পেত। কিন্তু সেই ধরনের নিরাপত্তাও এর মধ্যে নেই। এই বন্ডেড লেবার প্রথায় যেখানে সাবসিস্টেন্স লেভেলে খাওয়া পরার একটা নিশ্চয়তা ছিল, আজকে সেটাকে তুলে দেওয়ার কথা, আজকে তোমরা ইউনিয়ন করো না, আন্দোলন করো না, তোমরা ভবিষ্যতে পুলিশে চাকরি পাবে, এই প্রথাকে ঠিক সামন্ত যুগের প্রথার মতো আপনি চালু করতে চাইছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা চলতি কথা আছে—"ভাত দেবার মুরদ নেই কিল মারবার গোঁসাই"—উনি স্থায়ী চাকরি দিতে পারবেন না অথচ নানাভাবে বাঁধন উনি আনছেন। কাজেই এই কারণে আমি এই বিলের বিরোধিতা করছি।

[3-20 - 3-30 p.m.]

ডাঃ মোতাহার হোসেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অশ্বিনীবাবু এই বিলের বিরোধিতা করতে গিয়ে আমার মনে হয় তিনি বোধহয় একটু গুলিয়ে ফেলেছেন।

প্রথমত, আমি বলতে চাই জরুরি অবস্থার সঙ্গে এর কোনও সম্পর্ক নেই। দ্বিতীয়ত, আমি আমার বক্তব্যে বলেছি এন ভি এফ-এ একটা ইউনিট আছে, বিশ্বকর্মা ব্যাটেলিয়ান এবং স্থায়ী। যাদের অস্থায়ীভাবে নিয়োগ করা হয়েছে তাদের এনরোলমেন্ট ৩ বছর থাকবে এবং তাদের যখন ডিপ্লয় করা হয় তখন তাদের পাওয়ার, প্রিভিলেজ অ্যান্ড প্রোটেকশন পুলিশ অফিসারের মতো থাকবে এবং তারা একটা ডিসিপ্লিন্ড ফোর্সের মধ্যে পড়ে। সেই ডিসিপ্লিন আনার জন্য আমরা এটা করেছি। যারা অস্থায়ীভাবে নিয়োগ হয়েছে তাদের সম্পর্কে জানাতে চাই ৩ বছরে এন ভি এফ থেকে ৫ হাজার ৫০ জনকে চাকুরি দিয়েছি। ভবিষ্যতে যাদের নিয়োগ করব তাদের মধ্য থেকে প্রধানত কন্সটেবলে চাকুরি দেব। একথা বলে সকলের কাছে সমর্থনের দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Motahar Hossain that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1976, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Speaker: There are amendments to clause 4 by Shri Aswini Kumar Roy. Amendment Nos. 1 to 12. I call upon Shri Aswini Kumar Roy to move all the amendments at a time

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 4, in the proposed Section 13A(1), lines 1 & 2, the words "or Subordinate other rank" be omitted.

Shri Aswini Roy: Sir, I also beg to move that in clause 4, in the proposed Section 13A(1)(a), lines 3 & 4, the words "trade unions, Labour Union or" be omitted.

Shri Aswini Roy: Sir, I also beg to move that in clause 4, in the proposed Section 13A(2), line 2, the words "or volunteer" be omitted.

Shri Aswini Roy: Sir, I also beg to move that after clause 4, in the proposed Section 13A(2) the following proviso be added, namely :

"Provided that the officer or other Subordinate rank may form their own association for representing their grievances and views"

***Shri Aswini Roy**: Sir, I also beg to move that in clause 4, in the proposed Section 13A(3), lines 4 & 5, the words "with imprisonment for a term which may extend to two years or." be omitted.*

Shri Aswini Roy: Sir, I also beg to move that in clause 4, in the proposed Section 13A(3), line 6, for the words "two thousand rupees" the words "one tenth or his pay" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যদি বলতেন পার্মান্যান্ট ভলান্টিয়ার তাহলে আমি সংশোধনী দিতাম না। সাবঅর্ডিনেট অ্যান্ড আদার র‍্যাঙ্ক তাদের ক্ষেত্রে তারা ইউনিয়ন করতে পারবে কিনা সেটা আলাদা কথা। সাধারণ ভলান্টিয়ারের ক্ষেত্রে যেটা আপনি রেখেছেন সেটা আমি ওমিট করতে বলছি। তারপর ভলান্টিয়াররা ট্রেড ইউনিয়ন, লেবার ইউনিয়ন ইত্যাদি করতে পারবে না বলে যা বলা হয়েছে আমি সেই শব্দ ডিলিট করতে বলছি। তারপর, পরের ক্লজ যেটা রয়েছে সেখানে ভলান্টিয়ার কথাটা যদি না থাকে তাহলে সাবর্ডিনেট অ্যান্ড আদার র‍্যাঙ্ক ইউনিয়ন করবে কিনা সেটা আসে না। স্যার, আজকে আই এ এস এবং আই পি এস, টেকনিসিয়ান্স, ইঞ্জিনিয়ার্স, চিফ ইঞ্জিনিয়ার পর্যন্ত ইউনিয়ন করছেন, তাঁরা আন্দোলন করছেন। কিন্তু ১০০ টাকা মাইনের একটা ভলান্টিয়ার, যার চাকুরির কোনও নিরাপত্তা নেই সে ইউনিয়ন করতে পারবে না এটা আমার কাছে অত্যন্ত কঠিন মনে হচ্ছে। সাবর্ডিনেট স্টাফ বা যারা অফিসার র‍্যাঙ্কে আছেন সেক্ষেত্রে আমার ৭নং অ্যামেন্ডমেন্ট হচ্ছে, Provided that the officer or other Subordinate rank may form their own association for representing their grivances and views". যদি আই পি এস, আই এ এস, ইঞ্জিনিয়ার, ডাক্তাররা ইউনিয়ন করতে পারেন এবং যাঁরা হচ্ছেন সরকারি কর্মচারি তাহলে এই সাবঅর্ডিনেট অফিসাররাও ইউনিয়ন করতে পারবেন এরকম একটা অধিকার তাঁদের থাকা উচিত। তারপরে আছে যদি কেউ ইউনিয়ন করেন তাহলে কি হবে, তার দুই হাজার টাকা জরিমানা অথবা দুই বছরের জেল। এটা স্যার, অত্যন্ত পিউনিটিভ, কাজেই এই ক্লজটা আমি উঠিয়ে দিতে বলছি। জেলের কোনও প্রশ্নই নাই, আর দুই হাজার টাকা জরিমানা—সে ক্ষেত্রে যদি কেউ দোষ করে থাকে তাহলে তার যা বেতন তার ১০ ভাগের একভাগ তাকে ফাইন করা যেতে পারে। সেজন্য আমি এক থেকে ১২ পর্যন্ত যে সংশোধনী আপনার সামনে রেখেছি তার উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন বলুন।

ডাঃ মোতাহার হোসেন: স্যার, আমি এই সংশোধনী প্রস্তাবগুলি মানতে পারছি না।

Mr. Speaker: I now put the amendments of Shri Aswini Kumar Roy to vote.

[3-30 - 4-00 p.m.](including adjournment)

The motions of Shri Aswini Roy in clause 4, in the proposed

Section 13A(1), lines 1 & 2, the words "or Subordinate other rank" be omitted,

that in clause 4, in the proposed Section 13A(1)(a), lines 3 & 4, the words "trade unions, Labour Unions or" be omitted,

that in clause 4, in the proposed Section 13A(2), line 2, the words "or Volunteer" be omitted ;

that after clause 4, in the proposed Section 13A(2) the following proviso be added, namely .-

"Provided that the officer or other Subordinate rank may form their own association for representing their grievances and views."

that in clause 4, in the proposed Section 13A(3), lines 4 & 5, the words with imprisonment for a term which may extend to two years or "be omitted ;

and that in clause 4, in the proposed Section 13A(3), line 6, for the words "two thousand rupees" the words "one tenth of his pay" be substituted, were then put and a division taken with the following result :-

Noes

Abdur Rauf Ansari, Shri

Abedin, Dr. Zainal

Abdul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri

Bapuli, Shri Satya Ranjan

Bar, Shri Ram Krishna

Bharati, Shri Ananta Kumar

Bhattacharya, Shri Keshab Chandra

Bhattacharya, Shri Narayan

Chaki, Shri Naresh Chandra

Chakravarty, Shri Bhabataran

Chattopadhay, Shri Sukumar

Das, Shri Sudhir Chandra

Dutt, Shri Ramendra Nath

Dutta, Shri Hemanta

Ekramul Haque Biswas, Shri

Fazle Haque, Dr. Md.

Ghosh Moulik, Shri Sunil Mohon

Gyan Singh, Shri Sohanpal

Halder, Shri Birendra Nath

Hatui, Shri Ganesh

Hemram, Shri Kamala Kanta

Lakra, Shri Denis

Mahbubul Haque, Shri

Malladeb, Shri Birendra Bijoy

Mandal, Shri Arabinda

Mandal, Shri Nrisinha Kumar

Mitra, Shri Haridas

Mohammad Dedar Baksh, Shri

Mondal, Shri Aftabuddin

Motahar Hossain, Dr.

Mukhapadhyay, Shri Tarapoda

Naskar, Shri Arabinda

Naskar, Shri Ardhendu Sekhar

Palit, Shri Pradip Kumar

Paul, Shri Bhawani

Ram, Shri Ram Peyare

Saha, Shri Dwija Pada

Saha, Shri Nirad Kumar

Saraogi, Shri Ramkrishna

Sarkar, Shri Nil Kamal

Sen, Shri Sisir Kumar

Shaw, Shri Sachi Nandan

Sinha Roy, Shri Bhawani Prosad

Topno, Shri Antoni

Wilson-de Roze, Shri George Albert

Ayes

Bhattacharyya, Shri Harasankar

Dhar, Shri Sachindra Kumar

Ganguly, Shri Ajit Kumar

Ghosal, Shri Satya

Ghosh, Shri Sisir Kumar

Gurung, Shri Nandalal

Karan, Shri Rabindra Nath

Mukhopadhyaya, Shrimati Geeta

Panda, Shri Bhupal Chandra

Rai, Shri Deo Prakash

Roy, Shri Aswini Kumar

Roy, Shri Saroj

The Ayes being 12 and the Noes 44, the motions were lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 5, 6 and Preamble

The question that clauses 5, 6 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Motahar Hossain : Sir, I beg to move that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes)

(After adjournment)

[4-00 - 4-10 p.m.]

Shri A. H. Besterwitch : Sir, there is no quorum.

(Quorum bell was rung)

GENERAL DISCUSSION ON BUDGET FOR 1976-77

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, the Finance Minister, as a good barrister, has introduced this budget with a lot of snags in it. The whole budget is nothing but jugglery of figures. While presenting the budget he perhaps thought that he was giving his budget speech in the Parliament and, not in the West Bengal Legislative Assembly, with a few dots here and there of West Bengal.

However, Sir, I want to draw your attention to page 40 of the Budget Statement of the Hon'ble Finance Minister wherein you will find that the State lottery made a profit of Rs.45 lakhs. But do you really understand that those boys who are engaged in self-employment are chased by the Police from pillar to post ? Still these boys helped you to earn a profit of Rs.45 lakhs. I have seen various places where these boys were selling lottery tickets. I asked them about the transactions but they said that they could not sell and make profit as the Police was chasing them off and on. So if the Government does not protect those, who are selling these State lottery tickets, from Police harassment, it is very difficult to get profits.

Regarding land reforms, we have passed various legislations in this House. Still the bargadars are not protected With impunity the jotedars evict them and no action is taken either by the Police or by the Land Reforms Department. I have various reports on this issue but no action has yet been taken. If they have got to uphold the welfare of the downtrodden people, we must protect them from the high-handedness of the Police and the jotedars. Otherwise, Land Reforms Act will become a mockery.

Now, Sir, I want to draw your attention to page 42 regarding "Irrigation and Flood control". I am surprised to see that North Bengal is again neglected as it is always neglected in this State. Flood is there with impunity but no protective measures are taken. You are aware, I think you visited Jalpaiguri town, that flood is playing havoc on a lot of

cultivable lands. In fact, it is becoming a non-agricultural area but up till now no step to control the flood there is taken by the Irrigation Department.

Now, Sir, regarding "Forest"—page 46 of the Budget Statement—it is a peculiar thing that I have noticed this year - you will be surprised to know that this year the firewood which used to be given to the scheduled caste and scheduled tribe as well as to the plantation labourers people was auctioned. It was sold by auction. The cost of the firewood measuring 5' × 2' × 2½' was Rs.4/- or Rs.5/-

But you will be surprised to hear that this firewood was auctioned for Rs.70.00 a piece. Now, Sir, is it possible for the scheduled caste and the scheduled tribe people to purchase firewood at this rate? What prompts the Government to do such thing, to deprive such people, the downtrodden people of their requirements? I myself have seen this as suddenly I got information that auction was going on. Now, Sir In the tea gardens these are required by the workers as well as the factories for producing tea. So, if they purchase firewood at over Rs.70.00 a piece then what will be the cost of production of tea? can you just imagine that a Government is purchasing 10/12 thousand pieces at such a high cost? It would be a difficult problem for the tea industry to exist.

Now, Sir, I come to employment programme at page 47 It is a very fine thing that Government always takes upper hand. But what is the employment programme, Sir? There are a huge number of educated and illiterate unemployed people in this state. But are the educated unemployed people getting employment? If some are getting that is by favouritism and nepotism and nothing else. People who have read upto class IX or class X are getting employment but I have seen large number of graduates roaming daily for employment. The Transport Minister says that autorickshaws, mini buses have been given. I am surprised to hear this In the beginning people with plenty of money—big businessmen, big jotedars, were given auto-rickshaws I think I have written to the Chief Minister regarding this. The money given by the banks is not being refunded. Why? They say, "We worked for this Government to come to power and Government has given these to us." I think about 100 auto-rickshaws were given in my district but now nothing is given because the State Bank and other Banks refuse to

finance. I know, Hon'ble Sankar Ghose had been to Jalpaiguri many times and had discussion with Bank people who assured him that they would finance, but unfortunately the moment he had returned everything was forgotten. Is this called self-employment? There are people who are even prepared to pay 25 per cent of the cost which the District Magistrate wanted but even then the Banks did not come forward. So, this self-employment programme is only by name—it is no use saying about this.

Then I must say about closed and sick tea gardens. Sir, on the floor of this House we had taken resolution which Dr. Nag even accepted but the Central Government is sleeping over it and the State Government also is not taking any step—it is a peculiar thing, Sir. A large number of labours are undergoing starvation.

[4-10 - 4-20 p.m.]

Is there any statistics about it? No. Again, Sir, tea industry is giving, I think, a lion share of foreign money but no attention is given to closed and sick tea industries. Next I would say about Jute. What Government is doing to protect tea and jute industries from ruination? Nothing is said about it in the book. Nothing has been mentioned about protection of these industries. You all know that the tea gardens are situated by the side of dangerous hilly rivers which can erode the gardens at any time. But there is no protective work.

Now, Sir, I would say about roads, page 54. Unfortunately the Minister is not here. He assured the House on many occasions that every constituency will have one metalled road. In 1973 I received a letter from the Road Department, Coochbehar asking me to give a list of roads which I required in my area. I gave a list of roads on priority basis. By 1976 the roads could have been constructed but up till now there is no information about it. I went to their office and was told that they had finished the estimates and the work would be taken up soon. Suddenly, last year, the S.D.O. Roads, Coochbehar, came to my residence and told me that the Minister sent him from Siliguri to ask me which road I wanted. It would be probably last April or May, i.e. just before the Budget or after the Budget. He said that estimates would be done and survey would be made as soon as possible. He also told that construction work would start after the rainy season. But unfortunately Sir, it is 1976, I have not yet been the face of the S.D.O.

again. This is the state of affair. Roads in the villages are not even looked after.

Now I would say something about education, Sir. Unfortunately Education Minister is also not here. I think it is the monopoly of the ruling party to do anything about the schools. In places, where there is no children, some persons are appointed as teachers in the school but there is no student. Similarly, the tribal schools which are already there from 1954, are not given recognition up till now. similar is the case in regard to schools in scheduled caste area. Teachers are teaching the students regularly but no recognition up till now. So, what are all these, Sir ? It has been the monopoly of the ruling party to do things in their own way in education. They are not interested in education but they are interested only in maintaining their men.

Even in the last budget speech, I think, I have expressed this but no action has been taken up till now. Then I come to welfare activities of scheduled castes and scheduled tribes. It is a very good word but what are the welfare activities for the scheduled castes and scheduled tribes. Sir, the employment position, you will agree with me, is very disgraceful. I have got a set of questions and answers of various departments with me. I will give you one or two examples. Sir, the Minister of Power has engaged 14,000 workers out of which the scheduled castes, I think, should have got atleast 15 per cent minimum and the scheduled tribes 5 per cent. Please work it out what it should have been. The scheduled tribes should have got atleast 500 posts and scheduled castes 1000 posts minimum. But how many scheduled tribes candidates were appointed—only 92. Similarly, look at the figures of the department of Animal Husbandry. They have appointed 582 men from 1st April, 1972 to 31st January, 1976. But, Sir, how many candidates were appointed from the scheduled castes and scheduled tribes ? Only 23 in class III and 6 in class IV from the scheduled castes and not a single person was appointed from the scheduled tribes in both the categories. It is not that they cannot find scheduled tribes people ; there are lot of educated people amongst the scheduled castes and scheduled tribes but the fact is that you do not want them. You want candidates in and around Calcutta and not from outside Calcutta. Sir, If yoy go to Dinajpur, Dr. Zainal Abedin's district, I think Dr. Abedin will bear me out, you will find many graduate scheduled tribes students there. Please go to Murshidabad, Malda, Jalpaiguri and Cooch Behar, you will find lot

of candidates from amongst the scheduled castes and scheduled tribes. The point is that you do not want the village people ; you want scheduled caste candidates from Calcutta but in Calcutta you cannot get them. Sir, I have been to the Exchange and they say that they want candidates from Calcutta. They do not call candidates from the districts. Sir, if they invite applications from the districts there will be thousands of people. Only the other day, the Superintendent of Police, Jalpaiguri, sent in a notice stating so many vacancies for scheduled tribes. I think 30 of these post were for Sub-Inspectors. So, why you want scheduled caste and scheduled tribe people from Calcutta only, why only Calcutta people are recruited ? why not from the districts ? Sir, in class IV also, there are thousands of candidates from the scheduled castes and scheduled tribes who are searching for jobs. They have passed class IX or Class X but nothing is being done for them. Similarly, in education, Sir, the position is same. Government is talking of upliftment. Without education there cannot be any upliftment of any community. Education is the first and foremost factor in the matter of upliftment.

[4-20 - 4-30 p.m.]

I have just showed you from the written answers of 4th March the figures of appointment of scheduled tribes. Now, Sir, in the observation of the Finance Minister—he has made it very finely—he has come out with the same thing, i.e., the bankruptcy of the Treasury. I have got this thing repeatedly that they have got a bankrupt Treasury and that they have got it from 1972. From whom ? Are they not trying indirectly to blame the U.F. Government for it ? In the 1971 budget the Finance Minister never expressed anything about this bankrupt Treasury. So, automatically before 1971 the treasury was not bankrupt. The treasury became bankrupt from 1971 when the Hon'ble Chief Minister, Shri Siddhartha Shankar Ray was sent by the Centre to look after the welfare of West Bengal. So, this Government, in 1972, have taken over the Treasury not from any other Government but from Hon'ble Shri Siddhartha Shankar Roy. How is it that you are going to condemn your own Chief Minister. Surely you cannot blame anybody else for it but yourselves.

Sir, regarding the surplus budget, as I have told during the Discussion on Governor's Address, this Government is supposed to be wedded to democratic socialism. I do not know, whether they know what is

democratic socialism. Socialism is a very elastic word. They have no idea about socialism. I see that they have named it a welfare State. But a welfare State cannot show any surplus budget because every farthing collected is spent for the people and not kept in the pocket and say that this much we have got. That means that you are not spending all the farthings but trying to show the world that you are giving here in West Bengal a surplus budget. But to whom you are giving it—to the people or to yourselves ? This is a very important factor. The welfare State can never, on any account, have a surplus budget. Sir, I think, the Ministers are living in a glass house and are having bravado, i.e., the motive regarding the law and order situation in West Bengal is very very good. But what is happening ? Yesterday in day light people were robbed. This was expressed in this House in the right away. Year after year these things are going on—people are being robbed in the streets. The M.L.As. are assaulted by the police officers. Is it a police raj in West Bengal ? I know various instances where police are informed but they do not go. But if moneyed men made a report they go and arrest poor people. This budget is not for the poor It is all for the rich and those gentlemen sitting on the Treasury Bench are looking to the welfare of the rich and not of the poor. Sir, this is the system that is being followed in West Bengal. You are not taking any notice of all the complaints coming in this House by the Honourable Members duirng the Mention period. If you had taken least notice of them or least pressure was put, I think, we could have been saved of many troubles. Can anybody say that he is safe while walking on the street ? Well, nobody can say that he is safe. People lives are in danger It is no use putting questions. It is a fact we are reporting here daily—this is being expressed daily by the Honourable Members, but you are not taking any note of it.

Then, Sir, take the case of taxies of Shri Gyan Singh Sohanpal. The taxiwalas are submitting their taxi licenses and becoming private taxiwalas. What action has been taken ? People are trying to stop the taxies. But they are flying away where they like. They say idhar nehi jayega—ye rastha idhar jayega'. You know, you are to go along a road but they will allow you to board the taxies according to their wish. But what action is taken ? I have requested many a time that you call the Taxi Association people and give them a bit of your kind and tell them that this is to be done. But nothing have been done. Instead, they go

on raising the fares. How Shri Gyan Singh Sohanpal is giving his attention to it ? There is no hesitation in raising the fares. You are aware that when any Honourable Member hires a taxi to go some where there is something wrong with the tyre and it has to be repaired, and that cost you have to pay. Nobody can deny that due to this detention you have got to pay the waiting cost. The other day some honourable members expressed all these thing. But what action has been taken ? They have been fined Rs.50/- and the matter was finished there and nothing else more. So, Sir, if the Government is not alert to these things and it is only coming and boasting of surplus budget. It is a foregone conclusion. They are saying there is peace and tranquility in West Bengal and law and order in the best of hands. It is all nonsense. That is why you should be alert to every word what the honourable members express in this House and take action immediately. Thank you.

শ্রী আফতাবুদ্দিন মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের যে বাজেট উত্থাপন করেছেন তাকে আমি পুরোপুরি সমর্থন করছি এবং এবং সমর্থন করতে গিয়ে মাননীয় বেস্টারউইচ মহাশয়কে একটা কথা স্মরণ করিয়ে দেই। উনি গোটা লোহার বাসরঘরের একটা ছিদ্র দেখে খুঁত ধরেছেন যে বাসরঘর তৈরি করা হল না। ওনাকে বলে দেই যে মরা লক্ষীন্দরকে ফেরাবার মতো শক্তি আমাদের আছে যেটা ১৯৭২ সালে আমরা দেখিয়েছি। কাজেই ভয় পাবার কোনও কারণ নেই। তিনি যেন এই জলাতঙ্ক রোগটাকে সারান। উন্নতির ক্ষতিয়ান হিসাব করলে ১৯৭২ সালের পর থেকে মানুষের জন্য এই সরকার যা করেছে মাননীয় বেস্টারউইচ এবং বিরোধীদলের যে কোনও সদস্য অন্তত বুকে হাত দিয়ে সত্যের অপলাপ না করলেও স্বীকার করবেন যে এই সরকার সব থেকে সার্থক সরকার। আমি স্ট্যাটিসটিক দিয়ে প্রমাণ করতে পারি কিন্তু আমি এ কথার মধ্যে যেতে চাই না। কলকাতা শহরের উন্নয়নের জন্য সি. এম. ডি. এ কত টাকা খরচ করেছে এটার স্ট্যাটিসটিক দিলেই পশ্চিমবাংলার উন্নয়নের ক্ষতিয়ান ঠিকমতো ধরা হবে না, এটা আমি জানি। আমি জানি যে সারা পশ্চিমবাংলার উন্নতি ক্ষতিয়ান কয়েকটা ব্রিজ করে এখানে টেনে আনা যাবে না। সি. এম. ডি. এ এলাকায় কতখানি গেল এবং তার উপর পশ্চিমবাংলার উন্নতি নির্ভর করছে সেটাও মেনে নিতে চাই না। মূল কথা নির্ভর করছে, যেটা সি. পি. আই বন্ধুরা বলেন, বিরোধীপক্ষের বন্ধুরা বলেন, আমরা সকলে একবাক্যে স্বীকার করি পশ্চিমবাংলার গ্রামবাংলার মানুষ, খেটেখাওয়া মানুষ, কৃষিশ্রমিক এবং ক্ষেতমজুর এবং সব চেয়ে বড় কথা বর্গাদার, ভাগচাষী এর জীবনযাপনের ক্ষেত্রে কতখানি উন্নতি হয়েছে বা কতখানি উন্নতি করা গেল তার উপর পশ্চিমবাংলার উন্নয়ন-এর ক্ষতিয়ান হিসাব করতে হবে। কলকাতা বা অন্য জায়গার ক্ষতিয়ান দেখে হিসাব করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে একটা

কথা বলি আপনার মাধ্যমে মাননীয় বেস্টারউইচ মহাশয়কে জানিয়ে দেই শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইব্স ছেলেদের চাকরির ক্ষতিয়ান যা তিনি দেখিয়েছেন, তিনি একথা স্বীকার করুন যে পশ্চিমবাংলায় সর্বপ্রথম এই গভর্নমেন্ট আসার পরে অনুন্নত সম্প্রদায় মানুষের জন্য বাসস্থানের চিন্তা শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ পয়েন্ট প্রোগ্রামের মধ্যে দিয়ে আনিয়ে দিয়েছি।

[4-30 - 4-40 p.m.]

এবং তাদের প্রত্যেককে বাসস্থানের জন্য উপযুক্ত জমি দেওয়া হয়েছে। সুযোগ-সুবিধা যদি হয় তাহলে আমরা টাকা দিয়ে ঘর করে দেব, এই কথা দিয়েছি। সুতরাং আমরা তার মধ্যে দিয়ে এখন বোঝাতে চাইছি না। কিছু ছেলের চাকরি কম হ'ল, আমরা শিডিউল্ড কাস্ট এবং ট্রাইব্সের প্রতি কোনও অবিচার করছি, তা ঠিক নয়। আমাদের বর্তমান ভারতবর্ষের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী কয়েকদিন আগে মিটিং-এ পরিষ্কারভাবে এখানে বলেছিলেন যে অনুন্নত সম্প্রদায়ের উন্নতিই হচ্ছে, তাঁর ধ্যান জ্ঞান এবং আমাদের সরকারের বড় লক্ষ্য কর্তব্য হচ্ছে অনুন্নত শ্রেণীর উন্নতি সাধন। আমরা সেটা থেকে বিচ্যুত হইনি এবং বিচ্যুত হতে চাইও না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হিসাবের খতিয়ান যদি দেখেন তাহলে আপনিও দেখতে পাবেন সব থেকে বড় কথা হচ্ছে কৃষি উন্নতি। কৃষি উন্নতির জন্য সব থেকে বড় জিনিসের দরকার তিনটে বিষয়, তিনটি বিষয়ের সমন্বয় না করতে পারলে কৃষি উন্নতি হয় না। শুধু বীজ হলেই হবে না, জলের সাপ্লাই তার জন্য চাই, ইলেক্ট্রিসিটি তার জন্য চাই, উন্নত প্রথায় চাষের পদ্ধতি চাই এবং উন্নত প্রথায় চাষ করতে গেলে যে উন্নত বীজ, এবং অন্যান্য যন্ত্রপাতি দরকার, সেটাও চাই। এই সব কিছুর সমন্বয়ে যে একটা সবুজ বিপ্লব হতে পারে দেশে, এই সমন্বয় সাধন করতে গিয়ে আমরা দেখি সরকার গঠিত হবার পর আমাদের প্রথম কর্তব্য হিসাবে ঘোষিত করা হয়েছিল যেআমরা ১০ হাজার গ্রামকে বিদ্যুত পৌঁছে দেব। আমরা অনেক গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছি এবং আপনিও যদি হিসাবের খতিয়ান দেখেন—আপনার মাধ্যমে জানাতে চাইছি—তাহলে দেখবেন ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত যেখানে এক হাজার ৯৪৩টি ডিপ টিউবওয়েল ছিল, আপনি জানেন ১৯৬৯-৭০ সালে হয়েছিল ২৩টি, ১৯৭০-৭১ সালে হয়েছে ১৭৭টি, এইভাবে হিসাব করতে করতে ১৯৭৩-৭৪ সালে আমরা ২৬০টি ডিপ টিউবওয়েল করেছি। প্রতিবার এইরকম ইনক্রিজ করেছে, যেখানে ১৯৬৯-৭০ সালে ২৩টি করেছিলাম, ১৯৭০-৭১ সালে ১২৭টি ১৯৭২-৭৩ সালে ২৪৬টি এবং ১৯৭৩-৭৪ সালে ২৬০টি, ডিপ টিউবওয়েল আমরা করেছি। সারা পশ্চিমবাংলা জুড়ে আমরা সবুজ বিপ্লব করাবার জন্য যে কাজ করা উচিত, আমরা তা করেছি। ১০ হাজার গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছি। বিদ্যুতের ইনসাফিসিয়েন্সি থাকার জন্য কোথাও কোথাও লোডশেডিং হয়েছে, কলকাতার লোকেরা সেখানে সমালোচনা করেছে, বলেছে পাখা চলছে না, এয়ার কনডিশন চলছে না, তারা খবরের কাগজে হিসাব দিয়েছে এই জায়গায় লোডশেডিং হয়েছে, এই সরকার অপদার্থ। কিন্তু আমি একটা কথা বলি, সভ্যতার মুখের গ্রাসকে তুলে দিতে গিয়ে ১০ হাজার গ্রামে যদি বিদ্যুৎ তুলে দিতে গিয়ে যদি কোথাও কোথাও কলকাতার লোককে

দিনের বেলায় এয়ার কন্ডিশন বন্ধ যদি রাখতে হয় তাহলে কি সভ্যতা পিছিয়ে যাবে, না সভ্যতা এগিয়ে যাবে, আপনার মাধ্যমে সেটা বিরোধীদের কাছে প্রশ্ন করতে চাই। এটার মাঝখানে কোনও পথ নেই। সভ্যতার উন্নতির সঙ্গে সঙ্গে গ্রামবাংলার উন্নতি, গ্রামবাংলার কৃষক এবং শ্রমিকদের ঘরে আমরা কতখানি পৌঁছতে পারলাম সেটা দেখাতে হবে। অর্থনৈতিক দুরবস্থার নাগপাশ থেকে মুক্তি না পেতে পারলে চলবে না। রাজনৈতিক স্বাধীনতা দিয়ে দেশের মানুষকে জীইয়ে রাখা যাবে না, সেটা আমরা জানি এবং আমাদের সরকার প্রথমেই সেটা উপলব্ধি করতে পেরেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এমনিভাবে শ্যালো টিউবওয়েলের সংখ্যা, এমনভাবে ডিপ টিউবওয়েলের সংখ্যা, এমনভাবে রিভার লিফ্টের সংখ্যা, এমনিভাবে আমরা পাম্পসেট বিতরণ করে গ্রামের মানুষকে অনেক ক্ষেত্রে উন্নতির দিকে এগিয়ে নিয়ে গিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার প্রতিষ্ঠিত হবার পরে যখন ভারতবর্ষে অবিভক্ত কমিউনিস্ট পার্টি ছিল তখন তারা আন্দোলন করেছিলেন, কৃষককে ৬০ ভাগ দিতে হবে, মালিক ৪০ ভাগ পাবে। বলুন, আরও প্রগতিশীল হয়ে এই সরকার ৭৫ ভাগ মালিকানা দিয়েছে এবং তাদের জমিদারী প্রথায় ১৯৭৫ সালের সেপ্টেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে জমিদারী অধিগ্রহণ আইন প্রয়োগ করার ফলে আমরা দেখেছি যে ৯.৫৭ একর কৃষিজমি, ৫.৪৯ একর অকৃষিজমি এবং ৯.৭১ একর বনা জমি সরকারের হাতে এসেছে এবং তাছাড়াও ৫৮.০৯৮ জমি আমরা রাজ্য সরকারের কাছে খাস হিসাবে বর্তেছি এবং সব থেকে সুখের এবং গর্বের—যেটা আমরা গর্ব করে পশ্চিমবাংলার পথে প্রান্তরে ঘুরে ঘুরে বলতে পারি যে আমরা ৪ লক্ষ ৬২ হাজার ৭৭৫ একর জমি ভূমিহীন কৃষকদের মাঝখানে বিলি করে দিয়ে তাদের প্রতিষ্ঠিত হবার সুযোগ করে দিয়েছি। আমরা ঝান্ডা উড়িয়ে এক বিঘা জমিকে দেখিয়ে হাজার লোককে বিপ্লবের স্লোগান দিয়ে মাতিয়ে তুলিনি। আমরা এক বিঘা জমির মধ্যে দিয়ে একটা মানুষ যদি বাঁচে তাহলে একটা মানুষকে বাঁচবার স্বপ্নে আমরা বিভোর হতে চলেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা সেন্স, একটা জাগরণ এর দরকার ছিল, যেটা প্রত্যেকটি মানুষকে ভ্রান্ত পথে পরিচালিত না করে একটা দেশের সুষ্ঠু নাগরিক হিসাবে আইনকে মেনে চলে, আইনের মধ্যে দিয়ে দেশের মানুষকে বাঁচানো যায়, এই যে স্লোগান, এতদিন পর্যন্ত আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলতেন আইন দেশের মানুষের রক্ষাকবচ নয়, আইন দিয়ে দেশের মানুষ সুযোগ-সুবিধা পাচ্ছে না। আজকে এখানে দাঁড়িয়ে বলুন, আমরা সবুজ বিপ্লবের নাম করে গান্ডাবিদের জমি বন্ধ করে, ৭৫ ভাগ মালিকানা চাষীর ঘরে পৌঁছে দিয়ে এবং এত লক্ষ একর জমি ভূমিহীনদের হাতে পৌঁছে দিয়ে, আমরা সর্বপ্রথম প্রমাণ করতে পেরেছি যে আইন দিয়ে মানুষকে বাঁচিয়ে রাখা যায় এবং আইন দিয়ে ভূমিহীন কৃষকদের এবং দরিদ্র নিষ্পেশিত জর্জরিত মানুষদের বাঁচিয়ে রাখা যায়। তাই আজকে তারা ইন্দিরা গান্ধীর পাশে এসে দাঁড়িয়েছে, ২০ দফা কর্মসূচিকে সমর্থন করেছে। আর বিরোধী পক্ষের বন্ধুরা কিছু গন্ধে মেতে উঠেছে, জানছে সমস্যা না থাকলে বিপ্লব আসবে না, সমস্যা থাকলে ফ্রাস্ট্রেশন আসবে। সমস্যা যদি শেষ হয়ে যায় বিপ্লব হবে না, এখানে অন্যরকম ব্যবস্থা নিতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে, যে আমাদের দেশে আর একটা জিনিস আছে, কিছু কিছু ক্ষেত্রে আমাদের দুর্বলতা আছে, ব্যর্থতা আছে, একথা আমরা স্বীকার করি, একথা আমরা অস্বীকার করি না এবং অস্বীকার করে সত্যের অপলাপ করতে চাই না। আমাদের দেশে কিছু সম্প্রদায় ছিল, যাদের কথা আমি এই বিধানসভায় গত বাজেট অধিবেশনেও বলেছিলাম, তারা হচ্ছে মুচি, মেথর, কামার, জেলে, ডোম সম্প্রদায়। আমরা যদি বাংলা ভাষার কথা বলি, নিজেদের ভাষার ঐতিহ্যের কথা বলি তাহলে গ্রামাঞ্চলের হাটে বসে যে মুচি জুতো তৈরি করে, কামার হাপর টেনে পেরেক তৈরি করে, আমরা দেখেছি দামোদরকে কেন্দ্র করে তার দুই তীরে যে জেলে সম্প্রদায় বাস করে তারাও আমাদের ঐতিহ্য। আজকে আমাদের সেই ঐতিহ্যকেও রক্ষা করতে হবে। আজকে এই সরকারের দ্বারা অনেকের উপকার হওয়ার ফলে তারাও ভাবতে শুরু করেছে যে এই ২০ দফা অর্থনৈতিক কর্মসূচির দ্বারা তাদেরও উপকার হবে এবং তাদের মধ্যে সেই আশা সঞ্চারিত হয়েছে। সেই সঙ্গে আমাদের মনে রাখতে হবে যে বাটার সঙ্গে কমপিটিশনে এই মুচিরা পারছে না বলেই ব্যবসা ছেড়ে দিয়ে কোদাল নিয়ে মাঠে যাচ্ছে, অথবা শহরাঞ্চলে এসে মুটে হচ্ছে। জেলে, কামার, ডোম, মুচি প্রভৃতি সম্প্রদায়ের মানুষ গ্রামবাংলায় নানারকম শিল্প কর্ম নিয়ে ছিল, আজকে তাদের আবার আমাদের যতটুকু পারি সেই অবস্থায় তাদের নিয়ে গিয়ে তাদের বাঁচাবার চেষ্টা করতে হবে। তাদের যে নানারকম শিল্প কর্মের ঐতিহ্য ছিল সেই শিল্প কর্মকে বাঁচাবার জন্য, সেই ঐতিহ্যকে বাঁচাবার জন্য এই সরকারের কাছে আমাদের আন্তরিক অনুরোধ জানাই এবং এই কথা ভাবতে বলি। আগামী দিনে আমাদের এদের কথা চিন্তা করে, গ্রামবাংলার এই নিস্পেষিত মানুষদের পাশে দাঁড়াতে হবে। এই কয়টি কথা বলে এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি : স্পিকার, স্যার, এই বারের বাজেট অন্যান্য বারের থেকে এ বিট ডিপার্চার, সে বিষয়ে কোনও সন্দেহ নেই এবং ভালর দিকে। কিন্তু সেই যেখানে বাজেটের চেহারা সেই চেহারা সম্বন্ধে আর একটা কথা বলতে চাই—চেহারা হচ্ছে এই রকম, "এক দেশের শাসক দল প্রচার করল যে একজন জাতীয় কবির মূর্তি স্থাপন করা হচ্ছে এবং তা উন্মোচন হবে। দামি কবি, দেশশুদ্ধু মানুষ এসে উপস্থিত যে কবির মূর্তির আবরণ উন্মোচন হবে। সব দল এলো, শাসক দল এসে যখন আবরণ উন্মোচন করল তখন দেখা গেল যে, তাদের এক নেতা দাঁড়িয়ে আছেন এবং তিনি কি যেন পড়ছেন। লোকে বলল, একি আমাদের বলা হলো কবি, কবির মূর্তি কোথায়? এত শাসক দলের একজন নেতা। তখন শাসক দল থেকে বলা হল, তাতে কি হয়েছে, উনি যে কবিতাটা পড়ছেন এটা সেই কবির লেখা। এরপরও তোমরা বলবে কবির মূর্তি হল না?" সেই রকম এখানে আমরা যখন বাজেটের চেহারা দেখছি তখন সেই জিনিসই দেখছি, কেন তা পরে বলছি। কালকে যখন শ্রমমন্ত্রী এই বাজেটের সমর্থনে বক্তব্য রাখছিলেন তখন তিনি সেই বক্তব্য রাখতে গিয়ে

আমাদের নেতা বিশ্বনাথ মুখার্জির দেওয়া ফিগারগুলিকে এই হাউসের মধ্যে দাঁড়িয়ে একেবারে বিকৃত করে দিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ব্যাপারে ইচ্ছে করলে জয়নাল ভাই প্রসিডিংস এনে দেখতে পারেন। বিশ্বনাথবাবু বলেছেন ১৯৭৫ সালের ফিগার, অথচ মিনিস্টার গোপাল দাস নাগ বলছেন, বিশ্বনাথবাবু ১৯৭৪-৭৫ সালের ফিগার দিয়ে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। কিন্তু আদৌ ঘটনা তা নয় এবং তিনি বলেছিলেন যে তিনি ১৯৭৬ সালের ফিগার জোগাড় করতে পারেননি তাই তিনি শুধু '৭৫ সালের ফিগারটাই দিচ্ছেন। গোপালবাবু কেন ১৯৭৪ সালটা বললেন? না, উনি সমস্ত জায়গায় সঙ্কট দেখিয়েছেন, এমন কি তিনি বলেছেন যে, আমেরিকার মতো দেশেও সঙ্কট দেখা গিয়েছিল। একথা কেন বলছেন? না, তারা ক্যাপিটালিস্ট পথ ছাড়া ধনতান্ত্রিক পথ ছাড়া আর কোনও পথের কথা ভাবতে পারছেন না। কিন্তু এমন অনেক দেশ আছে, যেখানে এই সঙ্কট দেখা দেয়নি ১৯৭৪-৭৫ সালে। আর আমেরিকাতে হয়েছিল, কেন হয়েছিল, because they follow capitalist path and this is the root crisis. এটা বুঝতে হবে, যদি না বোঝেন তাহলে আর কি বলব? সেই জন্য বলি উনি যে কথা বলেছেন, সেটা ঠিক নয়।

[4-40 – 4-50 p.m.]

কালকে তুলনা করতে গিয়ে বিশ্বনাথবাবু দেখিয়েছেন অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের ডেভেলপমেন্ট গ্রোথ কম। এ বিষয়ে ফিগারকে অস্বীকার করে লাভ নেই। তাতে এইমানে নয় যে আমরা কিছু করিনি প্রত্যেকবারই প্রত্যেক মন্ত্রীই বলেন আমরা বিকাশ করছি। কয়েক কোটি টাকা খরচ করলে কলকাতাতেও ধান ফলানো যায়। সুতরাং আমেরিকার উদাহরণ এবং সেই ক্যাপিটালিস্ট পার্টি থেকে চলে আসতে হবে। এইমাত্র আফতাউদ্দিন ভাই বললেন উন্নতি কি হয়নি এবং আইন করে উন্নতি করা যায় তার প্রমাণ হয়ে গেল। কিন্তু আমি তাঁকে বলব আপনাদের নেতৃ বলেন Law দিয়ে কিছু করা যাবে না, জনসাধারণকে অংশ গ্রহণ করাতে হবে এবং তাহলেই সমস্ত কিছু হবে। অবশ্য আইনেরও দরকার আছে। বাজেট সম্বন্ধে বলতে গিয়ে বলব বাজেট ইন এ মিরর একটা সরকারের কি তার চরিত্র, কি তার দৃষ্টিভঙ্গি সমস্তই এই বাজেটের মধ্য দিয়ে দেখা যায়। আমেরিকার মতোন দেশ যারা পাকিস্তানকে প্রচুর টাকা দিয়ে তাদেরও বলতে হচ্ছে তোমরা কি করছ, খাবারের টাকা অস্ত্র-তে ঢালছে এতে সর্বনাস হয়ে যাবে। আমাদের ওখানে অর্থমন্ত্রী বাজেটের একটা দিক দেখাবার চেষ্টা করেছেন। যারজন্য আমি বলেছি অন্যান্য বারের চেয়ে ইট ইজ এ ডিফারেন্ট অবশ্য তাতে কিছু ভাল হয়েছে। কিন্তু ডিফিকাল্টিটা কোথায়? ডিফিকাল্টি সম্বন্ধে তিনি প্রিয়ামবল বলেছেন বাজেট উন্নয়নের গতিকে ত্বরান্বিত করার জন্য একটা শক্তিশালী হাতিয়ার। আবার বলছেন দারিদ্র দূরীকরণ, উন্নতিকে ত্বরান্বিত করা, সামাজিক ন্যায়-বিচার সুনিশ্চিত করা এবং অর্থনৈতিক স্বনির্ভর অর্জনের জন্য পরিকল্পনা হল একটা হাতিয়ার। এক্সাক্টলি সো ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যান করে পন্ডিত নেহেরু একজন ফ্রেঞ্চ ইকনমিস্টকে দেখান এবং তিনি একটা বাক্যে তাঁর উত্তর দিলেন ইট ইজ নট এ প্ল্যান বাট এ প্রোগ্রাম এখানে শঙ্করবাবু যা রেখেছেন তাতে

প্রোগ্রাম আছে কিন্তু ইট ইজ নট এ প্ল্যান। প্ল্যান হবে স্যার, স্বাভাবিক আমাদের জীবন দিয়ে আমরা জানি যে একজন তার মেয়ের বিয়ে দেওয়ার ঠিক করলেন একজন জাজের সঙ্গে, ছেলে সুন্দর হবে, স্বাস্থ্যবান হবে, বনেদী পরিবার হবে, দ্যাট ইজ এ প্ল্যান, কিন্তু তার যে টাকা আছে তাতে শেষ পর্যন্ত তাকে ঠিক করতে হল সিঁথেয় সিঁদুর থাকবে এই রকম একটি স্বাস্থ্যবান ছেলে হলেই হবে যে খেটে খাওয়াতে পারবে যাতে ভবিষ্যতে তার মেয়ে কাচ্ছা-বাচ্ছাদের নিয়ে তার বাড়িতে উপস্থিত না হয়, এটি হল তার প্রোগ্রাম। আমরা যেটা প্ল্যান করব সেটা করব মেটিরিয়ালাইজ করবার জন্য। হোয়াট ইজ দি রেজাল্ট, রেজাল্ট হচ্ছে আমাদের সরকারের কথা ৬০ পারসেন্ট অব দি পপুলেশন পোভার্টি লাইনের নিচে আছে। ২৭ বছর ধরে আমরা চলছি। এটা কোনও গালাগালি দেওয়ার জন্য নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন বক্তৃতা করি, আমাদের পার্টির নিয়মও তাই, যে নেগেটিভ সমালোচনা কোনও সমালোচনাই নয়, সেটাকে আমরা কন্ডেম করি। গালাগালি বহু দেওয়া যায়, ক্রিটিসিজম নানাভাবে করা যায়, আমরা যদি সরকারে থাকতাম তাহলে রাতারাতি ভেল্কি করে দিতে পারতাম না, রাতারাতি ভেল্কি কিছু করা যায় না, কিন্তু দেখতে হবে আমার এই গতির ধারা অব্যাহত আছে কিনা এবং কোনও জিনিসগুলির উপর আমি জোর দেব। গণতান্ত্রিক দেশের বাজেট দেখবেন তারা তড়ি-ঘড়ি কিছু করছে না, তারা প্ল্যান করেছে ৫ বছরের কি কয়েক বছরের যে আজকে যে ছেলের বয়স ১১ বছর, ৫ বছর বাদে তার বয়স হবে ১৬ বছর, তাকে হায়ার এডুকেশন দিতে হবে, তার জন্য এতগুলি হায়ার স্কুলস দরকার। হাউ মেনি হায়ার স্কুলস উই ডিমান্ড? ইংরাজ আমল থেকে বহু কমিশন হয়ে গেল—স্যাডলার কমিশন, কোঠারী কমিশন, কতগুলি স্কুলস দরকার সেটা বলেছেন? আমি গ্রামের দিকে কৃষকের ব্যাপারে নিয়ে শুরু করব। এই যে বাজেট করলাম ১৯৭২ সালে তাতে কৃষকের জীবনের মান উন্নয়ন হয়েছে কিনা ফ্যাক্ট কিন্তু তা বলছে না। নিশ্চয়ই শঙ্করবাবু যে উৎপাদন বাড়াবার দিকে নজর দিয়েছেন তাকে সমর্থন করি, কিন্তু জয়নাল ভাই বসে আছেন, আপনি বলুন কৃষক যদি তার ফসলের উৎপাদন মূল্য না পায় উইল দেয়ার বি এনি প্রোডাকশন? নো, হতে পারে না। আজকে কৃষক তার ফসলের দাম পাচ্ছে না। আপনি চেঁচাচ্ছেন পাটের মূল্য দাও, দে আর সাফারিং ইন নর্থ বেঙ্গল, একবার বলবেন সস্তায় খাদ্য দাও, দুটো একই জিনিস হচ্ছে। জল বলুন সার বলুন নিশ্চয়ই দেবেন, কিন্তু তার প্রাইস যদি ডিটারমিন করতে না পারেন তাহলে কিসের দিয়ে খাদ্য উৎপাদন বাড়াবেন? আপনি তাদের সাবসিডি দেননি, তাদের জল দিয়ে তার কাছ থেকে বেশি ট্যাক্স নিচ্ছেন। কৃষকের ফসলের মূল্যের জন্য যদি আপনি ব্যবস্থা না করেন, তার সাপোর্ট প্রাইস এর ব্যবস্থা না করেন, সস্তায় ইনপুটস পাবার ব্যবস্থা না করেন তাহলে শুধু ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল দিয়ে কিছু হবে না, যে জন্য বাজেট সেই বাজেট সেই কাজ পূরণ করছে না। আপনি কৃষকের জন্য ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল করেছেন সেই ফিগার মিথ্যা নয়।

[4-50 – 5-00 p.m.]

এই হচ্ছে ঘটনা। এটা না করলে কি হয়? ফ্রেঞ্চ ইকনমিস্ট বলেছেন, যে প্ল্যানে জনসাধারণ মনে করে না এতে তার মঙ্গল হচ্ছে সেই প্ল্যান অকেজো হয়ে যায়। আপনি প্রোগ্রাম করতে পারেন জজের সঙ্গে মেয়ের বিয়ে দেব, কিন্তু আপনার তো ব্রোঞ্জের চুড়ি দেবার ক্ষমতা নেই। এই অবস্থায় পড়ে মেয়ে তখন ভাবে আমার জজ স্বামী হবে না, পাড়ার ছেলে জোটে কিনা দেখি। ঠিক সেই রকম আপনারা যখন কিছু করছেন না তখন কৃষক ভাবে সে নিজে কিছু করতে পারে কিনা। কিন্তু এইভাবে কি তাদের মধ্যে কোনও উৎসাহ সৃষ্টি হবে? আপনাকে এমন অবস্থার সৃষ্টি করতে হবে যাতে কৃষক ভাবে যে, ইয়েস দিস গভর্নমেন্ট ইজ মাই গভর্নমেন্ট, আই স্যাল এক্সটেন্ড এভরি অ্যাক্ট ফর প্রোডাকশন। এই জিনিস না করলে হবে না এবং সেইজন্যই ফ্রেঞ্চ ইকনমিস্ট বলেছিলেন, এমনভাবে প্ল্যান করতে হবে যাতে জনসাধারণকে সুযোগ-সুবিধা দেওয়া যায় এবং তবেই তারা তাতে অংশ গ্রহণ করবে। আমাদের কৃষক যদি না বোঝে যে আমি আমার ফসলের মূল্য পাব তাহলে ভোর রাত্রে উঠে সে খাটবে কেন? পাটের দাম যখন পড়ে গেল তখন জয়নাল সাহেব বললেন, পাটের দাম না দিলে আগামী বছর পাট হবে না। কাজেই আপনাদের বাজেটে সাপোর্ট প্রাইসের কথা থাকা উচিত ছিল, সেই গ্যারান্টি, সেই প্রোটেকশনের কথা থাকা উচিত ছিল। কিন্তু সেই জিনিস আমি বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি না। তারপর, খাদ্যের ব্যাপারে দেখছি দেয়ার ইজ নো প্রভিসন ফর স্টেট ট্রেডিং। আমি জিজ্ঞাসা করছি আমাদের ওইপাশে যাঁরা বসে রয়েছেন এতে তাঁদের স্বার্থ পূরণ করবে কি? স্টেট ট্রেডিং ইন ফুড এটা না করে শুধু জি আর দিয়ে হবে না। কিন্তু এর জন্য টাকা বাজেটে কোথায় রেখেছেন? এটা রাখা উচিত ছিল। তারপর, ইকনমিক রিভিউতে বলছে, কর্প অব আনএমপ্লয়মেন্ট। এর মানে কি? সারা জীবন কি কেউ বেকার থাকবে? প্রশ্ন হচ্ছে দেশকে যখন [illegible]দের উন্নত করতে হবে তখন চিন্তা করতে হবে কি করে বেকারত্ব দূর করতে পারেন। আপনারা বাজেট বইর ১৯ পাতায় বলেছেন, আমরা বেকারত্ব দূর করবার জন্য ঠিক করেছি ব্যাঙ্ক থেকে এত টাকা দেবে, তারপর আবার বলেছেন, শিক্ষিত বেকারদের কর্মসংস্থান করবেন। বেকার মানে কি শুধু শিক্ষিত বেকার? তা নয়। বেকারত্ব ঠেকাতে গেলে আপনাকে প্রথম কাজ যেটা করতে হবে সেটা হচ্ছে তাদের দেখতে হবে। আমরা বারবার প্রশ্ন তুলি, ব্যাঙ্কে গালাগালি দেই। কিন্তু আসল ঘটনা জানেন কি? আমি একটা মিটিং-এর কথা উল্লেখ করছি যেখানে আমাদের অর্থমন্ত্রী প্রিসাইড করছিলেন। আমি সেই মিটিং-এ দেখেছি তাঁরা মিনিস্টারের দিকে আঙ্গুল দেখিয়ে বলছেন, আস্ক ইওর মিনিস্টার, আমরা টাকা দেব কেন? আপনারা কি জানেন না এটা গরিব মানুষদের টাকা, এর অপচয় করা যাবে না। তাহলে ভাবুন অবস্থাটা কি? মনে করুন আমি একটা গ্যালভানাইজড্ আয়রন সিট তৈরির কারখানা করব—দেবেন আমাকে ইলেক্ট্রিসিটি? আমি একটা ইন্ডাস্ট্রি করব—কিন্তু দেখছি পাওয়ার নেই, সিমেন্ট নেই। এই অবস্থা তো চলছে। আমি জানি ৩ বছর ধরে রিফিউজিরা বারবার চেষ্টা করছে একটা

অ্যালুমিনিয়াম ফ্যাক্টরি করবে, কিন্তু দেখছি ৩ বছর ধরে সেটা হচ্ছে না। তারা বলছে পাওয়ার, সিমেন্ট পাওয়া যাবে না, তাহলে কি দিয়ে আমরা এটা করব? বাধা কোথায়—ব্যাঙ্ক টাকা দিতে চাচ্ছে না। গভর্নমেন্টের ব্যাপারে যখন যেমন আমরা প্রায়রিটি রাখি আপনাদের কোনও অসুবিধা হয় না। সেখানে একটা ফিক্সড কোটা থাকে। why not there be fixed quotas for the development of small and medium industries. There is no such.

(ডাঃ জয়নাল আবেদিন ঃ আছে।)

আচ্ছা দেবেন, ঠিক আছে। আমি তাহলে সেইসব ছেলেদের বলব যে টিন পাওয়া যাবে, সিমেন্ট পাওয়া যাবে। দ্বিতীয়ত হচ্ছে বেকারত্ব ঘুচাতে হয় তা হলে কৃষকদের বেলায় যেমন দরকার বেকারদের বেলায়ও দরকার। অনেকে সাহস করে করতে পাচ্ছে না, করে ঠকে যাচ্ছে। তাদের বিক্রি করার জায়গা নেই। মার্কেটের ব্যবস্থা নেই। মার্কেটের ব্যাপারে গভর্নমেন্টের কথা কি—মিঃ ভট্টাচার্য ডেপুটি ডিরেক্টার স্মল ইন্ডাস্ট্রিতে ছিলেন। তিনি হাত জোড় করে বললেন অজিতবাবু মাফ করবেন, আমি ভস্মলোচন হতে পারব না। আপনি আমাদের দিয়ে কেনাবেন মাল জমে থাকবে। আমি এইভাবে খরচ করতে পারব না। মার্কেটিং-এর ব্যবস্থাটাও আপনাদেরই করতে হবে। আমরা বললাম যে বেকার যারা সাহস করে করবে বা সাহস করে করে—যে কোনও অনুন্নয়নশীল দেশ সেখানকার সরকার এগিয়ে আসে তুমি যদি মার্কেট না পাও আমি তোমার জিনিস নিয়ে মার্কেটের সুরাহা করব আমি মালটা কিনে নেব। গল্পটা আমি তাকে করেছিলাম যে আমি যদি বালতির কারখানা করি আপনি কি করবেন। আপনার গভর্নমেন্ট আইন করেছে টেন্ডার দিতে হবে। এখন ধরুন ডেভেলপ ইন্ডাস্ট্রি তার সঙ্গে আমি টেন্ডার পারব কেন, পারব না। গভর্নমেন্ট থেকে কোনও অ্যাসোয়ুরেন্স নেই। কোনও গ্যারান্টি নেই। আপনার ছেলেরাও যে কিছু করবে তারা বিক্রি করতে পারবে না কেন না মার্কেট কোথায়। ইউ আর টু রিয়েলাইসড দিস, তার জন্য ফাইনান্সিয়াল অ্যারেঞ্জমেন্ট না থাকে বাজারের ব্যবস্থা না থাকে......

মিঃ স্পিকার ঃ এখন কটেজ ইন্ডাস্ট্রি এমপোরিয়াম করেছে।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি ঃ হ্যাঁ এখন এমপোরিয়াম করেছে। সে এমপোরিয়াম আমি দেখেছি। এখন এই হচ্ছে ঘটনা। এই জিনিসগুলি যদি আমরা বাজেটের মধ্যে এনে সংবদ্ধ না করি তাহলে ছেলেদের উৎসাহ যেমন সৃষ্টি হবে না তেমনি আমাদের এই বেকারের যন্ত্রণা—যন্ত্রণা তো শুধু বেকার ছেলেদের নয় এটা একটা ন্যাশনাল প্রবলেম। আমি একটা উদাহরণ দিয়ে বলছি বনগাঁয়ে সীমান্তীকা দেশলাই ফ্যাক্টরি রেজিস্ট্রেশন করে রেখেছি কো-অপারেটিভের মাধ্যমে। আজ পর্যন্ত তার কিছুই হয়নি। আমি যখন বলি তখন বুকে সাহস রেখে বলি। কেউ যদি প্রশ্ন করেন তার উত্তর কিভাবে দেব তা জেনেই বলি। আমি ভুক্তভোগি তো নাম করে বলে দিচ্ছি। মন্ত্রী মহাশয় যদি কিছু করতে পারেন তো দেখবেন।

তৃতীয়ত হচ্ছে এখানে লেখা আছে আন্ডার ডেভেলপ এবং ব্যাকওয়ার্ডের ব্যাপারে কিছু করছেন। কোথায় ব্যাকওয়ার্ড পিপুল আন্ডার ডেভেলপ বলব, তার আগে স্পিকার সাহেব আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই সরকার কি ২৪ পরগনাকে সতীনের ছেলে বলে মনে করেন? আমার দুর্ভাগ্য ২৪ পরগনায় জন্মগ্রহণ করেছি—বসবাস করছি। আপনি কাগজ খুলে দেখবেন সেখানে ট্যাংরা বলে একটা কলোনি আছে। স্যার আপনিও বাস্তুহারাদের নেতা, আমিও বাস্তুহারাদের মধ্যে কাজ করি। প্রশ্নটা হচ্ছে তখনকার দিনে হীরন্ময় ব্যানার্জি বলেছিলেন আমি সেখানে রাস্তা ডেভেলপ করব, আমি সেখানে বাজার-হাট করে দেব। তারা কোয়ারেন্টায় অষ্ট্রেলিয়া ইমপিরিয়ালিস্টরাও যা করতে পারেন নি আপনারা তাই করেছেন। সেখানে থেকে হাজারে হাজারে বাস্তুহারা চলে গেল ইভা কুয়েটেড এবং এগেন এভিকটেড কি যন্ত্রণার কথা বলুন। তরুণবাবু আজকে এখানে নেই তিনি প্রকাশ্যে আমাদের সমালোচনা করে বলেছিলেন ইয়েস ২৪-পরগনা ইস অলসো ব্যাকওয়ার্ড এবং আন্ডার ডেভেলপ। তবু এখানে ২৪-পরগনার নাম নেই। এখানে আমরা চাই যে নর্থ বেঙ্গলকে নিশ্চয়ই উন্নত করতে হবে, সেখানে টাকা দিতে হবে।

[5-00 - 5-10 p.m.]

সেভেনটিন পারসেন্ট পপুলেশন ইন নর্থ বেঙ্গল কিন্তু We are having 25% population in only 24 parganas district. It is just like a country in Europe. You cannot understand, you cannot realised you would not appreciate that. যে ২৪ পরগনা কোথায় গিয়ে দাঁড়িয়ে আছে। এখানকার ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিস আপনি গিয়ে দেখুন যে লক্ষ লক্ষ লোক সেখান থেকে চলে যাচ্ছে বিকজ ইউ ক্যান্ট ডেভেলপ, কোথায় চলে যাচ্ছে? চলে গিয়েছে জয়নাল ভায়ের জেলায়, ইসলামপুরে শত শত পরিবার চলে গিয়েছে আপনার ঐ ট্যাংরা কলোনি ছেড়ে। কিন্তু আজো পর্যন্ত সেখানে রাস্তার টাকা চলে গেল। সেইজন্য আমি বলছি যে আমি যখন নর্থবেঙ্গলে গিয়েছিলাম, সেখানে তখন বলেছিলাম যে নিশ্চয়ই এখানে উন্নয়ন করতে হবে কিন্তু আপনাদের এখানে এতদিন অবহেলিত ছিল কেন? আমার যুক্তি ছিল—সেটা ভুল হতে পারে, জয়নাল ভাই বলবেন, বেসিকালি সেখানকার পপুলেশন হচ্ছে মুসলিম এবং ব্যাকোয়ার্ড ক্লাশ—বাহে, এইজন্য তারা মুখ ফুটে কিছু বলতে পারত না এবং সেইজন্য তাদের এই অবস্থা হয়েছে। আজকে তারা জেগেছে, আজকে তাদের দিতে হবে, কংগ্রেস গভর্নমেন্ট দয়া করে করছেন না। তাঁদের নেতা বলেছেন, ইন্দিরা গান্ধী বলেছেন যে হতাশা মানুষকে প্রতিক্রিয়াশীল করে দেয়। আমরাও তাই বলি। সেইজন্য আমরা বলছি উন্নয়নের কথা। এটা যদি ভালভাবে অ্যাপ্রিসিয়েট করেন তাহলে দেখবেন আজকে উন্নয়ন আমাদের জাতীয় স্বার্থে করতে হবে নইলে Jayprakash's people will take advantage আপনাদের ইন্দিরা গান্ধী, প্রধানমন্ত্রী, তিনিও এই কথা বলছেন যে হতাশায় ফেলোনা, হতাশায় ফেললে অন্যের সুবিধা হয়, প্রতিক্রিয়াশীলরা সুবিধা পায়, তাকে ফিরিয়ে আনতে হবে। আজকে তাদের হতাশা দূর করবার জন্য নর্থবেঙ্গলে

নিশ্চয়ই স্টেপ নিতে হবে। আমিও সেই কথা মানি। কিন্তু আপনারা যদি অন্যান্য জায়গায় না দেন—বলতে পারিনা, ২৪ পরগনায় বামপন্থী বেশি বলে কি ভাবছেন কিন্তু তা ঠিক মনে করতে পারছি না কারণ মেদিনীপুরেও দেখছি যে বামপন্থী বেশি আছে, তবুও কেন ২৪ পরগনার দিকে আপনাদের নজর পড়ল না তা বুঝতে পারছিনা। অধ্যক্ষ মহাশয়, তা আমার মনে হয় যে আপনার তো বক্তৃতা দেবার সুবিধা নেই, আপনি এঁদের বলবেন যে ২৪ পরগনার এই সব অবহেলিত জায়গাগুলির দিকে অন্তত কিছু স্মল ইন্ডাস্ট্রি,— উনি উত্তর দেবার সময় যদি বলেন যে ওখানে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করতে রাজি আছেন অন্তত একটা করুন। সেখানে ব্যাকওয়ার্ড সেকশনের কথা বলেছেন তা নিয়ে আমি আর কিছু বলতে চাই না। আমি শুধু একটা কথা বলব যে বাসস্থানের কথায় আমাদের মন্ত্রী মহাশয় বলেছেন যে বাসস্থানের ব্যবস্থা করছেন এবং তারজন্য ৭৫ লক্ষ টাকা বাস্তু জমির জন্য দিয়েছেন। একথা বলতেও ইচ্ছা করে না, ৭৫ লক্ষ টাকা দিয়ে বাস্তুহীনদের জমি দিয়ে বাস্তু করে দেবেন? কথাটা হচ্ছে এই যে বাসস্থানের প্রবলেমটা খুট করে সমর্থন করা যায় না এবং সমাধান করাও যায় না। যারা হাইলি ডেভেলপ্ড কানট্রি—আমি শুধু একথাটা বলতে চাচ্ছি যে কথাটা মুখ্যমন্ত্রী মহাশয়ও বলেছেন যে বাস্তু দিচ্ছেন, সে সব দেশে ইট ইজ দি ওনলি প্রবলেম, এমন কি সোভিয়েত রাশিয়ায় লোকে ফ্ল্যাট থাকে, তবু তারা এখনও বাস্তুর সমাধান করতে পারেনি, সেখানে মুখে বলে কয়েকটি টাকা দিয়ে এর সমাধান হবে না। আজকে মন্ত্রী মহাশয় যদি আমার সঙ্গে ঐ জায়গায় যান তাহলে কালকে তিনি মন্ত্রিত্ব ছেড়ে দেবেন, দেখবেন ফুট পথে কত লোক ঘর-সংসার করছে, কি ভাবে রয়েছে মানুষ। তারপরেও কি আমরা বলতে পারি বুকে হাত দিয়ে যে আমরা বাস্তুর সমাধান করেছি when mothers and sisters are on the pavement. সেইজন্য ৭৫ লক্ষ টাকা, কি দু'কোটি টাকা দিয়ে উনি গর্ব করছেন কিন্তু আমাদের সাব ডিভিসনে যে টাকা লাগবে একটা তাতেও ৭৫ লক্ষ টাকার বেশি লাগে। আমার কথা হচ্ছে যে এটাকে সোবারলি বুঝতে হবে।

স্পিকার মহাশয়, আপনাকে বলি, আপনি তো বনগাঁয় যান, আপনি জানেন। একজন একটা কথা বলেছিল—এই ভদ্রলোক কবে মরবে তারপরে আমি এম এল এ হব, সেটা বলতে গিয়ে বলি প্লাস ওয়ান মাইনাস ওয়ান হলে জিরো হয়, এটা মনে রেখে তবে এগুতে হবে। এক দিকে আপনারা জমি দিচ্ছেন, আর এক দিকে তাদের বাস্তুচ্যুত করছেন। বনগাঁয় ইতিমধ্যে গভর্নমেন্ট ল্যান্ড থেকে দোকান ঘর নয়, রেলওয়ে কলোনিতে এমন কি গরিব মানুষকে উৎখাত করছেন, ছয় ঘরে গ্রামে একজন অন্য লোকের জমি কিনেছে, তার সঙ্গে সামান্য কিছু জমি, সেই জমিতে ঘর ভেঙে দেওয়া হয়েছে। তাতেও লোভ মিটল না, তাকে মিসা করা হয়েছে, বহু চেষ্টা করে দেড় মাস পরে ছাড়া পেয়েছে। সরকার জমি দিতে স্বীকৃত কিন্তু বাস্তু লীন করবার আগে তাদের জন্য বাজেটে তো একটা এমাউন্ট থাকবে। বলা হবে সহযোগিতা করছে না, এই জায়গা থেকে সরছে না, উই মাস্ট বি প্রিপেয়ারড্ সরকারের কথা শুনতে, কিন্তু তার আগে এটা তাদের বুঝতে দিতে হবে যে এটা তাদেরই সরকার এবং

আমাদের সরকার যখন বলেছে তখন সরে যেতেই হবে এবং তারা জানত যে সরে গেলে ঐ জমি আছে, সে জমি তাকে দেওয়া হবে। আমি দরখাস্ত করে রেখেছি দয়া করে সেখানে দিন। মার্কেট থেকে হঠিয়ে দিলেন প্রায় ৯১টি পরিবার, মিউনিসিপ্যাল মার্কেটে বাস করত, দেখুন এখন কোথায় যায়। একবার বাস্তু দেবেন, আর একবার তাদের বাস্তুহীন করবেন কিন্তু এই বাজেট পড়ে যে কোনও লোক দেখবে দিস গভর্নমেন্ট ইজ ট্রাইং টু হ্যাভ অ্যাকোমোডেশন ফর অল দি হোমলেস পার্সন্স, রাতারাতি এটা করতে পারবেন না জয়নাল সাহেব এটা আমি মানি, কিন্তু দেয়ার মাস্ট বি সেন্স ইন ইট। বাজেট থেকে কি বুঝব, ইট ইজ এ মিরার কিন্তু তা দেখছি না। এখন আমি শেষ কথায় আসি, এটা আমার কথা নয়, এটা হচ্ছে সমস্ত দেশের বিকাশের কথা। এগুলি করবেন কি? দেশের মানুষ চিন্তা করবে, সরকারি অফিসার করবে, সরকারি কর্মচারীও করবে। আপনারা হাততালি পেলেন বিবৃতি দিয়ে যে ডি এ দেব না চাকুরি দেবেন। এঁরা চাকুরি দেবেন? বলা খুব সহজ, এটা চীপ ডিমোক্রেসী। আমি বলছি, আপনি কি এই ফ্লোরে দাঁড়িয়ে গ্যারান্টি দিতে পারেন যে চাকুরি দেবেন সবাইকে? যদি তা দিতে পারেন তবে তাদের ডি এ দেবেন না, তারাই মাইনে কমিয়ে নেবে। অ্যাশিওর দেম দ্যাট অল আনএমপ্লয়েড উইল বি গিভেন এমপ্লয়মেন্ট, সেটা পারবেন না। এ কথা বলার সাহস আছে, ক্যান ইউ হ্যাভ কারেজ? সরকারি কর্মচারিদের ছিটে ফোঁটাও দিলেন না? একজন বললেন অধ্যক্ষ মহাশয়, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি রমেন এ, রবিবাবুর ভাই, তিনি তখন সার্কল অফিসার তার সঙ্গে তদন্তে যাচ্ছি, তিনি বললেন আপনারা তো বিরোধী পক্ষের, আপনারা যদি সরকারে আসেন আপনাদের গলায়ও মালা দেব। আমি তাকে বললাম এক মাপে ফেলবেন না। আমাদের যখন সরকার হবে তখন আপনি মনে করবেন ইট ইজ মাই ফাংশন, তখন রাতে ঘুমুতে পারবেন না। আজকে তফাৎটা বুঝতে হবে। মনে রাখবেন কেউ চাকর নয়, দে আর অলসো ন্যাশনাল ভোলান্টিয়ারস, পে দেম সাম অ্যালাওয়েন্স, তাদের মনের মধ্যে যদি ঢুকাতে পারেন যে এটা আমাদেরই দেশ, আমাদেরই কাজ, এই যে পরিকল্পনা এই পরিকল্পনা আমাদেরই পরিকল্পনা দে উইল স্পেন্ড টুয়েন্টি আওয়ারস ফর দি ইমপ্লিমেন্টেশন অব দ্যাট, কিন্তু তাদের প্রতি যদি মনে করেন যে আমাদের চাকর কি দিলুম না দিলুম কি এসে যায়, তাতে তারা উৎসাহ পাবে কোথায়? উনি বললেন আমাদের টাকা কোথায়? আমি আপনাকে টাকার হদিশ দেব, সেটাও নিয়ে এসেছি।

[5-10 – 5-20 p.m.]

মাত্র আমাদের আর দু-তিন মিনিট সময় দেন বলবার জন্য। আমি ওঁকে টাকার হদিশটা দিয়ে দেই। হ্যাঁ, টাকা আমি দিয়ে দেব। অজয়দা এখানে নেই—বিড়লাকে টাকা দেবার জন্য ঘরভাড়া করা হয়েছে ক্যামাক স্ট্রিটে অফিসের জন্য। আপনি রাইটার্স বিল্ডিংসে গিয়ে হিসেব নিতে পারেন আপনারা সরকারি অফিসগুলোর জন্য বছরে ন মাসে কত টাকা ভাড়া বহন করেন। বাড়ি তৈরি করতে প্রথমদিকে কিছু টাকা লাগে বটে কিন্তু আপনি বছরে বছরে মাসে মাসে ভাড়া যোগাবার জন্য যে টাকা খরচ করছেন সাবডিভিশনাল হেড কোয়ার্টারর্স, এস ডি

ও অফিস ইত্যাদির বাবদ সেটা না করে যদি সরকারি জমির উপর সরকারি বিল্ডিং করা যায়, তাহলে বছরে ১১ কোটি বেঁচে যায়। তাহলে অফিস অ্যাডমিনিস্ট্রেশনের খুব সুবিধা হয়। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদেরও সবদিকে নজর হয়। অবশ্য আপনাদের কিছু স্নেহধন্য মানুষের খানিকটা অসুবিধা হয়। আমাদের ওখানে এক সিভিল সাপ্লাই অফিসের জন্য মাসে তিনশো গুনতে হয়। সরকারি এক এক জায়গায় ২৩টা ২৪টা অফিসের জন্য ভাড়া নেওয়া হয়েছে। কান্ট ইউ গেট রিড অফ দ্যাট? পারেন? পারেন না।

আমি ট্যাক্সেশন সম্বন্ধে আর দু-একটা কথা বলে বক্তব্য শেষ করছি। আপনি একটু ভেবে দেখুন এই ট্যাক্সেশন সম্বন্ধে। আপনি খাজনার উপর সার-চার্জ বসিয়েছেন। ভাল। তার উপর আপনি একটা জমির সিলিং করে দিন মাঝামাঝি জমির উপর তার উপর সার-চার্জ না করাই ভাল। আপনি টেলিভিশনের উপর ট্যাক্স কমাচ্ছেন। কেন? বিক্রি বাড়াবার জন্য?

(এ ভয়েস—অনেকে তো কিনছেন!) না। কিনছেন না দুটো কারণ এক হচ্ছে বোম্বেওয়ালারা এখানে এসে আসর জমিয়ে বসে আছেন। আপনারা এখানে ম্যানুফ্যাকচার করবার ব্যবস্থা করছেন না।

অবশ্য একদল বলছে, এটা চালু কথা আমি জানি না—এটা করতে গেলে ধরা পড়বে ব্লাক-মানি! এটা টেলিভিশনের ব্যাপার নয়। একটা কথা আমি জয়নাল ভাইকে বলতে পারি যারা সৌখিন - টেলিভিশন কেনে, তাদের উপর-কেন আপনি ইনকাম ট্যাক্স রেহাই দিচ্ছেন?

মিঃ স্পিকার: পাবলিক সেক্টরও টেলিভিশন তৈরি করছে।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি: তৈরি করছে তো করুক। দাম কম হোক্। তারা সৌখিন—, বেশি দামে জিনিস কেনে, তাদের উপর বেশি করে ট্যাক্স করুন। কেন আপনি প্রাইভেট মোটর গাড়ির উপর ট্যাক্স বসাবেন না? ট্যাক্স বসানো হচ্ছে যাত্রীবাহী বাস ও ট্যাক্সি আর কোম্পানির গাড়ি ছাড়া। আপনি কেন ব্যক্তিগত মালিকানার প্রাইভেট গাড়ির উপর ট্যাক্স বসাবেন না? খাবারের দোকানে এতটুকু একটা রসগোল্লার দাম এক টাকা। আমি বললাম এত দাম দিয়ে কারা এ সব খায়? দোকানদার বললে দেখাচ্ছি। বেশি সময় নয়—দু-মিনিট বাদে ১২ খানা প্রাইভেট মোটর গাড়ি সেখান দিয়ে চলে গেল। সে বললে এরা খায়। এই ১২টা গাড়ি মানে ১২ লক্ষ টাকা। এই যে গাড়ি যাচ্ছে এদের উপর ট্যাক্স বসাচ্ছেন না কেন? তারা নানান রকম জিনিস খায়—তরল থেকে নানা প্রকারের সব জিনিস পর্যন্ত। আমি বলি এই প্রাইভেট গাড়ি যারা ব্যবহার করে তাদের উপর আপনি ট্যাক্স বসান—তাতে আর অনেক হবে। এখানে লরির কথা নাই — বুঝতে পারলাম না—লরি ছাড় পাচ্ছে কি না। আছে কেবল যাত্রীবাহী বাস ও ট্যাক্সি লরির কথা উল্লেখ নাই।

লরির উপর দেওয়া মানেই বুঝতে পারছেন না মাল সরবরাহের উপর দাম বাড়া এবং এখনই জিনিসপত্রের দাম বাড়বে তার উপর ট্যাক্স বসলে। এই কথা বলে আশা করি

বাজেটের এই দিকগুলোর কথা বিবেচনা করবেন। কিছু তো হবেই। আমি সেই একবার পঞ্চায়েতের অধ্যক্ষকে বলেছিলাম, এই টাকা আছে, কিছু না করুন, কেরানির মাইনেটা তো দিয়েছেন। সেই দিকে নজর রাখবেন।

Mr. Speaker: Mr. Ganguly, I am thankful to you, you have kindly referred to my constituency, Tangra, an area within my constituency. I fully endorse the opinion that you have expressed. But I would like to inform you that Government has agreed to construct a road from Bongaon to Tangra colony. I have received a letter from the Hon'ble Minister, Mr. Sen, that he has taken up the construction work. This road will go from Bongaon to Tangra, Bunglani, Bagangram, Patsimla and from Patsimla to Battola. It will be a 6 mile long road. I am thankful to Government and the Hon'ble Minister that they have agreed to construct the road and I have already received a letter to this effect from the Hon'ble Minister.

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করি। সমর্থন করি এইজন্য যে এই বাজেট একটা সুষম বাজেট, সমর্থন করি এইজন্য যে এই বাজেট প্রকৃত অর্থে উদ্বৃত্ত বাজেট, সমর্থন করি এইজন্য যে প্রকৃত উদ্বৃত্ত হাই প্রাওরিটি সেক্টারে এবং দরিদ্র মানুষের জন্য ব্যয় হবে এই দৃষ্টিভঙ্গি নেওয়ার জন্য। সমর্থন করি এইজন্য এই বাজেট কোয়ালিটি অফ লাইফ অফ দি সিটিজেনস্ পরিবর্তন করার একটা মৌলিক উদ্যোগ নিয়েছে। সমর্থন করি এইজন্য যে এই বাজেট গতানুগতিকতাকে অতিক্রম করে একটা নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে গোটা রাজ্যের অর্থনীতিতে এবং বাজেটে যে প্রাইমারী অবজেকটিভ সোশ্যাল জাসটিস এই সোশ্যাল জাস্টিসের দিকে রাজ্যবাসীকে নিয়ে যাওয়ার একটা প্রয়াস রয়েছে এবং সমর্থন করি এইজন্য যে আমাদের ইকনমিক কিছু সেক্টার আছে সেগুলি সো লং নেগলেকটেড প্রবলেমেটিক স্টেট যেখানে এই বাজেটের সুফল পৌঁছতে পারবে। বাজেট বলতে শুধু বলতে শুধু এটাই বোঝায় না যে ইন্ডাস্ট্রিতে কি হল, এগ্রিক্যালচারে কি হল, রিলিফের কি হল, এমপ্লয়মেন্টের কি হল, যে অর্থনীতি তাকে পরিপুষ্ট করার জন্য অপেক্ষাকৃত যেগুলির উপর বেশি দৃষ্টি দেওয়া দরকার সেদিকে যথেষ্ট গুরুত্ব দিয়ে একদিকে যেমন এমপ্লয়মেন্টের সুযোগ করে দেওয়া হয়েছে, প্রোডাকটিভ এমপ্লয়মেন্টকে একদিকে যেমন এনকারেজ করা হয়েছে, অন্যদিকে তেমনি আন-প্রোডাকটিভ এমপ্লয়মেন্টকে প্রোপোজ করা হয়নি।

[5-20 - 5-30 p.m.]

সমর্থন করি এই জন্য যে কমিউনিস্ট পার্টির মোটামুটি শুভ বুদ্ধি হয়েছে। মাননীয় বন্ধু শ্রী অজীতবাবুর সুর একটু সরে গেছে তিনি আধা সমর্থন করেছেন। একটু উন্নতির দিকে

গেছে। তারা যে এই সব কথা বলছেন তাতে বেশ বোঝা যাচ্ছে যে তাদের শুভ বুদ্ধির উদয় হয়েছে। এই বাজেট গতানুগতিককে অতিক্রম করে রাজ্যবাসী দরিদ্র শ্রেণীর মঙ্গলের জন্য একটা মৌলিক প্রয়াস নিয়েছে। আমি বুঝতে পারি না ওঁদের কথা। আমরা তো সবাই বাঙালি সবাই ভারতীয় মানুষ। তবুও কমিউনিস্ট পার্টি হলেই সব চোখ কান নাক সব বদলে যায়? কমিউনিস্ট পার্টি হলেই তাদের ঘ্রাণ শক্তি, শ্রবণশক্তি দৃষ্টিভঙ্গি সবই কি পাল্টে যায়? আজকে দেখতে পাচ্ছি অনেকেই পাল্টে গেছেন কেবল অজিতবাবু আধা পাল্টেছেন এবং ওনার এই আধা সমর্থনটা মোটামুটি আমার ভাল লেগেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বাজেট আলোচনা করতে গেলে আমাদের পশ্চাৎ ইতিহাস সম্বন্ধে একটু আলোকপাত করতেই হবে। ওনারা হয়তো বলবেন যে কেন আমরা বার বার এই কথা বলি। কারণ এটা না বললে প্রকৃত ব্যাধি যেটা সে সম্বন্ধে যদি আমরা সতর্ক না হই তাহলে কোনও দিনই আমরা আসল জিনিসটা বুঝতে পারব না। লাংসের এক দিকে যদি টি. বি. হয় তাহলে সেটাকে বাদ দিতে হয়। এই হচ্ছে আমাদের মডার্ন সায়েন্স। তাই আমাদের যে ব্যাধি ছিল সে সম্বন্ধে দেশবাসীকে সতর্ক রাখা ভাল যে ব্যাধির জন্য আমাদের কিঞ্চিৎ অসুবিধাও হয়েছিল। ১৯৬২ সাল থেকে ১০৬৯ সাল পর্যন্ত এই রাজ্যে যে ভয়াবহ অন্ধকার নেমে এসেছিল আজকে সেই অশুভ শক্তি যেন কোনও ক্রমেই প্রশ্রয় না পায় সেই কথা আমাদের বারবার বলতে হবে। আজকে সেই অন্ধকারের নায়ক তাদের দলছাড়া হলেও কেউ কেউ যে এখনও উঁকি-ঝুঁকি মারছে তাতে কোনও সন্দেহ নেই। একটা রাত্রে একটা পরিকল্পনায় ৩০০ কোটি টাকা ইনভেস্টমেন্ট করলাম বা সেটা ওয়েল স্পেন্ট বা ইল স্পেন্ট হল সেটা কথা নয়। সেটা বাহাদুরি নয়। আমাদের প্ল্যান প্রায়রিটি সেক্টরে আইডেন্টিফাই করেছে। অন্যদিকে আমাদের এখানে যেটুকু অ্যালটমেন্ট আছে যেটা তারা খরচই করতে পারেনি আমরা তা করেছি। আজকে মানুষের জীবনে একটা লাংসে যদি ক্যানসার হয় বা টি. বি. হয় তাহলে সেই লাংসকে বাদ দিয়ে দিতে হয়। অবশ্য সেই মানুষ চিরকালই দুর্বল থাকে দারা সিংয়ের সঙ্গে লড়তে পারে না। একটা খুবই ভয়াবহ সমস্যা আমাদের রয়েছে তা হলো আন এমপ্লয়মেন্ট এবং এই পটভূমিকায় প্রোগ্রেসিভ প্ল্যানিং মার খায় রিসোরস মবিলাইজেশন মার খায় এবং কনফিডেন্স অব দি পিপল চলে যায় এবং সেখানে কোয়ালিটেটিভ চেঞ্জ আসতে পারে না। এবং এই জিনিস এই সর্বনাশ পশ্চিমবাংলায় হচ্ছে—এই দায়িত্ব কেউই অস্বীকার করতে পারে না এবং এই বাজেট সারপ্লাস এই জন্য এবং তাই একে সমর্থন করি। আমরা অতীতের লাইবিলিটি মিটিয়ে দিয়েছি ভারত সরকারের লাইবিলিটি মিটিয়ে দিয়েছি রিজার্ভ ব্যাঙ্কের ওভারড্রাফ্‌ট মিটিয়ে দিয়েছি এবং তার পর সারপ্লাস হয়েছে, তাই প্রকৃত অর্থে এটা সারপ্লাস বাজেট। স্যার, আপনি জানেন বাজেটের বেসিক রিকয়ারমেন্ট মিট করে আমরা রিসোরস মবিলাইজেশন করেছি resources have been well-Spent against priority sector. একথা সম্পর্কে বলা যেতে পারে যে একটা মৌলিক পরিবর্তন হয়েছে তাই আজকে মানুষের মধ্যে কনফিডেন্স ফিরে এসেছে। ইমারজেন্সির মাধ্যমে ২০ পয়েন্ট প্রোগ্রাম ইমপ্লিমেন্ট করার দায়িত্ব মানুষ নিয়েছে। মানুষ আজকে একটা নিউয়ার চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট

করার জন্য প্রস্তুত হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এদিকটা যদি ভুলে যান তাহলে ভুল করা হবে। আমাদের এখানে শুধু যে আইন-শৃঙ্খলা ফিরে এসেছে তাই নয়, ইনভেস্টমেন্ট ক্লাইমেট বেটার হয়েছে তাই নয়, এগ্রিকালচারাল প্রোডাকশন আপ হয়েছে তাই নয়, বেসিক ইনপুটস বোথ ইন ইন্ডাস্ট্রি অ্যান্ড এগ্রিকালচার-এর ইনফ্রাস্ট্রাকচার আমরা বাড়াতে পেরেছি তাই নয়, আজকে এই রাজ্যের মানুষ, এই রাজ্যের যুব ছাত্র, ইমার্জেন্সীর জন্য ২০ পয়েন্ট প্রোগ্রাম ইমপ্লিমেন্ট করার জন্য শুধু নয়, এর বাহিরে যে কোনও চ্যালেঞ্জ আসুক, মাননীয়া প্রধানমন্ত্রীর বক্তৃতাগুলো থেকে আপনি বুঝতে পারছেন, ভারতবাসী সুপ্রতিষ্ঠিত হতে পেরেছে—চ্যালেঞ্জের মোকাবিলা করতে সক্ষম হয়েছে টু ফেস এনি চ্যালেঞ্জ ফ্রম এনি কর্নার। আজকে এই মৌলিক দৃষ্টি সম্ভব হয়েছে ভারত সরকারের অর্থনীতি বিষয়ক কিছু মৌলিক পদ্ধতি ফিন্যান্সিয়াল মেজারস গ্রহণ করার ফলে। এর আগে আমি বলেছিলাম পৃথিবীর এমন কোনও দেশ আছে—ওরা বলেন সমাজতান্ত্রিক দেশে আছে—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে কথা বলব এমন কোনও দেশ আছে—ওরা আমেরিকার নাম করেন না, আজকে এতবার করলেন কেন বুঝতে পারছি না—আশঙ্কা হচ্ছে কোনও আঁতাত নতুন করে করলেন কিনা—আপনাদের বিশ্বাস নেই, আমেরিকার মতো দেশ—আমরা বুঝতে পারছি না তারাও আজকে ইনফ্রেশন চেক করতে পারেনি, একমাত্র ভারতবর্ষ পেরেছে। আপনারা বলবেন সোসালিস্ট কান্ট্রি পেরেছে। অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন সোসালিস্ট কান্ট্রির সাথে কিছু লেনদেন আমাদের আছে। ৪ কোটি টাকার অর্ডারে ১১ কোটি টাকা পেমেন্ট করতে হল। আপনারা অস্বীকার করতে পারেন একটা বিশেষ জিনিসে বন্ধু রাষ্ট্রকে ৪ কোটি টাকার জিনিসে ১১ কোটি টাকা দিতে হচ্ছে—এটা কি প্রাইস রাইজ নয়, হোয়াট ইজ দিস? আজকে এই জিনিস ভাবতে হবে। আমি যেকথা বলছিলাম আমাদের এই সিচুয়েশনের মারাত্মক ফল হতে পারে, ভয়ঙ্কর ফল হতে পারে। দেশের অর্থনীতি যদি স্টেবল হয়, ইন্ডাস্ট্রিয়াল সেক্টর যদি স্টেবল হয়, স্টেবল গভর্নমেন্ট যদি হয়, আইন-শৃঙ্খলার উন্নতি যদি হয়, শান্তি যদি বিরাজ করে, বেকারদের মনে যদি আশা জাগে তাহলে এই পরিবেশে একটা আত্মতুষ্টির অবকাশ সৃষ্টি হয় নাগরিকদের মনে, সরকার যারা পরিচালনা করেন তাদের মনে, রাজনীতি ক্ষেত্রে দেশের জনসাধারণের কাছে যারা নেতৃত্ব দেন তাদের মনে—এই আত্মতুষ্টিই কিন্তু একটু সর্বনাশের কারণ হতে পারে। আমরা কিন্তু এই বাজেট বক্তৃতার কোথাও কোনও আত্মতুষ্টির অবকাশ পেলাম না। আজকে এই বাজেট সম্বন্ধে একটি জিনিস লক্ষ্য করেছি আনকমপ্রোমাইজিং ডিভোশন অব দি গভর্নমেন্ট টু কিওর দি ইকনমিক ইলস অব দি স্টেট—বাজেটের মধ্যে এটা প্রতিফলিত হয়েছে এবং কমপ্লাসেনসির অবকাশ কোথাও এই বাজেটের মধ্যে নেই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা রাজ্যবাসীর পক্ষেও যেমন দেশবাসীর পক্ষেও তেমনি আশাব্যঞ্জক। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এখানে সোস্যাল জাস্টিস বলতে আমরা কি বুঝি? আমার মনে হয় ইকুইটেবল ডিস্ট্রিবিউশন অব ওয়েল্‌থ অ্যান্ড ইকোয়াল অপারচুনিটি টু লিভ—আজকে

এই দুটির উপর আমাদের নির্ভর করতে হবে। আরবান সেক্টর অনেক বাধা দিয়েছে, অনেক ভেস্টেড ইন্টারেস্ট আছে তারা বাধা দেবার চেষ্টা করেছে। আমরা সব বাধা অতিক্রম করে আর্বাণ প্রপার্টি সিলিং বিল ইনট্রোডিউস করেছি। রুর‍্যাল সেক্টরে ওয়েল্‌থ সীমাবদ্ধ। রুর‍্যাল ওয়েল্‌থ বলতে আমরা মনে করি জমি—এই ল্যান্ড মিস রুর‍্যাল ওয়েল্‌থ—এই ল্যান্ড-এর যেন ইকুইটেবল ডিস্ট্রিবিউশন হয়—আজকে যারা সর্বহারা ভূমিহীন ওরা যেন জাস্টিস পায় এই রাজ্যের এস্টেটস্‌ অ্যাকুইজিশন থেকে ওরা যখন ১৩ মাস কি ২২ মাসের জন্য এখানে এসেছিলেন তখন তো হয়নি—আমরা এই অ্যাকশন ইনিসিয়েট করেছি, কংগ্রেস এই অ্যাকশন পারস্যু করেছে। আমরা এই সরকারে আসার পর প্রগ্রেসিভ লেবার পলিসি নিই, এটা আপনি দেখেছেন। আপনি দেখেছেন লেবার মিনিস্টার শ্রমমন্ত্রী নিউ লেজিসলেশন ফর দি প্রোটেকশন অব দি ইন্ডাস্ট্রিয়াল লেবার সম্পর্কে কালকে দীর্ঘ বক্তৃতা করেছেন, সে সম্পর্কে আমি আর কিছু বলছি না। কিন্তু রুর‍্যাল সেক্টরে সেভার‍্যাল মেজারস ওয়ান আফটার অ্যানাদার প্রগ্রেসিভ লেজিসলেশন করে ফার্স্ট এনসিওর করার চেষ্টা করেছি যারা ভূমিহীন, গৃহহীন এবং যারা বর্গাদার তাদের জমি দেবার—আর কোনও জায়গায় কোথায়ও এই দায়িত্ব আপনারা পালন করতে পেরেছেন, আপনারা তো জোড়াতালি দিয়ে কোথাও সরকারে আছেন? এই প্রগ্রেসিভ ল্যান্ড রিফর্মস করা কি সম্ভব হয়েছে, এখানে যেটা করা সম্ভব হয়েছে?

[5-30 – 5-40 p.m.]

কেরালার সন, তারিখ দেখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগে যে বসে থাকে তার পেছনের ছাত্ররা নকল করার সুযোগ পায়। কিন্তু সেখানে যদি পরীক্ষক ভুল করে বলে যে, এই নকল করেছে তাহলে অন্য রকম হয়ে যায়। এসব কথা অজিতবাবু জানেন না তা বিশ্বাস করি না। আজকে ল্যান্ড নিয়ে প্রগ্রেসিভ লেজিসলেশন করা হয়েছে ফর প্রটেকশন অব দি উইকার সেকশন। আজকে আমাদের বাজেট বক্তৃতায় শুধু নয়, প্রধানমন্ত্রী ২০ দফা কর্মসূচি প্রণয়ন করেছেন উইকার সেকশনের জন্য শুধু তাই নয়—আজকে অরিয়েন্টেশন কি অ্যাডমিনিস্ট্রেশনের? সেটা হচ্ছে, ওয়ার্ক ফর দি উইকার সেকশন। এই যে এখানে ল ইয়ার্স কনফারেন্স হয়ে গেল তাতে আপনারা দেখবেন, সেখানে একবাক্যে একথা বলা হয়েছে যে, লিগ্যাল এড টু দি পুয়োর অ্যান্ড টু দি উইকার সেকশন ফর প্রটেকশন অব দি রাইটস অ্যান্ড প্রিভিলেজেস এটা প্রবর্তন করতে হবে। এগুলি আজকে আপনারা ভাবতে শিখুন। কমিউনিস্ট হলেই চোখ, কান, নাক সব অন্য দেশ থেকে চালান হয়ে এসে ফিট করে দেয় এটা তো আমরা জানি না। স্যার, কমিউনিস্টরা কোনওদিনই সাদাকে সাদা দেখেন না, সেইজন্য ওরা, ওরা আর আমরা, আমরা। আমি তাই আজকে আপনাদের বলি, অর্ধেক তো এসেছেন, আরও সাথী জোগাড় করে জাতীয় জীবনের সাথে মিশে যান। বিদেশের তালিম আপনারা পরিত্যাগ করুন। বিদেশের প্রতি আপনাদের যদি কোনও মোহ থাকে তা আপনারা পরিত্যাগ করুন। লোভ, মোহ এসব পাপ, এই পাপ আপনারা করবেন না। স্যার, আজকে বাজেট নিয়ে আলোচনাকালে আমরা জানি, মোটামুটিভাবে আমাদের এগ্রিকালচার ও ইন্ডাস্ট্রিজের অবস্থা

কি। কিন্তু এ ছাড়াও সোস্যাল সার্ভিসের কিছু সেক্টর আছে। আপনি দেখুন, হেল্‌থ, এডুকেশন এগুলির প্রতি সম্যক দৃষ্টি দেওয়া হয়েছে। আর তা দেওয়া হয়েছে বলেই আজকে এক্সপেক্টেশন অব লাইফ কত বেড়ে গিয়েছে। ইট ওয়াজ টোয়েন্টিসিক্স ইন ফরটিসেভেন, ইটইজ নাউ ফিফটি টু ইন ১৯৭৬। আজকে কোয়ালিটি অব লাইফ যদি পরিবর্তিত না হয়, যদি বেটার কোয়ালিটি অব লাইফ অ্যাসিওর করা না হয় তাহলে এটা সম্ভবপর নয়। আজকে সেইজন্য সোস্যাল সার্ভিসগুলি করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগ্রিকালচারের বেসিক ইমপুটস—আমরা বাজেটে যে কথা বলেছি, ইরিগেশন অ্যান্ড পাওয়ার আজকে—সেখানে ১১ ক্রোরস থেকে ৭০ ক্রোরসে যাওয়া সম্ভব হয়েছে। তাহলে কতগুন বাড়লো? আজকে ওরা বলছেন, পাওয়ার দিতে হবে। পাওয়ার নিশ্চয় দেব। তবে এই প্রসঙ্গে বলি, আমাদের নাইট-লোড বাই দিস টাইম সারপ্লাস। আজকে জেনারেশন বন্ধ রাখতে হচ্ছে দুর্গাপুরে। নাইট-লোডের সঙ্গে পিক আওয়ার্সের সমন্বয় করতে পারছি না। অজকে এসব জিনিসগুলি ভাবতে হবে এই এত স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল'এর কনজামশন যদি নাইটে অ্যাসিওর করতে পারি তবে তো পাওয়ার রেমুনারেটিভ হবে। তা না হলে ট্রান্সমিশনের খরচই চলবে না। এটা দেখবেন এই সরকারের সেই অরিয়েনটিশন আছে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের কথা বলেন, সে সম্পর্কে কয়েকটি তথ্য আমি আপনার মাধ্যমে একটু পরে এই হাউসে তুলে ধরব। তার আগে জীবন এবং জীবিকাকে যা দিয়ে সুন্দর করা যায়, আমাদের যে পুষ্টির অভাব তা যাতে দূর করা যায় এই ধরনের উদ্যোগের কথা কিছু বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে, আপনারা দেখবেন, অ্যানিমাল হাসবেনড্রিতে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে। মাননীয় রাষ্ট্রমন্ত্রী প্রদীপ ভট্টাচার্য মহাশয় একটু আগে ডানকুনি সম্বন্ধে আলোকপাত করেছেন। আপনারা খবরের কাগজে প্রায়ই বিজ্ঞাপন দেখছেন যে, অধিকতর মিট সাপ্লাই করা সম্ভব হয়েছে। স্যার, একটা জাতির জীবনে ব্যালেন্স বাজেটের যেমন দরকার তেমনি একটি মানুষের জীবন রক্ষার জন্য ব্যালেন্স ডায়েটেরও দরকার। এগুলির সরবরাহ যাতে ব্যাহত না হয় তারজন্য একটা দৃষ্টিভঙ্গি নেওয়া হয়েছে। এ ক্ষেত্রে শুধু অ্যানিমাল হাসবেনড্রি বিভাগ নয়, ভেটেরিনারী সার্ভিস নয়, ফিসারিস নয় প্রত্যেকটি ক্ষেত্রেই উপযুক্ত দৃষ্টি দেওয়া হয়েছে। যে অ্যাভেলেবল রিসোর্সেস আছে তার অ্যাডিকোয়েট মবিলাইজেশন করা সম্ভবপর হয়েছে। এগুলির প্রতি আগে দৃষ্টি দেওয়া হয়নি।

এটা টপসাইডেড ডিস্ট্রিবিউশন, তাছাড়াও ভারতবর্ষের সমস্ত রাজ্যের মধ্যে ইকোয়ালি ডেভেলপমেন্ট হয়নি, ব্যাল্যান্সড্ ডেভেলপমেন্ট হয়নি। আমরা অনেক জায়গায় দেখেছি যে অনেক মুভমেন্ট পিছিয়ে আছে আবার অনেক মুভমেন্ট এগিয়ে আছে। আবার পশ্চিমবঙ্গে সমস্ত রিজিয়নে এ ইকোয়াল ডেভেলপড্ হয়নি একথা ঠিক। আপনারা সতীনের ছেলের কথা বলেছেন। আজকাল আর ওসব কিছু নেই। আমরা ফ্যামিলি প্ল্যানিং-এ বিশ্বাস করি। এখানে সতীন-টতীনের কোনও অবকাশ নেই। আজকে ২৪-পরগনার কিছু অঞ্চল বাদ দিলে, হাওড়ার কিছু অঞ্চল বাদ দিলে, বৃহত্তর কলকাতাকে বাদ দিলে, দুর্গাপুর শিল্পাঞ্চল বাদ দিলে, কয়লাখানি

অঞ্চল বাদ দিলে সমস্ত ওয়েস্ট বেঙ্গলে যা থাকে তা থেকে আপনার এটা আলাদা নয়। সমস্ত ওয়েস্ট বেঙ্গলকে ব্যাকওয়ার্ড বলতে পারি যে এরিয়ার কথা আইডেন্টিটি করলাম সেটা বাদ দিলে। আজকে তা যদি হয় আপনাকে বেছে নিতে হবে। আজকে এনটায়ার নর্থ বেঙ্গলে ১৭ পারসেন্ট মানুষ বাস করে। আপনি কি মনে করেন এক কোটি টাকা খুব একটা সাফিসিয়েন্ট? সম্ভব নয়। কিন্তু এগুলির কেন প্রভিশন করা হয়েছে? আপনারা বার বার বলেন যে ক্রিটিক্যাল গ্যাপ দি প্ল্যানিং, নরম্যাল প্ল্যান সব জায়গায় ইকোয়ালি অপারেট করব। দেশের সেটা প্রয়োজন, সেখানে যেটা সম্ভবপর আমাদের রিসোর্সেস যতখানি আছে এটাকে ইকুইটিবল ডিস্ট্রিবিউশন করে আমরা ইউটিলাইজ করব। কিন্তু তা সত্ত্বেও যে ক্রিটিক্যাল গ্যাপ থেকে যাবে, আজকে সেই ক্রিটিক্যাল গ্যাপকে মিট করার জন্য সেগুলি স্পেশ্যাল অ্যালোকেশন করে স্পেশাল বোর্ড, স্টেটুয়েটরি অর্গানাইজেশন করে করা উচিত। আপনি কি বলতে পারেন সেই অ্যাটেনশন এখানে পৌঁছেছে! সুন্দরবন অঞ্চলের জন্য বিশেষ ব্যবস্থা এখানে আছে ; প্রভিসন এখানে আছে। কিন্তু আপনি দেখবেন যে অঞ্চলগুলির জন্য এখানে ডেভেলপমেন্ট-এর স্পেশ্যাল প্রভিসন আছে, প্রভিসন খুব সিগনিফিক্যান্ট না হলেও আজকে প্রকৃত অর্থে এখানে প্রয়োজন আছে সেজন্য এটা করা সম্ভবপর হয়েছে, না হলে সম্ভবপর নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ব্যাকওয়ার্ড এরিয়া শুধু নয়, আমাদের একটা প্রয়াস করা দরকার। উনি ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে চেয়েছেন। সমগ্র পশ্চিমবঙ্গবাসী একই স্ট্যান্ডার্ড-এ বাস করি, সুখে-স্বাচ্ছন্দে থাকতে পারি। তা যদি হয় তাহলে রিসোর্স দরকার। আজকে যে কথা বললেন আপনার বক্তব্যে আমি পরে আসছি এটাতো মারাত্মক ঠেকছে! আপনি জানেন যে হিন্দ মোটরে গাড়ি তৈরি হয়। এই গাড়ি ট্যাক্সি পারপাসেও ব্যবহার হয়। আজকে পেট্রোলের-এর দাম বেশি হওয়ার জন্য এবং আরও কিছু কারণে তাদের লেবার ছাঁটাই করতে হচ্ছে। আপনারা পক্ষান্তরে, সময়ান্তরে অপোজ করবেন। তাহলে এই যে ক্লোজ হচ্ছে, ছাঁটাই হচ্ছে, আজকে প্রোডাকশন বাড়ছে কি করে। আমাদের সেলস্ ট্যাক্স কনসেশন দিতে হচ্ছে। আজকে রেলওয়ে ওয়াগনের যদি অর্ডার না দেয় চলবে কি করে? আজকে টেক্সম্যাকো কিম্বা অন্যান্য ওয়াগন মেকিং ফ্যাক্টরীগুলির কথা ভাবতে হবে। আজকে ২টো এক সঙ্গে চলতে পারে না। আজকে যদি মোটর গাড়ির উপর ট্যাক্স বাড়িয়ে দাম বেশি করে মানুষের নাগালের বাইরে করে দেওয়া হয়, আজকে যদি পারচেজ না হয়, ঐ ফ্যাক্টরী প্রোডাকশন যদি ফল করে তাহলে ঐ ফ্যাক্টরী বাঁচতে পারে না। ঐ ফ্যাক্টরী যদি না চলে ওখানে যে ১০ হাজার মানুষ কাজ করে তাদের ভবিষ্যৎ কি হবে সেটা আপনাদের ভাবতে হবে। এই দুরদৃষ্টি যদি আপনাদের না থাকে তবে তো বড়ই দুঃখের কথা হবে। আজকে এটা অস্বীকার করা হয়নি। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে রেখেছেন। তিনি অস্বীকার করেননি। কিছু কিছু জায়গায় রিসিশন এবং কিছু কিছু জায়গায় সঙ্কটটা দেখা দিয়েছে। আজকে টেলিভিশনে স্মল ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের কথায় এনট্রোপ্রেনিয়ার যারা পেয়েছে, তারা মার্জিন মানি স্কিমে অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে-এ ব্যাঙ্কের টাকা নিয়ে উদ্যোগ সৃষ্টি করছে। আজকে টেলিভিশন বিক্রয় হচ্ছে না, দাম কমছে। তাদের যেটা প্রফিট মার্জিন সেটা কমছে। আজকে কি করে বাঁধবেন?

কি। কিন্তু এ ছাড়াও সোস্যাল সার্ভিসের কিছু সেক্টর আছে। আপনি দেখুন, হেল্‌থ, এডুকেশন এগুলির প্রতি সম্যক দৃষ্টি দেওয়া হয়েছে। আর তা দেওয়া হয়েছে বলেই আজকে এক্সপেক্টেশন অব লাইফ কত বেড়ে গিয়েছে। ইট ওয়াজ টোয়েন্টিসিক্স ইন ফরটিসেভেন, ইটইজ নাউ ফিফটি টু ইন ১৯৭৬। আজকে কোয়ালিটি অব লাইফ যদি পরিবর্তিত না হয়, যদি বেটার কোয়ালিটি অব লাইফ অ্যাসিওর করা না হয় তাহলে এটা সম্ভবপর নয়। আজকে সেইজন্য সোস্যাল সার্ভিসগুলি করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগ্রিকালচারের বেসিক ইমপুটস—আমরা বাজেটে যে কথা বলেছি, ইরিগেশন অ্যান্ড পাওয়ার আজকে—সেখানে ১১ ক্রোরস থেকে ৭০ ক্রোরসে যাওয়া সম্ভব হয়েছে। তাহলে কতগুন বাড়লো? আজকে ওরা বলছেন, পাওয়ার দিতে হবে। পাওয়ার নিশ্চয় দেব। তবে এই প্রসঙ্গে বলি, আমাদের নাইট-লোড বাই দিস টাইম সারপ্লাস। আজকে জেনারেশন বন্ধ রাখতে হচ্ছে দুর্গাপুরে। নাইট-লোডের সঙ্গে পিক আওয়ার্সের সমন্বয় করতে পারছি না। অজকে এসব জিনিসগুলি ভাবতে হবে এই এত স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল'এর কনজামশন যদি নাইটে অ্যাসিওর করতে পারি তবে তো পাওয়ার রেমুনারেটিভ হবে। তা না হলে ট্রান্সমিশনের খরচই চলবে না। এটা দেখবেন এই সরকারের সেই অরিয়েনটিশন আছে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের কথা বলেন, সে সম্পর্কে কয়েকটি তথ্য আমি আপনার মাধ্যমে একটু পরে এই হাউসে তুলে ধরব। তার আগে জীবন এবং জীবিকাকে যা দিয়ে সুন্দর করা যায়, আমাদের যে পুষ্টির অভাব তা যাতে দূর করা যায় এই ধরনের উদ্যোগের কথা কিছু বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে, আপনারা দেখবেন, অ্যানিমাল হাসবেনড্রিতে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে। মাননীয় রাষ্ট্রমন্ত্রী প্রদীপ ভট্টাচার্য মহাশয় একটু আগে ডানকুনি সম্বন্ধে আলোকপাত করেছেন। আপনারা খবরের কাগজে প্রায়ই বিজ্ঞাপন দেখছেন যে, অধিকতর মিট সাপ্লাই করা সম্ভব হয়েছে। স্যার, একটা জাতির জীবনে ব্যালেন্স বাজেটের যেমন দরকার তেমনি একটি মানুষের জীবন রক্ষার জন্য ব্যালেন্স ডায়েটেরও দরকার। এগুলির সরবরাহ যাতে ব্যাহত না হয় তারজন্য একটা দৃষ্টিভঙ্গি নেওয়া হয়েছে। এ ক্ষেত্রে শুধু অ্যানিমাল হাসবেনড্রি বিভাগ নয়, ভেটেরিনারী সার্ভিস নয়, ফিসারিস নয় প্রত্যেকটি ক্ষেত্রেই উপযুক্ত দৃষ্টি দেওয়া হয়েছে। যে অ্যাভেলেবল রির্সোসেস আছে তার অ্যাডিকোয়েট মবিলাইজেশন করা সম্ভবপর হয়েছে। এগুলির প্রতি আগে দৃষ্টি দেওয়া হয়নি।

এটা টপসাইডেড ডিস্ট্রিবিউশন, তাছাড়াও ভারতবর্ষের সমস্ত রাজ্যের মধ্যে ইকোয়ালি ডেভেলপমেন্ট হয়নি, ব্যাল্যান্সড্ ডেভেলপমেন্ট হয়নি। আমরা অনেক জায়গায় দেখেছি যে অনেক মুভমেন্ট পিছিয়ে আছে আবার অনেক মুভমেন্ট এগিয়ে আছে। আবার পশ্চিমবঙ্গে সমস্ত রিজিয়নে এ ইকোয়াল ডেভেলপড্ হয়নি একথা ঠিক। আপনারা সতীনের ছেলের কথা বলেছেন। আজকাল আর ওসব কিছু নেই। আমরা ফ্যামিলি প্ল্যানিং-এ বিশ্বাস করি। এখানে সতীন-টতীনের কোনও অবকাশ নেই। আজকে ২৪-পরগনার কিছু অঞ্চল বাদ দিলে, হাওড়ার কিছু অঞ্চল বাদ দিলে, বৃহত্তর কলকাতাকে বাদ দিলে, দুর্গাপুর শিল্পাঞ্চল বাদ দিলে, কয়লাখানি

কেননা আপনি অনেক অভিজ্ঞ। সুতরাং অজিতবাবু এর উপর কিছু ফাউ চেয়েছেন, আমি বলতে পারি যে ফাউ হবে না। কমিউনিস্ট পার্টি ফাউ ছাড়া চলতে পারে না। ওদের ফাউ এর উপর ফাউ চাই। এটা হবে না। আপনি যখন ঘোষণা করেছেন, আমি মনে করি আমাদের পূর্তমন্ত্রী মহাশয় যে অসুবিধা ছিল রাস্তাজনিত ব্যাপারে এবং কলোনি জনিত ব্যাপারে, এটা দূর হবে। কিন্তু এই কারণ নয়, কমিউনিস্ট পার্টি মাঝে মাঝে কিছু অপপ্রচার করে। মানুষকে কিছু অসত্য কথা বলে। এদের কিছু প্রলুব্ধ করার চেষ্টা করে। আমি দেখেছি এই জন্য এদের কিছু মাইগ্রেশন হয়, এক প্রান্ত থেকে আর এক প্রান্তে মাইগ্রেশন—আমি তো এক কালে খুব সাফার করেছি এই মাইগ্রেশনের জন্য। কিছু মানুষ বিভ্রান্ত হয়েছে, কিছু মানুষ ভুল পথে পরিচালিত হয়েছে, এটা ওরাও জানেন, আমিও জানি, বারবার বলেছি, রেকর্ডও আছে গভর্নমেন্ট আরকাইডে চিরকাল থাকবে আজকে আপনারা ইমপ্লাস অব দি বাজেট সেটেল করে নেবেন। কিন্তু আপনারা মধ্যপথে এই পটুতা, এই দক্ষতা বন্ধ করে মানুষকে বিভ্রান্ত করে এক প্রান্ত থেকে আর এক প্রান্তে যাওয়ার জন্য প্ররোচিত এবং প্রলুব্ধ করবেন না। এই কৌশলটা যদি আপনারা ছেড়ে দেন তাহলে দেশের অনেক মঙ্গল হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা আগে বলছিলাম, আজকে সকলের দেখবার অধিকার আছে, ওরা বলছেন পিপ্‌লকে ইনভল্‌ভ করছি না, আমরা প্ল্যান করেছি involving the planning Board at the state level and Block level আজকে পিপলকে ইনভল্‌ভ করার উপায় কি? বাই ইন্‌স্টিটিউশন বাই পলিসি, বাই ল আর তো কোনও উপায় নেই। আজকে এই সরকার যে উদ্যোগ নিচ্ছে right from the planning commission at the national level আজকে National Development council is the highest authority in the country to decide the plans and programmes of development of the country and of the state স্টেট লেভেল কিছু ছিল না। আপনারা তখন পারেননি, আপনাদের অনেক বিষয়েই দান নেই, পরিকল্পনার বিষয়ে আপনাদের কোনও দাবি চলে বলে আমি মনে করি না। স্টেট প্ল্যানিং বোর্ড এই সরকার তৈরি করেছে। আজকে স্টেট প্ল্যানিং বোর্ড প্রায়ওরিটি সেক্টরে ইন্ডাস্ট্রি করছে, প্রায়ওরিটি ফর ডেভেলপমেন্টকে আইডেনটিফাই করছে এবং এই বাজেটের মূল চরিত্র এই যে, অ্যাকচুয়াল রিপেয়ারমেন্টস এবং বেসিক নেসেসিটিস অ্যান্ড নিডসকে ব্যালান্স করেছি অ্যাভেলেবল রিসোর্সেস দিয়ে। এটাই এই বাজেটের উৎকৃষ্টতা এবং মৌলিক চরিত্র। আমার মনে হয় একটা জিনিস এখানে আমাদের সকলের প্রাকটিস করা উচিত—যদি ব্যয়টা হয় পরিকল্পনা খাতে, উন্নয়ন খাতে তাহলে সেটা সার্থক এবং সফল ব্যয় হয়। প্রত্যেক ব্যয়ে এটা যেন আমরা দেখি। এখানে যে ম্যানেজমেন্ট বাই অবজেক্টিভ বলে একটা কথা আছে, আজকে এটা ফলো করার সময় এসেছে মেটিকুলাসলি, স্ক্রুপুলাসলি অ্যান্ড কেয়ারফুলি যে, ম্যানেজমেন্ট বাই অবজেক্টিভ আমরা যে অবজেক্টিভ রিচ করতে যাচ্ছি—আমাদের এই পরিকল্পনা, এই উদ্যোগ, আমাদের এই প্রশাসন আজকে সেখানে পৌছতে পারছে কিনা এটা দেখাবার সময় এসেছে। আমরা এখানে বিধানসভায় এই দল, ঐ দল, সমস্ত দলের মাননীয় সদস্যদের ওয়াচ ডগ হিসাবে কাজ

কি। কিন্তু এ ছাড়াও সোস্যাল সার্ভিসের কিছু সেক্টর আছে। আপনি দেখুন, হেল্‌থ, এডুকেশন এগুলির প্রতি সম্যক দৃষ্টি দেওয়া হয়েছে। আর তা দেওয়া হয়েছে বলেই আজকে এক্সপেক্টেশন অব লাইফ কত বেড়ে গিয়েছে। ইট ওয়াজ টোয়েন্টিসিক্স ইন ফরটিসেভেন, ইটইজ নাউ ফিফটি টু ইন ১৯৭৬। আজকে কোয়ালিটি অব লাইফ যদি পরিবর্তিত না হয়, যদি বেটার কোয়ালিটি অব লাইফ অ্যাসিওর করা না হয় তাহলে এটা সম্ভবপর নয়। আজকে সেইজন্য সোস্যাল সার্ভিসগুলি করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগ্রিকালচারের বেসিক ইমপুটস—আমরা বাজেটে যে কথা বলেছি, ইরিগেশন অ্যান্ড পাওয়ার আজকে—সেখানে ১১ ক্রোরস থেকে ৭০ ক্রোরসে যাওয়া সম্ভব হয়েছে। তাহলে কতগুন বাড়লো? আজকে ওরা বলছেন, পাওয়ার দিতে হবে। পাওয়ার নিশ্চয় দেব। তবে এই প্রসঙ্গে বলি, আমাদের নাইট-লোড বাই দিস টাইম সারপ্লাস। আজকে জেনারেশন বন্ধ রাখতে হচ্ছে দুর্গাপুরে। নাইট-লোডের সঙ্গে পিক আওয়ার্সের সমন্বয় করতে পারছি না। অজকে এসব জিনিসগুলি ভাবতে হবে এই এত স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল'এর কনজামশন যদি নাইটে অ্যাসিওর করতে পারি তবে তো পাওয়ার রেমুনারেটিভ হবে। তা না হলে ট্রান্সমিশনের খরচই চলবে না। এটা দেখবেন এই সরকারের সেই অরিয়েনটিশন আছে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের কথা বলেন, সে সম্পর্কে কয়েকটি তথ্য আমি আপনার মাধ্যমে একটু পরে এই হাউসে তুলে ধরব। তার আগে জীবন এবং জীবিকাকে যা দিয়ে সুন্দর করা যায়, আমাদের যে পুষ্টির অভাব তা যাতে দূর করা যায় এই ধরনের উদ্যোগের কথা কিছু বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে, আপনারা দেখবেন, অ্যানিমাল হাসবেনড্রিতে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে। মাননীয় রাষ্ট্রমন্ত্রী প্রদীপ ভট্টাচার্য মহাশয় একটু আগে ডানকুনি সম্বন্ধে আলোকপাত করেছেন। আপনারা খবরের কাগজে প্রায়ই বিজ্ঞাপন দেখছেন যে, অধিকতর মিট সাপ্লাই করা সম্ভব হয়েছে। স্যার, একটা জাতির জীবনে ব্যালেন্স বাজেটের যেমন দরকার তেমনি একটি মানুষের জীবন রক্ষার জন্য ব্যালেন্স ডায়েটেরও দরকার। এগুলির সরবরাহ যাতে ব্যাহত না হয় তারজন্য একটা দৃষ্টিভঙ্গি নেওয়া হয়েছে। এ ক্ষেত্রে শুধু অ্যানিমাল হাসবেনড্রি বিভাগ নয়, ভেটেরিনারী সার্ভিস নয়, ফিসারিস নয় প্রত্যেকটি ক্ষেত্রেই উপযুক্ত দৃষ্টি দেওয়া হয়েছে। যে অ্যাভেলেবল রির্সোসেস আছে তার অ্যাডিকোয়েট মবিলাইজেশন করা সম্ভবপর হয়েছে। এগুলির প্রতি আগে দৃষ্টি দেওয়া হয়নি।

এটা টপসাইডেড ডিস্ট্রিবিউশন, তাছাড়াও ভারতবর্ষের সমস্ত রাজ্যের মধ্যে ইকোয়ালি ডেভেলপমেন্ট হয়নি, ব্যাল্যান্সড্‌ ডেভেলপমেন্ট হয়নি। আমরা অনেক জায়গায় দেখেছি যে অনেক মুভমেন্ট পিছিয়ে আছে আবার অনেক মুভমেন্ট এগিয়ে আছে। আবার পশ্চিমবঙ্গে সমস্ত রিজিয়নে এ ইকোয়াল ডেভেলপড্‌ হয়নি একথা ঠিক। আপনারা সতীনের ছেলের কথা বলেছেন। আজকাল আর ওসব কিছু নেই। আমরা ফ্যামিলি প্ল্যানিং-এ বিশ্বাস করি। এখানে সতীন-টতীনের কোনও অবকাশ নেই। আজকে ২৪-পরগনার কিছু অঞ্চল বাদ দিলে, হাওড়ার কিছু অঞ্চল বাদ দিলে, বৃহত্তর কলকাতাকে বাদ দিলে, দুর্গাপুর শিল্পাঞ্চল বাদ দিলে, কয়লাখানি

[5-50 – 6-00 p.m.]

আপনাদের দলের ২/৪ জন যাঁরা পার্লামেন্টে আছেন তাঁরা সেখানে এই শুভ প্রস্তাবগুলি রাখতে পারেন। কিন্তু আপনাদের এমন অবস্থা যে কমিউনিস্ট পার্টিকে কেউ বিশ্বাস করে না। আজ তাই সবচেয়ে আগে কনফিডেন্স নিতে হবে। বেষ্টারভিচ সাহেব নেই—তাঁর জবাব আবতাকউদ্দিন দিয়েছেন। ওঁরা মিনিমাম পার্লামেন্টারি এটিকেট জানেন না। বক্তৃতা করলে পর থাকতে হয়। এদিকে আপনার দৃষ্টিও বারবার আক্রমণ করছি না আক্রমণ করলে তার উত্তর শোনার জন্য থাকতে হয়। বিশ্বনাথবাবু figure গুলি নিয়েছে ১৯৭৫ থেকে। এই ইন্টারেস্টটা দেওয়া খুব সুবিধা হয়। কারণ এই পিরিয়ডটা ছিল ওয়ার্স্ট পিরিয়ড ১৯৭৪-এ সমস্ত জিনিসটা বল্গাহীন অশ্বের মতোন চলেছিল। মনে হচ্ছিল, বোধহয় এটাকে কন্ট্রোল করা যাবে না। গতকাল শ্রমমন্ত্রী তুলনা দিয়ে এ বিষয়ে সব বললেন। সারা বিশ্বে যখন দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ে ভীষণ অবস্থা তখন ভয়ঙ্কর একটা ব্যবস্থা গ্রহণ করেছিল। আপনারা জানেন কোনও ব্যবস্থা গ্রহণ করার সঙ্গে সঙ্গে তার ফল ফলে না, ফল ফলতে একটু সময় লাগে। এখন আমরা সেই ফল পাচ্ছি। আমরা যে সব অর্থনৈতিক মেজার নিয়েছি তাতে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করা সম্ভবপর হয়েছে। কিন্তু অন্য দেশে তা সম্ভবপর হয়নি। ইভন সোস্যালিস্ট কান্ট্রিতেও সম্ভবপর হয়নি। আজ ওসব চিন্তা করতে হবে। আমরা মানি সাপ্লাই কম করতে পারছি ব্ল্যাক মানির প্লে কম করতে পারছি, স্মাগলারকে কন্ট্রোল করতে পেরেছি, ট্যাক্স ইভোশন কন্ট্রোল করতে পেরেছি, ক্রেডিট প্ল্যানিং করতে পেরেছি—যাকে ক্রেডিট স্কুইজ বলে। ব্ল্যাক মানির জন্য যেটা ব্ল্যাক ইকনমি আন্ডারগ্রাউন্ড ইকনমি তাকে কন্ট্রোল করতে পেরেছি। এইভাবে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করে ইকনমি স্টেবল্ করা সম্ভবপর হয়েছে। আপনারা বোনাসের কথা বলছেন আমরা সকলেই জানি বোনাসকে আমরা নেগেটিভ করিনি। যেখানে লুজিং কনসার্ন সেখানে আমরা কম্যান্ড করেছি। যে দেশের কথা ওঁরা মনে করেন তাঁদের প্রতিনিধিদের জিজ্ঞাসা করি হয় তোমরা লুজিং কনসার্ন কিছু দাও তাতে তারা বললে আনথিঙ্কেবল আমি জানি আপনারা বিশেষ বিশেষ কথা ভাল লাগে ওর বিশেষ বিশেষ কথা ভাল লাগে না। চিফ মিনিস্টার বলেছেন সরকারি কর্মচারিদের মাইনে বাড়িয়ে দেব, না এমপ্লয়মেন্ট জেনারেট করব। আপনারা দায়িত্ব নিতে পারেন সকলের এমপ্লয়মেন্ট সাধারণ মাইনে না বাড়িয়ে ১ লক্ষ লোকের এমপ্লয়মেন্ট অ্যাসিউম করব কিনা সেই ডিসিসন আপনাকে নিতে হবে। আপনাদের রাজনৈতিক উদ্দেশ্য হচ্ছে সরকারি কর্মচারিদের হাতে নেওয়া। কিন্তু তারা আপনাদের সঙ্গে যাবে না। এই বাজেটে কিছু ট্যাক্সেশনের প্রপোজল আছে এর কিছু রিলিফের প্রোপোজাল আছে। এই ট্যাক্সেশন যে সেক্টর-এ করেছি সেই সেক্টর সারপ্লাস।

এই ট্যাক্সেশন যে সেক্টরে আমরা করেছি সেই সেক্টর সারপ্লাস। সেখানেও আবার চাষীদের জন্য চোখের জল ফেলতে শুরু করলেন। আজকে কুম্ভীরাশ্রু এমন একটা মারাত্মক জিনিস যে এটা যখন তখন যেখানে সেখানে ফেললে এর এফেক্ট নষ্ট হয়ে যায়। কৃষকদের মধ্যে আমরা কন্টেন করেছি করেছি যে ল্যান্ড রিফর্মস বিলে যে ১৭.৩০ এর বেশি জমি নন-

ইরিগেটেড এরিয়ায় কেউ রাখতে পারবে না ফ্যামিলি ওয়াইজ এবং করেসপন্ডিংলি ইরিগেটেড এরিয়ায় কমিয়ে দিয়েছি। আজকে প্রাইসেতো আমরা কন্টেন্ট করেছি, সবাই প্রায় মাঝারী, এখন ৯ বিঘা পর্যন্ত জমির খাজনা লাগে না এটা আপনারা জানেন। আপনারা এটা করেননি, আমরাই সেই ব্যবস্থা করেছি। এটা ভাবা উচিত আপনাদের। আজকে ক্ষুদ্র চাষীকে আমরা খাজনার আওতা থেকে বাদ দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৯ বিঘা জমিকে একটা ইউনিট আমরা ধরেছি, এই ৯ বিঘা জমির খাজনা আমরা মাফ করে দিয়েছি। এরপরে যেটা সেটায় দিতে হবে সারচার্জ ১৫ পারসেন্ট। এটা কিসের জন্য ব্যয় হবে, আপনি জানেন যে আমরা একটা রুর‍্যাল প্রোডাকশন প্রোগ্রাম করেছি, এটা পপুলার স্কীম জানেন যে আমরা একটা রুর‍্যাল প্রোডাকশন প্রোগ্রাম করেছি, এটা পপুলার স্কীম হয়েছে, ক্যাটিগোরিক্যালি এই বাজেটে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় একথা বলে দিয়েছেন। আজকে পিজ্যান্টিকে ওঁরা ডিভাইড করতে চাইছেন। যাবার সময় বৃটিশ ওঁদের কানে একটা মন্ত্র দিয়ে গেছে তোমরা তো জনযুদ্ধে আমাদের খানিকটা সাপোর্ট করেছে, আজকে তোমরা মাঝে মাঝে ডিভাইড অ্যান্ড রুল করার চেষ্টা করো। আপনারা মনে করছেন যে পিজ্যান্টি আপনাদের সঙ্গে যাবে, সেজন্য একবার বলছেন ওদের দাম বাড়িয়ে দাও, একবার বলছেন তুমি লেভি কেন করছ না, একবার বলছেন এদের উপর সারচার্জ কমিয়ে দাও। আপনাদের একটা কথা শুধু বলতে পারি যে আপনাদের যত চেষ্টা হোক পিজ্যান্টি আপনাদের সঙ্গে যাবে না, তারা বুঝে নিয়েছে যে এরা কি? আপনারা স্টেট ট্রেডিং-এর কথা বলেছেন। আপনারা নিজেরা কেন চালু করলেন না? স্টেট ট্রেডিং আমরা হুইটে কিছু চেষ্টা করেছিলাম, আমাদের ডিসিসন রিভাইজ করতে হয়েছে এটা দেখেছেন। অনেকের ধারণা যদি প্রোডাকশনের উপর জোর দিতে পারি, ম্যাকসিমাইজেশন অব দি প্রোডাকশন হলে আজকে নিয়ন্ত্রণ অনেকাংশে শিথিল করা সম্ভব হবে। মার্কেটিং ফেসিলিটির কথা বলেছেন। এটা স্বীকার করতে হবে ইন্ডাস্ট্রিয়াল সেক্টরকে এগ্রিকালচার সাপোর্ট দেওয়ার চেষ্টা করছি। সাপোর্ট প্রাইস নিচে পড়ে গেলে যে রকম আমরা জুটের ক্ষেত্রে করছি হুইটের ক্ষেত্রে একই রকম ব্যবস্থা গ্রহণ করার চেষ্টা করছি। কিন্তু ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে স্মল ইন্ডাস্ট্রি আমরা ইনসেন্টিভ দিতে পারি, প্রাইস ডিফারেন্স সরকারি উদ্যোগ থেকে কেনাকাটা হলে দিতে পারি, কিন্তু মার্কেটিং-এর দায়িত্ব নেওয়া সম্ভব হবে না। কারণ, এই দেশে যত ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন হয়, ৪৫ পারসেন্ট টু ৬০ পারসেন্ট ফ্রম স্মল স্কেল সেক্টর আসে তবুও এটাকে প্রোমোট করবার জন্য এস টি সি আছে। আজকে এক্সপোর্ট অনেকগুলি, যেমন ল্যাকের ক্ষেত্রে প্রাইভেট এন্ট্রিপ্রেনিওররা বাইরে পাঠাত, আজকে ল্যাক গ্রোয়ার্সরা যাতে ডিপ্রাইভ না হয় সেজন্য আমরা এস টি সি'র সঙ্গে বন্দোবস্ত করে সরকারি কর্পোরেশনের মাধ্যমে দায়িত্ব গ্রহণ করে এক্সপোর্ট করবার চেষ্টা করছি। কিন্তু সব ক্ষেত্রে এক্সপোর্টের দায়িত্ব সরকার নেবে এই অবস্থা এখনও আসেনি। যদি আমরা চেনালাইজ করতে পারতাম তাহলে নিশ্চয়ই ভাল হত। আমরা তারজন্য ট্রেড সেন্টারের প্রোপোজাল রেখেছি। আমরা একজিবিসান করি বিভিন্ন দেশে গিয়ে পার্টিসিপেশন করি জাস্ট টু এক্সপোর্ট, মার্কেটিং ফেসিলিটি আজকে যেগুলি এই সরকারের পক্ষে চালু করা সম্ভবপর সেগুলি আমরা করতে চাইছি। আজকে

হোমস্টেডের কথা বলেছেন। আপনার জানা নেই বোধহয়, ২ কোটি টাকা আমাদের আছে। এবছরে ৭৫ লক্ষ টাকা নেওয়া হয়েছিল, সারপ্লাস থেকে আমরা ৭৫ লক্ষ অ্যালট করেছি এই ৩।। কোটি টাকার এফেক্টিভ ইউজ হোক, তার একটা ইমপ্যাক্ট পাব তো। এটা যাতে সার্থকভাবে খরচ হয়, ওয়েল স্পেন্ট হয়, তারজন্য যেটা দিতে চাইছি সেই প্রোটেকশন দিই। এটা ব্লকের মাধ্যমে যাবে, আপনি তো ব্লকে আছেন, আপনি জানেন, ৩।। কোটি টাকা আগে খরচ করুন, আমরা এ পর্যন্ত ২ কোটি টাকা খরচ করতে পারিনি। অজিতবাবু, আপনি একটা ফাউল খেললেন, আপনি ভদ্র লোক এবং আপনাকে আমি আধাভাব বলে ইনক্লুড করে নিয়েছি, আপনি আধা কমিউনিস্ট হয়ে গেছেন, কমিউনিস্ট-এর যে ভাইসগুলি তার অর্ধেক আপনি ছাড়তে পেরেছেন, আপনি সরকারি কর্মচারিদের হঠাৎ চাকর বলতে গেলেন কেন? এই হাউসের ১৯৬৪, ১৯৬৫ সালের বক্তৃতা খুললে দেখতে পাবেন আমাদের পক্ষ থেকে বলা হয়েছে সরকারি কর্মচারিদের আমরা সম্মানিত সহকর্মী বলে মনে করি। অনেক ইন্ডাস্ট্রিতে যারা কাজ করে তাদের সার্থক পার্টিসিপেশনের কথা, ম্যানেজমেন্ট, শেয়ারের মধ্যে পার্টিসিপেশনের কথা আমরা চিন্তা করছি। সুতরাং চাকরের মনোভাব তো আমাদের নেই। চাকরের মনোভাব আজকের যুগে অচল। আজকে ওদের অ্যাসোসিয়েট করবার চেষ্টা করি।

কিন্তু আপনাদের মতো আমরা তাদের উস্কানি দেইনা। আমরা নিশ্চয়ই অ্যালার্ট হচ্ছি টু দেয়ার নিড্‌স অ্যান্ড রিকোয়ারমেন্টস এবং অর্থের ব্যবস্থাও করছি। আজকে প্রাইওরিটি সেক্টরে সারপ্লাশ দিতে পেরেছি কিন্তু ওঁদের দিতে পারিনি মুখ্যমন্ত্রী মহাশয় সে কথা বলেছেন। তারপর, আপনি বললেন সিমেন্ট পাওয়া যায় না, টিন পাওয়া যায় না। আমি তো জানি সিমেন্ট ডিকন্ট্রোল হয়েছে। আমি মনে করি আপনার যদি কোনও এন্টারপ্রেনিওর থাকে তাহলে তিনি এগিয়ে আসতে পারেন, র-মেটেরিয়ালস্‌-এর দিক থেকে অসুবিধা নেই। তারপর, আপনি একদিকে বলছেন র-মেটেরিয়ালস্‌ পাওয়া যাচ্ছে না, আবার বলছেন ঘরবাড়ি তৈরি করে কেন ভাড়া দিচ্ছেন না। আজকে টাকা কোথা থেকে আসবে সেটা আপনাদের ভাবতে হবে। আপনাকে ভাবতে হবে যে ম্যাক্সিমাম ইউটিলাইজেশন অব ইওর অ্যাভেলেবেল রিসোর্সেস সেটা আপনি করবেন কিনা? স্যার, রাস্তাকে আমরা প্রাইওরিটি সেক্টরে নিতে পারিনি এবং অনেকগুলো কন্সট্রাকশন আমরা বন্ধ করে দিয়েছি। ইউসলেস কন্সট্রাকশন বা যেখানে সময় দেওয়া যায় সেখানে আমরা প্রাইওরিটি দিচ্ছি না। একটা বাড়ি করতে গেলে টাকা এবং ফিজিক্যাল রিসোর্সের দরকার হয়, মেশিনারির দরকার হয়। সেটা গ্রহণ করা আমাদের পক্ষে এখনও সম্ভব হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবারে কয়েকটা তথ্য দিচ্ছি, ওঁদের সময় কি হয়েছিল সেটা আমার দেওয়া উচিত।

From 1968 to 1971 only 328 licences and letter of intents were granted with investment of Rs.293 crores. From 1972 to 1975 as many as 572 licences and intents were granted with investment of Rs.866 crores. Regarding Companies registered from 1968-69 to 1971-72 only

1004 companies with authorised capital of Rs. 109 crores were registered; from 1972-73 to 1975-76 (December 1975) as many as 2040 companies were registered with authorised capital of Rs.675 crores. Regarding No. of Registered factories, this increased from 5577 in 1971 to 5688 in 1974. Regarding "Employment", employment in organised industry rose only by 31,000 from April 1966 to March 1972; from 1972 to 1975 (March), the increase was by 1,97,000 (1.97 lakhs).

আজকে এই জিনিস ভাবতে হবে যে, ৪ বছরে ২ লক্ষ মানুষ ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে এমপ্লয়মেন্ট পেয়েছে।

Regarding production index, the Industrial Production Index rose from 95.60 in 1971 to 96.90 in 1973. Regarding No. of Industrial Licences issued to four eastern States viz. West Bengal, Bihar, Assam, Orissa is as follows:

	Total	West Bengal
1965	136	67
1966	103	42
1967	75	48
	314	157 (50%)
1972	88	54
1973	55	41
1974	167	125
1975	45	28
	355	248 (70%)

Whereas from 1965 to 1967 of all industrial licences issued in eastern region (four States), West Bengal had 50%; in 1972 to June 1975 the percentage increased to 70%.

আপনারা তো অঙ্ক বুঝবেন না, একটু শুনুন,

The average annual rate of issue of licenses during the above 2 periods in West Bengal increased from 52 to 71. This shows how the industrial climate has improved in West Bengal.

A record number of new companies were registered in West Bengal in 1974-75 i.e., 594 companies with authorised capital of Rs.369.95 crores.

Number of companies registered in West Bengal :-

1964-65 - 360

1965-66 - 367

1968-69 - 200

Authorised Capital only Rs.10.96 crores.

1967-68 - 213

1970-71 - 258

1971-72 - 337

1972-73 - 445

1973-74 - 582

1974-75 - 594

This is not a decline.

Coal output in West Bengal

1970-71 - 18.61 million tonnes.

1971-72 - 17.31 million tonnes.

1972-73 - 19.37 million tonnes.

1973-74 - 20.50 million tonnes.

Employment in registered factories in West Bengal :

1967 - 8 lakh 32 thousand.

1968 - 8 lakh 17 thousand.

1969 - 7 lakh 91 thousand.

1970 - 8 lakh 9 thousand.

1971 - 8 lakh 9 thousand.

1972 - 8 lakh 31 thousand.

1973 - 8 lakh 43 thousand.

1974 - 8 lakh 54 thousand.

This shows, there has been increase in 1974 from the low figures reached in 1969. In the past 8 years 1969 was the lowest figure of employment in industries.

Overall employment in West Bengal in non-agricultural organised sector. (small establishments employing 10 persons or less are excluded.)

1971 - 23.12 lakhs.

1972 - 23.54 lakhs.

1973 - 23.30 lakhs.

1974 - 24.99 lakhs.

Number of registered SSI small scale units :-

	No. of units		Investment
31.3.65	-	814	12.22 crores.
31.3.66	-	9,009	13.51 crores.
31.3.67	-	11,093	16,64 crores.
31.3.68	-	12,686	19.03 crores.
31.3.69	-	14,319	21.48 crores.
31.3.70	-	16,565	33.13 crores.
31.3.71	-	19,754	39.50 crores.
31.3.72	-	24,712	49.42 crores.
31.3.73	-	36,639	109.92 crores.
31 3 74	-	49,425	172.98 crores.
31 3 75	-	89,822	305.26 crores.

উনি বলেছেন বাড়ছে। বাড়ার গতিটা দেখুন, অধ্যক্ষ মহাশয়, ১৯৬৫তে ৮ হাজার থেকে ১৯৬৯-এ ১৪ হাজার—ডবলও হয়নি, আর ১৯৭৫-এ ৮৯ থাউজ্যান্ড, এটার গতিটা? পেস অব ডেভেলপমেন্টের সঙ্গে মানুষ বেড়েছে। ওঁরা যখন রাজত্ব করেছিলেন, অনেক খুন করেছিলেন যুক্ত ফ্রন্ট সরকারের সমর্থকরা তথাপি পশ্চিমবঙ্গের লোকসংখ্যা বেড়ে গিয়েছে কারণ খুন করে তো শেষ করা যায় না। একটা হিউম্যান গ্রোথ আছে, পপুলেশন গ্রোথ

আছে, আজকে ক্ষতি করতে পারেননি। কিন্তু স্পেস অব গ্রোথ, কোয়ালিটি অব গ্রোথ, কোয়ালিটি অব ইনভেস্টমেন্ট, সেটা দেখবেন না? আপনারা ইনভেস্টমেন্ট ১৯৬৯ সালে করেছিলেন ২১ কোটি, আজকে ১৯৭৫ সালে ৩৫.২৫ কোটি তা হওয়া সম্ভবপর হয়েছে। স্যার, এস, এস, আই, ইউনিটের সম্পর্কে আপনি জানেন সেই অন্ধকার দিনগুলি থেকে মুক্ত করার জন্য পশ্চিমবঙ্গে সিক্সটিন পয়েন্ট ইন্ডাস্ট্রিয়াল প্রোগ্রাম নেওয়া হয়েছিল, আপনি শুনে খুশি হবেন যেটা অক্টোবর মাসে চালু হয়ে ছিল এবং সেপ্টেম্বর মাসে শেষ হয়েছে এটাকে এক বৎসর ধরে হিসাব করলে আমরা দেখছি স্মল স্কেল ইউনিটে অক্টোবর সেভেন্টি ওয়ান টু সেপ্টেম্বর নাইনটিন সেভেনটি টু, টারগেট ছিল ২০০০, অ্যাচিভমেন্ট হয়েছে ২০৮৬, এমপ্লয়মেন্ট জেনারেটেড হয়েছে ১৩৫৪১, অক্টোবর, নাইনটিন সেভেনটি টু সেপ্টেম্বর নাইন্টিন সেভেন্টি থ্রি, টারগেট ছিল ২৫০০, অ্যাচিভমেন্ট হয়েছে ২৭৯৫, এমপ্লয়মেন্ট জেনারেটেড হয়েছে ১৯.২০৪, অক্টোবর নাইনটিন সেভেনটি থ্রি টু নাইনটিন সেভেন্টি ফোর, টারগেট ছিল ৩০০০, আমরা যা অ্যাচিভমেন্ট হত তা রিচ করতে পারিনি, কারণ আপনি জানেন, অধ্যক্ষ মহাশয়, যে সেভেন্টিফোর ওয়াজ দি ওয়ার্সড ইয়ার ইনফ্লেশনের জন্য এবং উনি যে কথা বলেছেন যে কনজামশন ক্রাইসিস ছিল, অস্বীকার করার উপায় নেই, আজকে অ্যাচিভমেন্ট হয়েছে ২৮৫২, এমপ্লয়মেন্ট জেনারেটেড হয়েছে ১৫.৮৩৭, অক্টোবর নাইনটিন সেভেনটি ফোর টু জুলাই নাইনটিন সেভেনটি ফাইভ—পুরোটা পাওয়া যায়নি, টারগেট ছিল ২৪৯২, অ্যাচিভমেন্ট হয়েছে ১৯৮৯, এমপ্লয়মেন্ট জেনারেটেড হয়েছে ৫.২৭৫। অক্টোবর মাসে আমরা এর পুরো বৎসরের হিসাবটা পাবো। কারণ আর্থিক বৎসরটা শেষ হলে কাজটা অ্যাকসিলারেট হয়। প্রোডাকশন অব স্টিকল্যাক, আপনি জানেন গালার কথা, শরৎবাবু এখানে নেই, এখানে আলোচনা হয়, নাইনটিন সেভেনটি ওয়ান—সেভেনটি টু ২১৪৬ মেট্রিক টন প্রোডাকশন হয়েছিল, নাইনটিন সেভেনটি টু—সেভেনটি থ্রি ১০৫৩ মেট্রিক টন প্রোডাকশন হয়, নাইনটিন সেভেনটি থ্রি—সেভেনটি ফোর, ১৯০০ মেট্রিন টন প্রোডাকশন হয়, নাইনটিন সেভেনটি ফোর—সেভেনটি ফাইভ ৩০০ মেট্রিক টন প্রোডাকশন হয়। আজ কে এইগুলি ভাবতে হবে। আজকে এগ্রিকালচার নিয়ে কথা বলেছেন, এটার বোধহয় কালকে শ্রমমন্ত্রী মহাশয় উত্তর দিয়েছেন তবুও কিছু ফিগার বোধহয় ওঁদের প্রয়োজন আছে, নইলে অনেক সময় আপনাদের ধারণাগুলি দূর হয় না। **(অজিতকুমার গাঙ্গুলি ঃ ধারণা কি দূর হবে?)** কালকে ওঁদের যে সুর ছিল আজকে তা অনেকটা পাল্টেছে, সুতরাং দূর হবে বলে মনে করি।

(হট্টগোল)

স্যার, আজকে তুলনা অত্যন্ত প্রকট তাই আমাকে ওঁরা নিষেধ করছেন ফিগার না দিতে। আজকে ইনডেক্স অব আমন রাইস প্রোডাকশন নাইনটিন সেভেনটি ওয়ান—সেভেনটি টু ১২৬.৯২, নাইনটিন সেভেনটি টু—সেভেনটি থ্রি ১১৫.৪৩, আমরা বেস ইয়ার ধরছি নাইনটিন ফিফটি, নাইনটিন সেভেনটি থ্রি—সেভেনটি ফোর ১২০.৪২, নাইনটিন সেভেনটি ফোর—সেভেনটি ফাইভ ১৩২.৫৭, ইনডেক্স অব অল ফুড গ্রেন্স, বললে আপনারা চমকে

যাবেন, ১৯৬৬-৬৭ এ ১১৯.৯৭, নাইনটিন সেভেনটি ওয়ান—সেভেনটি থ্রি তে ১৫৭.৬৫, নাইনটিন সেভেনটি থ্রি—সেভেনটি ফোর ১৫৯.৫৪, নাইনটিন সেভেনটি ফোর—সেভেনটি ফাইভ ১৮৩.১৭, সুতরাং প্রোডাকশন ফল করেনি, বেড়েছে। আজকে প্রাইস ইনফ্লেশন-এর জন্য ইনডেক্স প্রোডাকশন ভাববার কথা। আপনারা এখানে কে যেন বলবার চেষ্টা করেছিলেন, বোধহয় প্রদ্যুৎবাবু, তিনি এখানে নেই, এখন ইমার্জেন্সির পর প্রাইস রাইস হয়েছে। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, প্ল্যানিং এর সুফলগুলি ফলতে অনেক সময় লাগে। আজকে ইনিসিয়ালি দু'একটা ফিগার বাড়তে পারে কিন্তু ওভার অল প্রিভেলিং প্রাইস ভারতবর্ষের অন্যান্য বড় বড় সিটিগুলির দিক থেকে ভাববার কথা।

আমার কাছে যে তথ্য রয়েছে তাতে দেখছি আজকে ডিকলাইন ইন কনজিউমার প্রাইস ইনডেক্স ঘটেছে কলকাতায়, অন্য জায়গায় ডিকলাইন ইন কনজিউমার প্রাইস ইনডেক্স হয়নি। এটা থেকে একটা কথা মেনে নিতে হবে যে, আমাদের মতো ইকনমি যেটা দুই কাঁধে ভর করে চলে অর্থাৎ ইন্ডাস্ট্রি এবং এগ্রিকালচার সেখানে যদি ন্যাচারাল ক্যালামিটিস্ ন্যাচারাল ক্যাটাসট্রোফি ঘটে তাহলে আমাদের ইমব্যালান্স হতে বাধ্য করে। মার্জিন্যাল ফেইলইওর আমাদের এগ্রিকালচারাল ইকনমিতে বৃহত্তর আঘাত হানে। ৪ বছরে ড্রট, ফ্ল্যাড আমাদের অনেক আঘাত করেছে। কিন্তু যে সব ফিসক্যাল অ্যান্ড ফাইনান্সিয়াল স্টেপস্ টেকেন বাই গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল অ্যান্ড গভর্নমেন্ট অব ইন্ডিয়া আজকে আমাদের ইকনমি স্টেবেল হয়েছে, আজকে প্রাইস রাইজ স্টেবল হয়েছে এবং কনজিউমার প্রাইস ডিকলাইন করেছে। এসেনসিয়াল কমোডিটিস-এর ক্ষেত্রে আমরা শুনেছি বনগাঁয়ের মাছ এখন আর কলকাতায় আসছে না, অজিতবাবুর দলের লোকেরা সব মাছ খেয়ে নিচ্ছেন কারণ সর্ষের তেলের দাম খুব সুবিধে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বক্ষেত্রে শুধু ইন্ডাস্ট্রি এবং এগ্রিকালচারাল সেক্টর বলেই হবে না, তার সঙ্গে যে উপযোগিতাগুলি রয়েছে সেগুলোকে গৌণ বলে মনে করা হয়েছে সেখানে যদি প্রোডাকশন ম্যাক্সিমাইস করতে পারি তাহলে ওভারঅল নিউট্রিশন হয় এবং তার ফলে কনজিউমার গুডস্ পাবার সুবিধা হয়। এই জিনিস যদি হয় তাহলে বেটার কোয়ালিটি অব লাইফ এবং সোস্যাল জাস্টিস এটা পাওয়া সম্ভব হবে। তারপর, উনি প্ল্যান এবং প্রোগ্রামের ঝগড়া করেছেন। কোনটা প্ল্যান এবং কোনটা প্রোগ্রাম সেটা আমাদের ভাবা দরকার। এখানে একটা কথা বলা দরকার ওঁদের সময় প্ল্যানের সাইজ ছিল ৬৬ কোটি টাকা কিন্তু আজকে সেটা ২৩২ কোটি টাকা হয়ছে। এছাড়া ২৮ কোটি আমরা করেছি এক্সট্রা ফর দি রুর‍্যাল মিলিয়নস্। কাজেই এইসব সুবিধাগুলো আপনারা চিন্তা করে দেখুন। তবে আমাদের লক্ষ্য রাখতে হবে এই রিসোর্সটা যেন ওয়েল স্পেন্ট হয় এবং ম্যানেজমেন্ট বাই অবজেক্টিভ লেভেল হয়। আমি মনে করি ওঁদের পক্ষে সহযোগিতা করা সম্ভব। জনসাধারণের সুখ, সমৃদ্ধির কথা চিন্তা করে, তাদের বেকারীর জ্বালার কথা চিন্তা করে এবং তারা যাতে দারিদ্র থেকে মুক্তি পেতে পারে সেই কথা চিন্তা করে যে বাজেট প্লেস করা হয়েছে সেটা উত্তম বাজেট হয়েছে এবং দৃষ্টিভঙ্গিও উত্তম হয়েছে। আমরা বাই আনকমপ্রাইজিং ডিভোসন

এটাকে যদি ফুললি ইমপ্লিমেন্ট করতে পারি, এফেকটিভলী . স্পেন্ট করতে পারি তাহলে পশ্চিমবাংলার যে দুঃখকষ্ট সেটা দূর হয়ে যাবে এবং আল্টিমেটলী ক্রমাগত এর প্রয়াসের ফলে আমরা রিচ ওয়েস্ট বেঙ্গল দেখতে পাব। ওই পক্ষের বন্ধুদের সুবুদ্ধি হবে এই আশা করে আমি বক্তব্য শেষ করছি এবং যে প্রস্তাব বাজেটে উত্থাপন করা হয়েছে তাকে পরিপূর্ণভাবে এবং আন্তরিকতার সঙ্গে সমর্থন করছি।

[6-20 – 6-30 p.m.]

শ্রী রবীন্দ্রনাথ করণ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের কয়েকটি দিক ভাল আছে, আমি যেদিকগুলোকে সমর্থন করি। কিন্তু অতীতের যে সমস্ত বাজেটে উল্লিখিত হয়েছে তা হচ্ছে ভয়াবহ বেকার সমস্যা। এই বাজেটের মাধ্যমে বেকার সমস্যার কতখানি সুরাহা হবে—কতখানি সফলতা অর্জন করবে সে বিষয় আমার যথেষ্ট সন্দেহ হয়েছে। আমার বাস্তব অভিজ্ঞতা থেকে দেখছি দীর্ঘ চার বছর ধরে ১৯৭২ সালে যে কথা ঘোষণা করা হয়েছিল হলদিয়ায় বিরাট শিল্প নগরী গড়ে উঠবে,—সেখানে লক্ষ লক্ষ বেকার যুবকের চাকরির সংস্থান হবে। সেখানে শিল্প সম্প্রসারণের ব্যবস্থা এতদিন আরও ত্বরান্বিত হওয়া উচিত ছিল, সেই প্রত্যাশা পূর্ণ হয় নাই, তা হচ্ছে না। সেখানে আরও অনেক সহায়ক শিল্প গড়ে ওঠা উচিত ছিল। তাও হচ্ছে না। সেই সমস্ত ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে উঠলে অনেক বেকার তাতে চাকরি পেতে পারত। কিন্তু তা সেখানে গড়ে উঠে নাই। এই হলদিয়া প্রকল্পে যে সমস্ত জায়গা CPT কর্তৃপক্ষ নিয়েছেন, সেই সমস্ত জায়গায়ও ক্ষুদ্র ও কুটীর শিল্প গড়ে ওঠার সম্ভাবনা দেখা যাচ্ছে না। পশ্চিমবাংলা সরকারের নিজেদের প্রচেষ্টা যেখানে এইসব ক্ষুদ্রশিল্প গড়ে দিতে পারতেন। মন্ত্রীরা আমাদের অনেক আশা দেন কিন্তু সেভাবে কোন কাজ হয় না বা আমরা কোনও কাজ পাই না। এখন প্রশ্ন হচ্ছে হলদিয়া প্রকল্পে যে বিরাট শিল্পনগরী গড়ে উঠবে কথা দেওয়া হয়েছিল, সেই শিল্পগুলি কি কি যা সেখানে গড়ে উঠবে সে সম্বন্ধে বাজেটে সুস্পষ্ট কোন নির্দেশ দেওয়া হয় নাই যদিও অনেক প্রকার শিল্প সেখানে গড়ে উঠবার সম্ভাবনা রয়েছে। কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা না পেলে সেই শিল্প সেখানে গড়ে উঠতে পারবে না। সবেমাত্র কেউ কেউ শুরু করেছেন, কবে যে বেশির ভাগ কাজ শেষ হবে তার কোনও ঠিক নাই এবং বেকার সমস্যার সমাধান যে কবে হবে সে বিষয়ও যথেষ্ট সন্দেহ রয়েছে।

এই যে বিরাট হলদিয়া প্রকল্প গড়ে উঠেছে, এই হলদিয়া প্রকল্পের স্বার্থে সেখানে ১০ হাজার পরিবার উদ্বাস্তু হয়েছে যে উদ্বাস্তুর কথা একটু আগে এখানে জনৈক মাননীয় সদস্য উল্লেখ করেছেন। তাদের পুনর্বাসনের জন্য এখন পর্যন্ত বিশেষ কিছু করা হয় নাই। বিশ দফা কর্মসূচির মধ্যে রয়েছে যারা গৃহহীন, বাস্তুহীন তাদের বাস্তু দেবার ব্যবস্থা করা হচ্ছে—,তাদের গৃহ নির্মাণের জন্য টাকা দেওয়ারও ব্যবস্থা হচ্ছে কিন্তু এই হলদিয়া প্রকল্পে দেশের বৃহত্তর স্বার্থে আজ যারা যেখানে গৃহহীন হল বাস্তুহীন হল—,তারা আজকে পথের ভিক্ষুক, তাদের

সকলের পুনর্বাসনের ব্যবস্থা করা হয় নাই। ১০ হাজার উদ্বাস্তু পরিবারের মধ্যে মাত্র ৫০০০ উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। আর বাকি ৫০০০ উদ্বাস্তু পরিবারের কোথায় যে পুনর্বাসন দেওয়া হবে, কোথায় যে তারা বসবাস করবে, এখনও সে সম্বন্ধে কোনও নিশ্চয়তা নাই। যখন এ সম্বন্ধে সরকারকে বলা হয়, তখন তাঁরা বলেন—আমরা চিন্তা করছি। অথচ আমরা দেখছি এ সম্বন্ধে তাদের কোনও চিন্তা নাই। আবার কোনও কোনও সময় বলেন বাজেটে এজন্য টাকার কোনও প্রভিসন রাখা হয় নাই। আর এখন বলা হচ্ছে ২০ দফা কর্মসূচিতে বাস্তুহীনদের বাস্তু দেব। কিন্তু আমরা বাস্তব অভিজ্ঞতায় দেখতে পাচ্ছি—এই বাস্তুহীনরা কী দুর্নীতির মধ্যে বসবাস করছে। যেটুকু উদ্বাস্তু কলোনি গড়ে উঠেছে—সেখানে তাদের যাতায়াতের জন্য কোনও রাস্তাঘাট নাই, পানীয় জলের কোনও ব্যবস্থা নাই, চিকিৎসার জন্য কোনও হাসপাতালের ব্যবস্থা নাই, অসুখে বিসুখে সেখানে তারা বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। জল ও খাদ্যের অভাবে সেখানে তারা অসীম কষ্ট পাচ্ছে। তারা বাস্তুচ্যুতি হয় বেকার অবস্থায় দুঃসহ যন্ত্রণায় কাল কাটাচ্ছে। কোনও কর্মের সংস্থান তাদের জন্য নাই। এই হচ্ছে হলদিয়া প্রকল্পের শিকার উদ্বাস্তু মানুষের চিত্র। বিশ দফা কর্মসূচিতে বলা হয়েছে—যারা দুর্বল অসহায় অবহেলিত মানুষ—তাদের বাসস্থান ও কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া হবে। ১৯৭৩ সালে মুখ্যমন্ত্রী হলদিয়াতে এক জনসভায় ভাষণ প্রসঙ্গে বলেছিলেন—হলদিয়ার স্বার্থে যারা আজ উদ্বাস্তু হয়েছেন, তাদের চাকরি ও বাসস্থানের কথা আমাদের ভাবতে হবে। আজকে সেখানে আপনি দেখতে পাবেন স্যার, যে সমস্ত শিল্প প্রতিষ্ঠান সেখানে গড়ে উঠেছে—,তাতে শতকরা দু-তিন জনের বেশি সেই উদ্বাস্তু মানুষ চাকরি পায় নাই। সেখানে যে সমস্ত construction হচ্ছে, তার মধ্যেও এই সমস্ত হলদিয়ার দরিদ্র মানুষ কোনও সুযোগ পাচ্ছে না। সেখানে এই সমস্ত ক্ষতিগ্রস্ত উদ্বাস্তুরা চাকরি পাবে কোথাও তার কোনও ব্যবস্থা সেখানে রাখা হয় নাই।

তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন রাখছি অন্ততপক্ষে বাজেটে হলদিয়ার জন্য যারা বাস্তুহারা হয়েছে বা চাকরি পাচ্ছে না তাদের জন্য একটা প্রভিসন রাখা হয়। আগামী দিনে ২০ দফা কর্মসূচির রূপায়ণের কথা প্রধানমন্ত্রী থেকে আমরা সবাই বলছি সেটা সার্থক হতে পারে এইগুলো করলে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুনীলমোহন ঘোষ মৌলিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে প্লেস করেছেন সেটা আন্তরিকভাবে সমর্থন করি। গত বছরও উদ্বৃত্ত বাজেট হয়েছিল। এইবার তার চেয়েও বেশি হয়েছে। এই সম্বন্ধে বেশি কিছু বলব না। কারণ আমার সময় অত্যন্ত কম। দু-চারটে কথা বলে শেষ করব। সেচ বিভাগের সম্প্রসারণের জন্য এই সরকার যে চেষ্টা করছেন এই সম্বন্ধে দু-চারটে কথা বলা দরকার বলে মনে করি। কারণ আমাদের সেচ পরিকল্পনা যদি ক্যানেল দিয়ে করা হয় যে অঞ্চলে অনুর্বর জমি সেখানে ক্যানেল দিয়ে করলে বিশেষ কিছু ক্ষতি হয় না। সেখানে উর্বরতা আরও বাড়বে। কারণ জমির পরিমাণ

ক্যানেল করলে কমে যাবে। আগে আন-ডিভাইডেড বেঙ্গলের যে জমি ছিল তার ওয়ান-থার্ড বাংলা পেয়েছে, পার্টিশন হওয়ার পর টু-থার্ডের বাংলাদেশ থেকে বহু বাস্তুহারার চাপ আমাদের ঘাড়ের উপর এসে পড়েছে। এখানে যত জমিতে সেচের ব্যবস্থা হয় তাহলে ভাল হয় এবং সেটা দরকার। যে সময় দামোদর ভ্যালি কর্পোরেশন হয়েছিল তখন টিউবওয়েল, ডিপ-টিউবওয়েল, রিভার, লিফ্‌ট ইত্যাদির প্রচলন ছিল না। সেইজন্য সেই সময় ক্যানেল হয়েছিল। প্রচুর জমি গিয়েছিল। এখন লোকের যত কম জমি পায় ততই বাঞ্ছনীয়। সেইজন্য অনুরোধ যে জায়গায় টিউবওয়েল, ডিপ-টিউবওয়েল, রিভার লিফ্‌ট, পাম্পে ইত্যাদি দিয়ে ইরিগেশন করা সম্ভব সেখানে ক্যানেল না করে এই সব প্রকল্পের প্রবর্তন করলে ভাল হয় এবং এইভাবে সেই সব স্থানে সেচের ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। রাস্তার কথা বললে বলতে হয় গ্রাম বাংলায় রাস্তা কিছু নেওয়া হয় না। জানি সেটা সরকারের পক্ষে সম্ভব নয়। সেইজন্য গতবারেও বলেছি, এইবারেও বলছি, কিছু টাকা সরকার গ্রাম বাংলার রাস্তার উন্নতির জন্য রাখুন। উন্নতি মানে অন্ততপক্ষে গ্রামের রাস্তায় সাঁকো করে দিন যাতে গ্রামের রাস্তার থেকে পাকা রাস্তায় আসার জন্য সাঁকোর ব্যবস্থা করুন। এগ্রিকালচার সম্বন্ধে বলতে গিয়ে বললেন এস এফ ডিতে আমার জেলাতে কিছুটা হয়েছে। পরপর কয়েকটা হয়েছে এবং অন্যান্য জেলাতেও হবে নাকি। কয়েকটি জায়গাতে এস এফ ডি প্রোজেক্ট অফিসার যা আছেন সেখানে কাজ হয়েছে। সব জায়গায় সি এ ডি সি স্কিম অনুযায়ী কাজ চালু হওয়া সম্ভব নয়। সেইজন্য এস এফ ডিতে যদি ছোট ছোট ডেভেলপমেন্ট করা হয় তাহলে প্রতি ব্লকে প্রতি অঞ্চলে ৫০ একর জমি নিয়ে যদি স্কিল করা হয় এবং সেইগুলো যদি প্রোজেক্ট অফিসারের পরিচালনায় হয় তাহলে গ্রামবাংলায় প্রতি অঞ্চলে লোকেরা উপকৃত হবে এবং এটা করতে যে টাকা লাগবে সেটা যদি কো-অপারেটিভ সেক্টরের মাধ্যমে ব্যবস্থা করেন তাহলে এই প্রকল্পে সাফল্যমন্ডিত হবে। কারণ ন্যাশনালাইজড ব্যাঙ্কের মাধ্যমে টাকা পাওয়ার আশা নেই—এইটা বাস্তব কথা।

[6-30 - 6-40 p.m.]

আর একটা কথা বলি আমাদের বেলডাঙ্গা সুগার মিল যেটা অনেক দিন ধরে পড়ে আছে সে সম্বন্ধে অনেকবার এখানে আলোচনাও হয়েছে। আমি ইকনমিক্সের ছাত্র ছিলাম—একটা কথা আছে ইকনমিক্সে লোকালাইজেশন অব র-মেটিরিয়াল সেই সব জায়গাতেই মিল তৈরি হয়। যেমন বাংলা দেশে জুট হয় তাই সেখানে জুট মিল হয়েছে, বম্বেতে কটন হয় তাই সেখানে কটন মিল হয়েছে। কিন্তু অনেক জায়গাতেই ফান্ডামেন্টাল প্রিন্সিপ্যাল ভায়োলেট করে মিল হয়েছে। যে জায়গাতে আখ হয় না, সেই জায়গায় আখের মিল তৈরি হয়েছে এবং আজকে সেই সব মিলে ফিড দিতে পারছে না। সেই অবস্থা আজকে এই সুগার মিল হয়েছে। এবং সেটা আজ পর্যন্ত চালু করবার ব্যবস্থা হোল না। এটা করলে বেশ কিছু লোক উপকৃত হত। বাজেটে দেখতে পাচ্ছি অন্যান্য জেলায় বেশ কিছু শিল্প উন্নতি লাভ করছে। কিন্তু আমাদের মুর্শিদাবাদ জেলায় আজ পর্যন্ত কোনও শিল্প গড়ে উঠেছে বলে মনে হয় না। এ

সম্বন্ধে বিশেষ দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানিয়ে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিরোদকুমার সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা সমর্থন করছি। আমি মাননীয় অর্থমন্ত্রীকে লক্ষ্মীমন্ত না বলে পারি না। কেন না বরাবরই আমি দেখি যে সারপ্লাস বাজেট প্লেস করা হয়। আজকে তিনি এই বাজেটকে একটা হেল্দি বাজেটে পরিণত করেছেন। এটা একটা সারপ্লাস বাজেট। এই বাজেট নিয়ে এ যাবৎ অনেক আলোচনা হয়েছে। বিরোধীপক্ষরা জানি না কেন এটাকে সম্পূর্ণ সমর্থন করছেন না। আমরা এখানে সকলেই কাজ করতে এসেছি। তাঁরা এর মধ্যে অনেক কিছু ভাল দেখছেন তবুও জানি না পার্টির তাগিদে হবে হয়তো এই বাজেট সম্পূর্ণ সমর্থন করতে পারেননি। যাই হোক আমার বক্তব্য হচ্ছে বাজেট যেটা হয়েছে তা ঠিক ঠিকভাবে ইমপ্লিমেন্ট করতে হবে। এবং সে সম্বন্ধেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। প্রথমেই আমাদের প্রাথমিক শিক্ষা সম্পর্কে বিশেষভাবে ওয়াকিবহাল থাকা দরকার। সে ব্যাপারে যে অর্থ বরাদ্দ হয়েছে আমার বিবেচনায় তা যথেষ্ট নয়। এবং যে অর্থ বরাদ্দ হয়েছে তা যাতে ঠিক ঠিকভাবে ব্যয় হয় তার দায়িত্ব শুধু আমাদের নয়, প্রত্যেক নাগরিকেরই দায়িত্ব আছে। আমাদের সুন্দরবন এলাকার জন্য মাত্র ৬০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। আমি মাননীয় অর্থ মন্ত্রীকে জানাব যে এক বিরাট সুন্দরবন এলাকার জন্য এই ৬০ লক্ষ টাকা কিছুই নয়। আমাদের যোগ্য নেতৃ শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন যে এই অঞ্চলকে নিশ্চয় সুন্দর করা হবে। আমি জানি না মাত্র মাথা পিছু দুই টাকা করে কি করে এই সুন্দরবন অঞ্চলকে আরও সুন্দর করা যাবে। তাই আমি অনুরোধ করছি এই সুন্দরবন উন্নয়ন বোর্ডের হাতে আরও টাকা দেওয়া হোক যাতে এই সুন্দরবন অঞ্চলে সত্যই সুন্দর করা যায়। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিতাইপদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল সাহেব এখানে নাই থাকলে সুবিধা হত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় যে বাজেট প্লেস করেছেন তাতে দেখতে পাচ্ছি কতকগুলি ব্যাপারে তিনি কর ছাড় দিয়েছেন। এবং জনসাধারণের উপর বিশেষ করভার চালাননি সেটা মন্দের ভাল—তার জন্য আমি স্বাগত জানাচ্ছি। কিন্তু তাই বলে মাননীয় অর্থমন্ত্রী যা দাবি করেছেন যে এটা জনগণের বাজেট এটা মেনে নেওয়া যায় না। শুধু জনসাধারণের উপর করভার না চাপালে সেটা জনসাধারণের বাজেট হয় না—জনসাধারণের বাজেট বলতে যেটা সেটা নির্ভর করে দৃষ্টিভঙ্গির উপর।

আমাদের নেতা অজিত গাঙ্গুলি মহাশয় বলেছেন যে দৃষ্টিভঙ্গি ঠিক করতে হবে। আজকে সারা দুনিয়ায় যে অকেজো হয়ে গেছে সেটা ধনতান্ত্রিক দেশে বিভিন্নভাবে ইনফ্লেশন বেকারি ইত্যাদির মাধ্যমে প্রমাণিত হয়েছে। কাজেই ধনতান্ত্রিক পথ বাদ দিয়ে অধনতান্ত্রিক পথে চলবার নতুন দৃষ্টিভঙ্গি গ্রহণ করা দরকার। সেই অধনতান্ত্রিক পথে চলার কোনও নতুন ধরনের ইঙ্গিত আমরা কিছু পাই নি। সেই জন্য এটা বলা চলে না যে এটা জনসাধারণের

বাজেট। যা হোক যে কথা বলতে চাচ্ছিলাম—জয়নাল সাহেব ব্যাঙ্গ করেছেন, অজিতদা যেটা বলতে চেয়েছিলেন সেটা হচ্ছে এগ্রিকালচারাল প্রোডাক্টের সাপোর্টিং প্রাইস দাবি করেছিলেন—এটা শুধু অজিতদা কেন, মুখ্যমন্ত্রী এবং দেবীপ্রসাদবাবু পর্যন্ত আমাদের নদীয়া জেলার একটি সম্মেলনে গিয়ে তাঁরা জোরালোভাবে দাবি করেছিলেন যে বাংলাদেশের পাট চাষীদের পাটের ন্যার্য্য দাম দিতে হবে এবং পাট চাষীরা যাতে সাপোর্টিং প্রাইস পায় তার জন্য তাঁরা সেখানে জোরালো ভাষণ রেখেছিলেন। স্যার, আমার কাছে অনেক তথ্য ছিল আমি সেটা আর বলতে চাচ্ছি না, পাটের দাম না দেবার জন্য গতবারের তুলনায় পাটের উৎপাদন কি পরিমাণে কমে গেছে সেটা এই ইকনমিক রিভিয়্যুতে দেওয়া আছে। চাষীরা পাটের দাম পায়নি বলে পাট উৎপাদন কমে গেছে। এর আগেরবার খাদ্যের দাম বেশি ছিল বলে বহু কৃষক ধান উৎপাদন করেছে। কিন্তু এইবারে ধানের দাম পেল না। শুধু নদীয়া জেলায় নয়। বিভিন্ন জেলায় এবারে গমের উৎপাদন খুব ভাল হয়েছে। কিন্তু সেই গম গ্রামাঞ্চলে ৭০ টাকা কুইন্টাল হিসাবে বিক্রি হচ্ছে। চাষীরা কিন্তু বীজ, সার ইত্যাদি কোনও সুযোগ সুবিধা পাচ্ছে না। ইনফ্লেশনের ব্যাপারে জয়নাল সাহেব বলেছেন। গভর্নমেন্ট অব ইন্ডিয়া পরিষ্কারভাবে বলেছেন এক্সক্লুডিং সোস্যালিস্ট কান্ট্রি—আমেরিকা, জাপান, জার্মানী এদের কথা বলেছেন, সমাজতান্ত্রিক দেশের কথা বাদ দিয়ে সমাজতান্ত্রিক দেশে মুনাফার প্রশ্ন নেই, সেখানে লভ্যের প্রশ্ন নেই। কাজেই সোস্যালিস্ট ইকনমি সম্বন্ধে জয়নাল সাহেব কিছু জানবেন এটা আমরা আশা করেছিলাম। বোনাস ইস্যু নিয়ে তিনি উপহাস করলেন। তাঁর কাছ থেকে সেই উপহাস আমরা শুনতে চাইনি। যাহোক, কমিউনিস্ট পার্টির বন্ধুত্বমূলক সমালোচনা তিনি শুনেও শুনবেন না। কমিউনিস্ট পার্টি চিরকাল গঠনমূলক সমালোচনা করে এসেছে এবং কমিউনিস্ট পার্টি অব ইন্ডিয়া শ্রীমতী ইন্দিরা গান্ধী যখনই কোনও গুরুত্বপূর্ণ স্টেপ জনগণের পক্ষে নিয়েছেন সেই স্টেপকে পুরোপুরি সমর্থন করে এসেছে এবং ২০ দফা কর্মসূচি যেটা গভীরভাবে এই বাজেটে প্রতিফলিত হওয়া উচিত ছিল সেটা হচ্ছে না। ক্ষেত মজুরদের কথা, বর্গাদারদের কথা, ভূমিহীন কৃষকদের অনেক কথা বলেছেন, কিন্তু আমার কাছে প্রচুর তথ্য আছে তা থেকে আমি বলে দেব হতাশ এবং নিরাশা সৃষ্টির মূলে হচ্ছে সরকারি নীতি। আমি কতকগুলি ক্ষেত্রে দেখিয়ে দিতে পারি যে ভাগচাষী, ক্ষেতমজুরদের ক্ষেত্রে বিভিন্নভাবে হতাশা সৃষ্টি করা হচ্ছে এবং জয়নাল সাহেব যে সরকার চালাচ্ছেন সেখানে ২০ দফা কর্মসূচি সফলভাবে রূপায়ণ করতে পাচ্ছেন না। ক্ষেত-মজুরদের সম্বন্ধে মাত্র কয়েকটি লাইন লেখা হয়েছে বাজেটের মধ্যে। সেখানে বলা হয়েছে ক্ষেত-মজুরদের মজুরি নির্দ্ধারণ বিষয়ে একটি কমিশন গঠন করা হবে। জয়নাল সাহেব বলুন আপনার পশ্চিমদিনাজপুর জেলায় ক্ষেত-মজুরদের জন্য সরকার যে মূল্য নির্দ্ধারণ করেছেন, কোনও একটি ব্লকে কি সেই মজুরি দেওয়া হচ্ছে? আমার নদীয়া জেলা কেন, ওয়েস্ট বেঙ্গলের সমস্ত জায়গাতেই সরকারি নির্দ্ধারিত মূল্য ক্ষেত-মজুরদের দেওয়া হচ্ছে না। বর্গাচাষীদের অধিকার রক্ষা করবার জন্য যে সরকারি আইন হয়েছে সেই আইন কার্যকর করা যাচ্ছে না, পুলিশ নানাভাবে বর্গাদারদের হয়রানি করছে। চাকদার সাগর টুডুর কেস আমি উল্লেখ করতে পারি—এইরকম বহু কেস আমি মুখ্যমন্ত্রীর

কাছে উদাহরণ দিয়ে চিঠি লিখেছিলাম, কিন্তু কোনও প্রতিকার হয়নি।

[6-40 – 6-44 p.m.]

জয়নাল সাহেব এখানে অনেক চিৎকার করলেন, তাঁর আগে যদি আমাকে এক ঘন্টা সময় বলবার জন্য দেওয়া হত তাহলে আমি ওঁকে অনেক কিছুই জানাতে পারতাম। এই যে ভাগচাষী, বর্গাদার বা গরিব চাষীদের জমির পাট্টা দেওয়া হয়েছে, জমি বিলি করা হয়েছে এবং তার যে ফিরিস্তি দেওয়া হচ্ছে, রেডিও'তে প্রচার করা হচ্ছে, আপনারা কি বলতে পারেন তার কতজনকে আপনারা ঘরবাড়ি তৈরি করার জন্য টাকা দিয়েছেন? স্যার, কেরালা সরকারের কথা উনি নাম না করে উল্লেখ করেছেন, আমি ওঁকে বলি, আপনারাও সেখানে সরকারে আছেন, সেখানে গিয়ে দেখে আসুন তারা এক লক্ষ পাকা বাড়ি তৈরি করছে ক্ষেতমজুরদের জন্য। তা ছাড়া তারা এগ্রিকালচারাল লেবারদের জন্য যে অ্যাক্ট পাস করেছে সেটাকে একটা মডেল অ্যাক্ট হিসাবে ভারত সরকার পর্যন্ত স্বীকার করেছে। কাজেই এসব জেনেশুনেও যদি বিদ্রুপ করেন তাহলে আমি বলব, সেটা ঠিক নয়। আমরাও চাই এই ২০ দফা কর্মসূচি বাস্তবে রূপায়িত হোক। আমরা চাই, কংগ্রেসের সঙ্গে সি পি আই এবং অন্যান্য বাম গণতান্ত্রিক শক্তিরা একযোগে ঐ যারা জনসাধারণের মধ্যে হতাশা সৃষ্টি করছে বা নৈরাশ্যের সৃষ্টি করছে তাদের মোকাবিলা করে এই ২০ দফা কর্মসূচি রূপায়িত করুক। সব শেষে আমি তাই বলব, ঐ দরিদ্র জনসাধারণ—শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস, ক্ষেতমজুর, বর্গাদার তাদের সকলের স্বার্থ রক্ষা করার জন্য আসুন, আমরা ঐক্যবদ্ধ হয়ে একযোগে এক কর্মসূচিকে রূপায়িত করি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী দেবেন্দ্রনাথ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে দু'একটি কথা আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গের জেলাগুলি অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর। এই সরকার আসার পর কিছু কিছু সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে কিন্তু এর আগে উত্তরবঙ্গের জেলাগুলি অবহেলিত ছিল। সেখানে কোনও ইন্ডাস্ট্রিজ নেই, কেবলমাত্র কৃষির উপর নির্ভর করা ছাড়া উত্তরবঙ্গের জেলাগুলির আর কোনও উপায় নেই। আমি তাই মন্ত্রিসভার কাছে দাবি করছি যে, উত্তরবঙ্গের জন্য একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হোক। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জে সি এ পি'র একটা এরিয়া হয়েছে। সেখানে গত বৎসর মাত্র ১৫টি ডিপ টিউবওয়েল বসেছে কিন্তু আর কোনও কাজ হতে দেখছি না। সেখানে একজন প্রোজেক্ট অফিসার নিযুক্ত হয়েছেন ঠিকই কিন্তু তিনি শুধু গাড়ি করে ঘুরে ঘুরে বেড়াচ্ছেন, কোনও কাজকর্ম সেখানে নেই। এই অবস্থায় কতদিনে কৃষির উন্নতি হবে তা আমি বুঝতে পারছি না। মন্ত্রিসভার কাছে তাই আমার অনুরোধ যাতে তাড়াতাড়ি কাজ আরম্ভ হয় সে দিকে দৃষ্টি দিন। পরিশেষে আমি বলব, শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবসদের জন্য যে কোটার ব্যবস্থা করা হয়েছে অনেক

ক্ষেত্রে দেখা যাচ্ছে ডিপার্টমেন্টগুলি সেই কোটা পূরণ করছেন না। সরকারি নিয়ম অনুযায়ী যাতে কোটা পূরণ করা হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker: Honourable member must remember that we shall assemble here at 12 noon tomorrow and there will be no Calling Attention or Mention Cases tomorrow.

Adjournment

The House was then adjourned at 6.44 p.m. till 12 noon on Saturday, the 6th March, 1976 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Saturday, the 6th March, 1976 at 12-00 Noon.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 2 Ministers, 4 Ministers of State and 54 Members.

[12-00 — 12-10 p.m.]

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

OBITUARY REFERENCE

Mr. Speaker : Honourable Members, before the business of the House commences to-day, I would refer, with deep regret, to the sad demise of **Shri Jayati Prasanna Mukherjee, an ex M.L.A.** who expired on Friday, the 5th March, 1976 at his residence at Calcutta, at the age of 63. Coming of a Zamindar family of Gobardanga in the district of 24-Parganas, Shri Mukherjee was a well known huntsman and a lover of music. He associated himself with many philanthropic organisations. In the year 1967 he was elected to the West Bengal Legislative Assembly from Habra Constituency of 24-Parganas. With his charming personality, he endeared himself to all sections of members of the House.

May his soul rest in peace.

I would now request you, ladies and gentlemen, to rise in your seats and observe silence for 2 minutes as a mark of respect to the departed soul.

(At this stage the Members stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will please send the message of condolence to the members of the bereaved family

[6th March, 1976]

POINT OR INFORMATION

শ্রী কানাই ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারের বাজেট সেশন আরম্ভ হওয়ার পর থেকে, আপনি দেখছেন এই কৃষি লোন আদায়ের ব্যাপারে যে জুলুম হচ্ছে সে সম্পর্কে আমাদের এপাশের বন্ধুরা এবং কংগ্রেসি এম.এল.এ'রা তুলেছেন এবং বিভিন্ন জায়গায় জুলুম চলছে। আমার কনস্টিটিউয়েন্সি থেকে আমি একটা টেলিগ্রাম পেয়েছি, তাতে বলা হচ্ছে এমন কি গ্রুপ লোনিজদের উপরও আক্রমণ হচ্ছে। group loanees have been the worst victims of police excess at Moyna Block. কাজেই এই ঘটনা বারে বারে ঘটছে, আমি এই বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি, গরিব, চাষিদের উপর এই যে জুলুম, অত্যাচার চলছে, এটা অবিলম্বে বন্ধ করা হোক। এই ঘটনা সম্পর্কে বিভিন্ন সদস্য স্টেটমেন্ট করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই নিয়ে বারে বারে এই বিধানসভায় বিভিন্ন সদস্য বিভিন্ন ঘটনার কথা উল্লেখ করেছেন যে গরিব চাষিদের উপর এই গ্রুপ লোন আদায়ের ব্যাপারে অত্যাচার চলছে, তাদের অস্থাবর সম্পত্তি ক্রোক করার ব্যবস্থা হচ্ছে, এটা গ্রামীণ লোন নয়, সরকার থেকে গ্রামীণ লোন মকুবের কথা বলছেন কিন্তু সরকারি লোন আদায়ের ব্যাপারে এইভাবে সরকার থেকে জুলুম চালানো হচ্ছে। আমরা বলছি, তারা মকুব চায় না, তাদের কিছু সময় দেওয়া হোক এবং কিস্তির ব্যবস্থা করে দেওয়া হোক যাতে তারা তাদের এই লোন শোধ দেবার সুযোগ পেতে পারে। সরকারি অফিসাররা, তহসিলদাররা এই গরিব চাষিদের বাড়িতে গিয়ে জুলুম করছে। এমন কি তাদের অস্থাবর সম্পত্তি পর্যন্ত ক্রোক করার ব্যবস্থা হচ্ছে। তারা এই ঋণের রেহাই চায় না, তারা চায় শুধু দু-চার মাস, একবছর সময়, এর ভেতরই তারা তাদের ঋণ কিস্তিতে শোধ দিয়ে দিতে পারবে।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পূর্বে আমি বিধানসভায় আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম এই গুরুত্বপূর্ণ বিষয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে চিঠি এসে পৌঁছেছে, যারা লোন আদায় করতে যাবেন, তারা স্পষ্ট ভাবে আগে থেকে ঢোল পিটিয়ে জানিয়ে দিয়েছেন, যে তারিখ ধার্য করা হয়েছে, সেই তারিখের মধ্যে যদি তাদের লোন শোধ না দিতে পারে, তাহলে তাদের সমস্ত অস্থাবর সম্পত্তি ক্রোক করে নেওয়া হবে। আপনি জানেন আমার এলাকা নদীর ভাঙনে জর্জরিত, সেখানকার সমস্ত জমি জলে ডুবে রয়েছে। সুতরাং রেডিওগ্রাম মারফত সেখানে এই হুকুম রদ করার কথা না জানালে সেখানকার গরিব চাষিদের অবস্থা অত্যন্ত সঙ্গীন হয়ে পড়বে। এই ব্যবস্থা যদি না করা হয় তাহলে মহম্মদ বিন তুঘলকের আমলে যে ঘটনা ঘটেছিল, কৃষকরা পালিয়ে গিয়েছিল, সেই অবস্থার পুনরাবৃত্তি ঘটবে। কারণ সেখানে ৯ তারিখে অস্থাবর সম্পত্তি ক্রোক করার কথা।

শ্রী ভূপালচন্দ্র পান্ডা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তমলুক মহকুমার যে সমস্ত লোনি পিটিশন করেছিল গ্রুপ লোনের ব্যাপারে, আপনি জানেন ৭/৮ বছরের লোন একসঙ্গে আদায় করবার নোটিফিকেশন হয়েছে। এই যে একসঙ্গে লোন আদায়ের জুলুম, এই জুলুমের প্রতিবাদে

আমরা সেখানকার এস.ডি.ও. অ্যাডিশন্যাল ডি.এম.-এর কাছে উপস্থিত হয়েছিলাম। এরপরে তারা যে ব্যক্তিগত ভাবে দরখাস্ত করেছিল, তার উপর এইরকম একটা আদেশ জারি হয়েছে যে ৩১শে মার্চের মধ্যে এই লোন আদায় দিতে হবে। কিন্তু এরই মধ্যে সেখানে জুলুম করা হচ্ছে লোন আদায়ের জন্য, সেখানে অস্থাবর সম্পত্তি ক্রোক করা হচ্ছে, এমন কি সেখানে পুলিশ দিয়ে মারধোর পর্যন্ত করা হচ্ছে। যেখানে ডি.এম. নিজে এই কথা বলেছেন যে ৩১শে মার্চের মধ্যে আদায় দিতে হবে, সেখানে তার আগেই এইরকম ঘটনা ঘটছে। আপনি জানেন বিগত কয়েক বছর যাবত উপর্যুপুরি ফসল হানি হয়েছে, যেটুকু তারা পেয়েছে, তা দিতে তাদের ভরণ পোষণ এবং চাষের কাজে লাগিয়েছে। সুতরাং একসঙ্গে এক বছরে সমস্ত লোন যদি এই গরিব চাষিদের আদায় দিতে তারা অক্ষম। অন্ততঃ তাদের কিস্তিতে দেবার যাতে ব্যবস্থা করা হয় তার ব্যবস্থা করুন।

[12-10 — 12-20 p.m.]

শ্রী নিতাইপদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের নদীয়া জেলাতেও ঠিক একই চিত্র আমরা দেখতে পাচ্ছি। ৯ কোটি টাকার গ্রুপ লোন মকুবের অর্ডার হয়েছিল, যুক্ত ফ্রন্ট সরকার মকুবের সিদ্ধান্ত গ্রহণ করেছিল, তারা সেই লোনও আদায়ের সিদ্ধান্ত নিয়েছে। এবং সবচেয়ে আশ্চর্যের বিষয়, যে ব্যক্তি কৃষি ঋণ নেয়নি, তার নামেও লোনের নোটিশ জারি করা হয়েছে, কে বা কারা নিয়েছিল কিন্তু তার নামে লোনের নোটিশ পড়ে গেছে। অথচ কে বা কারা তার নামে লাইসেন্স নিয়ে নিয়েছিল ফ্রড করে। এরফলে তাদের নামে সেই সমস্ত নোটিশ যাচ্ছে এবং নানা-ভাবে হয়রানি করা হচ্ছে, ঘটি, বাটি ক্রোক করার হুমকি দেওয়া হচ্ছে এবং তহশীলদাররা পুলিশ নিয়ে গিয়ে হাজির হচ্ছে যা পারছে তাই নিয়ে টানাটানি করছে। এই অবস্থায় সরকারের কাছে আপনার মাধ্যমে দাবি করছি যে, তিন একরের নিচে যাদের জমি আছে এবং যারা খেতমজুর, গরিব প্রান্তিক কৃষক আছেন তাদের সরকারি ঋণ মকুব করা হোক, আর অন্যান্য কৃষকদের কিস্তি বন্দি করে দেওয়া হোক এবং মাঝারি কৃষকদের সুদটা ছেড়ে দেওয়া হোক। এটা যদি করা হয় তবেই কৃষকরা বাঁচতে পারবে, তারা পাটের দাম পায়নি, ধানের দাম পায়নি, গমে মার খাচ্ছে। অবস্থায় তাদের ঋণ যদি ছাড় দেওয়া না হয় তাহলে তাদের আর বাঁচার কোনও পথ থাকবে না।

শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি লোন আদায়ের ব্যাপারে সরকারের কি উদ্দেশ্য, তা বুঝতে পারছি না। লোন আদায় করবেন নিশ্চয়ই, সরকার লোন দিয়েছেন, সে লোন নিশ্চয়ই আদায় করতে হবে এবং যারা লোন নিয়েছে তাদেরও দিতে হবে। কিন্তু সরকার সত্যি সত্যি লোন আদায় করতে চান না, অত্যাচারর করে একটা বিভীষিকার সৃষ্টি করতে চান, সেটা বোঝা মুশকিল হয়ে পড়েছে। কয়েক বছর ধরে ঋণের টাকা জমে কারো হয়েছে ৩০০, কারো হয়েছে ৪০০, কারো ৫০০ টাকা এবং তারা অনেকেই সেই টাকা শোধ দিতে চাইছে, সুদ সমেত ৩/৪ ভাগ টাকা তারা শোধ দিতে চাইছে, তারা যখন সেটা জে.এল.আর.ও-র কাছে, বা বি.ডি.ও.-র কাছে বা কো-অপারেটিভকে জানাচ্ছে তখন তারা সেটা নিচ্ছে না। তারা সুদ সমেত তিন ভাগ টাকা দিয়ে দিতে চাইছেন, তা

সত্ত্বেও কেউ নিচ্ছে না, মানি অর্ডার করলে মানি অর্ডার রিফিউস হচ্ছে আর তার আগেই পুলিশ নিয়ে গিয়ে বাড়িতে হাজির হচ্ছে এবং তাদের ওপর অত্যাচার করছে। সরকার ঋণ আদায় করবে, কিন্তু তা না করে অত্যাচার করছে। আপনাদের কাছে খবর আছে কিনা জানিনা, কিন্তু আমি জানি আমাদের মেদিনীপুর জেলার কয়েকটি অঞ্চলে দিনের বেলা লোকে ঘরে থাকছে না পুলিশের অত্যাচারের ভয়ে, এমন কি রাত্রি-বেলাও এখন ঘরে থাকছে না। আজকে সরকার লোন আদায় করতে চাইছেননা, অত্যাচার করছেন। তারা লোন শোধ দিতে চাইছে, সুদ সমেত ৩ ভাগ লোন শোধ দিতে চাইছে, মানি অর্ডার করে পাঠাচ্ছে, অথচ কেউ অ্যাকসেপ্ট করছে না, রিফিউস করছে, এদিকে তাদের ওপর অত্যাচার করা হচ্ছে, এটা কেন হচ্ছে আমি বুঝতে পারছি না।

শ্রী নন্দলাল ব্যানার্জি : মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ওরিয়েন্ট ইন্ডাস্ট্রিস, বিড়লার কোম্পানি, ১১১/১ বি.টি. রোড-এ তাদের বিরাট ফ্যাক্টরি, সেখানে ১০০০ কর্মী কাজ করেন। সেই কোম্পানিটি আজ ৯ মাস লক আউট করে রাখা হয়েছে। আমি জানিনা সরকারি পক্ষ থেকে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ঐ কারখানার অনেক শ্রমিক আমার কনস্টিটিউয়েন্সির মধ্যে থাকেন, তাদের দৈনন্দিন দুরবস্থা দেখছি এবং সেইজন্যই আমি আজকে আপনার স্পেশ্যাল পারমিশন নিয়ে আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এক হাজার শ্রমিকের একটি কারখানাকে আজ ৯ মাস ধরে লক আউট করে রাখা হয়েছে। এই এক হাজার শ্রমিক আজ ৯ মাস ধরে আউট অফ এমপ্লয়মেন্ট উইদাউট এনি ইনকাম এবং এটা বিড়লার একটা কোম্পানি, বিড়লাকে নিয়ে আবার নাচানাচি কোনও কোনও জায়গায় দেখছি বলেই আপনার মাধ্যমে আমি বিষয়টির প্রতি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মহবুবুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ঐ ঋণ আদায় নিয়ে একটু অনুসন্ধান করেছিলাম, দেখলাম যে তহশীলদাররা বেশি অত্যাচার করছে। কারণ টাকা আদায়ের পরিমাণের ওপর ওদের একটা পারসেনটেজ থাকে, বেশি আদায় করতে পারলে বেশি পারসেনটেজ পাবে। এদের বেতন খুবই সামান্য, টাকা আদায়ের ওপরে পারসেনটেজ পায়। অতএব সরকারি উদ্দেশ্যর চেয়েও বেশি টাকা আদায় করে যাতে বেশি পারসেনটেজ পাওয়া যায় তারজন্য তারা অত্যাচার করে আদায় করবার চেষ্টা করছে। সেইজন্য আমি সরকারকে বলছি যে, অল্প কিছুদিন পরেই বোরো উঠবে, তখন ঋণ আদায় করা হলে কৃষকদের পক্ষে সুবিধা হবে ঋণ পরিশোধ করতে। ফসল উঠলে পর যদি ঋণ আদায় করা হয় তাহলে আমার মনে হয় সরকারি ঋণ আদায় করা সম্ভব হবে এবং তাদের পক্ষেও শোধ করার সুবিধা হবে।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : স্যার, আমি গ্রামের M.L.A নই। কিন্তু বিষয়টা খুব গুরুত্বপূর্ণ বলে কিছু বলছি। আমি জানি মেদিনীপুর জেলার কংগ্রেস পার্টি ও আমাদের পার্টির M.L.A রা যৌথভাবে একটা মেমোর্যান্ডাম এই loan সম্পর্কে মুখ্যমন্ত্রীর কাছে দিয়েছেন। আজ ২০ দফা কর্মসূচিকে কার্যে রূপায়িত করার কথা বলা গতকালও প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীদের সম্মেলনে কৃষিব্যবস্থার উপর জোর দিতে বলেছেন। অথচ পশ্চিমবাংলায় গ্রামাঞ্চলে টেরর সৃষ্টি হয়েছে।

এ যদি হয় তাহলে তাদের সহযোগিতা পাওয়া যাবেনা। দ্বিতীয়, আপনি মন্ত্রিসভার কাছে থেকে এবিষয়ে একটা তদন্ত দাবি করুন। আজ নিরক্ষর কৃষক জানেনা তার নামে লোন স্যাংশন হয়ে গেল এবং সেই loan realise করার জন্য তার ঘটিবাটি ক্রোক করা হচ্ছে। গ্রামে একটা দুষ্টচক্র গরিব কৃষকের হয়ে loan নিয়ে নিচ্ছে এবং তারপর সেই গরিব কৃষকের নামে লোন আদায়ের নোটিশ যাচ্ছে। এবিষয় cabinet-এর একটা সিদ্ধান্ত জানতে পারলে ভাল হয়। কারণ সেখানে একটা ভয়ঙ্কর অবস্থা চলছে।

শ্রী নন্দলাল গুরুং : স্যার আমায় দার্জিলিং জেলার মহারাণী গার্লস স্কুল বলে একটা মেয়েদের স্কুল আছে এবং সেখানে ক্লাস এইট পর্যন্ত বাংলা ও নেপালি চলে। কিন্তু এখন বলা হচ্ছে যে বাংলা হবে। নেপালি হবেনা। এজন্য সেখানকার মেয়েদের অবস্থা এমন হয়েছে যে নেপালি যারা পড়ে তারা অন্য স্কুলে জায়গা পাচ্ছেনা। কিন্তু সেই স্কুলে নেপালি টিচার আছেন। পড়াশুনা নাহলে ভয়ানক মুশকিল হবে। আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি বিষয়টির প্রতি তাড়াতাড়ি দৃষ্টি না দিলে অনেক ক্ষতি হবে।

Mr. Speaker : Honourable Members, today we are to take up as per our programme the West Bengal Prevention of Defacement of Property Bill, 1976. But I do really appreciate that you have not been given sufficient time to study the Bill and to give notices for amendment. Just now, 2 or 3 minutes, earlier, I have received amendment from honourable member Shri Shish Mohammad. It has not been possible for me to go through the amendment and to see whether it tallies with the orginal Bill or not. So, with the sense of the House, if you do agree, I think the Bill should be taken sometime later. Let us proceed with the General Discussion on the Budget because I have to study the amendments submitted later on. If it is your views or if you so like it can be postponed upto 8th March, 1976. If you so like we can proceed with the General Discussion on the Budget. I can go through the amendments that have been submitted today whether it is admissible or not. I will now request you, let us proceed with the General Discussion on the Budget and after that we will take up the Bill at some time later on.

[12-20 — 12-30 p.m.]

Shri Biswanath Chakraborti : Sir, it is not possible to take part in the discussion of the Bill if it is taken later on as I shall have to leave by 2 P.M. If you kindly postpone the Bill for another date then it will be very much appreciated and that will be preferred.

Mr. Speaker : It is possible after 1 hour as the Bill is for 1 hour then I will take up the Bill. Let us now proceed with the general discussion on Budget. After one hour I will take up the Bill because

[6th March, 1976]

that would be convenient for some honourable members who will take part in the discussion, particularly Mr. Chakrabarti. I agree with his proposal. Now let us start with the general discussion on Budget. I now call upon Shri Kanai Bhowmik to initiate the discussion.

GENERAL DISCUSSION ON THE BUDGET

শ্রী কানাই ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিশেষ করে এই বছরের বাজেটে অত্যন্ত গভিরভাবে লক্ষ্য করছিলাম যে গত বছরের বাজেটের সঙ্গে এই বছরের বাজেটে কি ধরনের পরিবর্তন নতুনভাবে আনা হচ্ছে। কারণ, আপনি জানেন যে এই এক বছরের মধ্যে গোটা ভারতবর্ষে অনেক জিনিসের রদ-বদল হয়েছে, অনেক গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছে এবং বিশেষ করে প্রতিক্রিয়াশীল শক্তি, আমাদের দেশি এবং বিদেশি একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠী, এখানকার জোতদার-জমিদার গোষ্ঠী, দক্ষিণপন্থী প্রতিক্রিয়া শক্তি এখানকার রাজনৈতিক এবং অর্থনৈতিক যে সঙ্কট আছে সেগুলিকে ব্যবহার করে এমন অবস্থার সৃষ্টি করেছিল যাতে করে এখানে বাধ্য হয়ে জরুরি অবস্থা জারি করতে হয়েছে। আমরা এখন জরুরি অবস্থার মধ্যে আছি। যে সমস্ত কারণে দেশে এই প্রতিক্রিয়াশীল শক্তির এই ধরনের একটা অসম্ভব অবস্থা সৃষ্টি করতে চেয়েছিল, দেশে একটা অস্থিরশীল অবস্থা সৃষ্টি করতে চেয়েছিল এবং দেশে একটা গভর্নমেন্ট পরিবর্তন করার ষড়যন্ত্র করেছিল সেই যে অর্থনৈতিক অবস্থা বিদ্যমান আছে তাকে পরিবর্তন করতে না পারলে আমাদের দেশে পরিবর্তন হবে না, একথা বার বার কংগ্রেসের নেতা থেকে আরম্ভ করে প্রধানমন্ত্রী পর্যন্ত বলেছেন। স্যার, আপনি জানেন শ্রীমতী ইন্দিরা গান্ধী কয়েকদিন আগে কলকাতা শহরে বলেছেন যে আমরা ভারতবর্ষে দেশি এবং বিদেশি বিভিন্ন ধরনের প্রতিক্রিয়াশীল এবং সাম্রাজ্যবাদি শক্তির দ্বারা আক্রান্ত এবং বিভিন্ন চক্রান্ত এখানে চলছে। আজকে খবরের কাগজে দেখেছেন আমাদের মাননীয়া প্রধানমন্ত্রী ২০ দফা কর্মসূচি রূপায়ণের ব্যাপারে সমস্ত মুখ্যমন্ত্রীকে ডেকেছেন এবং তাদের সঙ্গে কনফারেন্স করছেন। কাজেই কি ধরনের গুরুত্বপূর্ণ অবস্থার মধ্যে আছি তার প্রতিফলন এই বাজেটের মধ্যে পাব আশা করেছিলাম। যদিও এই বাজেটকে সারপ্লাস বাজেট করা হয়েছে এটা নতুন জিনিস নয়, গত বছরও করা হয়েছিল, এবছরে তার পরিমাণ বেড়েছে, নতুন কিছু আনা হয়নি, পশ্চিমবঙ্গের ভেস্টেড ইন্টারেস্টকে আঘাত দেবার ব্যাপারে ব্যর্থ হয়েছে। কারণ, আমরা দেখেছি এই পশ্চিমবঙ্গ এই একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠীর একটা ঘাঁটি এবং ভারতবর্ষের মধ্যে একটা বড় ঘাঁটি। এখানে মুদ্রাস্ফীতির ব্যাপারে গভর্নমেন্ট স্বীকার করেছেন চোরাকারবারি মজুতদারি এবং কালো টাকা দায়ী। এই মুদ্রাস্ফীতি রোধ করা ক্যাপিটালিস্ট ব্যবস্থার মধ্যে হবে না, কারণ, একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠী যেভাবে মুদ্রাস্ফীতির জন্য দায়ী তার বিরুদ্ধে ১৯৭৬-৭৭ সালের বাজেটে কোনও ব্যবস্থা দৃঢ়ভাবে গ্রহণ করা সম্বন্ধে কিছু দেখতে পাচ্ছি না। আমরা দেখতে পাচ্ছি বিদেশি পুঁজিপতিদের সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে, লাইসেন্সের ব্যাপারে অনেক রেস্ট্রিকশন চলছিল সেটা নরম করে দেওয়া হয়েছে, ক্রেডিট পাওয়ার ব্যাপারে পুঁজিপতিদের অসুবিধা ছিল, সেটা সরল করে দেওয়া হয়েছে, কালো টাকা থাকলে ধরপাকড় হত, এখন সেখানে ভলান্টারি ডিসক্লোজার করলে তাদের রেহাই দেওয়া হচ্ছে। শুধু তাই নয়, আমাদের এই পশ্চিমবঙ্গে একচেটিয়া পুঁজিপতিরা এবং

প্রাইভেট সমস্ত বড় বড় ব্যবসায়িরা বিভিন্ন কলকারখানায় লক আউট-লে অফ ছাঁটাই করছে এবং প্রতিদিন এই হাউসে এই সমস্ত ঘটনা ঘটছে। পশ্চিমবঙ্গে শিল্প ক্ষেত্রে একটা অরাজক অবস্থা তারা সৃষ্টি করেছে। এমন কি সরকারের আমাদের এখানে যে অ্যাপেক্স বডি আছে যেখানে সরকারের লোক আছে, আমাদের পার্টির প্রতিনিধিরা, বিভিন্ন ট্রেড ইউনিয়ন প্রতিনিধি কমিটি আছে, তারা পর্যন্ত ঘোষণা করেছিলেন এই লে-অফ, এই লক আউট ৩১শে ডিসেম্বরের পর হবেনা, হলে পর জানাতে হবে। কে মানছে? সমস্ত ঘটনা অ.গ্রকে পশ্চিমবাংলার একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠী দেশি এবং বিদেশি মালিকরা.....

শ্রী শীশ মহম্মদ : স্যার, কোরাম নাই, এইরকম যদি চলে স্যার, তো হাউস বন্ধ করে দেওয়া হোক। ফ্রান্স থেকে লোক এসে ওখানে বসে বসে যদি দেখে যে এইরকম চলছে, তাহলে কি মান সম্মান থাকবে?

শ্রী কানাই ভৌমিক : মাননীয় স্পিকার মহাশয়, আপনি দেখুন এই বাজেট এমন যে এই বাজেট কাউকে আকর্ষণ করতে পারেনি এবং এরমধ্যে কোনও আশার আলো নেই। আপনি দেখেছেন অঙ্কের কিছু ফুলঝুরি আছে কাগজে কলমে সারপ্লাস আছে কিন্তু আসলে জনসাধারণের দিক থেকে কিছু নাই। আপনি এখানে যে ঘটনা ঘটছে, একচেটিয়া পুঁজিপতি যেভাবে আক্রমণ করছে এবং সরকার ও লাইক মাইনডেড রাজনৈতিক দল বিভিন্ন ট্রেড ইউনিয়ন মিলে যে সমস্ত সিদ্ধান্ত করছে কিছু মানছেনা। চটকল বা বাগানের ব্যাপারে আপনি জানেন সেখানে এমন অবস্থা দাঁড়িয়েছে যে চটকল উঠে যাবে এইরকম অবস্থার সৃষ্টি করেছেন। আমরা আশা করেছিলাম আমাদের বাজেটে পশ্চিমবাংলার এই ঘটনা অন্তত থাকবে, যে সমস্ত অন্যায় অবিচার অত্যাচার হচ্ছে শ্রমিকদের পক্ষ থেকে সেই সমস্ত জিনিস থাকবে। তার বদল দেখতে পাচ্ছি শ্রমিকদের উপর নানা দিক থেকে আক্রমণ ইত্যাদি চলছে। আপনি জানেন এখানকার সরকারি কর্মচারিরা অনেকদিন ধরেই বলছে যে কেন্দ্রীয় সরকারের অনুপাতে ডি এ করুন, ভারতবর্ষের সর্বত্র হয়ে গেছে, পশ্চিমবঙ্গ বিহার এইরকম দুই একটি রাজ্যে হয়নি। এমন কি ত্রিপুরায় পর্যন্ত করে দিয়েছে। এদিকে আমাদের বাজেটকে সারপ্লাস বলছেন। আমাদের এখানে আমি যখন বলছি দেখছি অর্থমন্ত্রী উপস্থিত নেই। আমি জানিনা বাজেট ডিসকাশনের সময় অর্থমন্ত্রী কেন নেই, আপনার আমলে নূতন নূতন নজির হচ্ছে।

Mr. Speaker : With my permission he has gone to Delhi to attend a meeting at the planning Commission.

শ্রী কানাই ভৌমিক : যাইহোক আমি বলতে চাই সরকারি কর্মচারিদের কি অপরাধ? তারা কাজ করছে, দেশের মধ্যে শৃঙ্খলা এসেছে, সমস্ত জিনিস হচ্ছে কিন্তু সরকারি কর্মচারিদের সেন্ট্রাল গভর্নমেন্টের অনুরূপ ডি এ পর্যন্ত বাড়ানো হলনা। তিনি কি মনে করেন এই সারপ্লাস বাজেটেই তাদের পেট ভরবে। কেন সেন্ট্রাল গভর্নমেন্ট ডি এ তাদের দেওয়া হলনা?

তারপর ধরুন আমাদের এখানে অনেক জিনিস আমরা ন্যাশনালাইজেশন করার জন্য এখানে সিদ্ধান্ত নিয়েছি, চটকল ন্যাশনালাইজ করার সিদ্ধান্ত এখানে সর্বসম্মতিক্রমে করেছি। চটকল উঠে যাবে এই অবস্থায় সরকারের কোনও সাহসিকতা নাই আমাদের এখানে যে সমস্ত

কল কারখানা উঠে যাবে, চটকল চা বাগান এই সমস্ত জাতীয়করণ করার। একথা বলতে পারেননা যে গভর্নমেন্টের হাতে কারখানা লাভজনক হচ্ছেনা। কারণ জয়নাল সাহেব বললেন গভর্নমেন্ট আন্ডারটেকিং-এ লাভ হচ্ছে, আমরা দেখেছি লাভ হচ্ছে, দুর্গাপুরে উৎপাদন বেড়েছে, বিভিন্ন সংস্থা যা সরকারি পরিচালনাধীনে ন্যস্ত, তাতে উৎপাদন বেড়েছে, সেখানে শ্রমিকরা কাজকর্ম করছে। কাজেই চা বাগান চটকল জাতীয়করণ করার কোনও ইঙ্গিত কেন এই বাজেটে নেই? যে সমস্ত হাজার হাজার শ্রমিকরা কাজ করছে তাদেরও রক্ষা করার জন্য কোনও ইঙ্গিত এই বাজেটের মধ্যে নেই।

দ্বিতীয় কথা আমাদের যে কিছু নেই তা নয়—স্যার আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন ইন্দো ইউ এস এ চেম্বার অব কমার্সের প্রতিনিধি তারা এখানে এসে মিটিং করেছেন এবং ভারতবর্ষের বহু জাতীয় কর্পোরেশনের প্রতিনিধিরা তারা এখানে ব্যবসা বাণিজ্য করবার নানা রকমের ফন্দি আঁটছেন। এবং আমাদের এখানকার চেম্বার অব কমার্স এবং আমেরিকার চেম্বার অব কমার্স কিছুদিন আগে ফ্রিম্যান সাহেব এসেছিলেন, তিনি এখানে ওকালতি করে গেছেন যে ভারতবর্ষকে বাঁচাতে হলে বহু জাতীয় কর্পোরেশন আনা দরকার—তাহলে টাকাকড়ি ব্যবসা বাণিজ্য আরও বাড়বে। তা যদি আসে তাহলে আমাদের পশ্চিমবাংলায় তাদের একটা প্রধান ঘাঁটি হবে। সেদিক থেকে আমরা দেখছি জাতীয়করণের নীতিকে যা অগ্রাধিকার দেওয়া হয়েছিল তা এখন কোল স্টোরেজে রাখা হয়েছে, যদি ও সরকারি ভাবে বলা হয় নি যে এই নীতি সরকার ত্যাগ করেননি কিন্তু কার্যত জাতীয়করণের নীতি এরা কোল স্টোরেজে রেখেছেন, এখন আর করবেন না ঠিক করেছেন। এই অবস্থায় রয়েছে। ভারতবর্ষের অর্থনীতি এবং পশ্চিমবাংলার অর্থনীতি যে অবস্থায় এসেছে আমাদের বাজেটের মধ্যে এর কোনও নিদর্শন আমরা পেলাম না। তৃতীয় কথা কৃষিক্ষেত্রের কথা—কৃষি এবং গরিবদের কথা বলা হয়। আমরা জানি যে আমাদের আয়ের শতকরা ৪৫ ভাগ আসে কৃষির থেকে। সেই কৃষির অবস্থা কি দেখা যাচ্ছে? যদিও এখানে অনেকবার আলোচনা হয়েছে যে আমাদের কৃষিক্ষেত্রে উৎপাদন অনেক বাড়ছে কিন্তু কৃষির সেই উৎপাদনগুলি তার দাম মার্কেটিং ইত্যাদি সমস্ত কিছু কারা নিয়ন্ত্রণ করছে? সরকার নিয়ন্ত্রণ করছে না। এখানে স্টেট ট্রেডিং-এর কোনও ব্যবস্থা নেই, প্রতিদিন দেখা যাচ্ছে আলু চাষী থেকে, আরম্ভ করে ধানচাষী, পাটচাষী।

শ্রী শীশ মহম্মদ ঃ স্যার, আমাদের এখানে কোরাম হচ্ছে না। মাননীয় সদস্যরা যখন কোনও আলোচনা করেন সে বিলের উপরই হোক আর অন্য বিষয়েই হোক তখন যদি কোরাম না থাকে তাহলে হাউস বন্ধ করে দেওয়া হোক। এই অবস্থায় হাউস চলতে পারে না। এর পূর্বে আপনার দৃষ্টি আকর্ষণ করেছি, আপনি বারে বারে বেল বাজাচ্ছেন তবুও কোনও সদস্য আসছেন না। কাজেই আমি মনে করছি যে কোনও সদস্যের কোনও দায়িত্ব নেই, তারা যে জনসমাজের প্রতিনিধি হয়ে এসেছেন, দেশের জন্য কিছু কাজ করবেন তার কোনও উদ্দেশ্য নেই। যখন এই অবস্থা আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে আপনি হাউস বন্ধ করে দিন।

শ্রীমতী ইলা মিত্র ঃ স্যার, এটা একটা ব্যাড প্রিসিডেন্ট হবে। আমরা এখানে এসেছি এবং আমাদের প্রথম বক্তা বলছেন। কাজেই হাউস বন্ধ করলে এটা একটা ব্যাড প্রিসিডেন্ট

হবে। বরঞ্চ আপনাকে অনুরোধ করছি যে তিনি এম এল এ হোস্টেল বা অন্য জায়গায় চেষ্টা করুন যাতে সদস্যরা আসেন। কারণ কাগজওয়ালারা তো এখানে দেখছেন যে এখানে অ্যাসেম্বলি চলছে। এটা একটা ব্যাড প্রিসিডেন্ট থেকে যাবে।

মিঃ স্পিকার : মাননীয় সদস্যগণ, আমি অত্যন্ত বেদনা নিয়ে এই কথা বলছি যে জনগণের প্রতিনিধি হিসাবে পার্লামেন্টের মধ্যে বা অ্যাসেম্বলির মধ্যে সদস্যদের যে কর্তব্য রয়েছে সেই কর্তব্য সম্বন্ধে তারা আরও বেশি সচেতন হবেন এটা আমি আশা করি। কিন্তু দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে দুবার আমার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে হাউসে কোরাম নেই। আমি শুধু সাধারণ যারা সদস্য তাদের কথা বলছি না, যারা ট্রেজারি বেঞ্চ দখল করে আছেন তাদের সম্পর্কেও আমি কয়েক দিন ধরে লক্ষ্য রাখছি যে অধিকাংশ মন্ত্রী ঠিক টাইমলি এখানে হাজির হচ্ছেন না। আমি আমার ২০ বছরের অভিজ্ঞতার ইতিহাস থেকে বলতে পারি যে এমন ছবি আমি কোনও দিন দেখিনি। বার বার আমার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে, বেল বাজানো হচ্ছে তথাপি মাননীয় সদস্যরা হাজির হচ্ছেন না। যদি তারা বিধান সভার কাজকে যথাযথ অগ্রাধিকার না দেন এবং বিধানসভা চলাকালীন বাইরের কাজকেই একমাত্র কর্তব্য মনে করে বিধানসভায় অনুপস্থিত থাকেন তাহলে আমি সেসব মাননীয় সদস্যদের বলব যে তারা পদত্যাগ করে এখান থেকে চলে যান এবং আমি এটাই আশা করব। এই হাউসের সদস্য হিসাবে বা মন্ত্রী হিসাবে প্রধান দায়িত্ব এবং কর্তব্য হল এই হাউসে উপস্থিত থাকা এবং এ সম্পর্কে শৈথিল্য দেখলে I shall take serious note of it এবং এই হাউসে যখন লিডার অব দি হাউস আসবেন তার আমি দৃষ্টি আকর্ষণ করব। যদি সদস্যরা এই হাউসের কোরাম মেন্টেন করতে না পারেন তাহলে আমি বলব এই হাউস বন্ধ করে দেওয়া উচিত। শীশ মহম্মদ সাহেব যে এ ব্যাপারে বার বার আমার দৃষ্টি আকর্ষণ করেছেন তাতে সদস্যদের লজ্জা হাওয়া উচিত। আমার নিজেরও লজ্জা হচ্ছে। আমরা যারা পুরানো সদস্য এখানে আছি যেমন বিজয়বাবু, অজয়বাবু দীর্ঘদিনের সদস্য, তাঁরাও এই হাউসের এই রকম চেহারা কখনও দেখেন নি। সেজন্য আমি বলব যারা এই হাউসের কাজকে অগ্রাধিকার দিতে পারবেন না এবং এই সম্পর্কে যথেষ্ট সচেতন নন। তাদের হুঁশিয়ার হবার সময় এসেছে। অবশ্য কয়েকজন মন্ত্রী আমার কাছে পার্মিশন নিয়ে গেছেন, আমি জানি যে দিল্লিতে তাদের কাজ আছে যেমন চিফ মিনিস্টার মহাশয়, সেখানে মিটিং-এ আছেন, শঙ্করবাবু এবং গোপাল দাস নাগ মহাশয় আমার পার্মিশন নিয়েছেন এবং দিল্লিতে মিটিং-এ তাঁরা উপস্থিত আছেন আমি জানি, সাত্তার সাহেব হাসপাতালে অসুস্থ। মাননীয় গনিখান চৌধুরি, গুরুপদ বাবু, তরুণবাবু, প্রফুল্লকান্তি ঘোষ প্রমুখ কয়েকজন আমাকে আগেই জানিয়েছেন যে তাঁরা আজ হাউসে আসতে পারবেন না। কিন্তু আর আর মিনিস্টাররা কেন আসেন নি তা আমি বুঝতে পারছি না। আরও কিছু সদস্য অবশ্য আমরা কাছ থেকে পার্মিশন নিয়েছেন। কিন্তু প্রতিদিন যদি এই দুর্ভাগ্যজনক অবস্থার পুনরাবৃত্তি ঘটে তাহলে আমার মনে হয় লিডার অব দি হাউস ফিরে এলে এনিয়ে আলোচনা করব। স্যার, এটা আর না হয়, নতুবা I will be reluctantly bound to adjourn the House.

শ্রীমতী ইলা মিত্র : কিন্তু এখন কি হবে?

মিঃ স্পিকার ঃ এখন কোরাম হয়ে গিয়েছে?

শ্রী প্রদীপকুমার পালিত ঃ স্যার, হাউস যে ১২টা থেকে হবে এটা অনেকে জানেন না।

মিঃ স্পিকার ঃ কালকে দু বার ঘোষণা করা হয়েছে। মেম্বাররা জানেন না একথা ঠিক নয়। বিভিন্ন সময়ে হাউসে অ্যানাউন্স করা হয়েছে, রেডিওতে হয়েছে, অ্যাডজর্নমেন্টের সময় বলা হয়েছে। যাই হোক, মিঃ ভৌমিক আপনি আপনার বক্তব্য রাখুন।

শ্রী কানাই ভৌমিক ঃ মাননীয় স্পিকার মহাশয়, যাইহোক অনেক কস্টে কোরাম হয়েছে। আমি যে কথা বলছিলাম যে সব চেয়ে বড় এবং গুরুত্বপূর্ণ জায়গা যেটা সেটা হচ্ছে এই কৃষিক্ষেত্র। এই কৃষিক্ষেত্রে দেখা যাচ্ছে যে আজকে শুধু কৃষির উপর সামন্ত শ্রেণী বা ভেস্টেড ইন্টারেস্ট যাদের আছে তারাই আধিপত্য করছে, এই কৃষিকে এক চেটিয়া পুঁজিপতি তাদের কব্জার মধ্যে সজোরে চেপে রেখেছে এবং তার ফলে দেখা যাচ্ছে যে জিনিসপত্রের দর, যাকে রেমুনারেটিভ প্রাইস বলে, তা আজকে ভয়াবহ অবস্থায় এসে দাঁড়িয়েছে আপনি জানেন, স্পিকার মহাশয়, এখানে কয়েকজন সদস্য বার বার আবেদন করেছেন পাট চাষীদের দুরবস্থার কথা বলে, আলু চাষীদের দুরবস্থার কথা বলে, ধান চাষীদের দুরবস্থার কথা বলে যে এরা ন্যায্য দাম না পেলে তারা উৎপাদন করতে উৎসাহিত হবে না এবং রেমুনারেটিভ প্রাইস না পেলে এখানে গরিব চাষীরা বাঁচবে না। এই জিনিসটা আজকে পশ্চিমবাংলায় অত্যন্ত কঠোর বাস্তবে হয়ে দেখা দিয়েছে। সেইজন্য সরকার যদি এসবের জন্য বাজেট প্রভিসন না করেন, কৃষিক্ষেত্রে যে রেমুনারেটিভ প্রাইস তার যদি গ্যারান্টি না দেন, তাহলে এই সমস্ত কৃষিজাত পণ্য সমস্ত একচেটিয়া মার্কেটিয়ার, কোল্ড স্টোরেজওয়ালাদের হাতে মার খাবে এবং কৃষি উৎপাদন কমে যাবে। কৃষকরা যে আজকে এই অবস্থার মধ্যে পড়েছে তার কোনও সমস্যা সমাধানের চিত্র এই বাজেটের মধ্যে নেই। অধ্যক্ষ মহাশয়, এই যে সব চেয়ে গুরুত্বপূর্ণ ২০ দফা কর্মসূচি রূপায়ণ আমাদের পশ্চিমবঙ্গের ব্যাপারে এবং তার সম্পর্কে যেকথা বাজেটে বলা হয়েছে সেই সম্পর্কে কয়েকটি উদাহরণ আপনার সামনে রাখব। আপনি জানেন গত কাল চিফ মিনিস্টারদের যে কনফারেন্স দিল্লিতে হয়েছে সেখানে ইন্দিরা গান্ধী বক্তৃতা করেছেন, তার মধ্যে আমাদের পশ্চিমবঙ্গে যে সারপ্লাস ল্যান্ড তা ধরা এবং তা বিতরণ করা ঠিকমতো এগোয়নি এই কমেন্ট সেখানে প্রধানমন্ত্রী করেছেন এবং যে সমস্ত জিনিস ব্যাড হচ্ছে তার মধ্যে অন্যতম হচ্ছে পশ্চিমবঙ্গের যে ফিগার দেওয়া হয়েছে, জরুরি আইন চালু হওয়ার পর জমি বিতরণ করা হয়েছে এবং ১৮ লক্ষ একর উদ্বৃত্ত জমি পাওয়ার কথা।

পশ্চিমবঙ্গে ২৫ একর করে যদি সিলিং ধরা হয় তবে ১৮ লক্ষ একর জমি উদ্বৃত্ত হয়। সরকার বলেছেন মাত্র ১০ লক্ষ একর জমি পাওয়া গেছে। তার মধ্যে ৬ লক্ষ ১০ একর তারা বিলি করেছেন। কতজনকে বিলি করেছেন? ৮ লক্ষ ১৬ হাজার লোককে বিলি করেছেন এবং এই বিলি এখন পর্যন্ত যা বিলি করেছেন তাদেরও সকলে এখন পর্যন্ত জমির দখল পায়নি। এই সমস্ত কথা উঠেছে। কিন্তু এই বাজেটের মধ্যে এই যে বিলির কাজ, সারপ্লাস ধরার কাজ তার জন্য সেটলমেন্টের কি ব্যবস্থা মিউটেশন ইত্যাদি চলেছে তার কথা নাই। যেভাবে চলেছে তাতে হাইকোর্ট যেভাবে উদ্বৃত্ত জমি আটকে রাখা হচ্ছে, সে সম্পর্কে

কোনও নীতি নির্দেশনা এই বাজেটের মধ্যে দেওয়া নাই। এই যে ১৮ লক্ষ একর উদ্বৃত্ত জমি কি করে ধরা হবে। আমরা লক্ষ্য করেছি বড় বড় জমির যারা মালিক তারা অফিসারদের সঙ্গে নানা রকম যোগ সাজস করে জমি লুকিয়ে রাখবার চেষ্টা করছে এবং সেটা আইনসঙ্গত করার চেষ্টা করছে। আমি দুঃখের সঙ্গে বলছি যে এই ব্যাপারে জনসাধারণের সহযোগিতা নেওয়া হচ্ছেনা। কমিউনিস্ট পার্টি থেকে, ক্ষেতমজুরদের থেকে কোনও নির্দেশনা নেওয়া হচ্ছে না, স্থানীয় যে সমস্ত কৃষক সংগঠন, ক্ষেতমজুর সংগঠন এবং রাজনৈতিক সংগঠন আছে তাদেরও সহযোগিতা নেওয়া হচ্ছে না। যদি তাদের সহযোগিতা নেওয়া যায় তাহলে উদ্বৃত্ত জমি বার করা যায়। কিন্তু তার কোনও ব্যবস্থা হয়নি।

দ্বিতীয় কথা হচ্ছে জমি ৮ লক্ষ ১৬ হাজার লোককে বিলি করা হয়েছে কিন্তু তাদের উন্নতির জন্য কত টাকা বাজেটে বরাদ্দ করা হয়েছে? বরাদ্দের পরিমাণ মাত্র ৫০ লক্ষ টাকা। তারমানে সরকার একর প্রতি ৬ টাকা করে বরাদ্দ করেছেন উন্নতির জন্য। গরিব কৃষকদের বলদ নাই, সার নাই, তাদের বীজ নাই, তারা সেই উদ্বৃত্ত জমি নিয়ে কি করবে, তারা গরিব ভূমিহীন চাষী, শিডিউল্ড কাস্ট, মাইনরিটি, তাদের আর্থিক অবস্থা এমন নয় যে এ দিয়ে তারা জমির উন্নতি করতে পারে, ফসল ফলাতে পারে। দেখুন সরকার কি রকম ২০ দফা কর্মসূচি রূপায়ণ করছেন। মাত্র একর প্রতি ৬/৭ টাকা করে বরাদ্দ করে তা দিয়ে আমাদের কৃষি উৎপাদন বাড়াবেন। যাদের মধ্যে পাঁচ লক্ষ সোয়া পাঁচ লক্ষ একর জমি বিলি করা হয়েছে, সেই ব্যাপারে আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে ভূমিহীনদের বাস্তু জমি দেওয়ার ব্যাপারে। গভর্নমেন্ট বলেছেন ২,৯৭,৭০০ ভূমিহীন লোককে বাস্তুজমি দেওয়া হয়েছে। আমি বলছি এছাড়াও অনেক লোক দরখাস্ত করেছে, যারা এই বাস্তু জমি পায়নি। আমি বলছি এই যে ২,৯৭,৭০০ লোককে বাস্তু জমি দেওয়া হয়েছে তাদের বাড়ি ঘর দোর তৈরির জন্য বাজেটে বরাদ্দ করা হয়েছে দেড় কোটি টাকা। তার মানে একটি ঘর তৈরি করতে গড়ে ৪০/৪৫ টাকার বেশি পাবে না। তার মানে দাঁড়াচ্ছে ঘরদোর তৈরি হবে না। এই বাস্তুহীনদের পাট্টা নিয়েই সন্তুষ্ট থাকতে হবে। ঘর দোর তৈরি হবে না, ৪০/৪৫ টাকা ঘরদোর তৈরি হয় না। কিছু লোককে ৫০০ টাকা করেও দেওয়া যায় তাহলেও টেন পারসেন্টও ঘরদোর তৈরি হবে না। ৯০ পারসেন্ট লোকেরই পাট্টা নিয়ে সন্তুষ্ট থাকতে হবে, তাদের ঘরবাড়ি হবে না।

তৃতীয় কথা হচ্ছে লোন আদায়ে জুলুম নিয়ে আপনার দৃষ্টি এখানে ইতিপূর্বে আকর্ষণ করা হয়েছে। ২০ দফা কর্মসূচিতে সমস্ত বড় কথা যেটা বলা হয়েছে সেটা হচ্ছে গ্রামের গরিব মানুষদের যে ঋণ আছে তা থেকে তাদের মুক্তি দেওয়া হবে। গভর্নমেন্ট একথা স্বীকার করেছেন যে পশ্চিমবঙ্গের ৭০ পারসেন্ট লোক দারিদ্র্য সীমার নিচে বাস করে। তিন একর পর্যন্ত যে সমস্ত জমির মালিক তাদের খাজনা ছাড় দেওয়ার নির্দেশ দিয়েছেন এবং একথা স্বীকার করে নিয়ে তাদের জমি ফেরৎ দেবার জন্য আইন করেছেন যে ১৯৬৮ থেকে ১৯৭৩ সালে যে সমস্ত গরিব লোক অভাবের জন্য জমি বিক্রি করেছে, তারা জমি ফেরৎ পাবে এবং একথাও স্বীকার করেছেন যে এক হেক্টর পর্যন্ত জমির মালিকের যে মহাজনী ঋণ আছে তা থেকে সে মকুব পাবে এবং দুবছরের জন্য ঋণ আদায় স্থগিত করার ব্যবস্থা করেছেন।

কিন্তু আমরা কি লক্ষ্য করে দেখছি? সরকারের মনোভাবের কি এই ২০ দফা কর্মসূচি সম্পর্কে—গরিব মানুষের ঋণমুক্ত সম্পর্কে? যে সরকার ঋণমুক্তি সম্পর্কে কতকগুলি ব্যবস্থা নিচ্ছেন—নিজেদের ক্ষেত্রে, সরকারের ক্ষেত্রে তাদের সেখানে কোয়েশ্চেন হচ্ছে— ৩ একর জমির চাষীর ক্ষেত্রে যে সমস্ত সরকারি ঋণ তারা নিয়েছে—অন্য কোনও ঋণ নয়—ব্যাঙ্ক বা কো-অপারেটিভ ঋণ নয়,—তা আদায়ের জন্য বিভিন্ন উপায়ে সরকার তাদের তাগিদ দিচ্ছেন গভর্নমেন্ট তো স্বীকার করে নিয়েছেন এই সমস্ত গরিব লোক—তারা দারিদ্র্যসীমার নিচে বাস করে, বিভিন্ন প্রকারের মেজার্স নেওয়া হচ্ছে, যে সমস্ত চাষী বীজ লোন, সার লোন, গ্রুপ লোন নিয়েছে, সেই সব লোন আদায়ের জন্য পুলিশ গিয়ে গ্রামে ধর্না দিচ্ছে—হুমকি, পুলিশ গিয়ে তাদের থালাঘটি বাটি—গরুবাছুর যা আছে অন্যান্য এগ্রিকালচারাল ইমপ্লিমেন্ট ইত্যাদি—ক্রোক করে নিয়ে আসছে। এজন্য গ্রামে গ্রামে পুলিশ ক্যাম্প বসিয়ে একটা ভীতির রাজত্ব চালানো হচ্ছে। গ্রাম বর্তমানের ছোট ছোট ক্ষুদ্র চাষীর বাড়ি থেকে মাল ক্রোক করছে—সরকারি ঋণ আদায়ের নাম করে। এই ঋণ ছাড় সম্পর্কে সরকারের মনোভাব কি? এ সম্পর্কে বাজেটের দৃষ্টিভঙ্গি কি? এর আগে তো কয়েক কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে। ছোট ছোট লোনের ক্ষেত্রে এবার অন্তত ২০ কোটি টাকা সরকারকে ছাড় দিতে হবে? কিস্তি বন্দি করে এবং একই সঙ্গে ক্রপ হয়েছে—এই ধূয়ো তুলে যে কথা বলা হয়েছে—কৃষকের রুরাল ইনডেটেডনেস দূর করা তো দূরের কথা, একটা ভয়াবহ অবস্থা গ্রামে সৃষ্টি হয়েছে। ২০ দফা কর্মসূচি রূপায়ণের ব্যাপারে যে একটি আমলাতান্ত্রিক মনোভাব নেওয়া হয়েছে—জন স্বার্থের দিকে লক্ষ্য না রেখে, সেটা খুবই মারাত্মক। তেমনি এই বাজেটে বলা হচ্ছে—আমরা অনেক কোটি টাকা মঞ্জুর করেছি। এত এত স্কীম করেছি আনএমপ্লয়মেন্ট দূর করবার জন্য আর পি পি স্কীম করেছি এবং তারজন্য সরকার যে টাকা বরাদ্দ করেছেন তার পরিমাণ ৬/৭ কোটি টাকা হবে সব শুদ্ধু মিলে। তাতে কতজন কতদিনের জন্য কাজ পাবে? আমরা হিসাব করে দেখেছি আমাদের এগ্রিকালচারাল লেবার হচ্ছে প্রায় ৩৫ লক্ষ, তার সঙ্গে গরিব চাষী—যারা খেটে খায়— সেটা যোগ দিলে দাঁড়ায় ৫০ লক্ষ। সেখানে দেখা যাবে যে ১২ টাকা কি ১৩ টাকা মতো তাদের—সারা বছর আয় হবে। এই আনএমপ্লয়মেন্ট দূর করবার স্কীম আর পি পি স্কীম—এতে সারা বছর —১২/১৩ টাকা দিয়ে এক কোটি পরিবারের সব আনএমপ্লয়মেন্ট সমস্যা দূর করে, দেবেন সরকার। এটা অবাস্তব। এই সমস্ত ব্যাপারে আরও একটু ভাল করে বিচার বিবেচনা করে, দেখুন। ২০ দফা কার্যসূচি কার্যকর করার ব্যাপারে যে দৃষ্টিভঙ্গি বাজেটে আনা উচিত ছিল—তা এখানে নাই।

তারপর সেচের ব্যাপারে ইলেক্ট্রিসিটি ব্যবহারে অনেক জমি চাষ হবার কথা। সেখানে আমরা কি দেখছি? ডিপ টিউবওয়েল স্যালো টিউবওয়েল বিভিন্ন রকম করে ১৯৭৪-৭৫ সালের তুলনায় ১৯৭৫-৭৬ সালে মাত্র দু লক্ষ একর বেশি সেচের আওতায় পড়বে। আর এই ইলেক্ট্রিফিকেশনের ব্যাপারে একটা চমৎকার অবস্থা বিদ্যমান। আপনি জানেন—এই ইলেক্ট্রিফিকেশন কৃষির ব্যাপারে একটা গুরুত্ব পূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। কৃষির ক্ষেত্রে ও ছোট ছোট কলকারখানা পরিচালনার ক্ষেত্রে—আমরা আজ কি দেখছি? ১৯৭২-৭৩ সালে ৫৫৩৭টি গ্রাম ইলেক্ট্রিফিকেশন হয়েছে। সেটা ১৯৭৩-৭৪ সালে বেড়ে হয়েছে ৮৭০৮। বেড়েছে মাত্র ১৭১। আর ১৯৭৪-৭৫ সালে সেটা দাঁড়িয়েছে বেড়ে ৯৪৭০। এখানে বাড়ল মাত্র

৭৬২টি গ্রাম। আর ১৯৭৫-৭৬ সালে গত বছরে আরও কমে গিয়েছে। বেড়ে দাঁড়িয়েছে মাত্র ১০ হাজার ২৪৭টা গ্রামে। তার মানে বেড়েছে মাত্র ৫৫৭টি গ্রাম। ক্রমশ নতুন নতুন গ্রামে বৈদ্যুতিকরণ কমে যাচ্ছে। টাকার অঙ্ক বাড়ছে। কিন্তু দেখা যাচ্ছে বৈদ্যুতিকরণ ক্ষেত্রে বছরের পর বছর গ্রামের সংখ্যা কমে যাচ্ছে এবং পশ্চিমবাংলায় এখন মাত্র তাদের হিসাব মতো ১০ হাজার ২৪৭ টা গ্রামে বিদ্যুত আছে এবং বিদ্যুতের কি অবস্থা আপনি জানেন। প্রতিদিন আমাদের বিদ্যুতমন্ত্রী স্টেটমেন্ট দিচ্ছেন এমন অবস্থা দাঁড়িয়েছে ল অ্যান্ড সিচুয়েশন-এর এমন অবস্থা দাঁড়িয়েছে সমস্ত বিদ্যুতের তার চোরে নিয়ে যাচ্ছে। দেখা যাচ্ছে বৈদ্যুতিকরণের ব্যাপারে এই অবস্থা দাঁড়াচ্ছে। তিনি প্রতিদিন স্টেটমেন্ট দিচ্ছেন আমাদের সব তার চুরি করে নিয়ে যাচ্ছে, অ্যাপারেটাস চুরি করে নিয়ে যাচ্ছে। ধরা যাচ্ছে না। বাড়ি থেকে চুরি করে নিয়ে যাচ্ছে। এই সমস্ত ঘটনা ঘটছে, এই ঘটনা ধরা যাচ্ছে না। এই ঘটনা ঘটছে। এমার্জেন্সিতে কি অবস্থা দাঁড়িয়েছে। এই জরুরি পরিস্থিতিতে ২০ দফা কর্মসূচির ব্যাপারে এই বাজেট দেখলে বোঝা যায় গুরুত্ব কতটা দিচ্ছেন। তারা বলছেন শিডিউলড কাস্ট, শিডিউলড ট্রাইবসদের দারুণ উন্নতির জন্য প্ল্যান করেছেন। কি বরাদ্দ করেছেন? আমাদের পশ্চিমবাংলায় সিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবের সংখ্যা প্রায় দেড় কোটি। এক কোটি ১৩ লক্ষ ৪৮ হাজার। তারা বরাদ্দ করেছেন কত টাকা ১৯৭৬-৭৭ সালের বাজেটে? এক কোটি ৩০ লক্ষ টাকা—এই টাকা তাদের উন্নতি জন্য খরচ করবেন যার মানে মাথাপিছু এক টাকা বরাদ্দ করে খুব আত্ম সন্তুষ্ট হচ্ছেন এবং বলছেন আমরা ২০ দফা রূপায়ণ করে ফেলছি এবং শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের উন্নতির জন্য অনেক কিছু ব্যবস্থা করে ফেলেছি এবং তার সঙ্গে ৩৫ লক্ষ টাকা অ্যাডিশনাল গ্রান্ট দেবেন বলে বরাদ্দ করেছেন। তার মানে প্রায় ৩০ নয়া পয়সা মাথাপিছু বাড়লো। সবচেয়ে যারা পিছিয়ে পড়া তাদের জন্য এই বাজেটে তাদের মোট বরাদ্দ কি রকম করা হয়েছে দেখুন। তারপর এই সারপ্লাস বাজেটের ধুয়োর শুরু হয়েছে। আমি একথা বলতে চাই এই বাজেটে যে সমস্ত নতুন নতুন কর ধার্য করা হয়েছে, কিছু কিছু কিছু কর ছাড়া দেওয়া হয়েছে এবং যে সমস্তভাবে টাকা আদায়ের সংস্থান হচ্ছে নিশ্চয় প্রশংসাযোগ্য এবং প্রশংসা করি। কিন্তু একটা কথা চেপে যাচ্ছেন। অর্থমন্ত্রী মহাশয় তার বাজেটে। ৫ম অর্থনৈতিক কমিশন আর ৬ষ্ঠ অর্থনৈতিক কমিশন পশ্চিমবাংলার ক্ষেত্রে যে বরাদ্দ বাড়িয়েছেন যার ফলে আমাদের প্ল্যানে এবং অন্যান্য অর্থনৈতিক দিক থেকে কিছুটা আমরা ব্যবস্থা করতে পারছি তার পরিমাণ তিনি উল্লেখ করেন নি। আমি বলতে চাই ফিফথ ফিনান্স কমিশন থেকে সিকস্থ ফিনান্স কমিশন প্রায় ৬৬৬ কোটি ৭৯ লক্ষ টাকা আমাদের পশ্চিমবাংলার জন্য বরাদ্দ বাড়িয়েছেন। তিনটে খাতে বরাদ্দ বাড়িয়েছেন—ট্যাক্স অ্যান্ড ডিউটিসতে—৩,৬১,৪৩,০০,০০০ টাকা, গ্রান্ট ইন-এডে ১৬২ কোটি ২৪ লক্ষ টাকা আর ডেট রিলিফে প্রায় ১৪৩ কোটি ১২ লক্ষ টাকা। এই মোট ৬৬৬ কোটি ৭৯ লক্ষ টাকা আমাদের পশ্চিমবাংলাকে ফিফথ ফাইন্যান্স কমিশন থেকে সিকস্থ ফাইন্যান্স কমিশন বেশি বরাদ্দ করেছেন যে টাকা আমাদের উন্নয়নের কাজে লাগবে। সেইজন্য পরিশেষে বলতে চাই, বর্তমানে যে অবস্থার মধ্যে চলেছি, যে জরুরি অবস্থার মধ্যে চলেছি, যে অসহায় অবস্থায় মধ্যে লোকে পড়েছে এবং যে অর্থনৈতিক অবস্থাকে ব্যবহার করে প্রতিক্রিয়াশীল এবং দেশি-বিদেশি সাম্রাজ্যবাদীরা আমাদের অর্থনীতিকে আক্রমণ করছে তার বিরুদ্ধে এই বাজেট কোনও উত্তর দিতে পারে নি।

একটা লড়ায়েই সুনির্দিষ্ট পথ এর মধ্য নেই যা দিয়ে ঐ ২০ দফা কর্মসূচি রূপায়ণের ব্যাপারে একটা দৃষ্টিভঙ্গি রাখা যায়, যেভাবে দেখতে পাচ্ছি মূল মূল বরাদ্দ বিভিন্নভাবে করা হয়েছে। এই সমস্ত ব্যাপারে অবিলম্বে নজর দেওয়া দরকার। আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করব তিনি নিশ্চয় বিবেচনা করে দেখবেন যে কিভাবে ঐ ২০ দফা কর্মসূচি রূপায়ণের ব্যাপারে এই বরাদ্দ ঢেলে সাজাতে পারেন। আশা করি নিশ্চয় তিনি এটা বিবেচনা করে দেখেবেন। এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-00 — 1-10 p.m.]

শ্রী নন্দলাল ব্যানার্জি : মাননীয় স্পিকার স্যার, শুধু এ বছরের বাজেটের মধ্যে দিয়েই নয়, গত বছরেও দেখেছি যে আমরা একটা লক্ষ্যের দিকে এগিয়ে চলেছি। আমরা কেউ অস্বীকার করতে পারি না যে এই পশ্চিমবাংলায় যে নৈরাশ্যজনক অবস্থা ছিল যে বিভীষিকাময় পরিস্থিতি ছিল তা থেকে আমরা ধাপে ধাপে একটা আশার আলোর দিকে এগিয়ে চলেছি। আমরা জোর গলায় বলতে পারি যে আমাদের সরকারি অর্থনীতির যে দেউলিয়া অবস্থা ছিল তা আর নেই। এমন প্রগতির পথে নিয়ে যাবার শক্তি অর্জন করেছি। যেখানে অনুন্নত অবস্থা ছিল, অবহেলিত অবস্থা ছিল, যে অবস্থা সাহিত্যের মধ্যে দরদ ফুটিয়ে তুলতো, চোখের জল ফেলে হয়তো লেখক পাঠক সকলেই অভিভূত হত সেই গ্রামীণ কৃষকের দুরবস্থা আইন করে দূর বন্ধ করবার জন্য এগিয়ে এসেছি। আমরা জোর গলায় বলতে পারি আমরা শিক্ষা খাতে সবচেয়ে বেশি অর্থ ব্যয় করেছি, আজকে শিক্ষাকে গ্রামাঞ্চলে ছড়িয়ে দেবার জন্য বিশেষভাবে আমরা প্রয়াস নিয়েছি। আজকে আদিবাসি তফসিলি মানুষ যারা আমাদের সমাজে চির অবহেলিত ছিলেন তাদের অবস্থা দেখলে মনে হয় যেন তারা সভ্য সমাজে বাস করেন না। দরিদ্র সাঁওতাল, যাদের লেংটি ছাড়া আর কিছুই সম্বল ছিল না তাদের বিশেষভাবে উন্নত করার জন্য সরকার বিশেষ প্রয়াস নিয়েছে। তারা আজকে একটা নূতন আলোর সন্ধান পেয়েছে এবং একটা নূতন অবস্থার মধ্যে এসেছে। এটা একটা রাত্রের স্বপ্নের দ্বারা করা সম্ভব হয়নি। তার পিছনে রয়েছে সরকারি প্রচেষ্টা এবং যারা এইসব নিয়ে পরিকল্পনা করেন তা রূপায়ণ করেন, তাদের সক্রিয় সহযোগিতা। অনেক কিছুর উন্নতি হয়েছে এবং হচ্ছে তা অস্বীকার করা যায় না। কৃষি ক্ষেত্রের উন্নতি হয়েছে, সারের ব্যবস্থা, সেচ ব্যবস্থার ব্যাপক উন্নতি সাধন হয়েছে। যেখানে জল নেই সেখানে হাজার হাজার টিউবওয়েল খনন করে, লিফ্ট সিস্টেম করে, ইরিগেশনের ব্যবস্থা করা হয়েছে। নূতনভাবে কৃষি শিল্প ব্যবস্থা করা হয়েছে। অ্যাগ্রো ইন্ডাস্ট্রির অনেক কিছু হয়েছে এবং হচ্ছে কিন্তু এত প্রচেষ্টা সত্ত্বেও বেকার সমস্যা দিন দিন প্রকট হয়ে উঠছে। যদিও আমরা ১৭ হাজার লোককে চাকুরি দিয়েছি ১১ হাজার লোককে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডে বসিয়ে বসিয়ে চাকুরি দিয়েছি আবার এও শোনা যায় অনেককে মাইনে দিচ্ছি কাজ দিতে পারছি না। এগুলি কিন্তু আনপ্রডাকটিভ এক্সপেন্ডিচার। এবং এইভাবে যদি আমরা এক্সপেন্ডিচার করি, অযথা কর্মসংস্থান করি তাহলে কখনই আমাদের বেকার সমস্যা সমাধান হবে না। এতে আমাদের অর্থনৈতিক দেউলিয়া অবস্থা আরও তাড়াতাড়ি এগিয়ে আসবে। আমরা এমন অবস্থা নিশ্চয় করতে পারি যাতে আমাদের অর্থনৈতিক অবস্থার সম্প্রসারণ হতে পারে। পশ্চিমবাংলার তরুণদের সে পটেনসিয়েলিটি আছে যে মেধা আছে তাদের আমরা ছোট ছোট শিল্পের মাধ্যমে নিয়োগ করতে পারি। কিন্তু সেখানে যে সময়

একটি হতাশার লক্ষ্মণ আমি এন্ট্রাপ্রেনিওরশিপ, অ্যাপ্রেনটিসশিপ সিলেকশন বোর্ডের মেম্বার। সেখানে দেখি বি.এ.বি.টেক, এম.টেক. ইঞ্জিনিয়ার ইত্যাদি ভাল ভাল ছেলেরা আসে। কিন্তু যখন ইন্টারভিউ এর সময় জিজ্ঞাসা করি তোমরা কি করবে, কি তোমাদের ইচ্ছা? তারা কথার ফাঁকে বলে ফেলে, আমরা ভাল চাকরি পেলে তাই মাননীয় স্পিকার স্যার এই ছেলেদের করব। আমাদের দেশের ছেলের পিছনে তাদের বাবা মা কত খরচ করছেন, সরকার পরিকল্পনা নিয়ে করে এদের ট্রেনিং এর ব্যবস্থা করে স্বাবলম্বী ক্ষেত্রে হবার সুযোগ করে দিচ্ছেন, অথচ ট্রেনিং নেবার তারা যদি শুধু চাকুরি মুখি হয় তাহলে এর চেয়ে আর কি দুঃখজনক অবস্থা হতে পারে। এটা ঠিক কথা যখন রাস্তায় বেরোই ছেলেরা এসে আমাদের কাছে দাঁড়ায়, তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করে দিতে হবে, তারা বেকার। কিন্তু হাত পা থাকলে পরেই শুধু কর্ম করা যায় এটা ঠিক নয়। কর্ম করতে গেলে যোগ্যতা অর্জন করা দরকার এবং যে কোনও কাজে নেমে আমি আমার রুজি রোজগার করব, এই মানসিকতার প্রয়োজন। সেইসঙ্গে সঙ্গে যারা শিক্ষা লাভ করেছে, যারা উচ্চ শিক্ষিত, কারিগরি শিক্ষা যাদের দেওয়া হচ্ছে, বৈজ্ঞানিক প্রথায় যারা শিক্ষা লাভ করেছে তারা ঠিক সেইভাবে সমাজের কাজে নিজেদের নিয়োগ করবেন, সেই মনোবৃত্তি থাকা প্রয়োজন। এ অনুরোধ রাখি শিল্পে অন্যান্য দেশ আমি ফরিদাবাদ ঘুরে দেখে এসেছি যে সেখানকার সরকার শিল্পোন্নয়নের জন্য যে মানসিকতার পরিচয় দিয়েছেন আমাদের পশ্চিমবঙ্গ সরকারের শিল্প দপ্তর কি সেই পরিচয় দিচ্ছেন। সবচেয়ে দিল্লিতে ইকনমিক এজ বলে একটি কাগজ পড়ছিলাম সেখানে পশ্চিমবঙ্গ সম্বন্ধে এমন একটি কটুক্তি দেখলাম সেই কটুক্তি যার সম্বন্ধে করা হয়েছে তিনিই সেটার প্রতিবাদ করতে পারেন, আমি না জেনে সেটার কোনও প্রতিবাদ করতে পারি না। সেই পত্রিকায় তারা বলছেন যে পশ্চিমবঙ্গের শিল্প দপ্তরের মন্ত্রীর ঘরে গিয়েছিলাম — তার ঘরের সামনে কি ভীড় এবং সেখানে বৈষ্ণব সন্ন্যাসীরা বসে আছে, কি হট্টগোল, কি গল্প ধাক্কা মেরে ঘরে যেতে ইচ্ছা করল না। তারা কিন্তু যাকে নিয়ে গিয়েছিলেন তিনি ধাক্কা মেরে ভিতরে গেলেন। সেখানে শিল্পের কথার থেকে বেশি হচ্ছে গাল-গল্প গলাবাজি, আর বৈষ্ণব সন্ন্যাসীদের ভীড় হচ্ছে। তারা বলেছেন এই অবস্থায় পশ্চিমবঙ্গে শিল্পের উন্নতি সম্ভব নয়। কিছু হতে পারে না। কিন্তু হরিয়ানা বাহিরে থেকে লোকদের আকর্ষণ করছে এবং সেখানে ইন্ডাষ্ট্রিয়াল সিটি তৈরি হচ্ছে কি সুন্দর কতটাকা তারা রোজগার করছে, তারা ন্যাশনাল অ্যাওয়ার্ড পাচ্ছে। আর পশ্চিমবাংলার যে চিত্র ইকনমিক এজেতে পড়লাম, তার প্রতিবাদ আমাদের শিল্পমন্ত্রী করেন নি। স্যার আমাদের মনোভাবের পরিবর্তন করতে হবে। আমাদের প্রয়াস আরও জোরদার করতে হবে। পশ্চিমবঙ্গের ফাইন্যান্স মিনিস্টার এই এই সুযোগ, সেই সেই ছাড় দিয়েছেন, হরিয়ানার বংশীলাল যা দিয়েছিলেন এখানকার ছেলেদের আকর্ষণ করতে গেলে যে মনোভাবের প্রয়োজন যে অ্যাটমোসফিয়ার, এনভায়রনমেন্ট তৈরি করা দরকার সেটা যেন আমাদের শিল্প দপ্তর থেকে করা হয়, এই অনুরোধ রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-10 — 1-20 p.m.]

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৭৬/৭৭ সালের যে বাজেট পেশ করেছেন এবং তা করতে গিয়ে যে বক্তব্য রেখেছেন তার উপর

[6th March, 1976]

আলোচনার আজ তৃতীয় দিনে আমি অংশ গ্রহণ করতে উঠে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখছি। স্যার, ১৯৭২ সালের সাধারণ নির্বাচনের পর বেশ কয়েক বছর অতিবাহিত হয়েছে এবং ১৯৭২ সালের পর প্রতি বছর এই মার্চ মাসে বিধানসভার বাজেট অধিবেশন হচ্ছে এবং এবারও সেই চিরাচরিত প্রথায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বক্তব্য রেখেছেন ও আগামি বৎসরের আয় ব্যয়ের একটা হিসাব দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বক্তব্যে বলেছেন যে, ১৯৭২ সালের সাধারণ নির্বাচনের প্রাক্কালে ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন পশ্চিমবঙ্গে এসেছিলেন তখন তিনি নাকি আপামর জনসাধারণকে প্রতিশ্রুতি দিয়ে বলেছিলেন যে, পশ্চিমবঙ্গে যে সমস্ত বাম দল আছে তারা নাকি প্রতিক্রিয়াশীল, ধ্বংসাত্মক কাজে লিপ্ত, তাদের দ্বারা পশ্চিমবঙ্গের কোনও কল্যাণ সাধন হতে পারে না, অতএব তোমরা এক দলীয় সরকার গঠন কর, সংখ্যাগরিষ্ঠ সরকার গঠন কর, তাহলে বেকার সমস্যার সমাধান হবে, ইন্ডাস্ট্রির ক্ষেত্রে শান্তি শৃঙ্খলা বজায় থাকবে এবং দেশে আইনের শাসন সুষ্ঠুভাবে পরিচালিত হবে। কিন্তু স্যার, আইনের শাসন কি চলছে সেটা আপনার অজানা নেই। শিল্পের ক্ষেত্রে কি দুর্নীতি চলছে তাও আপনার অজানা নয়। পশ্চিমবঙ্গে যে অরাজকতার রাজত্ব বাসা বেঁধে আছে সে কথা এপক্ষ এবং ও পক্ষের বিভিন্ন সদস্য গত কয়েকদিন ধরে এই হাউসে বলে আসছেন। স্যার, আমাদের মাননীয়া প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গ তথা সারা ভারতবর্ষের উন্নতিকে তরান্বিত করার জন্য জরুরি অবস্থা ঘোষণা করেছিলেন এবং সেই জরুরি অবস্থার প্রাক্কালে তিনি ২০ পয়েন্ট প্রোগ্রামকে কার্যকর করার কথা বলেছিলেন। এ ব্যাপারে তিনি ভারতবর্ষের প্রতিটি জনসাধারণকে সিরিয়াস হবার জন্য আহ্বান করেছেন। তা ছাড়া এই জরুরি অবস্থা ও ২০ দফা কর্মসূচিকে সত্যিকারের কাজে লাগাবার জন্য তিনি বিশেষভাবে আবেদনও জানিয়েছেন। কিন্তু স্যার, এই বিধানসভায় দাঁড়িয়ে অত্যন্ত লজ্জা বোধ করতে হয় যখন দেখি এই জরুরি অবস্থা ও ২০ দফা কর্মসূচিকে কার্যকর করার দায়িত্ব যাদের উপর তারাই অবহেলা করছেন। আজকেই স্যার, আপনার দুবার দৃষ্টি আকর্ষণ করেছি এই বলে যে, হাউসে কোরাম নেই। স্যার, আপনি হাউসে কোরাম নেই একথা বলার সময় আজকে যে রুলিং দিলেন তারজন্য আমি মনেকরি আপনি সমগ্র পশ্চিমবঙ্গবাসীর কাছে অভিনন্দিত হবেন। স্যার, এম.এল.এরা আপন আপন এলাকা থেকে এসেছেন দায়িত্ব পালন করার জন্য, নিজের এলাকার দুঃখ দুর্দশার কথা বলবার জন্য এবং সেই সঙ্গে এখানকার কাজ হাসিল করে নিজের এলাকায় ফিরে যাবার জন্য। কিন্তু স্যার, জরুরি অবস্থায় যেরকম সিরিয়াস তাদের হবার কথা সেইরকম সিরিয়াসনেস দেখা যাচ্ছে না। সকলেরই যেন কুম্ভকর্ণের ঘুম পেয়ে গিয়েছে। মন্ত্রী মহাশয়দের বেলাতেও দেখছি—প্রয়োজনে কেউ দিল্লি যেতে পারেন, দার্জিলিং যেতে পারেন বা অন্য কোথাও যেতে পারেন কিন্তু সকলেই যে একসঙ্গে চলে যাবেন—২৫ জন ক্যাবিনেট মিনিস্টার যে চলে যাবেন এরকম নজির বোধহয় ভারতবর্ষের অন্য কোনও স্টেটে নেই। কেবলমাত্র ঐ অন্ধের যষ্টীর মতো কয়েকজন স্টেট মিনিস্টার বসে আছেন।

[1-20 — 1-30 p.m.]

আমাদের লজ্জা পাওয়া উচিত এবং পশ্চিমবাংলার সমগ্র জনসাধারণের লজ্জা পাওয়া উচিত। আজকে এই ২০ পয়েন্ট প্রোগ্রামকে যদি কার্যকর করতে না পারেন, যদি জনসাধারণের

কল্যাণ সাধন করতে না পারেন তাহলে সাধারণ লোককে কন্ট্রোল করতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই, আপনার মাধ্যমে এইকথা বলতে চাই যে আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা এখানে রেখেছেন, সেই বাজেট বক্তৃতার সময় তিনি লম্বা লম্বা অনেক কথা বলেছেন এবং ১৯৬৭ সাল এবং ১৯৬৯ সাল এই দুই বছরে ৯ মাসে এবং ১৩ মাসের এবং আরও বিভিন্ন উদাহরণ দিয়ে বলেছেন যে পশ্চিমবাংলাকে তারা দেউলিয়া করে দিয়েছিল এবং এই সরকারকে ঘাটতি নিয়ে গদিতে সমাসীন হতে হয়েছিল। তারপর বাকি সময়ে পশ্চিমবাংলার ঘাটতি পূরণ করতে করতে আজকে এসে ২ কোটি ৯৩ লক্ষ টাকা উদ্বৃত্ত বাজেট দেখিয়েছেন। এটা কোনও কৃতিত্ব নয়। ২ কোটি ৯৩ লক্ষ টাকা উদ্বৃত্ত দেখিয়েছেন এটাকে ঢাক-ঢোল পিটিয়ে বলার কিছু নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধরুন আমার বাড়ির ছেলেদের জন্য ডেইলি ৫ টাকা করে খরচ হয়। আমি ছেলেদের না খাইয়ে ২ টাকা করে খরচ করে ৩ টাকা করে জমালাম এবং জমিয়ে উদ্বৃত্ত দেখালাম। তারপর ছেলের পিছনদিকে যদি দেখি তাহলে দেখব যে শুকিয়ে আমচুর হয়ে আছে। আজকাল অবশ্য বেলবটমের যুগ এসেছে, ঢাকা থাকে কিন্তু প্রকৃত ছবিটা এইরকম। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যেটা দিয়েছেন সেটাও অনেকটা ঐরকম হয়ে আছে। কলকাতা শহরের ফুটপাথে দেখি মানুষ না খেয়ে মরছে। সেদিন আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে এই কলকাতায় একজন প্রাইমারি শিক্ষক ডিসেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত বেতন পান না। তার বাড়ির ছেলেমেয়েরা একসঙ্গে কাঁদছিলেন এবং তিনি সেই কান্নার মধ্যে না খেতেপেয়ে দেহত্যাগ করেছেন। আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেন যে পশ্চিমবাংলার অবস্থার উন্নতি আমরা তরান্বিত করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে পরিস্থিতি, এই যে দুঃখ-দুর্দশা, এটা কি ১৯৬৭ সালের না বর্তমান সরকারের? এই বর্তমান সরকারের আমলে হতে পারে কিছু রাস্তা হয়েছে, গ্রামে কয়েকটি ইলেক্ট্রিফিকেশন হতে পারে, ২/৪টি ডিপ টিউবওয়েল বসতে পারে কিন্তু সার্বিক ভাবে চিন্তা করলে আমরা কি দেখবো? আজকে যখন ব্রুট মেজরিটি নিয়ে এই সরকার এসেছে, আজকে তাদের গদির বিরুদ্ধতা করবার মতো কেউ ক্ষমতায় নেই তখন পশ্চিমবাংলার অবস্থা যেখানে নিয়ে যাওয়া উচিত ছিল সেখানে তারা যেতে পারলেন না। বাজেট বক্তৃতায় আশাব্যঞ্জক কথা তিনি বলেছেন। সেটা তিনি বলতে পারেন কিন্তু সাধারণ মানুষের কাছে কোনও আশাব্যঞ্জক কথা পৌঁছাবে কিনা সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি অর্থমন্ত্রীর বাজেট স্পীচ পড়েন তাহলে সহজেই প্রতীয়মান হয়ে যাবে। আজকে পশ্চিমবাংলায় যাদের এক কাঠাও বাস্তু নেই তাদের বাস্তু ভিটার জন্য বলা হয়েছে এবং তাদের রায়তি পাট্টাও দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জন্ম বালিগঞ্জ-এর লেকের কাছে নয়। কলকাতার বড় বাজারে আমার জন্ম নয়, আমি পাড়াগ্রাম থেকে এসেছি, পাড়াগ্রামের কি ছবি মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার কাছ থেকে জেনে যেতে পারে। আসলে তারা পাট্টা দিয়েছেন ঠিকই, কিন্তু তারা আদৌ সেই সমস্ত জায়গায় বসতি স্থাপন করতে পেরেছে কি না, এটা সরকার খোঁজ খবর রাখেন না। এমন এমন জায়গায় তাদের পাট্টা দেওয়া হয়েছে একটা তালিকা আছে, খাল, বিল, ডাঙ্গা, এইসব হয়তো তালিকায় আছে বালির চর ভেস্ট হয়েছে, সেটেলমেন্ট হয়নি, সেই সমস্ত জায়গা কাগজে কলমে রায়তি পাট্টা দিয়ে বসে আছে গৃহ নির্মাণের জন্য, যেখানে গ্রামের কোনও চিহ্ন নেই, কেবল একটা মাঠের মধ্যে হয়তো দু চারশো বিঘা জমি আছে তারমধ্যে দুবিঘা হয়তো সরকারি খাস জমি আছে, সেখানে দু চার

কাঠা করে জমি দিয়ে দেওয়া হয়েছে। আমার এলাকার একজাম্পল দেখিয়ে বলছি, সমস্ত এলাকাতেই একই ঘটনা ঘটছে। মাননীয় মনোরঞ্জন প্রামানিক মহাশয় কিছু জায়গায় ভি.আই.পি হিসাবে রায়তি পাট্টা দিয়েছেন, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় গিয়ে রায়তি পাট্টা দিয়েছেন এবং গলায় ফুলের মালা পরে এসেছেন। কিন্তু সার্বিকভাবে যদি বিচার করা হয় তাহলে আপনি দেখবেন অধিকাংশ জায়গায়ই এইরকম ঘটনা ঘটেছে। এবং যে জায়গাগুলো পাট্টা দেওয়া হয়েছে, সেই জমির আগেকার মালিক তারা এমনভাবে কুক্ষিগত করে রেখেছে তারা পাট্টা পাওয়া সত্ত্বেও সেই জমি তারা পায়নি। সরকারের চেষ্টার ফলে হয়তো দু চার বছর বাদে তাদের হাতে আসবে কিন্তু ততদিনে তারা শ্মশানের কবরে চলে যাবে। তাদের উত্তরাধিকারিরাও বস্তি করতে পারবে কি না সন্দেহ। যেখানে জমি দেওয়া হয়েছে, সেখান থেকে সদর রাস্তায় আসতে পারবে কি না সন্দেহ আছে। কারণ বড় বড় জমির মালিকদের জমির পাশেই হয়তো তাদের জমি দেওয়া হয়েছে, তারা তাদের হয়রানি করবে। যাদের বসতি করবার জন্য জমি দেওয়া হচ্ছে তারা খুবই গরিব, হয়তো তারা মৎসজীবী, তাঁত শিল্পি বা এই জাতীয় কিছু বা প্রান্তিক চাষি, তাদের কথা থানায় শুনতে দেওয়া হবে না, কারণ তার আগেই এই বড়লোকেরা গিয়ে থানায় ব্যবস্থা করে নেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে দুরবস্থা পশ্চিমবাংলার, তার পরে যদি অর্থমন্ত্রী বলেন যে পশ্চিমবাংলায় আমরা রায়তি পাট্টা দিয়ে একেবারে বাস্তুভিটার ব্যবস্থা করে দিয়েছি এবং আরও কিছু করে দিচ্ছি, তাহলে আর বলার কিছু নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে এলাকা থেকে আসছি, সেই এলাকার একটা চিত্র আমি আপনার সামনে তুলে ধরছি। আমরা শুনতে পাই রেডিও মারফত, খবরের কাগজের মারফত, যে এখানে বাস্তু করার জন্য রায়তি পাট্টা দেওয়া হয়েছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুতী, সামসেরগঞ্জ, ফারাক্কায় বাস্তু ভূমির জন্য পাট্টা দেওয়া হয়েছে কি না জানি না, কিন্তু আমার এলাকায় এখনও পর্যন্ত ২৪ হাজার পরিবার, তারা সরকারি রাস্তার উপর বসবাস করছে। সেই ১৪ হাজার পরিবার রাস্তার ওপর বসেছিল, তাদের কথা কিন্তু মাননীয় অর্থমন্ত্রী বলেন নি যে, তাদের পুর্নবাসনের ব্যবস্থা করবার জন্য এই টাকা বরাদ্দ করলাম। আমি বার বার আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করেছি নদী ভাঙ্গনে বিধ্বস্ত ঐ জায়গার দিকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফিডার ক্যানেলের জলে আমাদের এলাকা প্লাবিত, ফসল হয়না। কাজেই এক নদী ভাঙ্গনে বিধ্বস্ত, তাদের গৃহ নেই, আবার অপর দিকে তাদের চাষের জমিজমা সমস্ত ডুবে গিয়েছে পেটে অন্ন নেই, কঙ্কাল চেহারা নিয়ে তারা দাঁড়িয়ে আছে। এব্যাপারে বার বার দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কোনও প্রতিকার নেই। আমাদের পশ্চিমবাংলার জনসাধারণের প্রতি যদি আমাদের সরকারের একটুও দৃষ্টি থাকত তাহলে বাজেটে তার একটু উল্লেখ থাকত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় মালদহের কথা বলেছেন, তিনি বার বার বলেছেন মালদহের মহানন্দা নদীতে এই এই প্ল্যান নেওয়া হবে, ভূমিক্ষয় বন্ধ করা হবে, বন্যা রোধ করা হবে, জল নিকাশি ব্যবস্থা করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মন্ত্রিসভায় মুর্শিদাবাদের কি কোনও মন্ত্রী নেই? দু'জন মন্ত্রী আছেন, একজন স্টেট মিনিস্টার আর একজন ক্যাবিনেট মিনিস্টার, কিন্তু তারা কোথায় ছিলেন, যখন এই বাজেট বক্তৃতার বই লেখা হয়। সেখানে ফারাক্কা থেকে জঙ্গীপুর, জঙ্গীপুর সাব-ডিভিসনের এই ব্যাপক অঞ্চল আজকে গঙ্গার অবক্ষয়ে নেমে যাচ্ছে। কিন্তু কোথায় সেই অবক্ষয় বন্ধ করবার ব্যবস্থা হচ্ছে? এই ১৮ বর্গমাইল এলাকায় ১ লক্ষ ১৫ হাজার লোক বাস করে,

এই এলাকা প্লাবিত হয়ে যাচ্ছে, সেখানে কি জল নিকাশি ব্যবস্থা হয়েছে? কত টাকা মঞ্জুর করা হয়েছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর থেকেও দুঃখের কথা আর কি হতে পারে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বার বার আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করে বলেছি যে, জঙ্গীপুর সাব ডিভিশনের এই ভাঙ্গনের পরিস্থিতিকে জাতীয় সমস্যা হিসাবে গ্রহণ করা হোক। শেষ পর্যন্ত এমন সময় আসবে যখন এটাকে জাতীয় সমস্যা হিসাবে গ্রহণ করা হবে, তখন অবশ্য সমগ্র জঙ্গীপুর বন্যায় প্লাবিত হয়ে নদী গর্ভে চলে যাবে আর সেখানকার লোকেরা শ্মশানে চলে যাবে। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি ক্ষেত্রের বাহবা করে বলা হয়েছে, কৃষিতে আমাদের চরম উন্নতি হয়েছে, আমরা বিভিন্ন জায়গায় হাজার হাজার নলকূপ বসিয়েছি। অথচ পশ্চিমবাংলার খাদ্য সমস্যার এখনো সমাধান করতে পারেননি, এদিকে বলছেন বাম্পার ক্রপ হয়েছে। সেদিন প্রশ্নোত্তরের সময় খাদ্যমন্ত্রী বললেন ২ লক্ষ্য ১১ হাজার মেঃ টন খাদ্য এখন পর্যন্ত মজুদ হয়েছে, এখনো ৮৯ হাজার মেঃ টন বাকি আছে। ধরে নিলাম তাই আছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৪ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত মাত্র তিন দিন প্রতিটি গ্রামে চাল দেওয়া হয়েছে, আর গম কোথাও ২৫০ গ্রাম, কোথাও ১৫০ গ্রাম দেওয়া হয়েছে আবার কোথাও একদম দেওয়া হচ্ছে না। তাহলে আমাদের গ্রামাঞ্চল থেকে যে সমস্ত লেভি আদায় হয় সেই লেভির শস্য যায় কোথায়? সারা পশ্চিমবঙ্গে যে লেভি আদায় হয় তা যায় কোথায়? আর এখানে দেখা যাচ্ছে কি, না, আমরা এখন কলকাতায় বাস করছি এখানে এখন দেখতে পাচ্ছি যে কলকাতায় যে চাল দেওয়া হয় তা খাওয়ার উপযোগি নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কি বনে জঙ্গলে থাকি, আমরা কি বনের বাঘ? বাঘেদের নাকি খারাপ জিনিস নাহলে খাওয়া হয়না, তা আমাদের পশ্চিমবঙ্গ সরকার আমাদের বনের বাঘ বা অন্য কোনও জানোয়ার ভাবছেন হয়ত। আর আমাদের এখানে যেটুকু লেভি আদায় হল, প্রোকিওরমেন্ট হল তা আমরা দেখতে পাচ্ছি না, সেটা যাচ্ছে কোথায়? আর কোথাকার চাল এখানকার মানুষকে দিচ্ছেন? এদিকে বলছেন পশ্চিমবাংলার খাদ্য সমস্যার সমাধান হয়ে গেল।

সমাজের নীচে দুঃখ দারিদ্রের মধ্যে একদল মানুষ বাস করছে তাদের সম্বন্ধে কোনও কথা নেই। গ্রামের যারা ক্ষেতমজুর তাদেরও rate fixed হয়ে গেছে ৬.৫০ টাকা তারা পাচ্ছে কিনা সেটা দুরের কথা। ধরা যাক তারা আইন অনুযায়ী পাচ্ছে। সমাজের একটা বিরাট অংশ দফাদার চৌকীদার তাদের দুঃখ দুর্দশা দূর করার কথা চিন্তা করেছেন কি? তাদের কেবল মাত্র ৬০ টাকা। ৬.৫০ পয়সা rate ধরলে ৩০ দিনে কত হয়। আর একটা মানুষের ৩ টাকায় চলে না। অবশ্য মন্ত্রীরা খুব বেশি খায় না ১৫০ গ্রাম মত চাল খায়। ছানা, দুগ্ধ, আঙুর, আপেল, মধু ইত্যাদি তারা খান। কিন্তু এসব তাদের জোটেনা। তারা একটু নুন, লঙ্কা দিয়েই ভাত, ছাতু খেতে চায়। কিন্তু এরজন্য যে টাকা তাও তাদের দেওয়া হয়না, বারবার তারা এনিয়ে আবেদন নিবেদন করেছিল, কিন্তু কিছুই হলনা। ৬০ টাকার মধ্যে ৫০ টাকার রসিদ কেটে নিতে বলা হয় এর বাকি টাকাটা তারা কবে পাবে তারও ঠিক নেই। বাজেটে খুব বড় বড় কথা বলা হয়েছে, কিন্তু এই সময় দারিদ্র শ্রেণীর কৃষক, প্রান্তিক চাষী ও দুর্বল শ্রেণীদের সম্বন্ধে যদি একটু বলতেন তাহলে ভাল হত। সেজন্য বলছি আপনারা এদের সম্বন্ধে একটু বিচার করুন এবং যাদের ফেলে রেখেছেন তাদের এগিয়ে নিয়ে যাবার চেষ্টা

[6th March, 1976]

করুন। গ্রামাঞ্চলের চেহারা রাইটার্স বিল্ডিংস্ বা বিধানসভায় বসে বোঝা যায়না। এ জিনিস বুঝতে গেলে পল্লীগ্রামে যেতে হবে। বহরমপুর, দার্জিলিং, বাঁকুড়ায় সার্কিট হাউসে গিয়ে সেখানকার বড় বড় লোকেদের সঙ্গে কথা বলে আপনারা চলে আসেন। আপনাদের সরকার যদি জনসাধারণের সরকার হয় তাহলে আপনাদের উচিত সাধারণ দরিদ্র মানুষের সঙ্গে আলাপ করা। ধান, পাট যারা উৎপন্ন করে সেইসব চাষিদের কাছে যান। ধানের জমিকে পাটের জমিতে পরিণত করে যারা কেন্দ্রীয় সরকারকে ফরেন কারেন্সি এনে দিচ্ছে তারা কিছু দাম পায়না। দেবীপ্রসাদ চ্যাটার্জি গতবার নানা তত্ত্ব কথা দিয়ে আমাদের সব বলে গেলেন কিন্তু আজ পর্যন্ত তার কিছুই হলনা। পাটের দাম এত কম যে তাদের খরচ পর্যন্ত ওঠে না। যাহোক, বৈজ্ঞানিক যুগে যখন মানুষ চন্দ্রলোকে যাচ্ছে তখন সেই বিজ্ঞানকে কাজে লাগিয়ে কিছু কাজ নিশ্চয় হবে। কাজেই সেই বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে আপনাদেরও জনসাধারণের কল্যাণ করতে হবে। কেবল জনসাধারণের ঘাড়ে দোষ চাপালে হবেনা। এই বলে আমি শেষ করছি।

[1-30 — 1-40 p.m.]

শ্রী প্রদীপ পালিত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী শ্রী শঙ্কর ঘোষ যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানাতে হচ্ছে। পূর্ণ সমর্থন জানাতে হচ্ছে তার কারণ এত সুন্দর এই বাজেট যে পশ্চিমবঙ্গের প্রায় সমস্ত শ্রেণীর মানুষকে আশার আলো দেখিয়েছে। স্যার, এর আগে শীশ মহম্মদ সাহেব তার বক্তব্য রেখে গেলেন, বক্তব্য রাখার মধ্য দিয়ে তার সবই ভাল আবার সবই খারাপ এই দুইরকম ধরনের বক্তব্য আমাদের খুব অবাক করে তুলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিমন্ত্রণ বাড়িতে আমরা দেখেছি কিছু সংখ্যক লোক থাকেন যারা চোষ্য করে খাওয়ার পর শেষে পানে চুন বেশি হয়ে গিয়েছিল কিংবা পানটা ঝাল কিংবা কপির তরকারিটা ভাল হয়নি অর্থাৎ খারাপ দিকগুলিকে সামনে তুলে ধরার চেষ্টা করেন। আমাদের শীশ মহম্মদ সাহেবের বক্তব্যও ঠিক সেইরকম ধরনের, ২০ দফা কর্মসূচি ভাল, এই বাজেট ভাল, সরকার যে কর্মসূচি গ্রহণ করেছেন তাও ভাল, আবার তারমধ্যে এগুলি খারাপ, ওগুলি খারাপ এইরকম নেতিবাচক কথাবার্তা খুব হতাশাব্যঞ্জক কথাবার্তা তিনি তুলে ধরার চেষ্টা করেছেন। আজকে আমাদের যে জিনিসটা দেখতে হবে বাজেটের মধ্য দিয়ে সেটা হচ্ছে এই বাজেট সমগ্র পশ্চিমবঙ্গের মানুষের সামনে আশার আলো দেখাতে পেরেছে কিনা। আজকে আমরা এই বাজেটের মধ্য দিয়ে যা দেখতে পাচ্ছি এবং যারমধ্য দিয়ে আমরা আনন্দিত সবচেয়ে বেশি সেটা হচ্ছে আজকে আমাদের দেশ মুদ্রাস্ফীতিকে রোধ করেছে। আজকে জিনিসপত্রের দাম বাজারে কমে গেছে, সাধারণ মানুষের সুযোগ সুবিধা আরও বেড়েছে। আজকে আমরা যদি বিচার করে দেখি তাহলে দেখতে পাব প্রত্যেকটি এলাকায় সারা পশ্চিমবঙ্গে কিছু না কিছু কাজ হচ্ছে। নিশ্চয়ই এই কাজের দাম আছে। শীশ মহম্মদ সাহেব বললেন উদ্বৃত্ত বাজেট এমন কি ভাল নিশ্চয়ই ভাল, এর আগে এত উদ্বৃত্ত বাজেট বোধ হয় দেখিনি। আজকে সর্বত্র উন্নয়নমূলক কাজ চলছে। আজকে ২০ দফা কর্মসূচির মধ্য দিয়ে ছাত্র, কৃষক, ভূমিহীন মজুরদের উন্নতি আমরা দেখতে পেয়েছি এবং এইসমস্ত জিনিসগুলি আমাদের সামনে খুব আশার আলো দেখিয়েছে। আজকে সি এম ডি এ সমগ্র বৃহত্তর কলকাতায় এবং বিভিন্ন ক্ষেত্রে যে উন্নয়নমূলক কাজগুলি করে যাচ্ছে সেটা

নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। তবে আমরা এরমধ্যে থেকে আরও কিছু উল্লেখযোগ্য বিষয় আশা করি। তার কারণ সি এম ডি এ সম্পর্কে যে বক্তব্য বাজেটে রাখা হয়েছে তাতে এবং সি এম ডি এ'র যে কার্যকলাপ আমরা দেখছি তাতে আশার আলো দেখলেও কাজ করার ক্ষেত্র সম্পর্কে আমাদের দু'একটা বক্তব্য আছে।

[1-40 — 1-50 p.m.]

সি এম ডি এর যে অ্যাডভাইসরি কমিটি আছে সেই অ্যাডভাইসরি কমিটি জন্মলগ্ন থেকেই তারমূল্য. হারিয়েছে সেই বিষয়ে আমার কোনও সন্দেহ নেই। সি এম ডি এ ২৪ পরগনার ব্যারাকপুর মহকুমায় যে দায়িত্ব তাদের পালন করা উচিত ছিল সেই দায়িত্ব তারা পালন করতে পারছেন না। ব্যারাকপুর মহকুমা উদ্বাস্তু অধ্যুষিত এলাকা এবং শ্রমিক অধ্যুষিত অঞ্চল। সেখানে ব্যাপকভাবে যে কর্মসূচী গ্রহণ করা উচিত ছিল তা তারা গ্রহণ করেন নি। আজকে ব্যারাকপুর মহকুমায় জলের যে ব্যাপক সমস্যা সেই সমস্যার সমাধানের জন্য সি.এম.ডি.এর আরও দ্রুত গতিতে এগিয়ে এসে ব্যবস্থা অবলম্বন করা উচিত। কারণ ব্যারাকপুর মহকুমার জলের সমস্যা একটা বিরাট সমস্যা। ব্যারাকপুর মহকুমার উদ্বাস্তু কলোনিগুলি যে অবস্থায় পড়ে আছে সেটার উন্নয়নের ব্যবস্থা না করে আজকে বস্তি উন্নয়নকে ব্যাপকভাবে প্রাইওরিটি দিতে হবে। আমি বলতে চাই কলোনির অবস্থা বস্তির থেকে কোনওমতেই ভাল নয়। এই উদ্বাস্তুদের ক্ষেত্রে ব্যাপকভাবে এগিয়ে এসে তাদের অবস্থা উন্নয়নের জন্য দায়িত্ব গ্রহণ করতে হবে। আজকে ব্যারাকপুর মহকুমা পশ্চিমবাংলার দু-একটা জেলার সঙ্গে তুলনা করলেই বুঝা যাবে যে এই মহকুমা থেকে সবচেয়ে বেশি সরকারের হয়। ব্যারাকপুর মহকুমার বিরাট অংশে বৈদেশিক মুদ্রা করার রাস্তা রয়েছে কিন্তু আমরা জানি যে ব্যারাকপুর মহকুমার উন্নয়নের ক্ষেত্রে বিমাতৃসুলভ মনোভাব গ্রহণ করা হয়। শুধু ব্যারাকপুর মহকুমায় নয় ২৪ পরগনা জেলার অন্যান্য জেলার তুলনায় ব্যাপকভাবে উন্নয়নের ক্ষেত্রে কোনও কর্মসূচি গ্রহণ করা হয়নি। দক্ষিণ ২৪ পরগনায় সুন্দরবন এলাকার ব্যাপকভাবে উন্নতির প্রয়োজন রয়েছে। ২৪ পরগনার শিল্প ক্ষেত্রের সমস্যা একটা বিরাট সমস্যা। আমরা এখানে দেখতে পাচ্ছি রুগ্ন ও বন্ধ শিল্পের নাম করে কয়েকটি কারখানা অধিগ্রহণ করা হয়েছে কিন্তু ব্যারাকপুর মহকুমার যে শিল্পাঞ্চল সেখানে বহু শিল্প বন্ধ হয়ে গেছে না হয় মালিকরা চক্রান্ত করে বন্ধ করে দিয়েছে। কিংবা আজকে অচল অবস্থায় এগুলি বন্ধ হওয়ার রাস্তায় এগিয়ে চলেছে, সেদিক থেকে ব্যাপকভাবে নজর দেওয়া প্রয়োজন। আজকে এখানে কর্মসংস্থানের জন্য যে ট্রেনিং বা অ্যাপ্রেনটিসের কথা আমরা জানি, কিন্তু বহু ক্ষেত্রে দেখছি কল-কারখানাতে অ্যাপ্রেনটিসদের গ্রহণ করা হচ্ছে এবং অনেক জায়গায় অ্যাপ্রেনটিসের কথা বলে সরাসরি চাকরি দেওয়ার যে সুযোগ ছিল তাও বন্ধ হয়ে যাচ্ছে। তাই মাননীয় স্পিকার মহাশয়, এখানে বেকারদের ক্ষেত্রে যে ব্যাপকভাবে চাকরির সমস্যার সমাধান করা ১৯৭৩-৭৪ সালে সংগঠিত হয়েছিল ১৯৭৫ সালে দেখলাম সেই জিনিসে ভাটা পড়েছে এবং ১৯৭৬ সালেও দেখছি যে ভাটা পড়ছে। এইদিকে নজর দেবার দরকার আছে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[1-50 — 2-00 p.m.]

শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় ১৯৭৬-৭৭ সালের বাজেট আমাদের কাছে রেখেছেন এবং এই বাজেট সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভার ৫ম বাজেট। অর্থমন্ত্রী মহাশয় বক্তৃতার সময় বললেন যে ১৯৬২-৬৩ সালে বিধানচন্দ্র রায়ের আমলে একবার নাকি উদ্বৃত্ত বাজেট হয়েছিল তারপর আর দেখা যায়নি। ১৯৭৫-৭৬ সালে, ৪র্থ বাজেটে কিছু উদ্বৃত্ত ছিল এবং এখন এই বৎসরে বাজেটে উদ্বৃত্ত করেছেন প্রায় তিন কোটি টাকার মতো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উদ্বৃত্ত একটা বাজেট দিয়ে বাহাদুরি নেওয়া তাদেরই সাজে যদি সেই উদ্বৃত্ত বাজেট সেই রাজ্যের বেশির ভাগ জনসাধারণকে উৎসাহিত করতে পারে। নইলে অঙ্কের হিসাবে ৩ কোটি টাকা উদ্বৃত্ত বাজেট করলাম আর ১১ কোটি টাকার নূতন ট্যাক্স চাপালাম এই বাজেটের দ্বারা কোনও বাহাদুরি নেওয়া চলেনা। ২ তারিখের খবরের কাগজে, আপনি জানেন অধ্যক্ষ মহাশয়, খবরের কাগজের কোনও স্বাধীনতা নেই সরকারি কাজের সমালোচনা করবার কিন্তু সমালোচনা না করুন, সত্য কথা বলতে বা মিথ্যা কথা না ছাপাতে পারেন কিন্তু তারা ছাপালেন যে এটা একটা উন্নয়নমুখি বাজেট এবং কর এমনভাবে রেহাই দেওয়া হয়েছে ইত্যাদি, আমি অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে দেখাতে চেষ্টা করব এই বাজেট রায় মন্ত্রিসভার পাঁচটি বাজেটের মধ্যে তুলনা করলে দেখা যাবে যে এটাই সব থেকে নিকৃষ্ট বাজেট হয়েছে। এই ৫ম বাজেটে গরিব লোকে কিছু পায়নি, গ্রামের লোক কিছু পায়নি, যে গ্রামে শতকরা ৮০ ভাগ লোক বাস করে পশ্চিমবঙ্গে, শহরের লোকেরা কিছু পায়নি, সরকারি কর্মচারিরা কিছু পায়নি, শিক্ষক সম্প্রদায়, বুদ্ধিজীবী, তারা কিছু পায়নি, কেবলমাত্র একটা ধূম্র জাল সৃষ্টি করে উদ্বৃত্ত বাজেট বলে, খবরের কাগজকে নির্দেশ দিয়ে এইরকম একটা বাজেট তৈরি করেছেন। তারা কি বললেন তা ছেপে বের হয়েছে এবং এই বাজেটের কি বৈশিষ্ট তার একটা বই ছেপেছেন এই বাজেটের বৈশিষ্ট বলে, তাতে কর রেহাই দেওয়ার বেলায় বলেছেন যে এখন ২৫ হাজার টাকা বিক্রি হলে সেলস ট্যাক্স নেওয়া হবে যেটা আগে ছিল ১৫ হাজার। কি লাভ হবে এতে? ছোট ছোট শিল্প, এইগুলি প্রতিষ্ঠা লাভ করবে এবং উৎসাহিত হবে। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৭৬ সালে যে মালটার দাম ছিল ১৫ হাজার টাকা, ১৯৭৬-৭৭ সালে সেই মালটার দাম হবে ৪৫ হাজার টাকা কম ধরলে হবে ৩০ হাজার টাকা কি রেহাই দিলেন? ১৫ হাজার টাকার উপরে যেখানে ছাড় ছিল সেখানে ২৫ হাজার টাকা হওয়াতে কি একটি লোকও রেহাই পেল? সেলস ট্যাক্স দেবে আমাদের দেশের গরিব জনসাধারণ, তাদের তো রেহাই হলই না, অধিকন্তু যেটা ১৫ হাজার টাকা পর্যন্ত ছাড় ছিল, সেটা ২৫ হাজার টাকা করাতে তাতে ক্ষুদ্র শিল্পের কি লাভ হল। যেটা ১৫ হাজার টাকা দাম ছিল সেটার দাম হয়ত ৪০/৪৫ হাজার টাকা হবে, তাই এতে করে ক্ষুদ্র শিল্প একটুও বাড়বেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এরা ৬ কোটি টাকা তুলবেন, এই টাকা তুলবেন কোথা থেকে? কলকাতা এবং শহরতলিতে বড় বড় সি এম ডি এ এলাকাতে কোটি কোটি টাকা খরচ হচ্ছে, এলাকাতে কিন্তু আর্বান এমপ্লয়মেন্ট সেস দিতে হবেনা। গ্রামে কিন্তু রুর‍্যাল এমপ্লয়মেন্ট সেস দিচ্ছে। এ.সি.পি আর পি রা যে কাজ করছে, সেখানে ৬ কোটি টাকা খরচ করছে, সেই ৬ কোটি টাকা রুর‍্যাল এমপ্লয়মেন্ট সেস তৈরি করছেন। সিদ্ধার্থশঙ্কর রায় মন্ত্রী সভা বলছেন আমাদের রাজ্যের তিন

কোটি টাকা উদ্বৃত্ত হয়েছে। পশ্চিমবঙ্গের কি বাহাদুরি, ক্ষুদ্র সঞ্চয় পরিকল্পনায় আমরা ফার্স্ট হয়ে আসছি বরাবর এবং এই যে সংগ্রহ করা হয়েছে, এখানে বলা হয়েছে, উইদাউট কম্পালসন, উইদাউট টিয়ারস। আমি স্বীকার করছি ইট ইজ নট উইথ কম্পালসন, ইট ইজ ডেফিনিটলি উইদাউট কম্পালসন, বাট নট উইদাউট টিয়ারস। যেখানে আমাদের পশ্চিমবঙ্গে ৪০০ টাকা পার ক্যাপিটা ইনকাম, মানুষ যেখানে ৩০/৩৫/৪০ টাকা মাসে আয় করে সেখানে পশ্চিমবাংলা ক্ষুদ্র সঞ্চয় পরিকল্পনায় বলছেন ফার্স্ট নট উইথ কম্পালসন তা হতে পারে কিন্তু ডেফিনিটলি ইট ইজ নট উইদাউট টিয়ারস। নিজেদের বঞ্চিত করে ছেলেমেয়েদের ভবিষ্যতের দিকে তাকিয়ে এই টাকা তারা সঞ্চয় করেছে এবং যারজন্য পশ্চিমবঙ্গ ফার্স্ট হয়েছে বলে অর্থমন্ত্রী বলেছেন, কিন্তু এই যে টাকা যারজন্য পশ্চিমবাংলা ফার্স্ট হল তা থেকে পশ্চিমবাংলায় ইনভেস্টমেন্ট কত? তার হিসাব অর্থমন্ত্রী দেবেননা? আমরা পাচ্ছি টুথার্ড অ্যাজ লোন যে টাকা ন্যাশনালাইজ ব্যাঙ্কে জমা পড়ে, তার কি অংশ পশ্চিমবাংলার শিল্পে নিযুক্ত হচ্ছে, তার হিসাব অর্থমন্ত্রী দেবেননা। ক্ষুদ্র সঞ্চয় শিল্পে ফার্স্ট হল, এই বাজেট উদ্বৃত্ত এই বলে উন্নয়নমূলক বাজেট, উৎপাদনমুখি বাজেট বলা হয়েছে। ল্যান্ড রেভিনিউ-এর উপর সারচার্জ চাপবে। লর্ড কর্ণওয়ালিশ যে খাজনা করেছিলেন তার দুতিন গুন খাজনা এই সিদ্ধার্থশঙ্কর রায় মন্ত্রিসভা করলেন, তার উপর ল্যান্ড রেভিনিউ-এর উপর সারচার্জ বসানো হচ্ছে। যারা চাষ করে ফসল ফলায় তারা যেখানে ন্যূনতম দাম ফসলের পাচ্ছেনা যাদের সাবসিডি দেওয়া দরকার, ইনসেনটিভ দেওয়া দরকার, উৎসাহ দেওয়া দরকার, সেখানে সারচার্জ বসানো হচ্ছে। যে বাজেট উৎপাদনমুখি বাজেট নয়, চাষিকে উৎসাহ বাড়াচ্ছেন, শিক্ষককে উৎসাহ বাড়াচ্ছেনা, ছোট ছোট শিল্পের বৃদ্ধি করছেনা, কি হবে এই অঙ্কের উদ্বৃত্ত বাজেট নিয়ে, এটা আমি বুঝে উঠতে পারছিনা।

আমাদের এই বাজেট দ্বারা পশ্চিমবাংলার কতকগুলি বেকার লোকের চাকুরি হবে সেকথা অর্থমন্ত্রীর এই বাজেটের মধ্যে আছে কি? এই বাজেট বক্তৃতার মধ্যে নাই। তিনি বলেছেন এতগুলি ম্যান-ডেজ সৃষ্টি হবে, আমাদের এখানে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা হচ্ছে ১৭ লক্ষ আর রেজিস্ট্রি নয় এমন বেকারের সংখ্যা হচ্ছে ৩৫/৪০ লক্ষ্য, তার মধ্যে যদি এত লোকের পারমানেন্ট বেকারত্ব দূর হবে বলতেন বুঝতাম, কিন্তু বাজেট বক্তৃতায় তা কিছু নাই। এত ম্যান ডেজ সৃষ্টি হবে, ৩০ জন যদি ৩০ দিন খাটে তবে ৯০০ লোকের ম্যান ডেজ সৃষ্টি হবে কিন্তু তাতে কজন লোকের চাকুরি হবে। পশ্চিমবঙ্গে এক শ্রেণীর মানুষ আছে বছরে ৬ মাসও তারা কাজ পায়না।

তাদের বেকারত্ব দূর হবে, সে একবেলা খেতে পাবে। তাদের মুখে অন্ন যোগাতে এই বাজেটের মধ্যে তার হিসাব কিছু নাই। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গণতন্ত্রের কথা বলি, গণতন্ত্রের প্রতিষ্ঠার জন্য মহাত্মা গান্ধী যে স্বপ্ন দেখেছিলেন তিনি বলেছিলেন গণতন্ত্র প্রতিষ্ঠা হবে। স্বরাজ প্রতিষ্ঠিত হবে স্বয়ংশাসিত সমাজ প্রতিষ্ঠা হবে কার দ্বারা? এই বাজেটের মধ্যে সেই পঞ্চায়েত সম্বন্ধে একটা লাইনও আছে কি? আমরা ১৯৭৩ সালে পঞ্চায়েত আইন পাস করলাম। জেলা পরিষদ Act করলাম—; সেই ১৯৭৩ সাল থেকে আজ পর্যন্ত ১৯৭৫ সাল চলে গেল, ১৯৭৬ সালের আধাআধি হতে চললেও এখনও সেই পঞ্চায়েত নির্বাচনের কোনও কথা নাই। এই নির্বাচনের জন্য নাকি ১৬ কোটি টাকা

লাগবে। এখনো যেগুলি বেঁচে আছে, অনেক তো বন্ধ হয়ে গেছে — তাদের কাজকর্ম চলবে কি করে? আপনি শুনলে স্যার অবাক হয়ে যাবেন—এই জেলা পরিষদগুলির পশ্চিমবাংলার যে ল্যান্ড রেভিনিউ, ল্যান্ড সেস, রোড সেস আদায় হবে, তার কালেকশন চার্জ বলে দিয়ে বাকি সমস্ত পাওনা জেলা পরিষদের ও জেলা পঞ্চায়েতের। ১৯৭২ সাল থেকে আরম্ভ করে—একমাত্র মেদিনীপুর জেলা পরিষদের কথা জানি—এই ১৯৭৫-৭৬ সালের জন্য পাওনা হয়েছে—ল্যান্ড সেস, রোড সেস বাবদ ২১ লক্ষ টাকা সরকারের কাছে। এরমধ্যে সরকার মাত্র তাদের ৩ লক্ষ টাকা দিয়েছে। আর বাকি যে ১৮ লক্ষ টাকা পাওনা, তা পাবে কি পাবে না— তার কোনও নিশ্চয়তা নাই। এ সম্বন্ধে তাগিদ দিয়েও সরকারের কাছ থেকে কোনওরকম উত্তর পাওয়া যাচ্ছে না। আবার এরা নাকি পঞ্চায়েত চালাবেন। গণতন্ত্র চালাবেন! তাদের ন্যায্য পাওনাটুকু পর্যন্ত দেবার কথা এই বাজেটের মধ্যে নাই। রাস্তাঘাট তৈরির জন্য টাকা দেন সরকার কিন্তু maintain করবার জন্য কর্মচারিদের মাইনে দেন পঞ্চায়েত। সেখানে আর্থিক অবস্থা এমন পর্যায়ে গিয়েছে যে সেটা রাখতে গেলে চেয়ার টেবিল বাড়ি বিক্রি করে কর্মচারিদের মাইনে দিতে হবে। তাদের জন্য কোনও কথা এই বাজেটের মধ্যে নাই। এই বাজেটে দেখা যাচ্ছে ওয়াটার রেট কমবে না, জমি খাজনা কমবে না, বরং বৃদ্ধি হবে। আমাদের দুটো রাস্তা হবে, যেখানে রুর‍্যাল এমপ্লয়মেন্ট হবে। তারজন্য অ্যাডিশনাল সেস জন সাধারণকে দিতে হবে। যে সমস্ত জিনিস দ্বারা এই বাজেট তৈরি করে উদ্বৃত্ত বাজেট দেখিয়ে এই বাহবা নেবার চেষ্টা করা হচ্ছে, তার উদ্দেশ্য জনকল্যাণের উদ্দেশ্য নয়, কেবল জনসাধারণকে ধাপ্পা দিয়ে জনসাধারণকে প্রকৃত তথ্য বুঝতে না দিয়ে। সকলে তো আর শঙ্কর ঘোষের মতো পন্ডিত নয়— বা আপনার মতো বা হরশঙ্কর ভট্টাচার্যের মতো অর্থনীতি বোঝেন না। ১১ কোটি টাকা তারা কর ধার্য করছেন—তা নাকি গরিব মানুষের উপর পড়ছে না—এই কথা বলে বাহবা নেবার চেষ্টা করা অর্থহীন।

শেষে একটা কথা বলে যাই আপনি জানেন সারা ভারতবর্ষে যে কোন প্রদেশে আপনি দেখুন না কেন প্রতিটা জায়গায় ১৯৭৬-৭৭ সালের বাজেট যে যে প্রদেশে তৈরি করেছে—, সেখানে প্রত্যেকটা প্রদেশের বাজেটে সরকারি কর্মচারিদের কিছু না কিছু অর্থ দিয়েছেন। সামান্য একটু ইন্টারিম রিলিফ যদি দেওয়া যায় এদের তাহলে প্রমাণিত হয় যে সরকার তাদের সরকারি কর্মচারিদের প্রতি সহানুভূতিশীল, অন্যান্য প্রদেশে যেখানে এবারের বাজেট উপস্থাপিত হয়েছে যেখানে এই inteim relief-এর কথা আছে। কিন্তু আমাদের সরকার তা দিতে না পারলে ও তাদের প্রতি একটু সহানুভূতি প্রকাশ এর কথাও নাই এই বাজেটে।

আপনি জানেন স্যার, অজয় মুখার্জি কমিশন—কিছু কিছু টাকা দিয়েছেন—ঠিকই, কিন্তু তবুও তার বিরুদ্ধে কর্মচারিদের বিরাট বিক্ষোভ জমা হয়ে আছে। ষষ্ঠ অর্থ কমিশন পশ্চিমবঙ্গ সরকারকে যে এরিয়ারও কারেন্ট টাকা সরকারি কর্মচারিদের জন্য বরাদ্দ করেছিলেন ইয়ারমার্ক করে দিয়েছিলেন—, সেই টাকাটাও পশ্চিমবঙ্গ সরকার পুরাপুরি ভাবে সরকারি কর্মচারিদের দেন নাই। সেই টাকা তারা অন্য খাতে খরচ করেছেন—তাতে ও সরকারি কর্মচারিদের বিশেষ আপত্তি ছিলনা—। কিন্তু এই বাজেটের মধ্যে তাদের সম্পর্কে একটি কথাও না থাকায়, সকলেই ক্ষুব্ধ। যে বাজেটের দ্বারা সরকার জনগণের কল্যাণ করবেন, যে যন্ত্রের সাহায্যে সরকার সেই কাজকর্ম করতে চান। সেই যন্ত্রকে অভুক্ত রেখে, অসন্তুষ্ট রেখে, তাদের

প্রতি কোনওরকম সহানুভূতিশীল কথা উচ্চারণ না করে সেই বাজেট কার্যকর করা খুবই দুরূহ ব্যাপার। এই কথা বলে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করতে চাই। সরকারি কর্মচারী বিশেষ করে ৩য়, চতুর্থ, শ্রেণী কর্মচারিদের জন্য এক্ষুণি কিছু ভাবতে বলি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ডব্লু.বি.সি.এস ক্যাডারের লোকেরা কিরকম অসন্তোষ পোষে। এদের ব্যাপারে বিহার, আসাম, উড়িষ্যার উদাহরণ দেখুন। যে সমস্ত জায়গায় ডব্লু, বি, সি, এস এস, ডি, ও কাজ করেন মাইনে বৃদ্ধি না করুন আগামি ৫ বছরে নূতন ৫টা করে আই, এ, এস হবে এই ক্যাডার থেকে প্রমোশন দেওয়ার ব্যাপারে যাতে ব্যবস্থা হতে পারে এমন একটা ব্যবস্থা অজয় মুখার্জি কমিশনও করেন নি, আর পশ্চিমবঙ্গ সরকারও করছেন না। কালকে জয়নাল আবেদিন সাহেব বলেছেন, এ, এইচ, বেষ্টারউইচ সাহেবের বক্তৃতাকে কেন্দ্র করে যে, সরকার ভাবছেন রাজ্য সরকারি কর্মচারিদের কথা। যদি ভাবতেন, ভাববার সদিচ্ছা যদি থাকতো, বাজেট ওমুক করেছেন, তমুক করেছেন বলছেন, তাহলে সরকারি কর্মচারিদের জন্য কি করেছেন তার একটা আভাষ বাজেটে দিতে পারতেন। এই বাজেটের সমালোচনা করতে গিয়ে বলব উদ্বৃত্ত বাজেট হলেই ভালো বাজেট হয়না। যদি সেই বাজেট সত্যই উদ্বৃত্ত হত তাহলে পশ্চিমবঙ্গের শতকরা ৮০ জন লোক গ্রামে যে বাস করে তাদের সমস্যার সমাধান হত। এই উদ্বৃত্ত বাজেট অর্থহীন হবে যদি শিক্ষার ক্ষেত্রে সর্বাঙ্গীন উন্নতি না করতে পারি, এই উদ্বৃত্ত বাজেট অর্থহীন হবে যদি বেকারত্ব দূর করতে না পারে, এই উদ্বৃত্ত বাজেট অর্থহীন হবে যদি সরকারি নীতির কার্যকর করার যে যন্ত্র তাকে উৎসাহিত না করতে পারে। এই কথা বলে বলি এই বাজেট জনসাধারণকে ধোঁকা দেওয়া বাজেট, এইবাজেটে পশ্চিমবঙ্গের যে উন্নতির কথা বলা হয়েছে, সেই উন্নতি হবে না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Honourable Members, as I announced previously that after some time the Bill will be taken up, now I think the Bill may be taken up. Two Honourable Members are yet to take part in the General Discussion of the Budget. They will speak later on and in the meantime I take up Legislation as was previously settled.

LEGISLATION

The West Bengal Prevention of Defacement of Property Bill, 1976.

Dr. Motahar Hossain : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Prevention of Defacement of Property Bill, 1976, and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

Dr. Motahar Hossain : Sir, I beg to move that the West Bengal Prevention of Defacement of Property Bill, 1976, be taken into consid-

[6th March, 1976]

eration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৬ সালের দি ওয়েস্ট বেঙ্গল প্রিভেনশন অব ডিফেসমেন্ট অব প্রপার্টি বিল অনুমোদনের জন্য আমি এই সভায় পেশ করছি। কলকাতা এবং তার আশে পাশের শিল্পাঞ্চলে কি নির্মমভাবে সরকারি এবং বেসরকারি বাড়ির দেয়াল এবং অন্যান্য সম্পত্তি বে-পরোয়া বিজ্ঞাপন, স্লোগান ইত্যাদি দ্বারা বিকৃত ও কুৎসিত করা হয় তা সকলেরই চোখে পড়েছে। এরফলে কলকাতা নগরি দিন দিন কুশ্রি হয়ে উঠেছে। ইদানিং এই অসঙ্গত ও অসুন্দর কার্যকলাপ অত্যন্ত বেড়ে উঠেছে। যেসব ঘর বাড়ি এই অনাচারের ফলে ক্ষতিগ্রস্ত হয় তার মালিক ও অধিবাসীগণ যেমন এতে বিপন্ন ও অসহায় বোধ করেও কোনও প্রতিবিধান করতে সাহস পান না তেমনি কলকাতাবাসী জনসাধারণ এবং কলকাতা অঞ্চলে ভ্রমনার্থি অতিথিবৃন্দ ও শহরেরর এই বাইরের চেহারা দেখে বিরূপ হয়ে পড়েন। কলকাতার পুলিশ বাহিনী ইতিমধ্যেই দেয়ালের কদাকার রূপ মুছে দেওয়ার কাজে হাত দিয়েছে। কিন্তু যথোপযুক্ত আইনগত ক্ষমতা হাতে না থাকায় সরকারের তরফে এই অনাচার দূর করার এবং পুনরায় যাতে না ঘটে তাতে বাধা দেওয়ার কাজে অসুবিধা দেখা দিয়েছিল। এইজন্যই বিধানসভার অধিবেশন বন্ধ থাকার সময়ে আমরা গত ১৬ ফেব্রুয়ারি তারিখে দি ওয়েস্ট বেঙ্গল প্রিভেনশন অব ডিফেসমেন্ট অব প্রপার্টি অর্ডিন্যান্সটি জারি করি। বর্তমান বিলে উক্ত অর্ডিন্যান্সটিকেই স্থায়ি আইন হিসাবে পরিণত করার প্রস্তাব রাখা হয়েছে। আমি আশা করি কলকাতাকে সুন্দর, শোভন ও সুশ্রী করে তোলার এই প্রচেষ্টার জন্য বর্তমান বিলটি বিধানসভার সকলের অনুমোদন লাভ করবে। পরে উপযুক্ত সময়ে রাজ্যের অন্যান্য অঞ্চলেও যাতে এই প্রস্তাবিত আইনের সাহায্যে কাজ করা যায় সে ব্যবস্থাও এই বিলে করা হয়েছে। এই ক'টি কথা বলে আমি এই সভার কাছে বিলটি অনুমোদনেরর জন্য সুপারিশ করছি।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল ইতিমধ্যে অর্ডিন্যান্স আকারে উপস্থাপিত হয়েছিল সেটাকে আইন সিদ্ধ করার জন্য আইন সভায় রাখা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের সংক্ষেপে রাখা বক্তব্য শুনলাম। স্যার, আমি আপনাকে অনুরোধ করব আপনি নিজে বিচার করে দেখুন যে এই বিলটির প্রভাব, ও গুরুত্ব জনজীবনে বিশেষ করে রাজনৈতিক জীবনে কি রূপ অনুধাবন করবে। সেইজন্য আমরা প্রস্তাব করেছিলাম যে এটা জনমত সংগ্রহের জন্য সারকুলেট করা হোক। যাক ওনারা সে ভয়মুক্ত নন, সেভাবে তৈরি হন নি এটা অস্বীকার করতে পারেন না। আপাতদৃষ্টিতে বিলে কলকাতাকে সুন্দর করার জন্য নির্মমভাবে যে বাড়িঘর লাঞ্ছিত হচ্ছে সেই লাঞ্ছনার হাত থেকে বাড়িগুলিকে বাঁচাবার জন্য এবং বিদেশিরা যারা কলকাতায় আসেন তাদের বিরূপতাকে দূর করবার জন্য এই আইনটি আনা হয়েছে এইকথা মন্ত্রী মহাশয় বলেছেন। কিন্তু স্যার, এর স্টেটমেন্ট অব অবজেক্ট অ্যান্ড রিজনসের একটা লাইনে দেখলাম The practice not only causes irritation to the owners of these properties, এটা বাস্তব সত্য কথা। কিন্তু তার পর একটা শব্দ আছে But also affends against the aesthetic sense of the people in general. মন্ত্রী মহাশয়ের মনে এসেছে aesthetic sense of the people. এবং সেই সৌন্দর্যের দৃষ্টিভঙ্গি নিয়ে এই বিল এসেছে। আমি এ সম্বন্ধে বলতে চাই অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়

কলকাতা শহর দেখেছেন তো? এই দেওয়ালের লেখা দূর করলেই কি তিনি সন্তুষ্ট হতে পারবেন? কলকাতা শহরের সাদার্ন এভিনিউতে যান আমরা জানি যেখানে বড় লোকরা থাকেন সেখানে উচ্চ মধ্যবিত্তরা থাকেন সেখানে ট্রাম লাইনের আশে-পাশে দেখতে পাবেন ২৪ পরগনার বিভিন্ন গ্রামাঞ্চল থেকে আগত বহু দুস্থ পরিবার সেখানে বসবাস করছে কলকাতা শহরে অসংখ্য ভিখারি বিচরণ করছে। এতে কি সৌন্দর্য কলকাতার বাড়ে? দেখবেন কলকাতা শহরে বর্ষাকলে কি অবস্থা।

Mr. Speaker : I find that there are five motions for circulation of the Bill. But Mr. Biswanath Chakraborty has given notice of two circulation motions. It is very interesting because previously I have not perhaps got such notice that an individual member has given two notices for circulation of a Bill.

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : একটা বাদ দিয়ে দিন।

Mr. Speaker : That I can't do.

RULING FROM CHAIR

By the amendments No.1 and 2, Shri Chakraborty wants to move that the Bill be circulated for the prupose of eliciting opinion thereon by the 31st March, 1976 and by the other amendments he wants to move that the Bill be circulated for the purpose of eliciting thereon by the 15th March, 1976. Shri Shish Mohammad also wants to move that the Bill be circulated for eliciting opinion by the 31st March, 1976. Now, I must make it clear that all these circulation motions are out of order in as much as the Bill seeks to continue the provisions of The West Bengal Prevention of Defacement of Property Ordinance (West Bengal Ordinance No.IX of 1976) which will cease to operate on and from the 2nd April, 1976 in accordance with clause (2) of Article 213 of the Constitution and the effect of the amendments will be dialotory and will defeat the purpose of the Bill.

I find that in the first case you have given only two days' time and in the other case you have given 15/16 days' time for ciiculating the Bill and for bringing another legislation before the House. This is not practically possible. It is only dialotory and it will defeat the very purpose of the Act. That is why I have stated that the circulation motions are out of order. At any rate, Mr. Chakraborty, I request you to continue your speech now.

[2-10 — 2-20 p.m.]

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেকথা বলছিলাম সেটা হল

[6th March, 1976]

সৌন্দর্যবোধ আমি ভাবছি আমাদের সরকারের সৌন্দর্যবোধ কোনওটায় পীড়িত হয়, আর কোনওটায় হয় না। এই কলকাতা শহরের বুকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের খুব কাছে বর্ষাকালে যে কি অবর্ণনীয় অবস্থা হয় সেটা দেখেছি জলে ভর্তি হয়ে যায়, লোককে হাঁটুর উপর কাপড় তুলে হাঁটতে হয়। কলকাতা শহরের চারিদিকে প্রচুর আবর্জনা, মিলিটারি বসানো সত্ত্বেও আবর্জনা দূরীকৃত হয়নি। আমি যে কলেজে পড়াই শিয়ালদহ তার খুব কাছেই। সেখানে আমহার্স্ট স্ট্রীট, আর ডাফরিন রোডে ময়লা স্তূপীকৃত হয়ে পড়ে থাকে, তাতে সৌন্দর্যবোধ পীড়িত হয়না। হাই ড্রেনগুলো তো পরিষ্কার করা হয়না কিন্তু যখন পরিষ্কার করা হয় তখন সেখানে যে তাল-তাল কাদা তুলে রাখা হয় তাতে সৌন্দর্যবোধ পীড়িত হয়না কলকাতা শহরে যে বস্তি রয়েছে, সেই বস্তিগুলির সুয়ারেজের ব্যবস্থা করতে পারেন নি, রাস্তার উপর খোলা নর্দমার উপর মানুষকে আদিম প্রাতঃকৃত্য সারতে হয়, তাতে সৌন্দর্যবোধ পীড়িত হয়না এই কলকাতা শহরে মানুষকে ট্রামে বাসে বাদুড় ঝোলা অবস্থায় যেতে হয় তাতে সৌন্দর্যবোধ পীড়িত হয় না সৌন্দর্যবোধ যত খালি পীড়িত হয় দেওয়ালে পোস্টার লিখলে, পোস্টার মারলে। আমি বলি সরকারের পক্ষে সৌন্দর্যবোধ পীড়িত হওয়ার জন্য এই আইন হচ্ছে এটা ঠিক নয়, এর পিছনে একটা অন্য ইচ্ছা আছে, উদ্দেশ্য আছে। আমি জোর করে বলতে পারি পৃথিবীতে একটা কিছু অ্যাবসলিউট প্রপার্টি নেই কোনও কোনও ব্যাপারে বিশেষ বিশেষ গোষ্ঠীর লোকের সৌন্দর্যবোধ বদলায় বাস্তব অবস্থা অনুযায়ী, অর্থনৈতিক অবস্থা অনুযায়ী ধরুন এমন অনেকে পছন্দ করে প্রচুর উঁচু তলা বাড়ির পাশ দিয়ে পথচারি মানুষ পথ চলবে না, শুধু গাড়ি চলবে এতে হয়ত কারো সৌন্দর্যবোধ বাড়ে। ডাঃ মোতাহার সাহেব জানেন না, কলকাতা শহরে আমার জন্ম হয়েছে, আমি বড় হয়েছি, এই কলকাতা শহরের রাস্তা দিয়ে যখন হাঁটি তখন সংকীর্ণ রাস্তায় অনেক ভাঙা ভাঙা বাড়ি পড়ে, তার দেওয়ালে মানুষের কঠোর বাস্তব রাজনৈতিক কথা উৎকীর্ণ করা থাকে তাতে কিন্তু আমার সৌন্দর্যবোধ পরিতৃপ্ত হয়।

আমি জানি না কিসে কার সৌন্দর্যবোধ আটকে থাকে। এই স্যার, চৌরঙ্গি এলাকাতে বড় বড় বিজনেস হাউসগুলি রয়েছে বা সরকারি কিছু কিছু বিল্ডিং রয়েছে তাতে কোনও কোনও লেখা হয়ত আমাদের দৃষ্টিটিকে আহত করতে পারে কিন্তু স্যার, কয়েক বছর আগেও ঐসব বড় বড় বিল্ডিং'এ একটি লেখা আমার চোখে পড়ত—যদিও যারা লিখেছে তাদের রাজনৈতিক পথকে আমি সমর্থন করি না একথা অকপটে বলতে পারি কিন্তু সেই লেখাটি দেখে আমার সমস্ত শরিরের মধ্যে একটা শিহরণ বয়ে যেত। সেখানে লেখা ছিল, একদিন আসবে যেদিন মালিকের চামড়ায় শ্রমিকের জুতো তৈরি হবে। সুতরাং সৌন্দর্যবোধ কিসে পরিতৃপ্ত হবে সেটা বড় কথা নয়, সেখানে এর পেছনে অন্য উদ্দেশ্য আছে। স্যার, এই বিলের মধ্যে বলা হয়েছে, দেওয়ালে লিখলে এক হাজার টাকা পর্যন্ত জরিমানা হতে পারে, ৬ মাস পর্যন্ত জেল হতে পারে। স্যার, আমরা বলেছি, একটা গণতান্ত্রিক দেশে রাজনৈতিক কাজকর্ম এতে ব্যাহত হবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। এর উপর একটা আঘাত আসছে। স্যার, এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, রাজনৈতিক জীবনে পোস্টারের যে মূল্য বা হাতে লেখা পোস্টারের যে মূল্য সেটা কি তিনি অস্বীকার করতে পারেন? স্যার, স্পেনে যখন ফ্যাসিস্টরা ক্ষমতা দখল করেছিল তখন কোনও

প্রচারের মাধ্যমে ছিল না—রেডিওতে তাদের বক্তৃতার কথা কেউ বলে না, তারা বক্তৃতা করতে পারে না, খবরের কাগজ ছাপাতে পারে না, সেই সময় মাঝে মাঝে শ্রমিক শ্রেণীর এবং দরিদ্র মানুষের প্রতিরোধ দেওয়ালে ফুটে উঠতো পোস্টারের মাধ্যমে। স্যার, প্রথম দিকে হিটলার জার্মানিতে ক্ষমতা দখল করার পর সেখানকার শ্রমিক শ্রেণী, সাম্যবাদিরা, গণতন্ত্রীরা কথা বলতে পারতো না। কিন্তু স্যার, মাঝে মাঝে তাদের প্রতিরোধের কথা ফুটে উঠতো দেওয়ালে এক একটি পোস্টারের মাধ্যমে। স্যার, অর্দ্ধেক ইউরোপ যখন ফ্যাসিবাদের বুটের তলায় কাঁপছে আর প্রতিরোধের জন্য সংগ্রামের পথ রচনা করছে তখন আমরা দেখেছি প্যারিসের রাজপথে রাজপথে এবং অন্যান্য জায়গায় ইতিহাসের সেই মানুষগুলি, পরাধীন যারা হয়েছে কিন্তু লড়ছে প্রতিরোধের জন্য তাদের বাণী দেওয়ালে ফুটে উঠতো। তাদের দেশকে শত্রুর হাত থেকে মুক্ত করার সংকল্পের কথা, সংগঠনের কথা মাঝে মাঝে দেওয়ালে ফুটে উঠতো পোস্টারের মাধ্যমে এবং গরিব মানুষরা আগ্রহভরে সেসব লেখা পড়তো। কাজেই পোস্টারের যে একটা রাজনৈতিক প্রভাব আছে সেটা অস্বীকার করা যায় না। আমাদের দেশেই কি হয়েছে? আমাদের দেশে ব্রিটিশ রাজত্বে এক সময় "বন্দেমাতরম" লিখলে তাকে বেত খেতে হত, জেলে যেতে হত। আজকেও স্যার, "বন্দেমাতরমের" যুগ নিশ্চয় শেষ হয়ে যায়নি। হয়ত আমাদের দেশের স্লোগানের ধারনা বদলাচ্ছে, শ্রমিক বলছে "ইনক্লাব জিন্দাবাদ" সে হয়ত দেওয়ালে তা লিখতে চাইছে, সে বলছে, সর্বহারা বিপ্লব আমি করব একথা সে দেওয়ালে লিখতে চাইছে, একথা লেখার অধিকার তার আছে কিন্তু তা যদি সে লিখতে না পারে তাহলে কি হবে রাজনীতির? কি হবে আমাদের দেশের গণতন্ত্রের অবস্থা? স্যার, ওদের দলের ভেতরকার ব্যাপার নিয়ে অনেক কিছু লেখা দেখে ওরা বিরক্ত হয়ে এটা এনেছেন কিনা আমি জানি না—এই তো স্যার, নেহেরু চিলড্রেনস মিউজিয়ামের সামনে লেখা খাদ্যমন্ত্রীকে পুরমন্ত্রী না করিলে আমাদের রেশনের সমস্যার সমাধান হবে না, খাদ্য সমস্যার সমাধান হবে না— এ এক ধরনের দেওয়াল লেখা। বা আমাদের বন্ধু, অত্যন্ত যোগ্যমন্ত্রী আমি তাকে খুব প্রশংসা করি—মাননীয় অজিতবাবু, তার নামে এই বিধানসভার সামনে লেখা, তিনি দেশের যুবকদের সামনে একটি বাণী দিচ্ছেন। স্যার, এগুলো হয়ত অপছন্দের ব্যাপার। এগুলি দূর করা দরকার। কিন্তু এগুলি দূর করতে তো আইনের অনুশাসনের দরকার নেই। দলের ম্যাচিওরিটি, তার পরিণত বুদ্ধি, সংগঠন, সিরিয়াসনেস এগুলি দিয়েই তা দূর করা যায়। স্যার, আপনিও দীর্ঘকাল রাজনীতি করছেন, আপনি জানেন, এই কলকাতাতেই কি অবস্থা আমরা দেখেছি। ৪২ সালে বা ১৯৪২ সালের আগে এক একটি পোস্টারের কি মূল্য ছিল এই কলকাতায়। যুদ্ধের সময় যখন এই কলকাতা শহরে মিলিটারির দাপট চলছে, '৪২ সালে বা পরবর্তীকালে যখন এই কলকাতা শহর মিলিটারির বুটের তলায়, কথায় কথায় টমিগান নিয়ে মিলিটারি পুলিশ এক একটা পাড়ায় ভয় দেখাবার জন্য ছুটে যাচ্ছে, যখন ঐ ব্রিটিশ সাম্রাজ্যবাদ আমাদের আন্দোলনকে নষ্ট করে দিতে চাইছে তখন আমরা দেখেছি, কখনও দর্জিপাড়ায়, কখনও শ্যামবাজারে, কখনও বাগবাজারে আবার কখনও ভবানিপুরে মাঝে মাঝে এক একটি পোস্টার পড়ছে যুবকদের কর্তব্যের কথা বলে। ১৯৪৫-৪৬ সালেও দেখেছি, আজাদ হিন্দ মুভমেন্টের সময়ে দেখেছি। আমরা দেখেছি যখন কলকাতার উপর উত্তাল ছাত্র বিক্ষোভ হয়েছে, অ্যাসেম্বলি হাউস চড়াও হয়েছে। আমরা দেখেছি যখন কলকাতায় রাস্তায় রাস্তায় ট্রামে, ট্রামে ছেলেরা বলে বেড়াচ্ছে, ওয়াভেল পাক্কা গুন্ডা হ্যায়, ভুলো মাৎ,

ভুলো মাৎ। সেই সময়ে দেখেছি পুলিশের গুলি চলেছে, এক একটা পোস্টার তরুণরা জমায়েত করত। আমি সেজন্য মন্ত্রী মহাশয়কে বলি যে রাজনৈতিক দল পোস্টার দেবে সেটাকে অস্বীকার করলে চলবে না। দেশের একটা গণতান্ত্রিক জীবনধারা তৈরি হচ্ছে—আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করি, আপনি তো ব্যাঙ্গালোর শহরে নিষ্প্রাণ বড় বড় রাস্তা আছে সেটা কি আপনি চান? ভাবুনতো কলকাতার কলেজ স্ট্রীট পাড়ার জীবন যেখানে হাজার হাজার ছেলে বেরুচ্ছে, মিছিল করছে, বক্তৃতা করছে, রাজনৈতিক চেতনাকে প্রকাশ করছে আর সুন্দর সুন্দর হস্তাক্ষরে সুন্দর সুন্দর পোস্টার এঁটে দিচ্ছে দেওয়ালে? কলকাতার এই জীবনকে আপনি দেখেন নি? এই জীবন কি আমরা দেখিনি? এই জীবনকে কি আমরা বলিনা প্রাণস্পন্দন? অনেক দুঃখ করে বলেছেন কলকাতা দুঃস্বপ্নের নগরি। নিশ্চয়ই দুঃস্বপ্নের নগরি। কলকাতায় দুঃস্বপ্ন ঘটেছে সাম্রাজ্যবাদিদের, কলকাতায় দুঃস্বপ্ন ঘটেছে একচেটিয়া পুঁজিবাদিদের, কলকাতায় দুঃস্বপ্ন ঘটেছে বড় বড় পুঁজিপতি শোষকদের এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কলকাতায় দুঃস্বপ্ন আছে গরিবের। কলকাতা ভারতবর্ষকে পথ দেখায়, আন্দোলনকে পথ দেখায়। সেই কলকাতার পোস্টার হচ্ছে মানুষের বিপ্লবের ভাষা। এই কলকাতার দেওয়াল লিপি হচ্ছে আগামিদিনের দেওয়াল লিপি। এটাকে বন্ধ করবেন? গণতান্ত্রিক সরকার আপনারা চালাচ্ছেন গণতন্ত্র চালাচ্ছেন — এটাকে বন্ধ করবেন? আজকে তার যে অপচয় আছে, তার যে বিকৃতি আছে সেটাকে বন্ধ করুন। কোথায় এনেছেন সেই বিল? শিয়ালদহ স্টেশনের উপর ব্রেশিয়ারের কুৎসিত বিজ্ঞাপন-বন্ধ করতে পেরেছেন? প্রতাপের বারবধূর কুৎসিত বিজ্ঞাপন বন্ধ করতে পেরেছেন? আর আজকে যে সমস্ত বিভিন্ন পার্টির ছেলেরা না খেয়ে না দেয়ে একটা রাজনৈতিক দলের উপর বিশ্বাস করে দেওয়ালে পোস্টার আঁকবে, জমায়েত হবার কথা, দাবির কথা বলবে, আন্দোলনের কথা বলবে, সেই পোস্টার আপনি লাগাতে দেবেন না? এটা কি ব্যাপার, এটা কি গণতন্ত্র? মাননীয় স্পিকার স্যার, আমি আপনাকে বলছি, আপনি ভেবে দেখুন, এই আইন আপাত দৃষ্টিতে ভাল হলেও, আপাত দৃষ্টিতে কলকাতা একদিন কল্লোলিত তিলোত্তমা হবে এই স্বপ্নের মুখে আজকে কালো পোঁচ তুলে দেবার চেষ্টা করেছেন সিদ্ধার্থবাবু। আমি আপনাকে ভেবে দেখতে বলি যে এর ইমপ্লিকেশনটা কি? এর তাতপর্যটা কি আমাদের রাজনৈতিক জীবনে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে বলব, মন্ত্রিসভাকে বলব যে আইনটা যেভাবে চাইছেন ভাবছেন যে একটা খুব বড় কাজ করছেন কিন্তু তা করছেন না। এতে আমাদের রাজনৈতিক মহলে, আমাদের গণতান্ত্রিক জীবনধারার কাজকর্ম অত্যন্ত ব্যহত হবে, অত্যন্ত ক্ষতি হবে। আজকে এক্সট্রিমিজমকে ফাইট করা, চুড়ান্ত রাজনীতিকে, অত্যন্ত উগ্র রাজনীতিক ফাইট করার কথা বলেছেন। আজকে যদি পোস্টারকে আসতে না দেন, গণতান্ত্রিক দলগুলিকে পোস্টার যদি না লিখতে দেন তাহলে আবার দেশটাকে, তরুন সমাজকে উগ্রপন্থীদের দিকে ছেড়ে দেওয়া হবে। এটাকে আজকে ভাবতে হবে, সামাজিক প্রভাবটাকে ভাবতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিস্তৃত বক্তৃতা করতে চাইনা। আমি শুধু এইটুকু মন্ত্রী মন্ডলিকে বলি যে বিলটাকে প্রত্যাহার করে নিন এবং আরও ঠান্ডা মাথায় ভাবুন, আমাদের সঙ্গে পরামর্শ করুন, সমস্ত রাজনৈতিক দলের কনসাসনেস নিন, তাদের সঙ্গে আলোচনা করুন। কলকাতা শহর কেবল কতকগুলি বড় লোকের শহর নয়, কলকাতা কেবল কতকগুলি সুন্দর সুন্দর বড় প্রাসাদের শহর নয়, কলকাতা শহর আধপেটা খাওয়া অত্যন্ত দরিদ্র শীর্ণ অথচ সংগ্রামি মানুষের শহর এই কথা

মনে রাখা দরকার। তাদের কথা ভেবে আমি এই বিলকে প্রত্যাহার করার কথা বলছি এবং আজকে যদি তা না করেন তাহলে নিশ্চয়ই with all seriousness that I Command as a political worker believing in democracy, I oppose the Bill.

[2-20 — 2-30 p.m.]

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বন্ধু ঐ ধার থেকে একই কথা বলছেন। এদের হজম করেছেন আমাদের মুখ্যমন্ত্রী বেশি। ইনি সাইজে ছোট আর উনি লম্বা। কাজেই এ কথাতো বলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৬ই মার্চ, ১৯৭৬ সালে, শনিবার পশ্চিমবাংলার গণতন্ত্র হত্যা দিবস। আমি আশাকরি পশ্চিমবাংলার জনসাধারণ এই দিনটিকে গণতন্ত্র হত্যা দিবস বলে পালন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ মোতাহার হোসেন সাহেব এই বিল উত্থাপন করেছেন। আমি বিলে দেখেছিলাম যে মেম্বার ইন চীফ আমাদের মুখ্যমন্ত্রী। তিনি দলের পালের গোদা। তাকে কিছু বলবো ভেবেছিলাম কিন্তু তিনি আজকে নেই। পড়ে গেছেন নিরিহ বেচারা তাকে বলে কিছু লাভ নেই। আমার মূল বক্তব্যে আমি যাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবু সুন্দরের ডেফিনেশন দিলেন, কলকাতার ফুট পাথে কত লোক খেতে পাচ্ছে না তাতে কিন্তু সুন্দরের সৌন্দর্য নষ্ট হয়না। আর ওয়েলিংটন স্কোয়ার দিয়ে চলে আসুন দেখবেন, সেখানে অনেক আস্তাকুড় আছে, সেই আস্তাকুড় থেকে কাঠি দিয়ে ভিখারিরা নাড়ছে, আর কতকগুলো জিনিস কুড়োচ্ছে, তারপর সেইগুলো ধুয়ে নিয়ে রান্না করে খাচ্ছে, তাতে কিন্তু সত্যকারের কলকাতার সৌন্দর্য নষ্ট হবে না। কিন্তু কলকাতার সৌন্দর্য নষ্ট হচ্ছে কোথায়? কোথায় একটা পোস্টারিং বা ওয়াল পেন্টিং হয়েছে, এরজন্য পশ্চিমবঙ্গের সৌন্দর্য কলকাতার সৌন্দর্য নষ্ট হয়ে যাচ্ছে। কেন্দ্র থেকে কেন এমার্জেন্সি করা হল সেটা জনসাধারণ জানে আবার এই যে পোস্টারিং বা ওয়াল পেন্টিং বন্ধ হবে, এটা কিসের জন্য করা হল। প্রকৃতপক্ষে দেখা যাচ্ছে যুগ যুগ জিও লক্ষ্মীবাবু, মুর্দাবাদ সুব্রত মুখার্জি আবার কোথাও দেখা যায় লক্ষ্মী বোস মুর্দাবাদ, সুব্রত মুখার্জি যুগ যুগ জিও এটা বন্ধ করবার জন্য আপনারা যে জিনিসটা নিয়ে এসেছেন, শেষ পর্যন্ত সবগুলোই বহাল তবিয়তে থাকবে, মরবে কেবল গরিব জনসাধারণ, বামপন্থী দল, যারা জনগণের কথা বলে, গরিবদের কথা বলে, সাধারণ মানুষের কথা বলে, তাদের গলা টিপে মারবার চেষ্টা করছেন। সব থেকে একটা প্রশ্ন আমার মনে জেগেছে, মোতাহার হোসেন মহাশয় তার জবাবি ভাষণে আশাকরি বলবেন। অজিতবাবু পশ্চিমবঙ্গ প্রাণপণ চেষ্টা করছেন ফ্যামিলি প্ল্যানিংকে সাকসেসফুল করার জন্য, সেখানেও তো পোস্টারিং করতে হয়, সেখানেও ত্রিকোণ আকারে পোস্টারিং করা হয়, সেখানে আপনারা কি করবেন? সেটা কি করা চলবে? পশ্চিমবঙ্গে হিন্দু এবং মুসলমানদের ধর্ম বলে একটা আছে। অনেক সময় দেখা যায় মুসলমানরা জলসা করে, তারজন্য প্রচার পত্র ছাপতে হয়, ওয়াল পেন্টিং করতে হয়, কাগজে সমস্ত পোস্টারিং করে দেওয়ালে দেওয়ালে মারতে হয়, হিন্দুদেরও হরি সংকীর্তন হয়, সেখানেও পোস্টারিং করতে হয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাও কি বন্ধ হয়ে গেল? এই গণতন্ত্রকে হত্যা করার নাম করে কি ধর্মটাকে হত্যা করা হল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গণতন্ত্রকে কিভাবে হত্যা করা হয়েছে দেখুন, কাইজার উইলিয়ম সেকেন্ড যখন রাশিয়ার সম্রাট হলেন, তখন তিনি বলেছিলেন on me, on me the spirit of God has descended, I am his

[6th March, 1976]

weapon, I am his sword. আজকে হয়তো আমাদের সিদ্ধার্থবাবু বলছেন যে তিনি একেবারে সমস্ত স্লোগান শক্তির মালিক হয়েছে, তিনিই উইপন, তিনিই টার্বান, তিনিই সবকিছু। আজকে পশ্চিমবঙ্গকে পদদলিত করবার চেষ্টা করছেন। আমরা রাজতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছি। সেদিন কলকাতায় দেখলাম রাহুল গান্ধী যুগ যুগ জিও লেখা আছে। আমি তো অবাক হয়ে গেলাম, আমরা জানি ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও, তিনি প্রধানমন্ত্রী, নিশ্চয়ই তিনি যুগ যুগ জিও হবেন, তারপর প্রধানমন্ত্রীর পরে দেখলাম সঞ্জয় গান্ধী যুগ যুগ জিও, যারজন্য কেবিনেট ডিভিসন হয়েছিল ৮৪ হাজার টাকা খরচ করার জন্য, পরে অবশ্য সেটা পার্টি থেকে করা হয়। পরে শোনা গেল রাহুল গান্ধী রাজীব গান্ধীর ২।। বছরের ছেলে, তার পোস্টারিং হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলছি যে, এই যুগ যুগ জিও বন্ধ করতে গিয়ে এগুলি কেন বন্ধ করছেন না, সম্পূর্ণ রূপে গণতন্ত্রকে দিনের পর দিন ধরে ধ্বংস করে দিয়ে, শেষ করে দিয়ে রাজতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্রিটিশ সাম্রাজ্যবাদকে বলা হত যে ব্রিটিশ সাম্রাজ্যে সূর্য অস্ত যায় না। সেই ব্রিটিশ সাম্রাজ্যবাদকেও মহাত্মা গান্ধী বলেছিলেন 'কুইট ইন্ডিয়া' এবং সেই সঙ্গে তিনি বন্দেমাতরম স্লোগানও দিয়েছিলেন, এরজন্য কত লোককে জেলও খাটতে হয়েছিল এই যে ক্ষুদিরামের মূর্তি দেখতে পান, এই ক্ষুদিরামকে ফাঁসি পর্যন্ত দেওয়া হয়েছিল, কানাইলালকে ফাঁসি যেতে হয়েছিল, প্রফুল্ল চাকিকে ফাঁসি দেওয়া হয়েছিল, সেই ব্রিটিশ সাম্রাজ্যবাদকে ভারতবর্ষ থেকে নতমস্তকে চলে যেতে হয়েছিল। আজকে তাই বলছি যে, আপনারা আজকে জনসাধারণের রাইট কেড়ে নিতে চাইছেন, সেদিন দেখলাম কতগুলি ফান্ডামেন্টাল রাইটকে কেড়ে নিয়েছেন, আবার আজকে দেখছি এই ব্যবস্থা করতে যাচ্ছেন। তাহলে এবার আমাদেব সটিকিং প্ল্যাস্টার জোগাড় করে মুখে লাগাতে হবে। অজিতবাবু হয়ত সেটা আমাদের জোগাড় করে দিতে পারবেন, তাহলেই আমাদের আর কোনও বক্তব্য থাকবে না। যেভাবে গণতন্ত্রকে ধ্বংস করবার জন্য এই বিল নিয়ে এসেছেন তাতে আমি বলে দিচ্ছি যে, ১৯৭৬ সালের ৬ই মার্চ, আজ শনিবার গণতন্ত্রের ধ্বংস সাধন হচ্ছে এবং এই দিনের কথা আগামি দিনের ইতিহাসে লেখা থাকবে। আজকে এখানে মুখ্যমন্ত্রী মহাশয় নেই, তাই রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন যে, আমরা সাধারণ মানুষের কথা বলি, আপনারাও জনসাধারণকে ফাঁকি দেওয়ার জন্য সাধারণ মানুষের কথা বলেন, আমরা সাধারণ মানুষের ছবি তুলে ধরি ওয়াল পেন্টিং-এর মাধ্যমে, পোস্টারের মাধ্যমে, সেইজন্য বলছি এই কাজটা একটু হিসাব করে করবেন এবং আপনার কাছে আরও অনুরোধ করছি এইভাবে গণতন্ত্রকে হত্যা করবেন না, এটা প্রত্যাহার করে নিন, পরবর্তীকালে কয়েকটি অংশ বাদ দিয়ে বিষয়টি নিয়ে আরও ভালকরে ভাবনা চিন্তা করে আনুন। এই কয়টি কথা বলে এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

শ্রী নন্দলাল ব্যানার্জি : মাননীয় স্পিকার মহাশয়, শীশবাবুর বক্তৃতা শুনে সত্যিই দুঃখ হল এবং এইদিক থেকে আমাদের স্বরাষ্ট্র বিভাগের রাষ্ট্রমন্ত্রী মহাশয় সত্যিই অন্যায় করেছেন, কারণ তাদের রাজনৈতিক অস্তিত্ব দেওয়ালে এসে পৌঁছেছে, সেটাকে মুছে দিলে ওদের আর

কোনও অস্তিত্ব থাকবে না। আমি যে কথা বলতে চাই ছোটবেলায় আমরা দেওয়াল পত্রিকা পড়তাম। আমরা শুনেছি চিন দেশে রাস্তায় রাস্তায় রিজার্ভড জায়গা থাকত এরজন্য। তা আপনারাও সেইরকম একটা প্রস্তাব দিন যে কলকাতায়ও সেইরকম ২৫/৩০টা জায়গা থাক সেখানে দেওয়াল লিখন প্রকাশ করা হবে, সেই অনুযায়ি দেওয়াল রিজার্ভড করে রাখা হোক এবং সেখানে এক-একটা পার্টি তাদের বক্তব্য রাখবেন। আমার মনে হয় তাহলে সেই সমস্ত বক্তব্যগুলি লোকে বোধ হয় লাইন লাগিয়ে পড়ত। কিন্তু তা না করে সমস্ত দেওয়ালগুলিকে নিজেদের নাম জাহির করবার জন্য ব্যবহার করছেন এবং ভারতের কৃষ্টি, সভ্যতাকে ধ্বংস করবার জন্য চিনের চেয়ারম্যান আমাদের চেয়ারম্যান লিখে যাবেন, তা আজকে আর হবেনা। মাননীয় স্পিকার মহাশয়, আমরা দেখেছিলাম আমাদের অস্তিত্ব দেওয়াল লিখনের মধ্যে এসে পৌঁছেছে। আমরা দেওয়ালের মধ্যে আমাদের ভবিষ্যত কার্যসূচিকে তুলে ধরতে দেখিনি, আমরা কি দেখেছি, না, মানুষকে বিভ্রান্ত করবার জন্য কতগুলি চোখা চোখা কথাকে ডিসপ্লে করা হচ্ছে। যার কেউ নাম জানতনা বা সামান্য যার নাম তার নামেও দেখি ঘন ঘন জিন্দাবাদ ও যুগ যুগ জিও লেখা। জাতীয় স্বার্থে এবং সভ্যতার স্বার্থে যদি আমরা এগুলি অ্যালাও করি তাহলে আমাদের নিজেদের ধিক্কার দেওয়া উচিত।

দেওয়ালে দেওয়ালে লেখা রামরাম সীতারাম, শম্ভুশিব, বালকব্রহ্মচারি থেকে আরম্ভ করে দেওয়ালগুলি সব নক্কারজনকে ভর্তি হয়ে যেতে লাগল। কিভাবে বিশ্বনাথ বাবুর মতো রাজনৈতিক চেতনা সম্পন্ন লোক বলেন যে এগুলি অবাধ গতিতে চলুক। এগুলি আমাদের সভ্যতাকে পরিহাস করে। রাত্রির অন্ধকারে ভাল ভাল দেওয়ালগুলিতে অমুক দাদা জিন্দাবাদ বা কদর্য ভাষায় অন্য কিছু লেখাকে কি সমর্থন করেন? কিন্তু আমরা তার বিরোধিতা করতে বাধ্য। এই দেওয়ালে লেখা নিয়ে এমন একটা পর্যায়ে সেটা এসেছিল যে খুনোখুনি, মারামারি পর্যন্ত হতে লাগল। ভোটের সময় দেখেছি আমার ছেলেরা লিখতে মাথা ফাটিয়ে চলে এল। অর্থাৎ একটা হিংসার মনোভাব, একটা দলবাজির মনোভাব, একটা rivalry বাড়তে লাগল। এর প্রচন্ড বিরোধিতা আমরা করতে চাই। বরং এখানে প্রস্তাব যদি রাখেন যে কলকাতা শহরে এরকম ব্যবস্থা করা হোক যে পার্টিরা তাদের নিজের খরচে সিমেন্ট দিয়ে দেওয়াল তৈরি করে তাতে তাদের কর্মসুচির কথা লিখে রাখবে তাহলে সে সমর্থন করা যায়। কলকাতা শহরে ৪০টি জায়গায় এইরকম হতে পারে এবং তাকে কেউ কদর্য বলবে না। বরং আমরা দেখেছি বেছে বেছে ভাল ভাল দেওয়াল বেছে বেছে তাতে আলকাতারায় কালিমাভূষিত করা। আমাদের রাজনৈতিক দলগুলি কি এমন পর্যায়ে পৌঁছেছে দেওয়ালে লেখার মধ্য দিয়ে তাদের বেঁচে থাকতে হবে। তা নাহলে তাদের party ও রাজনৈতিক চেতনা উঠে যাবে? কতকগুলি poster দিয়ে পার্টিকে বাঁচিয়ে রাখার মতন যদি অবস্থা হয় তাহলে তা পরের দেওয়ালে আলকাতরা লাগিয়ে কেন! সেজন্য এই নক্কারজনক অবস্থার জন্য এই বিল। এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রী নারায়ণ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক আনীত এই বিলকে সমর্থন করে কিছু বলতে চাই। এই বিলটার জন্য হাউসে সদস্যরা যেন কিছুটা আতঙ্কিত হয়ে পড়েছেন। দেওয়ালে রাজনীতি করার সস্তা ও সহজ পদ্ধতি এখানে চালু আছে। কত রকমের লেখা স্যার, আপনি নিজে দেখেছেন। শুধু কলকাতা শহর নয়, পশ্চিমবঙ্গের

[6th March, 1976]

একেবারে যেগুলি রিমোট ভিলেজ সেখানেও স্কুল বাড়িগুলিতে, স্বাস্থ্য কেন্দ্রে, হাসপাতাল বাড়িগুলিতে, কলেজের সুন্দর সুন্দর বাড়িগুলি কুৎসিত সমস্ত লেখায় ভরা। আমি শুনে অবাক হচ্ছিলাম যখন আমাদের শীশ মহম্মদ সাহেব বললেন ১৯৭৬ সালের ৬ই মার্চ স্বর্ণাক্ষরে লেখা থাকবে গণতন্ত্রের হত্যা হয়েছে। হত্যা হলে স্বর্ণাক্ষরে কেন লিখিত থাকবে আমি জানি না, স্বর্ণাক্ষরে লিখিত থাকবে সাধারণ মানুষের মনের কোঠায়, সাধারণ মানুষ আজকে আশির্বাদ জানাবে। স্যার, আমি দু'দুবার নির্বাচন প্রার্থি হয়েছিলাম, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা রয়েছে, মফস্বল শহরে নতুন একটা পাকা বাড়ি হয়েছে, ছোট বাড়ি, গরিব মানুষ চুনকাম করেছে, রাতের অন্ধকারে আলকাতরা দিয়ে লিখে দিল অমুক দাদাকে ভোট দেবেন। তারপর ২ দিন বাদে প্রার্থি যখন তার বাড়িতে হাজির হলেন তখন অবশ্য তিনি শিষ্টাচার দেখালেন কিন্তু পরে যেহেতু ঐ প্রার্থির দলের ছেলেরা এসে দেওয়ালে লিখে দিয়েছে সেই হেতু তিনি তাকে ভোট দিলেন না। স্যার, মোট জনসংখ্যার ২০ ভাগ বোধ হয় আমরা রাজনীতি করি, তাও করিনা, সক্রিয়ভাবে আমরা আমাদের মোট জনসংখ্যার ৫ ভাগ রাজনীতি করি। কিন্তু ৯৫ জনের কথা আমরা ভুলে যাই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিলে সই করেছেন সেজন্য তাকে অভিনন্দন জানাই এবং স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় যে হাউসে বিলটা প্লেস করেছেন সেজন্য তাকে অভিনন্দন জানাই। তাদের যে দূরদর্শিতা, সাধারণ মানুষের জন্য যে সমবেদনা, সাধারণ মানুষের মনের কথা তারা যে প্রতিফলিত করেছেন তারজন্য আমি তাদের অভিনন্দন জানাই। আমরা রাজনীতি করি, আমরা যাই বলি না কেন সাধারণ মানুষ কিন্তু আমাদের আশির্বাদ জানাবে, এই বিল পাশ হয়ে গেলে তারা হাঁফ ছেড়ে বাঁচবে। একটা দেশ যেখানে ৬০ কোটি জাগ্রত মানুষ বাস করে, বিশেষ করে পশ্চিমবঙ্গ পলিটিক্যালি অত্যন্ত কনসাস, তাদের রাজনৈতিক ধ্যান-ধারণা চিন্তা নির্ভর করবে দেওয়ালের লিখনের উপর? সুতরাং বক্তৃতা দিয়ে বাজার গরম করে কোনও লাভ হবে না। আমি বিশ্বনাথ বাবুর কাছে বলতে চাই কিছুদিন আগে কেরালা গিয়েছিলাম, সেখানে দেওয়ালের লিখন দেখিনি। সেখানে একই ডান্ডায় বিভিন্ন দলের সুন্দর পতাকা উড়ছে দেখলাম। তামিলনাড়ুতেও তাই দেখেছি। নন্দলালবাবু যেকথা বলেছেন আমি তারই সুরে সুর মিলিয়ে সরকারের কাছে বিবেচনার জন্য রাখতে চাই রাজনৈতিক দল বা অন্যান্য গঠনমূলক প্রচারের জন্য যদি পোস্টারের দরকার হয় তাহলে তারজন্য কিছু কিছু জায়গা আলাদা করে রাখা হোক, সেটা দেওয়াল হোক বা নিজেরা নিজেদের আল'দা ব্যবস্থা করে হোক। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি সেটা হচ্ছে এই আইন চালু হলে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ সরকারকে আশির্বাদ জানাবে এবং কলকাতা শহরের মানুষ কাল থেকেই আশির্বাদ জানাবে, কারণ, কালই তারা কাগজে জানতে পারবেন এই আইনের কথা। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

শ্রী শরৎচন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী এই যে বিল এনেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন জানাই। স্যার, ভারতবর্ষে বা সারা বিশ্বে লিপি রক্ষা বা শিলালিপির দ্বারা বহুজিনিস বহুদিন ধরে রাখার একটি প্রচলন চলেছে। বহু শতাব্দীর সভ্যতার নিদর্শন শিলালিপি যদি না পাওয়া যেত তাহলে পৃথিবীর অনেক সভ্যদেশের সভ্যতার কথা আমরা জানতে পারতাম না। রোমের সভ্যতা এবং তার আগের সভ্যতা তারা প্রস্তরের মধ্যে

লিপিবদ্ধ করে রেখেছিলেন বলেই তার সাহায্যে আমরা বিশ্বের বহু জাতির সভ্যতার কথা জানতে পারি। স্যার, আমাদের মহামতি অশোক শিলালিপির দ্বারা অনেক জায়গায় মানুষের কল্যাণে নিয়োজিত সত্য সুন্দর ও মঙ্গলের কথা লিখে মানুষের মনে রেখাপাত করেছিলেন। তিনি সত্য শিবম এবং সুন্দরম এইসব কথা লিখে রেখেছিলেন বলেই আমরা মহামতি অশোকের কথা জানতে পারি। ভারতের বা বিশ্বের সবচেয়ে প্রাচীন গ্রন্থ শ্রুতি ভুর্জপত্রের লেখা লিখেছিলেন বলেই আজকে বিশ্বের সর্বশ্রেষ্ঠ গ্রন্থের বেদ পরিচিতি আমরা লাভ করছি। কিন্তু স্যার এরা কি লিখে যাচ্ছে— কৃষকের বিরুদ্ধে মানুষের বিরুদ্ধে। স্যার, রঘুনাথপুরে সেদিন মন্ত্রী মহাশয় নিজে দেখে এসেছেন কিরকম একটা পাহাড়ের কোলে সুন্দর স্বচ্ছ এবং নির্মল জায়গা রয়েছে সেখানে লেখা আছে বিশ্বে আসবে নতুন দিন হো-চি মিন আর কোসিগিন। এরা আমাদের শ্রী শ্রী রামকৃষ্ণ ভাল জিনিস আনতে পারলেন না, স্বামী বিবেকানন্দকে আনতে পারলেন না শ্রীকৃষ্ণকে আনতে পারলেন না, আমাদের শঙ্করাচার্যকে আনতে পারলেন না, আর আনতে পারলেন না, আর আনতে পারলেন হো-চিমিন আর কোসিগিন। স্যার, বিশ্বনাথ বাবুর মতো একজন সুপন্ডিত লোক হয়ে তিনি যে কথা বললেন সেটা শুনে আমি অবাক হয়ে গেলাম। একেই বলে মুনিনাঞ্চ মতিভ্রম। ওর মতো জ্ঞানী বিদ্বান লোক এইরকম অজ্ঞতাবশতঃ বা ভাবাবেগে এইরকম কথা বলতে পারেন শুনে আমি অবাক হয়ে গেছি। স্যার, আপনি তো বাড়ি তৈরি করেছেন, তাকে নানাভাবে সাজিয়েছেন, কোথায় কি রং লাগবে, কি রং ভাল লাগবে তা করেছেন, এখন যদি কেউ সেটা বিকৃতিসাধন করে তাহলে আপনার মনে যে দুঃখ লাগবে তা আপনি বলতে পারবেন না, তার কারণ এদের প্রতিপত্তি এত বেশি হয়েছিল এবং যেভাবে গণহত্যা আরম্ভ করেছিলেন তাতে স্যার, আপনি দেখেছিলেন যে লোকে কিরকম আতঙ্কিত হয়েছিল। স্যার, মার্বেল পাথরের মেঝেতে পানের পিক ফেলাটা যদি এদের সভ্যতা হয় এবং গণতন্ত্র হয় তাহলে সেই গণতন্ত্র আমরা মানতে পারিনা। অতএব এই যে বিল মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন তাতে সমস্ত পশ্চিমবঙ্গবাসী আনন্দিত হবে এবং মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাবে এবং একটা শঙ্কা এবং আতঙ্কের হাত থেকে সমস্ত পশ্চিমবঙ্গবাসী রক্ষা পাবে। স্যার, আমাদের স্মৃতি আমাদের শ্রুতি আমাদের শাংখ্য দর্শনতাতে যা আছে মানুষের অন্তরের মধ্যে লক্ষ্য লক্ষ্য বছর ধরে লিখে দিয়ে গেছেন আমাদের মুনিঋষিরা। আপনারা যদি মানুষের অন্তরের মধ্যে প্রবেশ না করে কেবল দেওয়ালের মাধ্যমে প্রবেশ করবার চেষ্টা করেন তাহলে কিছুতেই তা পারবেন না। আমাদের মুনি ঋষিরা যারা জ্ঞানে শুনে গরিমায় সর্বশ্রেষ্ঠ তারা প্রত্যেক মানুষের অন্তরে লিখে দিয়ে গেছেন। সেইটাই আমাদের মনে এখনও জাগে। কেবল দেওয়ালে লিখে মানুষের অন্তরে প্রবেশ করার যে অপচেষ্টা যা আপনারা করছেন এটা সফল হবে না। এই বলে এই বিলকে পরিপূর্ণ সমর্থন করে আমি আরেকবার মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

শ্রী সত্য ঘোষাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভেবেছিলাম বলব না ।কন্তু এখন দেখছি বলতেই হচ্ছে। দেওয়ালের লিখন কিছু লোককে ভয় দেখায়, আমি সেই বাইবেলের যুগের গল্প ছোটবেলায় পড়েছিলাম সম্রাট ব্রেডোকার্নিস দেওয়ালের গায়ে লিখন দেখে ভীষণ

ভীত হয়ে উঠেছিলেন এবং ব্রেডকার্নিসের ভয় পাবার একটা কারণ ছিল। আমাদের সরকারের তো আর ভয় পাবার কারণ নেই, অন্যায়ের শাসন তো তার নয়, এদের শাসন তো ন্যায়ের শাসন। আর ব্রেডকার্নিসের জ্ঞানী, গুনী লোকের অভাব ছিল বলে কিছু জ্ঞানি লোক এসে পড়ে দিয়ে গিয়েছে, অর্থ বুঝিয়ে দিয়ে গিয়েছিল। এখানে তো জ্ঞানী লোকের অভাব নেই, শ্রী জ্ঞানসিং সোহনপাল আছেন, সুতরাং ভয়ের কারণ কি। আমি প্রথম ব্যাপারটা বুঝতে পারলাম না যে এত আতঙ্কের কারণটা কি। আমার বন্ধু বিশ্বনাথ চক্রবর্তী অবশ্য বললেন সুন্দরের ব্যাপারে, আমি তো রাজনীতি করি এবং রাজনীতিটা যাতে নিরস না হয় সেইজন্য সুন্দরের কথায় প্রথম আসি এবং ধরুন সুন্দর কি? বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় যা বলেছেন আমি সেদিকে যাব না, উনি অবশ্য সাহিত্যিক লোক তবুও আমি সাহিত্য করেই বলি Truth is beauty, beauty is Truth. একজন সুন্দর কবি ও সুন্দরের কবি বলেছিলেন বহুদিন আগে সত্য যদি সুন্দর হয় আর সুন্দর যদি সত্য হয় তাহলে আমাদের কলকাতার এই জীবন এটা কি সত্যিকারের জীবন? অর্থাৎ কলকাতা শহরে ঢোকার পরেই, আমি সেদিনও বলেছিলাম এখানে দৈনিক দু'হাজার টন জঞ্জাল জমে আর যেখানে ডাবের খোসা থেকে আহার্য সংগ্রহ করে, মানুষের সেই জীবনটা সুন্দর কিনা। সেই জীবনটা আমরা কি মেনে নেব যেখানে নর্দমা আর ডাস্টবিনে কুকুরের সঙ্গে মারামারি করে লোকে ভাত খায়, আর জীবন্ত কঙ্কালসার, প্রতিভূ মূর্তি মা তার সন্তানকে ছুড়ে ধূলায় ফেলে দেয়, মেনে নেব কি এই জীবন? সেই অসুন্দরকে দূর করবার কি উপায় আছে এবং ধরুন কোথায় সেই সুন্দরের কথাগুলি উদ্ধৃত করব। আমার বন্ধু নয়, আমার দাদা, শরৎদা বলছিলেন শিলালিপির কথা এবং উনি ব্যবহার করলেন যে অশোক ভাল ভাল কথা লিখে গিয়েছিলেন শিলালিপিতে। আমি তো সেই কথাই বলি যে তাহলে কি প্রমাণ হল? ঐ অন্তরে লিখবার আগেই অশোককে যেটা শিলালিপিতে উৎকীর্ণ করতে হয়েছিল টেন কমান্ডমেন্টে, সেটা দেওয়ালে লিখতে না পারলেও পাথরে খোদাই করতে হয়েছিল, সেই খোদাই করা কথাগুলি অনেকদিন পর মানুষের অন্তরে খোদাই হয়ে গিয়েছে। আজকে যখন আপনারা এখানে এসে দাঁড়িয়ে বলেন আমি কবি সুকান্তর কথা স্মরণ করি কালো কালি দিয়ে নয় কলমে, রক্ত দিয়ে ইতিহাস লিখে দেওয়ালে দেওয়ালে এঁকে দাও দিকে দিকে। এই কবিতা আপনারাও পড়েন এবং সুকান্ত দিবস পালন করেন। সুতরাং কাল কালি দিয়ে তো সব জিনিস হয়না। আমি যদি রোমান্টিক কবির কথা বলি তবে তাকেও বলতে হয়েছিল Sylvan historian who canst thus define a flowery tale more sweetly than our rhyme. কবিতার চাইতেও সুন্দর করে কুসুমিত কাহিনী উৎকীর্ণ করে দেওয়া যায় যেমন দেশের মাটির পাত্রে এঁকেছিল সুন্দরের কাহিনী, যেমন লোকে, আজো আমরা বলি Bold lover never, never, const thou kiss though winning near the goal? Forever wilt thou love and she be fair? একথা আমরা আজো পড়ি, সেখান থেকে আমরা সুন্দরের শিক্ষা নিই। কিন্তু, স্যার, মুশকিল হচ্ছে কি জানেন? সুন্দরের জবাব তো সুন্দর হয়, আর অসুন্দর কথার জবাব যখন সুন্দর হয় তখন বীণার তার ছিড়ে যায়। সুতরাং জীবনকে সুন্দর করুন তা না হলে সুন্দরের জবাব পাবেননা। অসুন্দর হয়ে যখন সুন্দরের জবাব দিতে চাইবেন তখন বীণা বাজবেনা, বীণার তার ছিড়ে যাবে। সুতরাং জীবনকে সুন্দর করুন তা না হলে সুন্দরের জবাব পাবেননা। অসুন্দর হয়ে যখন সুন্দরের জবাব দিতে চাইবেন তখন বীণা

বাজবে না, বীণার তার ছিড়ে যাবে। শরৎদা যা বলে গেলেন তাতে কি আমরা দেওয়ালের লিখনের দিকে তাকিয়ে থাকতে চাই, না দেওয়ালের দিকে তাকিয়ে থাকতে চাই? এই দেওয়ালে লেখার অধিকার আমার। বন্ধু বিশ্বনাথ বাবু বলেছেন কলকাতার জঞ্জালের কথা। আমার মনে পড়ে শৈশব থেকে আজও কলকাতার গৌরবের কথা। কলকাতার দুঃশাসনের যৌবনের কথা, যাদের আন-প্র্যাকটিক্যাল স্বদেশ প্রেম বারেবারে লড়াই করেছে, রাস্তায় রাস্তায় ব্যারিকেড রচনা করেছে, যারা প্রাণ দিয়েছে, যাদের ছেলেরা দিয়েছে প্রাণ, মেয়েরা ধরেছে পিস্তল, তারাই রচনা করছে কলকাতার গৌরব, তারাই রচনা করছে বাংলা দেশের গৌরব। যেই রচনা করে থাকুক। আপনারা যে মশনদে বসে এই ফরমান দিচ্ছেন তাতে এরাই দিয়েছে তাদের স্বাক্ষর। সুতরাং এরাই সেই ইতিহাস তৈরি করেছে, বাঙালির কলকাতা ভারতবর্ষের প্যারিস। সেইজন্য আমি একথা বলছি আগামি দিনে যারা একে এগিয়ে নিয়ে যাবে তাদের কাছে পোস্টারের দাম কম নয়। সুতরাং পোস্টার তো একটা তুচ্ছ ব্যাপার নয় রাজনৈতিক কথা বলার এবং সে কথাটা বলা মানে এই নয় যে পোস্টারই তাদের একমাত্র অস্তিত্ব। আপনারা বন্ধ করতে চান পোস্টার, যে কথা নন্দবাবু বলেছেন সে প্রস্তাব আমরা সমর্থন করি কিন্তু সেটা করা হোক। বিশ্বনাথবাবু বলেছেন যে কথা আমরা তা সমর্থন করি। কিন্তু আমার প্রশ্ন হল এই কি সুন্দরের জবাব, এইভাবে কলকাতা সুন্দর হবে? এখানে আসতে আসতে দেখছিলাম 'নাগিনের' পোস্টার পড়ে আছে। সেই 'নাগিনের' পোস্টার আপনি দেখেছেন, সেই অশালীনতা দেখেছেন? দেখেছেন বারবধূর পোস্টার, অসীমা আর কেতকীর পোস্টার? সুতরাং সেই পোস্টারের কথা বলুন। তাতে তো আমরা দেখছি যে মন্ত্রী মহাশয়রা যাচ্ছেন তাদের হাজার রজনী উৎসব পালন করতে প্রতাপ হলে। অনেক মন্ত্রীরা সেখানে প্রাইজ ডিকলিয়ার করছেন, কেউ পুরস্কার বিতরণ করছেন বারবধূর শ্রেষ্ঠ অভিনেতা, অভিনেত্রিকে। আমি তো দেখছি সেই বারবধূ মফস্বলে পর্যন্ত চড়াও হচ্ছে, সেখানে চড়াও হয়ে ১০ হাজার, ১৫ হাজার টাকার টিকিট বিক্রি করছে, বারবধূ চলছে। অপরপক্ষে এও তো দেখছি নান্দীকারকে হল থেকে বের করে দেওয়া হচ্ছে কারণ তারা ভাল মানুষের কথা বলতে চায়। সুতরাং সেখানে দেখতে হবে যে আপনারা কি করতে চাচ্ছেন।

আপনারা যদি নোংরা পোস্টার বন্ধ করতে চান করুন, আমরা আছি। আপনারা অশালীন পোস্টার বন্ধ করতে চান, করুন, আমরা আছি। আপনারা কুৎসিত পোস্টার বন্ধ করতে চান করুন, আমরা আছি। আপনারা যা কিছু প্রতিক্রিয়াশীল দূর করতে চান, করুন, আমরা আছি। ঐতিহ্যের কথা উঠেছে, পোস্টারের কথা উঠেছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কল্পনা করুন তো, একটা ছবি দেখবার চেষ্টা করুন যে যখন সেই মানুষেরা তাড়া করে আসছে, সেই অন্ধকারের জীবেরা, যারা পিছন দিকে চলে, যাদের বুকে নখ, যারা নর ঘাতক, নিষ্ঠুরতায় মাতে এবং পৃথিবীকে ধ্বংসের দিকে টেনে নিয়ে যায়, যারা মনুষ্যত্বের মর্যাদা দেয়না, সেই ফ্যাসিস্ত দানবেরা, তাদের বিরুদ্ধে ভাবুনতো। শ্রমজীবী কিছু তরুণ তরুণীর হাত উত্তোলিত হয়ে রয়েছে, সেখানে পোস্টারের লেখা রয়েছে "নো পাশারণ দে স্যাল পাস" তাদের আমরা পিছিয়ে যেতে দেবনা। এই পোস্টার কি উদ্দীপিত করেনা? শরৎদাকে উদ্দীপিত করেনা? নন্দবাবুকে উদ্দীপিত করেনা যদি উদ্দীপিত না করে, কি করে দেখলাম ফ্যাসিস্ত সংগ্রামের উত্তাল সমাবেশে, দেখলাম পাটনাতে, এইতো আমাদের চাই, এইতো লড়াই সি পি আই-য়ের বিরুদ্ধে লড়াই করুন। আমরাতো বলেছি এই পোস্টার লেখার দিন, পোস্টার বন্ধ

করার দিন নয়, পোস্টারে ছেয়ে দেবার দিন, যেমন সাম্রাজ্যবাদ একদিন পোস্টার তৈরি হয়েছিল, আজকে তার বিরুদ্ধে সে লড়াই। সে কথাই প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বলেছেন সাম্রাজ্যবাদ আমাদের বিরুদ্ধে চক্রান্ত করছে, তার সম্পর্কে হুঁশিয়ার হও, মার্ক্সবাদি চিনের চক্রান্ত চলেছে, তার সম্পর্কে হুঁশিয়ার হও, দিয়েগো গার্সিয়ার যে চক্রান্ত চলেছে, তার সম্পর্কে হুঁশিয়ার হও, ভারতবর্ষের বুকে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলরা চক্রান্ত করছে, তার বিরুদ্ধে হুঁশিয়ার হও, এই পোস্টার তো চার পাশে লিখে দেবার কথা। আজকে একথা লিখে দেবার কথা যে আমাদের প্রধানমন্ত্রীর ঘোষিত ২০ দফা কর্মসূচিকে কার্যকর করতে হবে, চার পাশে তো সেই বাণীকে ছড়িয়ে দিতে হবে। চারপাশে তো এই বাণীকে লিখে দিতে হবে সেজন্য পোস্টারতো কমাবার কথা নয়, বরং পোস্টারে ছেয়ে দেবার কথা এবং এতে তো আপনাদের আতঙ্কিত হবার কিছু নাই। আমি ট্রেজারি বেঞ্চকে বলছি এতে আপনাদের আতঙ্ক পাবার কথা নয়, আতঙ্ক পাবার কথা সেই প্রতিক্রিয়াশীল শক্তিদের। এই দেওয়ালের লিখনতো তারা পড়বে, তাদের জন্য এই দেওয়ালের লিখন ফুটে উঠছে- "মেনি মেনি টেকেল উপহারসিন" -তোমাকে মেজার করা হয়েছে, তোমার পরিমাপ করা হয়েছে। তুমি অযোগ্য প্রমাণিত হয়েছ, তোমাকে যেতে হবে, দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলরা সেই আতঙ্কে থর থর করে কাঁপবে। আমি তারজন্য বলছি তারা আতঙ্কিত হোক। ট্রেজারি বেঞ্চকে আমি অনুরোধ করছি আপনারা আমাদের সঙ্গে আসুন যখন আমরা প্রার্থনা করি মিনি, মিনি টেকেল উপহার্সিন দক্ষিণ প্রতিক্রিয়াশীলদের বিরুদ্ধে, যখন আমরা এই পোস্টার করতে চাই তখন আপনারা আমাদের সঙ্গে আসুন, আমাদের সঙ্গে দাঁড়ান, গলা মিলিয়ে বলুন 'এ্যামেন' সেকথাই বলা উচিত, বিরোধিতা করা উচিত নয়। একথা বলে আমি এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Honourable Members, the time for discussion of this Bill will expire at 2-58 p.m. So, with the sense of the House I like to extend the time by half an hour. I think, the House will agree.

(Voices : Yes)

Taking the sense of the House I now extend the time by half an hour.

[3-00 — 3-10 p.m.]

শ্রী অজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের সপক্ষে এবং বিপক্ষে খুব সুন্দর সুন্দর বক্তৃতা এবং সেই তথ্য দিয়ে বক্তৃতা শুনে, আমি অত্যন্ত আনন্দিত। বক্তৃতা যখন হচ্ছিল তখন বিলটা আমি আর একবার পড়ছিলাম, পড়ে দেখলাম যারা বললেন অর্থাৎ যারা বিপক্ষে বললেন সি পি আই সদস্যরা বিশেষ করে শীস মহম্মদ মহাশয় যা বললেন, তাতে তারা এই বিলের প্রয়োজনীয়তা কি এবং কি এতে বলা আছে এবং বারণ করা আছে, সেটা বোধ হয় ভাল করে দেখেননি বা পড়ে ভাল করে এর অর্থ বুঝে উঠতে পারেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলটির প্রথমে যে সেকশন ওয়ান তাতে রয়েছে শুধু বিলটির নাম। কি আইন হবে তার নাম এবং কোথায় কোথায় প্রযোজ্য হবে তার ভৌগলিক বিবরণ। সেকশন টুতে লেখা আছে ডিফেসমেন্টের ডেফিনিশন, প্রোপার্টির ডেফিনিশন, এবং

রাইটিং-এর ডেফিনিশন। এই ক্লজ সম্বন্ধে অর্থাৎ ডিফেসমেন্ট সম্বন্ধে নিশ্চয়ই তাদের আপত্তি থাকতে পারে না, ডিফেসমেন্ট অব প্রপার্টি যেটা রয়েছে, এই প্রপার্টি বা সম্পত্তি জিনিসটা তাদের মধ্যে সি পি আই সদস্যরা বিশেষ করে শীস মহম্মদ মহাশয় দার্শনিক কারণে হয়ত অ্যাকসেপ্ট করেননি, তাদের মতে স্টেট প্রপার্টি হবে। কিন্তু এখানে যে ডেফিনিশন তাতে তাদের কোনও বাধা থাকা উচিত নয়।

[3-10 — 3-20 p.m.]

তৃতীয়ত (C) ক্লজে রয়েছে রাইটিং এই রাইটিং এর যে মানে তার সঙ্গে ইনক্লুড করা হচ্ছে decoration, lettering, ornamentation etc, produced by stencil সুতরাং এটাতেও আমার মনে হয় না কারো বাধা আছে। তাহলে কোথায় বাধা দেখি! তিন ক্লজে penalty for defacement of property তাতে বলা হয়েছে— যে যদি কোথাও কালি দিয়ে বা চক দিয়ে বা রং দিয়ে বা অন্য কোনও উপায়ে কারো সম্পত্তির উপর কিছু লেখা হয় অর্থাৎ writing করা হয় এই রাইটিং এর মানে হচ্ছে কোনও ornamentation করা হয় বা কোনও ছবি আঁকা হয় বা কোনও স্লোগান দেওয়া হয়—তাহলে পরে punishment-এর প্রভিসনে দেওয়া আছে ৬ মাস জেল হবে বা fine হবে ইত্যাদি। এই পরিপ্রেক্ষিতে আমাদের রাজনৈতিক আন্দোলন বা গণতন্ত্র হত্যা বা শীশ মহম্মদ মহাশয়ের ভাষায় আজকে গণতন্ত্র হত্যা দিবস ৬ই মার্চ তারিখে উদ্‌যাপন হচ্ছে এই বিলেতে তার কথার সঙ্গে কোনও সংযোগ খুঁজে পাচ্ছি না। ধরুন এমন একটা শহর যেখানে এই জিনিসগুলির সব কিছুই লিখতে দেওয়া হচ্ছে বা আঁকতে দেওয়া হচ্ছে, ধরুন সেই শহরটার নাম সুতানটি গোবিন্দপুর কলকাতা শহর প্রথম অরিজিন দেওয়ালের লেখা আমি জানিনা আমার ভুল হলে আপনারা বলবেন সেটা হচ্ছে দাদের মলম মালিস লেখান আপনারা ধরুন আমরা সবাই মিলে রাজনৈতিক চেতনা না এনে জনস্বাস্থ্যের চেতনা আনবার জন্য প্রত্যেক বাড়িতে দাদের মলমের একটা ছবি এবং মালিস লেখন লিখে দিলাম কি সুন্দর সুতানুটি গোবিন্দপুর কলকাতাকে কি সুন্দর দেখতে লাগলো। সৌন্দর্য যার সুন্দর সাহিত্যিক ব্যাখ্যা দিয়েছেন ঘোষাল মহাশয়, এটা নির্ভর করে একটা তুলনামূলক হিসেবে যে দেশে যেরকম সে দেশে সেটা সৌন্দর্য। সেদিনকার একটা কাগজে দেখলাম যে ন্যুড় কলোনিতে সৌন্দর্য নষ্ট করেছে বলে একজনকে নোটিশ দেওয়া হয়েছে তিনি হচ্ছেন একজন priest একটা ছেলে ও একটা মেয়েকে বিয়ে দিতে এসেছিলেন। তিনি totally নুড ছিলেন না—। কারণ বিয়ের সময়টা দেখবার জন্য তার হাতে একটা রিষ্ট ওয়াচ ছিল। সুতরাং তার উপর নোটিশ দেওয়া হয়েছে যে তিনি এতে করে সৌন্দর্য হানি করেছেন। ন্যুড় কলোনীতে totally নুড এর হাতে একটা রিষ্ট-ওয়াচ ছিল! সুতরাং তিনি সৌন্দর্যহানি করেছেন বলে বলা হয়েছে তিনি ঘড়ি পরে বিয়ের সময়টা দেখতে এসেছিলেন। আবার কবিতার মাধ্যমে শ্রী ঘোষাল সৌন্দর্যের ব্যাখ্যা করলেন। আমাদের কবিরা তো—মরনরে তুঁহু মম শ্যাম সমান" বলে গেছেন। যেখানে সৌন্দর্য মরণটা—। অর্থাৎ মরে যাচ্ছে, তাকে শ্যামের মতো সৌন্দর্য অনুভবে বুকের মধ্যে জড়িয়ে ধরবার চেষ্টা করছে। আবার সৌন্দর্য দেখা যায়— "মরিতে চাহিনা আমি এ সুন্দর ভুবনে। মানুষের মাঝে আমি বাঁচিবারে চাই। " সুতরাং সৌন্দর্য যখন যেখানে যুক্ত বা সৌন্দর্য -কি-সেটা প্রত্যেকটা দেশে এক একটা সময়ের উপর নির্ভর করে। ধরুন কলকাতা শহরে জালিম লোশন বা দ্রাক্ষারস সালসা বা

মৃত সঞ্জীবনী সুধাতে চতুর্দিক ভরিয়ে দিলাম তাতে নিশ্চয়ই সৌন্দর্য দেখাবে না। ধরুন তা করলাম না। বৃষ্টি বাদলা নেচারের জন্য প্রাকৃতিক নিয়মে সেখানে শুধু দন্তন্য আর কিছু কিছু দেখা যাচ্ছে, শুধু বাড়ির দীর্ঘইকারটা খানিকটা খানিকটা. দেখতে পাওয়া যাচ্ছে যেখানেতে লাল সেলামের শুধু "ম"টা দেখতে পাওয়া যাচ্ছে। আর আবছা আবছা মোছা মোছা "হাজার টাকা জিতে নিন, গুটি বসন্তের খবর দিন"— দেখতে পাওয়া যাচ্ছে। সুতরাং সৌন্দর্য কোনটাতে। নিশ্চয়ই নকসাল পন্থী যারা তারা বলবেন নকসালবাড়ি লাল সেলামটাই সৌন্দর্য। আর গুটি বসন্ত রোগ দূর করবার চেষ্টা করছেন যারা, তারা বলবেন "হাজার টাকা জিতে নিন, গুটি বসন্তের খবর দিন" এটাই সৌন্দর্য। কোথাও কোনও সুন্দরি রমনীর মুখের ছবি দেখে আমার সিনেমা যেতে ইচ্ছা করে, যেখানে তার ছবিটাই সৌন্দর্য। আবার কোথাও সেটা মোটেই সৌন্দর্য নয়। সৌন্দর্য যেখানেতে যেখানে কৃষক পরিবারের কৃষক মা তার সুন্দর ছেলেটাকে কোলে নিয়ে দাঁড়িয়ে রয়েছে; সেখানে সৌন্দর্য। কোথাও বা সেবা সৌন্দর্যের রূপ নেয়। কোথাও বা অলঙ্কার সৌন্দর্য সৃষ্টি করে। বিবেকানন্দ বলেছেন যারা সুন্দরি তাদের অলঙ্কারের প্রয়োজন হয়না। বিলটি কি করেছে? বিলটা বাড়ি ঘর হাটের ক্ষেত্রে তার দেওয়াল নষ্ট করতে বারণ করেছে। বিলটা বলেনি কমিউনিষ্ট পার্টিকে ভোট দিন বলে হোডিং করে টাঙিয়ে দিতে বারণ করেনি। বিলটা কংগ্রেসকে ভোটদিন বলে হোডিং করে টাঙিয়ে দিতে বারণ করেনি। যদি আপনারা হাজার হাজার লক্ষ্য লক্ষ্য তৈরি করে মালা করে টাঙিয়ে দেন তাহলে সেটা এই বিলে বারণ করেনি। খালি ডিফেন্সমেন্ট অফ প্রপার্টি বারণ আছে। রাস্তায় এতো আলো আছে, প্রত্যেকটা রাস্তায় এতগুলো ল্যাম্প পোষ্ট রয়েছে সেখানে যদি লিখে টাঙিয়ে দেন এশিয়ার মুক্তি সূর্য ইন্দিরাজি যুগ যুগ জিও এই বলে তাহলে সেটা এর আওতায় আসছে না। সেখানে যদি লিখে দেন চিন দেশের মাও-সে-তুংয়ের পত্নী চে চিং তিনি আহ্বান জানিয়েছেন দেওয়ালে লিখতে সেগুলো যদি কেউ লিখতে শুরু করেন এখানে তার ফরে এবং বিপক্ষে যদি দেশের আইন তার বিপক্ষে না হয় তাহলে পোস্টার ঝুলিয়ে দেওয়ার কোনও বাধা নেই। যদি হোডিং দিয়ে নানান দিকে নানান জিনিস ছড়িয়ে দিতে চান তাহলে আইনে তার বাধা নেই। কলকাতা শহরকে সুন্দর করার জন্য বাড়িতে লিখতে দেওয়া বারণ করা হচ্ছে এবং তারপর নিশ্চয় আমরা এখানে দমে নেই নূতন নূতন জিনিস নেওয়ার জন্য হাউস ঠিক সময়ে জানতে পারবে। কিন্তু দুঃখ করে বিশ্বনাথবাবু বলেছেন এবং ঘোষাল মহাশয়ও বলেছেন পথে এত ময়লা পড়ে রয়েছে, কর্পোরেশন সেগুলো সরাচ্ছে না, কুকুরের সঙ্গে মানুষ একসঙ্গে খাচ্ছে, সুন্দর শুধু দেওয়ালের লিখন মুছলেই হল। আমার মনে পড়ে, আমি রাস্তার ময়লা নিয়ে গিয়েছিলাম, একজন আমলার বাড়ির কাছে, যিনি আমাকে লিখেছিলেন মিনিস্টার হিসাবে নোট পাঠিয়ে যে ক্যালকাটা ইজ ক্লিয়ার অফ গারবেজ। আমি তারই বাড়িতে ময়লা নিয়ে গিয়েছিলাম। কই সি, পি, আই তো আমাকে সমর্থন করে নি। আর, এস, পি সমর্থন করেনি। (**শ্রী শীশ মহম্মদ ঃ— হ্যাঁ, সমর্থন করেছিলাম।**) আমলাতন্ত্রের বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠে, যদি বলতেন আমলাতন্ত্রকে গুঁড়িয়ে দিন, কিন্তু প্রত্যেকটা কাগজে আমার বিরুদ্ধে এডিটোরিয়াল লিখে আমাকে ছুরিকাঘাত করেছেন। যারা এডিটোরিয়াল লেখেন তারা এক তলায় বসেন না, তিন তলায় এয়ার কন্ডিশন চেম্বারে বসে লেখেন। আমি যেটা নিজে চোখে দেখেছিলাম, স্মল পক্সে সেদিন কলকাতাকে ধরেছিল। কিন্তু তিনি লিখেছিলেন, Calcutta is

clean, the minister has seen garbages, I have not seen garbages. আমি নিয়ে গিয়েছিলাম। ৭ লরি ময়লা যা উত্তর কলকাতায় জমেছিল তার বাড়ির বাইরে, সেদিন স্টেটসম্যান বলল পলিটিক্যাল গিমিক, আনন্দবাজার বলল হঠকারিতা, যুগান্তর আরও গালাগালি দিলেন, কিন্তু কালান্তরে কেউ সমর্থন করে একবারও এক লাইন লেখেন নি। আমরা কোনও সময়ে কোনও ভেসটেড ইন্টারেস্টেডের বিরুদ্ধে এক যোগ হয়ে কোনওরকম রাজনৈতিক তফাৎ না রেখে একমত হতে পারছি না। যদি পারি তাহলে পশ্চিমবঙ্গের মানুষের দুঃখ লাঘব হত। সেই ধর্মঘটের সময় আমি যেয়ে বলেছি গরিব লোকেরা কষ্ট করছে আপনারা এই ধর্মঘটের বিরোধিতা করুন। হাত ধরে বলেছি। এই ধর্মঘটের ফলে আমি মন্ত্রী আমার তো কোনও অসুবিধা হচ্ছে না, আমার একটু মাথা ধরলেই আমি ই, সি, জি মেসিন পেয়ে যাচ্ছি, ক্ষতি হচ্ছে গরিব মানুষদের যারা আপনাদেরকে নির্বাচিত করে পাঠিয়েছে। ক্ষতি বস্তীবাসী মানুষদের যারা আপনাদেরকে নির্বাচিত করে পাঠিয়েছে। যদি মন্ত্রী মারা যায়, এম, এল, এ মারা যায়, সামাজিক নেতা মারা যায় সেক্ষেত্রে হৈ চৈ হয়, সেখানে দেখা হয় কার অবিচারের ফলে, কার গাফিলতির ফলে এটা হল। কিন্তু বিধবা মায়ের পুত্র সুবিমল সেন মারা গেল। কই সি, পি, আই তো সেদিন আমাকে সমর্থন করেন নি। আর, এস, পি তো বলেন নি, আপনি যা করছেন আঘাত হানছেন ভেসটেড ইন্টারেস্টের বিরুদ্ধে, সেই আঘাত আনুন। আমি সেদিন সমর্থন পাইনি, বিরোধিতা পেয়েছিলাম। কই আর এস. পি. তো এগিয়ে এসে বলেননি যে অজিতবাবু যা হোক হবে আপনি ঠিকই করেছেন—একটা স্লোগানও তো ঐ ভেস্টেড ইন্টারেস্ট যারা তাদের প্রতি ছড়ান নি, বলেন নি তো যে কিছুতেই আপনি মাথা নোয়াবেন না। আমি কোনওই সমর্থন পাইনি। তাই আজকে একথা বলা যায় একটা হচ্ছে দেওয়ালে লেখা অর্থাৎ স্লোগান কেবল দেওয়ালে লেখা স্লোগান রাইটিং আর একটা হচ্ছে রাইটিং অন দি ওয়াল অর্থাৎ একটা হল দেওয়ালে লেখা আর একটা হল দেওয়ালে লিখন। দেওয়ালে লিখন মানে কেউ যদি মনে করেন যে দেওয়ালে লেখা আছে সেটা সেটাই তাহলে ভুল হবে। দেওয়ালে লিখন রাইটিং অন দি ওয়াল অক্সফোর্ড ডিক্সনারিতে দিয়েছে কার কি ডেফিনেশন। রাইটিং অন দি ওয়াল দেওয়ালে লেখা যেটা শ্রী ঘোষাল বললেন বাইব্লিক্যাল থিওরি থেকে পেয়েছেন তার উৎপত্তি সম্বন্ধে। দেওয়্যালের লিখন মানে দেওয়ালে লেখা নয়, আর তা দেখে চমকে উঠা নয়। দেওয়ালে লিখন মানে ভবিষ্যতে যেটা আসছে হ্যাপেনিং অর্থাৎ আগে থেকে যে বলে দিতে পারে সেইরকম রাজনীতিবিদ, দুরদর্শি সমাজসেবি যেটা বলে দিতে পারেন। অক্সফোর্ড ডিক্সনারি ডেফিনেশন দিচ্ছে রাইটিং অন দি ওয়াল তার ডেফিনেশন হচ্ছে a happening fore showing downfall and disaster. যাতে পলিটিক্যাল কনসাসনেস লোকের মধ্যে আছে। আর একটা দেওয়াল লেখা কংগ্রেস গভর্নমেন্ট কিছু করতে পারে নি, সিদ্ধার্থ মন্ত্রিসভা কিছুতেই কিছু করতে পারছেন না — এটা হল দেওয়ালে লেখা — দেওয়ালে লিখন নয়। দেওয়ালে লিখন হচ্ছে অদৃপ্ত লিখন এবং সেটা পড়ত যারা দুরদর্শি মানুষ তারাই। দেওয়ালে লিখন মানে বিবেকানন্দ রোডে কর্ণওয়ালিস স্ট্রীটে, এসপ্ল্যানেড রাইটার্স বিল্ডিংস অ্যাসেম্বলি হাউসের চারিদিকে যে দেওয়ালগুলি রয়েছে তার মধ্যে লিখে দিলেই সেটা দেওয়ালে লিখন নয়। দেওয়ালে লিখন মানে দেওয়ালে হিজিবিজি কেটে দেওয়া নয়। এই জিনিসটা যদি আপনারা বুঝতে পারেন তাহলে আপনাদের মনের মধ্যে যে অসন্তোষ সৃষ্টি হয়েছে' সেটা আর থাকবে না। আমি আপনাদের অনুরোধ

করছি যে আমি যেটা বলছি সেটা ভাল করে অনুধাবন করুন। এর মানে সমস্ত কিছু বন্ধ নয়। আমি বিশ্বনাথবাবুর কাছে অনুরোধ করব শ্রী ঘোষাল মহাশয়ের কাছে অনুরোধ করব আপনারা এটা কনসিডার করুন এবং আপনাদের অপোজিশন উইথড্র করে নিন। আপনারা পোস্টার লাগিয়ে দিন, তাতে কোনও অসুবিধা নেই। কিন্তু দেওয়ালে কেন লিখে দেবেন। হয়তো একটা দেওয়াল মানুষ হোয়াইট ওয়াস করেছে একটা নিম্ন মধ্যবিত্ত পরিবার সে একটা বাড়ি তৈরি করেছে কেন সেটা নষ্ট করে দেবেন। আপনারা এটা সম্পূর্ণভাবে বিরোধিতা করবেন না। এটাকে আপনারা সুন্দরভাবে মেনে নিন এবং যাতে আরও সুন্দর করে এটাকে কার্যকর করা যায় তার ব্যবস্থা করায় সাহায্য করুন। আমরা ভেবেছিলাম যে আপনারা দাবি করবেন শুধু কলকাতায় নয় সারা পশ্চিমবাংলায় যাতে এটা চালু করা যায় তারজন্য। আজকে পদক্ষেপ হিসাবে কলকাতাকে ধরা হয়েছে। আমি আশা করি শুধু কংগ্রেস সদস্য নয়, আর এস.পি. সদস্য শীশ মহম্মদ সাহেব নয় আমাদের সি.পি.আই বন্ধু সদস্য যারা রয়েছেন সবাই মিলে এটা সমর্থন করবেন। কোনও এক রাজনৈতিক দল যেমন ধরুন আমি দেখেছি এবং আপনারাও জানেন সাবটেজ করবার জন্য দেওয়ালে আমার নামে লেখা হয়েছিল সি.পি.আই বন্ধুরা অবশ্য নিশ্চয় জানেন লেখা হয়েছিল নিপীড়িত নির্যাতন মানুষদের পাশে এসে দাঁড়ান অজিত পাঁজা। কারা এ জিনিস লিখেছিল? তারা ভেবেছিল এইরকম যদি লিখে দেওয়া হয় ইন্ডিভিজুয়েলিজম করে দেওয়া হয়, হিরো ওয়ারশিপিং করে দেওয়া হয় তাহলে কেউ সেটা বরদাস্ত করবে না, বিরোধিতা করবেন, কংগ্রেস যুবক বন্ধুরা বিরোধিতা করবেন। তাই এইরকম নজির তারা সৃষ্টি করবার চেষ্টা করেছিল। তারা তাতে এমন করে আন্দোলন করলে আপনাদের মনের মধ্যে যে ধারণা সেটা নষ্ট করে দিতে পারতো। তাই আমি আপনাদের কাছে অনুরোধ রাখছি আপনারা লিখুন। পোস্টার করে ছাপাতে হলে আইন অনুযায়ী কপি রাইট আইন অনুযায়ী যিনি ছাপাচ্ছেন তার নাম ও ঠিকানা দিতে হবে। কিন্তু এইসব দেওয়ালের লেখাতে কোনও নাম ঠিকানা থাকে না এবং তাতে স্যাবটেজ হওয়ার খুবই সম্ভাবনা থাকে। সি পি আই বন্ধুদের কাছে আমার অনুরোধ যে আপনারা তো একটা জিনিস আঁকড়ে ধরে থাকেন না। আপনাদের মডুলেশন আছে আপনাদের মনের মধ্যে আপনারা সিদ্ধান্ত চেঞ্জ করতে পারেন আপনাদের অ্যাটিচিউড চেঞ্জ করুন। আমি নেতৃস্থানীয় যারা আছেন তাদের কাছে অনুরোধ করব যে এটা নিয়ে আপনারা আঁকড়ে থাকবেন না। তাহলে ফ্যাসিজিমের মধ্যে তফাত কোথায় হচ্ছে? কনসেনট্রেশন অব পাওয়ার কোথায় হচ্ছে সেটা মনে রাখতে হবে। মডুলিটিজ কি হবে সেটা যদি না ভাবতে পারেন তাহলে ওপিনিয়ন চেঞ্জ করতে পারবেন না। এই কথা বলে আমি বিলটিকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে স্বরাষ্ট্র মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। সি.পি.আই., আর.এস.পি. সদস্যদের অনুরোধ করব আপনারা এটা সমর্থন করুন, আইনটা ভাল করে পড়ে দেখুন, এতে বাধা দেবার কিছু নেই।

শ্রী সত্য ঘোষাল ঃ স্যার, অজিতবাবু এত কষ্ট করে অক্সফোর্ড ডিকশনারি ধরে মানেটা না বোঝালেই পারতেন এটার মানে আমি বুঝি। গজেন্দ্রগামিনী মহিলা বললে মহিলাকে যে হাতি বলা হয় না, এটা যে উনি জানেন না, তা আমি জানতাম না, এরজন্য আমি দুঃখিত।

[3-20 — 3-30 p.m.]

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল প্রিভেনসন অব

ডিফেসমেন্ট অব প্রপার্টি বিল, ১৯৭৬-এর উপর অংশগ্রহণকারি মাননীয় সদস্যদের বক্তব্য আমি এতক্ষণ ধরে শুনছিলাম। মাননীয় সদস্য অজিত পাঁজা মহাশয়, নন্দলাল ব্যানার্জি মহাশয়, নারায়ণ ভট্টাচার্য মহাশয়, শরৎ দাস মহাশয় এই বিলটিকে সমর্থন করেছেন বলিষ্ঠ ভাষায় এবং সি.পি.আই. সদস্য মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী, সত্য ঘোষাল মহাশয়, আর.এস.পি.র সদস্য মাননীয় শীশ মহম্মদ সাহেব এর বিরোধিতা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি সৌন্দর্যবোধ বিকৃত সাধনের বিরুদ্ধে, কদর্যকরণের বিরুদ্ধে যেটাকে বলা যেতে পারে মুখে কালি লেপনের বিরুদ্ধে এই বিলটি এনেছি। যাদের মুখে কালি লেপা হচ্ছিল তারা মূক, এদের মুখে ভাষা নেই, যদি ভাষা থাকত তাহলে এতদিন পরে এই বিধানসভায় বিলটি আনার প্রয়োজন হত না, প্রতিবাদে তারা নিজেরাই সোচ্চার হয়ে উঠত। তাদের মুখে ভাষা নেই বলেই এই বিলটি আজকে আনার প্রয়োজন হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সৌন্দর্য রক্ষার জন্যই এই বিলটি আনা হয়েছে এবং ভেবেছিলাম এই সভার সমস্ত সভ্যই বোধ হয় সৌন্দর্যের পূজারি, অতএব সবাই বিলটিকে সমর্থন করবেন, কেউ বিরোধিতা করবেন না। মাননীয় মন্ত্রী অজিত পাঁজা মহাশয় বিরোধিতা করা সঙ্গত হচ্ছে না তিনি তার বক্তব্যের মধ্যে সেটা বেশ স্পষ্টভাবে বুঝিয়ে দিয়েছেন। বিশ্বনাথবাবু বলেছেন সৌন্দর্যবোধ শুধু এতে নষ্ট করা হচ্ছে না, সত্য ঘোষাল মহাশয় বলেছেন কলকাতা শহরের সৌন্দর্য আরও অনেক কারণে নষ্ট হচ্ছে। আগেকার দিনে কলকাতার যা চেহারা ছিল সেটা আজকে অনেক সুন্দর হয়েছে, এটা নিশ্চয়ই আপনারা লক্ষ্য করলে দেখতে পাবেন। আমি বিতর্কের মধ্যে আর যাচ্ছি না। কিছুক্ষণের জন্য আমি ধরেও নিই যে হ্যাঁ তাদের কথার কিছুটা সত্যতা আছে তাহলে কি আমরা বলব যেহেতু আরও কিছু সৌন্দর্যের পরিপন্থি আছে, অতএব কোথাও আরম্ভ করব না? কাজেই সেইভাবে আমরা তো চুপ করে বসে থাকতে পারি না, অন্তত একটা জায়গায় আমাদের হাত দিতেই হবে। সেইজন্য আমরা এখান থেকেই আরম্ভ করেছি। বিশ্বনাথবাবু রাজনৈতিক প্রভাব বিস্তারেরর জন্য দেওয়াল লিখন, পোস্টার ব্যবহার করা হয়, এটা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেওয়ালে রাজনৈতিক স্লোগান লেখার দিন আর আছে বলে আমি মনেকরি না। সেদিন এখন শেষ হয়ে গেছে। তাই আমি বলি ওদের আতঙ্কিত হবার কিছু নেই। আজকে জনসেবার কাজ করে মানুষের মন জয় করতে হবে। তাই বলি আমাদের নেত্রী শ্রীমতী গান্ধী যে পথে চলেছেন সেই পথকে যদি আমরা অনুস্মরণ করে চলি তাহলেই মঙ্গল হবে, বিরোধিতা করে কোনও লাভ হবে বলে আমি মনে করি না। শীশ মহম্মদ সাহেব এর সাথে ইমার্জেন্সির কথা এনেছেন, গণতন্ত্র নেই ইত্যাদি কথা বলেছেন। উনি ধান ভাঙতে শিবের গীত গেয়েছেন কাজেই এর জবাব দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। যাহোক, যারা এই বিতর্কে অংশ গ্রহণ করেছেন তাদের ধন্যবাদ অভিনন্দন জানিয়ে কলকাতাকে সুন্দর সুশ্রী করে তোলার দিকে লক্ষ্য রেখে আমি আশা করি আপনারা সবাই এই বিলটিকে সমর্থন জানাবেন।

The motion of Dr. Motahar Hossain that the West Bengal Prevention of Defacement of Property Bill, 1976, be taken into consideration was then put and a division taken with the following result :-

[6th March, 1976]

AYES

Abdur Rauf Ansari, Shri

Banerjee, Shri Nandalal,

Bharati, Shri Ananta Kumar

Bhattacharya, Shri Narayan,

Chakrabarty, Shri Bhabataran

Das, Shri Jagadish Chandra

Das, Shri Sudhir Chandra

Gyan Singh, Shri Sohanpal

Hembram, Shri Patrash

Lakra, Shri Denis

M. Shaukat Ali, Shri

Mandal, Shri Santosh Kumar

Md. Safiullah, Shri

Md. Shamsuzzoha, Shri

Mitra, Shri Haridas

Motahar Hossain, Dr.

Mukhopadhyaya, Shri Ajoy

Mundle, Shri Sudhendu

Palit, Shri Pradip Kumar

Panja, Shri Ajit Kumar

Paul, Shri Bhawani

Pramanick, Shri Gangadhar

Ram, Shri Ram Peyare

Roy, Shri Debendra Nath

Roy, Shrimati Ila.

Saha, Shri Nirad Kumar

Sinha, Shri Debendra Nath

Sinha, Shri Panchanan

NOES

Bhattacharya, Shri Sakti Kumar

Bhattacharya, Shri Harasankar

Chakrabarti, Shri Biswanath

Dhar, Shri Sachindra Kumar

Ganguly, Shri Ajit Kumar

Ghosal, Shri Satya

Lahiri, Shri Somnath

Mitra, Shrimati Ila.

Mukhopadhyaya, Shri Girija Bhusan

Murmu, Shri Rabindra Nath

Panda, Shri Bhupal Chandra

Sarkar, Shri Nitaipada

Shish Mohammad, Shri

The Ayes being 28 and the Noes 13 the motion was carried.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Speaker : There is one amendment by Shri Shish Mohammad, amendment No.6. Are you going to move it ?

Shri Shish Mohammad : Sir, I beg to move that in clause 2(b), line 2, the words beginning with "tree" and ending with "erection" be omitted.

[6th March, 1976]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য রাখবার সময়ে বলেছি কাজেই আর নুতন করে বলার কিছু নেই। আমি অ্যামেন্ডমেন্ট মুভ করছি। তবে উনি বলেছেন যে ধান ভাঙতে শিবের গীত গাইলেন। উনি কিন্তু ঢেকি ভাঙতে শিবের গীত গেয়েছেন।

ডাঃ মোতাহার হোসেন ঃ আমি প্রত্যাখ্যান করছি।

The motion of Shri Shish Mohammad that in clause 2 (b), line 2, the words beginning with "tree" and ending with "erection" be omitted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3 to 7 and Preamble

The question that clauses 3 to 7 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Motahar Hossain : Sir, I beg to move that the West Bengal Prevention of Defacement of Property Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion of Dr. Motahar Hossain that The West Bengal Prevention of Defacement of Property Bill, 1976, as settled in the Assembly, be passed, was then put and a division taken with the following results :-

AYES

Abdur Rauf Ansari, Shri

Banerjee, Shri Nandalal,

Bharati, Shri Ananta Kumar

Bhattacharya, Shri Narayan,

Chakrabarty, Shri Bhabataran

Das, Shri Jagadish Chandra

Das. Shri Sudhir Chandra

Gyan Singh, Shri Sohanpal

Hembrom, Shri Patrash

Lakra, Shri Denis

M. Shaukat Ali, Shri

Mandal, Shri Santosh Kumar

Md. Safiullah, Shri

Md. Shamsuzzoha, Shri

Mitra, Shri Haridas

Motahar Hossain, Dr

Mukhopadhyaya, Shri Ajoy

Mundle, Shri Sudhendu

Palit, Shri Pradip Kumar

Panja, Shri Ajit Kumar

Paul, Shri Bhawani

Pramanick, Shri Gangadhar

Ram, Shri Ram Peyare

Roy, Shri Debendra Nath

Roy, Shrimati Ila.

Saha, Shri Nirad Kumar

Sinha, Shri Debendra Nath

Sinha, Shri Panchanan

NOES

Bhattacharya, Shri Sakti Kumar

Bhattacharya, Shri Harasankar

Chakrabarti, Shri Biswanath

Dhar, Shri Sachindra Kumar

Ganguly, Shri Ajit Kumar

Ghosal, Shri Satya

[6th March, 1976]

Lahiri, Shri Somnath

Mitra, Shrimati Ila.

Mukhopadhyaya, Shri Girija Bhusan

Murmu, Shri Rabindra Nath

Panda, Shri Bhupal Chandra

Sarkar, Shri Nitaipada

Shish Mohammad, Shri

The Ayes being 28 and the Noes 13, the motion was carried.

GENERAL DISCUSSION ON THE BUDGET FOR 1976-77

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রী শঙ্কর ঘোষ মহাশয় ১৯৭৬-৭৭ সালের যে বাজেট পেশ করেছেন তার উপর এই পর্যন্ত অনেক আলোচনা এবং সমালোচনা হচ্ছে, আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কয়েকটি বক্তব্য রাখছি। যার উপর নির্ভর করছে প্রশাসন যন্ত্র পশ্চিমবঙ্গ সরকারের, সেই সরকারি কর্মচারী যাদের উপর সমস্ত কিছু নির্ভর করছে, সেই হাজার হাজার সরকারি কর্মচারিদের জন্য অর্থমন্ত্রী মহাশয় কিছু সংস্থান রাখেননি। অর্থমন্ত্রী মহাশয় ১৯৭৬-৭৭ সালের বাজেটে যে দু কোটি ৯২ লক্ষ্য টাকা উদ্বৃত্ত দেখিয়েছেন, তাতে আশা করেছিলাম এই হতভাগ্য সরকারি কর্মচারিদের জন্য ছিটে ফোটা অন্ততঃ বক্তব্য তিনি রাখবেন। কিন্তু দুঃখের বিষয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাদের উপর বর্তমানে প্রশাসন যন্ত্র নির্ভর করছে, এবং যাদের উপর আজকে আমাদের পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত মন্ত্রীদের ফাইল বা কাগজ পত্র সবকিছু নির্ভর করছে, সেই সরকারি কর্মচারিদের সম্বন্ধে কোনওরকম বক্তব্য নেই। এটা বড়ই দুঃখজনক ব্যাপার মাননীয় অধ্যক্ষ মহাশয়। আমি জানি না কেন তাদের প্রতি এই অনমনীয় মনোভাব নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রী বা পশ্চিমবঙ্গ সরকার দেখাচ্ছেন।

শ্রী নিতাইপদ সরকার : অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, বর্তমানে মনে হয় হাউসের কোরাম নেই। সকাল বেলা স্পিকার মহাশয় বলেছিলেন যে কোরাম না থাকলে হাউস চালানো সম্ভব নয়। বর্তমানে আমার মনে হয় হাউসের কোরাম নেই, সুতরাং আপনি দয়া করে রিসেস দিয়ে দিলে ভাল হয়।

(At this stage the Quarum Bell was rung)

[3-30 — 3-40 p.m.]

শ্রী রবীন্দ্র ঘোষ : আমরা যারা বিধান সভায় এসেছি, পশ্চিমবঙ্গের আপামর জনসাধারণের দ্বারা নির্বাচিত হয়ে এসেছি। এই জনসাধারণের মধ্যে সরকারি কর্মচারীও আছে, তারা অনেক গরিব নিরন্ন মানুষের ঘর থেকে লেখাপড়া শিখে সরকারের চাকরি পেয়েছে।

তারা আজকে আশা করেছিল পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রীর বিবৃতির মধ্যে অন্তত তাদের সম্বন্ধে ছিটে ফোঁটা বক্তব্য থাকবে। কিন্তু তা না থাকা যে সেই গরিব গ্রাম থেকে আসা খেটে খাওয়া মানুষের ঘর থেকে লেখাপড়া শিখে সরকারি কর্মচারী হয়েছে যারা, তারা আজকে হতাশ হয়ে পড়েছে। এত উন্নতির কথা বলা হয়েছে, অথচ সরকারি কর্মচারিদের সম্বন্ধে এই বাজেট বক্তৃতার মধ্যে কোনও কথা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার এবং ভারতবর্ষের প্রধানমন্ত্রী, ভারতবর্ষের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন সারা ভারতবর্ষের উন্নতি করবার জন্য নানারকম পরিকল্পনা গ্রহণ করছেন সেই পরিপ্রেক্ষিতে আজকে পশ্চিমবঙ্গের বেকাররা আশা করেছিল যে এবার হয়ত তাদের কর্মসংস্থান হবে। গত ২৮ বছর ধরে তারা এই সরকারের কাছ থেকে কেবল আশার কথাই শুনে আসছে। কিন্তু আজকে সেই বেকার যুবকদের সম্বন্ধে এই বাজেট বক্তৃতার মধ্যে কোনও উল্লেখ নেই। শ্রীমতী ইন্দিরা গান্ধীর ঘোষিত যে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচি, সেই ২০ দফা কর্মসূচির অনুযায়ী আজকে পশ্চিমবঙ্গ সরকার জোর গলায় ঘোষণা করছে যে, ভূমিহীন কৃষকদের তারা জমি দিয়েছে তারা জমির মালিক হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই পশ্চিমবঙ্গ বিধানসভায় দাঁড়িয়ে জোর গলায় বলতে পারি জমি হয়ত খাতা-কলমে তাদের দেওয়া হয়েছে, কিন্তু তারা জমির মালিক হয়নি। সেই জোতদার, সেই জমিদার, যারা দীর্ঘদিন ধরে স্বনামে, বেনামে, ভেস্টেড ল্যান্ডকে দখল করে রেখেছিল সেই জমি তাদের হাতেই রয়েছে। আর খাতা-কলমে কৃষকদের জমি বিলি করা হয়েছে। এখানে দাঁড়িয়ে আমাদের মুখ্যমন্ত্রী জোর গলায় প্রচার করলেন যে, দেশে আর বাস্তুহীন নেই, বাস্তুহীনদের পাট্টা দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পাট্টা ঐ খাতায়-কলমেই দেওয়া হয়েছে, পাট্টার কাগজ বাস্তুহীনদের কাছে গিয়ে পৌঁছয়নি। আমি এই নিয়ে অনেক তদন্ত করেছি, আমি দেখেছি সেই পাট্টার কাগজ সরকারি দপ্তরেই রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে জোর গলায় বলা হয় যে গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে '৭২ সালে এই জনপ্রিয় সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর বিদ্যুৎ-এর তার গিয়েছে, পোস্ট গিয়েছে, সেই শাল-খুঁটি গ্রামে গ্রামে গিয়ে পৌঁছেছে, কিন্তু চার বছর ধরে সেখানে বিদ্যুৎ গিয়ে পৌঁছয়নি। আমি একটি দৃষ্টান্ত দিচ্ছি, উলুবেড়িয়া থেকে বাগনডা-বেলাড়ী পর্যন্ত যে রাস্তা সেই রাস্তায় হাজার হাজার টাকার শাল-বল্লা পোস্ট এবং তার নিয়ে যাওয়া হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেখানে ইলেক্ট্রিকের দেখা নেই। কলকাতা শহরে হয়ত যেখানে ১০০ পাওয়ারের বাল্ব ছিল সেখানে ৫০০ পাওয়ারের বাল্ব লাগানো হচ্ছে এবং কলকাতাকে সুন্দর করা হচ্ছে। কিন্তু গ্রামের বিদ্যুৎ দেবার যে কথা ছিল, তার আজ পর্যন্ত কিছু হল না, শাল-বল্লা পোস্ট দিয়ে পৌঁছিয়েছে, তার গিয়েছে, কিন্তু বিদ্যুৎ গিয়ে পৌঁছয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভাগচাষিদের অধিকার দেওয়া হচ্ছে, আজকে অবস্থাটা কি, জমিদার, জোতদাররা, ভাগচাষিদের বিরুদ্ধে নানারকম কেস করে, পুলিশের সহায়তা নিয়ে উচ্ছেদ করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ ২৮ বছর আমাদের দেশ স্বাধীন হয়েছে, কিন্তু আজকে জরুরি অবস্থাকে সামনে রেখে শিল্পাঞ্চলের শ্রমিকদের ওপর যে অত্যাচার হচ্ছে তা স্বাধীনতার পর এই ২৮ বছরের মধ্যে আর কখনও হয়েছে কিনা সন্দেহ আছে। যুক্তফ্রন্ট সরকারের আমলে শিল্পে অশান্তি ছিল, ক্লোজার হয়েছিল, লে-অফ হয়েছিল, লক আউট হয়েছিল। সেইরকম আজকেও দেখুন প্রেমচাঁদ জুট মিল ই-সিই কোং সারেঙ্গাবাদ, বাটা কোম্পানি প্রভৃতি কোম্পানি বন্ধ হয়েছে। তারপর ফুলেশ্বরের গুজরাট কটন মিল, যেখানে

[6th March, 1976]

কোনওদিন কোনও গন্ডগোল দেখা যায়নি, সেখানে আজকে প্রোডাকশন কম হচ্ছে বলে শ্রমিকদের বেতন থেকে ২০% থেকে ৩০% কেটে নেওয়া হচ্ছে। তারপর আজকে দিকে দিকে জরুরি অবস্থাকে সামনে রেখে পুলিশের প্রশাসন যন্ত্র সাধারণ মানুষের ওপর অত্যাচার করছে।

বর্তমান সরকার ফেরিওয়ালাদের বেকারত্ব দূর করতে পারেননি। তারা নিজেদের জীবন বিপন্ন করে কিছু উপায় করছিল। কিন্তু রেলে তাদের monthly ticket থাকা স্বত্ত্বেও জি আর পি, সি আর পি এবং রেলওয়ে কর্মচারিরা তাদের উপর অত্যাচার করে তাদের উপায়ের পথে বাঁধা সৃষ্টি করছে। ২০ দফা কর্মসূচি রূপায়িত করার জন্য যে জরুরি অবস্থা প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন এবং ভারতবর্ষকে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল ও সাম্রাজ্যবাদিদের হাত থেকে বাঁচাবার জন্য যে জরুরি অবস্থা সেই সময়ে গরিবদের উপর অত্যাচার হচ্ছে এবং মালিকও জোতদারদের নানাভাবে সাহায্য করা হচ্ছে। এই বলে আমি শেষ করছি।

শ্রী গঙ্গাধর প্রামানিক ঃ ট্রেজারি বেঞ্চে যখন কেউ নেই তখন বক্তব্য রাখা সমীচিন নয়। আপনি ১০ মিনিট চা খাবার জন্য বন্ধ দিন।

ডেপুটি স্পিকার ঃ আমি খবর পাঠিয়েছি আপনি শুরু করুন।

[3-40 — 3-50 p.m.]

শ্রী গঙ্গাধর প্রামানিক ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন তা হচ্ছে ইট ইজ এ প্র্যাগম্যাটিক অ্যাপ্রোচ টু আওয়ার ২০ পয়েন্ট প্রোগ্রাম। অন্যান্য বৎসরের মতন এবারের বাজেট গড্ডালিকা বাজেট নয়। একটা পজিটিভ ও রিক্রেটিভ ভিউ নিয়ে এই বাজেট উপস্থিত হয়েছে। সেজন্য এই বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি ২/১টি কথা বলতে চাই। এই বাজেট সম্পর্কে অর্থমন্ত্রী বলেছেন যারা অবহেলিত সম্প্রদায় এবং যারা ভূমিহীন গরিব চাষী। প্রান্তিক চাষী তাদের স্বার্থের দিকে চেয়ে আমরা যে ভূমি সংস্কার করেছি তার মাধ্যমে কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কিন্তু আমরা যদি এই বছরের বাজেট সেসানের বক্তৃতা শুনি এবং এর আগে যে সেসান হয়েছিল তখনকার মাননীয় সভ্যদের বক্তৃতা দেখি তাহলে দেখব আমরা ভূমি সংস্কার করে যে সমস্ত প্রান্তিক চাষী এবং ভূমিহীন চাষিকে চাষ করবার এবং বাস করবার জন্য জমি দিয়েছি সেই জমিগুলি তাদের দখলে আন:তে পেরেছি কিনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি আজকের কাগজ পড়ে দেখেন তাহলে দেখবেন প্রাইম মিনিস্টার চিফ মিনিস্টার্স কনফারেন্সে বলেছেন যে ভূমি রাজস্ব বিভাগের কর্মচারী এবং জোতদারদের একটা গোপন ষড়যন্ত্র আছে, একটা আনহোলি আঁতাত আছে, এটা আমার কানে এসেছে এবং আমার কাছে লিখিতভাবে বলা হয়েছে। এই আনহোলি অ্যালায়েন্স সম্বন্ধে তিনি উক্তি করেছেন এবং বলেছেন যে আজকে আইন যেরকমে তাদের অধিকার রক্ষা করার পক্ষে বাধা সৃষ্টি করছে তাতে সেই আইনের ভেতর সরলতা আনার দরকার হয়ে পড়েছে। আমার নিজের বক্তব্য আজকে যারা ব্যবহারজীবী এবং আইনজীবী তারা দু'পক্ষকেই সমর্থন করেন তারা তাদের পেশা চালাবার জন্য যেমন জোতদার পক্ষ সমর্থন করেন তেমনি যারা প্রান্তিক চাষি ভূমিহীন চাষি এবং যারা অত্যাচারিত মানুষ তাদের পক্ষও সমর্থন করেন। এরা একটা জাত যে জাতের তুলনা হয়না। সেজন্য প্রাইম মিনিস্টার

বলেছেন যে আইনজীবিদের চরিত্র সংশোধন করার প্রয়োজন দেখা দিয়েছে, দরিদ্র মানুষের যেটা প্রয়োজন আছে তার দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে তারা যেন পেশা চালান, খালি নিজেদের অর্থ রোজগার করার জন্য তারা যেন আইনের বেসাতি না করেন। এই ওয়ারনিং প্রাইম মিনিস্টার দিয়েছেন। তাই আজকে যারা আইনজীবী আছেন তাদের আমি আপনার মাধ্যমে সজাগ করে দিতে চাই, যে আইন আমরা প্রণয়ন করছি প্রান্তিক ভূমিহীন চাষিকে রক্ষা করবার জন্য, সমাজের নিপীড়িত মানুষদের রিলিফ দেওয়ার জন্য আমরা যে সমস্ত আইন প্রণয়ন করছি তার বাধা সৃষ্টি যেন তারা না করেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন আমার নিজের কনস্টিটিউয়েন্সিতে এইরকম কেস আছে যেখানে পাট্টা বিলি করা হয়েছে সেই পাট্টা বিলির বিরুদ্ধে সিভিল রুল করে তার এগেন্সটে সিভিল কেস করা হয়েছে এবং তার উপর সমন জারি করা হয়েছে। এই গরিব মানুষ যারা ভিটেমাটি নেই তাকে পাট্টা দেওয়া হয়েছে, তার বিরুদ্ধে সিভিল কেস করা হয়েছে। স্যার, এই যে পাট্টা বিলি করা হয়েছে এটা নিশ্চয়ই সাধারণ বুদ্ধিতে বলে যে সেটা সরকারের খাস জমি এবং সরকারি খাস জমি বিলি করার পর তার বিরুদ্ধে সিভিল কেস হয় এবং হাকিম এতই বুদ্ধিমান যে যাকে পাট্টা দেওয়া হয়েছে তার বিরুদ্ধে সিভিল কেসের সমন দেন। যারা বিচারক হয়ে বসেছেন তাদের বুদ্ধির দৌড় যদি এইরকম হয় তাহলে ২০ দফা কর্মসূচিকে সফল করার জন্য এই যে প্রচেষ্টা চলছে এই প্রচেষ্টা ফলপ্রসু হবে বলে আমি মনেকরি না। সেজন্য সরকার পক্ষ থেকে এই বিষয়ে সচেতন হওয়া দরকার যে এই সমস্ত যারা হাকিম আছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার প্রয়োজন দেখা দিয়েছে। আজকে আমরা জমি দিয়েছি, কিন্তু আমাদের দেখতে হবে তাদের ক্রয় শক্তি বেড়েছে কিনা। এটা টু আরলি টু সে, জমি তাদের দেওয়া হয়েছে, তারা চাষ করবে, সময়মত বীজ পাবে, তারপর তার থেকে রোজগার হবে, হলে তারা তাদের অবস্থা পরিবর্তন করতে পারবে। আমরা আশা করছি বীজ সার জল টাকা তাদের চাষ করার ব্যবস্থা এইগুলি যদি ঠিক ঠিক সময়ে তাদের কাছে পৌঁছে দিতে পারি তাহলে আমরা যেটা চাইছি সেটা হবে।

আমাদের ভাবতে হবে আমাদের যে সমস্ত গরিব মানুষ আছে তারা আজকে কি খাবার খাচ্ছে পুষ্টিকর খাবার খাচ্ছে কিনা। এটা নিয়ে বিচার বিবেচনা করে দেখতে হবে। আজকে আমরা দেখছি আমাদের কাছে রিপোর্ট আসছে এবং আমরা স্ট্যান্ডার্ড ক্লথ তৈরি করবার জন্য বলে দিয়েছি এই সমস্ত গরিব মানুষদের জন্য যাতে তারা একটা কাপড় পরতে পারে, কারণ অধিকাংশ গরিব মানুষ গামছা বা ট্যানা পরে থেকে কোনওরকমে তারা লজ্জা নিবারণ করে। এই স্ট্যান্ডার্ড ক্লথ পরে যাতে তারা কোনওরকমে লজ্জা নিবারণ করতে পারে তারজন্য আমরা মিল থেকে স্ট্যান্ডার্ড ক্লথ প্রডিউস করছি। কিন্তু স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন এই ৫/৬ দিন আগে যারা স্ট্যান্ডার্ড ক্লথ প্রডিউস করে সেই সমস্ত মিল মালিকদের নিয়ে আমাদের লেবার মিনিস্টার একটা মিটিং ডেকেছিলেন। সেখানে মিল মালিকরা বলল যে স্যার, এই সমস্ত স্ট্যান্ডার্ড ক্লথ আমাদের গুদামজাত হয়ে পড়ে আছে, বিক্রি হচ্ছে না তাহলেই স্যার, সরকারকে ভেবে দেখার প্রয়োজন যে প্রয়োজনের তুলনায় বেশি তৈরি হয়েছে, না বিশেষ করে যাদের জন্য তৈরি হয়েছে তাদের কেনার সামর্থ নাই। আজ এর একটা সমীক্ষা করে দেখা প্রয়োজন এবং এই যে গরিব লোকেরা যা খাচ্ছে তাতে ক্যালোরি ভ্যালু

অব ফুড কতখানি আছে এবং নিউট্রিসাস ফুড কিনা এরও একটা স্টাডি করা দরকার। তারপর স্যার, যাদের জমি দেওয়া হয়েছে অর্থের ব্যবস্থা করা হয়েছে সেটা সফল হয়েছে কিনা আমাদের সেই প্রচেষ্টা সার্থক হয়েছে কিনা সেটাও আমাদের দেখতে হবে। সেজন্য স্যার, আমি বিনীতভাবে নিবেদন করব এই সমস্ত জিনিসের প্রত্যেকটি স্ট্যাটিসটিক্স নিয়ে একটা স্টাডি টিম গঠন করা দরকার এবং সেটা এখনই প্রয়োজন হয়ে পড়েছে। তারপর পরিকল্পনা আঞ্চলিক বৈষম্য সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী ১৫ পাতায় বলেছেন যে যে সমস্ত অনুন্নত জায়গা পশ্চিমবাংলার ভেতরে আছে সেখানে বিশেষ করে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিন্তু স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন মাত্র ৬০ লক্ষ্য টাকা সুন্দরবন অঞ্চলে দেওয়া হয়েছে যেখানে আদিবাসী এবং তফসিলি জাতির সংখ্যা প্রায় ৭০ ভাগ এবং অনগ্রসর মুসলমান চাষির সংখ্যা প্রায় ২৫ ভাগ সেখানে মাত্র ৬০ লক্ষ্য টাকা বরাদ্দ করা হয়েছে। গত বৎসর সুন্দরবন পরিকল্পনার জন্য যে কাজ করা হয়েছে তার সব টাকাটাই খরচ করা হয়েছে। এই পুস্তকেই সেটা বলা আছে সুন্দরবন পরিকল্পনা বোর্ড তারা সেই সমস্ত টাকা দিয়ে বিভিন্ন জায়গায় বাঁধ এবং রাস্তা তৈরি করেছেন। গরিব মানুষেরা যাতে পারাপার করতে পারেন তারজন্য পোল এবং জেঠি তারা করেছেন। আপনি স্যার, জানেন যে সুন্দরবন নদী সঙ্কুল জায়গা, সেজন্য সেখানে ছোট ছোট খাল বিলের উপর পোল তৈরি করা হয়েছে। ইমার্জেন্সির জন্য যেটুকু কাজ করা দরকার সেগুলি তারা করেছেন। এখানে যদি ৩/৪ কোটি টাকা বরাদ্দ করা না হয় তাহলে আমি মনে করব অন্যান্য উন্নত জেলায় যে সমস্ত টাকা দেওয়া হয়েছে সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ডের হাতে যদি সেই পরিমাণ টাকা দেওয়া না হয় তাহলে অবিচার করা হবে। সেজন্য মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব যে সাপ্লিমেন্টারি বাজেট যখন পেশ করবেন তখন বিচার বিবেচনা করে যেন টাকার অঙ্ক বাড়িয়ে দেন।

শ্রী নিতাইপদ সরকার : স্যার, কোরাম আবার ফেল করেছে। আপনি হাউস বন্ধ করে দিন।

শ্রী গঙ্গাধর প্রামানিক : স্যার, এখানে ২৫ পাতায় কর ধার্যের লক্ষ্য হিসাবে বলেছেন; আমাদের লক্ষ্য হল সমাজের অপেক্ষাকৃত সচ্ছল অংশ থেকে সম্পদ সংগ্রহ করে সেই সম্পদ পরিকল্পনার ভিত্তিতে উৎপাদনমূলক ও সমাজকল্যাণ কর্মসূচিতে বিনিয়োগ করা। 'আজকে এই সমাজকল্যাণ সম্পর্কে আমি কিছু বক্তব্য এখানে রাখবো। এখানে অজিতবাবু আছেন, আজকে স্পিকার নেই, আপনি আছেন, গতদিন এই সম্পর্কে সফিউল্লা সাহেব কিছু বলতে চেষ্টা করছিলেন তখন জয়নাল সাহেব বলে উঠলেন 'আবার ও কি কথা' এবং স্পিকার মহাশয়ও বললেন ও কথা থাক, কিন্তু আজকে এই যে টাকা খরচ করা হচ্ছে সমাজ কল্যাণের নাম করে এবং অন্যান্য সরকারি দপ্তর তাদের কার্যকলাপ থেকে যে অবস্থা হয়েছে তাতে আমি সরকারকে বলবো যে সমস্ত টাকাটাই নষ্ট করা হচ্ছে। স্যার, আমি গত বৎসরের বাজেট আলোচনায় বলেছিলাম এবং যখন একসাইজ অ্যামেন্ডমেন্ট বিল এসেছিল সেই সময় বলেছিলাম যে যখন মদ খাওয়া মানুষের বন্ধ করতে পারবেন না, মদ বন্ধ হবেনা, এটা চলবেই, তখন এই যে সমস্ত মানুষ, শ্রমিক, গরিব চাষি, যারা এই নেশা করে ফেলেছে, অভ্যাস করে ফেলেছে, যতদিন এই মদ খাওয়ার ব্যবস্থা থাকবে ততদিন এই গরিব মানুষ, এরা মদ খাবেই। কারণ সমাজ কল্যাণে এমন ব্যবস্থা নেই যাতে এই সমস্ত লোককে শিক্ষা

দিয়ে এটা বন্ধ করা যায়। সেখানে আজকে এই যারা গরিব মানুষ, যারা দেশি মদ খায় সেই দেশি মদের দাম আজকে যে পর্যায়ে গিয়ে উঠেছে তাতে তা খাওয়া অসম্ভব হয়ে দাঁড়িয়েছে, এবং তারা আজকে চোলাই মদের আড্ডায় গিয়ে তা খাচ্ছে। কিছুদিন আগেই আপনি দেখেছেন, খবর বেরিয়েছিল, কিছু লোক সেই চোলাই মদ খেয়ে মারা গিয়েছে। সমাজকল্যাণ ব্যবস্থায় চোলাই মদ গ্রামে গ্রামে হয়েছে, প্রত্যেক জায়গায় এই সমস্যা বেড়ে উঠেছে দিনের পর দিন, পুলিশের সহযোগিতায়, একসাইস ডিপার্টমেন্টের সহযোগিতায় এই সমস্ত চোলাই মদের আড্ডা বেড়ে উঠছে। এই জিনিস বন্ধ করবার কোনও উপায় নেই। হয়তো বলবেন যে গত মাসে, কি একমাসে এতগুলি কেস ধরেছেন, ঠিকই, কিন্তু তার পরের সপ্তাহেই দেখবেন যে সেই সমস্ত জায়গায় সেই চোলাই মদের আড্ডা আবার বসছে। যদি বলেন মদ বন্ধ করে দেবেন, তাহলে আমরা সকলেই তা স্বাগত জানাব, এই হাউসের প্রত্যেক মেম্বারই একমত হবেন যে বন্ধ করে দেওয়া হোক। কিন্তু সবচেয়ে আশ্চর্যের কথা, স্ট্যাটিসটিক্স নিয়ে দেখলে দেখা যাবে যে ভদ্র সমাজ, সফিসটিকেটেড যারা, বিশেষ করে যারা আইনজীবী ও ব্যবহারজীবী, তাদের মধ্যেই দেখা যাবে যে শতকরা ৮০ জন এই জিনিস সেবন করেন এবং যারা আইন প্রণয়ন করেন তারাই। আজকে আপনি জানেন, একটা কথা আছে ফ্রেন্ডশিপ লাইজ ইন থ্রি তিনটি জিনিসে, গ্লাস, গ্লাস, অ্যান্ড বাস। এই গ্লাসের ব্যাপারে যারা শুধু ফরেন লিকার খায়, সেই ফরেন লিকারের গায়ে আপনারা হাত দেবেন না, সেটা যে কোনও দামেই বিক্রি হচ্ছে, কিন্তু কান্ট্রি স্পিরিট, যেটা সাধারণ গরিব মানুষ খায় সেই গরিব মানুষের স্বার্থ রক্ষা করার দৃষ্টিভঙ্গি যারা আইন প্রণয়ন করেন তাদের নেই।

আজকে তাদের ঠেলে দেওয়া হচ্ছে চোলাইয়ের আড্ডা খানায় এবং তারা সেই আড্ডা খানায় গিয়ে তাদের চরিত্র নষ্ট হচ্ছে। সমাজ কল্যাণের লক্ষ্য লক্ষ্য টাকা এভাবে খরচ হয়ে যাবার জন্য উদ্দেশ্য সম্পূর্ণ বরবাদ হয়ে যাচ্ছে। আজকে লোকের চরিত্র গঠনের দায়িত্ব আমরা নিচ্ছিনা, এমন কাজের দায়িত্ব নিচ্ছি যাতে মানুষের চরিত্র হনন হয়, সমাজ ব্যবস্থা অচল করে দেবার ব্যবস্থা হয়। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব যে এই সমস্ত দিকে দৃষ্টি দিন এবং দৃষ্টি দিয়ে যদি পরিচালনা করেন, তাহলে দেশের কল্যাণ হবার সম্ভাবনা আছে। পেজ টুয়েন্টি থ্রিতে পথ সংরক্ষণ ভান্ডারের ব্যবস্থা করেছেন। দিস ইজ এ ডাইরেক্ট অ্যাপ্রোচ, ইন্ডাইরেক্ট অ্যাপ্রোচ আছে। আজকে পশ্চিমবাংলার নরম মাটির উপর পাকা রাস্তার উপর দিয়ে যাতায়াতে গাড়ির টনেজ ফিক্স করে দিতে হবে। যে সমস্ত ল্যাডেন ভিহিকল যায় তারা বেশি টন মাল নিয়ে যায় বলেই এই সমস্ত রাস্তা ভেঙে যায়। যে রাস্তা দিয়ে এই সমস্ত গাড়ি যায় তার অবস্থা অত্যন্ত খারাপ হয়। সেজন্য ইন্ডাইরেক্ট অ্যাপ্রোচ হচ্ছে যে সমস্ত মালবাহি লরি যাবে তার টনেজ সম্বন্ধে রেস্ট্রিকশন হয় তাহলে সুন্দর হয় এবং এই টাকা সুন্দরভাবে ব্যয় হবারও সম্ভাবনা।

আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। সেটা হচ্ছে পিপলস ইনভলভমেন্ট দরকার। এ সম্বন্ধে প্রাইম মিনিস্টারও বলেছেন। আমিও একথা বিশ্বাস করি। আজকে দেশের উন্নতি করতে গেলে দেশের মানুষ যদি সক্রিয় সহযোগিতা করে, তাহলে দেশের উন্নতি হবার সম্ভাবনা এবং সরকারের যে অর্থ এবং পলিসি তারও একটা সার্থক রূপায়ণ হতে পারে। কিন্তু আপনি দেখেছেন গ্রামে বিশেষ করে রুর‍্যাল এরিয়াতে মানুষের

[6th March, 1976]

সঙ্গে সংযোগ রক্ষা হয় ব্লক অফিসারদের মাধ্যমে, সেখানে ব্লক অফিসার এবং এগ্রিকালচারাল এক্সটেনশন অফিসার, কো-অপারেটিভ অফিসার এবং এই সমস্ত পর্যায়ে যে সমস্ত অফিসার আছেন, তাদের উপর এত কাজের চাপ বেড়েছে যে তাদের যে বেতনের যে হার তা কিছুটা বাড়ানো উচিত এবং সে বিষয়ে সরকারের চিন্তা করা উচিত। তারা যদি কাজে উৎসাহ পায় তাহলে, জনসংযোগে যে মেইন মিডিয়াম ব্লক ডেভেলপমেন্ট অফিসার, গ্রামে উন্নতি বাড়বে। আমি এ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

শ্রী অজিতকুমার পাঁজা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ কয়েকজন সদস্যের বাজেটের উপর বক্তৃতা শুনছিলাম। আমাদের আজকের দিনের শেষ বক্তা যে কথাগুলি বললেন, তাতে তিনি কতকগুলি পার্টিকুলার ইন্সটেন্স তুলে ধরার চেষ্টা করছিলেন এবং তিনি বললেন গ্রামের মধ্যে যারা কাজ করছে, তাদের আর্থিক উন্নতির কথা এবং তিনি চোলাই মদ সম্বন্ধেও কতকগুলি কথা বললেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জেনারেল ডিসকাশন অব বাজেটে বক্তা নিশ্চয়ই পার্টিকুলার রেফারেন্স রাখবেন কিন্তু সামগ্রিকভাবে এই বাজেট ঠিক এই সময়ে আমাদের পশ্চিমবাংলার উপযোগি কিনা, সেগুলি আমাদের বিশেষ করে দেখা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেটের শুধু বইয়ের পাতায় আমাদের অর্থমন্ত্রী যেটা লিখেছেন সেগুলি দেখে কাগজে যদি হিসাব নিকাশ করা যায় তাহলে নিশ্চয়ই টাকার অঙ্কে বাজেট উদ্বৃত্ত হয়েছে এবং ঘটনার কথা যা লেখা আছে, সেটা বাজেট বক্তৃতায় আমাদের অ্যাসেম্বলির পবিত্র মন্দিরে বলা হয়েছে। সুতরাং তা সত্য। কাজেই বাজেটে যা লেখা আছে শুধু সেগুলি বিচার না করে, মাননীয় সদস্যগণ যে কথাগুলি বলেছেন, বিশেষ করে সি পি আই সদস্যগণ এবং আর এস পি সদস্যগণ যারা বিরোধিতা করেছেন, তাদের বলব।

আমি তাদের বলব যে গত কয়েক বছর ১৯৭২ সালের ২০শে মার্চ থেকে এ বছরেতে তারা নিজের নিজের এলাকায় ঘুরে দেখুন যে ঠিক এই সালের এই বাজেট উপযুক্ত কিনা—। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেট তৈরি হচ্ছে এই হাউসের জন্য বা আমাদের মেম্বারদের জন্য নয়, বাজেট তৈরি হয়েছে সমস্ত পশ্চিমবাংলার সকল মানুষের জন্য শুধুমাত্র আমাদের ভোটারদের জন্য ও নয়। সকল জনসাধারণ তাদের সামগ্রিক উন্নতির জন্য এই বাজেট। আজকের দিনে আমাদের উদ্বৃত্ত বাজেটের উপর বক্তৃতা দিতে গেলে পরে আমাদের এই হাউসের মধ্যে সকলের শ্রদ্ধেয় স্বর্গতঃ ডাঃ বিধানচন্দ্র রায় যখন তার উদ্বৃত্ত বাজেট প্রথম উপস্থাপিত করেন, তার উপসংহারে যে কথাগুলি তিনি বলেছিলেন আজকের দিনে নিশ্চিত করে তা স্মরণ করা উচিত। কারণ তার থেকে আমরা বুঝতে পারব যে ১৯৬২ সালে সেই দূরদর্শী মানুষটা আমাদের সকলের নেতা— তিনি কি তখন ভেবে গিয়েছিলেন আমাদের এই পশ্চিমবঙ্গ সম্বন্ধে। তিনি তখন কী করতে চেয়েছিলেন? উদ্বৃত্ত বাজেট হলে এক একটা অবস্থা, সকল সময় নয় দেশের কোনও উপকারে আসে সেটা বিশেষ করে দেখাবার জন্য অতীতের ইতিহাসটা ভাল করে বিচার করে নিয়ে উদ্বৃত্ত বাজেট কখন কোন সময় উপকারে আসবে দেখা যায়। যেমন ধরুন ডেফিসিট বাজেট সব সময় দেশের দরকার হয় তা নয়; অনেক ডেফিসিট বাজেট অর্থনৈতিক পরিপ্রেক্ষিতেও প্রয়োজন হয়। আপনি জানেন স্যার,

অর্থনীতি সম্বন্ধে যারা যোগাযোগ রাখেন, তারাও জানেন। তাই আজ আমি স্মরণ করতে চাচ্ছি ডাঃ বিধানচন্দ্র রায়ের কথাগুলি যা তিনি তার উদ্বৃত্ত বাজেট বক্তৃতার উপসংহারে এই হাউসের মধ্যে ছড়িয়ে দিয়েছিলেন তার উপসংহারের কথা উদ্বৃত্ত বাজেটে এবং পশ্চিমবঙ্গ সম্বন্ধে তার কি স্বপ্ন তিনি তুলে ধরেছিলেন। আমি চেষ্টা করেছিলাম বাংলা পাওয়া যায় কিনা! আমি ইংরাজি কপিটা পেয়েছি—। আমি হাউসের সকল সদস্যের কাছে সেখান থেকে পড়ে শোনাচ্ছি।

"The cry of the age is political freedom, economic welfare and social security. We must respond to this spirit. We are now passing through a period of intense activity. New industries have sprung up all over the country. Agriculture is now taking the improved practices and large scale expansion of administrative and economic reforms are proceeding apace. People are now feeling that they are functioning, that they are part of the great enterprise. There are outward and visible signs of vitality everywhere. Great social changes are taking place and our difficulties are but signs of progress, achievement and advance. The most important is how you face the major issues and try to solve the problems that are coming up. When I look at the great task I am thrilled by the possibilities and I have nothing but feelings of optimism. With grace of God, the active partnership of the people and Co-operation of the representatives of the people who are assembled in this House there is no reason why we in West Bengal will not continue to improve steadily our rate of progress in all spheres.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৬২ সালে যেকথা তিনি বলেছিলেন আমিও সেই কথার পুনরাবৃত্তি করছি। তিনি পলিটিক্যাল ফ্রিডম, ইকনমিক ওয়েলফেয়ার অ্যান্ড সোশ্যাল সিকিউরিটির উপর জোর দিয়েছিলেন। আমরা ঠিক এই সময় অর্থনৈতিক স্বাধীনতার নূতন চেতনাবোধ অনুভব করছি। আমরা দেখতে পাচ্ছি যে কথা ডাঃ বিধনচন্দ্র রায় ১৯৬২ সালে উদ্বৃত্ত বাজেট পেশ করে গিয়ে বলেছিলেন বাজেটকে ঘরের মধ্যে আইনের কচকচি বা ইকনমিকসের থিয়োরি দিয়ে বিচার নয়, চলে যান আপনার ২৮০টা কনস্টিটিউয়েন্সিতে। প্রত্যেকটা জায়গায় ঘুরে ঘুরে দেখে আসুন, নিজ নিজ কনস্টিটিউয়েন্সিতে। সি, পি, আই সদস্য যারা অপোজ করেছেন, আর, এস, পি সদস্য তাদের বলি তারা নিজেরা যান নিজেদের কনস্টিটিউয়েন্সিতে। ২৮০টা কনস্টিটিউয়েন্সির প্রত্যেকটা জায়গায় গিয়ে দেখুন কনসাসনেস এসেছে কিনা, সচেতনতা ফিরে এসেছে কিনা, মানুষ বুঝেছে কিনা যে তারা যে সরকার তৈরি করেছিল, আগেকার রাজা-বাদশা তারা একটা মনুমেন্ট তৈরি করতেন, চার্চ তৈরি করতেন, একটা টুম্প তৈরি করতেন, একটা তাজমহল তৈরি করতেন, এই সরকারও তাই করে ক্ষান্ত থাকছে কিনা। এখন তারা নিজেরা নিজেদের সরকার তৈরি করেছে। তাই সমাজ চেতনা, সামাজিক ন্যায় বিচার ও প্রাধান্যের ভিত্তিতে এবং সোশ্যাল জাসটিস এবং প্রাওরিটির ভিত্তিতে এই বাজেট সম্পূর্ণ যুগোপযোগি এবং ঠিক। এই সময়ে এই বাজেট আমাদের গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে খেটে খাওয়া মানুষদের কাছে খুব বেশি করে প্রেরণা জোগাবে। তাদের আরও বেশি করে

[6th March, 1976]

কাজে উৎসাহ যোগাবে। শুধু কথা নয়, ১৯৭২ সালে আপনি ভেবে দেখুন সমস্ত পশ্চিমবাংলায় বাজেটে ৬৮ কোটি টাকা। স্বাস্থ্য দপ্তরের বাজেট ছিল আপনারা সবাই মিলে আমার হাতে তুলে দিয়েছিলেন ১৫ কোটি টাকা। সারা পশ্চিমবাংলার বাজেট ৬৮ কোটি টাকা, স্বাস্থ্য দপ্তরের বাজেট ১৫ কোটি টাকা। মাথাপিছু সাড়ে চার টাকা করে। ১৯৭৩, ৭৪, ৭৫ এই তিন বছরে জনসাধারণের এত সহযোগিতা, মেম্বারস অফ দি লেজিসলেচারদের এত সহযোগিতা, প্রত্যেকে নিজের কাজ যদি না করতেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে, প্রত্যেকটি মন্ত্রী তো নিশ্চয়ই, প্রত্যেকটি জনপ্রতিনিধি কোথায় কি হবে, কোথায় কি করতে হবে, তারজন্য যদি সহযোগিতা না করতেন, ১৯৭৫ সালের বাজেটে শুধু স্বাস্থ্য দপ্তরের বাজেটে ৬৮ কোটি টাকা। ৬৫ কোটি টাকা ১৯৭২ সালে সমস্ত পশ্চিমবাংলার বাজেটে স্বাস্থ্য দপ্তরের মাত্র ১৫ কোটি টাকা, মাথাপিছু সাড়ে চার টাকা। ১৯৭৫ সালে মাথাপিছু ১৪.৩৪ টাকা। গৌরী সেনের টাকা তো নয়, গাছ থেকে তো টাকা আসে নি। মানুষ খেটেছে, আরও খেটেছে, আরও খেটেছে — ফল পেয়েছে। আর শান্তি এসেছে। আমরা উপযুক্ত নেতৃত্ব পেয়েছি। আমাদের নেতা সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে শান্তি এসেছে। শান্তি আসার পর শৃঙ্খলা ফিরে এসেছে, স্বস্তি ফিরে এসেছে, ক্ষেতে খামারে মানুষ কৃষক ভয়েরা তাদের কাজ করেছে, নিজেদের খামারে শান্তির মধ্যে ফসল ফলিয়েছে। ন্যায্যমূল্য পাওয়ার জন্য চেষ্টা করেছে। তারা বুঝতে পেরেছে তাদের তৈরি সরকার তাদের কথা মনে রেখেছে। রাজা-বাদশার তাজমহল তৈরি করেনি। শুধু কলকাতা শহরে রাজধানি তৈরি হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার নিজের কনস্টিটুয়েন্সি, প্রত্যেক সদস্যের কনস্টিটুয়েন্সি, সি, পি, আই সদস্য যারা তাদের কনস্টিটুয়েন্সি, আর, এস, পি সদস্য যারা তাদের কনস্টিটুয়েন্সি, আমাদের সাংগঠনিক কংগ্রেস যারা তাদের কনস্টিটুয়েন্সি, মুসলিম সদস্য যারা তাদের কনস্টিটুয়েন্সি এবং যারা রাগ করে এলেন না, সেই সি, পি, এম সদস্য তাদের কনস্টিটুয়েন্সি, তাদের প্রত্যেককে অনুরোধ করি, তারা চলে যান ২৮০টা কনস্টিটুয়েন্সিতে দেখুন স্বাস্থ্য দপ্তরের কাজ একটা না একটা কিছু হচ্ছে কিনা, চ্যালেঞ্জ দিয়ে বলতে পারি, যান জোর গলায়, দাঁড়িয়ে উঠে লোকের কাছে চিৎকার করে বলুন, স্বাস্থ্য দপ্তরে কাজ হয়েছে কিনা, জল সরবরাহ দপ্তরে কাজ হয়েছে কিনা, গুটি বসন্ত চিরবিদায় হয়েছে কিনা। সম্ভব হয়েছে তার একমাত্র কারণ হচ্ছে শান্তি ফিরে এসেছে। এবং সেই শান্তি ফিরে এসেছে বলে অর্থমন্ত্রী মহাশয় কাজ করতে শুরু করেছে, কৃষিমন্ত্রী, বিদ্যুৎমন্ত্রী, রিলিফমন্ত্রী খাদ্যমন্ত্রী এবং ইন্ডাস্ট্রিমন্ত্রী কাজ করতে শুরু করেছে। ডিফিকালটিজ আছে আমাদের শ্রদ্ধেয় ডাঃ বিধানচন্দ্র রায় ১৯৬২ সালে একটা কথা বলেছিলেন। আমরা তো তার কাছে কিছুই নয়, তার নখের যোগ্য হতে পারলে আমরা ধন্য হব। তিনি বলেছিলেন ডিফিকাল্টি যেখানে হবে সেখানে সেটা প্রমাণ করবে যে কান্ট্রি অ্যাডভান্স করছে। আমাদের সেই ডিফিকাল্টি সলভ করতে হবে এবং তাড়াতাড়ি সেই ডিফিকাল্টি সলভ করতে হবে। এই ডিফিকাল্টি থাকলেই প্রশ্ন আসে ডিমান্ডের এবং সেই ডিমান্ডের পরেই আসে গ্রিভান্সেস। তার সেই গ্রিভান্সেস যদি মিট না করা যায় তাহলে মানুষের মধ্যে ফ্রাসট্রেশন এসে পড়ে। তাই সেই ফ্রাসট্রেশন সলভ করাই হচ্ছে আমাদের দায়িত্ব ডিমান্ড মিট করাই হচ্ছে আমাদের দায়িত্ব। আমরা আজকে এয়ার কন্ডিশন্ড ঘরে বসে আরাম করলে হবে না প্রত্যেকটি মানুষের কি বক্তব্য সেটা আমাদের চিন্তা করে দেখতে হবে। সংগঠন কংগ্রেসের বক্তা বললেন উদ্বৃত্ত বাজেট হলেই যে ভাল হয় তা নয়, তিনি ইকনমিক পলিসি মতে ঠিকই

বলেছেন। কিন্তু তিনি এক দুই তিন চার করে প্রত্যেকটি কনস্টিটিউয়েন্সিতে যান আমি তাকে চ্যালেঞ্জ করছি দেখবেন সেখানে কি কাজ হয়েছে। এপিডেমিক ডিজিজ, জল সরবরাহ ইত্যাদির কাজ সেখানে হয়েছে কিনা তিনি দেখে আসুন আমি তাকে চ্যালেঞ্জ দিচ্ছি। ২৮০টি কনস্টিটিউয়েন্সিতে গিয়ে দেখুন এমন কি সি.পি.আই-এম যেখানে দাঁড়িয়েছে সেখানে গিয়ে দেখে আসুন কাজ হয়েছে কিনা। এবং এটা সম্ভব হয়েছে একজন বা কয়েকজন অফিসারের জন্য নয়। এই স্বাস্থ্য দপ্তরের ৬৯ হাজার কর্মী দেশের এই আন্দোলনে সামিল হয়েছে। স্বাস্থ্য দপ্তরের ডাক্তার এফ আর সি.এস. থেকে আরম্ভ করে পিওন পর্যন্ত কাজে নেমে পড়েছে। তাই আজকে সামাজিক ন্যায় বিচার আনা সম্ভব হয়েছে। আজকে এটা দেশের মানুষ চায়। স্বাস্থ্য দপ্তরের সমস্ত কর্মী মাথার ঘাম পায়ে ফেলে কাজ করছে তাই আজকে মানুষের উন্নতি হয়েছে। আর সেইজন্য সরকার দায়িত্ব নিতে সক্ষম হয়েছে। আজকে গ্রামের মানুষ বুঝতে পেরেছে যে তাদের একটা জীবন আছে এবং সেই জীবনের দায়িত্ব সরকারকে নিতে হবে, নিতে বাধ্য। বাজেটকে বিনা কারণে অপোজ করতে হবে যেহেতু ট্রেজারি বেঞ্চে কংগ্রেস রয়েছে তাই অপোজ করতে হবে এটা ঠিক নয়। আমাদের লিডার অব দি অপোজিশন মাননীয় বিশ্বনাথবাবু যখন বক্তৃতা করছিলেন তখন আমি শুনছিলাম। তিনি এক বিরাট ফিরিস্তি দিলেন। আমি তাকে জিজ্ঞাসা করি তিনি তো মেদিনীপুরের গ্রামাঞ্চলে যান, তার কনস্টিটিউয়েন্সিতে যান তিনি বলুন তো যে সেখানকার জনসাধারণ এই বিরাট কৃষিযোগ্যে সামিল হয়েছেন কিনা? রেভলিউশন মানেই বন্দুক তীর নয় এটা আমরা জানি। আপনারা তো জানেন রাশিয়ায় যখন রেভলিউশন হয়েছিল লেলিনের নেতৃত্বে তখন সেখানে কি হয়েছিল? সেখানে যখন রেভলিউশন হয়েছিল ঠিক সেই রেভলিউশনের পরেই তিনি বক্তব্য রেখেছিলেন যে সমস্ত এলাকায় বিদ্যুৎ ছড়িয়ে দাও। এইসব বক্তব্যগুলি নিশ্চয় আপনারা জানেন। যখন সিনেমা থিয়েটার ইত্যাদির কর ছাড় দেওয়া হল তখন বললেন ভাল হয়েছে আর যখন ট্যাক্স চাপানো হচ্ছে তখন বলছেন খারাপ কাজ করা হচ্ছে। অর্থনৈতিক ভিত্তিতে সোস্যাল সার্ভিসের উপর কিছু কিছু কর বাদ দেওয়া হয়েছে এবং তা দেওয়া উচিত। কিন্তু যেসব জায়গায় কর স্থাপন করা উচিত সেইসব জায়গায় কিছু কিছু কর রাখতে হবে। এডুকেশন বা হেলথ এগুলি তো প্রফিটিয়ারিং ব্যাপার নয় কোনও ইনকামের ব্যাপারেও নয়, জনস্বার্থে সেখানে খরচ করা হয়। ১৯৬৮ সালে সারা পশ্চিমবাংলার বাজেট ছিল ৬৮ কোটি টাকা। আর ১৯৭৫ সালে সেটা ১১৮ কোটি টাকা হয়েছে।

সবাই মিলে কাজ করেছি, শুধু মন্ত্রী বা সরকার নয়, কয়েকজন এম.এল.এ নয়। আমাদের এখানে এমন কিছু হঠকারিতা করা উচিত নয়, হঠাৎ এমন কিছু করা উচিত নয় যাতে জনসাধারণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হয়, যাতে জনসাধারণের মধ্যে কাজের যে উম্মাদনা এসেছে তার থেকে বিচ্ছিন্ন না হয়ে যায়। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে গিয়ে দেখুন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কাছে ব্যাঙ্ক গিয়ে হাজির হয়ে গেছে। পশ্চিমবাংলায় যারা ঘুরে ঘুরে বেড়িয়েছেন তারা জানেন মাথায় পাগড়ি পরা এবং হাতে ছোট্ট লাঠি নিয়ে যারা ঘুরে বেড়াত গ্রামের চাষি ভাইদের মধ্যে, শ্রমিক ভাইরা মাইনে নেবার সময় লাইনের পাশে গিয়ে দাঁড়িয়ে থাকত ইদার ইন প্রাইস, সেই প্রাইস আর দেখা যাচ্ছে না। আজকে স্বল্প সঞ্চয় গ্রামীণ ব্যাঙ্কের মাধ্যমে হচ্ছে। সেখান থেকে তারা লোন পাচ্ছে। পাগড়িধারি মানুষ যারা গ্রামে গ্রামে ঘুরে বেড়িয়ে সুদে

লোন দিত, তথাকথিত সমাজসেবি হিসাবে গ্রামের মধ্যে বসেছিল, গরিব মানুষকে ধার দিয়ে জমিদারি প্রথা চলে গেলেও ঘরে ঘরে জমিদার তৈরি হচ্ছিল, তাদের এবং ভেস্টেড ইন্টারেস্টারদের উপর প্রচন্ড আঘাত হানা হয়েছে, তাদের চুরমার করে ভেঙে ফেলা হয়েছে। কাছাকাছি ব্যাঙ্ক করার চেষ্টা করা হচ্ছে। আমার দেখে খুব আনন্দ লাগল যে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পাশেই ছোট্ট নোটিশ বোর্ডে লেখা আছে, "আমরা এসে গেছি, অমুক ব্যাঙ্ক, এখান থেকে আধ মাইল দূরে, ব্যাঙ্কে টাকা রাখুন।" এটা গ্রামের মধ্যে ছড়িয়ে পড়েছে, সবাইকে রুর‍্যাল বায়াসের মধ্যে আনবার চেষ্টা করা হয়েছে। 'গ্রামে ফিরে যাও' রচনা লিখে আর সেটা মুখস্থ করে এখন পাশ করা নয়, প্রাকটিক্যালি প্রত্যেকটি গ্রামের মধ্যে কাজ হচ্ছে কিনা গিয়ে দেখে আসুন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, কত লোক, কত শহিদ প্রাণ দিয়ে চলে গেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তাদের ফোঁটা ফোঁটা রক্ত থেকে যদি স্বাধীনতা না আসত তাহলে এই হাউসে বসে আমরা আজকে এত কথা, দেশের দশের এত ভাল মন্দ কথা বলতে পারতাম? আমরা কিছুতেই বলতে পারতাম না যদি মাতঙ্গিনী হাজরা তার রক্ত না দিতেন, আমরা বলতে পারতাম না যদি ক্ষুদিরাম রক্ত না দিতেন, সূর্যসেন, প্রফুল্ল চাকি রক্ত না দিতেন। হাজার হাজার শহিদ রক্ত দান করে গেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, রক্তগুলি পশ্চিমবাংলার মাটিতে মাটিতে পড়েছে এবং সেই রক্তগুলি পড়েছে বলেই আজকে রক্ত করবী ফুটে উঠেছে। দেখুন তাকিয়ে ভাকরানাঙ্গালে আজকে রক্ত করবী ফুটে উঠেছে, সিন্ধ্রী ফার্টিলাইজার ফ্যাক্টিতে রক্তকরবী ফুটে উঠেছে, মেডিক্যাল কলেজে রক্তকরবী ফুটে উঠেছে, দেখুন তাকিয়ে ঘাটাল সাব-ডিভিসন্যাল হসপিটাল এই রক্তকরবীর আর এক ফুল, দেখুন তাকিয়ে রক্তকরবীর আর একটি ফুল এই নেতাজী ইন্ডোর স্টেডিয়াম, দেখুন তাকিয়ে লালবাগে সাব-ডিভিসন্যাল হসপিটাল এই রক্তকরবীর আর একটি ফুল, দেখুন তাকিয়ে ৩৩৫টি ব্লকে একটি একটি করের রক্তকরবীর ফুল ফুটে উঠেছে। আজকে স্বাস্থ্যকেন্দ্র উপস্বাস্থ্যকেন্দ্রগুলি চারিদিকে গড়ে উঠেছে। যে সমস্ত স্বাধীনতা যোদ্ধার বুকের রক্ত পশ্চিমবাংলার মাটিতে ঝরে পড়েছে, তাদের ফুলগুলি আমাদের উন্নয়নের মুখে ফুটে উঠেছে। যাদের কথাগুলি আমরা বলব সেই কথাগুলি আমাদের পালন করতে হবে। যে কথা বলব তা যেন দেশের উপকারের জন্য হয়। কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম নিশ্চয় করব। কিন্তু শঙ্কর ঘোষ অর্থমন্ত্রী ট্রেজারি বেঞ্চ থেকে, কংগ্রেস থেকে যেহেতু বাজেট এনেছেন সেইহেতু অপোজিসন দাও এর কিছু অর্থ বুঝতে পারা যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তাই আমি আপনার মাধ্যমে হাউসের কাছে এই কথা বলছি যে এই বাজেটের প্রত্যেকটি জায়গা ২০ দফা কর্মসূচিকে সমর্থন করে গেছে, সি.পি.আই সদস্য যারা তারাও সমর্থন করেছেন। ২০ দফা কর্মসূচির কোথায় কি হয়েছে প্রত্যেকটি প্যারাওয়াইজ বলে দেওয়া হয়েছে। হ্যাঁ, এটা ঠিক কোথাও কম হয়েছে, আর একটু বেশি হওয়া উচিত ছিল। আপনারা সাহায্য করুন, এগিয়ে নিয়ে যান। ৪ বছর ধরে সাহায্য করেছেন, কোথায় স্বাস্থ্য কেন্দ্র হবে অজিতবাবু এখানে বেড বাড়িয়ে দিন, এখানে বেড বাড়ানো উচিত, অমুক জায়গার স্বাস্থ্যকেন্দ্র ভেঙে গেছে, ঠিক করে দিন, ওখানে পি.ডব্লিউ.ডি. কাজ করছে না, তাদের ঠিকমতো করে বলে পাঠান, সেখানে টেলিগ্রাম পাঠান ডাক্তারবাবু নেই, আগে আরও ডাক্তারবাবু পাঠিয়ে দিন। কিন্তু বাধা দিতেই হবে, এখানে যান্ত্রিক মেশিনে রেকর্ড করাতেই হবে এই সমস্ত নির্দেশগুলি আপনারা মানবেন না, দেশের মানুষের নির্দেশ মানুন। দেশের নির্দেশ আপনাদের মানতে হবে কেন না জনসাধারণ আপনাদের এখানে

নির্বাচিত করে পাঠিয়েছেন। তা যদি আপনারা মানেন তাহলে প্রত্যেকটি গ্রামাঞ্চলের মধ্যে হেঁটে চলে যান। কৃষিমন্ত্রী তাড়াতাড়ি করছেন কি করে একটি ফসলের জায়গায় তিনটি ফসল করা যায় শুকনো ফেটে চুরমার হয়ে যাওয়া পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, মুর্শিদাবাদে গিয়ে দেখে আসুন সেখানে ডিপ টিউবওয়েল থেকে জল পড়ছে কিনা, ক্লাসটার স্যালো-টিউবওয়েল হচ্ছে কিনা, একটা ফসলের জায়গায় ৪টে ফসল তুলে কৃষক পরিবার মাথায় করে সেই ফসল নিয়ে হাটে ছুটে যাচ্ছে কিনা। আমি এই কথা বলছি না যে দেশের সমস্ত অভাব ঘুচে গেছে, আমাদের সব কাজ শেষ। আমি বলছি আমরা এগিয়ে যাচ্ছি। এখানে পিছিয়ে পড়ার এক পাও উপায় নেই, থামবার উপায় নেই, পিছিয়ে পড়ার প্রশ্নই উঠে না। স্টেপ ফরোয়ার্ড মার্চ যদি না রাখা যায় এতগুলি মানুষ আপনাদের দিকে তাকিয়ে আছে। তারা কারা জানেন? খবরের কাগজ যারা পড়তে জানে না এদেশের ৩৩ ভাগ মানুষ শিক্ষিত, তারমধ্যে মাত্র ২ ভাগ খবরের কাগজ পড়তে পারেন এবং পড়ে মানে বুঝতে পারেন। অর্থাৎ ১০০ ভাগের মধ্যে ৯৮ খবরের কাগজ পড়তে পারেন না, মানেও বুঝতে পারেন না। স্বাধীনতা ২ ভাগের জন্য নয়, অর্থনৈতিক স্বাধীনতা ঐ ৯৮ ভাগের জন্য যারা খবরের কাগজ পড়তে জানেন না - তাদেরই পলিসি আপনারা নির্ধারণ করুন। যারা আমাদের দেশের জন্য খাটছেন সেই কৃষক পরিবারের কাছে আমাদের জিনিস গেছে কিনা সেটা আপনারা গিয়ে দেখে আসুন। সুন্দরবনের ৩২টি দ্বীপের সাপে কাটা রোগিদের ১৯৭২ সালের পূর্বে ৯/১০ মাইল নৌকা করে নিয়ে যাবার পর আবার ১৩ মাইল যেতে হত তারপর বাঙ্গুর হাসপাতাল কিন্তু আজকে সেখানে গিয়ে দেখুন একটি উপস্বাস্থ্যকেন্দ্র, সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের মাধ্যমে ২৩টি কৃষক পরিবারের ২৩টি তাজা ছেলের প্রাণ বাচানো হয়েছে কিনা তারা যখন কাজ করছিল তখন সাপে কাটে তখন সরকার পক্ষ থেকে মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন তাদের প্রাণ যাতে না যায় তারজন্য ব্যবস্থা করা হবে। এইজন্য প্রত্যেককে প্রত্যেকের রুটিন তৈরি করতে হবে। কৃষক যেমন খাটছেন, শ্রমিক যেমন খাটছেন, স্কুলের মাস্টার যেমন খাটছেন, অন্যান্য জায়গায় বুদ্ধিজীবিরা যেমন খাটছেন, আমাদের প্রত্যেকটি সদস্য যেমন খাটছেন, কিসে কি হচ্ছে তা বিচার করে বলতে হবে হঠকারিতার জন্য আমরা যেন কিছু না করি, পার্টি বাঁচানোর জন্য যেন কিছু না করি আসুন সবাই মিলে আমরা এমন কাজ করি যাতে করে একসঙ্গে বলতে পারব সবাই মিলে—

বল বল বল সবে,

শত বীণা বেনু রবে,

ভারত আবার জগৎসভায়

শ্রেষ্ঠ আসন লবে।

Adjournment

The House was then adjourned at 4.23 p.m. till 1 p.m. on Monday, the 8th March, 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 8th March, 1976 at 1-00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 9 Ministers, 6 Ministers of State, 1 Deputy Minister and 103 Members.

[1-00 — 1-10 p.m.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made on Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath)

OBITUARY REFERENCE

Mr. Speaker : Honourable members, before taking up the business of the day I have regretfully to refer to the sad demise of **Shri Dhirendra Nath Maitra,** who was a **member of the Legislative Council of the State.** Born at Jalpaiguri in 1911 in a well known planter family of Babupara, Jalpaiguri. He himself was a good planter and served the tea industry in West Bengal in responsible capacities. He was connected with the District Board and the Zilla Parishad of Jalpaiguri and took active interest in the rural development of the district. Associated with various philanthropic and humanitarian institutions, as also with religious organisations. He was elected to the Council in 1959 from the North Bengal Local Authority. May his soul enjoy eternal peace.

With these words I would now request you, ladies and gentlemen, to rise in your seats for two minutes as a mark of respect to the departed soul.

(Members then stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen. Secretary will send the message

of condolence to the members of the bereaved family.

Held over starred Questions
(to which oral answers were given)

আর পি পি ও এস পি-র মাধ্যমে কাজ

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩) **শ্রী কাশীনাথ মিশ্র :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৫-৭৬ সালে বিভিন্ন বিধানসভা কেন্দ্রের গ্রামীণ উন্নতির জন্য আর পি পি এবং এস ই পি (রুর‍্যাল প্রোজেক্ট প্রোগ্রাম এবং স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম)-এর মাধ্যমে প্রতি কেন্দ্রের জন্য তিন লক্ষ টাকা জোড় বাঁধ, বড় বাঁধ সংস্কার, রাস্তা ও কালভার্ট তৈয়ারির জন্য দেওয়া হইয়াছে এবং বিভিন্ন ব্লকে ব্যাপক কর্মযজ্ঞ শুরু হয়েছে ;

(খ) সত্য হইলে, জেলাওয়ারি কোন কোন ব্লকে কি কি কাজ শুরু হইয়াছে এবং কবে নাগাদ তা শেষ হইবে ; এবং

(গ) জেলা পরিকল্পনা কমিটি ১৯৭৫-৭৬ সালে কতগুলি স্কীম মঞ্জুর করিয়াছে এবং আজ পর্যন্ত কতগুলির কাজ সম্পন্ন হইয়াছে?

শ্রী শঙ্কর ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেটা হেল্ড ওভার প্রশ্ন ছিল, সেটার উত্তর আমি দিয়ে দিচ্ছি। সেটায় বলা হয়েছে ৩ লক্ষ টাকা প্রত্যেক এম এল এ-কে দেওয়া হয়েছে কি না? কোনও এম এল এ-কে একটা টাকাও দেওয়া হয়নি, এক লক্ষ টাকা কেন। এম এল এ-রা তাদের কনস্টিটিউয়েন্সির জন্য টাকা চায় এবং কনস্টিটিউয়েন্সির জন্য টাকা দেওয়া হয়েছে। ৬ কোটি টাকা রুর‍্যাল প্রোডাকশন প্রোগ্রামের জন্য দেওয়া হয়েছে এবং ৩ কোটি টাকা স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে দেওয়া হয়েছে। এই ৯ কোটি টাকা এম এল এ-রা যদি ভাগ করেমনে করেন, তাহলে তো অনেক আসে। কিন্তু সেটা আমি আবার বলছি, এম এল এ-কে এক পয়সাও দেওয়া হয়নি এবং কোনও এম এল এ এক পয়সাও চাননি। এম এল এ-রা চেয়েছেন, তাদের জেলার জন্য টাকা আসুক, তাদের কনস্টিটিউয়েন্সির জন্য টাকা আসুক। তার জন্য ৬ কোটি টাকা রুর‍্যাল প্রোডাকশন প্রোগ্রামে এবং ৩ কোটি টাকা স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে প্রত্যেক জেলাকে ভাগ করে দেওয়া হয়েছে, তার লিস্ট আমি হাউসের টেবিলে রেখেছি।

শ্রীমতী ইলা মিত্র : কলকাতা জেলার এম এল এ-দের জন্য কোনও স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে টাকা বরাদ্দ করা হয়নি।

শ্রী শঙ্কর ঘোষ : কলকাতা জেলার এম এল এ-দের সম্বন্ধে যদি বলেন তাহলে আবার অন্য গ্রামের এম এল এ-রা রয়েছেন। এই প্রশ্ন না তুলে বরং আমরা গ্রামে যে ৬ কোটি এবং ৩ কোটি দিয়েছি, সেটা বাড়াতে পারি কি না সেটা আমাদের দেখা উচিত হবে।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য : মাননীয় ইলা মিত্র মহাশয়া যে প্রশ্ন করেছেন সেটা তা নয়। স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে যেমন গ্রামাঞ্চলের যারা কর্মহীন, তারা যাতে কাজ পায় তাদের জন্য করা হয়েছে। কিন্তু কলকাতা শহরে এবং তার উপকণ্ঠে যে অসংখ্য দুস্থ নরনারী আছেন তাদের জন্য কোনও স্পেশাল এমপ্লয়মেন্ট স্কীম আপনি তৈরি করেছেন কি না, এবং সেই বাবদে কোনও টাকা কলকাতা শহরের স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামের জন্য বরাদ্দ করা হয়েছে কি না?

শ্রী শঙ্কর ঘোষ : গ্রামে যে আনএমপ্লয়মেন্ট সমস্যা, সেটা হচ্ছে সিজিন্যাল আনএমপ্লয়মেন্ট। তার জন্য আমাদের রুর্যাল প্রোডাকশন প্রোগ্রামে ৬ কোটি এবং স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে ৩ কোটি আর কলকাতার যেটা সমস্যা, তার ভেতর শিক্ষিত বেকারের সমস্যা খুব বেশি। তার জন্য আমাদের অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম আছে ঠিক, সেটা কলকাতার জন্যও চালু আছে, অন্য জায়গার জন্যও চালু আছে। সেটার সুবিধা হচ্ছে কলকাতা একটু বেশি পাচ্ছে। অ্যাডিশন্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে ১৯৭৩-৭৪ সালে আমরা ৮৫ লক্ষ টাকা মার্জিন মানি অ্যাসিস্ট্যান্স দিয়েছি। গত বছর ১৯৭৪-৭৫ সালে ১ কোটি ৩০ লক্ষ টাকা দিয়েছি এবং এই বছর জানুয়ারি মাস পর্যন্ত যে সংখ্যা আমার কাছে আছে তাতে ১ কোটি ২৬ লক্ষ টাকা আমরা দিয়েছি এবং অ্যাডিশন্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে যে মার্জিন মানি অ্যাসিস্ট্যান্স শিক্ষিত বেকারদের জন্য রয়েছে তাতে আমাদের কোনও সিলিং লিমিট নেই। ব্যাঙ্ক থেকে যেখানেই টাকা আসবে সেখানেই আমরা বলছি ১ কোটি ৩০ লক্ষ কেন, তারও যদি বেশি হয় আমরা দেব, সেটা কলকাতার জন্য রয়েছে। সেটা যদিও সমস্ত জেলার জন্য রয়েছে কিন্তু কলকাতা একটু বেশি পাচ্ছে। সেটা অস্বীকার করবেন না, এটাই আমি আশা করব। দ্বিতীয়ত আমাদের অ্যাপ্রেনটিস স্কীম যেটা রয়েছে সেটাতে প্রায় ২ হাজার ৪০০-রও বেশি নতুন অ্যাপ্রেনটিস ২০ দফা কর্মসূচিতে, তাতেও যা পেয়েছে, তাতে কলকাতার অংশ অনেক বেশি।

[1-10 — 1-20 p.m.]

শ্রীমতী ইলা মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শিক্ষিত বেকারদের জন্য অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম নিশ্চয়ই দেখেছি। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে সমস্ত কলকাতায় অনেক বস্তি অঞ্চল আছে যেখানে এমন পরিবারও আছে যাদের একজনও আর্নিং মেম্বার নেই এবং তারা রেশন পর্যন্ত তুলতে পারে না বলে তাদের রেশন কার্ড পর্যন্ত কাটা যাচ্ছে, তাদের জন্য কোনও স্কীম সরকারের আছে কি? অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীমে যারা ম্যাট্রিক পাশ করেননি তাদের জন্য কোনও স্কীম সরকার গ্রহণ করেছেন কি, যাতে তারা খেয়ে পরে বেঁচে থাকতে পারেন?

শ্রী শঙ্কর ঘোষ : কলকাতার বস্তির সমস্যা একটা বড় সমস্যা। এর জন্য আমরা দুটো ব্যবস্থা নিয়েছি। একটা হচ্ছে তাদের সি এম ডি এ-র মাধ্যমে আমরা কাজ দিচ্ছি। বস্তির ১২ হাজার মানুষ এর দ্বারা উপকৃত হচ্ছে। তারপর জল সরবরাহ, আলো, সড়ক, স্যানিটারি ল্যাট্রিন ইত্যাদিও এই সব এলাকায় করা হচ্ছে। আর দ্বিতীয় কথা হচ্ছে সি এম ডি এ-র মাধ্যমে ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করে এদের কাজ দেওয়ার প্রকল্প আমরা নিয়েছি।

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়কে একটি প্রশ্ন জিজ্ঞাসা করছি এবং তার উত্তর জানতে চাইছি। যে টাকা উনি বিভিন্ন ব্লকে আর পি পি এবং ডি পি সি-কে ভাগ করে যখন দিয়েছেন তার মাত্র কিছু দিন আগেই স্কীম পাশ হয় এবং স্কীমগুলির কাজ শুরু হয়েছে এবং এই স্কীমে ওরা বলেছেন যে, ৩১শে মার্চের মধ্যে এই টাকা খরচ করতে হবে। কিন্তু যেহেতু স্কীম পাস হয়েছে কিছু দিন আগে, সেই জন্য ঐসব জায়গায় ১/৪ ভাগ টাকাও খরচ হয়নি। এখন প্রশ্ন হচ্ছে ঐ সময়ের মধ্যে টাকা যদি সম্পূর্ণ খরচ না হয় তাহলে সেই টাকা কি ফেরত চলে যাবে, না, ডি এম এবং বি ডি ও-রা সেই টাকা ড্র করে যাতে রাখতে পারেন তার ব্যবস্থা হয়েছে, এটা জানাবেন কি?

শ্রী শঙ্কর ঘোষ : এই প্রশ্নে দুটো ভাগ আছে, প্রথম ভাগে উনি বলেছেন যে, আমরা যে টাকা দিয়েছি তা ব্লকে ভাগ করে দিয়েছি কিনা, না, আমরা এই টাকা ব্লকে ভাগ করে দিইনি। ডি পি সি এটা জেলাতে ভাগ করবে, সুতরাং আমরা করব না। আর দ্বিতীয় প্রশ্ন উনি যেটা বলেছেন যে আমরা যে স্কীম দিয়েছি তাতে এই টাকা ৩১শে মার্চের মধ্যে খরচ হবে কিনা। আমরা প্রথম দিকে ৩১শে মার্চের মধ্যে টাকা খরচ করতে বলেছি। এটা বলা হয়েছিল এই কারণে যাতে তাড়াতাড়ি এবং ভাল কাজ হয় সেই জন্য ঐ সময় সীমা দেওয়া হয়েছিল। যে টাকা খরচ করতে পারবে না, তার জন্য আমরা ইতিমধ্যেই আবার সার্কুলার ইস্যু করে দিয়েছি যে এই সময় সীমার পরেও যাতে কাজ হয়। এটা কেন্দ্রীয় টাকা নয়, এটা ফেরত যাবার কোনও ব্যাপার নেই। এটা আমাদের টাকা, আমরা খরচ করব।

পণপ্রথা বিরোধী আইনের প্রয়োগ

*২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** ত্রাণ এবং কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আন্তর্জাতিক নারীবর্ষে পণপ্রথা বিরোধী আইন সংশোধিত করার পর অবহেলিত নারীরা যাতে এই সুযোগ নিতে পারেন তার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন ; এবং

(খ) এখন পর্যন্ত এই আইনানুযায়ী কয়টি মামলা রুজু করা হয়েছে এবং কয়টি ক্ষেত্রে অপরাধীর শাস্তিবিধান করা হয়েছে?

শ্রী সীতারাম মাহাতো :—

(ক) সংশ্লিষ্ট পক্ষ যাতে সরকারের অনুমতি নিয়ে এই আইন ভঙ্গকারির বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। এজন্য সরকার মহকুমা স্তর পর্যন্ত বিভিন্ন সরকারি কর্তৃপক্ষকে নিজ নিজ এলাকায় উপযুক্ত ক্ষেত্রে মামলা দায়েরের অনুমতি প্রদানের ক্ষমতা দিয়ে প্রয়োজনীয় সরকারি আদেশ জারি করেছেন।

সংশোধিত আইন অনুসারে অন্যূন ৫ বৎসরের প্রতিষ্ঠা-প্রাপ্ত সমাজ কল্যাণ মূলক সংস্থা (যাদের নাম সরকারি গেজেটে প্রকাশিত থাকবে) বা তাদের নির্বাচিত প্রতিনিধি সরকারি অনুমোদন না নিয়ে মামলা দায়ের করতে পারেন সংশ্লিষ্ট পক্ষ তাদের ইচ্ছানুযায়ী মামলা দায়েরের জন্য সরকারের কাছে অনুমতি না নেবার চেষ্টা করে এই ধরনের সমাজ কল্যাণ মূলক সংস্থার সাহায্য নিতে পারেন। সরকার এই সংস্থাগুলির তালিকা প্রস্তুতের জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন এবং যথাসময়ে এ গুলির নাম সরকারি গেজেটে প্রকাশিত হবে।

সংশোধিত আইনটির মূল বিষয়গুলিকে জনগণের মধ্যে সংবাদ পত্রের মাধ্যমে প্রচার করা হয়েছে।

(খ) প্রাপ্ত সংবাদের ভিত্তিতে বলা চলে যে সংশোধিত আইন চালু হওয়ার পর কোনও মামলা রুজু করা হয় নি।

শ্রী আব্দুল বারি বিশ্বাস : পণের কোনও ডেফিনিশন কি আইনে দেওয়া হয়েছে—যে এই এইগুলির পণ হবে?

Mr. Speaker : It is disallowed. You can see the Dowery provision Act.

শ্রী আব্দুল বারি বিশ্বাস : আমরা দেখছি পণ নেওয়া হচ্ছে এবং সাধারণ মানুষকে বলছি পণ মামলা করার জন্য, কিন্তু এ বিষয়ে পুলিশের কি কোনও কর্তব্য নেই?

Mr. Speaker : I won't allow the Hon'ble Minister to speak because it involves legal niceties. If you want any clarification you can send it to the Hon'ble Minister. You will discuss with L.R. and then communicate it to you.

শ্রী আব্দুল বারি বিশ্বাস : পুলিশের কোনও নির্দেশ আছে কিনা না এই সময় অপরাধ দেখলে পুলিশ সুয়ো মোটো কেস করতে পারে?

Mr. Speaker : If it is a non-cognisable offence you will have to lodge F.I.R. to thana. If it is a congnisable offence you will have to go to court and file a petition. It will be decided in the court. In a cognisable offence the police officer has every right to start a sou-moto case.

শ্রী কুমারদীপ্তি সেনগুপ্ত : পশ্চিমবাংলায় যখন কেস হয়নি এবং পণ নিগ্রহ যখন চলছে তখন এটা যাতে না হয় তারজন্য কোনও এজেন্সি অ্যাপয়েনমেন্ট করা হয়েছে কিনা বা অ্যাপয়েন্ট করার কথা চিন্তা করছেন কিনা?

শ্রী সীতারাম মাহাতো : আমি বলছি আইন হলেই সমস্ত জিনিস বন্ধ হয় না। আইন পাস হয়েছে এবং মহকুমা শাসককে পর্যন্ত ক্ষমতা দেওয়া হয়েছে। এদের কাছে কোনও লোক

গিয়েই কেস করতে পারে। সমাজকল্যাণ সংস্থার মাধ্যমে মহিলা সমিতি গঠন করেছেন এবং ৫ বছর কাজ করছে তারাই মহকুমা শাসকের কাছে গিয়ে কেস করতে পারবে। এইসব সংস্থাগুলির নাম শীঘ্রই গেজেটে প্রকাশ করা হবে।

শ্রী কুমারদীপ্তি সেনগুপ্ত : কেস যখন হচ্ছে না এবং জিনিসটাও চালু আছে তখন গোপন তদন্ত করে কেস করার জন্য কি অফিসার নিয়োগ করবেন।

শ্রী সীতারাম মাহাতো : কেস এখন পর্যন্ত হয়নি, অতএব কোনও প্রশ্ন ওঠে না।

শ্রী নন্দলাল ব্যানার্জি : মাননীয় মন্ত্রী মহাশয় যে সমাজ কল্যাণ সংস্থা কেস করতে পারবেন বললেন তার খরচ কে বহন করবে সেটা বলুন?

মিঃ স্পিকার : কগনিজেবল অফেন্স হলে থানায় গিয়ে যেমন এফ আই আর করে দেন তেমনি এফ আই আর করে দেবেন, তারপর লিগ্যাল এড কমিটির সাহায্য নিতে হবে।

শ্রী আব্দুল বারি বিশ্বাস : স্যার, চোখের সামনে অফেন্স কমিটেড হয়ে যাচ্ছে, বলছে কোনও ইনফর্মেশন পাচ্ছিনা। কগনিজেবল অফেন্স হলে পুলিশের মোরাল ডিউটি আছে কেস করার, কিন্তু পুলিশ সেই কেস করছে না। পুলিশ সুয়ো মটো কেস করে ধরে ধরে চালান দিক!

মিঃ স্পিকার : মিঃ বিশ্বাস, আই ডু অ্যাপ্রিসিয়েট, এখানে আমরা অনেকগুলি নতুন আইন পাস করেছি, যেমন গেস্ট কন্ট্রোল অর্ডার, নিমন্ত্রণ বাড়িতে গিয়ে, যেখানে আমার নিমন্ত্রণ হয়েছে, দেখেছি অনেক সময় সংখ্যা বেশি হয়ে যাওয়ায় আমাকে না খেয়ে চলে আসতে হয়েছে, কোথাও একটা কোকা-কোলা খেয়ে চলে আসতে হয়েছে। তারপর ভাগচাষ আইন অনেক দিন আগে পাস হয়েছে, সেই আইন এনফোর্স করতে অনেক অসুবিধা হচ্ছে। তারপর মিনিমাম ওয়েজেস অ্যাক্ট পাস হয়েছে, সেখানে কি ঠিকমতো কাজ হচ্ছে? ভাগ চাষী উচ্ছেদ কি বন্ধ হচ্ছে, মিনিমাম ওয়েজেস অ্যাক্ট কি এনফোর্সড হচ্ছে? অনেক মাননীয় সদস্য তাদের নিজেদের পকেট থেকে যে মিনিমাম ওয়েজ ৮/১০ টাকা ধার্য হয়েছে সেই টাকা ঠিকমতো দেন? সেটা আমাদের দেওয়া উচিত, অনেক সময় আমরা দিই না। আমি পার্সোন্যালি কোনও মেম্বারের কথা বলছি না। এই আইনগুলি যাতে যথাযথ এনফোর্সড হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য আমাদের প্রত্যেকের রেসপনসিবিলিটি আছে, লেট আস ক্যারি আউট দ্যাট রেসপনসিবিলিটি।

শিক্ষকদের নতুন বেতনহার

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮) **শ্রী নরেশচন্দ্র চাকী :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলেজ, মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষকদের নতুন বেতনহার রূপায়ণ বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) এই বেতনহার রূপায়ণে বিলম্বের কারণ কি ; এবং

(গ) সত্বর এই বেতনহার রূপায়ণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

শ্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ

(ক) বেসরকারি কলেজের শিক্ষকদের জন্য নতুন ইউ জি সি বেতনক্রম ১৯৭৫ সালের ৭ই এপ্রিলের এক সরকারী আদেশ দ্বারা চালু করা হইয়াছে। এই নতুন বেতন ক্রমে বেতন নির্ধারণের নিয়মাবলি এইরূপ যে প্রতি কলেজের সমুদয় শিক্ষকদের বেতন নির্ধারণ একই সঙ্গে করা প্রয়োজন। ইহার জন্য প্রতি কলেজের শিক্ষকদের মধ্যে কাহারা পুরাতন বেতনক্রমে থাকিতে ইচ্ছুক এবং কাহারাই বা নতুন বেতনক্রম গ্রহণ করিবেন এই ঐচ্ছিক পত্র (option from) সহ শিক্ষকদের চাকুরি সংক্রান্ত বিভিন্ন প্রয়োজনীয় তথ্যাদি নির্দিষ্ট ফর্মে দাখিল করিবার জন্য কলেজ কর্তৃপক্ষকে অনুরোধ করা হইয়াছে।

মাধ্যমিক ঃ মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষকগণের নতুন বেতন হার সংক্রান্ত সরকারি বিজ্ঞপ্তি (G.O. No. 761-Edn(S) dt. 6.9.75) সংশ্লিষ্ট জেলা বিদ্যালয় পরিদর্শনগণের মাধ্যমে সমস্ত বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট পাঠাইয়া দেওয়ার অনুরোধ করা হইয়াছে যাহাতে নতুনহারে শিক্ষকদের বেতন নির্ধারণ করা হয়।

প্রাথমিক ঃ প্রাথমিক শিক্ষকদের ১৯৭৪ সালের নতুন বেতন হার রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থ বিভিন্ন জেলা বিদ্যালয় পর্ষদ, জেলা বিদ্যালয় পরিদর্শক ও সংশ্লিষ্ট পৌর কর্তৃপক্ষের হস্তে ন্যস্ত করা হইয়াছে। ১৯৭৫ সালের নতুন বেতন হার রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থ শুধু আরবান এরিয়া-র জন্য বরাদ্দ করা হইতেছে।

(খ) **কলেজ ঃ** শিক্ষকদের ঐচ্ছিক পত্র (option from) এবং নির্দিষ্ট ফর্মে তাহাদের চাকুরি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি এখনও না পাওয়ার জন্য নতুন বেতনহার রূপায়ণের বিলম্ব হইতেছে।

মাধ্যমিক ঃ নতুন বেতনহার অনুযায়ী নির্দিষ্ট (option from)-এর মাধ্যমে বেতন নির্ধারণ সময় সাপেক্ষ।

প্রাথমিক ঃ মাধ্যমিকের ন্যায়।

(গ) **কলেজ ঃ** শিক্ষকদের যাহাতে অসুবিধা না হয় তাহার জন্য এড হক হিসাবে শিক্ষকদের মাসিক ৭৫ টাকা দেওয়া হইয়াছে। এই টাকা শিক্ষকদের নতুন বেতন ক্রমের বকেয়া পাওনা হইতে বাদ দেওয়া হইবে।

মাধ্যমিক ঃ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের নতুন বেতনহারে বেতন দেওয়ার কাজ ত্বরান্বিত করার জন্য জেলা বিদ্যালয় পরিদর্শকগণকে নির্দেশ দেওয়া হইয়াছে।

প্রাথমিক ঃ জেলা কর্তৃপক্ষকে এ ব্যাপারে কাজ ত্বরান্বিত করার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ বেতন হার রূপায়ণে বিলম্বের কারণ হিসাবে মন্ত্রী মহাশয় বলেছেন, অপসন ফর্ম না পাওয়ার জন্য দেরি হচ্ছে। স্যার, এর চেয়ে অসত্য কথা আর কিছু হতে পারে না। একজন ভুক্তভোগী শিক্ষক হিসাবে আমি নিবেদন করছি অপশন দেবার জন্য কোনও নির্দিষ্ট তারিখ বা অপশন ফর্ম ডি আই অফিস থেকে কোনও স্কুলে যায় নি। শুধু তাই নয়, অপসন দেবার জন্য কোনও ফর্ম বা ডেট কোনও প্রাইমারি অ্যান্ড সেকেন্ডারি স্কুলেও যায়নি। উনি বললেন অপশন ফর্ম না আসার জন্য এটা হচ্ছে না। আমি জানতে চাই এই অপশন ফর্ম যাতে তাড়াতাড়ি বিভিন্ন স্কুলে আসে তারজন্য আপনি অর্ডার দেবেন কি?

শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ এটা প্রশ্ন হল না, কমেন্ট হল।

Mr. Speaker : Mr. Chaki, the Hon'ble Minister is also a teacher and I understand that he is fully sympathetic to the teacher.

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ উনি একজন টিচার হয়ে টিচারদের প্রতি সিমপ্যাথেটিক হবেন এটা আমিও আশা করি। কিন্তু আজ ৯ বছর হয়ে যাওয়া সত্ত্বেও কিছু হল না এটা কেমন সিমপ্যাথি?

শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ মাননীয় সদস্য মাধ্যমিক শিক্ষকদের অপশন ফর্মের কথা বলেছেন। এই ব্যাপারে যে ডি ও ইস্যু করা হয়েছে তার নম্বর হচ্ছে ডি ও নম্বর ৭৬১ ইডিএ-এস, ডেটেড ৬-৯-৭৫। আমার বিশ্বাস মাননীয় সদস্য সেই ডি ও দেখেছেন এবং পড়েছেন এবং সেই অর্ডারে যা লেখা রয়েছে সেটা লক্ষ্য করেছেন। আমি বলেছি অনেক সংখ্যক শিক্ষক এর সঙ্গে জড়িত রয়েছে সেই জন্য অপশন ফর্ম পেতে হয়ত দেরি হবে। আমরা সেইজন্য আড হক টাকা হিসাবে শিক্ষকদের ৩০ টাকা, কেরানিদের ২২ টাকা এবং ক্লাশ ফোর এমপ্লয়ীজদের ২০ টাকা করে দিচ্ছি।

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ নিউ স্কেল যখন চালু হয়েছে তখন ইট ইজ অবভিয়াস যে অপশন ফর্ম সব জায়গায় যাবে। কিন্তু আমরা দেখছি স্কুলে সেই অপশন ফর্ম এখনও যায় নি এবং আমি তার জাজ্বল্যমান প্রমাণ। যা হোক, আমি এখন জানতে চাই সাবজেক্ট টু দি অপসন ফর্ম কামিং ফ্রম ডিফারেন্ট স্কুলস অ্যান্ড ফ্রম ডিফারেন্ট টিচার্স উনি নিউ স্কেল চালু করবেন কিনা?

শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ স্কেল চালু আছে, ফিকসেসন হয়নি। অপসন ফর্মের লাস্ট ডেট সম্প্রতি হয়ে গেছে ৮ই মার্চ।

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ স্যার, ৮ই মার্চ লাস্ট ডেট হয়ে গেছে অথচ আমরা কিছুই জানি না এতো সর্বনাশ ব্যাপার। পশ্চিমবাংলার সমস্ত শিক্ষকের পক্ষ থেকে আমি এর তীব্র

প্রতিবাদ করছি। অপসন ফর্ম দেবার লাস্ট ডেট হয়ে গেল ৮ই মার্চ অথচ শিক্ষকরা সেটা জানতে পারল না এটা কেমন ব্যাপার? আমি জানতে চাই, কার ত্রুটির জন্য শিক্ষকরা এই জিনিস জানতে পারল না?

[1-30 — 1-40 p.m.]

শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি : আমার হাতে এখন পরিসংখ্যান নাই, কতজন শিক্ষক দিয়েছেন, কতজন দেননি—শ্রী নরেশচন্দ্র চাকী মহাশয় একজন শিক্ষক, তিনি যদি সত্য সত্য না পেয়ে থাকেন তাহলে আমরা লাস্ট ডেট বাড়িয়ে দিচ্ছি।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য : স্যার, আমরা জানি, আপনি ও জানেন যে অনেক কলেজ শিক্ষক বা স্কুল শিক্ষক অপসন ফর্ম দিয়ে দিয়েছেন। মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় তিনি বঙ্গবাসী কলেজের একজন অধ্যাপক, তাদের কলেজে ও অপশন ফর্ম দিয়ে দিয়েছেন কিন্তু যারা অলরেডি দিয়ে দিয়েছেন তাদের ক্ষেত্রে ও ফিকসেশন হয়নি কেন?

শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি : যাই হোক আপনারা স্বীকার করলেন যে শিক্ষক বা অধ্যাপকরা অপশন ফর্ম-এর তারিখ জানতেন এবং তারা দিয়ে দিয়েছেন।

শ্রীমতী ইলা মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলতে পারি যে অধ্যাপকরা অপশন ফর্ম দিয়েছেন কিন্তু পেনসন স্কীম চালু না হওয়ার ফলে তারা দিতে পারছেন না। এডুকেশন ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা করলে তারা প্রফর্মা পাঠাব বলেছেন কিন্তু সবটা ঠিকমতো তারা ও বুঝতে পারছেন না, সেজনাই দিতে পারছেন না।

শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি : কলেজের ক্ষেত্রে অপসন ফর্ম পেয়েছেন, একসঙ্গে হোলসেল ফিকসেশন না হলে অসুবিধা হবে—সেজন্য আমরা তাড়াতাড়ি ফিকসেশন করার চেষ্টা করছি একসঙ্গে।

Starred Questions
(to which oral answers were given)

রাজ্য সরকারি কর্মচারিদের বেতন ও ভাতা

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১) **শ্রী কাশীনাথ মিশ্র :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার তৃতীয় ও চতুর্থ শ্রেণীর রাজ্য সরকারি কর্মচারিদের জন্য কেন্দ্রীয় হারে ভাতা, বেতন, এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেবার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে—

(১) উক্ত পরিকল্পনা কবে নাগাদ কার্যকর হইবে ; এবং

(২) কতজন সরকারি কর্মচারী উক্ত সুযোগ-সুবিধা পাইবে?

শ্রী শঙ্কর ঘোষ ঃ

(ক) এবং (খ) ১৯৬৭ সালে নিযুক্ত বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার তৃতীয় ও চতুর্থ সকল শ্রেণীর রাজ্য সরকারি কর্মচারিদের বেতনক্রম ১৯৭০ সালের ১লা এপ্রিল হইতে সংশোধন করিয়াছেন। ইহার পর ১—১০-৭১ তারিখ হইতে রাজ্য সরকারি কর্মচারিদের এক দফা মহার্ঘভাতা দেওয়া হয়েছে।

তাহার পর ১৯৭৪ সালের ১লা জানুয়ারি হইতে ৮ টাকা হিসাবে দুই দফায় ১৬ টাকা, ১৯৭৪ সালের ১লা এপ্রিল হইতে ৮ টাকা হিসাবে এক দফা এবং ১৯৭৫ সালের ১লা এপ্রিল হইতে ৮ টাকা হিসাবে দুই দফায় ১৬ টাকা মহার্ঘ ভাতা মঞ্জুর করা হইয়াছে। ১-১০-৭১ তারিখ হইতে ১-৪-৭৪ তারিখ পর্যন্ত প্রদত্ত মহার্ঘ ভাতা ১৯৭৫ সালের ১লা এপ্রিল হইতে মহার্ঘ বেতন (ডিয়ারনেস পে) হিসাবে গণ্য হইয়াছে। ইহার ফলে কর্মচারীদের সুযোগ সুবিধা বৃদ্ধি পাইয়াছে।

রাজ্য সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দেবার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাদ এই পরিকল্পনা কার্যকর করা হইবে?

শ্রী শঙ্কর ঘোষ ঃ

(ক) এবং (খ) পশ্চিমবঙ্গ সরকার ষষ্ঠ অর্থ কমিশনের নিকট কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের এবং রাজ্য সরকারি কর্মচারিদের বেতন ভাতার হারের তারতম্য সম্পর্কে বক্তব্য রাখিয়াছিলেন এবং অর্থ কমিশনের নিকট রাজ্য সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিবার জন্য প্রয়োজনীয় অর্থ দাবি করিয়াছিলেন। ষষ্ঠ অর্থ কমিশন তাহাদের রিপোর্টে রাজ্য সরকারগুলি পরবর্তী ৫ বৎসরের মূল্যবৃদ্ধি হেতু সম্ভাব্য অতিরিক্ত মহার্ঘ ভাতার জন্য প্রয়োজনীয় অর্থের দাবির কথা উল্লেখ করিয়াছেন বটে কিন্তু সমস্ত দিক বিবেচনা করিয়া ষষ্ঠ অর্থ কমিশন বেতন ও মহার্ঘ ভাতা বাবদ পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারিদের জন্য ৫১.২৭ কোটি টাকা এবং শিক্ষা ও স্বায়ত্ব শাসন প্রতিষ্ঠানের কর্মচারিদের জন্য ৫১.২৭ কোটি টাকা মোট ১০২.৫৪ কোটি টাকা বরাদ্দ করিয়াছেন। ইহার মধ্যে ১-১০-৭১ তারিখ হইতে বলবৎ ১১-২-৭২ তারিখে ঘোষিত ভাতার জন্য সম্ভাব্য ব্যয় ২৬.৫৪ কোটি টাকাও ধরা আছে।

স্যার, এই লিখিত উত্তরের সঙ্গে আর একটি কথা বলতে চাই যে এখানে মুখ্যমন্ত্রী মহাশয় রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের উত্তর দিতে গিয়ে সেই সময় বলেছেন যে এই জিনিসটা তিনি বিবেচনা করছেন ও এটা তিনি দেখছেন। সুতরাং এই নিয়ে সাপ্লিমেন্টারি প্রশ্ন যতই করুন আমি তার উত্তর দিতে রাজি আছি। তবে তিনি কি বিবেচনা করছেন তা তিনিই জানেন। তবে সরকার এই ব্যাপারে সরকারি কর্মচারিদের প্রতি সহানুভূতিশীল আছেন।

শ্রী কাশীকান্ত মৈত্র : মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে কি আশ্বাস দিয়েছেন তা একটা ভিন্ন ব্যাপার। আমি জানতে চাই যে রাজ্য সরকারের দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর কর্মচারিদের সঙ্গে এই দফায় দফায় মাগ্গী ভাতা দেবার পরেও এখন পর্যন্ত কেন্দ্রীয় কর্মচারিদের দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর কর্মচারিদের সঙ্গে ব্যবধানটা কত?

শ্রী শঙ্কর ঘোষ : এখানে মুখ্যমন্ত্রী মহাশয় যখন বক্তৃতা দিয়েছিলেন তখন তিনি বলেছিলেন যে তিনি এই বিষয় চিন্তা করছেন এবং আমাদের এই দাবি নিয়ে ষষ্ঠ যোজনা কমিশনের কাছে দেওয়া হয়েছে।

Shri Kashinath Maitra : Sir, I have put a simple question. I want to know what is the total difference between the emoluments and allowances receivable by the Central Government employees in the categories of calss III and class IV and those received by the State Government employees in the same categories, and a simple answer is awaited.

[1-40 — 1-50 p.m.]

শ্রী শঙ্কর ঘোষ : এটার উত্তর খুব পরিষ্কার, কেবল ডি এ যদি ধরেন, ডি এ কেন্দ্রীয় হারে দিতে গেলে এখানে ৪৪ কোটি টাকার দরকার হয়, আমাদের ২৩ কোটি টাকা দিতে হয়, কেন্দ্রীয় হারে দিতে গেলে আরও ২১ কোটি টাকা দিতে হয়। আমি যেটা বলেছি সেটা হচ্ছে মুখ্যমন্ত্রী এ বিষয়ে এখানে বলেছেন।

শ্রী কাশীকান্ত মৈত্র : পুরানো মেম্বার হিসাবে আশা করব আপনি আমাকে প্রোটেকশন দেবেন। আমি স্টেটমেন্ট চাই না, রাজ্য সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় সরকারি হারে দিতে গেলে কত টাকা লাগে সেটা জানতে চাই না। আমি জানতে চাই এই দুইটির মধ্যে ব্যবধান কত, এই দুই শ্রেণীর কর্মচারির মধ্যে ডিফারেন্স কত আছে?

মিঃ স্পিকার : আমি জানি না অনারেবল মিনিস্টারের কাছে আছে কিনা, যদি থাকে, টোটাল ডি এ ফোর্থ ক্লাস স্টাফ কত পায় পশ্চিমবঙ্গে এবং কেন্দ্রীয় সরকারে এবং টোটাল ডি এ কত পায় ক্লাস থ্রী স্টাফ-এ হিসাবটা যদি থাকে, তাহলে সেটা একটু হাউসে বলুন।

শ্রী শঙ্কর ঘোষ : টোটাল ডিয়ারনেস অ্যালাউয়েন্স কেন্দ্রীয় হারে হচ্ছে up to Rs. 200-Rs. 107 ; from Rs. 201 to Rs. 300-134; Rs. 301 to Rs. 400-Rs. 138 ; from Rs. 401 to Rs. 500-Rs. 178 ; Rs. 501 to 700 - Rs. 237 ;

from Rs. 701 to Rs. 1,000-Rs. 303 and from Rs. 1,001 up to Rs. 2,025 - Rs. 303 dearness allowance.. আমাদের ডি এ যেটা দিই, সেটা আমি আমার লিখিত উত্তরে দিয়েছি।

শ্রীমতী ইলা মিত্র ঃ আমি আপনার মারফত জানতে চাইছি, মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে মুখ্যমন্ত্রী বিবেচনা করছেন, আমি জিজ্ঞাসা করতে পারি কি সেই বিবেচনা করছেন তিনি কেন্দ্রীয় হারে এখানকার সরকারি কর্মচারিদের দেবার জন্য?

শ্রী শঙ্কর ঘোষ ঃ সেটা মুখ্যমন্ত্রীই উত্তর দিয়েছেন, তিনি বলেছেন এটা অগ্রাধিকারের প্রশ্ন, তিনি বলেছেন পরিষ্কারভাবে। ডি এ বিষয় মুখ্যমন্ত্রী চিন্তা করছেন।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ আমাদের প্রজাতন্ত্রে এমন অনেক রাজ্য আছে যারা ষষ্ঠ অর্থ কমিশনে যে টাকা চেয়েছিলেন, তা না পাওয়া সত্ত্বেও তাদের কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দিয়েছে, একথা কি ঠিক?

শ্রী শঙ্কর ঘোষ ঃ কিছু কিছু রাজ্য কেন্দ্রীয় হারে দিয়েছে, একথা এই হাউসে অনেকবার আলোচনা হয়েছে। আমাদের কি করণীয় সেটা হচ্ছে কথা। অর্থ কমিশন ১০২ কোটি ৫৪ লক্ষ টাকা দিয়েছিলেন আমাদের ৫ বছরের জন্য তার মধ্যে ১লা অক্টোবর ১৯৭১ সালে দেওয়া হয়েছে ২৬ কোটি ৫৪ লক্ষ টাকা, সেটা বাদ দিলে অর্থ কমিশন ৭৬ কোটি টাকা দিয়েছেন, আমরা এ পর্যন্ত যেটা দিয়েছি, তাতে ১০৮ কোটি টাকা অর্থ কমিশন দিয়েছেন, তার চেয়ে প্রায় ৩২ কোটি টাকা বেশি এর ভিতর দেওয়া হয়েছে এবং এখন যেটা বলছি সেটা হচ্ছে মুখ্যমন্ত্রী মহাশয় এ ব্যাপারে চিন্তা করছেন।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী ঃ আমি আপনার কাছে প্রোটেকশন চাইছি স্যার, আমি অর্থমন্ত্রীর কাছে ক্যাটেগরিক্যালি জানতে চাইছি, তিনি বলুন ষষ্ঠ অর্থ কমিশন-এর কাছে মহার্ঘভাতা বাবদ যে টাকা চেয়েছিলেন, সেই টাকা তারা দিয়েছেন, আপনারা সেই টাকা পেয়েছেন কিন্তু আপনারা দেননি, এটা সত্য কিনা?

শ্রী শঙ্কর ঘোষ ঃ এটা সম্পূর্ণ ভুল, এটা যে ভুল আপনি জানেন, যে টাকা পেয়েছিলাম হিসাব দিলাম, ১০২ কোটি ৫৪ লক্ষ টাকা আমরা পেয়েছিলাম, ১লা অক্টোবর ১৯৭২ সাল পর্যন্ত আমরা দিয়েছি ২৬ কোটি ৫৪ লক্ষ টাকা, এটাবাদ দিয়ে থাকে ৭৬ কোটি টাকা। এর ভিতর দিয়েছি ১০৮ কোটি টাকা।

শ্রী আব্দুল বারি বিশ্বাস ঃ মাননীয় অর্থমন্ত্রী উত্তরে বলেছেন তিনি ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারি কর্মচারিদের সম্বন্ধে সচেতন ও সহানুভূতিশীল—খুব ভাল কথা। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের উত্তর দিতে গিয়ে বলেছেন তিনি এ সম্বন্ধে বিবেচনা করবেন। আমি জানতে চাই কেন্দ্রীয় সরকারের কর্মচারিদের হারে মহার্ঘভাতা রাজ্য সরকারের কর্মচারিদের দেবার প্রশ্নটা কি চলতি আর্থিক বছরে বিবেচনা করা হবে?

শ্রী শঙ্কর ঘোষ ঃ আমি আগেও এ প্রশ্নের উত্তর দিয়েছি আবারও এর উত্তরে

বলছি—কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দিতে গেলে আমাদের ২১ কোটি টাকা দরকার। আমরা চিন্তা করছি—কি করে এই ভাতা বাড়ানো যায়।

(এ ভয়েস ঃ উত্তরটা অন্যরকম হল, স্যার)

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ আপনি জানেন কি কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের কর্মচারিদের বেতন ক্রমে পার্থক্য কতখানি? কেবল মহার্ঘভাতা সমান করলেও এখন তারা সমান পাবে না। কেন্দ্রীয় সরকারে একজন চতুর্থ শ্রেণীর কর্মচারির মূল বেতন ১৯৬ টাকা থেকে শুরু, আর রাজ্য সরকারের চতুর্থ শ্রেণীর কর্মচারির ১৩৫ টাকা থেকে শুরু। সুতরাং কেবল মহার্ঘভাতা সমান করে দিলেই এদের অবিচার দূর হবে—তা নয়। এর সঙ্গে প্রশ্ন হচ্ছে মূল বেতনটাও সমান করার প্রশ্নটা আপনি বিবেচনা করছেন কি?

শ্রী শঙ্কর ঘোষ ঃ রাজ্য সরকারি কর্মচারিদের বেতন চতুর্থ শ্রেণীর ১৩৫ টাকা, তার সাথে যোগ করতে হবে— ডি এ পে ৩১ টাকা, ডি এ ১৬ টাকা হাউস রেন্ট অ্যালাউন্স ২৪ টাকা, মেডিক্যাল অ্যালাউন্স ৮.৩৫ টাকা—মোট ২০৪.৩৫ টাকা। দ্বিতীয় এ বিষয় হাউসে অনেকবার আলোচনা হয়েছে। কোনও কোনও ক্ষেত্রে প্রায়রিটি কতটা আছে—পাওয়ার ডিয়ারনেস অ্যালাউন্স কতটা যাবে, এডুকেশন এ কতটা যাবে, হেলথে কতটা যাবে—এ জিনিস যখন হাউসে আলোচনা করেছি, তখন মাননীয় সদস্যরা তাদের মতামত ব্যক্ত করেছেন। এখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই ডিয়ারনেস অ্যালাউন্স দেওয়া সম্বন্ধে চিন্তা করছেন।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ আপনি বললেন মূল বেতনে পার্থক্য থেকে যাবে—ছেড়ে দিন, আর একটা প্রশ্নের উত্তর দিন—অর্থ কমিশন যে টাকা যে পিরিয়ডের জন্য কর্মচারিদের মহার্ঘভাতা হিসাবে দিতে বলেছেন, আপনি কি সেই পিরিয়ডে সেই টাকা পেমেন্ট করেছেন?

শ্রী শঙ্কর ঘোষ ঃ এই প্রশ্নটা এখানে তিন বার উত্থাপিত হয়েছে—আমি আনন্দিত। আবার ও আমি এর উত্তরে বলছি—১০২ কোটি ৫৪ লক্ষ টাকা এই পাঁচ বছরের জন্য দিয়েছে— বইএর কোন পাতাতে তা আছে তাও আমি বলে দিতে পারি—। তার ভেতরে বলেছে ১লা অক্টোবর ১৯৭৩ সালে যেখানে টাকা দেওয়া হয়েছে—তাতে ২৬ কোটি ৫৪ লক্ষ টাকা বাদ দিয়ে ডিয়ারনেস অ্যালাউন্স এর জন্য পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য ৭৬ কোটি থেকে যেটা আমরা দিয়েছি। তবুও মুখ্যমন্ত্রী বিচার বিবেচনা করছেন ১০৮ কোটি টাকা ষষ্ঠ অর্থ কমিশন যা দিয়েছেন—তার চেয়ে ৩২ কোটি টাকা বেশি দিয়েছেন—আরও আমরা চিন্তা করছি।

Afforestation

*122. (Admitted question No. *393.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) the area of land (in hectares) that have been afforested during 1975-76 (up to 12th February, 1976) under Rural Production Programme in West Begnal ;

(b) the area of barren and arid lands (in hectares) that have been afforested in rural areas during the aforesaid period;

(c) the species of plants planted in these lands during the aforesaid period and the number of them belonging to—

(i) slow,

(ii) quick,

(iii) exotic,

(iv) indigenous species; and

(d) the measures adopted to protect the young plants against destruction by cattle and human beings?

Shri Sitaram Mahato :

(a) During the period in question no land has been afforested under Rural Production Programme in West Bengal.

(b) Does not arise.

(c) Does not arise.

(d) Does not arise.

শ্রী মহম্মদ সফিউল্লা : এই পারপাসে অর্থাৎ রুর‍্যাল প্রোডাকশন প্রোগ্রামে আপনি কত টাকা পেয়েছেন এবং কত খরচ করেছেন জানাবেন কি?

শ্রী সীতারাম মাহাতো : আমরা টাকা পেয়েছি ১০ লক্ষ ৬৮ হাজার এক টাকা এবং এই টাকার সম্পূর্ণ খরচ হয় নি। তবে কাজ হয়েছে এবং আগামী বছর বর্ষার আগে প্ল্যানটেশনের কাজ হবে। সেইজন্য এখন থেকে প্রায় ৯৩৩ হেক্টর জমি এটা আমরা অ্যাডভান্স ওয়ার্ক করে রেখেছি। আগামী বর্ষার আগে এটা অ্যাফরস্টেশন হবে।

শ্রী মহম্মদ সফিউল্লা : কোন কোন জেলায় এই প্রোডাকশনের কাজ বা প্রোগ্রামের কাজ আরম্ভ হবে বা অ্যাফরস্টেশন আরম্ভ হবে?

শ্রী সীতারাম মাহাতো : এতে আমাদের আছে—জলপাইগুড়ি, কংসাবতী সয়েল কনজারভেশন, ডিভিশন নং ওয়ান এবং কংসাবতী সয়েল কনজারভেশন, ডিভিশন নং টু পাঞ্চেৎ সয়েল কনজারভেশন, ওয়েস্ট মেদিনীপুর, মালদহ এবং সেন্ট্রালের মধ্যে পড়ছে—নদীয়া এবং মুর্শিদাবাদ।

শ্রী মহম্মদ সফিউল্লা : এই প্ল্যানটেশন অনুযায়ী কুইক গ্রোয়িং স্পেসিস করে পেপার বা অন্যান্য মিলে কাঁচামালের ব্যবস্থা করা হবে কি?

শ্রী সীতারাম মাহাতো : এখানে সমস্ত রকমই আছে। যেখানে সুট করবে আমাদের ফরেস্ট অফিসারেরা যা বুঝবেন তাই করবেন।

শ্রী মহম্মদ সফিউল্লা : ইনডিজিনিয়াস জোনে বা বাঁকুড়া ইত্যাদি জায়গায় কি কি ধরনের স্পেসিস বা এক্সোটিক করা হবে?

শ্রী সীতারাম মাহাতো : বাঁকুড়া জেলাতে সাধারণত ইউক্যালিপট্যাস বা আকাশমনি এই ধরনের গাছ হয়।

রাজনৈতিক পেনশন

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৫) **শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৬ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কতজন নির্যাতিত রাজনৈতিক কর্মীর নিকট হইতে পেনশনের আবেদন সরকার পাইয়াছেন ; এবং

(খ) ঐ আবেদনকারীদের মধ্যে যাহারা এখনও পেনশন পান নাই কতদিনের মধ্যে তাহারা তাহা পাইবেন?

শ্রী শঙ্কর ঘোষ :

(ক) ১৯৭৬ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত ৩০,২০৬ জন নির্যাতিত রাজনৈতিক কর্মীদের নিকট হইতে আবেদন পত্র পাওয়া গিয়াছে।

এই আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ ভারত সরকার কর্তৃক ৩১শে মার্চ ১৯৭৪ অবধী নির্ধারিত ছিল। ঐ তারিখ পর্যন্ত ২৪,৩৭৯টি আবেদন পত্র পাওয়া গিয়াছে।

অবশ্য ভারত সরকারের এক পরবর্তী নির্দেশ অনুযায়ী ১৯৫৪ সালের ১লা এপ্রিল হইতে ১৯৭৫ সালের ১৫ই জুলাই পর্যন্ত প্রাপ্ত ৫,২০০ আবেদন পত্রের তালিকা ভারত সরকারের কাছে পাঠানো হইয়াছে। ১৯৭৫ সালের ১৫ই জুলাইয়ের পর হইতে ৩১-১-৭৬ পর্যন্ত ৬২৭টি আবেদন পত্র পাওয়া গিয়াছে। এইগুলির সুপারিশ সম্পর্কে ভারত সরকারের কোনও নির্দেশ আসে নাই।

(খ) ১৯৭৬ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত ১৩,৩৭০ জন স্বাধীনতা সংগ্রামীকে পেনশন দেওয়া হইয়াছে।

নির্যাতিত রাজনৈতিক কর্মীদের আবেদনপত্রগুলি সুচারুরূপে পরীক্ষার জন্য সরকার প্রাক্তন বিচারপতি শ্রী অশোক চন্দ্র সেন মহাশয়ের নেতৃত্বাধীনে একটি উপদেষ্টা কমিটি গঠন করিয়াছেন। উক্ত কমিটি ছয়জন সদস্যের উপর এই আবেদনপত্রগুলি প্রতিদিন বিশ্লেষণ ও বিচার করিয়া দেখিবার দায়িত্ব ন্যাস্ত করিয়াছেন। তাহারা দৈনিক এইগুলি পরীক্ষা করিয়া পেনশন মঞ্জুরির

সুপারিশ করিলে কমিটি চেয়ারম্যানের অনুমোদন লইয়া রাজ্য সরকার সেইগুলি ভারত সরকারের নিকট অবিলম্বে পাঠাইতেছেন। বঙ্গ বিভাগের ফলে বহু ক্ষেত্রে অবিভক্ত বঙ্গের রেকর্ড পূর্ববঙ্গে থাকিয়া যাওয়ায় প্রমাণ পত্রাদির অভাবে ঐ সকল আবেদন পত্রগুলির সুপারিশে কিছুটা বিলম্ব স্বাভাবিক কারণেই হইতেছে। এজন্য প্রতি জেলায় প্রাক্তন ও খ্যাতনামা স্বাধীনতা সংগ্রামীদের লইয়া একটি করিয়া জেলা কমিটি গঠন করা হইয়াছে। তাহারা রাজ্য উপদেষ্টা কমিটি প্রেরিত এই সকল অবেদন পত্র পরীক্ষা করিয়া প্রয়োজনীয় তথ্যসহ সুপারিশ করিলে সেগুলি রাজ্য উপদেষ্টা কমিটির অনুমোদনক্রমে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হইতেছে। এই আবেদন পত্রগুলি সম্পর্কে ভারত সরকারের মঞ্জুরি ত্বরান্বিত করিবার জন্য মধ্যে মধ্যে রাজ্য সরকার তাহাদের কর্মচারিদের কেন্দ্রীয় সরকারের দপ্তরে পাঠাইয়া থাকেন।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি : আমি এই রকম একটা কমিটিতে আছি। আমি জানি এ ব্যাপারে রাজ্য সরকারের কাছ থেকে যখন রেলেভেন্ট পেপারস চেয়ে পাঠানো হয় তখন একটি কাগজও পাওয়া যায় না শুধু দরখাস্তখানি পাঠানো হয়। এতে বিচারের জায়গায় অবিচার হওয়ার কথা এসে পড়ে। তাই মন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি যে এই সম্পর্কে রেলেভেন্ট পেপারস গুলি যাতে জেলা স্তরে পাঠিয়ে দেওয়া হয় তার ব্যবস্থা করবেন কি?

শ্রী শঙ্কর ঘোষ : এ রকম অভিযোগ এখনও আমি পাইনি। আপনার যদি কোনও কেস এই রকম থেকে থাকে আমার কাছে পাঠাবেন—আমরা চাই যে সেটা দেখা হোক। অনেক ক্ষেত্রে কাগজপত্র পাঠাবার অনেক অসুবিধা দেখা দেয়। যেমন পূর্ববঙ্গে কাগজপত্র পুলিশ রিপোর্ট সব পড়ে রয়েছে অরিজিন্যাল রিপোর্ট কিছুই নাই, সেইজন্য স্টেট লেবেলে একটা অ্যাডভাইসারি কমিটি করা আছে তারা সেটা দেখে বিচার করেন, তাদের কো প্রিজনার বা অন্য রাজনৈতিক বিশিষ্ট কর্মী সার্টিফিকেট দিতে হতে পারে এফিডেবিট করতে হতে পারে।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি : আপনি হয়তো দেখেছেন যে আসাম গভর্নমেন্ট অনেক দুর্নীতিপরায়ণ ব্যক্তির পেনশন বন্ধ করে দিয়েছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এই রকম কিছু খবর আছে কিনা। এই রকম বহু লোক যারা জেলের দরজা পর্যন্ত দেখেনি অথচ এই রকম পেনশন পাচ্ছে। পুলিশের কাছে দরখাস্ত গেছে—পুলিশ রিপোর্ট দিয়ে দিয়েছে। এ সম্পর্কে রাজ্য সরকার কোনও ব্যবস্থা অবলম্বন করবেন কি?

শ্রী শঙ্কর ঘোষ : আমাদের স্টেট লেভেলে অ্যাডভাইসারি কমিটি আছে। সেখানে প্রাক্তন স্বাধীনতা সংগ্রামী সদস্যদের নিয়ে সেই কমিটি গঠিত হয়েছে। সেই কমিটির চেয়ারম্যান হলেন প্রাক্তন স্বাধীনতা সংগ্রামী হাই কোর্টের বিচারপতি শ্রী অশোককুমার সেন চেয়ারম্যান এবং আরও ৬ জন সদস্য আছেন। তাদের রেকমেন্ডেড হয়ে এলে আমরা সেগুলি কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাই। কেন্দ্রীয় সরকার এই কমিটির উপর খুবই আস্থা রাখেন। আপনি যেটা বললেন এই রাজ্যে এই রকম হয়েছে বলে জানা নেই। কারণ এই কমিটি রেকমেন্ড না করলে এটা আমরা পাঠাই না।

শ্রী দীপ্তিকুমার সেনগুপ্ত : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১০ হাজার দরখাস্ত দিল্লিতে পাঠানো হয়েছে এবং পরে বললেন যে ৬২৭টি ক্ষেত্রে নির্দেশ আসে নি। যেহেতু স্বাধীনতা সংগ্রামীদের অবস্থা খুবই খারাপ সেইহেতু তিনি এখান থেকে স্পেশাল অফিসার পাঠিয়ে এই সব পেনশন যাতে ত্বরান্বিত হয় তার ব্যবস্থা করবেন কি?

শ্রী শঙ্কর ঘোষ : এ ব্যাপারে আমরা প্রায়ই স্পেশাল অফিসার পাঠাই এবং আরও ভবিষ্যতে পাঠাব। আমাদের এখানে বহু কেস পেনশন পাচ্ছে। মোট তিনটি রাষ্ট্রে ১৩ হাজার স্যাংশন হয়েছে সেই রাষ্ট্রগুলি হল পশ্চিমবঙ্গ, উত্তর প্রদেশ, বিহার।

দ্বাদশ শ্রেণী বিদ্যালয়

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭) **শ্রী নরেশচন্দ্র চাকী :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রতিষ্ঠার কর্মসূচি বর্তমানে কি পর্যায়ে আছে ;

(খ) পশ্চিমবঙ্গে কতগুলি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রতিষ্ঠিত হইবে ; এবং

(গ) কি পদ্ধতিতে এইগুলি নির্বাচিত করা হইবে?

শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি :

(ক) উচ্চ মাধ্যমিক শিক্ষাসংসদ সংবাদপত্রে বিজ্ঞাপন মারফৎ আবেদনপত্র আহ্বান করিয়াছিলেন। উক্ত সংসদ আবেদনকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলি পরিদর্শনের জন্য জেলায় জেলায় পরিদর্শক দল গঠন করিয়াছেন এবং পরিদর্শনের কাজও ইতিমধ্যে অনেকটা অগ্রসর হইয়াছে বলিয়া জানা গিয়াছে।

(খ) আপাতত এক সর্বসমেত অনধিক এক হাজারের মতো প্রতিষ্ঠানকে স্বীকৃতি দানের পরিকল্পনা আছে।

(গ) প্রয়োজনের ভিত্তিতে।

[2-00 — 2-10 p.m.]

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই নির্বাচনের যোগ্যতাগুলি কি কি?

শ্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় : এটা উচ্চতর মাধ্যমিক শিক্ষাসংসদের বিচার্য বিষয়। তবে আমি যতদূর জেনেছি সেটা হচ্ছে এই যেসব শিক্ষা প্রতিষ্ঠানের ফিজিক্যাল ফেসিলিটিজ মানে উপযুক্ত অ্যাকোমডেশন ফর ক্লাসেস, ল্যাবরেটরি, ইকুইপমেন্ট তারপরে উপযুক্ত শিক্ষক ইত্যাদি এবং যেখানে যাতায়াতের সুবিধা অ্যাকসেবিলিটি থাকা চাই যাতে ছেলেরা দূর দূর থেকে আসতে পারে মোটামুটি এই ধরনের কতকগুলি জিনিস থাকা চাই।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় শিক্ষামন্ত্রী কি জানেন ২৪ পরগনা জেলায় এখন পর্যন্ত কোনও ইনসপেকশনের কাজ শুরু হয় নি—তাতে কি এটা আশঙ্কা করা যায় না যে তিন

চার মাসের মধ্যে এই ইনসপেকশনের কাজ শেষ হবে না? তার ফলে বহু ভাল ভাল স্কুল যাদের ফিজিক্যাল ফেসিলিটিজ আছে অথচ তারা নানা কারণে দরখাস্ত করেনি ম্যানেজিং কমিটির ক্ষমতা চলে যাবার ভয়ে, অন্যান্য কারণও আছে—এমন একটা এলাকাগত কারণে সেই স্কুলটা হওয়া উচিত সেটা করেনি, সেই ক্ষেত্রে গভর্নমেন্ট ইনসপেকশন কমিটিকে জানাবেন কি যে এই স্কুল ইনসপেকশন করে আমাদের কাছে রেকমেন্ড করে পাঠাও—এটা আপনি আমাদের জানাবেন কি?

শ্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ ২৪ পরগনার পরিদর্শক দল এখনও গঠিত হয়নি সেটা আমি জানি। একটা অসুবিধা দেখা দিয়েছে। তবে আমরা নিশ্চয় পরিদর্শকদল তাড়াতাড়ি করব এবং কাজ যাতে আরও তাড়াতাড়ি করা যায় তার চেষ্টা করব।

Starred Questions
(to which written answers were laid on the Table)

বাঁকুড়া জেলায় ১৯৭৫-৭৬ সালে বন বইতে রাজস্ব আদায়

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২) **শ্রী ফণিভূষণ সিংহবাবু ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ১৯৭৫-৭৬ সালে (৩১শে জানুয়ারি পর্যন্ত) বন হইতে রাজস্ব বাবদ মোট কত টাকা পাওয়া গিয়াছে ; এবং

(খ) উক্ত সময়ে বন সম্পদের উন্নতি সাধনের জন্য কত টাকা ব্যয় করা হইয়াছে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মোট ৩১,০৮,৭৭১ টাকা।

(খ) মোট ৯,২৪,২৯১ টাকা।

Science Museum and Physical Training Degree College in Midnapore

*121. (Admitted question No. *89.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state the present position regarding the proposals for construction of (a) Permanent Science Museum, (b) Physical Training Degree College in Midnapore district ?

Minister-in-charge of the Education Department :

At present Government has no proposal for construction of any permanent Science Museum or Physical Training Degree College in Midnapore District.

ইলামবাজারে নেতাজি কলোনি

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪২২) **শ্রী শচীনন্দন সাউ :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার ইলামবাজার থানায় নেতাজি কলোনিতে কত ঘর উদ্বাস্তু বাস করেন ;

(খ) উক্ত এলাকায় উদ্বাস্তুদের বাস্তুজমি দেওয়া হয়েছে কিনা ; এবং

(গ) উক্ত এলাকায় রাস্তাঘাট, বিদ্যুৎ, প্রাথমিক বিদ্যালয়, কৃষিযোগ্য জমিতে সেচ ব্যবস্থা ইত্যাদি বিষয়ে সরকার কিছু করেছেন কিনা?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) প্রায় ১৫০টি উদ্বাস্তু পরিবার।

(খ) উদ্বাস্তুদের উক্ত এলাকায় বাস্তুজমি দেওয়ার প্রশ্ন ওঠে না, কারণ ইলামবাজারস্থ পশ্চিম নারায়ণপুর ও ভরতপুর মৌজায় অবস্থিত ঐ জমিগুলি জমিদারি বিলোপ আইন অনুযায়ী সরকারে বর্তাইয়াছে, কিন্তু উদ্বাস্তুগণ বিনা অনুমতিতে ঐগুলি জবর দখল করিয়াছেন।

(গ) জবরদখল কলোনিটি বৈধকরণ না হওয়া পর্যন্ত সরকারি ভাবে কোনও উন্নয়ন কার্য করা সম্ভব নহে।

মুর্শিদাবাদ জেলায় এস ই পি স্কীম

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৭) **ডাঃ এক্রামূল হক বিশ্বাস :** উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন ব্লকে এস ই পি স্কীমে ১৯৭৪-৭৫ এবং ১৯৭৫-৭৬ বার্ষিক বছরে মোট কত টাকার এবং কি ধরনের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) উক্ত উন্নয়ন পরিকল্পনাগুলির কাজ কতদূর অগ্রসর হয়েছে?

উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ১৯৭৪-৭৫ সালে মুর্শিদাবাদ জেলায় বরাদ্দকৃত ১৩.০০ লক্ষ টাকার মধ্যে ১২.৪৭ লক্ষ টাকার প্রকল্প অনুমোদন করা হয়েছে। ১৯৭৫-৭৬ সালে বরাদ্দকৃত অর্থ ছিল ১৬.৭৭ লক্ষ টাকা কিন্তু প্রকল্প মঞ্জুর করা হয়েছে ১৭.০১ লক্ষ টাকার।

প্রকল্পগুলি মূলত গ্রামীণ রাস্তা নির্মাণ ও উন্নয়ন এবং আনুষাঙ্গিক যোগাযোগ

ব্যবস্থার উন্নতির সহায়ক।

(খ) বিশদ বিবরণ সংগ্রহ করা হচ্ছে।

বিদ্যালয় অনুমোদন

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০০) **শ্রী মহম্মদ দেদার বক্স ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৫-৭৬ আর্থিক বৎসরে পশ্চিমবাংলায় মোট কয়টি (১) উচ্চ মাধ্যমিক, (২) মাধ্যমিক, (৩) নিম্ন মাধ্যমিক বিদ্যালয় মঞ্জুরি পাইবে ; এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলিকে কিভাবে এবং কখন মঞ্জুরি দেওয়া হইবে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বিষয়টি এখনও বিবেচনাধীন।

(খ) প্রশ্ন ওঠে না।

বার্ধক্যভাতা

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৮) **শ্রী সুধীরচন্দ্র দাস ঃ** ত্রাণ এবং কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় ১৯৭৫-৭৬ সালে মোট কত ব্যক্তিকে বার্ধক্যভাতা দেওয়ার পরিকল্পনা আছে ; এবং

(খ) বার্ধক্যভাতা গ্রহীতার সংখ্যা বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা?

ত্রাণ এবং কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১০,৭৫০ জন কে,

(খ) বর্তমানে নাই।

মাধ্যমিক পরীক্ষায় বাংলা

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৮) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, 'ইন্টারমিডিয়েট কলেজ'-এর জন্য যে 'সিলেবাস' করা হইয়াছে তাহাতে ইংরাজিকে আবশ্যিক ভাষা করা হইয়াছে এবং বাংলাকে কোনও স্বীকৃতিই দেওয়া হয় নাই ; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এই অবস্থার পরিবর্তনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) উচ্চ মাধ্যমিক স্তরে ইংরাজিকে আবশ্যিক করা হইয়াছে সত্য কিন্তু বাংলাকে কোনও স্বীকৃতিই দেওয়া হয় নাই ইহা সত্য নহে।

(খ) (১) উচ্চ মাধ্যমিক স্তরে দুইটি ভাষা শিক্ষার ব্যবস্থা করা হইয়াছে। সর্বভারতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে গুরুত্ব বিবেচনায় এবং উচ্চতর শিক্ষা বিশেষত প্রযুক্তি, কারিগরি এবং ডাক্তারি বিদ্যার ক্ষেত্রে ইংরাজি ভাষার প্রয়োজনীয়তা স্বীকার করিয়া উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ ইংরাজিকে আবশ্যিক করিয়াছেন। মাধ্যমিক স্তরে যাহাদের প্রথম ভাষা বাংলা তাহাদের জন্য উচ্চ মাধ্যমিক স্তরেও বাংলাকে আবশ্যিক করা হইয়াছে।

(২) প্রশ্ন ওঠে না।

পশ্চিমবঙ্গে বনাঞ্চলের পরিমাণ

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৮) শ্রী **নাসিরুদ্দিন খান :** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বনাঞ্চলের মোট পরিমাণ কত;

(খ) ঐ সকল বনে কি কি গাছ আছে ; এবং

(গ) কোনও পুরাতন বন সম্পূর্ণরূপে কাটিয়া সেই জায়গায় নতুন বন তৈয়ারি করা হইয়াছে কিনা?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ১১,৮৩৭ বর্গ কিলোমিটার।

(খ) শাল, সেগুন, শিমুল, খয়ের, ইউক্যালিপটাস, ধুপি, কেন্দ, চাঁপ, ওক, বিবলাউনি, জারুল প্রভৃতি নানা প্রকারের গাছ আছে।

(গ) হ্যাঁ।

উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের আবক্ষ মূর্তি

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৮) শ্রী **গণেশ হাটুই :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়

অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার বাগান্ডা গ্রামে ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের আবক্ষ মূর্তি প্রতিষ্ঠার জন্য জনশিক্ষা প্রচার কেন্দ্রের সম্পাদককে কত টাকা দেওয়া হয়েছে ; এবং

(খ) উমেশ লাইব্রেরি-কাম-গবেষণাকেন্দ্রের বাড়িটি তৈরির জন্য হুগলি ও হাওড়া জেলার সোশ্যাল এডুকেশন অফিসারের অফিস হইতে কত টাকা মঞ্জুর করা হইয়াছে এবং এই টাকা ঠিকমতো খরচ হইয়াছে কিনা?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ১৫,৫০০ টাকা।

(খ) মোট ৪৫,৮৭৪ টাকা মঞ্জুর করা হইয়াছে এখনও সেই টাকা সম্যকভাবে খরচ করা হয় নাই।

Intermediate Education in Colleges

*134. (Admitted question No. *549.) **Shri Monorajan Pramanik :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number of Government Sponsored Degree Colleges that have applied for introducing plus two scheme (Higher Secondary Course);

(b) the number of private colleges that have applied for the same ; and

(c) the number of Government colleges and schools that have applied for the same ?

Minister-in-charge of the Education Department :

(a) 14.

(b) 152.

(c) Government College-None, Government School-32.

প্রাথমিক শিক্ষক

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১০১) **শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায় :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রতি ৪০ জন ছাত্রছাত্রীর জন্য একজন প্রাথমিক শিক্ষক নিয়োগের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কবে নাগাদ ঐ প্রস্তাব কার্যকর হইবে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ও (খ) প্রতি ৪০ জন ছাত্র ছাত্রীর জন্য একজন করিয়া প্রাথমিক শিক্ষক নিয়োগের নীতি বর্তমানে চালু আছে।

প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের বিনামূল্যে টিফিন সরবরাহ

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩২) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বিনামূল্যে টিফিন সরবরাহ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কোন তারিখ হইতে চালু করা হইবে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) হ্যাঁ, কয়েকটি প্রকল্প বর্তমানে চালু আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

বনজাত দ্রব্যের শুল্ক

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫) **শ্রী কাশীনাথ মিশ্র :** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায়

(১) শাল গাছের রস আহরণের জন্য ও

(২) বন হইতে শুষ্ক পত্র আহরণের জন্য কোনও কর বা শুল্ক ধার্য আছে কিনা ; এবং

(খ) থাকিলে, ঐ বাবদ আদায়ীকৃত কর বা শুল্কের পরিমাণ কত?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) (১) বাঁকুড়া জেলায় শাল গাছ হইতে কোনওরূপ রস আহরণ করা হয় না।

(২) শুকনো পাতা সংগ্রহের জন্য মূল্য নির্ধারিত আছে।

(খ) শুকনো পাতা বিক্রয় বাবদ ১৯৭৪-৭৫ আর্থিক বৎসরে মোট ৩,৮৫৫ টাকা আদায় হইয়াছে।

মুর্শিদাবাদ জেলায় আর পি পি প্রোগ্রাম

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৯) **ডাঃ এক্রামুল হক বিশ্বাস ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় আর পি পি প্রোগ্রাম-এ বিভিন্ন ব্লকে কি ধরনের, এবং কতগুলি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ; এবং

(খ) ডোমকল ব্লকে কয়টি আর পি পি প্রোগ্রাম গ্রহণ করা হইয়াছে এবং ঐ বাবদ কত টাকার স্কীম গ্রহণ করা হইয়াছে?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন ব্লকে 'গ্রামীণ উন্নয়ন কর্মসূচিতে (আর পি পি) নিম্নে বর্ণিত মোট ৩৭টি প্রকল্প গ্রহণ করা হয়েছে ঃ

সেচ উন্নয়ন প্রকল্প	— ২০
গ্রামীণ সড়ক উন্নয়ন প্রকল্প	— ৮
বন উন্নয়ন প্রকল্প	— ২
নদী-বাঁধ উন্নয়ন প্রকল্প	— ৭
মোট	**৩৭টি**

(খ) ডোমকল ব্লকে এই কর্মসূচিতে গৃহীত মোট স্কীমের সংখ্যা ৪ এবং টাকার পরিমাণ ৩,৬৭,২০৪.০০ টাকা।

পশ্চিমবঙ্গে নতুন বনভূমি

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৯) **শ্রী নাসিরুদ্দিন খান ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান মন্ত্রিসভা গঠনের পর হইতে ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত কোন কোন এলাকায় নতুন বন তৈয়ারি করা হইয়াছে ;

(খ) উক্ত বনসমূহে ভূমির পরিমাণ কত ; এবং

(গ) এজন্য কত টাকা ব্যয় করা হইয়াছে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) (মধ্য, দক্ষিণ ও ভূমিসংস্করণ মন্ডলে) মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪ পরগনা, মেদিনীপুর, বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া ও দার্জিলিং জেলায়।

(খ) ২,২৪০ হেক্টর।

(গ) ১৬,৮০,০০০ টাকা।

আপ গ্রেডেড স্কুল

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালে জানুয়ারি মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি স্কুলকে 'আপ গ্রেডেড' করা হইয়াছে ; এবং

(খ) এ বিষয়ে মোট স্কুলের লক্ষ্য মাত্রা কত?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) প্রারম্ভিক তারিখের উল্লেখ না থাকায় প্রশ্নটির সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। তবে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ জানাইয়াছে যে ১-১-৭৩ হইতে ৩১-১-৭৬ এর মধ্যে মোট ৭২০টি স্কুলকে পর্ষদ কর্তৃক আপগ্রেড করা হইয়াছে। এর মধ্যে ৩২০টি ৪ শ্রেণী হইতে দশম শ্রেণীতে এবং ৪০০টি ২য় শ্রেণী হইতে ৪র্থ শ্রেণীতে।

(খ) প্রয়োজনের ভিত্তিতে প্রতি বৎসর স্বীকৃতি দানের সংখ্যা নির্ধারণ করাই সরকারের পরিকল্পনা।

শারীর শিক্ষার স্নাতকোত্তর পঠনপাঠন

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৪) **শ্রী অশ্বিনীকুমার রায় :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে শারীর শিক্ষার স্নাতকোত্তর পঠনপাঠনের কি ব্যবস্থা আছে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

পশ্চিমবঙ্গে শারীর শিক্ষার এক বৎসরের স্নাতকোত্তর পাঠক্রম নিম্নলিখিত শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পঠন-পাঠনের ব্যবস্থা আছে :—

(১) ২৪-পরগনা বানীপুর স্নাতকোত্তর শারীর শিক্ষা প্রশিক্ষন মহাবিদ্যালয়,

(২) শারীর শিক্ষা (মহিলা) মহাবিদ্যালয়, হেস্টিংস হাউস, আলিপুর,

(৩) বহরমপুর ক্রিশ্চিয়ান প্রশিক্ষণ মহাবিদ্যালয় (শারীর শিক্ষা বিভাগ), মুর্শিদাবাদ,

(৪) যাদবপুর বিশ্ববিদ্যালয়, (শারীর শিক্ষার সাস্থ্য বিভাগ) এবং

(৫) কল্যাণী বিশ্ববিদ্যালয় (শারীর শিক্ষা বিভাগ), নদীয়া।

Anthrax in Jaldapara Sanctuary

*145. (Admitted question No. *1005.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) if it is fact that of late anthrax broke out in Jaldapara Wild Life Sanctuary ;

(b) if so,—

(i) when such disease broke out within the sanctuary ;

(ii) how many rhinoceros (rhinoceros unicornis) died of anthrax since the break out of the aforesaid disease ;

(iii) what were the causes of the disease ;

(iv) how many hoofed animals other than rhinoceros died of that disease ;

(c) whether the disease broke out in an epidemic form ; and

(d) if so, precautionary measures taken against the epidemic ?

Minister-in-charge of the Forests Department :

(a) No.

(b) Does not arise.

(c) Does not aries.

(d) Does not arise.

বেসরকারি কলেজ অধ্যাপকের জন্য ইউ জি সি স্কেল

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫২১) **শ্রী গণেশ হাটুই :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে বেসরকারি কলেজের অধ্যাপকদের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত ইউ জি সি স্কেল অনুযায়ী বেতনক্রমের ফিকসেশন শুরু হইয়াছে ; এবং

(খ) সত্য হলে, ১৯৭৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত কতগুলি কলেজের অধ্যাপকদের ক্ষেত্রে নতুন বেতনক্রম চালু হইয়াছে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) নতুন বেতনক্রমে বেতন নির্ধারণ (ফিকসেশন) এখনও শুরু হয় নাই। এই নতুন বেতনক্রমে বেতন নির্ধারণের নিয়মাবলি এইরূপ যে প্রতি

(খ) কলেজের সমুদয় শিক্ষকের বেতন নির্ধারণ একই সঙ্গে করা প্রয়োজন। ইহার জন্য প্রতি কলেজের শিক্ষকদের মধ্যে কাহারা পুরাতন বেতনক্রমে থাকিতে ইচ্ছুক এবং কাহারাই বা নতুন বেতনক্রম গ্রহণ করিবেন এই ঐচ্ছিক পত্র (অপশন ফর্ম) সহ শিক্ষকদের চাকুরি সংক্রান্ত বিভিন্ন প্রয়োজনীয় তথ্যাদি নির্দিষ্ট ফর্মে দাখিল করিবার জন্য কলেজ কর্তৃপক্ষকে অনুরোধ করা হইয়াছে।

Midnapore University

*149. (Admitted question No. *1193.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state the present position of the proposal for setting up of a University in Midnapore district ?

Minister-in-charge of the Education Department :

The UGC has already been informed that the State Government have decided to send a proposal for the establishment of a University in Midnapore district.

A Committee is now enquiring into the broad framework, outlines etc. of the proposed university. A formal proposal will be sent to the University Grants Commission at an early date.

নতুন বন সৃষ্টি

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬১) **শ্রী মহম্মদ দেদার বক্স :** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৭৫-৭৬ আর্থিক বছরে কোনও নতুন বন তৈরি করা হয়েছে কিনা ;

(খ) যদি হয়ে থাকে তাহলে কয়টি এবং কোথায় ;

(গ) মুর্শিদাবাদ জেলায় বর্তমান আর্থিক বছরে কোনও বন তৈরির পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঘ) *থাকিলে, কোন অঞ্চলে ?*

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) হ্যাঁ।

(খ) মালদহ, নদীয়া, ২৪-পরগনা, মুর্শিদাবাদ, মেদিনীপুর, পুরুলিয়া, বর্ধমান, বাঁকুড়া, বীরভূম ও দার্জিলিং জেলার বিভিন্ন স্থানে।

(গ) হ্যাঁ।

(ঘ) ডোমকল এবং ফারাক্কা ব্লকে।

বাঁকুড়া জেলায় প্রাথমিক বিদ্যালয়সমূহে অনুদান

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৯) **শ্রী ফণিভূষণ সিংহবাবু :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ক্র্যাস স্কীম অনুযায়ী এই বৎসরে বাঁকুড়া জেলায় কয়টি প্রাথমিক স্কুল সরকারি অনুদান পাইবে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

বর্তমান বৎসরে ক্র্যাশ স্কীম অনুযায়ী পশ্চিমবঙ্গে কোনও প্রাথমিক বিদ্যালয়কে অনুদান প্রদানের পরিকল্পনা নেই।

কবিবর হেমচন্দ্রের বসতবাটী

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৪) **শ্রী গণেশ হাটুই :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার জাঙ্গীপাড়া থানার অন্তর্গত গুলটিয়া গ্রামে কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বসতবাটীটি বিক্রয় হতে চলিয়াছে ; এবং

(খ) সত্য হলে, কবির স্মৃতিরক্ষার্থে ঐ বাড়িটি সরকার কর্তৃক অধিগ্রহণের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) সরকার এ বিষয়ে অবগত নহেন।

(খ) এইরূপ কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

Unstarred Questions
(to which written answers were laid on the Table)

Appointments under the Excise Department

11. (Admitted question No. 65.) **Shri Rajani Kanta Doloi : Will**

the Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) the total number of persons appointed to class III and Class IV, post under the Excise Department up to 31st January, .1976 by the present Government ; and

(b) the total number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Excise Department :

(a) 195.

(b) (i) 8. (ii), 15., (iii) 2.

Appointments under the Co-operation Department

12. (Admitted question No. 70.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) the total number of persons appointed to class III and Class IV post under the Co-operation Department by the present Government in this State (up to 31st January, 1976) ; and

(b) the total number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Co-operation Department :

(a) Class III 163

Class IV 64

Total 227

(b) (i) Class III-2 and Class IV-7, Total -9.

(ii) Class III-24 and Class IV-5, Total-29.

(iii) Class III-1 and Class IV-1, Total-2.

Appointments under the Home (Police) Department

13. (Admitted question No. 75.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of persons appointed to different posts under Calcutta Police Force up to 31st up to January, 1976 by the present Government ; and

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Home (Police) Department :

(a) 2,840.

(b) (i) 321.

(ii) 395.

(iii) 423.

Appointments in the Calcutta Police Force

14. (Admitted question No. 90.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total strength of the Calcutta Police Force as on 31st December 1975 ;

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

(c) Category and post-wise break-up of (a) and (b)-

Minister-in-charge of the Home (Police) Department :

(a) 19,257

(b) (i) 2,347.

(ii) 1.145.

(iii) 1,706.

(c) As detailed in the annexure below.

Statement of Muslim, Scheduled Castes and Scheduled Tribes of Calcuta Police as it stood on 31st December, 1975.

Sl No.	Rank	Present strength	Muslim	Scheduled Castes	Scheduled Tribes
1.	C.P.	1	..	..	..
2.	Jt. C.P.	1	..	...	..
3.	D.C.	20	1	..	..
4.	A.C.	39	..	2	..
5.	Inspector	211	..	..	..
6.	Inspectress	5	4	6	..
7.	P.P.	29	..	1	..
8.	Sub-Inspector	1007	..	..	..
9.	Sub-Inspectress	22	27	52	..
10.	Sergeant Major	22	..	..	..
11.	Sergent	451	16	42	14
12.	Subedar Major	6	..	..	..
13.	Subedar	29	4	2	2
14.	W/Sgt. Supervisor	7	..	..	..
15.	W.Supr. Gr. I	7	..	..	..
16.	W. Supr. Gr.II	32	..	1	1
17.	Jamadar	118	15	3	..

[8th March, 1976]

Sl No.	Rank	Present strength	Muslim	Scheduled Castes	Scheduled Tribes
18.	Asstt. Sub-Inspector	878	..	..	..
19.	Asstt. Sub-Inspectress	29	25	22	6
20.	Hav. Major	19	..	..	..
21.	Havildar	300	10	18	43
22.	Head Constable	471	55	22	3
23.	Head Sower	5	2	..	..
24.	Naik	517	18	20	125
25.	L/Naik	530	33	25	85
26.	Sepoy	5,553	..	..	..
27.	Constable	7,801	1,897	902	1,399
28.	Sowar	77	26	1	..
29.	Constable Driver	977	197	20	28
30.	Armourer	..	..	..	..
31.	Manjhi ..	8	3	1	..
32.	Dandi ..	40	12	3	..
33.	S.L./M.L. Staff ..	43	2	2	..
34.	Head Const./Dirver	2	..	..	..
	Total	19,257	2,347	1,145	1,706

Appointments Under the Labour Department

15. (Admitted question No. 93.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the total number of persons appointed to class III and class IV posts under the Labour Department by the present Government in the State up to 31st January, 1976; and

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Labour Department :

(a) 732.

(b) (i) 41.

(ii) 121

(iii) 12.

Appointments Under the Scheduled Castes and Tribes Welfare Department

16. (Admitted question No. 94.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) the total number of persons appointed to class II and Class IV posts under the Scheduled Castes and Tribes Welfare Department by the present Government in the State up to 31st January, 1976 ; and

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department :

(a) Class III posts—89, Class IV posts—35.

(b) (i) Class III—19, ClassIV—13

(ii) Class III—6, ClassIV—4

(iii) Class III—5, ClassIV—2

Appointments under the Social Welfare Department

17. (Admitted question No. 95.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Relief and Welfare Department be pleased to state—

(a) the total number of persons appointed to class III and Class IV post under the Social Welfare Department up to 31st January, 1976 by the present Government; and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

(iii) Muslim Community,

Minister-in-charge of the Relief and Welfare Department :

(a) 88.

(b) (i) 13.

(ii) 1.

(iii) 4.

Appointments under the Panchayats Department

18. (Admitted question No. 98.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Panchayats Department be pleased to state—

(a) the total numbers of persons appointed to class III and class IV posts under the Panchayats Department up to 31st January, 1976 by the present Government; and

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Panchayats Department :

(a) Class III—45

Class IV—24

(b) (i) (a) Class III—7

(b) Class IV—1

(ii) (a) Class III—4

(b) Class IV—1

(iii) (a) Class III—1

(b) Class IV—Nil

Appointments under the Calcutta Corporation

19. (Admitted question No. 99.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(a) the total numbers of persons appointed to class III and class IV posts under the Caluctta Corporation during 1972, 1973, 1974 and 1975 ; and

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Calcutta Municipal Corporation Department :

(a) কর্পোরেশনের কর্মচারিদের মধ্যে সরকারি অফিসের কর্মচারিদের মতো শ্রেণীবিভাগ নেই। তবে কর্পোরেশনের ক্লারিক্যাল ও সাব-অর্ডিনেট ক্যাডারভুক্ত কর্মচারিদের তৃতীয় শ্রেণী এবং পিয়ন, গার্ড, জুনিয়র এবং শ্রমিক ভিন্ন অন্যান্য নিম্নমানের পদগুলিতে কর্মরত লোকেদের চতুর্থ শ্রেণীর সমতুল্য বলে গণ্য করা যেতে পারে।

১৯৭৪ সালের নভেম্বর মাসের পূর্ব পর্যন্ত কর্পোরেশনে কোনও কেন্দ্রীভূত পার্সোনেল ডিপার্টমেন্ট না থাকায় বৎসর অনুযায়ী নিয়োগের তালিকা দেওয়া সম্ভব নয়।

১৯৭২ সালের অক্টোবর মাস থেকে ১৯৭৪ সালের জুলাই মাস পর্যন্ত কর্পোরেশনের বিভিন্ন বিভাগে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন কর্তৃক তৈয়ারি প্যানেল থেকে ১৩৬ জন জুনিয়র ক্লার্ক নিয়োগ করা হয়েছিল। ১৯৭৪ সালের নভেম্বর মাস থেকে ১৯৭৫ সালের শেষ পর্যন্ত ১৫২ জন তৃতীয় শ্রেণীভুক্ত কর্মচারী নিয়োগ করা হয়েছিল।

(b) পদ সংরক্ষণ ব্যবস্থা এবং সম্প্রদায় অনুযায়ী নিয়োগ প্রথা কর্পোরেশনে নেই। কর্পোরেশনের বিভিন্ন পদের নিয়োগ সম্পর্কে নিয়মাবলিতেও সেরূপ কোনও

সংরক্ষণের ব্যবস্থা নেই। সুতরাং কতজন মুসলিম এবং কতজন তফসিলভুক্ত জাতি ও উপজাতি নিয়োগ করা হয়েছে তার কোনও হিসাব কর্পোরেশনে নেই।

এই প্রসঙ্গে জানাই যে, সরকার সম্প্রতি তফসিল এবং উপজাতিদের জন্য পদ সরংক্ষণের ব্যবস্থা করতে কর্পোরেশনকে নির্দেশ দিয়েছেন।

Appointments under the Information and Public Relations Department

20. (Admitted question No. 102.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) the total numbers of persons appointed to class III and class IV posts under the Information and Public Relations Department up to 31st January, 1976 by the present Government; and

(b) the number of them belonging to—

(i) Muslim Community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Information and Public Relation Department :

(a) 78.

(b) (i) 2.

(ii) 11.

(iii) 1.

4TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 4th Report of the Business Advisory Committee which at its meeting held on the 6th March, 1976 in my chamber considered the question of allocation of dates and time for the disposal of Voting on Demands for Grants and Legislative business and recommended as follows :

Tuesday, 9-3-76 (i) The Oriental Gas Company (Amendment) Bill.

1976 (Introduction, Consideration and Passing) 1 hour.

(ii) Demand No. 50 (298—Co-operation, 498—Capital Outlay on Co-operation and 698—Loans to Co-operative Societies)

(iii) Demand No. 63 [321—Villages and Small Industries (Excluding Public Undertakings), 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721— Loans for Villages and Small Industies (Excluding Public Undertakings)]

Wednesday 10-3-76 (i) The Lowis Jubilee Sanitarium (Taking of Management) Bill, 1976 (Introduction, Consideration and Passing). ½ hour.

(ii) Demand No. 62 [320—Industries (Excluding Closed and Sick Industries), 520—Capital Outaly on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 525—Capital Oultay on Tele-Communication and Electronics Industries and 720—Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries)] 2½ hours.

(iii) Demand No. 64 (328—Mines and Minerals and 528—Capital Outlay on Mining and Metallurgical Industries).

(iv) Demand No. 80 [526—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings

and Closed and Sick Industries).]

(v) Demand No. 82 [530—Investments in Industrial Financial Institutions (Excluding Public Undertakings).]

(vi) Demand No. 76 [321—Village and Small Industies (Public Undertakings), 505—Capital Outlay on Agriculture (Public Undertakings), 520—Capital Outlay on Industrial Research and Development (Public Undertakings), 521—Capital Outlay on Village and Small Industries (Public Undertakings), 526— Capital Outlay on Consumer Industries (Public Undertakings), 705— Loans for Agriculture (Public Undertakings), 711— Loans for Dairy Development (Public Undertakings), 722— Loans for Machinery and Engineering Industries (Public Undertakings), 723— Loans for Petroleum Chmicals and Fertiliser Industries (Public Undertakings), 726— Loans for Consumer Industries (Public Undertakings) and 730— Loans to Industries Financial Institutions (Public Undertakings).] $1\frac{1}{2}$ hours

Thursday, 11-3-76 (i) The Jadavpur University (Amendment) Bill 1976 (Introduction Consideration and Passing). $\frac{1}{2}$ hour.

(ii) Demand No. 36 (280—Medical and 480—Capital Outlay on Medical.)

	(iii) Demand No. 37	(281—Family Planning and 481—Capital Outlay on Family Planning). 3 hours.
	(iv) Demand No. 38	(282—Public Health, Sanitation and Water Supply and 682— Loans for Public Health, Sanitation and Water Supply.)
	(v) Demand No. 57	(312—Fisheries, 512—Capital Outlay on Fisheries and 712—Loans for Fisheries.) 1 hours
Friday 12-3-76	(i) The West Bengal University Laws (Amendment) Bill, 1976 (Introduction, Consideration and Passing).	½ hour
	(ii) Demand No. 65	(331—Water and Power Development Services and 531—Capital Outlay on Water and Power Development Services.)
	(iii) Demand No. 66	(332—Multipurpose River Projects, 333—Irrigation, Navigation, Drainage and Flood control Projects, 532—Capital Outlay on Multipurpose River Projects and 533—Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects). 2½ hours
	(iv) Demand No. 67	(734—Loans for Power Projects) 1½ hours
Saturday, 13-3-76	(i) Demand No. 7	(229—Land Revenue and 504—Captial Outlay on Other General Economic Services.) 3 hours.

	(ii)	Demand No. 55	[310—Animal Husbandry, 510—Capital outlay on Animal Husbandry (Excluding Public Undertakings).] 1 hr.
	(iii)	Demand No. 56	[311—Dairy Development, 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) and 711—Loans for Dairy Development (Excluding Public Undertakings).]
Wednesday, 17-3-76	(i)	Demand No. 34	[277—Education (Excluding Sports and Youth Welfare), 278—Art and Culture and 677—Loans for Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare).] 4 hours.
	(ii)	Demand No. 35	(279—Scientific Services and Research), and
	(iii)	Demand No. 31	(276—Secretariat—Social and Community Services).
Thursday, 18-3-76	(i)	Presentation of Supplementary Estimates for 1975-76	½ hour.
	(ii)	The West Bengal Government Premises (Tenancy Regulation) Bill, 1976, (Introduction, Consideration and Passing)	
	(iii)	Demand No. 25	[259—Public Works, 227—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply

(Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 304—Other General Economic Services (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320— Industries (Excluding Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Family Planning (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings) 495—Capital Outlay on other Social and Community Services (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings) and 521—Capital

			Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings).] 2½ hours.
	(iv)	Demand No. 70	(337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges and 737—Loans for Roads and Bridges).
	(v)	Demand No. 39	(283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing).
	(vi)	Demand No. 40	(284—Urban Development, 484—Capital Outlay on Urban Development and 684—Loans for Urban Development).
	(vii)	Demand No. 74	[383—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat).] 1½ hours.
Friday, 19-3-76	(i)	Demand No. 42	(287—Labour and Employment.)
	(ii)	Demand No. 61	[320—Industries (Closed and Sick Industries), 526—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 722—Loans for Machinery and Engineering Industries (Closed and Sick Industries), 723—Loans for Petroleum Chemicals and Fertiliser Industries (Closed and Sick Industries) and 726—Loans for Consumer Industries (Closed and Sick Industries).] 4 hours.

There will be no Calling Attention or Mention Case on the above mentioned dates.

[2-10 — 2-20 p.m.]

The Hon'ble Minister in charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Fourth Report of the Business Advisory Committee, presented this day, be agreed to by the House.

The motion was then put and agreed to.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : The Minister of State-in-charge of the Municipal Services Department will please make a statement on the subject of new sites for evicted howkers.

(Attetnion called by Shri Md. Safiullah and 2 others on the 4th March, 1976)

Shri Gyan Singh Sohanpal : With your permission, Sir, I am sorry to inform the House that it has not been possible for the department to collect all the materials and it will take some more time to collect the same. I, therefore, pray that the time may be given for the reply to the calling attention. It may be fixed on the Friday next.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : The Minister-in-charge of the Health and Family Planning Department will please make a statement on the subject of blackmarketing of blood.

(Attention called by Shri Md. Safiullah and others on the 5th March, 1976)

Shri Ajit Kumar Panja : Mr. Speaker, Sir, pursuants to the calling attention notice given by Shri Md. Safiullah and Shri Kashinath Misra, members of this Assembly, I make the following statement.

The term 'black-marketing in blood' is somewhat misleading as there is no statutory or official price for supply of blood except in the case of government blood banks. It is, however, a sad commentary on our level of social conscience that the supply of blood falls short of demand giving rise to some objectionable and corrupt practices. At present there are 25 blood banks in West Bengal in addition to the Central Blood Bank at Calcutta Medical College. Sir, there are 11 private blood banks

in Calcutta as well operating under drug licence. There are two kinds of donors of blood. The voluntary donors who do not take any payment get refreshment at a higher rate of Rs. 2.50 P. per head. The donors who receive cash payment provided the donation is not made in favour of the partient get remuneration at the rate of Rs. 20/- per donation of 250 cc blood. In addition, Sir, they get refreshment at the rate of Rs. 1.50 P. per head. For patients who provide relative or exchange donors a scale of rates has been laid down per bottle of blood and dry plasma as follows :

Selling price	**Per bottle of whole blood or liquid plasma** **Rs**	**Per bottle of dry plasma** **Rs**
i) Free bed patients except the indigent patients under treatment in State hospitals	5	10

Selling price	**Per bottle of whole blood or liquid plasma** **Rs**	**Per bottle of dry plasma** **Rs**
ii) Paying bed patients	10	20
iii) Cabin patient or patients under treatment in nursing homes & of private practitioners	20	40

Patients who do not provide relative or cxchange donors but require blood or dry plasma have to pay at a higher rate as follows :-

Patients who will not provide relative/exchange donores	Rs.	Rs.
i) (a) Free bed patients except the indigent patients under treatment in State hospitals	25	50
(b) Indigent patients under treatment in State hospitals	20	40
ii) Paying bed patients	40	80
iii) Cabin patients & patients under treatment in nursing home & of private practitioners	60	120

From time to time allegations were raised that some affluent people

instead of donating their own blood for thier near relatives requiring blood in hospitals or nursing homes do not offer their own blood to the blood bank but through the agency of middlemen direct other indigent people to offer their blood posing as a relative. In exchange they pay small amounts to these indigent people who are thus exploited. By reason of the aforesaid the Department had requested the Vigilance Commissioner and the police authorities for an enquiry. It has been ascertained from the Vigilance Commission that till now they have not yet been able to detect any such case. No person has ever been named nor any specific instances cited in the allegations. However, both the Vigilance Commission and the police authorities have been alerted to keep a watch on the situation. It is further learnt that as a result of such vigil the incidence of such cases has become rare and allegations are very infrequent.

Sir, very recently it was alleged that the blood supplied from the Central Blood Bank against requisitions and not required by the patient concerned quite often surreptitiously finds its way to the private blood banks in collusion with some dishonest hospital staff. Against this allegation it may be pointed out that no blood is ever supplied from any government blood bank except against official requisition for a particular patient. The blood, if unused within $1\frac{1}{2}$ hours, deteriorats without proper strorage. Therefore, Sir, the blood once issued from the Central Blood Bank cannot be received back for transfusion as such. However, it can be used for preparation of plasma at the Central Blood Bank. Since no private agency is in a position to prepare plasma, it stands to reason that the chance of such unauthorised transaction in unutilised blood is very restricted because no private blood bank or nursing home is likely to accept such unutilised blood unless it is sent there within a very short time from its issue from the Central Blood Bank. However, Sir, all Superintendents of hospitals indenting blood from the Central Blood Bank and other blood banks in West Bengal have been directed by the Director of Health Services as follow :-

(i) To enter all particulars in a register so as to show among others the mode of disposal of unutilised blood.

(ii) Whether it was returned to the blood bank, and, if not, how the same was disposed of.

It has been alleged that some of the private blood banks are also resorting to inhuman practice of taking blood from beggars against a square meal only. The government is determined to stop this kind of

exploitation and the Director of Drugs Control has been asked to prosecute if and when such incidents come to the notice of the government.

CALLING ATTENTION

Mr. Speaker : I have received 21 notices of calling attention on various subjects out of which I have selected the notice by Shri Md. Safiullah and three other members of the subject of commissioning of Ramman Hydel Project.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : On Wednesday, Sir..

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

1.	Robbery and theft at different places in West Bengal from	:	Shri Md. Dedar Baksh.
2.	Adulterated insecticide from	:	Shri Md. Dedar Baksh.
3.	Ghost Employees in the Calcutta Corporation from	:	Shri Md. Dedar Baksh and 5 others.
4.	Protective measures for colliery workers from	:	Shri Kashinath Misra and 7 others
5.	Scheme for setting up of 'Jayantee Villages" in different Blocks of West Bengal from	:	Shri Kashinath Misra and 6 others.
6.	Nationalisation of Polytechnic Colleges from	:	Shri Kashinath Misra and 14 others.
7.	Fixation of Jute price from	:	Shri Md. Safiullah and 3 others
8.	Measures for stopping pollution in Ganges water from	:	Shri Md. Safiullah and another.
9.	Supply of Parboiled rice in ration shops from	:	Shri Md. Safiullah and and 3 others.

10. Better machineries for jute mills from	:	Shri Md. Safiullah and 3 others.
11. Anti-adulteration drive from	:	Shri Md. Safiullah and another.
12. Compulsory sterilisation of males and females after the birth of three children from	:	Shri Md. Safiulla and 3 others
13. Fall in wheat price from	.	Shri Md. Safiulla and 3 others.
14. Compulsory exhibition of Bengali Film from	:	Shri Md. Safiullah and another.
15. Beautification of Parks and Gardens in Calcutta from	:	Shri Md Safiullah
16. Commissioning of Rinchington Hydel Project from	·	Shri Md Safiullah and 3 others.
17. Progress of Jaldhaka Stage -II Hydel Project from	.	Shri Md Safiullah and 3 others.
18. Commissioning of Ramman Hydel Project from	:	Shri Md. Safiullah and 3 others.
19. Measures for stopping Taxi refusals from	:	Shri Md. Safiullah
20. Pisciculture in khas tanks from	:	Shri Md. Safiullah and 3 others.
21. Excavation of private tanks under Rural Production Programme from	:	Shri Md Safiullah and another.

MENTION CASES

[2-20 — 2-30 p.m.]

শ্রী নিতাইপদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা খবরের কাগজে দেখেছি যে, মাননীয় প্রধানমন্ত্রী ৩১শে মার্চের মধ্যে জমির সর্বোচ্চ সীমা বেঁধে দেবার যে আইন তাকে কার্যকর করবার জন্য সমস্ত প্রদেশ নির্দেশ দিয়েছেন। কিন্তু আমাদের নদীয়া জেলার চাকদহ থানার মধ্যে শিমুরালির পাশে ভাগীরথী শিল্পাশ্রম বলে এক অনাথ আশ্রম আছে—কর্নেল

ভট্টাচার্য সম্প্রতি তিনি গত হয়েছেন, মারা গিয়েছেন, তার পরিবারের আত্মীয়স্বজনদের নিয়ে গঠিত একটি ট্রাস্ট বোর্ড এই আশ্রমটি পরিচালনা করেন এবং এরা এই অনাথ আশ্রমের নামে প্রায় ১০০০ বিঘা জমি ভোগ-দখল করে আসছেন, ৬৭৩ বিঘা জমি আরাশিবতলা, পোঃ পোগালপুর, জেলা বর্ধমানে আছে। তারপর সহিশপুর, পোঃ চাকদহ জেলা নদীয়া, এখানে আছে ৩৮১ বিঘা জমি। তারপর চান্দুরিয়া, পোঃ চাকদহ জেলা নদীয়া, এখানে আছে ৩১ বিঘা জমি, আর ৭১ বিঘা জমি আছে রৌতাকি, পোদঃ চাকদহ জেলা নদীয়াতে। এছাড়া তারা অর্ফানেজ পরিচালনার জন্য সরকারের কাছ থেকে টাকা পান এবং প্রতি বছর গ্রান্ট পান। অথচ তারা ঐ সমস্ত অনাথ বালক-বালিকাদের নামমাত্র খেতে দেয় এবং শিক্ষা দেবার কোনও ব্যবস্থা করে না। অথচ আমরা জানি এই কর্নেল ভট্টাচার্য তার ছেলে, মেয়ের নামে এই ট্রাস্ট বোর্ড করে রেখেছেন এবং ওদেরই বেঙ্গল এনামেল ফ্যাক্টরির এবং অন্যান্য ফ্যাক্টরি ব্ল্যাক মানিকে ওখানে হোয়াইট করার চেষ্টা করছেন। অতএব আপনার মাধ্যমে আমি দাবি করছি এই ট্রাস্ট বোর্ডের যে জমি আছে তার যতটুকু তাদের প্রয়োজন তা রেখে বাকি জমি অবিলম্বে গরিব চাষীদের মধ্যে বিলি করবার ব্যবস্থা করা হোক।

শ্রী বীরেশ্বর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গের মধ্যে পশ্চিম দিনাজপুর জেলায় সব চেয়ে বেশি ধান, পাট এবং অন্যান্য ফসল উৎপন্ন হয়। কিন্তু এই জেলার সেচের অবস্থা সবচেয়ে বেশি খারাপ আমাদের ওখানে বৃহৎ সেচের এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। ক্ষুদ্র সেচের কিছু ব্যবস্থা আছে। আর এল আই ডিপ টিউবওয়েল বা স্যালো টিউওবয়েলের মাধ্যমে যে পরিমাণ জমি চাষ করা হয় তা সমগ্র চাষযোগ্য জমির শতকরা ৭/৮ ভাগ হবে। যেগুলি আছে সেগুলির অবস্থাও অত্যন্ত খারাপ। কারণ এখানে যতগুলি স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এবং আর এল আই আছে সেগুলির জন্য কোনও মেকানিক নেই। মেকানিক না থাকার ফলে এইগুলি বন্ধ হয়ে গেল আর সারানো যায় না। তাই আমি সেচ মন্ত্রীর কাছে অনুরোধ করছি যে সামনেই বোরো মরশুম, এই মরশুমে যদি যথেষ্ট পরিমাণ মেকানিক না দেওয়া যায় তাহলে বোরো ফসল খুবই ক্ষতিগ্রস্ত হবে। এবং বোরো চাষ অনেক কম হবে। চাষীরা তাতে হতাশা বোধ করছে। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে জানাচ্ছি যাতে করে যথেষ্ট পরিমাণ মেকানিক দেওয়া হয় এবং মেশিনগুলি খারাপ বলে যথাসম্ভব সারাবার যেনও ব্যবস্থা করা হয়।

শ্রী এ. বি. এ. গনিখান চৌধুরি : স্যার, তিস্তার কাজ শুরু হয়েছে। তিস্তা একটা বিরাট প্রকল্প। তিস্তা যদি বাস্তবে পরিণত করতে পারি তাহলে পশ্চিমদিনাজপুরের চেহারা ঘুরে যাবে। এটা মেজর ইরিগেশনের কথা বলছি। মিডিয়াম ইরিগেশন-এ কি কাজ করা যেতে পারে সেটা ইনভেস্টিগেশন করার জন্য আমি ইঞ্জিনিয়ারদের বলেছি মাইনরটা আমি দেখি না।

শ্রী নারায়ণ ভট্টাচার্য : স্যার, প্রধানমন্ত্রী দেশে জরুরি অবস্থা জারি করার সঙ্গে সঙ্গে ২০ দফা কর্মসূচির কথা ঘোষণা করে একটা বড় প্রতিশ্রুতি তিনি দেন যে শ্রমিক শ্রেণীর কল্যাণ তিনি চান। কিন্তু দুঃখের সঙ্গে মন্ত্রিসভাকে বলছি যে উত্তরবঙ্গের ৩৫০টি চা বাগানের প্রত্যক্ষভাবে ৩ লক্ষ শ্রমিক কাজ করে এবং অপ্রত্যক্ষভাবে ১-১/২ লক্ষ শ্রমিক নানাভাবে জড়িত। এদের মধ্যে শতকরা ৯০ জন উপজাতি এবং শিডিউল্ড কাস্ট। কিন্তু চা বাগানের

মালিকরা পুলিশ প্রশাসনের সহযোগিতা নিয়ে জরুরি অবস্থায় আইন ভাঙছেন এবং শ্রমিকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছেন। আমার একথা যে সত্য তার প্রমাণ যুগান্তরে বেরিয়েছে। আমাদের রাষ্ট্রমন্ত্রীও উত্তরবঙ্গে একটা সম্মেলনে একথা সমর্থন করেছেন। জরুরি অবস্থা যখন চালু আছে তখন কেমন করে মালিকরা প্ল্যানটেশন লেবার অ্যাক্ট এবং রুলস ভাঙেন? শ্রমিকদের গৃহ তৈরি করার কথা হাসপাতালের সুযোগ সুবিধা দেবার কথা, শিশুদের ক্রেজ দেবার কথা কিন্তু সেসব তারা কিছুই করছে না। চা বাগানও বন্ডেড লেবার লিস্ট বসায় শ্রমিক প্রথা বেআইনি। কিন্তু জলপাইগুড়ি জেলার সেন্ট্রাল ডুয়াস চা বাগানের আজও বন্ডেড লেবার প্রথা চালু আছে এবং শতকরা ৫০টি চা বাগানে কন্ট্রাক্ট লেবার সিস্টেম চালু আছে। ১৪৪ ধারা জারি করে এবং কোনও কোনও জায়গায় শ্রমিক নেতাদের জেলে আটকে রেখে আন্দোলন করার অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। আমি বিধানসভায় সদস্য ও এ আই সি সি সভ্য হিসাবে ধুপধুপিতে সভা করতে যেয়ে সভা করার অধিকার পাইনি। আমরা ২০ দফা কর্মসূচি রূপায়িত করতে চাই। কিন্তু জরুরি অবস্থার সুযোগ নিয়ে মালিক বেআইনি কাজ করছে ৪ মাস ধরে ধুপধুপি চা বাগানে ১৪৪ ধারা জারি হয়ে আছে। এ বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিসভায় দৃষ্টি আকর্ষণ করে প্রতিকার দাবি করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, নারায়ণবাবু যে অভিযোগ করলেন সেসব যদি বিস্তৃতভাবে দেন তাহলে আমরা তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করব।

[2-30 — 2-40 p.m.]

শ্রী সরোজ রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে হাউসে চিফ মিনিস্টার বলেছিলেন যে পশ্চিমবঙ্গে প্রচুর গম হয়েছে এবং গম হওয়ার পিছনে সরকারের যেমন প্রচেষ্টা ছিল তেমনি আমাদের কৃষকসভার দিক থেকেও গ্রামাঞ্চলে প্রচেষ্টা চালিয়ে ছিলাম আলু চাষের পরিবর্তে গম চাষে উৎসাহিত করার জন্য। কিন্তু গম ওঠার পর মেদিনীপুর জেলায় আমার কনস্টিটিউয়েন্সিতে গত পরশু দিন দেখলাম ৮৩ টাকা কুইন্টাল গম বিক্রি হয়েছে। আজকে খবরের কাগজেও দেখলাম ওয়েস্ট দিনাজপুরে ৮০ টাকা কুইন্টাল গম বিক্রি হচ্ছে। ইউনিয়ন ফুড অ্যান্ড এগ্রিকালচার মিনিস্টার জগজ্জীবন রাম বলেছিলেন কৃষকের উৎপাদিত জিনিস যাতে লোকসান না হয় তারজন্য আমরা কিনে নেব। তা যদি হয় তাহলে এই সময়ে গরিব প্রান্তিক কৃষক যারা ঋণ করে গম চাষ করেছিল তারা লোকসান করে বাজারে গম বিক্রি করছে, তাদেরহোর্ড করে রাখার ক্ষমতা নেই, তাদের গম কিনে নেবার ব্যবস্থা করুন। কবে ইউনিয়ন মিনিস্টার-এর নির্দেশ অনুযায়ী প্রদেশগুলি গম কিনবে সেই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। আজকে বাংলাদেশের গ্রামীণ অর্থ নীতির সঙ্গে একটা সামগ্রিক সম্পর্ক আছে, সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি গম যাতে কিনতে পারেন সেটা একটু দেখুন। আপনাদের ফসল কেনার ক্রয় কেন্দ্র আছে, একটা নির্দেশ দিন যে ফিকসড প্রাইস আছে সেই দামে গম কিনে নেবার, তাহলে কৃষকরা বেঁচে যায়।

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি প্রখ্যাত সাহিত্যিক বিভূতিভূষণের কথা। তিনি বাংলার অবহেলিত নিপীড়িত লাঞ্ছিত মানুষকে তার সাহিত্যে স্থান দিয়ে বাংলা সাহিত্যকে

একটা নতুন দিকে পদক্ষেপ করিয়ে ছিলেন। সেই বিভূতিভূষণকে পশ্চিমবঙ্গ এবং বাংলা সাহিত্য সমাজ একটা মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেছে। সরকারের পক্ষ থেকে বিভূতিভূষণের এই নতুন দিকের জন্য তাকে বিভিন্ন সময়ে এবং তার সাহিত্যকে মূল্য দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হল সেই প্রখ্যাত সাহিত্য পথের পাঁচালির রচয়িতা বিভূতিভূষণের বাড়ি ভগ্ন দুর্দশাগ্রস্ত সেই ভগ্ন দুর্দশাগ্রস্ত বাড়ির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যে পথের পাঁচালিকে আমরা মর্যাদা দিলাম সেই পথের পাঁচালি যে বাড়িতে বসে লিখিত হয়েছিল, যে দাওয়ায় বসে লিখিত হয়েছিল তা আজ অবহেলিত হয়ে ভগ্ন অবস্থায় পড়ে আছে। আমি পশ্চিমবঙ্গ সরকারের কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে বিভূতিভূষণের এই বাড়ি এবং জমি অধিগ্রহণ করে তার স্মৃতি রক্ষার ব্যবস্থা করা হোক।

শ্রী গণেশ হাটুই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এলাকায় ৩ জন আদিবাসী পরিবার কিভাবে বাস্তুভিটা থেকে উচ্ছেদ হয়েছে সে সম্বন্ধে আমি একটু জানাতে চাই। শ্রী রাম তামুরি, পীতাম্বর তামুরি, শ্যাম তামুরি এরা জঙ্গীপাড়া থানার অধীনে দিলাকাশ অঞ্চলের অধিবাসী, এরা গত ২৫/৩০ বছর যাবৎ গয়ারাম চিনা মহাশয়ের জায়গায় বসবাস করে আসছে। এই জোতদার মহাশয়ের বড় ছেলে শচীন্দ্রনাথ চিনা মহাশয় আদালতের আশ্রয় নিয়ে এই ৩টি আদিবাসী চাষীকে উচ্ছেদ করলেন এবং সেখানে আমাদের ছেলেরা বাধা দিতে গিয়েছিল, পুলিশ সাহায্য করল এই জোতদারের পক্ষ হয়ে। এই ৩টি পরিবারের ঘর ভেঙ্গে দিয়ে সেখানে লাঙ্গল দিয়ে চষে দেওয়া হল যাতে তারা সেখানে বসবাস করতে না পারে। এবং তারা যাতে সেখানে বসবাস করতে না পারে সেই ব্যবস্থা করছে।

এই ঘটনাটা সেখানকার বি ডি ও এস ডি ও-র নজরে এনে বললাম, আমরা আইন পাস করেছি উচ্ছেদ হবে না এবং জমির মালিক একটা মূল্য পাবে এবং এরা বসবাস করবে—কিন্তু এসব কি হচ্ছে? আমরা দেখছি আইন পাশ হওয়া সত্ত্বেও তারা আজকে জমি থেকে উচ্ছেদ হয়ে গাছতলায় বসবাস করছে। আমি একটা দরখাস্ত দিচ্ছি এর প্রতিকারের জন্য। এই প্রসঙ্গে আমি আর একটা ঘটনা বলব যেখানে দেখবেন কিভাবে চক্রান্ত করে একজন বর্গাদারকে জমি থেকে উচ্ছেদ করেছে। এই বর্গাদারটি ২০ বছর যাবৎ বর্গাদার হিসাবে আছে। কিন্তু ওই অঞ্চলের জোতদার শ্রী কালিদাস মুখোপাধ্যায় এর বিরুদ্ধে মামলা রুজু করলেন। জে এল আর ও ঘুস খেয়ে বললেন যে বর্গাদার নয় এবং যে সমনজারি করা হল সেটা কায়দা করে চেপে দেওয়া হল এবং তার ফলে এক্সপার্টি ডিসিসন হয়ে গেল। তারপর বর্গাদারটি যখন জিনিসটা জানতে পারল তখন সে আদালতে গেল তারপর বর্গাদারদের ডেকে জোতদার বলল, তোমরা সকলে 'না দাবি' লিখে দাও এবং তার কথা শুনে ভয়ে ভয়ে অন্যান্য তফসিল সম্প্রদায়ের বর্গাদার যারা ছিল তারা সকলে সেটা লিখে দিল। কিন্তু এই ঝড়ি সিং সেটা করল না। তখন তাকে ডেকে বলল, তুমি আমার সঙ্গে লড়ছ, তোমার অবস্থা খারাপ হবে। তখন একটা মিথ্যা ডাকাতি মামলায় তাকে ফেলল। আমরা গিয়ে তাকে বললাম, একে কেন অ্যারেস্ট করালেন, বর্গাদার হিসাবে চাষ করছে বলে কি একে অ্যারেস্ট করালেন? তিনি বললেন না, সে ডাকাতি করেছে। তারপর আর একজন লোককে গিয়ে সে বলল, যখন সি আই প্যারেড হবে তখন তুমি বলবে যে, হ্যাঁ, ও ডাকাতি করেছে। কিন্তু

সি আই প্যারেডে গিয়ে সে বলল, আমি ওকে চিনি না, ও ডাকাতির মধ্যে ছিল না। এই কথা বলার পর সে বেইল পেল। তারপর তার বিরুদ্ধে ৩টি মামলা রুজু করা হল এবং সে অত্যন্ত বিব্রত হয়ে এখন বলছে, আমি কি করব, আমার তো দেখছি বাঁচার উপায় নেই। তিনি এখন বলছেন, আমি না হয় 'না দাবি লিখে দিচ্ছি, আমাকে বাঁচান। স্যার, আমার বক্তব্য হচ্ছে উচ্ছেদের ব্যাপারে এই যে ঘটনাগুলো ঘটছে এর যদি একটারও প্রতিকার না হয় তাহলে অবস্থা কিন্তু খুব খারাপ হবে। জোতদাররা যদি এইভাবে চক্রান্ত করে উচ্ছেদ করতে পারে তাহলে বর্গাদাররা পর পর উচ্ছেদ হয়ে যাবে। কাজেই একটারও যদি প্রতিকার হয় তাহলে অন্য চাষীরা সাহস করে এগিয়ে আসবে। আমি সমস্ত কাগজপত্র আপনার কাছে জমা দিচ্ছি এবং আশা করি এর একটা প্রতিকার হবে।

শ্রীমতী ইলা মিত্র ঃ স্যার, এই ব্যাপারে যেন প্রতিকার হয় এই দাবি আমরা সকলে মিলে করছি।

Mr. Speaker : I would request the Hon'ble Minister to make a statement in this connection if it is possible for him to do so. I know there are two acts for persons who are homeless, one is Acquisition and Allotment of Homestead Land Act of 1969 and in this House we have passed another act conferring the title on the homeless persons particularly the 'adibasis' who have been evicted I would request the Hon'ble member to give all the particulars to the Hon'ble Minister and certainly he will make enquiry into the matter and do justice to these poor people.

[2-40 — 2-50 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়া জেলায় আমাদের শুধু বাসই একমাত্র যাতায়াতের পথ। একটি মাত্র ট্রেন ৩১৫ নং আপ এবং ৩১৬ নং ডাউন চক্রধরপুর ফার্স্ট প্যাসেঞ্জার যাতায়াত করে। সকাল ৯/১০ মিনিটে হাওড়া থেকে ছাড়ে, আবার চক্রধরপুর থেকে ৬-৩০ মিঃ ছাড়ে। এর সঙ্গে বাঁকুড়ার একটা ফার্স্ট ক্লাস এবং সেকেন্ড ক্লাস বগি যুক্ত থাকে কিন্তু দুঃখের বিষয় জেনারেল ম্যানেজার এবং ডিভিশনাল সুপারিনটেনডেন্ট আদ্রা ১০ তারিখ থেকে এই বগিটিকে কেটে দিচ্ছেন। আমরা যারা বিধানসভার সভ্য অধিবেশন চলাকালীন এই ট্রেনে যাতায়াত করি এবং বাঁকুড়া মেডিক্যাল কলেজের ডাক্তারবাবুরা এই ট্রেনে যাতায়াত করেন। সকলের পক্ষে এটা অসুবিধাজনক হবে। সেজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে এই ট্রেন থেকে এই বগিটি না কাটা হয় তার ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রী আব্দুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত বছর এবং আগামী অতীত দিনে আমরা বারবার মন্ত্রী মহাশয়ের কাছে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে ছিলাম বাংলাদেশের সীমান্তে ক্ষুদ্র ক্ষুদ্র চাষীদের তাদের যে সমস্ত বলদ এবং মোষ চুরি হচ্ছে সে

সম্বন্ধে। স্যার, বাংলাদেশের বর্ডার দিয়ে বিশেষ করে আমাদের এলাকায় এবং নদীয়ার সীম এলাকায় বাংলাদেশের চোর এবং আমাদের দেশের চোর একসঙ্গে যুক্ত হয়ে এবং রাত্রে চোর অর্থাৎ বি এস এফ এই তিনজনা একসঙ্গে যুক্ত হয়ে গরু মোষ চুরি করছে। আজ আমাদের ওখানে চাষীরা রাত্রে ঘুমোতে পারে না। আমাদের এলাকায় এক রাত্রে ১৩ জো গরু চুরি হয়ে গেল। যেখানে ৮০ টাকা কুইন্টাল দরে গম বিক্রি হচ্ছে, একটা হালের গুর দাম ১৩শো টাকা সেখানে যদি একজোড়া বলদ চুরি হয়ে যায় তাহলে চাষীর আর কি থা স্যার? আমাদের এলাকার গরুচোরেরা তারা আমাদের এলাকায় গরু চুরি করে নিয়ে বাংলাদেশে চোরদের পার করে দেয় বর্ডার। এখানে মাননীয় জয়নাল সাহেব এবং আরও অনেক মন্ত্রী আছেন, যাতে এই গরু চুরি এখনই বন্ধ হয় তার দায়িত্ব মন্ত্রীসভার নিতে হবে। স্যা আজকে চাষীরা একবারে সর্বশান্ত হয়ে যাচ্ছে। সেজন্য আপনার মাধ্যমে আমি এখনই ম সভাকে বলব এই চুরি বন্ধ করার জন্য দায়িত্ব গ্রহণ করুন।

শ্রী মহম্মদ দেদার বক্স : স্যার, আজকে শিক্ষা ব্যবস্থার যে অব্যবস্থা চলেছে সে সম্বন্ধে দু একটি ব্যাপারের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপ ও জানেন এবং সকলেই জানেন যে শিক্ষামন্ত্রী একজন শিক্ষক। কিন্তু দশম শ্রেণী স্কু খেলাধূলা শিক্ষা, কর্মশিক্ষা এবং সমাজশিক্ষার পাঠ্যক্রম অন্তর্ভুক্ত করে চালু করা হয়েছে। ি শহরে কি গ্রামে খেলাধূলার কোনও মাঠ নেই। খেলাধূলার মাঠ করার জন্য যে সাহায্য স্কু কর্তৃপক্ষ-র পাওয়া উচিত তার কোনও ব্যবস্থা নেই। ট্রেন্ড শিক্ষকও নেই যারা কর্মশি দেবেন, সমাজ শিক্ষা দেবেন ঐ ধরনের কোনও শিক্ষক ও নেই, খেলাধূলার শিক্ষা দেবেন এ রকম শিক্ষকের অভাব রয়েছে। এবং যারা পরীক্ষক নিযুক্ত হয়েছে তারা ও স্যার, কিছু বলতে পারছেন না। এই রকম যদি অবস্থা দাঁড়ায় তাহলে শিক্ষা কোন পথে যাবে? এ আগে আমরা বিভিন্ন সদস্য বহু প্রশ্ন করেছি এই সমস্ত ব্যাপারে এবং শিক্ষকদের বেতন হা ইত্যাদি ব্যাপারে প্রশ্ন করলে উত্তর দিয়ে চলে যান কিন্তু বাস্তবে তার কি কাজ হচ্ছে? শিক্ষ ব্যবস্থায় এই রকম অব্যবস্থা চলছে। সুতরাং আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা যে এদের খেলার মাঠ, কর্মশিক্ষা, ও সমাজ শিক্ষার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা হোক।

LAYING OF REPORTS

Annual Reports on the working and affairs of the West Bengal Industrial Development Corporation Limited for the years 1973-74 and 1974-75

Shri Gyan Singh Sohanpal : Sir, with your permission, I beg t lay the Annual Reports on the working and affairs of the West Beng Industrial Development Corporation Limited for the years 1973-74 an 1974-75.

Annual Report and Accounts of the West Bengal State Warehousing Corporation for the year 1971-72.

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report an

Accounts of the West Bengal State Warehousing Corporation for the year 1971-72.

LEGISLATION

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1976

Shri Gurupada Khan : I beg to introduce the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1976.

(Secretary then read the title of the Bill)

[2-50 — 3-00 p.m.]

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1976, be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৩৯ সালে ভারত রক্ষা আইন বলে যে সমস্ত জমি ও বাড়ি অধিগ্রহণ করা হয়েছিল উক্ত আইনের মেয়াদ অর্থাৎ ঐ ভারত রক্ষা আইনের মেয়াদ শেষ হবার পর ঐ সব জমি ও বাড়ির অধিগ্রহণ বজায় রাখা এবং প্রয়োজন হলে পশ্চিমবঙ্গে অধিগ্রহণের জনঅধিগৃহীত ভূমি ক্ষমতা স্থায়িত্ব আইন ১৯৫১ সাল প্রণীত হয়েছে। এই আইনের মেয়াদ এই বৎসর আগামী ৩১শে মার্চ তারিখে শেষ হয়ে যাচ্ছে। কিন্তু এখন পর্যন্ত ৪৭টি বাড়ি এবং প্রায় ৭১ একর জমি এই অধিগ্রহণের আওতায় রয়েছে সেজন্য এই আইনের কার্যকাল আরও তিন বৎসরের জন্য বাড়িয়ে দেওয়া একান্ত প্রয়োজন। কারণ ঐ বাড়িগুলি আর ঐ জমি জনস্বার্থে আরও কিছুদিন অধিগ্রহণে রাখা একান্ত প্রয়োজন। এই অধিগ্রহণে রাখার জন্য ক্ষতি পূরণ দেওয়া হয় সেই ১৯৩৯ সালের ভারতরক্ষা আইনের বিধান অনুযায়ী হাপ। সেই অনুসারে ক্ষতিপূরণের হার পরিবর্তন করার যে বিধান তা এই বর্তমান আইনে নেই। কেন্দ্রীয় সরকার তাদের এই বিষয়ে আইন অর্থাৎ দি ওয়েস্ট বেঙ্গল রিকুইজিশন অ্যান্ড অ্যাকুইজিশন অফ ইমমুভেবল প্রপার্টি অ্যাক্ট ১৯৫২ সংশোধন করে ক্ষতিপূরণের হার আবার নির্ধারণ করবার জন্য ব্যবস্থা করেছেন। আর রাজ্য সরকারের আইনে আমরা অনুরূপ বিধান রাখা যুক্তি যুক্ত ভেবে বর্তমান সংশোধন এখানে নিয়ে এসেছি। আর এই সংশোধনী আইন চালু হবার পর এক বছরের মধ্যে যদি কোনও জমি বা বাড়ি না দেওয়া হয় বা গ্রহণ করা সম্ভব না হয়, তাহলে সেই বাড়ি, সেই জমি অধিগ্রহণকালে ক্ষতিপূরণ এই সময় পরে ১ বছর পর সমকালীন ভাড়ার হারে পুনর্নির্ধারণ হবে। এজন্য বর্তমান সংশোধনী আইন করতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দুইটি সামান্য সংশোধনী নিয়ে এসেছি, আমি আশা করি মাননীয় সদস্যগণ এই বিধেয়কটি গ্রহণ করবেন।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা প্রকৃতপক্ষ ইনোসেন্ট বিল, একে আঘাত করার কিছু নাই। একটা জিনিস, আমাদের মাননীয় মন্ত্রী ১৯৫১ থেকে ২৫ বছর হতে চলল এই জনস্বার্থ আজ পর্যন্ত ঠিক করতে পারলেন না জনস্বার্থ শেষ হল

কিনা। তিনি আরও সময় চাইছেন। আরও কিছু সময় দেওয়া হোক তিন বছর সময় তিনি বাড়াচ্ছেন। আমি সরকারকে অপদস্ত হওয়ার হাত থেকে বাঁচাবার জন্য বলি এই সময় পাঁচ বছর চেয়ে নিন তা না হলে অসহায় হয়ে আবার অ্যামেন্ডমেন্ট নিয়ে আসবেন। এভাবে আইনসভার সামনে অপদস্ত হয়ে লাভ কি? সেজন্য আমি বলছি আরও দরকার হয় তো পাঁচ বছর নিন। এই ব্যাপারে আমি ডিভিসন কল করছি না ভয় নাই। আর একটা কথা স্যার, আমি এই জায়গায় আপত্তি করছি, আমি ও মনে করি, আমি শিক্ষক এবং তিনিও প্রাক্তন শিক্ষক, আমি বুঝি যে একটা সুবিচারের মনোভাব থাকা উচিত। তিনি আগেও বলেছেন যে কমপেনসেশন ইংরেজ আমলে দেওয়া হত তাতে অবিচার হত। সেজন্য ঠিক করেছেন এক বছর যদি রাখতে হয় সমকালীন ভাড়া হবে, লীজ যারা রেখেছেন, রেন্টাল ভ্যালু আমরা দেখেছি এখানে অবিচারের ক্ষেত্র আছে, সেজন্য আমি একটা কোয়ান্টাম করতে চাইছি যাতে সাধারণ মানুষ ভরসা পায় যে আমাদের প্রতি অবিচার হবে না। আমি অফিসারদের গালাগালি করবার জন্য এটা বলছি না। কিন্তু ধরাধরি করতে পারলে লীজ, রেন্টাল ভ্যালু বেড়ে যায়, যারা করতে পারে না তাদের লীজ রেন্টাল ভ্যালু হয়ত কমে দাঁড়িয়ে গেল, বলা হল লীজ দিলে ১৫ টাকা পেতেন, বাস হয়ে গেল। কৃষকদের জমির বেলায় মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই বিবেচনা করবেন। কৃষকদের বেলায় অসুবিধা হয়। গ্রামাঞ্চলে কৃষকের জমি রিকুইজিশন করতে চেয়ে যদি ইল্ড যা হয় তার এভারেজ ধরে স্থির করা হয় তাহলে কেউ অসন্তুষ্ট হবে না। কিন্তু এই যে লীজ, রেন্টাল ভ্যালু এটা রবারের মতো, ফলে যত খুশি বাড়াতে পারে, কমাতে পারে। বহু লোক আছে যাদের জমি রিকুইজিশন করা হয় কিন্তু কিছু দেওয়া হয় না। বাড়ি যা যুদ্ধের সময় রিকুইজিশন করে রেখেছেন, এখনও তা জনস্বার্থে রাখা প্রয়োজন। যদি দেখাতে পারেন জনস্বার্থে রেখেছেন, যুদ্ধের সময় সেই বাড়ি নিয়ে হাসপাতাল করেছেন তাহলে বুঝতাম, আজ সেখানে হয়ত হাসপাতাল আছে কিন্তু দুই একটি ক্ষেত্রে দেখেছি না পায় সেখানে কমপেনসেশন, না পায় রুগীরা কোনও জিনিস, হাসপাতাল উইদার এওয়ে ইটসেল্ফ, হাসপাতাল আস্তে আস্তে শুকিয়ে গেল, কেউ দেখেন না। জনস্বার্থ এই সব কথা এখানে আলোচনা করতে চাই না। শুধু একথা বলব মাননীয় মহাশয় নিশ্চয়ই বিবেচনা করবেন যাতে এই ক্ষতিপূরণ একটা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে বিচারসম্মতভাবে হয়। সেজন্য শহরাঞ্চলের ক্ষেত্রে বলেছি এখানকার ল্যান্ড ভ্যালুয়েশন তার টেন পারসেন্ট বলুন ৫ পারসেন্ট বলুন, লীজ রেন্টাল ভ্যালু করবেন না। আর গ্রামাঞ্চলে অ্যাভারেজ ইলডের যে দাম সেটা করবেন। এ বছর রাখলাম—সামনের বছর তো ফসলের দাম বেড়ে যেতে পারে—আর আপনি তো কমপেনসেশন দেবেন লিজ রেন্ট ভ্যালু। আপনি যদি লীজ হিসাবে করতে চান তাহলে সেখানে একটা গুরুতর অসুবিধা হবে। তাই আমি একটা কোয়ান্টাম করতে বলেছি। টাকার একটা নির্দিষ্ট পরিমাণ ঠিক করা হোক। তাহলে বোঝা যাবে যে এই টাকা আমরা পাব। তা নাহলে তাদের উপর সুবিচার করা হবে না। এই দুটো কথা আমি আমার সংশোধনীতে রেখেছি। নিশ্চয়ই মাননীয় মন্ত্রী মহাশয় আমার স্পিরিট বুঝতে পারবেন। তার সঙ্গে কোনও সংঘর্ষে বা কোনও বিবাদে আমি নামিনি। তার কাছে একটা সুবিচার আশা করছি—আমি ও চাচ্ছি তিনি ও নিশ্চয়ই চাচ্ছেন—একটা সুবিচার হোক। কাজেই আমি বলব—এই সুবিচারটুকু করুন।

শ্রী গুরুপদ খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অজিতকুমার গাঙ্গুলি ক্লজ টুতে যে অ্যামেন্ডমেন্ট রেখেছেন—২৮ বছরের জায়গায় তিনি ৩০ বছর করতে চান। তিনি সহৃদয় ব্যক্তি, যাতে অসুবিধায় না পড়ি আমরা তার জন্য তিনি ব্যাকুল হয়েছেন ; এজন্য তাকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি—। কিন্তু আমি তার সংশোধনটা গ্রহণ করতে পারছি না। এই ব্যাপারে আমরা বিভিন্ন ডিপার্টমেন্টের সঙ্গে জড়িত রয়েছি—সমস্ত ডিপার্টমেন্টকে নিয়ে আমরা মিটিং করেছি। কেউ কেউ বলেছেন সমস্ত অ্যাকোয়ার করে নিন বা ছেড়ে দিন। আমরা এখন সমস্ত ব্যাপারটা বিচার বিবেচনা করে দেখছি। কাজেই এখন ৩ বছর রাখছি। এর পর প্রয়োজন হলে আবার সময় বাড়ানোর প্রস্তাব নিয়ে আপনাদের কাছে আসবো। রিফিউজি রিলিফ রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট, ইনফর্মেশন ডিপার্টমেন্ট ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট-এর অনেক গোডাউন রয়েছে, মিউনিসিপ্যাল সার্ভিসেস ডিপার্টমেন্ট-এর ও হোম-ডিপার্টমেন্টের জন্য বহু বাড়ি রাখা হয়েছে। সমস্তগুলিই সরকারি কাজে লাগছে। এই ক্ষতিপূরণের ব্যাপার যা বলেছেন—সংশোধনীতে যা আপনি দিয়েছেন— লীজ কথাটা যা বলছেন—ইফ মানেতে দেওয়া আছে requisition of Land if it had been taken on lease on the date with effect from which the revision is made. আগে তো রিক্রিশনের কোনও ব্যবস্থা ছিল না। এই সংশোধনটিতে রিভিশনের কথা নিয়ে এসেছেন। এক বছর পরে রিভিশন করা হবে। লীজ নেবার সময় তো —নিশ্চয়ই ক্ষতিপূরণ দেওয়া হয়। তা দেওয়া হবে—সে বিষয় কোনও সন্দেহ নাই। আরও উনি অ্যামেন্ডমেন্ট মুভ করতে যাবেন। আমরা উভয়ে মানসিকতার দিক থেকে একই রয়েছি ঠিকই, কিন্তু আপনার অ্যামেন্ডমেন্ট আমি গ্রহণ করতে পারছিনা।

The motion of Shri Gurupada Khan that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1976, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Ajit Kumar Ganguly : Sir, I beg to move that in clause 2, line 4, for words "twenty-eight years" the words "thirty years" be substituted. আমি প্রথমে বিলের উপর যা বলেছি—আশাকরি মন্ত্রী মহাশয় তা অনুভব করেছেন। আমরা দুজন কাছাকাছি আছি—তা থেকে বিচ্যুত হয়ে লাভ আছে কি? আপনি বিলের ব্যাপারে বলেছেন, প্রশ্নটা আমি এই জায়গায় আসতে চাচ্ছি—আমরা জীবনের অভিজ্ঞতা দিয়ে দেখেছি। মাননীয় স্পিকার মহাশয় আমাদের লীজ কথাটা ধরেছেন—তার জন্য আমি তাকে হার্টি কনগ্রাচুলেশন জানাই। "লীজ" কথাটা তুলে দিলে সুবিধা হয়—তাদের সুবিচার আন-ফিল্ড হয়ে যায়। আপনার সদিচ্ছা আছে, তাদের প্রতি আপনার সহানুভূতি আছে। কিন্তু আমার জীবনের কঠিন তিক্ত অভিজ্ঞতা থেকে দেখেছি তার মধ্যে আমি যাচ্ছি না—আরও

অনেক ফ্যাক্টরও আছে—আমি তার মধ্যে যাচ্ছি না—আমার কি দরকার আছে সেই ঝামেলায় গিয়ে। যেখানে কেউ আর—কাউকে না বলতে পারে—হিয়ার আই ডিসাইড?

[3-00 — 3-40 p.m.](including adjournment)

শ্রী গুরুপদ খান : স্যার, উনি যেটা আশঙ্কা প্রকাশ করছেন, ওর অ্যামেন্ডমেন্ট গ্রহণ করলে সেটা থাকবে। কারণ যে সংশোধনী উনি এনেছেন "The words equal to the average value of the yearly Production of crops"এখন এই যে ইয়ারলি প্রোডাকশন অফ ক্রপ এটা কে নির্ধারণ করবে? সেটাও গোলমাল হতে পারে। তার ভ্যালু যেটা নিয়ে এসেছেন, সেটাতে উনি রিজিড করতে চাইছেন। আমরা মোটামুটি ফ্লেক্সঅ্যাবল করে রেখেছি। নিশ্চয়ই এটা সুবিচার করতে হবে এবং আশা এবং এই বিশ্বাস আছে যে সকলের শুভেচ্ছা নিয়ে সুবিচার করা যাবে। আমি তার সংশোধনগুলি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 2, line 4, for the words "tweny-eight years", the words "thirty years" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

Shri Ajit Kumar Ganguly : Sir, I beg to move that in clause 3, lines 9 to 11, for the words beginning with "equal to the rent" and ending with "occupations" the words "equal to the average value of the yearly production of crops", be substituted.

মিঃ স্পিকার : স্যার, যা বলবার আগেই বলেছি, নতুন করে কিছু বলছি না।

শ্রী গুরুপদ খান : আমি স্যার, ওর মতই বলছি। আগেই বলেছি এটা গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 3, lines 9 to 11, for the words beginning with "equal to the rent" and ending with "occupations" the words "equal to the average value of the yearly production of crops", be substitued, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Gurupada Khan : Sir, I beg to move that West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1976, as settled in the Assembly, bc passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for half an hour.)

(After Adjournment)

[3-40 — 3-50 p.m.]

GENERAL DISCUSSION ON THE BUDGET FOR 1976-77

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য : মাননীয় স্পিকার মহাশয়, আজকে চার দিন ধরে এই বাজেট আলোচনা হচ্ছে এবং মোটামুটি এই বাজেট সম্পর্কে একটা বিশদ আলোচনা হয়েছে। আমিও এ সম্পর্কে দু চার কথা বলব এবং খুঁটিনাটির ভিতর যাব না তথ্যের ভিতর যাব না। কারণ আমাদের নেতা শ্রী বিশ্বনাথ মুখার্জি মহাশয় তথ্যসমৃদ্ধ ভাষণ দিয়েছেন এবং যে ইকনমিক রিভিউ যে বাজেট-এর মধ্যে আশাব্যঞ্জক চিত্র উপস্থাপিত হয়েছে সেটা সত্যিই আশাবঞ্জাক নয় একথা তিনি বলেছেন। আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এখানে উপস্থিত আছেন। তিনি বরাবরই তথ্যসমৃদ্ধ ভাষণ দিয়ে থাকেন এবং এবারেও হয়তো দেবেন। তাই আমি খুঁটিনাটি তথ্যের ভিতর না গিয়ে বাজেটের দৃষ্টিভঙ্গির সম্পর্কে দু চার কথা বলব। আমি দেখলাম বাজেটের মূল সুরটা কি। বাজেট বক্তৃতা যেটা অর্থমন্ত্রী মহাশয় রেখেছেন তার মূল সুর হচ্ছে তিনি উদ্বৃত বাজেট করেছেন এবং সেই উদ্বৃত্ত বাজেট করে বলেছেন এটা পশ্চিমবাংলার পক্ষে অত্যন্ত স্বাস্থ্যকর হয়েছে। এই উদ্বৃত্ত বাজেটের মাধ্যমে আমাদের অর্থনৈতিক অগ্রগতি আরও ত্বরান্বিত করতে পারবেন বলেছেন। এইটা হচ্ছে মূল সুর যেটা বাজেট বক্তৃতায় অর্থ মন্ত্রী মহাশয় রেখেছেন এবং এই যে বাজেট রচনা করা হয়েছে এই বাজেট রচনায় এ কথা বার বার উত্থাপিত হয়েছে। স্যার, আমি গতবারে একথা বলেছিলাম এবং এবারেও বলতে চাচ্ছি যে বাজেট উদ্বৃত্ত রাখা অর্থাৎ তার ব্যালেন্স আয় ব্যয় এর মধ্যে সমতা রাখা এটা অর্থনৈতিক দিক থেকে সঠিক চিত্র প্রকাশ করে না। আপনি জানেন ইংল্যান্ডের একজন মস্তবড় লোক তিনি প্রধানমন্ত্রীও ছিলেন মিঃ গ্লাডস্টোন। সেই গ্লাডস্টোন প্রসিডিওর সেই সময় থেকে একটা চিন্তা সমগ্র অর্থনৈতিক জগতে চলে আসছে—সমস্ত অর্থমন্ত্রী সেটাকে নিয়ে চলছেন যে Budget should be very small and it should be balanced. ১৯৩০ সাল পর্যন্ত সেই চিন্তা ছিল। এখানে দেখছি এখনও পর্যন্ত সেই অত্যন্ত প্রাচীন চিন্তা তিনি ছাড়তে পারেননি, ১৯৩০ সালের পরেও সেটা দেখছি। যে দেশে বেকার সমস্যা এই রকম প্রবল, কর্মসংস্থান হচ্ছে না সে দেশে কোনও মতেই উদ্বৃত্ত বাজেট হওয়া উচিত নয়—ডেফিসিট বাজেট হওয়া উচিত। আমাদের অর্থমন্ত্রী দিল্লি চলে যাচ্ছেন—ওনাকে অভিনন্দন জানাচ্ছি—তিনি আরও যোগ্যতার জায়গায় চলে যাচ্ছেন এবং আশা করব তিনি আমাদের বাজেটকে আরও সারপ্লাস বাজেট করে দেবার চেষ্টা করবেন। কিন্তু ওকে দিল্লিতে যাবার আগে শেষ বারের মতো কয়েকটি কথা বলে যেতে চাই। গ্লাডস্টোন

প্রসিডিওর ১৯৩৩ সালের পর থেকে সমগ্র চিন্তা জগতে এটা পরিত্যক্ত হয়েছে ধনতান্ত্রিক জগতে যেসব বাজেট আলোচনা হয়েছে তার মধ্যেও আমরা এটা দেখতে পেয়েছি। যে দেশে এই রকম বেকার এবং যেখানে কর্মসংস্থানের ব্যবস্থা নেই সেখানে ঘাটতি বাজেট করতেই হবে উদ্বৃত্ত বাজেট করা চলতে পারে না। আমরা দেখতে পাচ্ছি তিনি ১৯৩০ সালের পরে এসে পৌছাতে পারেন নি। উনি নিশ্চয় জানেন যে পশ্চিমবাংলায় অর্থনৈতিক ইমব্যালেন্স—ভারসাম্যহীনতা প্রচন্ডভাবে রয়েছে—তা থেকে বাজেটের ভারসাম্যহীনতা থাকতেই হবে—বাজেট ডেফিসিট করতেই হবে। ক্রিয়েশন অব ডেফিসিট এটা জেট রচনার পদ্ধতি।

অনুন্নত বেকার সমস্যায় জীর্ণ দেশ, সেখানে আপনি ক্রিয়েট দি ডেফিসিট এবং ডেফিসিট ফিল আপ করুন। এই ডেফিসিট ক্রিয়েট এবং ডেফিসিট ফিল আপ করার চিন্তায় অর্থমন্ত্রী কখনও আসেননি।·যে কারণে গতবারেও উনি আঘাত পেয়েছেন, এবারেও তাই উনি আমার বন্ধু লোক, ওকে আক্রমণ করতে আমার দ্বিধা হয়। আমি ওকে বার বার বলেছিলাম আপনি অ্যাকাউন্টেন্সি করবেন না, ডান বাঁ মেলানোর দায়িত্ব আপনার নয়, আপনি অর্থমন্ত্রী, অর্থনৈতিক চিন্তা নিয়ে আসুন ইউ আর নট অ্যান অ্যাকাউন্ট্যান্ট, সেটা অ্যাকাউন্ট্যান্ট জেনারেলের কাজ, অডিটর জেনারেলের কাজ, তিনি ডান বাঁ-র হিসাব রাখবেন। তা স্যার, আমি ওকে গতবারেও কিছুতেই বোঝাতে পারিনি, এবারেও পারব না, দিল্লিতে গিয়ে উনি কি সর্বনাশ করবেন কে জানে। উনি স্যার, ডেফিসিট ক্রিয়েট করতে শিখলেন না কেন এটাই হচ্ছে আমার প্রশ্ন। ডেফিসিট ফিল আপ করতে উনি যতদিন না শিখবেন যে আমি কেমন করে ডেফিসিট ক্রিয়েট করব, কেমন করে ডেফিসিট ফিল আপ করব ততদিন পর্যন্ত উনি কিছুতেই পশ্চিমবাংলার মতো রাজ্য যেখানে হাজার রকমের ভারসাম্যহীনতা আমাদের শিল্প কাঠামো, কৃষি কাঠামোয় ভরে আছে, উনি কেমন করে নতুন ধরনের বাজেট এখানে তৈরি করবেন? যদি এটা বাজেট ডেফিসিট হয় তাহলে অর্থনীতিতে বিগ পুস হয়, প্রচন্ড বাহিরে থেকে ধাক্কা আসে, সেই ধাক্কা অর্থনীতিকে এগিয়ে নিয়ে যায়—এই সমস্ত তথ্য আমার কাছ থেকে যদি শিখতে অসুবিধা হয়, উনি আমার বন্ধু লোক, আপনার তো স্টেট প্ল্যানিং বোর্ড আছে, ওখানে তো ভাল ভাল ইকনমিস্ট আছে, তাদের কাছ থেকে জানতে পারবেন হরশঙ্করবাবু যা বলেছেন সেগুলি অত্যন্ত বৈজ্ঞানিক নীতি সম্মত কথা। স্যার, কথা হচ্ছে উনি ডেফিসিট ক্রিয়েট করতে ভয় পাচ্ছেন কেন—এর পিছনে একটা কারণ আছে। কারণ উনি নতুন রিসোর্সেস তুলতে কিছুতেই চান না। নতুন নতুন জায়গায় কোথায় কোথায় রিসোর্সেস ট্যাপ করতে হবে, সেই ট্যাপ করতে গেলে সফট স্টেট না হয়ে স্ট্রং হতে হয়। উনি স্ট্রং হতে চাইছেন না, স্ট্রং গভর্নমেন্ট কিছুতেই হবেন না। তাই নতুন নতুন রিসোর্সেস তুলতে ভয় পাচ্ছেন, ডেফিসিট করতে ভয় পাচ্ছেন। স্যার, আপনি যদি একটু চিন্তা করেন তাহলে দেখতে পাবেন যে কোথা থেকে টাকা আসবে—সেলস ট্যাক্স থেকে। আমি প্রতি বছর বলে যাই যে জিনিসপত্রের দাম যদি বাড়ে তাহলে সেলস ট্যাক্স কালেকশান বাড়বে। এই সেলস ট্যাক্স কালেকশন বাড়াটা একটা ইনফ্লেশনের পরিচয় বটে। তবে এটা ঠিক যে ওর আমলে টাইটেনিং অব অ্যাডমিনিস্ট্রেশন হয়েছে, তাতে আমরা অত্যন্ত খুশি। এই টাইটেনিং অব অ্যাডমিনিস্ট্রেশন সেলস ট্যাক্স কালেকশন আগেকার থেকে বেটার হয়েছে তাতে আমরা খুব খুশি, কিন্তু সমস্তই ওর অ্যাডমিনিস্ট্রেশনের ফলে হচ্ছে না। আমাদের দেশে যদি ৪০% ইনফ্লেশন হয়ে থাকে, জিনিসপত্রের দাম যদি ১৯৬০ সালের

তুলনায় আরও বেশি বেড়ে থাকে তাহলে আমাদের সেলস ট্যাক্স কালেকশন নিশ্চয় ৪০% বাড়বে বেশিই বেড়েছে। কারণ আমাদের ইনফ্লেকশন যত হচ্ছে জিনিসপত্রের লেনদেন তত বাড়বে, কমার্শিলাইজেশন বাড়ছে। ন্যাচারালি ভলিউম অব সেলস বাড়ছে। কমার্সের উপর ট্যাক্স করে একটা দেশের উন্নতির চিন্তা ওনলি সোর্স হয়ে দাঁড়ায় না এন্ট্রি ট্যাক্স সেলস ট্যাক্স এই দুটো প্রধান হয়ে দাঁড়ায়না। স্যার, এক দিকে রিসোর্সেস তুলবার ক্ষমতা ছিল উনি তোলেননি। গত বছর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বিল এখানে উপস্থিত হয়েছিল। কোথা থেকে ওর পার্টি মহলে লবিং আরম্ভ হয়ে গেল, ফলে বিলটি চলে গেল সিলেক্ট কমিটিতে। স্যার, ওটা খুব ভাল বিল ছিল, অসাধারণ সুন্দর বিল ছিল। আমি শঙ্কর ঘোষ মহাশয়কে অভিনন্দন জানিয়েছিলাম যে এই রক্ষা একটা বিল তিনি বিধানসভায় আনলেন। কিন্তু ভিতরকার এক গূঢ় কাহিনীর কাছে শঙ্করবাবু হেরে গেলেন। একজন লোক যদি বাহিরে থেকে চাকরি করে ১০ হাজার টাকা পায়, এগ্রিকালচারাল ইনকাম থেকে ১০ হাজার টাকা পায়—

কেন কোথা গেল? সেই সুন্দর বিলটা মার খাইয়ে দিল সিলেক্ট কমিটির লোকরা আর উনিও সেটা দুর্বল চিত্তে মেনে নিলেন। এখন আবার কেন্দ্রীয় সরকারে যাচ্ছেন কতবার যে ভবিষ্যতে দুর্বল চিত্তে এসব মানবেন জানি না। আমরা ভেবেছিলাম এ বছর এই এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্সটা সম্বন্ধে আবার নতুন করে বলবেন কিন্তু দুঃখের বিষয় উনি গতবারের পরাজয়ের বেদনায় মুহ্যমান হয়ে এবারের বাজেটে আর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সটা ট্যাপ করলেন না। আমার কাছে একটা ফাইনান্সিয়াল স্টেটমেন্ট আছে তাতে দেখতে পাচ্ছি এখানে ট্যাক্স অন এগ্রিকালচারাল ইনকাম যেটা ছিল ১৯৭৫-৭৬ এর রিভাইজড বাজেটে ১ কোটি ৭৫ লক্ষ টাকা সেটা এবারে কমিয়ে দিয়েছেন ১ কোটি ৩০ লক্ষ টাকাতে। ওরা বলছেন এগ্রিকালচারাল প্রোডাকশন বেড়েছে, ইনকাম বেড়েছে অথচ রুর‍্যাল সেক্টারে যারা রুর‍্যাল রিচ যারা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের আওতায় পড়ে সেক্ষেত্রে এবারের বাজেটে গতবারের রিভাইজড বাজেট থেকে কমিয়ে দেওয়া হয়েছে। তাহলে দি নেচার অব দি স্টেট গভর্নমেন্ট কি দাঁড়াচ্ছে ওর এই আচরণের ফলে এই রেনটিয়ার ইনকাম কারা করে বা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স কারা দেয় বলে আমরা বলি, যারা কাজ করে না কিন্তু জমির মালিকানা ভোগ করে তারা দেয়। এই রেনটিয়ার ইনকামে ট্যাক্স না করে উনি কেমন করে ইকনমিক ডেভেলপমেন্টের কথা ভাবেন আমরা ভাবতে পারি না। আসুন আরবান রেনটিয়ার ইনকামে। গতদিনের বক্তৃতায় বলেছি যে পশ্চিমবঙ্গে একটা নতুন জিনিস দেখতে পাচ্ছি। স্যার, শুধু যে গ্রামাঞ্চলে খাজনাভোগী সম্প্রদায় হচ্ছে তাই নয় শহরাঞ্চলেও একটা খাজনাভোগী সম্প্রদায়—নতুন সম্প্রদায়কে দেখতে পাচ্ছি যেটা আগে ছিল না। এখানে বাড়িভাড়া যারা অতিরিক্ত পায় বা ব্যাঙ্কে যারা ফিক্সড ডিপোজিট টাকা রাখে তারা কাজ না করেই খায়। এরা গ্রামাঞ্চলের মতোন এক নতুন শহরে সামতন্ত্র। এই আরবান ফিউডল এর ইনকামকে ট্যাপ করার কথা ভাবা দরকার। ভাবা দরকার এই বাড়িভাড়ার ইনকামের উপর ট্যাক্স করার কথা। এটা করতে পারেন, রাজ্য সরকারের যে ক্ষমতা আছে। জমির উপর ট্যাক্স করে, আরবান ল্যান্ডের উপর ট্যাক্স করে, সিলেকটেড এরিয়াতে আরবান ল্যান্ডের উপর ট্যাক্স বাড়িয়ে দিয়ে কেন হবে না—ল্যান্ড রেভিনিউ গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলের হতে পারে, সেটা রাজ্য সরকারের এক্তিয়ারে, ওর পক্ষে নিশ্চয় সেটা করা উচিত ছিল। শহরাঞ্চলে খালি জমির

উপর ট্যাক্স ভাল করেছেন কিন্তু বাড়ি করে যারা রেনটিয়ার ইনকাম করছে তাদের উপর ট্যাক্সটা কেন বাদ দিলেন সেটা চিন্তা করুন। আমি জানি না, কয়লার রয়ালটির কি হচ্ছে। যখন কয়লাখনির মালিকরা ২৫ কোটি টাকার রয়্যালটি দেয়নি, রাজ্য সরকারকে ফাঁকি দিয়েছে। কিন্তু জাতীয়করণ হয়ে যাবার পরও রয়্যালটি আদায় হচ্ছে না কেন? কোথায় গেল সেই টাকা? স্যার, এসব টাকার কথা ওর বক্তৃতা থেকেও জানতে পারলাম না, কোথাও হদিশও পেলাম না। কোল মাইনিং অথরিটির কাছ থেকে নতুন রয়্যালটি কত আদায় করবেন এবং বাকি ২৫ কোটি টাকা ঐ বড় বড় যারা কয়লাখনির মালিক ছিলেন—গোয়েঙ্কা, হিম্মত সিনকা ইত্যাদি তাদের কাছে থেকে কিভাবে আদায় করতে পারবেন তার কোনও ইঙ্গিত এই বাজেটে পাইনি। চাবাগানের জমির উপর ইনক্রিসড রেভিনিউ নেবার কথা কেন্দ্রীয় সরকার জানিয়েছেন, রাজ কমিটির রিপোর্টেও আছে। কেন্দ্রীয় সরকার বহুবার জানিয়েছেন যে, কমার্সিয়াল যে সমস্ত প্রোডাকশন হয় সেই সমস্ত জমির উপর পৃথক ল্যান্ড রেভিনিউ কর, সেখানে সেটা বেশি হারে কর। কিন্তু স্যার, সে রকম কোনও কিছু এই বাজেটে দেখলাম না। সর্বোপরি আরও একটি কথা স্যার, আপনাকে বলি, স্টেট সেক্টর পাবলিক আন্ডারটেকিংসের চিত্র কি দেখুন। এ সম্বন্ধে স্যার, একখানি বই বিতরণ করা হয়েছে Statement showing financial results of important schemes of Government involving transactions of commercial or semi-commercial nature. আমি তার থেকে দু একটি অংশ পড়ে শোনাচ্ছি। স্যার, উনি সেলস ট্যাক্স আদায় করতে পারলেন কিন্তু সরকারি আমরা যারা এই সমস্ত বিভাগগুলি পরিচালনা করছেন তাদের উনি তাড়াতে পারলেন না। সেখানে স্যার, তিনি তা করে শ্রমিক কর্মচারিদের পরিচালনায় আনলেন না যাতে এগুলিতে প্রফিট হতে পারে। স্যার, আপনি দেখুন গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম এক কোটি ৮৪ লক্ষ ৬১ হাজার টাকা উনি ধরে নিয়েছেন আগামী বছর লোকসান হবে। যেগুলির বাজেট করেছেন কত টাকা লোকসান দেবেন এই পাবলিক সেক্টার।

[3-50 — 4-00 p.m.]

আপনি দেখুন ইন্ডাস্ট্রিয়াল এস্টেট বারুইপুর—৬০ হাজার টাকা। ইন্ডাস্ট্রিয়াল এস্টেট কল্যাণী ৪ লক্ষ ৪৭ হাজার টাকা। একটাতেও লাভ নেই। তারপরে দেখুন, ইপিকক কাল্টিভেশন স্কীম ৪৫ লক্ষ ৬৫ হাজার টাকা। এটা স্যার হাতে নিতে দুঃখ হয়। এই বইটা দুঃখ দিতে কেন যে দিয়েছেন? তারপর সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং অর্গানাইজেশন অ্যাট হাওড়া ২ লক্ষ ২২ হাজার টাকা। স্কীম ফর ডেভেলপমেন্ট অফ বোন চায়না অ্যান্ড আর্থেনওয়্যার, ৩ লক্ষ ৬৩ হাজার টাকা। তারপর স্কীম ফর সাপ্লাই অফ প্রোসেসড ক্লে ফর স্যানিটারি ওয়্যারক অ্যান্ড ইলেক্ট্রিক্যাল গুডস ৪ লক্ষ ৯৭ হাজার টাকা। এগ্‌ অ্যান্ড পোল্ট্রি প্রোডাকশন কাম মার্কেটিং সেন্টার, ৮ লক্ষ ৮২ হাজার টাকা। টুরিস্ট লজ শান্তিনিকেতন আমার কনস্টিটিউয়েন্স, সেখানে প্রচুর লোক যায়। কেমন করে লোকসান হয় জানি না। সেখানে ৭১ হাজার টাকা দুর্গাপুর মিল্ক স্কীমে ২৪ লক্ষ ৯৯ হাজার টাকা। সেন্ট্রাল ল্যাক ফ্যাক্টরি হাওড়া ১৭ হাজার টাকা। ইন্ডাস্ট্রিয়াল এস্টেট হাওড়া প্রত্যেক জায়গায় লোকসান। ওনাদের পাবলিক সেক্টর অফ ওয়েস্ট বেঙ্গল, যেগুলি গভর্নমেন্টের সেমি-কমার্শিয়াল স্কীম সেগুলির লোকসানের বাজেট আমাদের সামনে পেশ করেন উনি রিসোর্স কোথা থেকে পাবেন? উনি রিসোর্সটা কোথা থেকে পাবেন?

তারজন্য শ্রমিকদের পরিচালনায় আনতে হয়। শ্রমিকদের বলতে হয় যে এটা তোমাদের ফ্যাক্টরি, এটা জাতীয় ফ্যাক্টরি এখানে উৎপাদন বাড়াও। আমরা এই রকম কোথাও দেখতে পাইনি। আমাদের এই বাজেটে এই সমস্ত রিসোর্স গ্যাপ এটা আনইউটিলাইজেড থাকার ফলে এই বাজেট অত্যন্ত লো-ইনকাম, অত্যন্ত লো-ইনভেস্টমেন্ট বাজেট হয়েছে। আমি বহুবার এই বিধানসভায় বলেছি অর্থমন্ত্রীকে বুঝবার জন্য যে এক্সপেন্ডিচার এবং ইনভেস্টমেন্ট এক কথা নয়। ওনার বাজেটে যে সমস্ত টাকা খরচ হয় আমি লালবই এনে দেখাতে পারি। আমি সেটা গ্র্যান্টের সময়ে দেখাব—প্রত্যেকটি খরচ হচ্ছে এক্সপেন্ডিচার নতুন যন্ত্রপাতি, নতুন মূলধন বিনিয়োগ নয়। আজকে পশ্চিমবাংলার অর্থনীতির যা চেহারা, নতুন কর্মসংস্থান তৈরি করতে হলে নিউ প্রোডাকটিভ ক্যাপসিটি চাই। এবং নিউ প্রোডাকটিভ ক্যাপাসিটির জন্য নতুন যন্ত্রপাতি, নতুন কলকারখানা চাই। ওনার ইনভেস্টমেন্ট কি? না, এক্সপেন্ডিচার অ্যাডমিনিস্ট্রেটিভ এক্সপেন্ডিচার। এই কারণে এই বাজেটে কোনও একটা ব্রেক-থ্রু হতে পারে বলে মনে করি না। আমাদের দেশের যে শিল্প সমস্যা, কৃষি সমস্যা, যে বেকার সমস্যা, সেই বেকারদেরও একটা ভুল হিসাব পাই। ওনাদের একটা ইকনমিক রিভিউতে সেটা আমাদের সামনে দিয়েছেন তাতে ইনকমপ্লিট ডাটা রয়েছে। ১৯৭২-৭৩ সালের পর থেকে আর ভাল ডাটা কিন্তু নেই। ১৯৭৩-৭৪, ৭৪-৭৫, ৭৫-৭৬ সালের একটা প্রোজেকশন-এর কিছু না কিছু থাকবে। এটা থেকে কি আলোচনা করব সেখানে ইনকমপ্লিট ডাটাতে ভর্তি? এই রকম রিপোর্ট তৈরি হয় কেন? শুধু তাই নয়, আপনি দেখবেন যে রিপোর্ট-এ অনেক ভুলও আছে। আমাদের বেকার সমস্যা সম্পর্কে উনি তথ্য দিয়ে বক্তৃতা করেছে যে বেকার সমস্যা কমেছে। আমার কাছে সাপ্লিমেন্ট রিপোর্ট আছে। আমাদের ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইনকমিক অ্যান্ড স্ট্যাটিসটিক এটা গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল সরকারি রিপোর্ট সেই সরকারি রিপোর্টে বলা হয়েছে যে বেকার সমস্যা বাড়ছে। কিন্তু অর্থমন্ত্রী বক্তৃতায় বলেছেন যে বেকার সমস্যা কমেছে। ইকনমিক রিভিউতে বলছে বেকার সমস্যা কমেছে। কিন্তু ওনার সরকারি বিভাগ যে আসল তথ্য সংগ্রহের বিভাগ, এই রিপোর্টগুলি কি তারা চেপে রাখে? এর উপর ভিত্তি করেই তো ওনার বক্তৃতা করতে হয়। এখানে কিন্তু বলছে বেকার সমস্যা বেড়েছে। আমি আর এসব ডিটেলসের মধ্যে যেতে চাই না। আমাদের এই যে বাজেট এই বাজেটে আমরা কখনই কোনও ব্রেক-থ্রু করতে পারব না। ব্রেক-থ্রু করতে পারব না কেন? কারণ আপনি জানেন। এই ইন্ডাস্ট্রিয়াল স্ট্রাকচারটা হচ্ছে লপসাইডেড। শুধু ইঞ্জিনিয়ারিং এবং কোল-এটার উপরই নির্ভর করতে হয়। ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির ক্যারেক্টার এমন যে বাইরে যদি ৫/১০ পারসেন্ট ডিমান্ড কমে যায় তাহলে ১০০ পারসেন্ট প্রোডাকশন করতে বাধ্য ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিতে এগুলি উনি জেনে নেবেন। এগুলি হচ্ছে এক্সেলারেশন প্রিন্সপল এই এক্সেলারেশন ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি কাজ করে। সব যদি ১০ পারসেন্ট ডিমান্ড কমে যায়, হান্ড্রেড পারসেন্ট প্রোডাকশন উইল ফল ইন ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি এটাই হচ্ছে কারেক্টার অব দি ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি। এই ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির উপর ভিত্তি করে একটা দেশের শিল্প কাঠামো থাকে, এই রকম যদি হতে থাকেও তাহলে অনবরত বারবার শিল্পে মন্দা আসতে বাধ্য। আমাদের যে কোনও এই কোল বেসড কোনও ইন্ডাস্ট্রিতে পাবলিক ইনভেস্টমেন্ট নেই, অন্তত ওর বাজেটের মধ্যে আমরা নতুন কোনও কোল বেসড ইন্ডাস্ট্রির কথা দেখতে পাচ্ছি না, যে ৫০ কোটি টাকা পাবলিক ইনভেস্টমেন্ট করব, এই রকম কোনও কমিটমেন্ট নেই, এমন কি ১০ কোটি টাকার কোনও

উপর ট্যাক্স ভাল করেছেন কিন্তু বাড়ি করে যারা রেনটিয়ার ইনকাম করছে তাদের উপর ট্যাক্সটা কেন বাদ দিলেন সেটা চিন্তা করুন। আমি জানি না, কয়লার রয়ালটির কি হচ্ছে। যখন কয়লাখনির মালিকরা ২৫ কোটি টাকার রয়্যালটি দেয়নি, রাজ্য সরকারকে ফাঁকি দিয়েছে। কিন্তু জাতীয়করণ হয়ে যাবার পরও রয়্যালটি আদায় হচ্ছে না কেন? কোথায় গেল সেই টাকা? স্যার, এসব টাকার কথা ওর বক্তৃতা থেকেও জানতে পারলাম না, কোথাও হদিশও পেলাম না। কোল মাইনিং অথরিটির কাছ থেকে নতুন রয়্যালটি কত আদায় করবেন এবং বাকি ২৫ কোটি টাকা ঐ বড় বড় যারা কয়লাখনির মালিক ছিলেন—গোয়েঙ্কা, হিম্মত সিনকা ইত্যাদি তাদের কাছে থেকে কিভাবে আদায় করতে পারবেন তার কোনও ইঙ্গিত এই বাজেটে পাইনি। চাবাগানের জমির উপর ইনক্রিসড রেভিনিউ নেবার কথা কেন্দ্রীয় সরকার জানিয়েছেন, রাজ কমিটির রিপোর্টেও আছে। কেন্দ্রীয় সরকার বহুবার জানিয়েছেন যে, কমার্সিয়াল যে সমস্ত প্রোডাকশন হয় সেই সমস্ত জমির উপর পৃথক ল্যান্ড রেভিনিউ কর, সেখানে সেটা বেশি হারে কর। কিন্তু স্যার, সে রকম কোনও কিছু এই বাজেটে দেখলাম না। সর্বোপরি আরও একটি কথা স্যার, আপনাকে বলি, স্টেট সেক্টর পাবলিক আন্ডারটেকিংসের চিত্র কি দেখুন। এ সম্বন্ধে স্যার, একখানি বই বিতরণ করা হয়েছে Statement showing financial results of important schemes of Government involving transactions of commercial or semi-commercial nature. আমি তার থেকে দু একটি অংশ পড়ে শোনাচ্ছি। স্যার, উনি সেলস ট্যাক্স আদায় করতে পারলেন কিন্তু সরকারি আমরা যারা এই সমস্ত বিভাগগুলি পরিচালনা করছেন তাদের উনি তাড়াতে পারলেন না। সেখানে স্যার, তিনি তা করে শ্রমিক কর্মচারিদের পরিচালনায় আনলেন না যাতে এগুলিতে প্রফিট হতে পারে। স্যার, আপনি দেখুন গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম এক কোটি ৮৪ লক্ষ ৬১ হাজার টাকা উনি ধরে নিয়েছেন আগামী বছর লোকসান হবে। যেগুলির বাজেট করেছেন কত টাকা লোকসান দেবেন এই পাবলিক সেক্টার।

[3-50 — 4-00 p.m.]

আপনি দেখুন ইন্ডাস্ট্রিয়াল এস্টেট বারুইপুর—৬০ হাজার টাকা। ইন্ডাস্ট্রিয়াল এস্টেট কল্যাণী ৪ লক্ষ ৪৭ হাজার টাকা। একটাতেও লাভ নেই। তারপরে দেখুন, ইপিকক কাল্টিভেশন স্কীম ৪৫ লক্ষ ৬৫ হাজার টাকা। এটা স্যার হাতে নিতে দুঃখ হয়। এই বইটা দুঃখ দিতে কেন যে দিয়েছেন? তারপর সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং অর্গানাইজেশন অ্যাট হাওড়া ২ লক্ষ ২২ হাজার টাকা। স্কীম ফর ডেভেলপমেন্ট অফ বোন চায়না অ্যান্ড আর্থেনওয়্যার, ৩ লক্ষ ৬৩ হাজার টাকা। তারপর স্কীম ফর সাপ্লাই অফ প্রোসেসড ক্লে ফর স্যানিটারি ওয়্যারক অ্যান্ড ইলেক্ট্রিক্যাল গুডস ৪ লক্ষ ৯৭ হাজার টাকা। এগ্ অ্যান্ড পোল্ট্রি প্রোডাকশন কাম মার্কেটিং সেন্টার, ৮ লক্ষ ৮২ হাজার টাকা। টুরিস্ট লজ শান্তিনিকেতন আমার কনস্টিটিউয়েন্স, সেখানে প্রচুর লোক যায়। কেমন করে লোকসান হয় জানি না। সেখানে ৭১ হাজার টাকা দুর্গাপুর মিল্ক স্কীমে ২৪ লক্ষ ৯৯ হাজার টাকা। সেন্ট্রাল ল্যাক ফ্যাক্টরি হাওড়া ১৭ হাজার টাকা। ইন্ডাস্ট্রিয়াল এস্টেট হাওড়া প্রত্যেক জায়গায় লোকসান। ওনাদের পাবলিক সেক্টর অফ ওয়েস্ট বেঙ্গল, যেগুলি গভর্নমেন্টের সেমি-কমার্শিয়াল স্কীম সেগুলির লোকসানের বাজেট আমাদের সামনে পেশ করেন উনি রিসোর্স কোথা থেকে পাবেন? উনি রিসোর্সটা কোথা থেকে পাবেন?

পারে না এবং এটা করে ১ ইঞ্চিও রাজনীতিতে অগ্রসর হতে পারবেন না। মনে হচ্ছে এগোচ্ছি কিন্তু তলাটা ফাঁপা হচ্ছে, আমাদের মনে হচ্ছে এগোচ্ছি, কিন্তু বেকার সমস্যা বাড়ছে। তাই এদুটো আপনাদের পরিত্যাগ করতে হবে। কারণ দক্ষিণপন্থীরা বসে নেই, আজকে আই জে এম এ আমাদের মন্ত্রিসভার ওপর চাপ সৃষ্টি করে স্যার, একটু খারাপ শব্দ ব্যবহার করি, কান মুলে দিয়ে ওদের কাছ থেকে কনসেশন আদায় করে নিয়েছে, আই জে এম এ-র ওপর থেকে এক্সপোর্ট ডিউটি উঠিয়ে নেওয়া হয়েছে। বিড়লার হিন্দুস্থান মোটরের ওপর থেকে এক্সাইস ডিউটি, সেলস ট্যাক্স উঠিয়ে দিয়েছে এই সরকার এবং ওদের করুণা চাইছে, তবুও পাচ্ছে না। তারপর আপনারা জুট ব্যাকিং-এ ১০% কমিয়ে দিয়েছেন। এখন হচ্ছে কি, আই জে এম এ অফেনসিভে এসেগেছে। ৭২ সালে যখন এই মন্ত্রিসভা হয় তখন ইন্ডিয়ান জুট মিলস অ্যাশোসিয়েশন-এর সামনে দম্ভ করে গর্ব করে এই সরকার বলেছিল তোমাদের আমরা মানি না, আমাদের কথা শুনতে হবে। আর এখন স্যার, সেখানে লে-অফ হচ্ছে, ছাঁটাই হচ্ছে। শুধু তাই নয় গভর্নমেন্টের কাছে আবেদন করা মাত্র কনসেশনের পর কনসেশন পাচ্ছে। গভর্নমেন্ট এদের চাইছে। তা স্যার, হবে না কেন, এই সেদিন একজন তরুণ নেতা আমাদের দমদম এয়ারপোর্টে এলেন, তা স্যার, তাকে রিসিভ করতে কারা গিয়েছিলেন, কাদের আমরা দেখলাম? সেখানে উপস্থিত ছিল কে কে বিড়লা, হিম্মতসিংকার, গোয়েঙ্কা, বাজোরিয়া আর আমাদের নেতারাও ছিলেন এবং আমাদের মন্ত্রী মন্ডলীর নেতারাও ছিলেন। স্যার, এই সব বিগ ক্যাপিটালিস্টরা আজকে একজন তরুণ নেতার পিছনে এসে দাঁড়িয়েছে, বিড়লা, গোয়েঙ্কা বাজোরিয়া, হিম্মতসিংকার সবাই ঐক্যবদ্ধ হয়ে গেল। ৭২ সালে যখন আমরা এখানে নির্বাচিত হয়ে এলাম তখন আমাদের আশা ছিল, এই মন্ত্রিসভা এই পশ্চিমবঙ্গের বিগ ক্যাপিটালিস্টদের বিরুদ্ধে লড়াই করতে পারবে। এখন স্যার, দমদম এয়ার পোর্টের এই চিত্র দেখছি। এর ফলে এখানকার স্টেট ক্যাবিনেটের এখন অবস্থা জটিল বলে আমাদের মনে হচ্ছে।

আমাদের মনে হচ্ছে সেই পলিটিক্যাল কোয়েশ্চেন, সেই ডিটারমিনেশন মন্ত্রী মন্ডলীর ভেতর আর নেই এবং যেটা মনে হচ্ছে সেটাই স্বীকার করছি। এই অবস্থায় উনি যে বাজেট এনেছেন এর থেকে ভাল বাজেট আনা যায় না, এই অবস্থায় ওর পক্ষে এই বাজেটই ঠিক হয়েছে। কিন্তু এই বাজেট-এর সাহায্যে পশ্চিমবঙ্গের রূপান্তর উনি ঘটাতে চাইছেন, উনি বই-এ লিখে যা আমাদের ভেতর বিলিয়ে দিয়েছেন, 'রূপান্তরের পথে পশ্চিমবাংলা'—আমরা বিশ্বাস করি না। উনি শিল্প কাঠামোর পরিবর্তন না করে, নতুন ভাবে রিসোর্স কালেকশন না করে, কৃষি কাঠামোর পরিবর্তন না করে পশ্চিমবাংলাকে এক ইঞ্চিও অগ্রসর করতে পারবেন না এবং বাজেটে এসমস্ত অনুপস্থিত। সর্বশেষে বলব, আই জে এম এ-র কলকাতা যে সব মাল্টি ন্যাশনাল কর্পোরেশন আছে তারা আক্রমণ শুরু করেছে। এক্ষেত্রে কংগ্রেস ও সি পি এম মিলে একটা দেশপ্রেমিক কর্তব্য পালন করি। আমাদের দেশকে যদি স্বাধীন অর্থনৈতিক বিকাশের দিকে যেতে হয় তাহলে আমরা বিদেশি পুঁজির হাতে থাকব না। সেজন্য আসুন একটা গণ-আন্দোলন আরম্ভ করি। স্বাধীনতা রক্ষা করতে গেলে, বিদেশি পুঁজির বিরুদ্ধে বড় বড় মনোপলি ক্যাপিটালের বিরুদ্ধে আন্দোলন শুরু করতে হবে। এবং তারপর উন্নয়ন করতে হবে। উন্নয়ন করতে পারলে স্বাধীনতা রক্ষা পাবে এবং স্বাধীনতা রক্ষা যেগুলি

উন্নয়ন হবে। ইন্দিরা গান্ধী যতই বলুন উন্নয়নের জন্য জীবন দান কর, কিন্তু তাতেও হবে না যতক্ষণ না পারি উন্নয়ন তলা থেকে আরম্ভ না করা এরজন্য একটা মুভমেন্ট চাই। চাষীর কাছে ২০ দফা কর্মসূচি নিয়ে কারা যায়? বি ডি ও-র যাচ্ছেন। এইভাবে কি উন্নয়ন হয়। উন্নয়নের জন্য কংগ্রেস সি পি আই এবং বাহিরে শুভবুদ্ধিসম্পন্ন মানুষ বা দল যা আছে। তাদের গিয়ে একাজ করতে হবে। আমাদের স্বাধীনতা সত্যি সত্যি বিপন্ন। কারণ আমরা এখনও পি এল ৪৮০ গম নিয়ে আসি, এখনও বিদেশি পুঁজি না হলে শিল্প হয় না। এইরকম চিন্তারই অভ্যাস ভুলে গিয়ে নতুন ভাবে উন্নয়নের কথা চিন্তা করি যেখানে পাবলিক সেক্টর থাকবে, সেখানে রেন্টিয়ার ইনকামের উপর আক্রমণ হবে এবং তাহলেই আমরা পাবলিক সেক্টর-এ ইনভেস্টমেন্ট বাড়াতে পারব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

শ্রী নারায়ণ ভট্টাচার্য : স্যার, অর্থমন্ত্রী উদ্বৃত্ত বাজেটকে সমর্থন করতে গিয়ে কয়েকটা কথা বলতে চাই। আমি সমর্থন করছি কিন্তু ঠিক অন্তর থেকে অভিনন্দন জানাতে পারছি না। আমাদের সমস্যাসঙ্কুল পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে আমাদের জমি অল্প এবং বিপুল জনসংখ্যা। ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলা এই সীমিত জমিতে ৩ গুণ মানুষ বাস করে। এখানে শিক্ষিত বেকারের সংখ্যা ৩৫ লক্ষ এবং খেটে খাওয়া মানুষ। ক্ষেতমজুরের সংখ্যা লক্ষ লক্ষ। ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় যে একটা সংঘাতিক অবস্থা চলছিল তাতে পশ্চিমবংলা অর্থনীতি ভেঙে চুরমার হয়ে গিয়েছিল। অলক্ষ্মীর বাহন হুতুম পেঁচা বিধানসভায় উঁকি মারছিল। তারা ১৯৭২ সালে সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে সুযোগ্য মন্ত্রিসভাও সুযোগী অর্থমন্ত্রীর অধীনে লক্ষ্মী নিয়ে আসছিল। তার সুযোগ্যতায় স্বীকৃতি হিসাবে দিল্লি থেকে তার ডাক এসেছে। এরজন্য একদিক থেকে আমরা আনন্দিত কিন্তু অন্যদিক থেকে দুঃখিত। কারণ তিনি আমাদের সমস্যার সমাধান করে যেতে পারলেন না। পশ্চিমবাংলা একটি রুগীর মতো শয্যাশায়ী হয়ে পড়েছিল তাকে তিনি সুস্থ করলেন। কিন্তু সবল করার আগেই তাকে যেতে হচ্ছে। অর্থাৎ একটা ট্রানজিশন পিরিয়ডে তিনি চলে যাচ্ছেন। তিনি যদি সবল করে দিয়ে চলে যেতে পারতেন, রোগ মুক্তির পরে সেই রুগীকে সবল করে দিতে পারতেন, আমাদের সমস্যার কিছুটা সুরাহা করতে পারতেন তাহলে আমরা আন্তরিক অভিনন্দন জানাতাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আনন্দ পেয়েছি এইজন্য যে দেশ স্বাধীন হওয়ার পরে এই প্রথম বাজেটে উত্তরবঙ্গের কথা আলাদাভাবে লিখিত হয়েছে, উত্তরবঙ্গের একটা বিশেষ বিষয়ে বলা হয়েছে যে সেখানে সরকার থেকে ৩৩ ভাগ অর্থ লগ্নি করা হবে। বিগত সমস্ত পরিকল্পনা কালে যখন পশ্চিমবঙ্গে গঙ্গার দক্ষিণা পারে পার ক্যাপিটা খরচ হয়েছিল ২ শো টাকা তখন উত্তরবঙ্গের অবহেলিত মানুষ পেয়েছে ২৫ টাকা অর্থাৎ ৮ ভাগের ১ ভাগ। ১৯৭৬-৭৭ সালের বাজেটে যে উল্লেখ রয়েছে সেটা ছিটে ফোঁটা মাত্র। আমাদের উত্তরবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এবারে পশ্চিমবঙ্গে যে বাজেট তৈরি হবে তার সমস্ত বরাদ্দের ওয়ান থার্ড উইল বি ইয়ারমার্কড ফর নর্থ বেঙ্গল, উত্তরবঙ্গের জন্য নির্দিষ্ট করা হবে। আমি দেখতে পাচ্ছি বিশেষ কর্ম সংস্থান কর্মসূচিতে বরাদ্দ হয়েছে ৩৩ ভাগ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গে আমরা চা, পাট উৎপন্ন করছি, আমাদের বন সম্পদ থেকে

যে রেভিনিউ আরন হচ্ছে প্রায় ৫ কোটি টাকা, তার মধ্যে ৪ কোটি টাকা আমরা পাচ্ছি উত্তরবঙ্গ থেকে। এখানে ইন্ডাস্ট্রি মিনিস্টার নেই, তিনি হাউসে থাকেন না, তিনি থাকলে বলতাম ১৯৭২ সালের পর উত্তরবঙ্গে এই ৪ বছরের একটা শিল্পও কি স্থাপিত হয়েছে? একটিও না। পাওয়ার মিনিস্টারকে বলি জলঢাকা বিদ্যুৎ প্রকল্প থেকে যে বিদ্যুৎ সরবরাহ পাই তা মাত্র ১৮ মেগাওয়াট, মালদহের ডিজেল চালিত পাওয়ার স্টেশন থেকে ১ মেগাওয়াট, সব মিলে ২৫ মেগাওয়াটের বেশি নয়। এই ২৫ মেগাওয়াট বিদ্যুৎ দিয়ে কি উত্তরবঙ্গের উন্নয়ন হবে যেখানে বিদ্যুৎ হচ্ছে উন্নয়নের চাবিকাঠি? **(ডাঃ জয়নাল আবেদিন : হবে না।)** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ট্রেজারি বেঞ্চের একজন সিনিয়র মেম্বার বললেন হবে না, এটা আমাদের সকলেরই কথা। উত্তরবঙ্গকে দীর্ঘদিন কলোনি করে রাখা হয়েছিল, আমরা কলোনিতে বাস করছিলাম, নতুন মন্ত্রিসভা আসার পর আমরা নতুন স্বপ্ন দেখেছিলাম, কিন্তু আমাদের আশাহত করেছে এই বাজেট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মেনশনের সময় আমি বলেছিলাম যে এই সরকার যখন গরিব মানুষের কথা, শ্রমিক কৃষকের কথা ভাবছেন, জরুরি অবস্থা জারি করা হয়েছে, ২০ দফা কর্মসূচি রূপায়ণের জন্য ব্যবস্থা হচ্ছে তখন চা শিল্পের শ্রমিকরা বঞ্চিত হচ্ছে মালিকদের দ্বারা। চা বাগিচার শ্রমিকদের জন্য প্ল্যানটেশন লেবার অ্যাক্ট আছে, তাদের জন্য মেডিক্যাল ফেসিলিটিজ অ্যাক্ট আছে, শ্রমিকদের বাস গৃহ নির্মাণের আইন আছে, মালিকপক্ষ সেসব কিছুই মানছে না। মালিকপক্ষ প্রভিডেন্ট ফান্ডের টাকা সরকারের ঘরে জমা দিচ্ছে না, গ্রাচুইটির টাকা পেমেন্ট হচ্ছে না। আমি একটা চা-বাগানের কথা জানি, মথুরা টী গার্ডেন সেখানে শ্রমিকদের ৯ লক্ষ টাকা বাকি আছে, গ্রাচুইটি পেমেন্ট হয়নি। সেখানে মালিকের বিরুদ্ধে মিসা করা হয়নি, মিসা করা হয়েছে ৫০ বছরের বৃদ্ধ কাজি মোহন লামার বিরুদ্ধে যার ২০০ মতো ব্লাড প্রেসার এবং যার দক্ষিণ হাত নষ্ট হয়ে গেছে, তার অপরাধ সেন্ট্রাল ডুয়ার্সের চা-বাগানে বন্ডেড লেবার সিস্টেমের প্রতিবাদ মালিকের বিরুদ্ধে শ্রমিকদের সংগঠিত করার চেষ্টা করেছিল। কোথায় প্রোটেকশন? স্যার, আমি আপনার মাধ্যমে অর্থ মন্ত্রী মহাশয়কে বলব এখানে যে বাজেট পেশ করা হয়েছে এটা খুব সুন্দর বাজেট সন্দেহ নেই, কিন্তু এর যেন প্রয়োগ হয়। কচের প্রতি দেবযানীর যে অভিশাপ—"শিখাইবে শিখিবে পারিবে না করিতে প্রয়োগ" সেই অভিশাপে যেন পরিণত না হয়, বাজেটের সার্থক প্রয়োগ যেন হয় এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

শ্রী মনোরঞ্জন হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে পুরোপুরি সমর্থন করে এবং তাকে অভিনন্দন জানিয়ে কয়েকটি কথা আমি অর্থমন্ত্রীকে যে অভিনন্দন জানাচ্ছি তার কারণ হচ্ছে, দীর্ঘ ৪ বছর ধরে যে অভিজ্ঞতা অর্জন করেছি তাতে দেখছি যখনই হাউসে বাজেট পেশ করা হয় ঠিক তার আগেই বাজার থেকে নিত্য প্রয়োজনী জিনিস উধাও হয়ে যায় এবং অনেকসময় দেখা যায় প্রত্যেক জিনিসের দাম বেড়ে যায়। কিন্তু এবারে অত্যন্ত আনন্দের সঙ্গে দেখলাম এবারে যখন হাউসে বাজেট পেশ করা হল তার আগে প্রত্যকটি জিনিসের দাম কমে গেছে এবং প্রত্যেকটি জিনিস বাজারে খুব সুন্দরভাবে পাওয়া যাচ্ছে। আমি অর্থমন্ত্রীকে যে অভিনন্দন জানাচ্ছি তার আর একটা কারণ হচ্ছে আমি লক্ষ্য করছি কয়েকটি বিশেষ জিনিসের উপর ট্যাক্স একজেমপ্ট করা হয়েছে।

তবে দুঃখের সঙ্গে কয়েকটি কথা যা বলব আশাকরি অর্থমন্ত্রী মহাশয় সেগুলি চিন্তা করে দেখবেন। আমরা দেখেছি যাত্রা জগৎ অন্ধকার থেকে আলোতে এসেছে এবং এটা খুব আনন্দের কথা। কিন্তু গ্রামবাংলার মানুষের জন্য যাত্রাগানটা থেকে যে ট্যাক্স ফ্রি করা হয়েছে তার স্বাদ কি গ্রামের মানুষ পেয়েছে? স্যার, আপনি জানেন গত বছর যাত্রার ক্ষেত্রে যেটা দেড়টাকা টিকিট ছিল সেটা দুটাকা হয়েছে এবং ৫ হাজার টাকা যেখানে দলের বায়না ছিল সেটা ৮ হাজার টাকা হয়েছে। অর্থাৎ আমরা দেখছি কেবলমাত্র তাদের টাকা পাইয়ে দেবার জন্য একটা করা হয়েছে। আমি অর্থমন্ত্রীকে বলব আপনি যখন স্টেপ নিয়েছেন তখন এইভাবে স্টেপ নেওয়া উচিত যে, আগে যাত্রাদলের যে রেট ছিল সেটা যেন তারা পরিবর্তন করতে না পারে, তারা যেন মুনাফা করতে না পারে। তারপর, আমার বক্তব্য হচ্ছে আজকে শিক্ষা জগতে একটা হতাশার চিত্র দেখতে পাচ্ছি ১ বছর আগে এই বিধানসভায় দাঁড়িয়ে আমাদের মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী প্রাথমিক শিক্ষক, মাধ্যমিক শিক্ষক এবং কলেজ শিক্ষকদের রিভাইজ্‌ড স্কেলের কথা রেখেছিলেন। কিন্তু এই বাজেটে দেখলাম সেই সমস্ত শিক্ষকদের রিভাইজ্‌ড স্কেলের কথা কিছু বলা হয়নি। শুধু তাই নয়, ক্লাশ এইট পর্যন্ত ফ্রি এডুকেশন দেবার জন্য ডেপুটেশন-এর মাধ্যমে আমরা যেকথা বলেছিলাম তার কোনও ভাবরেখা এই বাজেটে দেখলাম না। কাজেই দেখছি শিক্ষা জগতে একটা হাতাশা এসেছে। আমি জানি না যখন শিক্ষা বাজেট আসবে তখন এগুলি আপনারা চিন্তা করবেন কিনা—অর্থাৎ প্রাথমিক শিক্ষক মাধ্যমিক শিক্ষক এবং কলেজ শিক্ষকদের রিভাইজড স্কেল দেবার ব্যবস্থা করবেন কিনা। তারপর, দেখলাম এই বাজেটে সরকারি কর্মচারিদের সম্বন্ধে কিছু বলা হয়নি। আমরা দেখছি স্টেট গভর্নমেন্ট এমপ্লয়ীস এবং ইউনিয়ন গভর্নমেন্ট এমপ্লয়ীজদের মধ্যে বেতনের তারতম্য রয়েছে। এই তারতম্য থাকা সত্ত্বেও দেখলাম বাজেটে পশ্চিমবাংলার সরকারি কর্মচারিদের সম্বন্ধে কিছুই বলা হয়নি। তারপর, এই বাজেটে দেখলাম ২৪-পরগনা, হাওড়া এবং হুগলি জেলাকে উন্নত জেলা বলে বলা হয়েছে। কিন্তু স্যার, আমি জানি না ২৪-পরগনা জেলায় একমাত্র ব্যারাকপুর এবং বেহালা ছাড়া আর কোথাও কোনও ইন্ডাস্ট্রি হয়েছে কিনা? সেখানে বলা হয়েছে যে ২৪ পরগনা কিছু অংশ ডেভেলপড হয়েছে, কিন্তু ২৪ পরগনার বিরাট একটি অংশ সুন্দরবন আছে, সুন্দরবন ছাড়াও কয়েটি অংশ আছে যেমন মগরাহাট, ডায়মন্ডহারবার, কুলপি, ফলতা ইত্যাদি সেখানে না আছে কোনও ইন্ডাস্ট্রি না আছে কোনও এগ্রিকালচারের কোনও ভাল ব্যবস্থা, না আছে কোনও শিল্পের ব্যবস্থা। অথচ ডেভেলপমেন্টের জন্য যে টাকা দেওয়া হয়েছিল সেই টাকা কেটে নিয়ে অন্য এলাকায় দেওয়া হচ্ছে—আমি কোনও নাম বলতে চাই না তাদের প্রতি আমার কোনও গ্রাজ নাই, তাদের প্রতি কোনও ক্ষোভ নাই নিশ্চয়ই সেই সব অবহেলিত অনুন্নত এলাকাগুলিতে দেওয়া উচিত। কিন্তু স্যার, দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটের টাকা কেটে নিয়ে যাওয়া হয় তাহলে এই অঞ্চলে অবহেলিত লাঞ্ছিত নিপীড়িত মানুষদের অবহেলা করা হবে। সঙ্গে সঙ্গে স্যার, আমি একথা বলতে চাই যে আমি মগরাহাট অঞ্চলে থেকে নির্বাচিত প্রতিনিধি আমি জানি সেখানে কোনও শিল্পের ব্যবস্থা নাই, সেখানকার মানুষের দিনের পর দিন না খেয়ে মরছে—যদিও বর্তমানে তাদের অবস্থা একটু ভাল হয়েছে, তবুও আমি বলতে চাই যে এই এলাকার জন্য এই এলাকার ডেভেলপমেন্ট করবার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল তার থেকে টাকা কেটে না নেওয়া হয় তার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি। আমাদের এলাকা উন্নত বলে যে

মনোভাবের সৃষ্টি করা হচ্ছে তার পরিবর্তন করা দরকার। পরিশেষে আমি একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব যে আমাদের কন্ট্রোল ক্লথ একেবারে বিলি করা হয়নি। আমি বিভিন্ন মিটিং এ এবিষয়ে বার বার বলেছি এবং ২০ দফা কর্মসূচি বাস্তবে রূপায়ণ করতে হলে এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বিশেষ নজর দেবেন।

শ্রী নিতাইপদ ঘোষ ঃ মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী বিধানসভায় যে বাজেট পেশ করেছেন তা আমি সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে কৃষি বাবদ সেচ বাবদ, পরিকল্পনা বাবদ বিদ্যুৎ প্রভৃতি বিভিন্ন খাতে গতবারের চেয়ে বহু বেশি টাকা বরাদ্দ করেছেন। যদিও গতবারের চেয়ে মূল্যমান এবার বাড়েনি বরঞ্চ কমেছে তাই আমি আশা করছি এ বছর কাজ আরও বেশি হবে। তা সত্ত্বেও আমার কিছু বলবার আছে। যেহেতু আমি গ্রাম বাংলা থেকে এসেছি। একটা জিনিস আমি লক্ষ্য করছি স্যার, আমাদের যে টাকা ধরা হয়েছে কৃষি ছাড়া, সেটা আমার মনে হচ্ছে যে শহরের দিকে নজর বেশি দিয়েছেন, কেন না শহরের ছেলেরা আন্দোলন করতে পারে, শহরের বুদ্ধিজীবী মানুষেরা কাগজে বিবৃতি দিয়ে ছয়লাপ করতে পারে তাদের দাবি দাওয়া সম্বন্ধে সেজনাই মন্ত্রী মহাশয় শহরের দিকে বেশি তাকান, গ্রামের দিকে বেশি তাকান না। আজকে যে হাসপাতালগুলি আছে, পুরানো হাসপাতাল কিন্তু সেখানে ডাক্তারের অভাব, যদি সেখানে ডাক্তার না পাওয়া যায় তাহলে সেখানে ট্রেইন্ড কম্পাউন্ডার দিন, কিন্তু আমাদের হাতুড়ের হাতে ফেলে দেবেন না, এই আমার অনুরোধ। তাছাড়া স্যার, যারা শহরে থাকে যে লোক তিন হাজার টাকা মাইনে পায় তারাও এক টাকা ষাট দরে চাল কিনবে আর যারা গরিব জনসাধারণ দশ পুরুষ ধরে গ্রামে আছে তারও একই দরে চাল কিনবে, এটা ঠিক নয়। সব থেকে দুঃখের কথা আজকে তাদের রেশনকার্ড হয় না। আজকে খাদ্য দপ্তরের মন্ত্রী মহাশয়ের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে তাদের রেশন কার্ড দেবার ব্যবস্থা করুন, এই অব্যবস্থা এই অন্যায় বেশি দিন যেন না চলে। আমরা ব্রিজের ব্যাপারে দেখছি যে নর্থ বেঙ্গল নতুন নতুন ব্রিজ হচ্ছে। আমাদের বীরভূম জেলাতেও তিনটি নতুন ব্রিজ হয়েছে এবং তার সঙ্গে সঙ্গে পুরানো ব্রিজও চলছে কিন্তু কলকাতায় কি দেখছি, এখানে বড় লোক গাড়ি চালায় তাই ব্রিজের টাকা উঠে গেল ট্যাক্স উঠে যায়। আমাদের ময়ূরাক্ষীরও টাকা উঠে গিয়েছে কিন্তু ট্যাক্স উঠেনি। এই বিমাতৃসুলভ মনোভাব কেন সেটা আমাদের জানাবেন। আমরা দেখছি যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ গিয়েছে। সত্য কথা কিন্তু আজকে শহরে বিদ্যুতের রেট কম, পাড়াগাঁয়ে বিদ্যুতের রেট বেশি। আমরা বড় বড় কথা বলি যে গ্রামে শিল্প বাণিজ্য নিয়ে যেতে হবে, শিল্প করতে হবে। তাহলে সেখানে কি তার হাওয়ায় হবে? গ্রামে বিদ্যুতের রেট বেশি কেন? কারণ যেহেতু গ্রামের লোকে এবং অধিকাংশ এম এল এরা হাত তোলে, আর শহরে পরিকল্পনা করেন শহরের অধিকাংশ মন্ত্রীরা আজ যদি গ্রামের কথা চিন্তা করা হয় তাহলে সেখানে শহরের রেট কেন কম ধরা হবে। গ্রামে গরিব মানুষ থাকে, না শহরে গরিব মানুষ থাকে? তাই বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলার উন্নতি যদি না হয় তাহলে বাংলাদেশ বাঁচবে না, যদি বাংলাদেশকে বাঁচাতে হয় তাহলে গ্রামের দিকে নজর দিতে হবে। ইন্ডাস্ট্রির ব্যাপারে তার কাছ থেকে জবাব চাই। আমাদের জেলায় মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠিত হয়েছে। সেখানে ২০ হাজার লোকের কর্মসংস্থানের সুযোগ ছিল বা রয়েছে। কিন্তু মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন

বলব যে এখানে ৬ মাইল, কি ৮ মাইল রাস্তা করার প্রয়োজন হবে। সেই রাস্তা করতে হলে গভর্নমেন্টকে ১০ হাজার টাকা ব্যয় করতে হবে কিন্তু রোডস ডিপার্টমেন্ট বলছে যে এর দায়িত্ব আমার নয় ইলেকট্রিসিটির টাকা জমা দেওয়া সত্ত্বেও ইলেক্ট্রিসিটি দেওয়া হল না ফলে শত শত গরিব ছেলেরা কো-অপারেটিভ করে মেশিন কিনে বসে আছে, মেশিন চালাতে পারছে না। এখানে কোনও ডিপার্টমেন্টের সঙ্গে কোনও ডিপার্টমেন্টের যোগাযোগ নেই। এখানে সামগ্রিকভাবে যদি স্কীমটাকে চালু না করা হয় তাহলে বাংলাদেশের উন্নতি হবে কি করে। আমরা দেখছি যে পাকুড় থেকে পাথর বিহারি লোকরা নিয়ে এসে এখানে বিক্রি করছে অথচ আমাদের পশ্চিমবঙ্গের লোক এমপ্লয়মেন্ট পাচ্ছে না। পশ্চিমবঙ্গে এর ব্যবস্থা করলে আমাদের অনেক টাকা বাঁচতো কিন্তু সেদিকে দেখা হচ্ছে না। স্পিকার মহাশয়, আমরা দেখছি যে পশ্চিমবঙ্গে বহু জায়গায় মিনারেল আছে। উত্তরবঙ্গে বহু ডলোমাইট বেরিয়েছে কিন্তু সেই ডলোমাইট আমরা কাজে লাগাতে পারছি না। কারণ মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনকে ফরেস্ট ডিপার্টমেন্ট বাধা দিচ্ছে। ফরেস্ট ডিপার্টমেন্ট তাদের ১০০ একর জমি ছেড়ে দিলে তাদের কতটুকু ক্ষতি হবে? এখানে তারা ভাবছে যে আমাদের ক্ষমতা বেশি, মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন ভাবছে যে আমাদের ক্ষমতা বেশি তাদের এই ক্ষমতার যুক্তি পশ্চিমবঙ্গের রাস্তায় বসিয়ে দেবার চেষ্টা করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গুরুত্বপূর্ণ জিনিসের যদি ঠিকভাবে ব্যবস্থা না করেন তাহলে মুখে যতই বেকারদের কাজ দেবার কথা বলুন না কেন তাদের কাজ দিতে পারবেন না। আজকে এই মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনকে তৈরি করবার জন্য বিধানসভায় আমরাই যুক্তি দিয়েছিলাম কিন্তু এই ক্ষমতায় লড়াই-এর জন্য কোনও কাজ হওয়ার উপায় নেই। আজকে বেকারদের মধ্যে যে হাতাশা দেখা দিয়েছে তা দূর করবার চেষ্টা করুন তাদের হাতে কাজ দিয়ে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

শ্রী গিরিজাভূষণ মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এই যে বাজেট বই দিয়েছেন তা পড়েছি। আমার মনে ১৯৭২-৭৩ সালের বই পড়লেও এই জিনিসই হবে, ফিগারস কিছু পাল্টে দিয়েছেন, ১৯৭২-৭৩ সালে যা লেখা আছে ১৯৭৫-৭৬ সালেও ঠিক তাই আছে। তফাৎ কিছু নেই। ফিগারস কিছু বাড়বে, টাকার গ্রান্টের ফিগারস কিছু বাড়বে, বেকারের সংখ্যা কিছু বাড়বে, পশ্চিমবাংলার জমির আয়তন কিন্তু বাড়াতে পারেন নি। সেটা ঠিকই আছে। আরও কিছু কথা বলেছেন, বাজেটের যে দৃষ্টিভঙ্গি থাকে। কি হওয়া উচিত, আগামী বছর, এটা প্ল্যান্ড ডেভেলপমেন্ট, সেই জিনিস বইয়ের মধ্যে নেই। কিসে কত খরচ হবে, গতবারে খরচ হয়েছিল আগামী বছরে কি হবে সেগুলির হিসাবটা দিতে হয়। টাকা যেহেতু বেশি আছে সেগুলি দেওয়ার জন্য একটু গর্ববোধ আছে। আমি বলছি গর্ব বাস্তববোধের পরিচয় নয়। গত বছর ২৭ লক্ষ টাকার সারপ্লাস বাজেট ছিল, কতগুলি ডিপ টিউবওয়েল এনারজাইজ হয়নি? কেন হয়নি? কিছু টিউবওয়েলের পাইপের অর্ডার হয়নি, সিংকিং রিংসিং হয়নি, কেন হয়নি? তার জন্য কি কো-রিলেশন আছে? এ জিনিসটা নাই। কো-রিলেশন বিটুইন দি ডিপার্টমেন্টস নাই। একটা ডিপার্টমেন্ট হেড বললে এতগুলি রাস্তার দরকার, এতে টাকার দরকার, আর একটা ডিপার্টমেন্ট বললে এতে লাইট পোস্ট দরকার,

এতে ইলেক্ট্রিফিকেশন দরকার, একটার সঙ্গে আর একটা ডিপার্টমেন্টের কো-রিলেশন নাই। একটার সঙ্গে আর একটার সম্পর্ক থাকা দরকার। নইলে প্ল্যান্ড ইকনমি হয়না। আমি বলছি টাকা অনেক খরচ করছেন কিন্তু ডিজায়ারড রিজাল্ট পাচ্ছে না। কেন হচ্ছে না? সেটা এর ভিতর আরও ভাল করে সন্ধান করে দেখতে হবে। একটা জিনিসের অভাবে আর একটা জিনিসের কাজ আটকে যাচ্ছে। এখনও যাচ্ছে। সেটা যাতে না হয় তার কোনও ব্যবস্থা নাই। এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট দরকার, সেই এগ্রিকালচারাল ডেভেলপমেন্টের জন্য আয়রন ফাউন্ড্রি স্পান পাইপ ফাউন্ড্রি এই সমস্ত যা প্রয়োজন সেই যে চিন্তাধারা তা বাজেটের মধ্যে নাই, তার কোনও প্রকাশ আজকে নাই। যার ফলে ডেভেলপমেন্ট হচ্ছে কি রকম? আবোল তাবোলে যেমন আছে—খাচ্ছে কিন্তু গিলছে না, তেমনি এখানেও বলা যায় ডেভেলপমেন্ট হচ্ছে, কিন্তু ডেভেলপমেন্ট হচ্ছে না।

আপনারা সকলে এ সম্বন্ধে ভাবুন। আমাকে যুক্তি দিয়ে তর্ক করে আমার কথা খন্ডন করে আমাকে হারিয়ে দেবার জন্য বলছি না। ভাবুন এই যে কো-রিলেশন, ইন্টার রিলেশন বিটুইন দি ডিপার্টমেন্টস কেন মেইন্টেইন্ড হচ্ছে না। এই জিনিস না হবার ফলে সমস্ত জিনিস একটা কেয়টিক অবস্থায় সৃষ্টি হচ্ছে। সেদিক থেকে আমি সমস্ত বাজেটের বিরোধিতা করছি। যদিও এতে অনেক ভাল ভাল কথা আছে। ছাড় দেবার কথা আছে, ১১ কোটি টাকা ছাড় দিচ্ছেন দিয়ে তিন কোটি টাকার সারপ্লাস দেখাচ্ছেন। কিন্তু যে সরকারি কর্মচারিদের দিয়ে কাজ করাচ্ছেন যাদের দিয়ে ৮০ কোটি টাকা ট্যাক্স আদায়, ৪/৫ গুণ বেশি, এটা কি বেশি দিন আদায় হবে? এমার্জেন্সিতে অ্যাটেনড্যান্স ইমপ্রুভ করেছে কিন্তু এফিসিয়েন্সি ইমপ্রুভ করেছে কি? প্রোডাকটিভিটি ইমপ্রুভ করেছে কি? যদি সরকারি কর্মচারিরা ভাবে ব্যাঙ্কের কর্মচারিরা আমাদের চেয়ে বেশি পায়, আই আই সি তে আমাদের চেয়ে বেশি পায়, মার্চেন্ট অফিসতো আমাদের চেয়ে বাপের আমল থেকেই বেশি পায়, শুধু তাই নয় ওয়েস্ট বেঙ্গল আন্ডারটেকিং-এ কর্পোরেশনেও পর্যন্ত আমাদের থেকে বেশি পায়।

(**ডাঃ জয়নাল আবেদিন ঃ** কখনও না।)

আপনাদের সি এ ডি পি ইঞ্জিনিয়ার এস এ ই পোস্টের জন্য অ্যাডভার্টাইজ করেছে ১৫০ টাকা মাইনে বেশি দিয়ে এবং আপনাদের যে২১/২২টি আন্ডারটেকিং কর্পোরেশন আছে তাতেও আপনাদের সরকারি কর্মচারিদের চেয়ে বেশি মাইনে পায় এবং এটা যদি তারা ভাবে তাহলে কি এফিসিয়েন্সি ইমপ্রুভ করবে? না করতে পারে না। সেজন্য এফিসিয়েন্ট ইন প্রোডাকটিভিটি ইমপ্রুভ করছে না। যা ইমপ্রুভ করেছে শুধু এটেনডেন্স ইমপ্রুভ করেছে। কিন্তু এটেনডেন্টই সব কিছু নয়, সামান্য প্রোডাকটিভিটি ও কি ইমপ্রুভ করেছে? চিঠির জবাব কি সময়মতো দিতে পারেন না আপনারা সময়মতো পান? আপনাদের নিজেদের যন্ত্রে যদি এফিসিয়েন্সি এবং প্রোডাকটিভিটি না বাড়াতে পারেন তাহলে অন্য জায়গায় প্রোডাকটিভি এবং এফিসিয়েন্সি কি ইমপ্রুভ করবে? কি করে করাবেন? এই জিনিসটা যা দেখছি তাতে সত্যিকারের আমরা অন্ধকার গলিতে এসে পৌঁছে যাচ্ছি উই আর প্রসিডিং ইন এ ব্লাইন্ড লেন। এখানে থেকে আপনারা বেরুতে পারবেন না যতই কালেকশন বেশি এবং সারপ্লাস বাজেট হোক যদি না সমস্ত দৃষ্টিভঙ্গির পরিবর্তন করেন এবং দৃষ্টিভঙ্গি পরিবর্তন করে এগুতে আরম্ভ না

করেন। ১৯৭২-৭৩ সালে চটকলের মালিকদের তখন চিফ মিনিস্টার বলেছিলেন তাদের এত দিতে হবে। না দিলে আই উইল অ্যাপ্লাই ডি আই আর কিন্তু আজকে সেই রকম কিছু করা হচ্ছে না, সেই রকম মনোভাবের প্রকাশ দেখতে পাচ্ছি না, তার ফলে আমরা কি দেখছি, স্মল ইন্ডাস্ট্রি'তে অ্যাপয়েন্টমেন্ট হয়েছে ১৪ হাজার কিন্তু ছাঁটাই হয়েছে কত? আগামী কয়েকদিনের মধ্যে যে ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে—সে হচ্ছে ন্যাশনাল রবার—৬ পারসেন্ট নিজের টাকা। ঘরের টাকা—পাবলিকের টাকা। তারা এখন কারখানা বন্ধ করে দিয়েছে। তারা মাইনে দেবে কি করে? দু মাসের নোটিশ দিয়েছে—৪ হাজার শ্রমিক বেকার হয়ে আপনাদের ঘাড়ে চাপবে। একটা কারখানার মালিক—আপনাদের ঢিলেমির জন্য তাদের সুবিধা করে দিচ্ছেন টু মেক দি ইন্ডাস্ট্রি সিক মালিক সব চুষে খেয়ে ইন্ডাস্ট্রি সিক করে দিচ্ছে দে আর প্রিপেয়ার্ড টু মেক দি ইন্ডাস্ট্রি সিক। আপনারা তা টেক ওভার করে চালাতে পারবেন কি, পারবেন না— তা তাদের চিন্তা নয়। অফেনসিভ ছোট বড় মালিকরা নিতে পারেন। চটকলের মালিকরা ট্রিমেন্ডাসভাবে ব্লক ক্লোজার করে দেবে—আর আপনারা তা অ্যালাউ করবেন? ভাল চলছে—অর্থাৎ বাই হুক অর বাই ক্রুক মালিক সে কারখানা বন্ধ করে রাখছে। আপনারা কিছু করতে পারছেন না। ৫/৬টি কারখানা এই রকম বন্ধ লক-আউট ক্লোজার ঘোষণা করেছে। তেমন কোনও ট্রানজিবল রিজন নাই। আমরা যা বলব তা শুনতে হবে— না শুনলে আমরা কারখানা বন্ধ করে দেব—ওয়েলিংটনে তাই হয়েছে টিটাগড়ে তাই হয়েছে, কামারহাটিতে ও তাই, প্রেমচাঁদে ও তাই। আমরা জোড়া মেশিন চালাবো, তোমাকে চালাতে হবে। না চালাও তো কারখানা বন্ধ করে দেব। এরা দেবে কি বন্ধ করে দিয়েছে। আগেও দিয়েছে এখনও দিচ্ছে—দুটো কারখানা বন্ধ রয়েছে। তারা বলছেন জুট শর্টেজ আমরা চালাতে পারি না। এই সম্পূর্ণ মিথ্যা কথা জুট শর্টেজ। যে জুট আছে তাতে পুরাপুরি এক বছর চলতে পারে আই সি আই দিয়েছে—মান্থলি কনজাম্পশন ৬ লক্ষ ৩৫ হাজার বেল। এই ভাবে চললে ২৫ লক্ষ বেল পাট বছরের শেষে পড়ে থাকে। তাহলে আর পাটের দাম বাড়ে না। কিন্তু পুরো চালালে বছরের শেষে ৪ লক্ষ বেল থাকবে। তাহলে আর সস্তাদামে চাষী পাট বেচবে না। ২৫ লক্ষ বেল পাট ধরে রাখবার জন্য বলছে আমরা তিন মাস ব্লক ক্লোজার করব। যেকোনও ভাবে সেই কাজ তারা করিয়ে দেবে। আজকের চারিদিকে শিল্পের যে অবস্থা—এই অবস্থা কি একটা দেশের ইকনমিক গ্রোথ এর পরিচায়ক? ইকনমিক গ্রোথ যদি হয়, তাহলে মালিক এই আফেনসিভ নিতে সাহস পায়? তা পায় না। কোনও এক বছর ফসল বেশি হলে আমরা বুঝলাম—ইকনমিক গ্রোথ হয়েছে। আমাদের ইকনমিক গ্রোথ এর কি কোনও স্টেবিলিটি আছে? কেন স্টেবিলিটি নাই? এই সেল্ফ রিলায়েন্ট ইকনমিতে তারা যে ইনভেস্টমেন্ট করছে, সেখান থেকে নতুন টাকা আসছে এবং সেই টাকা রোল করে পশ্চিমবাংলার ইকনমি ইমপ্রুভ করছে কি? তা করছে না। প্রতি বছর বাইরে থেকে টাকা আনতে হচ্ছে—টাকা এনে দিচ্ছে। এখানে যে ইকনমিক গ্রোথ এগ্রিকালচারাল ইমপ্রুভমেন্ট তা খুবই সাময়িক। এই ইকনমিক গ্রোথ এর কোনও স্টেবিলিটি নাই বলেই মালিকরা অফেনসিভ নিতে সাহস পাচ্ছে। তারা ডিকটেট করছে যে ভাবে, সেই ভাবে গভর্নমেন্ট ও চলছে—তারা তাদের ইচ্ছামতো কারখানা পরিচালনা করতে সাহস পাচ্ছে। আজকে জুট মিল বন্ধ আরও বন্ধ হবে। এক মাসের মধ্যে ন্যাশনাল রবার কারখানা বন্ধ হচ্ছে। আরও অনেকগুলো ছোট ছোট কারখানা—নাম করতে পারি—সেগুলি বন্ধ আছে। ন্যাশনাল টোবাকো কারখানা বন্ধ।

এই যে পর পর কারখানা বন্ধ হয়ে রয়েছে—এর প্রায় ১ লক্ষ শ্রমিক আজ বেকার। ১৪ হাজার শ্রমিক স্মল ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়েছে। এটা খুব ভাল করে আমরা উল্লেখ করছি। কিন্তু আর একটা দিকে একটা গ্লমি ছবি ফুটে উঠছে—বিশেষক্ষেত্রে—সেটা হল আমাদের অর্থনীতির আর একটা দিক সেদিক থেকে আমি বলতে পারি— যে আমাদের এই যে বাজেট এই বাজেটের মধ্যে কোনও প্ল্যানিং নাই। এই বাজেট শুধু কতকগুলো অঙ্কের সমষ্টি। এই বাজেট হচ্ছে কতকগুলো ডিপার্টমেন্টাল হেডের যে বক্তব্য সেই বক্তব্যের যে ফিগার যে অঙ্ক বেরিয়ে আসছে তারই সমষ্টি। সুতরাং এই বাজেটকে সত্যিকারের মন থেকে অপোজ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

শ্রী অনন্ত ভারতী : মিঃ স্পিকার মহোদয়, আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী শঙ্কর ঘোষ ১৯৭৬-৭৭ সালের যে বাজেট পেশ করেছেন এই সভায় সেই বাজেটকে আমি সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই জনাই যে বাজেটে কিছুটা আশার ইঙ্গিত আছে। আমরা জানি যে আমাদের দেশে প্রচুর অভাব আছে, বেকার আছে। অনেক বন্ধু সদস্যর বক্তব্য অনেকক্ষণ ধরে শুনছিলাম—বহু অভিযোগ, বহু অনুযোগ। আমার জনৈক বন্ধু বললেন এখনও আমাদের পি এল ৪৮০ আনতে হচ্ছে আজকে দেশে খাদ্য বেশি হওয়ার সত্ত্বেও দেশের মানুষের খাদ্যের সংস্থান হচ্ছে না, তাহলে পি এল ৪৮০ না এনে উপায় কি। এটা না হলে দেশে অনাহারে, অর্ধাহারে লোকে মরবে, বিপ্লব শুরু হয়ে যাবে। তাহলে কোনও দিন সমস্যার সমাধান হবে না। আমার আর একজন বন্ধু কলকাতা শহর সম্বন্ধে বিষোদ্গার করে গেলেন। তার বাড়ি গ্রামে হলেও তার বিজনেস এখানে আছে, তার অফিসও এখানে আছে। জানি না এখনও তিনি গ্রামে বাস করেন কিনা। তবুও অভিযোগ অনুযোগের মধ্যে এই বাজেটে আশার আলো আছে। যেমন পার্বত্য অঞ্চলের উন্নয়নের জন্য সংস্থা গঠন করা। সুন্দরবন এলাকার উন্নয়নের জন্য সংস্থা গঠন। তবে যদি কেউ মনে করে থাকেন আলাদিনের প্রদীপের মতো ম্যাজিক সব রাতারাতি পরিবর্তন হয়ে যাবে তা নিশ্চয় সম্ভব নয়। সময় দরকার। আমাদের দেশে লোক যেভাবে বেড়ে যাচ্ছে, যেভাবে খাদ্যের সঙ্কুলান করতে হচ্ছে তা নিশ্চয় চিন্তা করে দেখতে হবে। আজকে যদি আমরা একথা না বিবেচনা করি তাহলে কি করে হবে? আজকে আমরা কৃষিক্ষেত্রে ইনটেনসিভ দেবার চেষ্টা করছি অথচ পাটক্ষেত্র দেখুন কিভাবে পাটচাষী মার খাচ্ছে। গত বছরে যে পাট হয়েছে এই বছর তা হয়েছে কিনা সন্দেহ। গম খুব ভাল হয়েছে সেজন্য আমরা গর্ব করছি এবং বলছি পাঞ্জাব, হরিয়ানা মতো হয়েছে। অথচ এইবারে গমচাষীরা মার খাচ্ছে। ৮০ টাকা কুইন্টাল বিক্রি হচ্ছে এমন অবস্থা এসে দাঁড়িয়েছে। সমালোচনা করি, কিন্তু যদি সবাই মিলে ফয়সালা না করার চেষ্টা করি তাহলে দিনের পর দিন অভিযোগ অনুযোগ বেড়ে চলবে। স্কুলের কথা বলছিলাম। শঙ্করবাবু যখন প্রথম বাজেট পেশ করেছিলেন সত্যিই আনন্দিত হয়েছিলাম। কিন্তু প্রশ্নোত্তরের সময়ে তিনজন মন্ত্রী মহাশয় যে জবাব দিচ্ছিলেন তাতে হতাশ হয়েছিল হতাশ হয়েছি এই কারণে যে ১৯৫২ সাল ভূমি সংস্কার আইন করেছেন। এমন কোনও অ্যাসেম্বলি নেই ১৯৫২ সাল থেকে যখন অ্যামেন্ডমেন্ট না করেছেন। কিন্তু বুকে হাত দিয়ে বলুন তো ভূমি সংস্কারের সমাধান করতে পেরেছিল কি? (**ডাঃ জয়নাল আবেদিন : ভূমি ব্যাপারে আমি বুঝি, আপনি কি বুঝবেন?**)

আমি যেটুকু সামান্য বুঝি তাই থেকেই বলছি। তারপর শিক্ষামন্ত্রী মহাশয় জবাব দিলেন তাদের আবেদনপত্র পাঠাবার জন্য, শিক্ষকদের অপশন পাঠাবার জন্য সুন্দর করে বলে দিলেন ডি ও পাঠিয়ে দিয়েছেন। এই উত্তর তিনি দিলেন। কিন্তু ডি ও আর ফাইল হলে বাজেটের অবস্থাও সেই হবে। মানুষের ভাল করবার জন্য এমন ডিপার্টমেন্ট নেই যা আপনারা করেন নি। স্বাস্থ্য দপ্তরে অনেক সীট আপনারা বাড়িয়েছেন, অনেক সাব-সিডিয়ারি হেলথ সেন্টার হয়েছে।

আজকে পশ্চিমবাংলায় ডাক্তারের অভাব, হাসপাতালে ডাক্তার নেই। যেখানে একটা মেডিক্যাল স্টুডেন্টকে পড়াতে সরকারের প্রায় ১ লক্ষ টাকা খরচ হয় সেখানে সেই ছেলে পাশ করে বাইরে চলে যাবে আর দেশের মানুষ চিকিৎসা পাবে না? এই কি ব্যবস্থা আজব আমাদের দেশ। আজকে শুধু একটা আইন করে তাকে যদি রাইটার্স বিল্ডিংসে বস্তাবন্দি করে রেখে দেওয়া হয় তাহলে পশ্চিমবাংলার মানুষের কোনও দিন উপকার হবে এ আমি বিশ্বাস করি না। একজন মন্ত্রী মহাশয় এই শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে আইন করবেন আর সেক্রেটারিরা এসে তাকে স্যার স্যার, করবেন হুজুর বলবেন আর ইলেকশনের সময় বলবেন আমি এই করেছি ঐ করেছি তাই করেছি তাহলে কি সাধারণ মানুষের তাতে কাজ হবে? ইমপ্লিমেন্টিং অথরিটি যদি সজাগ না হন তাহলে কোনও দিন কোনও আইন কার্যকর হবে না। একটা ডিপার্টমেন্টের সঙ্গে আর একটা ডিপার্টমেন্টের যদি কো-অপারেশন না থাকে তাহলে কি করে কাজ চলতে পারে? আপনি শুনলে অবাক হবেন আমি একবার একটা কমিটিকে নিয়ে সুন্দরবনে গিয়েছিলাম। যখন সেখানে উপর থেকে নামলাম তখন সেখানে দেখলাম কিছু চৌকিদার ও মাটিকাটা লোক রয়েছে। আমরা তাদের জিজ্ঞাসা করলাম—তোমাদের সাহেব কোথায়? তারা বলল এই একটু আগে বাইরে গেছেন। আমরা তার অফিসে গেলাম, কোয়ার্টারে গেলাম। কোয়ার্টারে গিয়ে দেখলাম সাহেব একটু আগে নয় তিন মাস চার মাস থেকে ১ বছর বাইরে গেছেন। টেবিলে ২ ইঞ্চি ধুলো। এই হচ্ছে অবস্থা। সেখানে নারিকেলের চাষের ব্যবস্থা হচ্ছে—কোথায় নারিকেল গাছ, কোথায় কি তা কিছুই দেখতে পেলাম না সব পোকায় খেয়ে গিয়েছে। একবার পুরুলিয়ায় গিয়েছিলাম। শুনেছিলাম সেখানে নাকি সিমেন্টের কারখানা হবে। স্যার, আপনি আমাকে ক্ষমা করবেন, সেখানে কিছুই তার দেখতে পেলাম না। মন্ত্রী মহাশয় বললেন ভাল করে রিপোর্ট দেবেন। এই দেখে কি করে রিপোর্ট ভাল করে দিই। এখানে শুনছি লোহার কারখানা হবে ওখানে সিমেন্টের কারখানা হবে কিন্তু আমরা গিয়ে কিছুই দেখতে পাচ্ছি না। মন্ত্রী মহাশয় যে বলেন ভাল করে রিপোর্ট দেবার জন্য—তা আমি তাহলে আমাদের আর গিয়ে লাভ কি? আমি জয়নাল সাহেবকে বলি উইথ ডিউ রেসপেক্ট টু হিম—তার তো অনেক পাবলিক আন্ডারটেকিংস আছে। তিনি তো বললেন অমুক করেছেন তমুক করেছেন। আজকে যেসব কারখানায় লোকসান হচ্ছে সেখান ৮.৬৭ দিচ্ছেন ১০ পারসেন্ট দিচ্ছেন। আর যেখানে লাভ হচ্ছে সেখানে ১০ পারসেন্ট দিচ্ছেন আর তার থেকে এক্সগ্রাসিয়া ১.৩৩ রেখে দিচ্ছেন। তাহলে শ্রমিকরা ইমপেটাস পাবে কি করে? আই হ্যাব নাথিং টু সে। মাননীয় জয়নাল সাহেবের আমার থেকে অভিজ্ঞতা আছে তিনি নিশ্চয় ভাল করে বুঝতে পারছেন কি ব্যাপারে আমি বলছি এবং কোনও সময়ের কথা বলছি এ সম্বন্ধে ওনাকে বলাও হয়েছে। যা হোক বহুভাবে অভিযোগ রয়েছে বেকারের দেশ ভরে গেছে। তার

মধ্যে যেটুকু সুষ্ঠ বাজেট সম্ভব করা হয়েছে বলে আমি মনে করি তার শঙ্করবাবুকে ধন্যবাদ জানিয়ে এই বাজেটকে অভিনন্দিত করে বক্তব্য শেষ করছি।

श्री सत्य नारायण सिं : माननीय अध्यक्ष महोदय, माननीय वित्त मंत्री ने जो वजट सदन के सम्मुख उपस्थित किया है, मै उसका हृदय से समर्थन करता हूं। आज सारे देश मे आपत-कालीन स्थिति चालु है। उसका सुफल भी और-और प्रान्तो मे हुया है और हो भी रहा है किन्तु पशिचम बंगाल मे अभी तक कुछभी नही हुआ है। वड़े २ मिल-मालिक, धनी लोग इसकी खिल्ली उड़ा रहे है।

सेन्टर गवर्नमेन्ट और स्टेट गवर्नमेन्टने वडी-वड़ी कानुने वनाई है श्रमिको और गरीवो की रक्षा करने की वाते कही है। यह काम तो अच्छा ही हो रहा है। मगर एक तरफ कानुन वन रहा है, मजदुरो और श्रमिको की भलाई के लिए और दुसरी तरफ किस तरीके से श्रमिक को कल-कारखाने से निकाले जा रहा है जो भयानक स्थिति चल रही है उसका उदाहरण खोजने पर भी मेरे पास नहीं है।

मैं वेरकपुर सव-डिविजन मे आया हुं। उस सव-डिविजन मे वहुत से कल-कारखाने और जटकल मिले है। उनमे कभी कोई भी कानुन-वानुन नही है। पी० एस० और ई० एस० का पैसा कम्पनी भार लेती है। उसका कोई हिसाव-किताव नही देती है जव कभी मजदुर माँग करता है, तो कम्पनी कल-कारखाने को वन्द कर देने की धमकी देती है। किसी भी समय मे १०-१० वर्षो से काम करने वाले मजदुर को काम से निकाल देती है। शिकायत करनेपर इसकी कही भी सुनवाई नही होती है। वड़े-वड़े कागजो मे आये दिन निकलता रहता है कि मजदुरो की छटाई-के साथ सव वन्द होगया। कोई भी मालिक किसी मजदुरको काम से निकाला नही सकता है। किन्तु यह कागज की वात कागज मे ही रहजाती है। साम को श्रमिक काम पर से घर लौटता है और सुवह जव काम पर जाता है तो देखता है कि कम्पानी के ताला वन्द है। जव वह पुछता है कि भाई ताला कैसे वन्द हुआ? तो जवाव मिलता है कि ६ हजार के वदले चार हजार आदमी काम करेंगे। चार हजार मजदुर जव काम करेंगे, तभी करखाना चलायेगें, नही तो नही चलायेंगे। आपत-कालीन स्थिति के पहले एसा कभी भी नही हुआथा और आज आपत-कालीन स्थिति को चालु किया गया था, गरीव-श्रमिक-मजदुरो की भलाई करने के लिए। उनकी हेतीय स्थिति को सुधारने के लिए मगर आज देखने को मिलता है कि उसका फल उल्टा ही हो रहा है। ६ दिन के वदले सात दिन कारखानो को चलाने की वाद मालिक करता है। पुछने पर कहता है कि मजदुर वेकार कैसे होगे? ६ आदमी के वदले एक आदमी और लगेगा। जहाँ,

६ हजार मजदुर काम कर परलगते थे आव सात हजार लगेंगे। किन्तु हलत कया है ६ दिन के वदले सात दिन चलाने पर भी एक मजदुर नहीं वढ़ाया जता है, उल्टे कुछ मजदुरों की छँटाई कर दी जाती है। इसकी सुनवाई लेवर कमिशनर और लेवर सिक्रटेरी के पास भी नही है। इसकी शिकायत करने पर कम्पनी गवर्नमेन्ट को चेलेञ्ज करती है। जहा ६ हजार आदमी काम करते थे वहाँ चार हजार हो गए और चार हजार होने के वाद कारखाना वन्द होता जा रहा है। मजदुरो का पे नही वढ़ता है। शिकायत करने पर कम्पनी कहती है कि गवर्नमेन्ट कारखानो को ले ले, हम नही चला सकते हैं। कम्पनी गवर्नमेन्ट को सीधा धमकी देती है। सरकार गरीवी की भलाई के लिए कानुन वनानी है, कागजो मे प्रचार करती है, मगर उससे यहाँ के लोगों की भलाई कुछ भी नही है रही है। और प्रान्तो मे इसका सच्छा फल मिल रहा है। गरीव जनता २०-३० वर्षों से काम करती चली आ रही है और आपने वाल-वाच्चो को रोटी-कापड़ा देती है और उनको पालती है। पर अव उससे भी वंचित हो रही है।

सरकार ने एक सुनहला चान्स दिया। गरीवों की सुनवाई होगी, उनको काम मिलेगा, भर पेट खाने को मिलेगा, वड़े लोग उनकी मदद करेगें गरीवी का देश से उन्मुलन हो जायगा। अमीर-गरीव सभी लोग कन्धे से कन्धा मिलाकर चलेगें। मगर आज आप श्रमिक इलाके में जाँय और किसी भी श्रमिकने पुछे दो देखेंगे कि कोई भी श्रमिक खुशहाल नहीं है।

नौकरी नही है-वोनस नहीं है। पहले ८ परसेन्ट की वात कही गई, वह नही मिला फिर चार परसेन्ट की वात आई। वहसी आज तक नही दिया गंया। चटकल मिलो के काज वन्द वह चार परसेन्ट भी नही दिया गया। चार परसेन्ट को कौन कहे मगर गवर्नमेन्ट २ परसेन्ट होने को कटे तो वह भी नही देंगे। आज यह अनस्था कल-कारखानों के मालिकों की होगई है।

अगर कोई मजदुर काम करते २ रीजाइन करता है और अपने पेसे की माँग करता है तो वह एक वर्ष - २ वर्ष - ३ वर्ष वैठकर जितना पेसा पाना है उतने से अधिक को तो रखा जाता है। फिरभी उसका पावना पेसा कम्पनी नही देती है। यहाँ तक कि वह मरभी जाता है। उसके वाद वह जिसको नामिनी वना कर जाता है, उसको भी नहीं मिलता है। श्रमिक मर गया, उसका नामिनी मरगया और पेसा उसको नही मिला। कम्पनी कहती है कि मेरे पास पैसा नही है। कम्पनी जिन लोगों

की छटाई कर देती है, माँगने पर उनका भी पैसा नही देती है। उनको काम भी नही देती है, उनका पेसाभी नही देती है। वड़े ताज्जुव की वात है कि जवान जो काम करने के लयक है, उसको भी काम नहीं देंगे, वुड्ढों को भी काम नहीं देंगे, उनको जाने भी नही देंगे, उनके भी एक - ई० एस० आई० का पेसा भी नही देंगे तो आखिर करना कया चाहते है। आज वड़े-वड़े लोग भिमा में देदिए जाते हैं, तो मैं तो कहूँगा कि इनको भी भीसा में देदिजिए। ये लोग दिन दहाड़े ब्लैक मारकेटिंग कर रहे है - मजदुरो को मार रहे है, मगर इनमे आज कोई पुछनेवाला नही है।

मैं कभी विधान मे लोटकर जाउंगा तो शाम को सुनने को मिलेगा कि अमुक चटकल वन्द होगया। कम्पनी केवल घाटे की ही वात हमेशा करती रहती है। इस घाटे की वात करते-करते-धामकी दे-देकर सरकार से लाखो रुपये की छुट कम्पनी ने लेली है। इसके वावजुद श्रमिक मजदुर वना हुआ है। कम्पनी गवर्नमेन्ट को सीधा चेलेञ्ज करती है। गवर्नमेन्ट इस चेलेंञ्ज का मुकावला नही करपाती है। गवर्नमेन्ट उनके चेलेञ्ज के सामने मजदुर वन जाती है। गरीवी के काम की कोई गारन्टी नही है। उनका रुपया भी सरकार दिलाने को आसमर्थ है। इसलिए मैं आपने अर्थ मंत्री मे कहूँगा कि कम से कम हमाही गरीव जनता की भलाई करने की दिशायो कदम उठाये। उनकी रोटी-रोजी की व्यवस्था करें। जव मजदुर खुश हाल होगा तो देश भी खुशहाल हैगा। आज देश की उन्नति, देश की सम्वृद्धि श्रमिकों की उन्नति पर ही निर्भर है। उनके वाल वाञ्चों की उन्नति होगी तो देश भी उन्नति के पथ पर अग्रसर होगा।

मैं आपके सामने चन्दन नगर लञ्च दुर्घटना की वात कहना चाहता हुँ। लञ्च एक्सीटेंण्ट होने के वाद वहाँ पर नौका चलाने की व्यवस्था की गई है। मगर उस नौका में १० मसाफिर चढ़ाने के वदले १०० मुमाफिरो को चढ़ाया जाता है। इस कारण से वहाँ पर किसी भी दिन फिर ऐक्सीडेण्ट हो सकता है। मैं सरकार से अनुरोध करुँगा कि वह और इधर ध्यान दें।

आपने इलाके की एक वड़ी सड़क के वारे में कुछ कहना चाहता हूँ। वह वहाँ की मेन सड़क है। उसका नाम जी०टी० रोड है। मगर कोई खाकर जाय तो उसको वोनी हो जायगी। वहाँ पर एक माना ८५ नम्वर वस चालु है। जिस पर लोग लटक-लटक कर चलते हैं। ४-५ गरीव स्टपेज पर चपकर मर गए। मैंने परिवहन मंत्री से इस असुविधा को दुर करने के लिए जव अनुरोध किया तो उन्होंने आश्वासन दिया है कि इसकी व्यवस्था की जायगी। मैं पुनः अनुरोध करता हूँ कि इसकी व्यवस्था

जल्द से जल्द की जानी चाहिए ताकि वहाँ की गरिब जनता को रहत मिल सके और उनकी जान बच सके।

यह बजट तभी सार्थक होगा, जब गरीब जनता की भलाई की ओर विशेष ध्यान दिया जायगा। यही कहकर मैं अपने वित्त-मंत्री द्वारा लाये गए बजट का समर्थन करता हूँ।

[5-00 — 5-10 p.m.]

শ্রী প্রফুল্লচন্দ্র সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আয়-ব্যয়ে উদ্বৃত্ত দেখিয়ে বেশ সন্তোষপ্রকাশ করেছেন। মাননীয় সদস্য অধ্যাপক হরশঙ্কর ভট্টাচার্য সারপ্লাস বাজেট যে একটা দেশের উন্নতির পরিচয় দেয় তা বিশদভাবে পাণ্ডিত্যপূর্ণ ভাষণের মাধ্যমে বুঝিয়ে দিয়েছেন। সাধারণভাবে আমি এইটুকুই বুঝি যে, আমাদের মাননীয় অর্থমন্ত্রী সারপ্লাস বাজেট দেখিয়ে দেখাতে চেয়েছেন যে দেশের অবস্থা সব দিক দিয়েই ভাল এবং বিভিন্ন ক্ষেত্রে আমরা এগিয়ে চলেছি। এটা ঠিক নয়। আমরা বিভিন্ন ক্ষেত্রে এগুচ্ছি না। আমাদের দেশে নিদারুণ মুদ্রাস্ফীতির জন্য জিনিসপত্রের অসম্ভব রকম মূল্যবৃদ্ধি ঘটায় সেলস ট্যাক্স খুব বেশি আদায় হচ্ছে। কিন্তু আজকে সরকার দাবি করেছেন এবং সত্যি ইনফ্লেশনকে রোধ করা যায় কিনা এবং এখন জিরো থেকে কমে গেছে মাইনাস হয়েছে। এটা একদিক থেকে ভাল, আর একদিক থেকে মোটেই ভাল নয়। টাকায় হিসাব দিয়ে, অঙ্ক দেখিয়ে কাজ কতটা হল, কাজের ভলিউম কতটা হল তার পরিচয় পাওয়া যায় না। বিভ্রান্তি সৃষ্টি করে। আমি দু একটা ছোট উদাহরণ দিলে পরে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বুঝতে পারবেন। অনেক টাকা ব্যয় করা হয় বিভিন্ন খাতে কিন্তু যখন খতিয়ে দেখা যায় সেই টাকা খরচ করার দরুন কাজ কতটা হল তখন আমরা দেখতে পাই আগে কম টাকা খরচ করে যত কাজ হয়েছে, এখন তার তুলনায় আড়াই গুণ, তিনগুণ খরচ করেও তার থেকে কম কাজ হয়েছে। আমাদের হাউসিংয়ের কথা ধরুন। মিডিল ইনকাম গ্রুপ হাউসিং হচ্ছে। আমরা দেখেছি ১৯৬৬ সালে ৯১৮টি মিডিল ইনকাম গ্রুপ হাউসিংয়ের বাড়ি তৈরি হয়। ৯১৮টি বাড়িতে খরচ হয় ১৯৬৬ সালে ৫৩ লক্ষ ৭০ হাজার টাকা। আর ১৯৭৪ সালে মাত্র ৩৬৪টি বাড়ি তৈরি হয়েছে মিডিল ইনকাম গ্রুপ হাউসিং স্কীমে। আপনি শুনলে আশ্চর্য হবেন যে ৩৬৪টি বাড়ির জন্য খরচ হয়েছে ৫১ লক্ষ ৮ হাজার টাকা। অর্থাৎ ৯১৮টি বাড়ির জন্য খরচ হল ১৯৬৬ সালে ৫৩ লক্ষ ৭০ হাজার। আর ১৯৭৪ সালে ৩৬৪টি বাড়ির জন্য খরচ হল ৫১ লক্ষ ৮ হাজার টাকা। প্রায় পৌনে তিনগুন। টাকার অঙ্ক দিয়ে বোঝা যায় না। এতে বিভ্রান্তি করা হয়, লোককে ধোঁকা দেওয়া হয়। খবরের কাগজ ছাপার বিরুদ্ধে যদি তার পাল্টা জবাব দেই সেটা বেরুবে না। এটা কি বেরুবে খবরের কাগজে যে ১৯৬৬ সালে ৯১৮টি বাড়ি তৈরি করা হয় তাতে ৫৩ লক্ষ ৭০ হাজার টাকা খরচ হয়েছে। আর ১৯৭৪ সালে মিডিল ইনকাম গ্রুপ স্কীমে ৩৬৪টি বাড়ি তৈরি হয়েছে তাতে খরচ হয়েছে ৫১ লক্ষ ৮ হাজার টাকা? এটা বেরুবেনা এমার্জেন্সি আছে। সত্যি কথা এমার্জেন্সি হয়েছে খবরের কাগজে বেরুবেনা। আর রেডিওর মাধ্যমে, টেলিভিশন এগুলি প্রচার হচ্ছে। কাজে কাজেই লোককে বিভ্রান্ত করা হচ্ছে। আমরা দেখছি রাস্তা তৈরি হচ্ছে

এখন অনেক টাকা বরাদ্দ করা হয়। হিসাব করে দেখেছি যে ১৯৬১ সাল থেকে ১৯৬৬ সাল এই ৫ বছরে রাস্তা তৈরি হয়েছে ২ হাজার ৭২০ কিলোমিটার। প্রায় গড়ে ৫২০ কিলোমিটার। ১৯৭৪ সালে তার থেকে বেশি টাকা খরচ করে রাস্তা তৈরি হয়েছে ৩২০ কিলোমিটার। কাজেই এই রকম ভাবে যদি লোককে ধোঁকা দেওয়া যায় তাহলে এই ধোঁকা বেশি দিন চলতে পারে না। আমাদের অর্থমন্ত্রী বলেছেন জরুরি অবস্থার দরুন অনেকদিক থেকে উন্নতি হয়েছে। কোন দিক থেকে উন্নতি হয়েছে জানি না। আমি হিসাব করে দেখলাম যে এত কান্ডকারখানা ঘটিয়ে, এত আতঙ্ক সৃষ্টিকরে, ভয় দেখিয়েও ম্যানডেজ লস্ট বেড়ে যাচ্ছে। ১৯৬৬ সালে যেখানে ছিল ২৭ লক্ষ ম্যান ডেজ লস্ট, সেখানে ৭৩ সালে দাঁড়াল এক কোটি, ১৯৭৪ সালে দাঁড়ানো এক কোটি ৩০ লক্ষ, কাজেই যুক্তফ্রন্টের কুখ্যাত সরকারকেও ওরা হার মানিয়ে দিয়েছেন। কিন্তু ওরা বলছেন লেবার এমপ্লয়মেন্ট কনডিশন, রিলেশন ভাল হয়েছে, সুন্দর হয়ে গেছে। একটু আগেই শুনলাম একজন মাননীয় সদস্যের ভাষণ থেকে, তিনি বললেন আমাদের শিল্পের ক্ষেত্রে নিয়ম থাকছে না, অনুশাসন থাকছে না। আমাদের বিভিন্ন ক্ষেত্রে শিল্পে উৎপাদন হ্রাস পেয়েছে। আমি আগেই বলেছিলাম, আমাদের পাটশিল্পের শোচনীয় অবস্থার কথা, ইঞ্জিনিয়ারিং শিল্পের অবস্থা অত্যন্ত খারাপ। কাপড় কলগুলো যা আছে, ১৯৬৬ সালে কাপড়ের কলগুলোতে ২১ কোটি মিটার বস্ত্র উৎপাদন হয়েছিল, গত সালে তের কোটি মিটার বস্ত্র উৎপাদন হয়েছে। কাজে কাজেই শুধু অঙ্ক দেখলেই চলবে না, হিসাবও কিছু দেখতে হবে। খরচ করে কাজ কতটা হচ্ছে, কাজের পরিমাণ কত হচ্ছে, সেটা দেখতে হবে। ইনফ্লেশন রোধ করার জন্য জরুরি অবস্থার দোহাই দেওয়া হয়েছে, অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, আমরা ইনফ্লেশন বন্ধ করার জন্য জরুরি অবস্থার সুযোগ নিয়ে অনেক আমরা প্রোকিওরমেন্ট করতে পেরেছি। আমার হাসি পাবে, পুরানো যারা ওখানে আমাদের আছেন, তাদেরও হাসি পাবে, ১৯৬৬ সালে যেখানে আমাদের উৎপাদন হয়েছিল মাত্র ৪৫ লক্ষ টন, সেখানে প্রোকিওরমেন্ট হয়েছিল ৫লক্ষ ৭ হাজার টন। তখন এমার্জেন্সি ছিল না, জরুরি অবস্থা ছিল না। আতঙ্ক ছিল না, ভয় ছিল না, খবরের কাগজ স্বাধীনভাবে তাদের কথা লিখতে পারত, মন্ত্রিসভার সমালোচনা তারা করতে পারত, তীব্র সমালোচনা, সব রকম সমালোচনা করতে পারত, যেটা গণতন্ত্র সম্মত গণতন্ত্র সমস্ত অবস্থায় সমালোচনা সংবাদপত্রের সমালোচনাকে ভয় পেলে চলবে না এবং সেই সমালোচনা বন্ধ করা উচিত নয়।

[5-10 — 5-20 p.m.]

আমি বলেছিলাম যে ১৯৬৬ সালে ৪৫ লক্ষ টন যেখানে হল সেখানে ৫ লক্ষ ৭ হাজার টন প্রোকিওরমেন্ট হয়েছে এটা মনে করুন নির্বাচনের আগে, ১৯৬৭ সালে নির্বাচন হয়েছে, আমি শুনেছি আমাদের মুখ্যমন্ত্রী, তিনি নাকি দিল্লিতে গিয়ে বলেছিলেন, প্রফুল্ল বাবু নির্বাচনে হেরে গেলেন, কারণ তিনি নির্বাচনের আগে খুব বেশি করে খাদ্য শস্য সংগ্রহ করেছেন, লেভি করেছেন, প্রোকিওরমেন্ট করেছেন। আজকে শুনছি, ৭৩ লক্ষ টন ৮০/৯০ লক্ষ টন ধান, গম রবি শস্য তন্ডুল জাতীয় উৎপাদন হবে, কিন্তু টার্গেট কত করা হয়েছে, তিন লক্ষ টন। কত সংগ্রহ করা হয়েছে ২ লক্ষ ৩৫ হাজার টন, না হয় তিন লক্ষ টনই হল, এতে বাহাদুরি করবার কি আছে? এমার্জেন্সিতে কি হল? এই রকম ভাবে লোককে বিভ্রান্ত করার যে অপচেষ্টা হয়েছে, এটা অত্যন্ত খারাপ। আমাদের পশ্চিমবঙ্গ সরকার সংগ্রহ

ভাল করতে পারেনি এবং পশ্চিমবঙ্গ সরকার যা সংগ্রহ করছে তা সম বণ্টন করছে না, বলেছেন অর্থমন্ত্রী তার বিবৃতিতে আমরা খুব বেশি বণ্টনের ব্যবস্থা গ্রহণ করিনি। ১৯৬৬ সালে যেখানে ১০ লক্ষ টন বণ্টনের ব্যবস্থা করা হয়েছিল গ্রামবাসীকে মডিফায়েড রেশনের মাধ্যমে সেখানে এখন ৬ লক্ষ টনও বণ্টন করা হচ্ছে না। কাজে কাজেই এই বাহাদুরি কেন নিচ্ছেন? এমার্জেন্সিতে কি লাভ হয়েছে? আমাদের পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদন ভাল হচ্ছে না, আপনি শুনলে আশ্চর্য হবেন, ১৯৬১-৬২ সালে যেখানে ২ হাজার ৯৯৩ কিলো ওয়াট আওয়ার ছিল সেখানে ১৯৬৬ সালে গিয়ে দাঁড়ালো ৪ হাজার ৩৮৩। ১৯৬১ সালে ২ হাজার ২৯৩, আর ১৯৬৬ সালে ৪,৩৮০, আর এখন কত? ১৯৬৬ সালের পর ৯ বছর চলে গেছে, এখন ৪৫৮৫ কি উন্নতি হয়েছে? খুব গর্ব করে বলা হয়, নানা রকম সুন্দর সুন্দর বই ছাপিয়ে বের করা হবে, আমরা ১০,১৭০টি গ্রামকে বৈদ্যুতিকরণ করেছি। আমি হিসাব দেখলাম, হিসাবে বলা হয়েছে ১৯৭১-৭২ সাল পর্যন্ত ৫,৫৭৩টি বৈদ্যুতিকরণ হয়েছে। এটা কবে পর্যন্ত হয়েছে? ১৯৭১-৭২ সাল পর্যন্ত। আর ১৯৭২-৭৩ সাল কি হল? ৮,৭০৮টি গ্রামে, নিশ্চয়ই এটা গর্বের কথা। ১৯৭১-৭২ সালে ৫,৫৭৩, আর ১৯৭২-৭৩ সালে ৮,৭০৮টি, অর্থাৎ ৩ হাজারের ও বেশি গ্রামে বৈদ্যুতিকরণ হল, এমার্জেন্সি ছিল কি তখন? না ছিল না। তাহলে তখন ৩০০০ গ্রামে কি করে হল? আর এখন তাহলে আমরা আশা করব যে এই এমার্জেন্সির পর অনেক বেশি হবে। না, তা হয়নি, ১৯৭৩-৭৪ সালে হল ৯,৪৭০টি গ্রামে। তাহলে কত বাড়ল? না, ৭০০ বাড়ল এক বছরে। তার আগের বছর, যখন এমার্জেন্সি ছিল না, তখন ৩ হাজারের বেশি গ্রামে হয়েছিল, আর তারপর ১৯৭৫ সালে কি হয়েছে, না ১০,১৭০টি গ্রামের কথা বড় বড় করে কাগজে ছাপানো হয়েছিল, রেডিওতে বলা হয়েছিল যেখানে সেখানে ৭০০ বেড়েছে। তা এমার্জেন্সির আগে ৩০০০টি হয়েছিল ১ বছর। ওরা বলছেন যে আমরা সমাজতন্ত্রের পথে এগোচ্ছি। তা আমাদের মাননীয় সদস্যদের মহামতী লেনিনের একটা কথা বলি, তিনি বলেছিলেন যে ইলেক্ট্রিসিটি প্ল্যাস সোভিয়েত ইজ ইকুয়াল টু সোসিয়ালিজম। তা আমাদের এই বিদ্যুৎ উৎপাদন ১৯৬১ থেকে ১৯৬৬ পর্যন্ত কত বেড়েছিল, আর ১৯৬৬-র পর এই ৯ বছরে তার তুলনায় কত বাড়ল? বাড়েনি, একদম বাড়েনি। সেদিন খুব গর্ব করে বলা হল, আমরা শুনলাম ময়দানের সভায় বলা হয়েছে যে, এখন আর লোডশেডিং হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরামবাগের মায়াপুরে ছিলাম, কল্যাণ কেন্দ্রে ৫ দিন ছিলাম, আজকে ফিরেছি, তা ঐ ৫ দিনের মধ্যে সেখানে দু দিন লোড শেডিং হয়েছে, একদিন সাড়ে ৯ ঘণ্টা, আর একদিন ১০ ঘণ্টা। এদিকে আমরা রেডিও-তে বললাম লোডশেডিং হয় না, টেলিভিশনে দেখালাম, সংবাদপত্রে ছেপে দেওয়া হল যে আর লোডশেডিং হয় না। আমি বলছি লোডশেডিং হচ্ছে আজকে, কিন্তু তা কি সংবাদপত্রে লিখবে? আমি সমস্ত সত্য তথ্য দিচ্ছি, একটিও মিথ্যা কথা নয়, আমার বানানো নয়, সরকারি কাগজ, সরকারি নথি থেকে বলছি। সুতরাং খবরের কাগজকে একথা লেখবার আপনি অনুমতি দিন, খবরের কাগজের লোকেরা এই সমস্ত সত্য তথ্য লিখে লোককে সচেতন করুক। ইলেক্ট্রিসিটি প্ল্যাস সোভিয়েত যদি সমাজতন্ত্র হয়, তাহলে আজকে আমাদের গ্রামে ইলেক্ট্রিসিটি যাচ্ছে কি? গ্রামের লোকে কি ইলেক্ট্রিসিটি ব্যবহার করছে? কত আমাদের কৃষির উন্নয়নের জন্য ব্যবহার হচ্ছে? আমাদের মধ্যে কিছু বড় লোক যারা, তারা পাখা চালাচ্ছে। ইলেক্ট্রিসিটি প্ল্যাস সোভিয়েত মানে কি, অর্থনীতির বিকেন্দ্রীকরণ। রাশিয়াতে যা

ঘটছে, আমাদের মাননীয় বন্ধুদের রাশিয়াতে, তারা চেয়েছিলেন কিছু দিনের জন্য ডিক্টেটরশিপ অফ দি প্রোলিটেরিয়েট চলবে। তারপর কি? স্টেট উইল উইদার, রাষ্ট্র শুকিয়ে যাবে, ক্ষমতা কেন্দ্রীভূত হবে। ক্ষমতার বিকেন্দ্রীকরণ মহাত্মা গান্ধীও চেয়েছিলেন, ক্ষমতার বিকেন্দ্রীকরণ, অর্থনীতির বিকেন্দ্রীকরণ—ইলেক্ট্রিসিটি যদি গ্রামে যায় তাহলে সেই বিদ্যুৎ ব্যবহার করবে, গ্রামের লোকেরা। যন্ত্রের মালিকানা পাবে তারা এর দ্বারা, মার্কসও এটাই চেয়েছিলেন, না হলে পাওয়ার টু দি সোভিয়েত বলেছিলেন কেন? যন্ত্রের মালিক হবে সোভিয়েতের ছোট ছোট পঞ্চায়েত। মহাত্মা গান্ধী বলেছেন উৎপাদনের যে যন্ত্র সে জমিই হোক অন্য কিছু হোক সেই যন্ত্র কেউ শোষণ করতে পারবে না। এটা সর্বোদয়েরও নীতি। মার্কস তাই করেছেন, অবশ্য পরে রাশিয়ার সমগ্র ক্ষমতা স্টালিন নিয়ে নেয়। কিন্তু এখন পঞ্চায়েতের কি অবস্থার ১৯৭৩ সালে পঞ্চায়েত আইন হয়েছে—আগেও ছিল কিন্তু পঞ্চায়েতের নির্বাচন হচ্ছে না কেন? ভয় কিসের গুজরাটে জনতা ফ্রন্ট মিনিস্ট্রি সামান্য তাদের মেজরিটি তারাও সাহস করে পঞ্চায়েত ইলেকশন করেছে। তারা সাহসী তারা গণতন্ত্র বিশ্বাস করে। অ্যাসেম্বলির নির্বাচনে রিগিং সম্ভব, কিন্তু পঞ্চায়েত নির্বাচনে রিগিং সম্ভব নয়? সেইজন্য নির্বাচন করছে না! এরা সমাজতন্ত্র চান না এরা সোভিয়েত ইলেক্ট্রিসিটি বিশ্বাস করেন না। ইলেক্ট্রিসিটি পঞ্চায়েত গণতান্ত্রিক সমাজবাদ। বাজেট উদ্বৃত্ত হয়েছে বলে গরিবী হটে যাক, তাদের অবস্থায় কি এতটুকু উন্নতি হয়েছেন। ২০ দফা কর্মসূচিতে জমি বণ্টন হয়েছে। আমি ৩ দিন আগে আরামবাগের ত্রিরোল বলে একটা গ্রামে গেলে সেখানকার লোকেরা আমার কাছে এসে বলল এখানে কি রকম জমি বণ্টন হয়েছে জানেন। অরুণ দে বলে একজন লোককে সরকার থেকে কিছু জমি দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়া যদি এটা শুনে ওর একটা ব্যবস্থা করেন তাহলে আমি কৃতজ্ঞ হব! অরুণ দে একজন শিডিউল কাস্টের লোক। যে যে ২ বিঘা পেয়েছিল তার সেই জমিই বিতরণ করে দেওয়া হল ১-২ কাঠা করে। অরুণকে যে জমি বিতরণ করা হয়েছে সেই জমি ধান জমি। এতে হৈ চৈ, এত খবরের কাগজ রেডিও, লাফালাফি, ঢাকঢোল আমাদের এই জমি পেলেও কোনও লাভ নেই। কারণ সে হয়ত কোর্টে যাবে। কিন্তু অরুণ দে ভাল লোক, আমরা তার জমি নিচ্ছি না। তার এক বিঘা জমি খুব নিচু জমি ধান হয়। সেই জমি ভর্তি করতে কাঠা প্রতি ৩০০ টাকা লাগবে। অথচ রেডিও খুললে কান ঝালাফালা হয়ে যাবে এত মিথ্যা সংবাদ খবরের কাগজে মিথ্যা সংবাদ।

[5-20 — 5-30 p.m.]

বিরোধীরা তো সভাই করতে পারছে না। ওরা গণতন্ত্র, সমাজতন্ত্র লোকের হাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণ চান না। এরা সারপ্লাস বাজেট করছেন, আর শিল্প মরতে বসেছে। আজ ভগবান দয়া করে বৃষ্টি দিলেন বলেই এই রকম হয়েছে। গ্রামের লোকেরা বলে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী যদি চালের দাম কমিয়ে দিতে পারেন, তাহলে ডালের দামটা কমিয়ে দিলে ভাল হয়। ডালের দাম কমেনি। কেরোসিন তেলের দাম কমল না কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই যে হোলসেল প্রাইস ইনডেক্স সেটা পড়ে আমি শোনাচ্ছি। ১৯৫২-৫৩ সালকে যদি হান্ড্রেড ধরি তাহলে হোলসেন প্রাইস ইনডেক্স ১৯৬৬ সালে ছিল ১৭৮, ১৯৭১-৭২ সালে ২৩৬, ১৯৭২-৭৩ সালে ২৪৬, ১৯৭৩-৭৪ সালে ২৮৬, ১৯৭৪ সালে ৩৪৯, আর ১৯৭৫ সালে যখন এত হৈ চৈ কত রেডিও, জুন মাসে হল ৩৫০.৪ জুলাই মাসে হল

৩৪৬.৮, ৪ পয়েন্ট কমে গেল এত ঢাকঢোল পিটিয়ে বাজনা বাজিয়ে। তারপর আগস্টে হল ৩৪৭.৫, সেপ্টেম্বরে হল ৩৪৮, অক্টোবরে ৩৪৮.৪, .০৩ বেড়ে গেল। এত ঢাকঢোল পিটিয়ে বাজনা বাজিয়ে বেশি কমেনি, মাত্র ৪ পয়েন্ট কমেছে। আজকে আমাদের দেশের অবস্থা অত্যন্ত শোচনীয়। মাননীয় সদস্য হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে যে উপদেশ দিয়েছেন সেটা যদি গ্রহণ করেন তাহলে ভাল হবে। কিন্তু অর্থ মন্ত্রী মহাশয়কে প্রোমোশন হয়ে গেছে, দিল্লিতে চলে যাবেন, ওর বোধ হয় কিছু করার নেই। একটা জিনিস দেখছিলাম এরা বলছেন আমাদের এমপ্লয়মেন্ট বেড়েছে। আশ্চর্য ব্যাপার। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় লিখে রাখুন ১৯৬৬ সালে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত ৪৪ হাজার লোক কাজ পেয়েছে। ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট আমলে, অজয়বাবু নেই, ওর নেতৃত্বে ২৭ হাজার লোক কাজ পেল। তারপর কমতে কমতে, এদের আমলে এত হৈ চৈ লাফালাফি রেডিও খবরের কাগজ, এদের আমলে কি হয়েছে শুনুন ১৯৭৪ সালে টোটাল ১৫ হাজার ৯ শো। জানুয়ারি টু সেপ্টেম্বর তুলনামূলক হিসাব দেওয়া হয়েছে, ১৯৭৪ সালে ১১ হাজার ৭ শো, ১৯৭৫ সালে যখন হৈ চৈ এমার্জেন্সি তখন ১০ হাজার ২ শো। এমার্জেন্সির কি দরকার ছিল? এমার্জেন্সি করে গণতন্ত্রকে ধ্বংস করার, সমাজতন্ত্রকে পিছিয়ে দেওয়ার কি দরকার ছিল? আজকে সেজন্য মাননীয় অর্থমন্ত্রী যে তথাকথিত উদ্বৃত্ত বাজেট পেশ করেছেন সেই উদ্বৃত্ত বাজেটে সমাজতন্ত্র তো হবে না, গণতন্ত্র মরতে বসেছে, মরবে এবং দেশের কল্যাণ হবে না, গরিবি হটবে না ২০ পয়েন্ট প্রোগ্রামে, গরিবের হাতে ক্ষমতা যাবে না, গরিবের অর্থনৈতিক উন্নতি হবে না। সেজন্য আমরা যতই বাহাদুরি করে বলি না কেন কাজের হিসাব যদি দেখা যায় তাহলে দেখব আমরা পিছিয়ে যাচ্ছি, আমরা এগোতে পারছি না।

মাননীয় সদস্য হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় বলেছেন দুধ সাপ্লাই স্কীমে লোকসান হচ্ছে। ১৯৬৭ সালে ২ লক্ষ ৭ হাজার লোক পেত এবং এখন ২ লক্ষ ৪৫ হাজার লোক পাচ্ছে। কি এমন বেড়েছে? কাজেই সেদিক থেকেই বিচার করিনা কেন আমরা দেখতে পাচ্ছি পিছিয়ে যাচ্ছে। কিছুদিন আগে আমার একজন বন্ধু বলছিলেন, কি সুন্দর বাস হয়েছে, বাস সুন্দর হলেও মানুষের যে দুর্দশা হচ্ছে তা কল্পনাও করা যায় না। আমি অবশ্য ক্যালকাটা ট্রান্সপোর্টের ব্যাপারে জ্ঞান সিংকে কোনও দোষ দিচ্ছি না কারণ হি ইজ জাস্ট এ কর্ক। সব জায়গায় একই অবস্থা কাজেই সে কি করবে। আমি দোষ দিচ্ছি তাকে যিনি এই মিথ্যা তথ্য, মিথ্যা সংবাদ আমাদের কাছে পরিবেশন করছেন। তারপর, টোটাল আরনিংস ১৯৬৬-৬৭ সালে ছিল ৫৫ কোটি টাকা, ১৯৭০-৭১ সালে ৫২ কোটি টাকা, ১৯৭৩-৭৪ সালে ৪৫ কোটি টাকা এবং ১৯৭৫-৭৬ সালে ৪৬ কোটি টাকা। কাজেই এই বাজেট সমর্থন করে কোনও লাভ নেই। আমি বিধানসভার সদস্য, আমি মিথ্যা তথ্য পরিবেশন করি না, খবরের কাগজে যা বেরিয়েছে তাই বললাম। যাহোক, আমরা যা দেখছি সেটা হচ্ছে গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে, সমাজতন্ত্র পিছিয়ে যাচ্ছে এবং দেশকে বিভ্রান্ত করা হচ্ছে।

[5-30 — 5-40 p.m.]

শ্রী শঙ্কর ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বাজেটের উপর মাননীয় সদস্যেরা যে সমস্ত বক্তব্য রেখেছেন তাতে আমি দেখছি অনেক মাননীয় সদস্য এই বাজেটকে অভিনন্দন

জানিয়েছেন, অনেক মাননীয় সদস্য গঠনমূলক সমালোচনা করেছেন। আমি মাননীয় সদস্যদের কাছে কৃতজ্ঞ কারণ তারা আলোচনার মাধ্যমে পশ্চিমবাংলার অর্থনীতির বিভিন্ন দিক তুলে ধরেছেন। এই বাজেট বিতর্ক থেকে আমরা হয়ত অনেক কিছু শিখতে পারব। আমাদের কয়েক বছরের পরিকল্পনা এবং করনীতির বিষয় মাননীয় সদস্যরা যে বক্তব্য রাখেন সেটা আমরা সর্বদাই মনে রাখি এবং তার ভিত্তিতে কিছু কিছু পরিবর্তন করি। বাজেট সম্বন্ধে অধিকাংশ সদস্যই সমর্থন জানিয়েছেন। অবশ্য কিছু কিছু বিরূপ সমালোচনাও হয়েছে, যেমন, পি সি সেন সি পি আই-র সদস্য এবং আর আর এস পি-র সদস্যরা বিরূপ সমালোচনা করেছেন। পি সি সেন বললেন অনেক জিনিস পিছিয়ে গেছে। এই বাজেটের মাধ্যমে আমরা পশ্চিমবাংলার সার্বিক উন্নতি চেয়েছিলাম। পশ্চিমবাংলায় যাতে উৎপাদন বৃদ্ধি হয়, আমাদের এখানে যাতে কর্মসংস্থানের সম্প্রসারণ হয়, পশ্চিমবাংলার অর্থনীতি যাতে আরও গতিশীল হয় সেইজন্য আমরা এই বাজেট প্রণয়ন করেছি। আমরা বলি এটা জনতার বাজেট কারণ জনগণের কল্যাণে এই বাজেট বরাদ্দ ব্যয়িত হবে। স্যার, এই বাজেটের অঙ্ক, পরিকল্পনার আয়তন পশ্চিমবাংলার মানুষ ঠিক করেছে। তাদের সহযোগিতা না পেলে এতবড় কাজ, এতবড় একটা পরিকল্পনা ব্যবস্থা আমরা দিতে পারতাম না। আমরা এই বাজেটের মাধ্যমে সেইসব পরিকল্পনাকে অগ্রাধিকার দিয়েছি যে পরিকল্পনার মাধ্যমে আমাদের কৃষি আধুনিকীকরণ হতে পারে, শিল্পের প্রসার হতে পারে, শিক্ষার ব্যবস্থা হতে পারে এবং স্বাস্থ্যের উন্নতি হতে পারে। আমরা যে কর নীতিগ্রহণ করেছি তাতে দেখবেন সেটা যাতে শিল্পের ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি হতে পারে সেইজন্য অনেক ক্ষেত্রে কর ছাড় দিয়েছি। আমরা এটা এই ভেবে করিনি যে, কর আদায় হচ্ছে সম্পদ সংগ্রহের হাতিয়ার। আমরা এই কর আদায়কে উন্নয়নের হাতিয়ার হিসাবে দেখছি। অনেক ক্ষেত্রে আমরা কর ছাড় দিয়েছি বিশেষ করে বেকার সমস্যার পরিপ্রেক্ষিতে আমাদের ক্ষুদ্র শিল্প কুটির শিল্প এবং সাধারণ শিল্পের যাতে প্রসার হতে পারে সেইজন্য ১৫ হাজার টাকার মাল প্রস্তুতকারকদের উপরে যে বিক্রয় কর ছিল সেটা আমরা ২৫ হাজার করেছি। এর ফলে অনেক লোক এই বিক্রয়করের হাত থেকে মুক্তি পাবে। তারপর, যারা ছোট বড় এবং মাঝারি শিল্প স্থাপন করতে চায় তাদের যন্ত্রপাতি, কলকারখানা নির্মাণ এবং কাঁচামাল কেনার ক্ষেত্রে আমরা তাদের বিক্রয়কর থেকে সম্পূর্ণরূপে মুক্তি দিয়েছি। ১৯৫৪ সালে আমাদের যে বিক্রয়কর আইন আছে তাতে ক্ষুদ্র শিল্প তারা যদি নতুন ইউনিট স্থাপন করেন, যাতে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি হবে সেখানে আমরা তিন বছরের জন্য সম্পূর্ণ সেলস ট্যাক্স রহিত করেছি। সুতরাং বাজেটকে কেবল সম্পদ সংগ্রহের হাতিয়ার হিসাবে চিন্তা করিনি, বাজেটকে উন্নয়নের হাতিয়ার হিসাবে চিন্তা করেছি, শিল্প সম্প্রসারণের একটা হাতিয়ার হিসাবে চিন্তা করেছি, আমরা কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির হাতিয়ার হিসাবে চিন্তা করেছি। এই বাজেটকে কেবল অর্থনৈতিক বাজেট হিসবে চিন্তা করিনি, কারণ পশ্চিমবাংলার মানুষ কেবল অর্থনীতি নিয়ে চিন্তা করে না, তাদের মধ্যে সংস্কৃতি রয়েছে, তাই এই বাজেটের ভিতরে যত কিছু সাংস্কৃতিক অনুষ্ঠান আছে সবগুলিকে কর মুক্ত করেছি। পশ্চিমবাংলার মানুষ সংস্কৃতিকে ভালবাসে, পশ্চিমবাংলার মানুষ ক্রীড়া ভালবাসে, তাই ক্রীড়া এন্টারটেনমেন্ট ট্যাক্স, অ্যামিউজমেন্ট ট্যাক্স থেকে মুক্ত করেছি। কেবল মাত্র কর মুক্তির নীতিই গ্রহণ করিনি, যেখানে আমাদের ইনসেনটিভ দিতে হবে সেখানে থ্রি ইয়ার্স সেল ট্যাক্স রেহাই দিয়েছি। সিনেমা শিল্পে পশ্চিমবাংলার শিল্পীরা কেবল ভারতবর্ষের মধ্যেই নয় আন্তর্জাতিক ক্ষেত্রে তারা

স্বীকৃতি লাভ করেছে, সিনেমা শিল্প আর্টে দিক থেকে আজকে সারা বিশ্বে অভিনন্দন লাভ করেছে। ইন্ডাস্ট্রির দিক থেকে যাতে তারা সারা বিশ্বের মধ্যে বেঁচে থাকতে পারে সে জন্য আমরা সিনেমা ডেভেলপিং প্রোগ্রাম নিয়েছি এবং তিন বছরে যত কিছু এন্টারটেনমেন্ট ট্যাক্স সব বাদ দিয়ে দিয়েছি। আমরা সাবসিডি হিসাবে নতুন সিনেমা হাউসের জন্যও দিয়েছি। সুতরং বাজেটকে আমরা সম্পদের হাতিয়ার ছাড়া আমরা উন্নয়নের হাতিয়ার হিসাবে চিন্তা করেছি। বাজেটকে অর্থনৈতিক হাতিয়ার ছাড়াও সংস্কৃতি বিস্তারের হাতিয়ার হিসাবেও চিন্তা করেছি। ক্রীড়া ক্ষেত্রে উৎসাহ দানের একটা হাতিয়ার হিসাবেও চিন্তা করেছি। এই দৃষ্টিভঙ্গির মাধ্যমে আমরা বাজেট এনেছি। ৫ বছরে আমরা করেছি, মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, তিনি এখানে মুদ্রাস্ফীতি সম্পর্কে কটাক্ষ করলেন, আজকে ভারতবর্ষের মানুষ এ বিষয়ে গৌরব অনুভব করতে পারে যেখানে সারা বিশ্বে মুদ্রাস্ফীতি চলেছে, যেখানে উন্নত দেশগুলিতে মুদ্রাস্ফীতি চলেছে, যেখানে বড় বড় অর্থনীতিবিদগণ মুদ্রাস্ফীতি সমস্যার সমাধান কিভাবে করতে হবে, সে বিষয়ে চিন্তা করেও তারা কোনও রকম সমাধানের পথ দেখাতে পারছেন না, এখানে ভারতবর্ষে শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে আমরা যে ব্যবস্থা গ্রহণ করতে পেয়েছি, তাতে মুদ্রাস্ফীতিকে রোধ করতে পেরেছি। আজকে ভারতবর্ষের মানুষ এ বিষয়ে গর্ব অনুভব করবে। আজকে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, তিনি বললেন কি হয়েছে, জিনিসের দাম বেড়ে যাচ্ছে, যদি সমালোচনা করতে হয়, যে ক্ষেত্রে ভারতবর্ষ সারা বিশ্বের মানুষের সারা বিশ্বের অর্থনীতিবিদদের দিক থেকে অভিনন্দন পেয়েছে, সেই ক্ষেত্রে তিনি আক্রমণ করলেন। ব্রিটেনে গত বছর কি ছিল, ব্রিটেনে ইনফ্লেশন গত বছর ছিল ১০% এ বছর সেটা বেড়ে হয়েছে ২০% আমেরিকা যুক্তরাষ্ট্র সেখানে ১৫% ইনফ্লেশন চলছে, জাপানে ১২/১৩ শতাংশ ইনফ্লেশন চলছে, আমেরিকা, জাপান, ব্রিটেন সমস্ত বিভিন্ন বড় বড় রাষ্ট্রে ইনফ্লেশন চলছে এবং ইনফ্লেশনের জন্য পশ্চিম জার্মানিতে যেখানে ওভার অল এমপ্লয়মেন্ট ছিল, সেখানে ৩০ লক্ষ মানুষ বাইরে থেকে এসে কাজ করত, এই ইনফ্লেশনের জন্য সেখানে প্রায় ৩০ লক্ষ মানুষ বেকার হয়ে গেছে। আজকে সারা বিশ্ব স্বীকার করেছে ভারতবর্ষ ইনফ্লেশনের জন্য যে ব্যবস্থা নিয়েছে, সারা বিশ্ব তাকে অভিনন্দন জানিয়েছে। উন্নত দেশগুলিতে এখনও গড়ে ১১/১২% মুদ্রাস্ফীতি চলছে। উন্নয়নশীল দেশ, ডেভেলপিং কান্ট্রিতে ইনফ্লেশন ১৫% চলছে। ভারতবর্ষে মুদ্রাস্ফীতির হার রোধ করা সম্ভব হয়নি, এটাকে একটা রিভার্সড ডাইরেকশনে আনা গেছে। যে দাম ছিল ২৮শে সেপ্টেম্বর ১৯৭৪ সালে হোলসেল প্রাইস সূচক যেটা ছিল ৩৩০, সেটা ১০ই জানুয়ারি ১৯৭৬ সালে কমে ২৮৯ হয়েছে, প্রায় ৪১টি জিনিসের দাম কমে গেছে। এটা বাস্তব সত্য, সমস্ত পরিসংখ্যান এটা প্রমাণিত হবে। কিন্তু প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, তিনি বললেন যে এটা একটা বড় কথা নয়। তিনি বললেন যে এমার্জেন্সিতে কি হয়েছে। এমার্জেন্সিতে কি হয়েছে? ইমার্জেন্সিতে জিনিসের দাম পড়ে গিয়েছে, এমার্জেন্সিতে কালোবাজারিরা জেলে আছে, এমার্জেন্সিতে স্মাগলিং বন্ধ হয়েছে, এমার্জেন্সিতে মজুতদারদের বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত হয়েছে, এমার্জেন্সিতে ডিসিপ্লিন আবার প্রতিষ্ঠিত হয়েছে, এমার্জেন্সিতে স্কুল কলেজে নকল করার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে। এমার্জেন্সিতে কি হয়েছে? এমার্জেন্সিতে ২০ দফা কর্মসূচি এসেছে যাতে গ্রামে অর্থনীতির অনেক পরিবর্তন হয়েছে। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বললেন আমাদের বিদ্যুতের ক্ষেত্রে কি হয়েছে, গ্রামে বিদ্যুৎ গিয়েছে তাহলে এত ঢাক ঢোল পিটানো, রেডিও, খবরের কাগজে বলা হচ্ছে। কেন বলা হচ্ছে সেটা বোঝার প্রয়োজন ছিল

কিন্তু উনি এখানে নেই। মার্চ ৭২ সাল পর্যন্ত ৩০২৮টি গ্রামে বিদ্যুৎ গিয়েছিল। স্বাধীনতার পর থেকে প্রফুল্ল সেনের আমল যুক্তফ্রন্টের আমল, বিভিন্ন সময় মিলে ৩০২৮টি গ্রামে বিদ্যুৎ গিয়েছিল। মার্চ ৭৪ সালে, দু বৎসরের ভিতর ৯ হাজারের বেশি গ্রামে বিদ্যুৎ গিয়েছিল যেখানে স্বাধীনতার পরে ৩ হাজারের বেশি গ্রামে বিদ্যুৎ যায়নি, এটা আনন্দের বিষয় নয়, গর্বের বিষয় নয়? একথা আমরা রেডিওতে বলব না? তবে তিনি যেটা বললেন যে আমরা পিছিয়ে যাচ্ছি, এগুতে পারছি না। যখন প্রফুল্লচন্দ্র সেন মহাশয় মুখ্যমন্ত্রী ছিলেন তখন একথা সত্য ছিল, তখন পিছিয়ে যাচ্ছিলেন, তখন আমাদের উন্নয়নের ভিতরে কোনও গতি সঞ্চারিত হয়নি। বিদ্যুৎ সম্বন্ধে যেটা বললেন সেখানে আমাদের সময় ১০ হাজারে বেশি গ্রামে বিদ্যুৎ চলে গিয়েছে। বিদ্যুৎ যদি নিতে হয় তারজন্য বিদ্যুতের ক্ষেত্রে বরাদ্দ করতে হবে। বিদ্যুতের ক্ষেত্রে বরাদ্দ আমরা এই বৎসরে ৫৪ কোটি টাকা বরাদ্দ করেছি। আর প্রফুল্লচন্দ্র সেন মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন বিদ্যুতের ক্ষেত্রে কি বরাদ্দ ছিল সেটা আমরা দেখতে পারি। প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন ১৯৬৬-৬৭ সাল, শেষ বৎসর পর্যন্ত সারা পরিকল্পনায় বরাদ্দ ছিল ৫৩ কোটি টাকা—বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, শিল্প, সমস্ত মিলিয়ে ৫৩ কোটি টাকা, আর আমাদের এ বৎসরে বিদ্যুতে ৫৪ কোটি ৭১ লক্ষ টাকা বরাদ্দ আছে। ওদের সারা পরিকল্পনাতে যে অঙ্ক বরাদ্দ ছিল তার চেয়ে প্রায় ২ কোটি টাকা আমাদের কেবল বিদ্যুৎ খাতে বরাদ্দ রয়েছে। আমাদের আগামী বৎসরের পরিকল্পনা বিদ্যুৎ খাতে ৭০ কোটি টাকার বেশি হবে। আসলে যেটা প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন যে বিদ্যুৎ সম্বন্ধে, কিম্বা সারপ্লাস বাজেট ইনফ্রেশন সম্বন্ধে, মোট কথা বাজেটের মাধ্যমে আমরা যেটার পরিবর্তন আনতে পারি সেটা হচ্ছে সরকার তার পরিকল্পনা কত বড় করতে পারে, পরিকল্পনার প্রাইয়োরিটি, অগ্রাধিকার কিভাবে ঠিক করতে পারে যাতে পাবলিক ইনভেস্টমেন্ট সরকার যেটা খরচ করবেন, কৃষি হোক, শিল্প হোক, স্বাস্থ্য হোক, শিক্ষা হোক, তার অগ্রাধিকার ঠিক রাখতে হবে এবং তার থেকে সম্পদ সংগ্রহ করতে হবে। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় সারপ্লাস বাজটে সম্বন্ধে কিছু বললেন এবং অধ্যাপক হরশঙ্কর বাবুও সারপ্লাস বাজেট সম্বন্ধে কিছু বললেন। তিনি কেবল এবারই বলেননি, এর আগের বারেও বলেছিলেন কিন্তু তিনি চলে গিয়েছিলেন বলে উত্তরটা শোনেননি আমার। তিনি যেভুল অর্থনীতি বলেছিলেন সেই ভুল অর্থনীতিই আবার পুনরাবৃত্তি করলেন। এই জিনিসটা পরিষ্কার হওয়া উচিত যাতে তিনি আর ভবিষ্যতে ভুল না করেন।

[5-40 — 5-50 p.m.]

তিনি এই জিনিসটা গতবারেও বলেছিলেন তা আমার স্মরণে আছে এবং আমার ইচ্ছা ছিল যে তিনি আমার উত্তরটা শুনবেন। ডেফিসিট বাজেট এবং ডেফিসিট ফাইনান্সিং এক জিনিস নয় এই জিনিসটা যদি আগে পরিষ্কার হয় তাহলে উত্তরটা বুঝতে সুবিধা হবে। রাজ্য সরকারের এখন ডেফিসিট ফাইনান্স করার ক্ষমতা নেই। ডেফিসিট ফাইনান্স করতে হলে রিজার্ভ ব্যাঙ্কের ওভার ড্রাফট যদি নিতে হয়, রিজার্ভ ব্যাঙ্কের ওভার ড্রাফটের উপর নিয়ন্ত্রণ আছে, কেন্দ্রীয় সরকার ডেফিসিট ফিনান্স করতে পারে। কেন্দ্রীয় সরকার কতটা ডেফিসিট ফিনান্সিং করতে পারে তাও বলে দিচ্ছি। রাজ্য সরকারের ক্ষেত্রে ডেফিসিট বাজেটের কথা নেই, যতটা ডেফিসিট হবে সেটা রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভার ড্রাফট এনে, সেটা দিয়ে

ডেফিসিট ফিনান্স করে খরচ করা যাবে তা নেই, ডেফিসিট বাজেট রাজ্য সরকারের ক্ষেত্রে যেটা হয় সেটা হচ্ছে ইট লিডস ওনলি টু দি প্রুনিং অব দি প্ল্যান। রাজ্য সরকারের ক্ষেত্রে যে ডেফিসিটি বাজেট হবে সে অর্থ রিজার্ভ ব্যাঙ্কের পক্ষ থেকে আসে না, সেই অর্থ খরচ করা যাবে না এবং যে ঘাটতি হবে সেটা সরকারি কর্মচারিদের মাইনে থেকে কাটা যাবে না, সেটা কেবল কাটা যাবে উন্নয়নমূলক কাজ থেকে। সুতরাং রাজ্য সরকারের বেলায় ডেফিসিট বাজেট যেটা হবে, সেই ডেফিসিটের পরিমাণ পরিকল্পনা থেকে কাটা হবে। সেটা অতীতেও কাটা হয়েছে। প্রফুল্ল সেনের সময় কাটা হয়েছে। যুক্তফ্রন্ট সরকার যখন প্রথমবার এবং দ্বিতীয়বার এল তখনও সেরকম কাটা হয়েছে। আমাদের কাটা হয়নি। আমাদের বাড়ানো হয়েছে, সুতরাং সারপ্লাস বাজেটের প্রশ্ন। কিন্তু ডেফিসিট বাজেট যদি সাহসের কাজ হয়, পরিকল্পনা খাতে ৬০ কোটি প্রথমে ধরে তারপরে সেটা কেটে ১০ কোটি টাকা কমিয়ে যদি ৫০ কোটি করাটা সাহসিকতার কাজ হয় বলে মনে করে তাহলে সেটা যে কি অর্থনীতি এবং সেই অর্থনীতি তার ছাত্রদের শিক্ষাদানে তাহলে আমি জানিনা আমাদের অর্থনীতির কি হবে। সুতরাং এ জিনিসটা আমি পরিষ্কার বুঝিয়ে দিতে চাই, এই ডেফিসিট ফিনান্সিং করবার ক্ষমতা কেন্দ্রীয় সরকারের আছে। কিন্তু রাজ্য সরকারের এই ডেফিসিট ফিনান্সের ক্ষমতা না থাকার ফলে রাজ্য সরকার যে কখনও ডেফিসিট বাজেট করেননি তা নয়, প্রফুল্ল সেন মশায় করতে বাধ্য হয়েছেন কিন্তু তার ফল কি হয়েছে? প্রফুল্ল সেন মশায় ৬৭ কোটি টাকার পরিকল্পনা ঘোষণা করেছিলেন, তারপরে তিনি অর্থ সংগ্রহ করতে পারেননি, সম্পদ সংগ্রহ করতে পারেননি, নবম রাষ্ট্র ছিল, খরচ হয়েছিল প্ল্যানে ৫৩ কোটি টাকা। ১৪ কোটি টাকার ঘাটতি হয়েছিল। সুতরাং ডেফিসিট বাজেট হলেও ডেফিসিট ফিনান্সিং হয়নি, রিজার্ভ থেকে টাকা এনে খরচ করা যায়নি, প্ল্যানে বাড়ানো যায় নি, প্ল্যানে কমাতে হয়েছিল। আজকে হরশঙ্করবাবুর বক্তৃতার পরে প্রফুল্ল সেন মহাশয় হাততালি দিয়েছিলেন, হরশঙ্করবাবুর ভুল নীতি প্রফুল্ল সেন মহাশয় গ্রহণ করেছিলেন। প্রফুল্ল সেন মহাশয়ের ১৪ কোটি টাকা ঘাটতি অর্থনীতিকে হরশঙ্করবাবু আরও এগিয়ে নিয়ে যান, তিনি প্রগতিপন্থী, প্রথম যুক্তফ্রন্টের যে ডেফিসিট বাজেট হল, তাতে তারা প্রফুল্ল সেন মহাশয়ের সরকারকেও হারিয়ে দিলেন, কংগ্রেস সরকার যে ডেফিসিট বাজেট করবেন, যুক্তফ্রন্ট সরকার তার চেয়ে বেশি ডেফিসিট বাজেট করবেন। প্রফুল্ল সেন মহাশয়ের সরকার যেখানে প্ল্যান করেছিলেন ৬৭ কোটি টাকার, প্রথম যুক্তফ্রন্ট সরকার এসে বললেন, না প্ল্যান হবে সিকস্টিনাইন ক্রোরস, দু কোটি টাকা বাড়ালেন, তারা ডেফিসিট বাজেটে বিশ্বাসী যুক্তফ্রন্ট সরকার।

(**শ্রী হরশঙ্কর ভট্টাচার্য** : অ্যাডিশনাল রিসোর্স তুলেননি।)

সেই রিসোর্সের কথা বলুন। প্রফুল্ল সেন মহাশয় আপনার বক্তৃতার পর হাততালি দিলেন, সুতরাং তিনি ডেফিসিট বাজেট করেন, করে প্ল্যানের টাকা ১৪ কোটি টাকা কাটলেন এবং প্রথম যুক্তফ্রন্ট সরকার প্ল্যানের টাকা ১৮ কোটি টাকা কাটলেন। ৬৯ কোটি টাকা প্ল্যান ঘোষণা করেছিলেন কিন্তু সেটা কেটে করলেন ৫১ কোটি টাকা, ১৮ কোটি টাকা কমিয়ে দিলেন। দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার এসে বললেন প্রথমবারে বলেছিলাম ৬৭-৬৮ সালে ৬৯ কোটি টাকার প্ল্যান, এত বাড়াবাড়ি করে কাজ নাই যদিও দেশ এগিয়েছে, সময় এগিয়ে যাচ্ছে, প্ল্যান পিছিয়ে দেওয়াই ভাল, যেটা প্রফুল্ল সেন মহাশয় বললেন। দ্বিতীয় যুক্তফ্রন্ট

সরকার বললেন প্ল্যান কত হওয়া উচিত, দু বছর হয়ে গেছে অন্তত ১৪ কোটি টাকা পিছিয়ে দেওয়া হোক। ফিফটি ফাইভ ক্রোর-এর প্ল্যান করা হল, আবার ইনকমিক থিওরি হরশঙ্করবাবু বললেন সেটা স্বীকার করে নিয়ে যে ডেফিসিট বাজেট করতে হবে। সুতরাং ডেফিসিট বাজেট-এর জন্য ৫৫ কোটি টাকার প্ল্যান হল, আবার টাকার অভাবে সেই পরিকল্পনা কাটতে হবে, ছাঁটাই করতে হবে। ছাঁটাই করে কি হল? ছাঁটাই করে ১৯৬৯-৭০ সালে খরচ করা হল ৪৫ কোটি টাকা। ঘোষিত ৫৫ কোটি টাকার প্ল্যানে থেকে ১০ কোটি টাকা কম। আপনাদের ডেফিসিট বাজেটের শিষ্য তারা নিশ্চয়ই। প্রথমবার ১৮ কোটি টাকা এবং দ্বিতীয়বার—১০ কোটি টাকা আসল প্ল্যান থেকে তারা কমিয়ে দিলেন। প্রফুল্ল সেন মহাশয়ের সরকার ও ১৪ কোটি টাকা কমিয়ে ছিলেন। সুতরাং আসল বস্তু হচ্ছে—রিজার্ভ ব্যাঙ্ক থেকে যদি ওভার ড্রাফট খোলা থাকে তবে ডেফিসিট ফাইন্যান্সিংয়ের খানিকটা সুযোগ থাকে। যতটা ডেফিসিট হবে, ততটা ঘোষিত প্ল্যান সঙ্কুচিত হবে—প্রুনড হবে। আর আমরা কি করেছি? আমাদের ১৯৭২-৭৩ সালের প্ল্যানের আকার ছিল ৭৩ কোটি টাকা। আমরা প্রফুল্লচন্দ্র সেনও দুটো যুক্তফ্রন্ট সরকারের উদাহরণ যদি অনুসরণ করতাম। তাহলে ঐ ৭৩ কোটি টাকা থেকে ২০ কোটি টাকা কমিয়ে—৫৩ কোটি টাকা খরচ করতাম। কিন্তু আমরা সেখানে খরচ করেছিলাম—৮৯ কোটি টাকা—অর্থাৎ মূল প্ল্যান থেকে ১৬ কোটি টাকা বেশি। আসলকথা আমরা সম্পদ সংগ্রহ করেছিলাম,—রিসোর্সেস মোবিলাইজেশন করেছিলাম। আপনারা যদি রিসোর্সেস মোবিলাইজেশন করতে পারেন— তাহলে যে প্ল্যান ঘোষণা করেছেন, তা পুরাপুরি কাজে পরিণত করতে পারেন। যদি আরও বেশি সম্পদ সংগ্রহ করতে পারেন। তাহলে প্ল্যান আরও বেশি বাড়াতে পারতেন। যে প্ল্যান ঘোষণা করেছেন সেটা বাড়িয়ে বাজেট, সারপ্লাস করতে পারেন। সেটা আমরা বাড়িয়ে প্রায় তিন কোটি টাকা বাজেটে সারপ্লাস করেছি এবং তার প্রত্যেকটা পাই পয়সা আমরা ডিস্ট্রিবিউট করেছি। আমরা এবার ২৩২ কোটি টাকার প্ল্যান করেছি আর দু কোটি ৯২ লক্ষ টাকা সারপ্লাস হয়েছে এবং এর প্রত্যেকটি পাই পয়সা আমরা হিসাব করে দিয়ে দিয়েছি। এবং ৭৫ লক্ষ টাকা দিয়েছি আমরা হাউস সাইট নির্মাণের জন্য, ৬৭ লক্ষ টাকা দিয়েছি উত্তরবঙ্গের উন্নয়নের জন্য, ৫০ লক্ষ টাকা দিয়েছি জেলা শহরগুলির উন্নয়নের জন্য, ৫০ লক্ষ টাকা আমরা দিয়েছি—ভূমিহীন যারা জমি পেয়েছে তাদের উন্নয়নের জন্য, আর ৫০ লক্ষ টাকা দিয়েছি তাদের ঘরবাড়ির উন্নয়নের জন্য। এবারকার প্ল্যানে ২৩২ কোটি ছিল, সেটা আরও এই ৩ কোটি টাকা বেড়ে হয়েছে ২৩৫ কোটি টাকা। কিন্তু প্রথম বছর প্ল্যানে আমরা ১৬ কোটি টাকা বাড়িয়েছিলাম দ্বিতীয় বছর ১৯৭৩-৭৪ সালে আমাদের ৯০ কোটি টাকার পরিকল্পনা ছিল, সেই প্ল্যান তো আমরা সঙ্কুচিত করি নাই—বরং সেটাতে বাড়িয়ে ১০৭ কোটি টাকা করা হল অর্থাৎ ১৭ কোটি বেশি আরও প্ল্যানে বেড়ে গেল। এটা আমরা সম্পদ সংগ্রহ করে বাড়াতে পেরেছিলাম। আর ১৯৭৪-৭৫ সালে আমরা আগের বছর থেকে ৬০ কোটি টাকার বেশি—প্ল্যান করেছিলাম এবং সে টাকা আমরা খরচ করেছিলাম। কিন্তু আমরা সেই ১৫০ কোটি টাকার প্ল্যান থেকে ১৫/২০ কোটি টাকা ও আমরা বাড়াতে পারেনি। তবে প্ল্যানে সমস্ত টাকাটাই আমরা খরচ করেছি। আর এ বছর আমরা ১৭০ কোটি টাকার প্ল্যান করেছি। আমরা বলেছিলাম এই প্ল্যানে আমরা সমস্ত টাকা দিতে পারব। আমরা দিতে পেরেছি। না দিতে পারলে ডেফিসিট বাজেট হত। আমরা দিয়ে বলেছিলাম ২৭ লক্ষ টাকা আমাদের উদ্বৃত্ত হবে। এখন সেটা বেড়ে

হয়েছে ৬৯ লক্ষ টাকা। আর আমাদের ১৭০ কোটির প্ল্যানের মধ্যে থেকে ৬০ কোটি টাব দিয়েছি—অ্যাক্সিলারেট ফুড প্রোডাকশন এরজন্য। আর ঐ প্ল্যানের বাইরে দিয়েছি—রুর‍্যা প্রোডাকশন প্রোগ্রামে সেটা আমাদের এম এল এ-রা রয়েছেন জানেন প্রত্যেক জেলায় জেলা গ্রামীণ উন্নয়নের জন্য টাকা বরাদ্দ করা হয়েছে। যেটা ২ কোটি টাকা ছিল—তা বাড়িয়ে কোটি টাকা করা হয়েছে। এইভাবে আমরা প্ল্যানের আয়তন বাড়িয়েছি। সুতরাং আজকে সে ভুল অর্থনীতি যেটা প্রফুল্ল সেন মহাশয় অনুসরণ করেছিল, যেটা দুটো যুক্তফ্রন্ট সরকা অনুসরণ করেছেন, সেটা আর আমাদের উপদেশ দেবেন না—অনুসরণ করবার জন্য যে খাতে আমরা আশাকরি এবার যখন আপনি গতবার আমার উত্তর শোনেন নাই—, সুতরাং ভবিষ্যতে পরের বছরের বাজেট বক্তৃতাতে আপনার ভবিষ্যৎ প্রশ্নের উত্তরটা তুলে ধরছি। ডেফিসিট ফিনান্সিং একমাত্র কেন্দ্রীয় সরকার করতে পারেন— কেন্দ্রীয় সরকারের রিজার্ভ ব্যাঙ্কের আছে এখানে অর্থনীতিবিদরা বলেন হ্যাঁ ডেফিসিট ফিনান্সিং-এর এক স্কোপ আছে ৬ পারসেন্ট পর্যন্ত ডেফিসিট ফিনান্সিং হতে পারে। কিন্তু এই যে ডেফিসিট ফিনান্সিং সেটা কেন্দ্রীয় সরকারের উপর কিছুটা করবার অধিকার আছে সেটা তারা করতে পারেন। কিন্তু আমাদের প্রথম যে ভারতবর্ষে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে এই ডেফিসিট ফিনান্সিং হয়েছে—৯৫৪ কোটি টাকা—৫ বছরে।

[5-50 — 6-00 p.m.]

তারপরে দ্বিতীয়তে ৯৫৪ কোটি টাকা, তৃতীয় পরিকল্পনায় ১ হাজার ১৩৩ কোটি টাকা। ১৯৭১-৭২ সালে যখন থেকে আমাদের অসুবিধা সৃষ্টি হল বাংলাদেশের উদ্বাস্তু, খরা ইত্যাদিতে ১ বছরে ডেফিসিট ফাইনান্সিং হয়েছিল ৮০৮ কোটি টাকা। ৫বছর অতীতে যেখানে ৯০০/১১১৫ কোটি টাকা হয়েছিল সেখানে ১ বছরে ডেফিসিট ফাইন্যান্সিং হল ৮০৮ কোটি টাকা। ১৯৭২-৭৩ সালে এক বছরে হল ৮৬৮ কোটি টাকা এবং ডেফিসিট ফাইনান্সিং একটা প্রাইস রাইজ পারমিসিবল পর্যন্ত করতে পারে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার করতে পারে না এবং তারপর যখন দেখা গেল কেন্দ্রীয় সম্পদ বেশি বেড়ে যাচ্ছে তখন কেন্দ্রীয় সরকার কতকগুলি ব্যবস্থা এই বিষয়ে গ্রহণ করলেন, সেটা নিশ্চয় আপনাদের স্মরণ আছে। ডেফিসিট ফাইন্যান্সিং ইজ পারমিসিবল কেন্দ্রীয় সরকার করতে পারে, রাজ্য সরকার করতে পারে না। সুতরাং এই যে গ্ল্যাডোস্টেনিয়ান প্রুডেন্স ইত্যাদি এই সমস্ত কথাগুলি অপ্রাসঙ্গিক এই কথা এখানে না বলে ১৯৪৭ সালে অর্থনীতির সঙ্গে ১৯৭৬ সালের অর্থনীতির মধ্যে নিউ ডিলে যেটা উপযুক্ত সেইভাবে যাতে হয় সেটাই আমরা আশা করব। আর আপনি যেটা বলেছেন বিগ পুস অর্থনীতিতে দিতে হবে। এই বিগ পুস দিয়ে দুটো যুক্তফ্রন্ট সরকার এবং প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের সরকার ১৪-১৮ কোটি টাকা পিছনের দিকে দিয়েছিলেন। বিগ পুস দিয়ে প্ল্যান এগিয়ে নিয়ে যেতে হয়। প্ল্যানিং পুস প্ল্যান থিওরি বেসিসে বিগ পুস—বাট নট বিগ পুস ব্যাকওয়ার্ড, বিগ পুস ফরওয়ার্ড। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স সম্বন্ধে হরশঙ্করবাবু বলেছেন—এই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সে আমাদের ১৯৩৮ সালের পর ভূমি রাজস্ব-এর কোনও পরিবর্তন হয়নি। ৩০ বছরের অধিক কোনও পরিবর্তন হয়নি। আমরা প্রথম সরকারে এসে ১৯৭২ সালে ভূমি রাজস্ব ক্ষেত্রে অসেচ এলাকায় ২ গুণ, সেচ এলাকায় ৩ গুণ এবং ৪ হেক্টর জমির উপর ১০ পারসেন্ট সারচার্জ করেছিলাম এবং কেন্দ্রীয় প্ল্যানিং কমিশন,

কেন্দ্রীয় অর্থমন্ত্রক জানায় বর্তমান অর্থনীতি দিক থেকে রুর্যাল সেক্টরে উৎপাদনের ৭/ পরিকল্পনায় সম্পদ সংগ্রহের প্রচেষ্টা পশ্চিমবাংলা সরকার করেছেন। সুতরাং আপনি যেটা বললেন রুর্যাল সেক্টর থেকে অর্থ সংগৃহীত হয়নি, তা পশ্চিমবঙ্গ সরকার করেছেন। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ক্ষেত্রে রাজ কমিটির মূল যেটা সুপারিশ ছিল—এগ্রিকালচারাল ইনকাম এবং নন-এগ্রিকালচারাল ইনকাম সেটাকে ক্লাবিং করে রেটের স্ল্যাব সেই ভিত্তিতে করতে হবে—বর্তমানে যে বিল পাশ করেছি তার ভিতরে সেটা রয়েছে। এই বছর রুর্যাল প্রোডাকশনে সেসের কথা বলেছি গ্রামের সম্পদ যাতে গ্রামেই বিনিয়োগ হয় এবং তার জন্য আমরা বিলও এনেছি আরবান ট্যাক্সেশন সম্বন্ধে হরশঙ্করবাবু বলেছেন। ২০ দফা কর্মসূচির উপর দিল্লিতে যে মিটিং হল আমি অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে দু দিন সেখানে গিয়েছিলাম, যার জন্য হাউসে থাকতে পারি নি, সেখানে প্রধানমন্ত্রী এবং সমস্ত সংশ্লিষ্ট মন্ত্রীরা আর্বান ট্যাক্সেশন সম্পর্কে জানিয়েছিলেন—আরবান প্রপার্টি ট্যাক্স, আরবান ল্যান্ড ট্যাক্স-এর বিল এনেছি। পশ্চিমবঙ্গ সরকাই একমাত্র সরকার বাজেট বক্তৃতায় ঘোষণা করেছেন—এই বিষয়ে বিল এনেছি এবং আমাদের কাছ থেকে মহারাষ্ট্র মন্ত্রীরা সেই বিলের কপি চেয়েছেন। আর কোনও সরকার এই আরবান ট্যাক্সের বিল এনেছেন? আর কোনও রাজ্য এই বিল আনেন নি। আমরা মাল্টি স্টোরিড প্রপার্টি ট্যাক্স আরবান ট্যাক্সের উপর বিল এনেছি। লাক্সারির উপর ট্যাক্স আমরা আনলাম, তারপর মহারাষ্ট্র আনলেন। চেষ্টা কিছু হচ্ছে বলেই আত্মতুষ্টি হওয়া স্বাভাবিক। আমাদের এই আত্মতুষ্টি নিশ্চয় আছে। কিছু হয়নি, কিছু হবে না, তা বললে আত্মতুষ্টি যদি না থাকে তাহলে আমরা সেটা বলতে পারব না। উন্নয়ন করতে গেলে উন্নয়নের সাইকলজিক্যাল ইনফ্রাস্ট্রাকচার থাকা দরকার। আমরা যদি কিছু করে থাকি তাহলে আরও বেশি কিছু করতে পারব, সেখানে বিশ্বাস থাকবে। কিন্তু আমরা যদি বলি কিছু করি নি, করতে পারব না, সম্পূর্ণ ব্যর্থ হয়েছি তাহলে ভবিষ্যতে আর কিছু করা যাবে না।

আমাদের বিরোধী পক্ষের নেতা শ্রী বিশ্বনাথ মুখার্জি মহাশয় বললেন যে বাজেটের মধ্যে কিছু আত্মতুষ্টির কথা আছে। জনগণের সাহায্যে কিছু কাজ হয়েছে সেই কথাটাই এখানে বলা হয়েছে এটা না বললে তিনি খুশি হতেন হয়তো কিনা তা আমি জানি না। আর যে কথা বলেছেন আমাদের সংগঠন কংগ্রেস নেতা শ্রদ্ধেয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, আমাদের সি পি আই বন্ধু অধ্যাপক হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় যে মৌলিক বিষয়ে তারা একমত। কিন্তু পরিকল্পনা সম্পর্কে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, ও হরশঙ্কর বাবু কিছু কটাক্ষ করেছেন। আমরা ১৯৭১-৭২ সালে এখানে এসেছিলাম আজকে আমরা ২৩২ কোটি টাকার পরিকল্পনা নিয়েছি। আমরা আজকে সবচেয়ে বেশি টাকার পরিকল্পনা নিয়েছি। মহারাষ্ট্র ২৫৬%, কর্ণাটক ২৮৫%, গুজরাট ২০৯% আর ওয়েস্ট বেঙ্গল ৩৫১%। আরও অনেক হওয়া উচিত ছিল যেটা হয়েছে তার চেয়ে একটা আমি নিশ্চয় বলব। আমরা পুস ব্যাকওয়ার্ড দিতে চাই না আমরা পুস ফরওয়ার্ড দিতে চাই। ১৯৬৬-৬৭ সাল থেকে ১৯৭১-৭২ সালের মধ্যে ১৩ কাটি বেড়েছে পাঁচ বছর। আর আমাদের পাঁচ বছরে বেড়েছে ১৬৬ অর্থাৎ ১৩ গুণেরও বেশি—৬৬ কোটির জায়গায় ২৩২ কোটি টাকা বেড়েছে। আর এখানে প্রাইস ইনডেক্সের কথা বলা হয়েছে। জিনিসের দাম বেড়েছে। ১৯৭১-৭২ সাল থেকে এখন পর্যন্ত কত বাড়ল? ৪৮% বেড়েছিল। এখন সেটা কমে ৪৬% হয়েছে। আমাদের পরিকল্পনায় ৩৫১% বেড়েছে। আমাদের

স্টেট ইনকাম যেটা সরকারের ইনকাম নয়, সারা রাজ্যের ইনকাম সেটা ১৬.৬% গ্রোথ হয়েছে। গত বছরে ১৯৭৪-৭৫ সালে গ্রোথ হয়েছে ৯.৯%। ১৯৭৩-৭৪ সালে গড়পড়তা পার ক্যাপিটা ইনকাম ছিল ৯০৯ সেটা ১৯৭৪-৭৫ সালে বেড়ে হয়েছে ১০৬৫ টাকা। স্টেট ইনকাম যেটা সরকারের ইনকাম নয়, সমস্ত রাজ্যের ইনকাম ১৯৭৩-৭৪ সালে ছিল ৪২৬২ কোটি টাকা সেটা বেড়ে হয়েছে ৫১১৭ কোটি টাকা। আমাদের প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এবং হরশঙ্করবাবু দুজনের বলেছেন আমাদের কৃষি ক্ষেত্রে কি হল শিল্প ক্ষেত্রে কি হল। আমাদের কৃষি ক্ষেত্রের যে পরিবর্তন এসেছে তা অধিকতর বিনিয়োগ সাংগনিক ব্যবস্থা ও সেচ ব্যবস্থা রূপায়ণের জন্য। খাদ্যের ব্যাপারে আমাদের প্রফুল্লচন্দ্র সেন মহাশয় খুব এক্সপার্ট—যেখানে ১৯৪৭-৪৮ সাল থেকে ১৯৫৫-৫৬ সাল পর্যন্ত এই ৮ বছরে ৩.৭৯ মিলিয়ন টন থেকে ৪.৭৯ মিলিয়ন টন হয়েছে অর্থাৎ .৯১ মিলিয়ন টন বেড়েছে। আর ১৯৫৫-৫৬ সাল থেকে ১৯৬৫-৬৬ সাল পর্যন্ত ১০ বছরে হয়েছে ৪.৭০ মিলিয়ন টন এখন সেখানে ৫.৩৬ মিলিয়ন টন হয়েছে।

[6-00 — 6-10 p.m.]

মানে পয়েন্ট ৬৬ মিলিয়ন টনস দশ বছরে। প্রফুল্লচন্দ্র সেন মশাই বলবেন জিনিসপত্রে দাম বাড়ছে বস্তুগত পরিবর্তন কি হচ্ছে। ফিজিক্যাল টার্মসে খাদ্য উৎপাদন বেড়েছিল .৬৬ মিলিয়ন টনস। এক মিলিয়ন টনও বাড়ে নি। আমরা এক বছরে ১৯৭৩-৭৪ সালে ছিল ৭.৩৪ মিলিয়ন টনস সেটা ১৯৭৪-৭৫ সালে পরের বছরে ৭.৮৬—এক বছরে ৮.৮২ মিলিয়ন টন বেড়েছিল। আর প্রফুল্ল সেন মশাই স্বীকার করে গেলেন এইবার হয়তো ৯ মিলিয়ন টন হবে। এই বছর যদি ৯ মিলিয়ন টন হয় ১৯৭৩-৭৪ সালে ৭ মিলিয়ন টন থেকে যদি ২ বছরে ২ মিলিয়ন টনস বাড়ে তবে স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত ২ মিলিয়ন টনস বাড়ে নি। এইটা ফিজিক্যাল টার্মস। চাষীরা যে সার ব্যবহার করছে, সেচের যে ব্যবহার করছে তার ইতিহাসটা একটু শুনুন। চাষীরা যে সার ব্যবহার করল তাতে জল দিতে হবে। সেই জল যেটা চাওয়া হলেছিল এর আগে যে জলের বন্দোবস্ত ছিল সেটা ভেবে দেখতে হবে। চাষীরা কেন সার ব্যবহার করছে, কেন সেচ ব্যবহার করছে, কেন ফলন বৃদ্ধি পাচ্ছে এবং কেন দু বছরে ২ মিলিয়ন টনস খাদ্য উৎপাদন বাড়ছে। এটা তো সাইজের ব্যাপার নয়, প্ল্যানের সাইজের ব্যাপার নয় প্ল্যানের সাইজ অ্যাকচুয়ালি কিভাবে রিফ্লেকটেড হচ্ছে সেইটা যদি দেখেন তাহলে ডিপ টিউবওয়েল কতটা হয়েছিল? দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার সময়ে ২৩টা ডিপ টিউবওয়েল করেছিল। আমরা ১৯৭৩-৭৪ সালের এক বছরে ২৬০—১০ গুণেরও বেশি হয়েছিল এক বছরে। আর রিভার লিফট স্বাধীনতার পর থেকে দ্বিতীয় যুক্তফ্রন্টের সরকারের সময় পর্যন্ত ১৯৬৮-৬৯ সালে ৫৪২টা ছিল। আর আমরা এক বছরে ১৯৭৩-৭৪ ৮০৪টা রিভার লিফট করেছি। স্বাধীনতার ২১ বছরে যত রিভার লিফট হয়েছে আমাদের এক বছরে দেড়গুণ হয়েছে। কারণ আমরা রিভার লিফটের জন্য অর্থ বিনিয়োগ করেছি, তারজন্য পরিকল্পনা বাড়া না হয়েছে, তারজন্য পশ্চিমবঙ্গের মানুষ সহযোগিতা দিয়েছেন। কারণ পশ্চিমবাংলার মানুষ গঠনমূলক কাজ চান। স্যালো টিউবওয়েলের কি বন্দোবস্ত হয়েছে। এই যে খাদ্য উৎপাদন বাড়ছে, স্যালো টিউবওয়েলের যে অবস্থা স্বাধীনতার ২১ বছরে ১৯৬৮-৬৯ সালে পর্যন্ত ছিল ১১ হাজার ২৩টা ২১ বছরে। আর আমরা যদি বলি স্যালো

টিউবওয়েল হয়েছে তাহলে মাননীয় বিশ্বনাথবাবু বলবেন, আত্মতুষ্টির ভাব, এই আত্মতুষ্টির ভাবে হবে না, জন আন্দোলন করতে হবে, বলতে হবে, একেবারে দেশে সর্বনাশ হয়ে গিয়েছে। সরকার কোন কাজ করতে পারছে না। এই যে সাংঘাতিক অবস্থা, তাহলে জন আন্দোলন হবে। স্যালো টিউবওয়েল ২১ বছরে ১১ হাজার ২৩টা হয়েছে। আমরা ১৯৭২-৭৩ সালে ১৮ হাজার ৯৪৫টা করেছি। কিন্তু তা বলা যাবে না। প্রফুল্লচন্দ্র সেন মশাই বলছেন কেন রেডিওতে এই সমস্ত ঢাকঢোল, কেন প্রচার—এই সমস্ত কিছুই চলবে না। উনি এই সমস্ত বলছেন, আর বিশ্বনাথবাবু বলছেন আত্মতুষ্টির ভাব ভালো নয়। তারপর পাম্প সেটের কথা শুনুন। পাম্প সেট সম্বন্ধে বললে বলবেন ইনফ্লেশন। ইনফ্লেশান সম্বন্ধে যদি বলি ৪৮ পারসেন্ট price rise and 350% increased in plan তখন বলেন ফিজিক্যাল টার্মস। এক ডিপ-টিউবওয়েল গেল, রিভার লিফট গেল, তারপর পাম্প সেট। স্বাধীনতার পর থেকে ২১ বছরে ১৯৬৮-৬৯ সালে পাম্প সেট হয়েছিল ১৫ হাজার ৪৬৩। আমাদের ১৯৭২-৭৩ সালে এক বছরে ২০ হাজার ৪৩৫টি। এই পরিসংখ্যানগুলো বাজেটের কাগজে রয়েছে। সব জায়গায় আছে।

আর একটা জিনিস মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বললেন যে, এমার্জেন্সিটা কি ব্যাপার, এমার্জেন্সিতে কি হল? স্যার, এমার্জেন্সিতে জিনিসপত্রের দাম কমলো, স্মাগলারদের বিরুদ্ধে মজুতদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হল, গ্রামের উন্নতি হল ২০ দফা কর্মসূচি প্রণয়ন করা হল আর শ্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বললেন এই সবই ভাঁওতা, শুধু প্রচারই হয়েছে। স্যার, এই যে ২ লক্ষ ৯৭ হাজার ৭০০ মানুষ, তারা বাস্তু জমি পেল সেটা কি ভাঁওতা? সেটা কি আত্মতুষ্টি? সেটা কি পিছিয়ে যাওয়া? মাননয়ী হরশঙ্করবাবু গ্রামের পরিবর্তনের কথা বললেন। নিশ্চয় পরিবর্তন দরকার এবং তার তো এটাই হচ্ছে পথ। বাস্তুহীনকে বাস্তু দিতে হবে, ভূমিহীনকে ভূমি দিতে হবে—পশ্চিমবঙ্গে ৬ লক্ষ একর জমি আমরা বন্টন করেছি এবং তাতে ৮ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন। এই ৮ লক্ষ মানুষের মধ্যে প্রায় ৪ লক্ষ মানুষ তারা হচ্ছেন ঐ তফসিলি জাতি বা উপজাতি সম্প্রদায়ের এই পথেই তো আমাদের এগুতে হবে। এটা যদি আত্মসন্তুষ্টি হয়, ভাঁওতা হয় তাহলে আমরা কোনও পথে যাব? তারপর স্যার, গ্রামের মহাজনদের ঋণের ব্যাপারে আমরা যে দুটি আইন পাস করেছি তার একটি আইনে প্রায় ৩৪ লক্ষ গ্রামীণ পরিবার প্রায় সম্পূর্ণ মকুব পাবেন ৩৫ কোটি টাকা পর্যন্ত মহাজনী ঋণ থেকে। আর একটি আইনে ২১ লক্ষ গ্রামীণ পরিবার ৩২ কোটি টাকা আংশিক মকুব পাবেন। হরশঙ্করবাবু বললেন, এ বাজেটে কাজ হবে না, বাজেটে গ্রামে কথা, কৃষির কথা চিন্তা করতে হবে, পরিবর্তন আনতে হবে। স্যার, যে পথে এতগুলি মানুষ বাস্তু পেল, ভূমিহীন ভূমি পেল, মহাজনী ঋণের ভার থেকে মুক্তি পেল আমরা কি সেই পথে যাব না? এ ছাড়াও স্যার, আমরা পরিকল্পনার বাইরে ৬ কোটি টাকার একটি জরুরি খাদ্য উৎপাদন কর্মসূচি অ্যাক্সিলারেটেড ফুড প্রোডাকশন প্রোগ্রাম, নিয়েছিলাম। তাতে প্রায় ৬৪ হাজার একর জমিতে সেচের বন্দোবস্ত হবে। ৪ হাজার ১৬৬টি অগভীর নলকূপ ৫০০টি ট্যাঙ্ক, ৬৫০টি ডাগ ওয়েল বিভিন্ন জেলার জন্য বরাদ্দ করা হয়েছে এবং প্রায় ৩।। লক্ষ মিনিকিট এর মধ্যে চাষীদের ভেতরে বন্টন করা হয়েছে। কাজেই স্যার, এই যে সমস্ত কাজ হচ্ছে এগুলি যদি ভুল হয়, ভাঁওতা হয় তাহলে আমরা কোনও পথে যাব? সেই দ্বিতীয়

যুক্তফ্রন্ট সরকার বা ঐ প্রফুল্ল সেনের সরকারের মতোন বিগ পুশ ব্যাকওয়ার্ড? তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গ সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। উত্তরবঙ্গের উপর সরকার বিশেষ জোর দিতে চায়। স্যার, এখানে অনেক মাননীয় সদস্য বলেছেন যে, এবারেই বাজেটে উত্তরবঙ্গ সম্বন্ধে পরিষ্কারভাবে বলা হয়েছে, এটা আপনি শুনেছেন। আমি বলব, উত্তরবঙ্গের জন্য যাতে আরও বেশি অর্থ বরাদ্দ করতে পারি সেটা আমাদের দেখতে হবে এবং সেখানকার উন্নয়নের কাজ যাতে ত্বরান্বিত হয় সে বিষয়ে আমাদের জোর দিতে হবে। অর্থাৎ যাতে উত্তরবঙ্গ অবহেলিত না হয় সেটা আমাদের দেখতে হবে। তা ছাড়া আরও যে সমস্ত পশ্চাদপদ জেলা আছে—বাঁকুড়া, পুরুলিয়া বা ঐ সুন্দরবন, ঝাড়গ্রাম বা আরও অনেক তাদের আমাদের দেখতে হবে। সেইজন্য আমরা বিভিন্ন দপ্তরকে বলেছি, জেলাওয়ারি যে বরাদ্দ করা হয় তার হিসাব দিতে যাতে কিছুটা অন্তত বুঝতে পারি যে জেলাগুলি তার অংশ পাচ্ছে কিনা। তবে কিছু কিছু পরিকল্পনা আছে বা ব্যাপার আছে যেগুলিতে ডিস্ট্রিক্ট-ওয়াইজ অ্যালোকেশন হয় না। যেমন ধরুন, একটা বড় পাওয়ার প্ল্যান্ট বা ইরিগেশন প্রোজেক্ট যদি হয় তাহলে তাতে অনেকগুলি জেলাই উপকৃত হয়। গত বছর ৭০ কোটি টাকার জেলাওয়ারি ভাগ আমরা পেয়েছিলাম এবং সেই ৭০ কোটি টাকার মধ্যে ১৬ কোটি টাকা উত্তরবঙ্গের জন্য বরাদ্দ ছিল—প্রায় ২৩ পারসেন্ট।

[6-10 — 6-20 p.m.]

আর এই বছর ৬৩ কোটি টাকার জেলাওয়ারি ভাগ আমরা পেয়েছি এবং তা থেকে প্রায় ১৫ কোটি টাকা উত্তরবঙ্গে জন্য বরাদ্দ করেছি। আমার হাতে স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম যেটা ছিল, স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে আমরা ৩৩ শতাংশ উত্তরবঙ্গের জন্য দিয়েছি এবং উত্তরবঙ্গকে যে ১৭ পারসেন্ট লোক সেখানে আছে তার উন্নয়নের জন্য যে পরিসংখ্যা গুলি দিলাম তা ছাড়াও আমাদের অ্যাক্সেলারেটেড ফুড প্রোডাকশন প্রোগ্রাম, রুরাল প্রোডাকশন প্রোগ্রামে এবং স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে সাড়ে তিন কোটি টাকা আমরা বরাদ্দ করেছি। এমপ্লয়মেন্ট সম্বন্ধে কিছু প্রশ্ন মাননীয় সদস্যরা এখানে তুলছেন। আমাদের কর্মসংস্থানের সুযোগ যদি সম্প্রসারিত করতে হয় তবে কেবল মাত্র ওয়েজ এমপ্লয়মেন্টের মাধ্যমে এই সমস্যা সমাধান হতে পারে না। সেল্ফ এমপ্লয়মেন্টের মাধ্যমে কেবল মাত্র চাকুরির মাধ্যমে বেকার সমস্যা সমাধান আমাদের দেশে হবে না এবং কোনও দেশেই হয় না। সুতরাং ওয়েজ এমপ্লয়মেন্ট ছাড়া যাতে সেল্ফ এমপ্লয়মেন্ট, স্বনিযুক্ত প্রকল্প বাড়াতে পারি তার উপর আমরা জোর দিয়েছি। সুতরাং এমপ্লয়মেন্ট যেটা হয় সেটা কিছুটা পাবলিক সেক্টরে, কিছুটা প্রাইভেট সেক্টরে হয়। সরকার যে কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারিত করতে পারে সেটা পরিকল্পনা আয়তনকে বাড়িয়ে। তাই, আমরা ৬৬ কোটি থেকে থেকে বাড়িয়ে ২৩৫ কোটি টাকার পরিকল্পনার আয়তন করেছি। আমরা যাতে কর্মসংস্থানের সুযোগ বাড়াতে পারি, পাবলিক ওয়ার্কস বাড়াতে পারি, সরকারি ইনভেস্টমেন্ট বাড়াতে পারি সে জন্য আমরা পরিকল্পনার আয়তন বাড়িয়েছে এবং এই পরিকল্পনার মাধ্যমে কৃষিতে, সেচে, শিল্পে, বিদ্যুতে, স্বাস্থ্যে যা খরচ হচ্ছে এবং তার পরিকল্পনাতে যে লোক নিযুক্ত হচ্ছে তাতে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি প্রাপ্ত হচ্ছে। এ ছাড়াও যাতে আমাদের বিভিন্ন বিভাগীয় দপ্তরে যা খরচ সেক্টোরাল প্রোগ্রাম ছাড়াও আমরা কতকগুলি কর্মসংস্থান সম্প্রসারণের জন্য স্পেশ্যাল এমপ্লয়মেন্ট

প্রোগ্রামে এবারে ৩ কোটি টাকা বরাদ্দ আছে। স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে যেটা কেন্দ্রীয় সরকার শুরু করেছিলেন তারপর সেটা বন্ধ হয়ে গিয়েছিল। কিন্তু রাজ্য সরকার আমাদের অর্থে সেই স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে করে আমরা চালাচ্ছি। আর এই বছরে গ্রামের মানুষের জন্য বিশেষ করে আমরা রুর‍্যাল প্রোডাকশন প্রোগ্রাম চালু করেছি যেটা এই বছরই সর্বপ্রথম শুরু হয়েছে এবং যাতে গোড়ায় বাজেটে ২ কোটি টাকা বরাদ্দ ছিল। কিন্তু এই রুর‍্যাল প্রোডাকশন প্রোগ্রামের টাকা আমরা কলকাতা থেকে বরাদ্দ করি না। এই টাকা আমরা বিভিন্ন জেলাতে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটেতে দিয়ে দেই যাতে জেলার প্রতিনিধিরা জেলার যেটা প্রয়োজন সেটা চিন্তা করে জেলাতে বরাদ্দ করতে পারেন। এ ক্ষেত্রে আমরা পরিকল্পনাকে ডিসেন্ট্রালাইজ করেছি। মাল্টি-লেভেল প্ল্যানিং যেটা বলা হয়, পিপলস প্ল্যানিং যেটাকে বলা হয়, গ্রাসরুট প্লানিং যেটাকে বলা হয়, আমরা ৬ ক্রোর অ্যাক্সেলারেটেড ফুড প্রোডাকশন প্রোগ্রাম করেছি। আর আগে ২ কোটি টাকা এটাতে বরাদ্দ ছিল সেটাকে বাড়িয়ে আমরা ৬ কোটি টাকা করেছি এবং এই পরিকল্পনার মাধ্যমে এক কোটি শ্রমদিবস দেওয়া সম্ভব হবে এবং ৩ কোটি স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প আমরা করেছি তাতে ৩০ হাজার মানুষ এই পরিকল্পনার দ্বারা উপকৃত হবে। এগুলি হচ্ছে আমাদের বিভাগীয় সেক্টোরাল প্রোগ্রাম কৃষি, সেচ, শিল্প, বিদ্যুৎ ছাড়াও এগুলি স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে দিয়েছি। আর শহরাঞ্চলে যেটা বিশেষ করে শিক্ষিত বেকারদের জন্য আমাদের অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম রয়েছে, অতিরিক্ত কর্মসংস্থান কর্মসূচি যেটা আমরা ১৯৭৩-৭৪ সালে শুরু করি এবং আমরা ১০ পারসেন্ট মার্জিন মানি দেই। প্রথম বছরে আমরা ৮৫ লক্ষ টাকা দিয়েছিল মার্জিন মানি। দ্বিতীয় বছরে ১৯৭৪-৭৫ সালে আমরা এক কোটি ৩০ লক্ষ টাকা দিয়েছিলাম। আর এই বছর জানুয়ারি মাস পর্যন্ত দিয়েছি এক কোটি ২৬ লক্ষ টাকা। আরও যদি ব্যাঙ্ক থেকে স্কীম পাশ হয় আমরা আরও দিতে পারব আমরা সে জন্য বন্দোবস্ত করেছি। আমাদের এই পরিকল্পনার ভিতরে আমরা এই সরকারে আসার পরে চেষ্টা করছি যে বাজেটকে যাতে পরিকল্পনার হাতিয়ার করা যায়। বাজেটটা যাতে একটা আয়-ব্যয়ের হিসাব না হয়। বাজেট যেন একটা নির্জিব দলিল না হয়, বাজেটটা যেন একটা পরিকল্পনার হাতিয়ার হয়। সুতরাং বাজেটে পরিকল্পনাকে অগ্রাধিকার দিতে হবে এবং সেই পরিকল্পনার মাধ্যমে কৃষি সম্প্রসারণ, শিল্পের আধুনিকীকরণ, শিক্ষা এবং স্বাস্থ্যের বিস্তার যাতে হতে পারে। সে জন্য বাজেটকে নির্জিব দলিল না করে আমরা পরিকল্পনাকে অগ্রাধিকার দিয়েছি এবং অগ্রাধিকার দিয়ে আমরা দুটো জিনিস করার প্রধানত চেষ্টা করেছি একটা চেষ্টা করছি এই পশ্চিমবাংলার এত সমস্থা—বেকার সমস্যা, উদ্বাস্তু সমস্যা, কলকাতার সমস্যা, অনুন্নত জেলার সমস্যা, অনুন্নত জাতীর এবং সম্প্রদায়ের সমস্যা। তাই যাতে উন্নয়নের কাজ বাড়ানো যায়, উন্নয়নের গতিবেগ আরও ত্বরান্বিত করা যায় সেই জন্য পরিকল্পনার আয়তন আমরা বাড়িয়েছি। কিন্তু তার সঙ্গে সঙ্গে উন্নয়ন যাতে হয়, আঞ্চলিক বৈষম্য যেটা আছে, উত্তরবঙ্গের সমস্যা, বাঁকুড়া, পুরুলিয়ার সমস্যা, ঝাড়গ্রামের সমস্যা, পার্বত্য অঞ্চলের সমস্যা, বিভিন্ন জেলার অনুন্নত যে সমস্ত জায়গায় রয়েছে তাদের উন্নতি করার জন্য আমরা বাজেটে বিভিন্ন বরাদ্দ করেছি। আঞ্চলিক বৈষম্য দূর করে, সামাজিক সাম্য, অর্থনৈতিক সাম্য যাতে আমরা আনতে পারি, সেই জন্য এইভাবে আমরা বাজেটকে রেখেছি। পরিকল্পনা কেবল সম্পদ বৃদ্ধি, কেবল উৎপাদন বৃদ্ধি নয়, পরিকল্পনার একটা মাল্টি ডাইমেনশন দৃষ্টি থাকা উচিত। বহু আয়তনের

লক্ষ্য থাকা উচিত এবং উৎপাদন বৃদ্ধির সঙ্গে সামাজিক সাম্য, কর্মসংস্থান সম্প্রসারণ, সেই জন্য আটটি গ্রোথ সেন্টার আমরা বেছে নিয়েছি। একটা হচ্ছে ফরাক্কা যেটা উত্তর এবং দক্ষিণবঙ্গকে যুক্ত করে, একটা হচ্ছে শিলিগুড়ি, যেটা নেপাল, ভুটান সিকিম এর তোরণ দ্বার, একটা হচ্ছে দুর্গাপুর যেখানে কিছু কলকারখানা এসে গেছে, একটা হচ্ছে খড়গপুর যেখানে রেলওয়ে জংশন রয়েছে, একটা কল্যাণী যেটা বিধানবাবুর সৃষ্টি শহর ছিল, একটা হলদিয়ায় যেখানে একটা নতুন পোর্ট গড়ে উঠছে। একটা হচ্ছে আসানসোল যেটা হচ্ছে কয়লাখনির নিকটবর্তী। একটা হচ্ছে সাঁওতালডিহি, যেখানে একটা তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়েছে। এই রকম আটটি গ্রোথ সেন্টার যাতে করতে পারি তার জন্য চেষ্টা চলেছে। আমাদের পশ্চিমবঙ্গের যে শিল্প গড়ে উঠেছে কলকাতা ও হাওড়ায় এবং হুগলি নদীর দুই ধারে কিছুটা গড়ে উঠেছে, কিন্তু শিল্পটা যাতে আমরা সারা পশ্চিমবাংলায় ছড়িয়ে দিতে পারি, সারা পশ্চিমবঙ্গে যাতে শিল্প সম্প্রসারিত হতে পারে, সেখানে লোকাল মেটিরিয়ালসের ভিত্তিতে কাজ করতে পারে, তাই আমরা বাজেটে সেই রকম কিছু কিছু বরাদ্দ করেছি। যেগুলো অনুন্নত জেলা বা অনুন্নত জাতি বা অনুন্নত সম্প্রদায়, তারা যাতে বাজেট পরিকল্পনায় অংশ পেতে পারে তার দিকে আমরা চেষ্টা করেছি। আর একটা চেষ্টা আমরা করেছি, পরিকল্পনা যাতে কেবলমাত্র শহর ভিত্তিক না হয়, পরিকল্পনা যাতে গ্রাম ভিত্তিক হয়, যেখানে ৭০ ভাগ মানুষ বাস করে, তাদের উন্নয়ন যদি আমরা করতে পারি, তাহলে পশ্চিমবঙ্গের উন্নয়ন হবে, কলকাতার উন্নয়নের চাবি কাঠিটিও রয়েছে গ্রামে। গ্রামের উন্নয়ন কৃষির আধুনিকীকরণ, কৃষির সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য জিনিসের আধুনিকীকরণ, সেই জন্য আমরা যেগুলো বরাদ্দ করেছি, আমাদের যে সমস্ত অর্থ বরাদ্দ করেছি—তাই আমরা কৃষির ক্ষেত্রে যেখানে ১৯৬৭-৬৮ সালে ১৭ কোটি টাকা বরাদ্দ ছিল, সেটা বেড়ে ৫৭ কোটি টাকা হয়েছে। যেখানে সেচে ১৮ কোটি টাকা ছিল সেটা বেড়ে ৬৬ কোটি হয়েছে। এইভাবে আমরা গ্রামীণ উন্নয়ন যাতে হতে পারে, তার জন্য চেষ্টা করেছি। কিন্তু এই উন্নয়ন পশ্চিমবঙ্গের মানুষের সহযোগিতা ছাড়া হতে পারে না। এই সম্পদ সংগ্রহ, এই বাজেট এই বিপুলাকার পরিকল্পনা, এটা পশ্চিমবঙ্গের মানুষের সহযোগিতার মাধ্যমে হয়েছে। আমরা যখন সরকারে এসেছিলাম, তখন এখানে অন্ধকারের রাজত্ব ছিল, তখন রাস্তায় খুন চলছিল, আজকে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। আমরা যখন সরকারে এসেছিলাম তখন দেউলিয়া সরকার ছিল। সরকারের বিরাট ওভার ড্রাফট ছিল, ১৩০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে ঘাটতি ছিল, যুক্তফ্রন্ট সরকার ৫৩ কোটি টাকা ঘাটতি রেখে চলে গিয়েছিল, পরিকল্পনা প্রায় বন্ধ হয়ে গিয়েছিল। পরিকল্পনা প্রায় পিছিয়ে গিয়েছিল, সেই সময় অনেকে মনে করেছিল যে পশ্চিমবঙ্গকে রাইট অফ করে দিতে হবে, পশ্চিমবঙ্গ বাঁচবে না, আজকে পশ্চিমবঙ্গের মানুষ আবার পশ্চিমবঙ্গে শান্তি প্রতিষ্ঠিত করেছে, পশ্চিমবঙ্গে উন্নয়নের কাজ হচ্ছে, কাজ আরও হবে। কিন্তু কিছু যে সমালোচনা এসেছে—নেতিবাচক সমালোচনার দ্বারা আমরা দেশকে গঠন করতে পারি না। একটা ইন্ডাস্ট্রির জন্য যেমন একটা ইনফ্রাস্ট্রাকচার দরকার, তেমনি, একটা সাইকলজিক্যাল ইনফ্রাস্ট্রাকচার দরকার। নেতিবাচক মনোভাব দেখালে দেশ আরও পিছিয়ে যেতে পারে, পুশ ব্যাক হয়ে যেতে পারে। কিন্তু গণতান্ত্রিক প্রগতি, সমাজতন্ত্রের প্রতিষ্ঠার জন্য আমাদের আশা, বিশ্বাস নিরলস প্রয়াস, কর্ম যজ্ঞের প্রয়োজন। সেই কর্মযজ্ঞ পশ্চিমবঙ্গের মানুষ আমাদের সহযোগিতা করেছে। বিধানসভার সদস্যরা যে বক্তব্য রেখেছেন, তাদের মূল্যবান বক্তৃতাতে তারা যে পশ্চিমবাংলার

সমস্যার কথা তুলে ধরেছেন, পশ্চিমবঙ্গের উন্নয়নের প্রয়োজনের কথা যা বলেছেন, পশ্চিমবঙ্গে যে কাজ হচ্ছে তা তুলেছেন, কিছু কাজ হয়েছে, আমরা আগামীদিনে আরও কাজ করতে পারব, এই বিশ্বাস আমরা রাখি, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6-20 p.m. till 1 p.m. on Tuesday, the 9th March 1976, at the Assembly House, Calcutta.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol: 61 No-I (Sixty first Session) (February to April, 1976)

(The 20th, 23rd, 24th, 25th, 26th, 27th, February 1st, 4th, 5th, 6th & 8th March, 1976)

Bill

The West Bengal Requisition Land (Continuance of powers) (Amendment) Bill, 1976 PP-785-789

The West Bengal prevention of Defacement of property Bill, 1976 PP-697-720

The West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1976 PP-622-630

The Gangasagar Mela Bill, 1976 PP-615-622

The West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Bill, 1976 PP-532-536

The West Bengal Municipal Employees (Compulsory Retirement) Bill, 1976 PP-417-436

The West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1976 PP-405-416

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1976 PP-392-404

The West Bengal Restoration of Alienated Land (Amendment) Bill, 1976 PP-383-392

Constitution of Business Advisory Committee PP-60-61

Discussion on the West Bengal Restoration of Alienated Land (Amendment) Bill, 1976

by—Shri Gita Mukhopadhyay PP-384-385

by—Shri Gurupada Khan PP-389-392, PP-383-384

by—Shri Kashinath Mishra PP-386-387

by—Shri Sarat Chandra Das PP-387-389

by—Shri Saroj Ray P-387

Discussion on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1976

by—Shri Ajit Kumar Ganguli PP-393-396

by—Shri Bimal Paik PP-396-397

by—Shri Md. Dedar Boux PP-399-400

by—Shri Gurupada Khan PP-401-404, PP-392-393

by—Shri Saroj Ray PP-400-401

by—Shri Shish Mohammad PP-397-399

Discussion on the West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1976

by—Shri Hara Sankar Bhattacharjee PP-409-412

by—Shri Prodyot Kumar Mohanti PP-413-415

by—Shri Sankar Ghosh PP-415-416, PP-405-409

by—Shri Tapan Chatterjee PP-412-413

Discussion on the West Bengal Municipal Employees (Compulsory Retirement) Bill, 1976

by—Shri Abdur Rauf Ansari PP-420-423

by—Shri Biswanath Chakraborty PP-423-426

by—Shri Shish Mohammad PP-418-420

by—Shri Sisir Kumar Ghosh PP-426-428

by—Shri Subrata Mukhopadhyay PP-428-431, PP-417-418

Discussion on the West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Bill, 1976

by—Shri Ajit Kumar Panja PP-532-534, PP-535-536

by—Shri Satya Ghosal PP-534-535, PP-532-534, PP-535-536

Discussion on the West Bengal National Volunter Force (Amendment) Bill, 1976

by—Shri Aswini Kumar Ray PP-623-624, P-626

by—Dr. Motahar Hossain PP-624-625, PP-622-623

Discussion on the Gangasagar Mela Bill, 1976

by—Shri Ajit Kumar Panja PP-615-618, P-621

by—Shri Satya Ghosal PP-618-619

by—Shri Satya Ranjan Bapuli PP-619-620

Discussion on the West Bengal Prevention of Defacement of property Bill, 1976

by—Shri Ajit Kumar Panja PP-710-714

by—Shri Biswanath Chakraborty PP-698-699, PP-699-703

by—Shri Narayan Bhattacharjee PP-705-706

by—Dr. Motahar Hossain PP-697-698, PP-714-715

by—Shri Nanda Lal Banerjee PP-704-705

by—Shri Sarat Chandra Das PP-706-707

by—Shri Satya Ghosal PP-707-710

by—Shri Shish Mohmmad PP-703-704

Discussion on the West Bengal Requisition Land (Continuance of powers) (Amendment) Bill, 1976

by—Shri Ajit Kumar Ganguli PP-785-786, PP-787-788

by—Shri Gurupada Khan P-785, P-787, P-788

Discussion on Governor's Address

by—Shri Abdul Bari Biswas PP-79-81

by—Shri A.H. Besterwitch PP-134-138

by—Shri Ajit Kumar Basu PP-317-320

by—Shri Arabinda Mondal PP-178-179

by—Shri Balailal Seth P-327

by—Shri Basudeb Sawtia PP-262-263

by—Shri Bhabani Pal PP-252-253

by—Shri Bhupal Chandra Panda PP-157-160

by—Shri Birendra Bijoy Malladeb PP-264-266

by—Shri Bireswar Ray P-251

by—Shri Biswanath Chakraborty PP-232-239

by—Shri Biswanath Mukherjee PP-61-79

by—Shri Ekramal Haque Biswas PP-179-180

by—Shri Ganesh Chandra Hatui PP-87-88

by—Shri Gita Mukherjee PP-215-222

by—Shri Gobinda Chatterjee PP-323-327

by—Dr. Gopal Das Nag PP-239-251

by—Shri Harendra Nath Haldar PP-322-323

by—Shri Hemanta Kumar Dutta PP-268-270

by—Smt. Ila Mitra PP-140-149

by—Shri Jatindra Mohan Ray PP-321-322

by—Shri Kashinath Mishra PP-171-173

by—Shri Krishnapada Ray PP-149-151

by—Shri Krishna Prasad Duley PP-181-183

by—Shri Lal Chand Fulmali PP-99-100

by—Shri Mahabubul Haque PP-263-264

by—Shri Md. Dedar Baux PP-97-99

by—Shri Md. Safiullah PP-101-103

by—Shri Monoranjan Pramanik PP-155-156

by—Shri Mrigendra Narayan Ray PP-320-321

by—Shri Naresh Chandra Chaki PP-81-83

by—Shri Niranjan Dihidar PP-174-178

by—Shri Panchanan Singha PP-266-267

by—Shri Phanibhusan Singhababu PP-315-316

by—Shri Prem Oran PP-103-104

by—Shri Prodyot Kumar Mahanti PP-151-155

by—Shri Profulla Chandra Sen PP-327-332

by—Shri Rabindra Nath Bera PP-84-85

by—Shri Rajani Kanta Doloi PP-230-232

by—Dr. Ramendra Nath Dutta PP-85-87

by—Shri Rupsingh Majhi PP-308-309

by—Shri Sachinandan Sau PP-173-174

by—Dr. Sailendra Chattapadhyay PP-180-181

by—Shri Sakti Kumar Bhattacharjee PP-267-268

by—Shri Sambhu Narayan Goswami PP-88-90

by—Shri Samsul Alam Khan PP-316-317

by—Shri Sankar Ghosh PP-90-97

by—Shri Santi Kumar Dasgupta PP-309-315

by—Shri Sarat Chandra Das PP-222-224

by—Shri Saroj Ray PP-302-308

by—Shri Satadal Mahato PP-183-184

by—Shri Satya Ghosal PP-253-261

by—Shri Satya Ranjan Bapuli PP-138-140

by—Shri Siddhartha Sankar Ray PP-333-344

by—Shri Sish Mohmmad PP-224-228

by—Shri Sk. Daulat Ali PP-228-230

by—Dr. Zainal Abedin PP-160-171

Extension of time for presentation of the report of the Committee of Priveleges on Satyajoug Issue P-405

Financial Budget Estimates of the Govt. of West Bengal for 1976-77

by—Shri Shankar Ghosh PP-437-488

General Discussion on Budget for 1976-77

by—Shri Aftabuddin Mondal PP-636-639

by—Shri A.H. Besterwitch PP-630-636

by—Shri Ahindra Mishra PP-553-555

by—Shri Ajit Kumar Ganguli PP-639-648

by—Shri Ajit Kumar Panja PP-726-731

by—Shri Ali Ansar PP-577-578

by—Shri Ananta Bharati PP-803-805

by—Shri Bhabani Prasad Singha Ray PP-552-553

by—Shri Bhabani Sankar Mukherjee P-577

by—Shri Biswanath Mukherjee PP-537-550

by—Shri Debendra Nath Ray PP-670-671

by—Shri Gangadhar Pramanik PP-722-726

by—Shri Giasuddin Ahmed PP-576-577

by—Shri Girija Bhusan Mukhopadhyay PP-800-803

by—Dr. Gopal Das Nag PP-558-572

by—Shri Hara Sankar Bhattacharjee PP-789-796

by—Shri Kanai Bhowmik PP-678-686

by—Shri Monoranjan Haldar PP-797-799

by—Shri Nanda Lal Banerjee PP-686-687

by—Shri Narayan Bhattacharjee PP-796-797

by—Shri Netaipada Ghosh PP-799-800

by—Shri Netaipada Sarkar PP-668-670

by—Shri Nirode Kumar Saha P-668

by—Shri Pradip Palit PP-692-693

by—Shri PrafullaChandra Sen PP-808-812

by—Shri Prodyot Kumar Mahanti PP-694-697

by—Shri Rabindra Ghosh PP-720-722

by—Shri Rabindra Nath Karan PP-665-666

by—Shri Sankar Ghosh PP-812-825

by—Shri Satya Narayan Singh PP-805-808

by—Shri Shibpada Bhattacharjee PP-555-558

by—Shri Sish Mohmmed P-687-692

by—Shri Sunil Mohan Ghosh Moulick PP-666-668

of—Shri Tapan Chatterjee PP-574-576

of—Dr. Zainal Abedin PP-648-665

of—Shri Tuhin Kumar Samanta PP-572-574

Governor's reply to the Address of Thanks P-532

Governor's Address PP-1-21

Laying of Notification

Notification No.282/1/WB/75, dated the 26th December 1975 Issued by the Election Commission of India P-60

Laying of Ordinances

The Jadavpur University (Amendment) Ordinances, 1975 P-56

The West Bengal Prevention of Defacement of property ordinance, 1976 P-58

The West Bengal Medical and Dental Colleges (Regulation of Admission) (Amendment) Ordinance, 1976 P-58

The Lewis Jubilee Satitorium (Taking over of Management) Ordinance 1976 P-58

The West Bengal Employment Scheme Loans (Recovery) Ordinance, 1976 P-58

The West Bengal Universities (Control of Expenditure) ordinances, 1976 PP-57-58

The West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1976 P-57

The West Bengal Restoration of Alienated Land (Amendment) Ordinance, 1976 P-57

The West Bengal University Laws (Amendment) Ordinance, 1976 P-57

The West Bengal Govt. premises (Tenancy Regulation) Ordinance, 1976 P-57

The West Bengal National Volunteer Force (Amendment) Ordinance, 1975 PP-56-57

The Orintal Gas Company (Amendment) Ordinances, 1975 P-57

The West Bengal Municipal Employees (Compulsory Retirement) Ordinance, 1975 P-56

The Gangasagar Mela Ordinances, 1975 P-56

Laying of Reports

Annual Reports on the Working and Affairs of the West Bengal Industrial Development Corporation Limited for the years 1973-74 and 1974-75 P-784

Annual Reports and Accounts of the West Bengal State Ware housing Corporation for the year 1971-72 PP-784-785

Second Annual Report on the working and Affairs of the West Bengal

Mineral Development and Trading Corporation Limited for the year 1974-75 P-302

Annual Report on the Working and Affairs of the Durgapur projects Limited for the year 1974-75 P-59

Annual Report on the working and Affairs of the West Bengal Small Industries Corporation Limited for the year 1973-74 P-59

Annual Report on the working and Affairs of the West Bengal Saxby farmer Limited for the years 1972-73 and 1973-74 P-59

The Report of the Commission of Inquiry on the Affairs of the West Bengal Khadi and Village Industries Board for the period from 1st April 1960 to 31st March 1969 and from 1st April, 1969 to 31st March 1971 along with Memorandum of action proposed to be taken on the findings/ recommendation of the Inquiry Commission P-60

Annual Report on the Working and Affairs of the Durgapur Chemicals Limited for the year 1974-75 P-60

Laying of Rules

Amendment to the West Bengal Panchayat (Election) Rules, 1974 PP-58-59

Amendments to the West Bengal Panchayat Rules, 1958 P-59

Amendments to the West Bengal Zilla Parisad (Leave and Retirement of Staff) Rules, 1973 P-59

The West Bengal Panchayat (Constitution) Rules, 1976 P-58

Mention Cases PP-779-784

PP-607-615

PP-525-532

PP-381-383

PP-294-302

PP-200-213

PP-127-134

PP-51-56

Motion of Thanks PP-21-22

Obituary Reference

of—Shri Dhirendra Nath Mitra PP-733-734

of—Shri Jayanti Prasanna Mukherjee ex-MLA P-673

of—Shri Nagendra Narayan Ray P-271

of—Shri Brojo Madhab Das P-23

by—Shri Santilata Mondal PP-23-24

Panel of Chairman P-61

Personal Explanation

of—Shri Biswanath Mukherjee PP-291-294

Presentation of Report

Second Report of the Business Advisory Committee PP-404-405

Fourth Report of the Business Advisory Committee PP-768-775

Third Report of the Business Advisory Committee PP-551-552

First Report of the Business Advisory Committee PP-100-101

Point of Information PP-674-677

Point of Order

by—Shri A.H. Besterwitch PP-49-50

QUESTIONS

Afforestation

by—Shri Md. Safiullah PP-745-747

Anandamargis

by—Shri Md. Safiullah PP-582-584

Anthrax in Jaldapara Sanctuary

by—Shri Md. Safiullah P-758

Appointment under the Animal Husbandry and Veterinary Services Department

by—Shri Rajani Kanta Doloi PP-519-520

Appointment under the Archaeological Directorate

by—Shri Rajani Kanta Doloi P-519

Appointment under the Calcutta Collectorate

by—Shri Rajani Kanta Doloi PP-518-519

Appointments in the Calcutta Police Force

by—Shri Rajani Kanta Doloi PP-762-764

Appointments under the Calcutta Corporation

by—Shri Rajani Kanta Doloi PP-767-768

Appointments under the Closed and Sick Industries

by—Shri Rajani Kanta Doloi P-518

Appointment under the Co-operation Department

by—Shri Rajani Kanta Doloi PP-761-762

Appointments under the Cottage and Small Scale Industries Department

by—Shri Rajani Kanta Doloi PP-517-518

Appointments under the Directorate of Dairy Development Department

by—Shri Rajani Kanta Doloi P-517

Appointments under the Excise Department

by—Shri Rajani Kanta Doloi PP-760-761

Appointments under the Home (Police) Department

by—Shri Rajani Kanta Doloi P-762

Appointments under the Information and Public Relations Department

by—Shri Rajani Kanta Doloi P-768

Appointments under the Labour Department

by—Shri Rajani Kanta Doloi PP-764-765

Appointments under the Panchayat Department

by—Shri Rajani Kanta Doloi PP-766-767

Appointment under the Scheduled Castes and Tribes Welfare Department

by—Shri Rajani Kanta Doloi P-765

Appointments under the Social Welfare Department

by—Shri Rajani Kanta Doloi PP-765-766

Appointments under the Youth Services Department

by—Shri Rajani Kanta Doloi P-520

Appointments under West Bengal State Electricity Board

by—Shri Rajani Kanta Doloi P-516

Clearing of Pavements of Calcutta

by—Shri Rajani Kanta Doloi PP-377

Intermediate Education in Colleges

by—Shri Monoranjan Pramanik P-754

Midnapore University

by—Shri Rajani Kanta Doloi P-759

Minimum Wages for the Agricultural Labourers

by—Shri Rajani Kanta Doloi P-287

National Programme for use of underground Water

by—Shri Rajani Kanta Doloi PP-110-114

Panchayats in the 20 point Economic Programme

by—Shri Rajani Kanta Doloi PP-359-361

Polution of air in Greater Calcutta

by—Shri Md. Safiullah PP-278-279

Safety of Mine Workers

by—Shri Rajani Kanta Doloi PP-189-190

Science Museum and Physical Training Degree College in Midnapore

by—Shri Rajani Kanta Doloi P-750

Shahid Kshudiram Memorial in Midnapore district

by—Shri Rajani Kanta Doloi PP-375-376

Sub-Assistant Engineers of the Public works Deptt.

by—Shri Girija Bhusan Mukhopadhyay PP-369-371

Workers' participation in Industries

by—Shri Rajani Kanta Doloi P-521

অজয় নদীর উপর সেতু

—শ্রী শচীনন্দন সাউ PP-367-368

অশিক্ষক কর্মচারিদের বেতন ও ভাতা বৃদ্ধি

—শ্রী নিতাই পদ সরকার PP-30-31

আপ-গ্রেডেড স্কুল

—ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় P-757

আর পি পি ও এস পি-র মাধ্যমে কাজ

—শ্রী কাশীনাথ মিশ্র PP-734-736

আসনা-বিষ্ণুপুর রাস্তা

—শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী PP-599-600

ইলামবাজারে নেতাজি কলোনি

—শ্রী শচীনন্দন সাউ P-751

ইলামবাজার-জয়দেব পুর রাস্তা

—শ্রী শচীনন্দন সাউ P-378

ইলামবাজার-সিউড়ি রাস্তা

—শ্রী শচীনন্দন সাউ PP-376-377

উমেশচন্দ্র বন্দোপাধ্যায়ের আবক্ষ মূর্তি

—শ্রী গণেশ হাটুই PP-753-754

ওয়েস্ট বেঙ্গল ওয়ার্কমেন্স হাউসরেন্ট অ্যালাওয়েন্স অ্যাক্ট, ১৯৭৪

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-521-522

কবিবর হেমচন্দ্রের বসতবাটি

—শ্রী গণেশ হাটুই P-760

কর্ণাটক রাজ্য হইতে মৎস্য আমদানি

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-191-192

কলকাতা পৌরসভার নির্বাচন

—শ্রী বিশ্বনাথ চক্রবর্তী, শ্রীমতী ইলা মিত্র এবং শ্রী নিতাইপদ সরকার PP-586-588

কলকাতা কর্পোরেশনের কর্মচারিদের বাধ্যতামূলক অবসরগ্রহণ

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় P-374

কলকাতা পৌরসভার পরিচালন ব্যবস্থা

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-362-364

কলকাতায় মশকের উপদ্রব

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-273-275

কামারহাটি চটকল এলাকায় ১৪৪ ধারা

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-588-590

কুসুমগ্রাম-মসমপুর রাস্তা

—শ্রী তুহিনকুমার সামন্ত P-600

কৃষি ও সেচ উন্নয়নে নিযুক্ত শ্রমিকদের বেতন

—শ্রী সরোজ রায় PP-512-515

কেন্দ্রীয় সরকার কর্তৃক খাদ্যশস্য সরবরাহ

—শ্রী নরেশচন্দ্র চাকী PP-115-117

ক্লোজার ও কর্মচ্যুত শ্রমিক কর্মচারী

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-489-493

ক্যানিং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী পঞ্চানন সিনহা PP-503-504

খাদ্য সংগ্রহ

—শ্রী নরেশচন্দ্র চাকী PP-118-123

খাদ্য সংগ্রহ ও জেলা কর্ডনিং

—শ্রী ফণীভূষণ সিংহবাবু PP-124-125

খড়িবোনা-রানীতলা রাস্তা

—শ্রী মহম্মদ দেদার বকস্ PP-597-598

চুর্ণী নদীর উপর ব্রিজ

—শ্রী নিতাইপদ সরকার PP-584-585

চুক্তিবদ্ধ শ্রমিক

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-504-506

ট্যাক্সি ও স্কুটারের মিটার পরীক্ষা

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-188-189

দক্ষিণডিহি-বড়গাছিয়া রাস্তা

—শ্রী গনেশ হাটুই PP-591-592

দুগ্ধ প্রকল্পের অধীনস্থ ডিপো-অ্যাসিস্ট্যান্ট ছাঁটাই

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-272-273

দুবরাজপুর জলসরবরাহ প্রকল্প

—শ্রী শচীনন্দন সাউ PP-117-118

দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে

—ডাঃ শৈলেন চট্টোপাধ্যায় P-375

দ্বাদশ ক্লাস চালু করার ব্যবস্থা

—শ্রী কাশীনাথ মিশ্র PP-38-41

দ্বাদশ শ্রেণী বিদ্যালয়

—শ্রী নরেশচন্দ্র চাকী PP-749-750

দ্বিতীয় হুগলি সেতু

—শ্রী কাশীনাথ মিশ্র PP-372-374

নতুন দ্বিবার্ষিক পাঠক্রম

—শ্রী কাশীনাথ মিশ্র P-42

নতুন বন সৃষ্টি

—শ্রী মহম্মদ দেদার বকস্ PP-759-760

নাবান্দা-জয়কৃষ্ণপুর রাস্তা

—শ্রী কাশীনাথ মিশ্র P-598

নাবান্দা জয়কৃষ্ণপুর রাস্তা

—শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী P-601

নিয়মিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-25-30

পণপ্রথা বিরোধী আইনের প্রয়োগ

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-736-738

পঞ্চবার্ষিকী পরিকল্পনাসমূহে অনুমোদিত রাস্তা

—ডাঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় P-376

পঞ্চায়েত নির্বাচন

—শ্রী নিতাইপদ সরকার PP-602-603

পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক

—শ্রী মহঃ দেদার বকস্ PP-585-586

পশ্চিমবঙ্গে নতুন বনভূমি

—শ্রী নাসিরুদ্দিন খান PP-756-757

পশ্চিমবঙ্গে বনাঞ্চলের পরিমাণ

—শ্রী নাসিরুদ্দিন খান P-753

পশ্চিমবঙ্গে নতুন মেডিক্যাল কলেজ স্থাপনের পরিকল্পনা

—শ্রী মহম্মদ দেদার বকস্ PP-275-276

পরিবার পরিকল্পনা

—শ্রী মহম্মদ দেদার বকস্ PP-279-281

পানীয় জল সরবরাহ প্রকল্প

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-508-512

প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী কাশীনাথ মিশ্র PP-283-286

প্রাথমিক শিক্ষক

—শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায় PP-754-755

প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-31-38

প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে টিফিন সরবরাহ

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় P-755

প্রাথমিক শিক্ষা আইন অনুসারে জেলা স্কুল বোর্ড গঠন

—শ্রী নিতাইপদ সরকার PP-41-42

পুলিশ কর্মচারী

—শ্রী মহম্মদ দেদার বকস্ P-603

পুরুলিয়া জেলায় সিমেন্ট ও মিনি স্টিল কারখানা

—শ্রী কাশীনাথ মিশ্র PP-192-195

পৌর-কর্মীদের অবসর ভাতা

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-595-597

ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ার অধীনস্থ চালকল

—শ্রী ফণীভূষণ সিংহবাবু P-124

বড় চাষীদের জমির পরিমাণ

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-286-287

বর্ধমানের কৃষক সেতু

—শ্রী মনোরঞ্জন প্রামানিক P-599

বনজাত দ্রব্যের শুল্ক

—শ্রী কাশীনাথ মিশ্র PP-755-756

বন্ধ হাল্কা ইঞ্জিনিয়ারিং শিল্প

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-494-500

বড়া-শিয়াখালা-জঙ্গীপাড়া রাস্তা

—শ্রী গনেশ হাটুই P-601

বালগোপাল আয়রন অ্যান্ড স্টিল কোং

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-515-516

বার্ধক্যভাতা

—শ্রী সুধীরচন্দ্র বিশ্বাস P-752

বাঁকুড়া জেলা কালেক্টরেট-এর অধীনে শূন্যপদ

—শ্রী ফণীভূষণ সিংহবাবু PP-287-288

বাঁকুড়া জেলায় জমি জরিপ

—শ্রী ফণীভূষণ সিংহবাবু P-288

বাঁকুড়া জেলায় দুর্নীতি

—শ্রী কাশীনাথ মিশ্র P-602

বাঁকুড়া জেলায় প্রাথমিক বিদ্যালয় সমূহে অনুদান

—শ্রী ফণীভূষণ সিংহবাবু P-760

বাঁকুড়া জেলায় রাস্তা পাকা করার কাজ

—শ্রী ফণীভূষণ সিংহবাবু PP-364-366

বাঁকুড়া জেলায় শুশুনিয়া মৌজার খাস জমি বিতরণ

—শ্রী ফণীভূষণ সিংহবাবু P-288

বাঁকুড়ায় বেসরকারি শিল্প

—শ্রী কাশীনাথ মিশ্র PP-185-187

বাঁকুড়া জেলায় ১৯৭৫-৭৬ সালে বন হইতে রাজস্ব আদায়

—শ্রী ফণীভূষণ সিংহবাবু P-750

বিচারাধীন বন্দীদের চার্জশীট

—ডাঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় PP-579-581

বিদ্যালয় অনুমোদন

—শ্রী মহম্মদ দেদার বকস্ P-752

বিভিন্ন রাজ্য হইতে মাছ আমদানি

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-195-199

বীরভূমে রাস্তা

—শ্রী শচীনন্দন সাউ PP-590-591

বেসরকারি কলেজ অধ্যাপকের জন্য ইউ জি সি স্কেল

—শ্রী গনেশ হাটুই PP-758-759

বৈচী-বিলসরা রাস্তা

—ডাঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় PP-598-599

বোলপুরকে মহকুমাকরণ

—শ্রী হরশঙ্কর ভট্টাচার্য PP-368-369

ভগবানগোলা ১নং ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

—শ্রী মহম্মদ দেদার বকস্ PP-506-508

মাধ্যমিক পরীক্ষায় বাংলা

—ডাঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় PP-752-753

মাধ্যমিক শিক্ষকদের জন্য নতুন বেতনক্রম

—শ্রী নিতাইপদ সরকার এবং শ্রীমতী ইলা মিত্র PP-24-25

মিশা ও ভারতরক্ষা আইনে গ্রেপ্তার

—শ্রী কাশীনাথ মিশ্র PP-361-362

মুর্শিদাবাদ জেলায় আর পি পি প্রোগ্রাম

—ডাঃ এক্রামুল হক বিশ্বাস P-756

মুর্শিদাবাদ জেলায় এস ই পি স্কীম

—ডাঃ এক্রামুল হক বিশ্বাস PP-751-752

যুবকেন্দ্র

—শ্রী মহম্মদ দেদার বকস্ PP-366-367

রাজগ্রামের সেতুর কাজ

—শ্রী কাশীনাথ মিশ্র P-377

রাজনৈতিক পেনশন

—শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী PP-747-749

রাজ্য সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা

—শ্রীমতী গীতা মুখোপাধ্যায় PP-742-745

রাজ্য সরকারি কর্মচারিদের বেতন ও ভাতা

—শ্রী কাশীনাথ মিশ্র PP-741-742

রানাঘাট—আড়ংঘাটা রাস্তা

—শ্রী নিতাইপদ সরকার PP-600-601

লালবাগ মহকুমা হাসপাতাল

—শ্রী মহম্মদ দেদার বকস্ P-493

লেভি

—শ্রী কাশীনাথ মিশ্র PP-105-110

শারীরশিক্ষার স্নাতকোত্তর পঠনপাঠন

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-757-758

শিক্ষকদের নতুন বেতনহার

—শ্রী নরেশচন্দ্র চাকী PP-738-741

সরকারে ন্যস্ত জমি

—শ্রী অশ্বিনীকুমার রায় PP-281-283

সুতি লিঙ্ক রোড

—শ্রী শীশ মহম্মদ PP-371-372

সেন র‍্যালে সাইকেল কারখানা

—শ্রী নিরঞ্জন ডিহিদার PP-500-503

স্বাস্থ্য বিভাগের অধীনে দশ বৎসরাধিক কাল কলকাতায় কর্মরত ডাক্তার ও অন্যান্য কর্মচারী

—ডাঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় PP-276-277

হাড়াই ও গুয়াই নদীর উপর সেতু

—শ্রী শরৎ দাস PP-592-594

Ruling from Chair P-699

PP-50-51

PP-43-44

PP-46-47

Statement on the Calling Attention

Regarding Blackmarketing of Blood

by—Shri Ajit Kumar Panja PP-775-779

Regarding Commissioning of Dankuni Dairy Project

by—Shri Pradip Bhattacharjee PP-604-605

Regarding lock-out in Anantapur Textile Mill in Howrah

by—Shri Pradip Bhattacharjee PP-603-604

Regarding Nationalisation of closed and sick tea estates

by—Shri Gopal Das Nag PP-522-524

Regarding lock-out in Bata Shoe Company

by—Shri Gopal Das Nag PP-378-381

Regarding destuction of Cocoanut Plants worth two & Half lakh of rupees in Sunderban areas

by—Shri Sita Ram Mahato P-289

Statement Under rule 346

Regarding Revised Pay-scales for the Universities and College teachers

by—Shri Mrityunjoy Banerjee PP-213-214

Regarding Special recognition to the rule of the performing arts in the cultural heritage of the State

by—Shri Sankar Ghosh PP-536-537

Voting on Amendment to Governor's Address PP-344-357